



# फुड्युलाल त्यसु जाय-जिस्ड

### প্রীসতেন্তক্তনাথ মক্তমদার কর্ত্তক অনূদিত

হুরেশচন্দ্র মজুমদার শ্রীগৌরাঙ্গ প্রেস কলিকাতা

প্রকাশক: স্থরেশচন্দ্র মজুমদার মুজাকর: প্রভাতচন্দ্র রায় শ্রীগৌরাঙ্গ প্রেস ধনং চিস্তামণি দাস লেন, কলিকাতা

১লা বৈশাখ, ১৩৪৪

# লোকাস্তরিতা কম্লাকে

# ভূমিকা

এই গ্রন্থের সম্প্র অংশই কারাগারে লিখিত হইয়াছে। কেবন পুনশ্চ এবং ১৯৩৪-এর জুন হইতে ১৯৩৫-এর ক্ষেক্রয়ারী পর্যাস্ত বর্ণনায় ছই একস্থানে সামাভ পরিবর্ত্তন করিতে হইয়াছে। ইহা লিখিবার প্রধান উদ্দেশ্য ছিল নিজেকে কোন নির্দিষ্ট কাজে নিয়োজিত রাখা, দীর্ঘ কারাবাদের িনিঃসঁদতার নধ্যে ইহার প্রয়োজন ছিল। যাহার সহিত আমার ব্যক্তি-গত যোগ রহিয়াছে, ভারতের সেই অতীত ঘটনাগুলি পর্যালোচনা করিয়া যাহাতে উহা আমি স্পষ্টভাবে বুঝিতে পারি দে উদ্দেশ্যও ছিল। আত্মজিজাসার ভাব লইয়া আমি লিখিতে আরম্ভ করি, শেষ পর্যান্ত বহুলাংশে সেই ভাৰই বহিয়া গিয়াছে। পাঠকদের সম্পর্কে সতত সচেতন থাকিয়া আমি ইহা লিখি নাই: কিন্তু যদি কোন পাঠকের কথা মনে উদয় रहेग्रा थाकে. তবে তাঁহারা আমার স্বদেশের নরনারী। বিদেশী পাঠকদের জন্ম লিখিলে হয়ত আমি স্বতম্ব ভাবে লিখিতাম অথবা ভিন্নরপ বিষয়ে গুরুত্ব আরোপ করিতাম; বর্ণনামুখে যে সকল বিষয় উপেক্ষা করিয়া গিয়াছি হয়ত সেগুলির উপর বিশেষ জ্বোর দিতাম, আবার যে সকল বিশদ ভাবে বর্ণনা করিয়াছি তাহা সংক্ষেপে করিতাম। শেষোক্ত প্রকারের বর্ণনায় অ-ভারতীয় পাঠকেরা উপভোগ করিবার কিছুই না পাইতে পারেন অথবা উহা অনাবশুক মনে করিতে পারেন অথবা তর্ক বা আলোদনার অযোগ্য মনে করিতে পারেন; কিন্তু আমার মনে হয় ভারতে এখনও ঐগুলির উপযোগিতা রহিয়াছে। আমাদের ঘরোয়া রাজনীতি এবং বিভিন্ন ব্যক্তি সম্পর্কে আলোচনাগুলিকেও বাহিরের লোকেরা অনাবশুক বা অকিঞ্চিৎকর বলিয়াই মনে করিবেন।

আমি আশা করি পাঠকগণ শ্বরণ রাখিবেন, এই গ্রন্থখনি আমার জীবনের এক বিশেষ তুঃখপূর্ণ সময়ে লিখিত। ইহার মধ্যে তাহার ছাপ বিজ্ঞমান। যদি অধিকতর স্বাভাবিক অবস্থায় লিখিতে পারিতাম, তাহা হইলে ইহা হয়ত স্বতম্ব রকমের হইত এবং সম্ভবতঃ স্থানে স্থানে অধিকতর সংযত হইত। তথাপি আমি বর্জমান আকারেই ইহা প্রকাশের সক্ষম্ম করিলাম, কেন না লেখার সময় আমার মনে যে সকল ভাবের উদয় হইয়াছে, কেহ কেহ তাহা পাঠ করিয়া তৃপ্ত হইতে পারেন।

আমার নিজের মানসিক বিকাশ ও পরিণতিকে অনুসরণ করিতে আমি যথাসাধ্য চেষ্টা করিয়াছি, ভারতের আধুনিক ইতিহাস লিখিতে

চেটা করি নাই। এই বর্ণনার মধ্যে এরপ বাছ্ সাদৃশ্য রহিয়াছে বলিয়া কোন কোন পাঠক বিজ্ঞান্ত হইতে পারেন এবং ইহার যাহা প্রাশ্য নহে তাহার অধিক গুরুত্ব আরোপ করিতে পারেন। অতএব অমি তাঁহাদের সাবধান করিয়া দিয়া বলিতে চাহি, এই বর্ণনা সম্পূর্ণরূপে একদেশদর্শী এবং অনিবার্যারূপেই ইহাতে আত্মকীর্ত্তন আসিয়া পড়িয়াছে; ইহাতে অনেক গুরুত্বর ঘটনার একেবারেই উল্লেখ করি নাই; অনেক বিখ্যাত ব্যক্তি যাহারা ঘটনার শ্রোত নিয়ন্ত্রিত করিয়াছেন, তাঁহাদের কথা অল্পই বলিয়াছি। অতীত ঘটনার প্রকৃত আলোচনায় ইহা অমার্জনীয় হইছে পারে কিন্তু ব্যক্তিগত বিবৃতিতে এ প্রশ্রমটুকু পাইবার আ্লাশা রাখি। যাহারা আমাদের আধুনিক অতীত সম্পর্কে প্রকৃতভাবে অধ্যয়ন করিতে চাহেন, তাঁহাদিগকে অত্যত্র অনুসন্ধান করিতে হইবে। যাহা হউক, এই গ্রন্থ ও অত্যান্ত আত্মকথা তাঁহারা পরিপ্রক হিসাবে পাঠ করিতে পারেন এবং ইহা বান্তব ঘটনা বৃঝিবার পক্ষে সহায়ক হইবে বলিয়া মনে করি।

আমার গভীর প্রীতি ও শ্রদ্ধার পাত্র, যে সমস্ত সহকর্মীর সহিত আমি দীর্ঘকাল একত্রে কাজ করিবার সৌভাগ্য লাভ করিয়াছি, তাঁহাদের অনেকের কথা আমি সরলভাবে আলোচনা করিয়াছি; আমি দল বা ব্যক্তিরও সমালোচনা করিয়াছি, সম্ভবতঃ স্থানে স্থানে তাহা তীত্র হইয়াছে। কিন্তু এই সমালোচনার ফলে তাঁহাদের প্রতি আমি শ্রদ্ধা হারাই নাই। আমার মনে হয় বাঁহারা জনসাধারণের কার্য্যে আত্মনিয়োগ করিয়াছেন, তাঁহাদের পরস্পরের প্রতি এবং যে জনসাধারণের তাঁহারা সেবা করেন, তাহাদের প্রতি সরল ব্যবহার করা ভাল। বাহ্য ভদ্রতা এবং অশোভনীয় ও কথনও বা বিরক্তিকর প্রশ্ব এড়াইয়া যাওয়ার দ্বারা পরস্পরের ভেদ ও ঐক্য ভাল করিয়া ব্রিয়া লওয়ার উপরই প্রকৃত সহযোগিতার ভিত্তি স্থাপিত হওয়া উচিত এবং যতই অম্ববিধাক্ষনক হউক না কেন সর্বনাই বাস্তবে ঘটনার সম্মুখীন হওয়া উচিত। যাহা হউক; আমার বিশ্বাস আমি যাহা লিখিয়াছি, তাহাতে কোন ব্যক্তির বিক্ষদ্ধে লেশমাত্র কর্মা বান্ধেয় নাই।

আমি ইচ্ছা করিয়াই ভারতের বর্ত্তমান রাজনৈতিক ব্যাপারগুলি আলোচনা করি নাই, তবে সাধারণ ভাবে ও পরোক্ষভাবে উহা উল্লেখ করিয়াছি মাত্র। কারাগারে বসিয়া উহা সম্যকরপে আলোচনা করার অবস্থা আমার ছিল না অথবা আমার কি করা উচিত তাহাও স্থির করিয়া উঠিতে পারি নাই। এমন কি কারামৃক্তির পর বাহিরে আসিয়াও এ বিষয়ে নৃতন কোন আলোচনা এই গ্রন্থে সংযোগ করা স্মীচীন

মনে করি নাই। যাহা আমি লিথিয়াছি, তাহার সহিত উহার সামঞ্জন্ত হইবে না বলিয়াই মনে করি। অতএব এই 'আত্মচরিত' ব্যক্তিগত জীবনের কয়েকটি রেথাচিত্র, অতীতের অসম্পূর্ণ বিবরণ এবং বর্ত্তমানের সীমারেথায় আসিয়াও, সাবধানতা সহকারে তাহা হইতে স্বতন্ত্রই রহিয়াগেল।

বাদেনউইলার ২রা জাতুয়ারী, ১৯০৬।

জওহরলাল নেহরু

### অনুবাদকের নিবেদন

একদিন পণ্ডিত জওহরলালের নিকট হইতে অপ্রত্যাশিতভাবে অমুরোধ আসিল, তাঁহার আত্ম-চরিত অমুবাদের ভার যদি আমি গ্রহণ করি, তাহা হইলে তিনি আনন্দিত হইবেন। সঙ্গে সঞ্জে বোলপুর 'শান্তি-নিকেতন' হইতে প্রীযুক্ত অনিল কুমার চন্দ লিখিলেন, আপনাকে স্বীকার করিতেই হইবে, আপনি ছাড়া ইত্যাদি। বুঝিলাম, এড়াইবার পথ আমার বন্ধুরা পূর্বেই বন্ধ করিয়াছেন। সঙ্গোচ ও দ্বিধার সহিত কার্য্যভার গ্রহণ করিলাম। জওহরলালের চিন্তা ও আবেগের সতেজ বলিষ্ঠ প্রকাশ-ভঙ্গী, তাঁহার রচনা-নৈপুণা, তাঁহার ভাষার স্থসম্পূর্ণ সহজ শিষ্টতা, ভাষান্তরিত করিতে গিয়া যথাযথভাবে ফুটাইয়া তোলা তৃঃসাধ্য এবং অমুবাদকের ক্ষেত্রও সীমাবদ্ধ ও সঙ্কীর্ণ; দ্বিধা-সঙ্কোচের কারণ ইহাই। ক্রন্ত অমুবাদ করিতে গিয়া মূল গ্রন্থের সৌন্দর্য্য কতথানি রক্ষা করিতে পারিয়াছি সে বিচারের ভার পাঠকগণের উপরই অর্পণ করিলাম।

কোন ভারতবাসী লিখিত আত্ম-চরিত ইতিপূর্ব্বে স্বদেশে ও বিদেশে এমন সমাদর লাভ করে নাই। বিভিন্ন দেশের রাজনীতিক, সাহিত্যিক ও সংবাদপত্র এই গ্রন্থখানির উচ্ছুদিত প্রশংসা করিয়াছেন। ইউরোপের বিভিন্ন ভাষায় ইহা অফুদিত হইয়াছে। ভারতেও হিন্দী, উর্দ্দু, গুজরাটি, মারাঠা, তামিল, মালায়ালাম প্রভৃতি ভাষায় ইহার অফুবাদ হইয়াছে ও হইতেছে। অতএব বাঙ্গালী পাঠক পাঠিকাদের হত্তে এই সর্বাজন-সমাদৃত

এবং শক্রমিত্র-প্রশংসিত গ্রন্থানি উপহার দিতে সক্ষম হইয়া আমি আনন্দ ও গর্কবোধ করিতেছি।

জওহরলাল নব্যভারতের জাতীয় স্বাধীনতা লাভের আকাজ্রার মূর্জবিগ্রহ। জীবন প্রভাতেই তিনি তুর্লভের কামনায় অধীর হইয়া তুর্গম পথের যাত্রী হইয়াছেন। তাঁহার মানসিক বিকাশের ইতিহাস, চিম্বাও চরিত্রের উদ্ধাম গতিবেগের সহিত সংগ্রামের ইতিহাস, বঞ্চিত ভারতবাসীর আশা আকাজ্রার সহিত, রুচি ও প্রবৃত্তির বৈচিত্র্য সম্বেও নিজেকে একায় করিবার ইতিহাস কেবল তাঁহার ব্যক্তিগত কাহিনী নহে, আমাদের জাতীয় আন্দোলনের এক গৌরবময় অধ্যায়। বাঙ্গার স্বাধীনতাঁকামী জাগ্রত যুবকগণ শুনিবেন, ইহার মধ্যে তাঁহাদেরই ত্রাকাজ্রায় তুঃসাহসী স্বদয়ের প্রতিধানি। ভারতবর্ষের, অপুমানাহত চিত্তের অবরুদ্ধ বেদনাকে বরণ করিয়া ধুমলেশহীন জ্যোতিঃশিখার মত জীবনের এই শোকহীন ভয়হীন অনক্রসাধারণ অভ্যুদয়ের বার্ত্তা, আমার তুর্বল লেখনী যদি বিকৃত বা আড়ন্ট না করিয়া থাকে তাহা হইলেই আমার এই কঠিন শ্রম সার্থক হইবে।

জওহরলালের প্রতি শ্রদ্ধা ও আমার প্রতি শ্লেহ বশতঃ শ্রীযুক্ত স্থরেশ চন্দ্র মজুমদার স্বতঃপ্রবৃত্ত হইয়া এই গ্রন্থ মৃদ্রণ ও প্রকাশের দায়িত্ব গ্রহণ করেন। মৃদ্রণ, প্রচ্ছদপট, কাগজ, চিত্র প্রভৃতি যথাসাধ্য স্থানর ও শোভন করিতে তিনি চেষ্টার ক্রাটি করেন নাই! ইংরাজী পুস্তকে যে সকল ছবি আছে, তাহা ছাড়াও আরও তিনথানি নৃতন ছবি ইহাতে দেওয়া হইয়াছে। ইংরাজী গ্রন্থের আকার ও আয়তনের সহিত এই গ্রন্থের সমতা রক্ষার জন্ম তিনি স্থানীয় কাগজের কল হইতে অম্বরূপ আকারের উৎকৃষ্ট কাগজ প্রস্তুত্ত করাইয়াছেন। ইহার জন্ম গ্রন্থ প্রকাশে কিছু বিলম্ব হইয়াছে। তবে তাঁহার সম্বুত্ব চেষ্টা ব্যতীত এতবড় গ্রন্থের মৃদ্যু এত স্থলত করা সম্ভবপর হইত না। নিবেদন ইতি—

আনন্দবাজার পত্রিকা কার্যালয় ১লা বৈশাখ, ১৩৪৪ সাল

শ্রীসত্যেন্দ্রনাথ মজুমদার

# সূচীপত্ৰ

	~
বিষয়	•

#### ১। কাশ্মীর হইতে অবতরণ

নেহরু-পরিবারের দিল্লী আগমন—১৮৫৭-র বিদ্রোহ—আগ্রায় মতিলালের জন্ম—এলাহাবাদে আগমন—পিতার শিক্ষা ও আইন ব্যবসায়—জওহরলালের জন্ম।

২। শৈশব কাল

ভারতবাসীর প্রতি ইংরাজ ও ফিরিঙ্গীদের ব্যবহার—বাল্যজীবনের চপলত।—অস্তঃপুরের ধর্মভাব—সামাজিক পূজা উৎসব—কাশীরী নারীদের স্বাধীনতা—পিতৃ-স্নেষ্ঠ।

৩। থিয়োজফি

আনন্দ ভবন—কনিষ্ঠা ভগ্নীর জন্ম—পিতার বিলাতযাত্রা—ইংরাজ গৃহ-শিক্ষক—বাল্যের পাঠম্প,হা—থিয়োজফিতে অমুরাগ—মিসেদ্ বেশাস্তের বক্তৃতা প্রবণ—থিয়োজফিতে দীক্ষা গ্রহণ—রুশ-জাপান যুদ্ধ—জাতীয়-ভাবের প্রথম উন্মেব—বিলাতযাত্রা।

৪। হারোওকেমবিজ

লগুন—ডা: আনসারীর সহিত সাক্ষাণ-ভারো স্কুলে বোগদান—
ছাত্রজীবনের চাপল্য—হারে: হইতে বিদায়—কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয়— যৌন অভিজ্ঞতার কথা—বিলাস-বিপুলতা—'ভারতীয়
মজলিস'—বিশিষ্ট ভারতীয় বাজনীতিকদের দর্শনলাভ—পিতার
মডারেট মনোবৃত্তিতে বিরক্তি—জাতীয়দল ও তিলক—কেম্ব্রিজ
ভাগি—ব্যাবিষ্টারী পাশ—নরওয়ে ভ্রমণ।

 ৫। স্বদেশে প্রত্যাবর্তন ও ভারতে মহাযুদ্ধের সমসাময়িক রাজনীতি

বাকীপুর কংগ্রেস—গোধ্লে ও ভূপেন্দ্রনাথ বস্থ—হাইকোর্টে যোগদান—ইংরাজ কর্মচারীদের মানসিক অবস্থা—জীনিবাস শান্ত্রীর বক্তৃতা শুনিরা হঃথ—মহাযুদ্ধ ও ভারতরকা আইন— হোমকুল লীগ—মভারেটগণের মনোজাব—জনসভার প্রথম 981

20---79

981

বন্ধ্তা—পিতার মানসিক ছন্দ্—লক্ষ্ণে কংগ্রেস ও গান্ধিজীর সহিত প্রথম সাক্ষাং—সমাজভন্ধবাদের প্রতি অমুরক্তি—গুরু রাসবিহারী ঘোষের সহিত সাক্ষাং।

७२ --- 8७

# ৬। জামার বিবাহ ও হিমালয় অমণ

বিবাহ-কাশ্মীর ভ্রমণ।

88--86

# ৭। গান্ধিজীর অভ্যুদয়—সত্যাগ্রহ ও অমৃতসর

ভারতে অবক্রম উত্তেজনা—থিলাফং লইয়া মুসলমানদের বিক্রোভ
—রাউলাট বিল —গান্ধিজীর আইন অমান্ত প্রস্তাব—পিতার
সত্যাগ্রহ বিক্রমতা—পিতার সহিত মতাস্তর—সত্যাগ্রহ দিবস—
জ্ঞালিওয়ানালা বাগ—পঞ্চাবে সামরিক আইন—কংগ্রেসের
স্ক্রমন্ধান কমিটি—দি ইণ্ডিপেনডেণ্ট পত্রিকা—পিতার সভাপতিত্বে
অমৃতসর কংগ্রেস—মহাত্মাজীর বিলাতধাত্রা—থিলাফং কমিটির
দাবী—মুসলিম লীগের সভার অভিক্রতা—গান্ধিজীর অসহযোগ
আন্দোলন ঘোষণা।

85-00

#### ৮/ আমার বহিষ্কার ও তাহার ফলাফল

মডাবেট ও চরমপন্থী—জাতীয়তাবাদী সংবাদপত্র—মাতা ও স্ত্রীসহ
মুসৌরী বাত্রা—সরকারী নিষেধাজ্ঞা ও বহিদ্ধার —আদেশ প্রত্যাহার
ক্রক আন্দোলনের প্রথম অভিজ্ঞতা—কৃষক নেতা বামচন্দ্র—
পন্ধীল্লমণ—কৃষক ও বায়তদের অবস্থা।

84---49

#### ৯ / কৃষকদের মধ্যে ভ্রমণ

পলীতে ভ্রমণ-ক2—জনসভায় বক্তা অভ্যাস—তালুকদার ও জমিদার—অসহযোগ আন্দোলন—গভর্গমেণ্টের সহিত কৃষকদের সংঘর্ষ—বায়বেরেলীতে গুলিবর্ষণ—গ্রেফ্তারের ধূম—হৈজাবাদ কৃষক আন্দোলন মন্দীভূত।

68-92

#### ১০। অসহযোগ

কলিকাতা বিশেষ কংগ্রেস—লালাজী—সি. আর, দাশ ও পিতার বন্ধ্য—কংগ্রেসের নব রূপাস্তর—আইন সভা নির্মাচন বর্জ্জন—মি: জিরার মনোভাব—মডাবেটগণের কংগ্রেস বিরোধিতা—১৯২১-এর জাগরণ—ব্রিটিশ শাসকদের উপর প্রতিক্রিয়া—কংগ্রেস ও থিলাফং—বাজনীতিক ধর্মভাবের আধিক্য—অহিংসার নৈতিক আদর্শ:

92---

পৃষ্ঠা

#### ১১। ১৯২১ এবং প্রথম কারাদণ্ড

হিন্দু মুসলমান মিলন--গান্ধিভীর অহিংসার আদর্শ-সরকারী দমননীতি--ধুবসাজের অভ্যর্থনা বয়কট--বাঙ্গলা ও গুক্ত প্রদেশে গ্রেফ তার ও কারাদণ্ড--চৌরীচাওরা--গান্ধিজীর নিরুপদ্রব প্রতিবোধ নীতি প্রত্যাহার ও কারাদণ্ড।

re-20

#### ১২। অহিংসা ও তরবারীর পথ

গান্ধিজীর অহিংদানীতি—চোরীনাওরার প্রতিক্রিয়া—আমার ও পিতার কারাদণ্ড—কারামৃতি ও আহামদাবাদে গান্ধিজীর সহিত সাক্ষাৎ—আবার গ্রেফ্তার ও কারাদণ্ড।

20-705

#### ১৩। निस्कृतिकन

কারাগার সম্পর্কে অপরিচয়ের ভীতি—কারাগারে প্রবেশের প্রথম অভিজ্ঞতা—অসহযোগী বন্দীদের প্রতি কারাকর্তৃপক্ষের ব্যবহার— দৈনন্দিন কার্য্য—জনপূর্ণ ব্যারাকে বাস—প্রাকৃতিক সৌন্দর্য্যের জন্ম ব্যাকৃলতা—জেলে কঠোরতা—বাজনৈতিক বন্দীদের প্রতি ত্ব্বিবহার।

3.0-332

#### ১৪। কারামুক্তি

কারামুক্তির প্রথম অত্ভৃতি—কংগ্রেসে অবসাদ—কাউন্সিল প্রবেশ লইয়া মতভেদ—দেশবন্ধ ও পিতার চিস্তাধারা—পরিবর্তুন বিরোধী ও স্বরাজ্যদল—কংগ্রেসের মিউনিসিপালিটিতে প্রবেশ — হাইকোটের বিচারপতি স্থার গ্রীণউড মীয়ার্স-এর পত্র--তাঁহার সহিত আলোচনা—মন্ত্রিষের প্রলোভন—যুক্তপ্রদেশে মন্ত্রিষ্ক-বিভ্রাট —স্বরাজ্যদলের ফলে মপ্রীদের ক্ষমতা হ্রাস।

332-338

#### ১৫। সন্দেহ ও সংঘর্ষ

কংগ্রেমী রাজনীতিতে অবসাদ—স্বরাজ্যদলে যোগদানে অনিচ্ছা
—পিতা ও দেশবন্ধ্র বন্ধ্ এবং :চরিত্রগত স্বাতস্ত্র্য—স্বামাদের
পারিবারিক জীবনে পরিবর্ত্তন—পিতার উপর নির্ভরতায় তৃঃখ—
কংগ্রেসের সম্পাদকদিগকে বেতন দিবার প্রস্তাব—পিতার আপত্তি
—কংগ্রেসে দলাদলি।

320-52e

#### ১৬। নাভার কৌতুক .

পঞ্চাবে আকালী শিথ আন্দোলন—দিল্লী বিশেষ কংগ্রেসের পর জাইটো যাত্রা—গ্রেফ্তার—নাভা জেলের অভিজ্ঞতা—নাভা

পৃষ্ঠা

আদালতে বিচার বিদ্রাট—পিতার উৎকণ্ঠা ও নাভা আগমন— দেশীয় রাজ্যের শাসন ব্যবস্থা—নাভার সিভিলিয়ান ব্রিটিশ শাসকের কাগু—বিচার শেষ ও অকমাৎ কারামৃক্তি—আত্মদৌর্বল্য।

300---

#### ১৭। কোকোনদ ও মৌলানা মহম্মদ আলী

কোকোনদ কংগ্রেস—মহম্মদ আলীর আমার প্রতি অনুরাগ—
আমাদের মধ্যে ধর্ম-সম্পর্কিত আলোচনা—তাঁহার ধর্মবিশাসের

গতীরতা—তাঁহার ক্রমে কংগ্রেস ত্যাগ—হিন্দুস্থানী সেবাদল
গঠন—এলাহাবাদে কৃষ্ণ মেলা—পুলিশের নিবেধাজ্ঞা—মালব্যজীর
সত্যাগ্রহ—অবশেষে নিম্পত্তি।

50c-580

#### ১৮। আমার পিতাও গান্ধিজী

কারাগারে গান্ধিজীর পীড়া—পুণা হাসপাতালে অস্ত্রোপচার—পিতা ও আমার পুণা যাত্রা—গান্ধিজীর কারামৃক্তি—জুহুতে সমৃদ্রতীরে অবস্থান—গান্ধিজীর সহিত আলোচনা ও মতভেদ—স্বরাক্ষ্যদলের বাধা প্রদান নীতির ফল—আহাম্মদাবাদে নি: ভা: রাষ্ট্রীয় সমিতির মুরণীয় অধিবেশন—গোপীনাথ সাচার প্রস্তাব লইরা তীত্র মতভেদ—খাদি ও চরকা—স্বরাজীদের সহিত গান্ধিজীর আপোষরফা—গান্ধিজীর সহিত পিতার পুনরার মিলন—গান্ধিজীর প্রতি পিতার প্রদানিতার সহিত তাঁহার চিরত্রের পার্থক্য—স্বরাজ্যদলের দৌর্বল্য —বিশাস্ঘাতক কংগ্রেসীদের সরকারী চাকুরী প্রহণ ও তাহার দল—বেলগাম কংগ্রেস—পিতার অস্কৃত্তা—হিমালয়ে বিশ্রাম—দেশবন্ধুর মৃত্যুসংবাদ ও পিতার শোক—আমাদের কলিকাতা যাত্রা।

780-766

#### ১৯। উদ্দাম সাম্প্রদায়িতকা

আমার টাইফরেড রোগ ও আবোগ্য লাভ—হিন্দু মুসলমান সমস্যা
—দাঙ্গা-হাঙ্গামা—সাম্প্রদায়িক ভেদবৃদ্ধির প্রাবল্য—কংগ্রেসের
বিপত্তি—ব্রিটিশ গভর্গমেণ্টের নীতি ও প্রতিরোধের উপায়ের
ব্যর্থতা—সাম্প্রদায়িকভার স্বরূপ—রাজনৈতিক প্রতিক্রিয়াপন্থীদের
তথাকথিত ধর্মামুরাগ—কংগ্রেস ও জাতীয়তাবাদী মুসলমান—
ত্রক্য সম্মেলন ও তাহার ব্যর্থতা—এলাহাবাদে হিন্দু মুসলমান
কলহ।

766-708

# ২<a>♦ । মিউনিসিপালিটির কাজ</a>

এলাহাবাদ মিউনিসিপালিটির সভাপতিত্ব-মিউনিসিপালিটির

বিবয়

পৃষ্ঠা

ক্রটী—সরকারী হস্তক্ষেপ—ট্যাক্স ধার্য্যে পক্ষপাতিত্ব—স্বায়ন্ত শাসনের ব্যর্থতা—কংগ্রেসের প্রভাব দূর করিব'ন জন্ম গভর্গমেন্টের চেষ্টা—কলিকাতা কর্পোরেশনের আইন সংস্কার—কংগ্রেস কর্মাদের চাক্রী হইতে বঞ্চিত করা-—আমার পদত্যাগ—পদ্বীর পীড়া—স্ত্রী-কন্মানহ ইউরোশ যাত্রা।

360-392

#### ২১। ইউরোপে

তের বৎসর পরের ইউরোপ—জেনেভার শ্রামজী কৃষ্ণবর্গার সহিত সাক্ষাৎ—রাজা মহেন্দ্রপ্রতাপ—মাদাম কামা—মৌলবী ওবেইছ্র্র্যা, মৌলবী বরকতউল্লা—বালিনে ভারতীয় বিপ্রবী দল তাঁহাদের ছরবস্থা—হরদয়াল—বীরেন্দ্রনাথ চট্টোপাধ্যায়—মানস্ক্রনাথ বায়—নির্বাসিত ভারতীয়দের অবস্থা—অক্সফোর্ড গুপ আন্দোলন।

192--- 260

#### ২২। ভারতে রাজনৈতিক বিতর্ক

ইংলণ্ডে গমন—খনি শ্রমিকদের ধর্মঘট—ভারতের রাজনীতি
—কংগ্রেস বিরোধী নৃতন জাতীয় দল—মালব্যজীর চরিত্র ও
দৃষ্টিভঙ্গী—লালা লাজপৎ রায়ের রাজনীতি—ক্রমবর্দ্ধিত
সাম্প্রদায়িক মনোমালিক্য—স্বরাজ্য দল ও জাতীয় দলে
বিরোধ—স্বামী শ্রদ্ধানন্দের হত্যাকাণ্ড।

363---369

#### ২৩। ক্রমেলস-এ নির্যাতিত সম্মেলন

সম্মেলনের প্রতিনিধিদের পরিচয়—জর্গ্ধ ল্যান্সবেরির সভাপতিত্ব
—স্থায়ী সাম্রাজ্যবাদ বিরোধী প্রতিষ্ঠান গঠন—পাশ্চাত্য
রাজনীতির অভিজ্ঞতা লাভ—ইউরোপে গোয়েন্দার কৌতৃক—
দিল্লী-চুক্তিতে স্বাক্ষর করায় সজ্ঞ চইতে আমার বহিষ্কার—
পিতার ইউরোপে আগমন—আমাদের মন্ধো যাত্রা—সোভিয়েট
যৌথ ব্যবস্থা পরিদর্শন—সাইমন কমিশন ঘোষণা—লগুনে
ভার জন সাইমনের সহিত সাক্ষাৎ—মান্দ্রাজ কংগ্রেসের জন্ম
ক্রভ ভারতে প্রত্যাবর্ত্তন।

>6--->>2

২৪। ভারতে প্রত্যাবর্ত্তন এবং রাজনীতিতে যোগদান
ইউরোপের অভিজ্ঞতা—মাক্রাজ কংগ্রেস—স্বাধীনতার প্রস্তাব—
সাইমন কমিশন বয়কট প্রস্তাব—কংগ্রেসের সম্পাদকত গ্রহণ—
দিল্লীতে হাকিম আজমল থাঁব মৃত্যু—আমার অহিন্দু সংস্কারের
সমালোচনা—১৯২৮—এর রাজনীতি, প্রমিক-কৃষক-চাঞ্চল্য ও

'ব্ব-আন্দোলন—"Go back Simon"—সর্বদল সম্মেলনী—
লক্ষ্ণে অধিবেশন—ইণ্ডিপেণ্ডেন্স্ লীগ গঠন—সাইমন
কমিশনের বিরূপ অভার্থনা—লাহোরে লালাজী পুলিশের প্রহারে
আহত হওরার ফলে দেশব্যাপী বিক্ষোভ—লালাজীর মৃত্যু—
ভগৎসিং ও টেরোরিজম্।

٧.

300-20E

#### ২৫। যষ্টি সঞ্চালনের অভিজ্ঞতা

লক্ষেরি বয়কটের আয়োজন—প্রথম পুলিশের প্রহারের অভিজ্ঞতা
—পিতার উৎকণ্ঠা ও লক্ষে আগমন—পুলিশের কংগ্রেস মিছিল
আক্রমণ ও আমার মনোভাব—কমিশনের স্বতন্ত্র পথে প্রস্থান—
গোবিশ্বরাভ পম্ব গুরুতর আহত—পুলিশের নিঠুরতা—
অন্ধ সংঘর্ষের পরিণাম কি।

2 - 4---- 230

#### ২৬। ট্রেড ইউনিয়ন কংগ্রেস

বাষ্ট্রীয় আন্দোলনের চিন্তাধারা—ভারতে সমাজতন্ত্রবাদ—ইণ্ডিপেণ্ডেণ্ট লীগের পরিণতি--আমার গ্রেফ্ তারের গুজর—আসন্ন কলিকাতা কংগ্রেস—পিতার সহিত মতভেদ—সর্বাদল সম্মেলনের রিপোর্টে ক্ষোভ—ঝরিয়ার ট্রেড ইউনিয়ন কংগ্রেসে যোগদান—শ্রমিক আন্দোলনের ভারধারা—আমার সভাপতিত্ব—ভারতে মালিক মনোর্ত্তি—শ্রমিক নেতাদের গ্রেফ্ তার ও মীরাট বড়যন্ত্র মামলার স্কুচনা—আইনজীবীদের অর্থলালসা—মীরাট মামলা তিধ্বের অভিজ্ঞতা।

**२**ऽऽ — २२•

#### ২৭। ঝটিকার পূর্ব্বাভাষ

আইন সভাগুলির শোচনীয় পরিণতি—নিরমতান্ত্রিক আন্দোলনের ব্যর্থতা—গান্ধিজীর থাদি প্রচার ও জনসাধারণের উপর অপূর্ব্ব প্রভাব—লাহোর বড়বন্ধ্র মামলা ও অনশন ধর্মঘট—কার।গারে ভগৎসিং ও বতীন দাসের সহিত সাক্ষাৎ—যতীন দাসের মৃত্যু—গান্ধিজীর অস্বীকৃতিতে আমাকে সভাপতি নির্বাচন—নির্বাচনে আমার বিরক্তি ও পরে আত্মসম্বরণ—পিতার আনল—বড়লাট কর্ত্বক গোলটেবিল বৈঠক ঘোষণা—দিল্লীতে নেতৃ সম্মেলন—সহবোগিতার সর্ত্ত রচনা—আপোষের স্বর্বশেষ চেষ্টা—গান্ধিজী এবং পিতার বড়লাটের সহিত সাক্ষাৎ—আলোচনার নিক্ষলতা—নাগপুরে নিখিল ভারত ট্রেড ইউনিয়ন কংগ্রেসে সভাপতিত্ব—শ্রমিক কংগ্রেসের সহিত জাতীর কংগ্রেসের স্বাতন্ত্র্য—শ্রমিক নেতাদের মতভেদের ফলে শ্রমিক কংগ্রেসে বিরোধ ও বিছেদ।

**२२०---२**७२

981

# ২৮। স্বাধীনতা এবং তাহার পর

লাহোর কংগ্রেসের শ্বৃতি ও অভিজ্ঞতা—পূর্ণ হাধীনতা প্রস্তাব— ধা আবহল গমু: থা ও সীমান্তের কংগ্রেসকর্দ্মিগ্রণ—২৬শে জামুরারী স্বাধীনতা দিবল খোনগা—এলাহাবাদে কুন্তু মেলা— আনন্দ ভবনে কনতার ভীড়—আমার জনপ্রিয়তা—আমার ও পিতার সম্পর্কে অলীক কাহিনী—বীরপূজার আমি কি গব্বিত ? —আমার জনপ্রিয়তার পরিবারবর্গের পরিহাস—মান্সিক দুন্দ্ব সংঘাত।

\$00---\$87

#### ২৯। আইন অমান্সের স্চনা

পূর্ণ স্বাধীনতা দিবসের প্রেরণা—গান্ধিজীর নেতৃত্ব গ্রহণ—লবণ আইন ভঙ্গ প্রস্তাব—গান্ধিজীর সহিত বড়লাটের পত্র বিনিময়—
ডাণ্ডী অভিযান—কংগ্রেসের সংঘর্ষের ব্যবস্থা—জাত্মুসারে গান্ধিজীর সহিত আমার ও পিতার সাক্ষাৎ—গান্ধিজী কর্তৃক লবণ আইন ভঙ্গ—দেশব্যাপী আন্দোলনের বক্সা—১৪ই এপ্রিল আমার গ্রেফ্তার—আমার জননী ও পত্নীর পিকেটিংয়ে যোগদান—পেশোয়ারে পাঠানদের উপর গুলিবর্ষণ—গাড়োয়ালী সৈক্তদের গুলিবর্ষণে অস্বীকৃতি—বহুত্ব অর্ডিক্সান্ধ জারী—সংবাদপত্র দলন—গান্ধিজীর প্রেফ্তার—পিতার বোত্মাই গমন ও প্রত্যাবর্তনের পথে প্রেক্তার।

₹8**२--**₹€•

#### ৩০। নৈনী জেলে

নি:সঙ্গ কারাজীবনের অভিজ্ঞত।—যাবজ্জীবন দণ্ডিত বন্দীদের মনোভাব—সাধারণ করেদীদের জীবনধারা—ভারতীয় জেলের অব্যবস্থা—কারাবিধির অমাফ্ষিক কঠোরতা—ইউরোপীয়ান করেদীদের বিশেষ স্থবিধা—কয়েদীদের দয়া-দাক্ষিণ্য—বাহিরের ঘটনাবলীতে ত্শিস্তা।

202-245

#### ৩১। এরোডায় আপোষের কথাবার্ত্তা

সঞ জন্নাকরের দোত্য — বোদ্বাইরে পিতার বিবৃত্তি—জেলে সঞ্চ জন্নাকরের সাক্ষাৎ—আমার ও পিতার পুণা যাত্রা—এরোডা জেলে নেতৃবৃদ্দের বৈঠক—পিতার থাদ্য লইরা কারাধ্যক্ষ কর্ণেল মার্টিনের বিশ্বর—নৈনীতে প্রত্যাবর্ত্তন—পিতার শারীরিক অস্কৃত্তার জন্ম কারামুক্তি—ট্যাক্স ও থাজনা বন্ধ আন্দোলন—আমার কারামুক্তি—কৃষকদের মধ্যে প্রচার কার্য্য-মুসৌরীতে পিভার সহিত সাক্ষাৎ—এলাহাবাদে পুনরার গ্রেফ্তার।

२७२---२१১

#### ৩২। যুক্তপ্রদেশে করবন্ধ আন্দোলন

জেলে বিচার—পঞ্চমবার কারাদণ্ড—পীড়িত পিতার কর্মোৎসাহ
—পিতার কলিকাতা যাত্রা—আমার কারাদণ্ডে থাজনাবদ্ধ
আন্দোলনে নৃতন উৎসাহ—কৃষক বিদ্রোহের আশঙ্কা—ভারতে
আন্দোলন মন্দীভূত—প্রবল দমননীতি—রাজনৈতিক বন্দীদের
বেত্রদণ্ড—নৈনীজেলে মালব্যজী—১৯৩১-এর ১লা জাহুয়ারী
কমলার গ্রেফ্তার—সে সংবাদে পিতার উৎকণ্ঠা ও এলাহাবাদ
প্রত্যাবর্ত্তন—নৈনীজেলে পিতার সহিত সাক্ষাৎ—লগুনে
গোলটেবিল বৈঠক—শান্ত্রীর বক্তৃতায় বিক্ষোভ—পিতার
রোগর্দ্ধি ও আমার অকস্মাৎ কারামৃত্তি।

२१२—२४७

#### ৩৩। পিতৃবিয়োগ

গান্ধিজী ও অক্সান্ত কংগ্রেদ নেতাদের কারামুক্তি—নেতৃরুক্ষের এলাহাবাদ আগমন—বোগের সহিত পিতার সংগ্রাম—সহকর্মীদের সহিত সাক্ষাৎ—কার্যাকরী সমিতির অধিবেশনে তাঁহার নিম্প্ত ভাব—পিতাকে লইরা লক্ষ্ণো যাত্রা—৫ই কেব্রুয়ারী পিতৃবিয়োগ—শবদেহ লইরা এলাহাবাদ যাত্রা—গান্ধিজীর সম্মুথে গঙ্গাতীরে চিতা নির্বাণ।

240---249

#### ৩৪। দিল্লী-চুক্তি

বৈঠকী সদস্যদের ভারতে প্রত্যাবর্ত্তন—গান্ধিজীর দিল্লীযাত্রা—
বড়লাটের সহিত আলোচনার স্ট্রনা—দিল্লীতে রাজনৈতিক
আলোচনা—গান্ধিজী ও গণতন্ত্র—গান্ধিজী ও ভারতের ধর্মভাব
—জনসাধারণের উপর তাঁহার প্রভাব—গান্ধী-আফুইন আলোচনা
—৪ঠা মার্চ মধ্যরাত্রিতে গান্ধিজীর চুড়ির সর্ভে সম্মতি—
আন্দোলনের উপর তাহার প্রতিক্রিয়া 1

3FF---00.

#### ৩৫। করাচী কংগ্রেস

চুজ্জির ফলে আমার বিমর্বভাব—বন্দীদের মুক্তিদমশ্যা—ভগৎসিংরের
মৃত্যুদণ্ড মকুবে গভর্গমেন্টের অস্বীকৃতি—টেরোরিষ্ট মনোবৃত্তি—
চক্রশেখর আজাদ—দিলীচুক্তি স্বাক্তর—আইন অমান্ত আন্দোলন
স্থাপিত—'জরোৎসবে' সরকারী কর্মচারীদের ক্রোধ—যুক্তপ্রদেশের
কৃষক সমস্তা—করাচী কংগ্রেদ—মোলিক অধিকারের প্রস্তাব—

7

এলাহাবাদে মানবেক্স রায়ের সহিত সাক্ষাতের কথা—পঞ্চাবের অর্হর দল—কানপুরে সাম্প্রদায়িক দাঙ্গা—গণেশ শঙ্কর বিদ্যার্থী নিহত।

درو.....وه

#### ৩৬। দক্ষিণ ভারতে বিশ্রাম

পদ্ধী ও কল্পান্ত সিংহলযাত্রা—অফ্রাধাপুর দর্শন—নিউয়ারা ইলিয়া
স্বাস্থ্যবাস—বৌদ্ধভিক্ষ্—ি শিনির বালকের উক্তি—দক্ষিণ
ভারতের দেশীয় রাজ্য—হায়দ্রাবাদে শ্রীযুক্তা নাইডুর আডিথ্য
গ্রহণ—বোম্বাই আগমন।

و ده--- ډ د و

#### ৩৭। সন্ধিকালের সংঘর্ষ

গোলটেবিল বৈঠকে গান্ধিজীর যাত্রার সমস্থা—সরকারী দমননীতি ও শাসকগণের মনোভাব—বাঙ্গলায় দমননীতি—যুক্তপ্রদেশের কৃষক সমস্থা—সীমান্তের দমননীতি—"সীমান্ত গান্ধী"—সাম্প্রদায়িক সমস্থা—বাজকর্মচারীদের চুক্তিভঙ্গ—জগন্ধাপী অর্থসঙ্কট ও পঞ্জীর ত্রবস্থা—কংগ্রেসকর্মীদের উপর দোবারোপ—বিরোধ—সিমলাশ গিয়া নিক্ষল আলোচনা—অবশেষে গান্ধিজীর বিলাভ শাত্রা।

039--0: ·

#### ৩৮। গোলটেবিল বৈঠক

গান্ধিজী সম্পর্কে ইংরাজ সাংবাদিকের মিথ্যাপ্রচার—কংগ্রেস ও গান্ধিজী সম্পর্কে ইংলণ্ডের সংবাদপত্রে আজগুরী গল্প রটনা—গোলটেবিল বৈঠকে প্রতিনিধি প্রেরণের উদ্দেশ্য—প্রতিক্রিয়াশীল সদস্যদের মনোবৃত্তি—কায়েমী স্বার্থবাদীদের কাগু—বৈঠকে স্বদেশবিক্ষতা—মুসলিম সাম্প্রদায়িকতার সহিত ব্রিটিশ স্বার্থের মিলন—স্ক্রবিধাবাদীদের চক্রান্তে বৈঠক ব্যর্থ।

. 80--ace

### যুক্তপ্রদেশে কৃষকদের হুঃখ-হুর্দ্দশা

কৃষক আন্দোলনের বৈশিষ্ট্য—মন্দার ফল—ক্রমবন্ধিত কৃষিঋণ—
কৃষকদের দাবী—প্রাদেশিক গভর্ণমেণ্টের মনোভাব—আইনী ও
বে-আইনী পীড়ন—নিরাশ কৃষকদের অভিযোগ—ক্রোরজুলুমের
কথা—সরকারী প্রস্তাব ও কংগ্রেসের মনোভাব—দিল্লীতে
অভিন্তাক পুনঃ প্রয়োগের জন্ত তোড়জোড়—থাজনা মাপের
পরোয়ানা ও ভীতি প্রদর্শন—কংগ্রেস ও প্রাদেশিক গভর্ণমেণ্টের
আপোষের বাধা।

087-06

#### ৪০ ৷ সন্ধির অবসান

বিষয়

বাঙ্গলার ত্রবস্থা—হিজ্ঞলী বন্দীশালায় গুলিবর্ষণ—চট্টগ্রামে
পুলিশ কর্মচারী হত্যা—প্রতিশোধপ্রবৃত্তি ও সহর লুণ্ঠন—১৯৩১এর নভেম্বনে কলিকাতা যাত্রা—টেরোরিষ্ঠ যুবকদের সহিত সাক্ষাৎ
—এলাহাবাদে কৃষক সম্মেলন—কর্ণাটক যাত্রা—বোদ্বাইএলাহাবাদেব পথে নিষেধাজ্ঞা—এটোরার প্রাদেশিক সম্মেলন
সমস্তা—সীমান্তে অভিক্রান্স জারী—গ্রেফ্তার ও আবার
কারাগার 1

062---069

#### ৪১। গ্রেফ্ডার, বাজেয়াপ্ত, অর্ডিন্সান্স

গান্ধিজীর প্রত্যাবর্ত্তন—সাক্ষাৎ প্রস্তাবে বড়লাটেব অস্বীকৃতি
—গান্ধিজীর গ্রেফ্তার ও চারিটি নৃতন অর্ডিঞ্চান্স—ভারতে
অন্ধ-দামরিক শাদন—আমার ও শেরোয়ানীর কারাদণ্ড—জেলে
জনসমাগমের সাড়া—তৃই ভগ্নীর কারাদণ্ড—বাহিরের ঘটনায়
উৎকর্তা।

७७৮---७१२

#### ৪২। আত্মপ্রচারের ধূম

সরকারী কংগ্রেস নিক্ষা—এ্যাংলো-ইণ্ডিয়ান পত্রিকার বিষোদগার
—জাতীয়তাবাদী সংবাদপত্র—মান্দ্রাজের 'চিন্দু'—পূর্ব্ব চইতে
প্রস্তুত গভর্গমেণ্টের আক্রমণ—বাজেয়াপ্তের ধ্ম—অনিজ্বক
কংগ্রেসের নিক্ষৎসাহ—ধনীদের সম্পত্তি ও টাকা বাজেয়াপ্তির ভয়—
নারী-বন্দীদের প্রতি ত্র্ব্যবহার—যুক্তপ্রদেশে থাজনা মাপ—
গভর্গমেণ্টের স্লায়বিক দৌর্বল্য—কুষক পল্লীতে ক্রোক ও
বাজেয়াপ্তি—"আনক্ষ ভবন" দথল—আয়কর না দেওয়ায় আমার
মোটর গাড়ী ও আসবাব ক্রোক ও নীলাম—জাতীয় পতাকার
অপমান—আমার মাতাকে পুলিশের বেত্রাঘাত ও তাহার ফল।

992--- Ure

#### ৪৩। বেরেলী ও দেরাছন জেল

দেরাত্ন জেলে বদ্লী—জাতীয় সংগ্রামের সমালোচনা ও অভিজ্ঞতা
—সংগ্রাম পরিচালনে ব্যয়ের কথা—সরকার পক্ষীর ও
স্থবিধাবাদীদের মনোভাব—মডারেট ও ব্যক্তিস্বাধীনতা—ভারতীয়
দমননীতি ও ব্রিটিশ মনোভাব—তৃতীয় গোলটেকিল বৈঠক—
বাঙ্গলার দমননীতির তীব্রতা—কারাগারে দেশসেবক নরনারীদ্যের
লাঞ্খনা—জেলের কঠোরতার তীব্রতা।

SFQ-029

পৃষ্ঠা

#### 88। জেলে মানব প্রকৃতি

বেরেলীজেল হইতে দেবাছনযাত্র'—পুলিশ স্থপারিনটেনডেণ্টের মানবতা ও সৌজল—আমরা ও ইংবাজ—তে ল তুর্ব্যবহারের ফলে মাতা ও পত্নীর বাতমাস দেখাসাক্ষাৎ বন্ধ—জেলের সঙ্গিগণ— দৈনন্দিন কাজ—কারাবিধির স্থালোচনা :

029---80b

#### ৪৫। কারাগারে জীবজন্ত

বোলতা, ভীমফল, উইপোকা—প্রাকৃতিক সোল্পর্য্য—চামচিকা, টিকটিকি, কাঠবিড়ালী, ময়না, টিয়াপাখী, পাপিয়া, বানত, বৃশ্চিক, বক্সকীট ও কুক্র।

806-858

#### ৪৬। সংঘর্ষ

দিল্লীতে ও কলিকাতার কংগ্রেসের অধিবেশনের চেষ্টা—আন্দোলন
মন্দীভূত—সমাজতন্ত্রবাদ ও কম্যুনিজম—সোভিষ্টে রুশিরা—
মার্কসীয় মতবাদ ও দর্শন—আন্তর্জ্ঞাতিক ঘটনাপ্রবাহ—কংগ্রেস
ও জাজীরতাবাদ—গান্ধিজী ও ক্ম্যুনিষ্টদের সমালোচনা—কংগ্রেস
ও ক্ম্যুনিষ্ট—ভারতের ধনী সম্প্রদায়—কংগ্রেসের নেতা ও
ক্ষ্মীদের চরিত্র।

852-824

#### ৪৭। ধর্ম কি ?

সাম্প্রদায়িক বাটোরারার প্রতিবাদে গান্ধিজীর অনশন—দেশব্যাপী চাঞ্চল্য—কারাগারে বসিরা উৎকণ্ঠা—পুণাচুক্তি—আবার একুশদিন উপবাস—ধর্ম্মের গোঁড়ামী—প্রণার্ল,বদ্ধ ধর্ম্ম—খৃষ্টানধর্ম ও সাম্রাজ্যবাদ—চার্চ্চের মনোভাব—ধর্ম ও আত্মোর্ন্নতি—গান্ধিজী ও ধর্ম্ম—ধার্মিকের লক্ষণ।

826-801

#### ৪৮! ব্রিটিশ গভর্ণমেন্টের দ্বৈতনীতি

হরিজন আন্দোলন—আমার বিশ্বর ও বিরক্তি—মন্দির প্রবেশ বিল ও সকরারী মনোভাব—সমাজ সংস্কারের বাধা—গান্ধিজীর কারামুক্তি—সামরিক ভাবে নিরুপদ্রব প্রতিবেশধ স্থগিত—পুণা-বৈঠক—আবার গান্ধিজীর বড়লাটের সাক্ষাৎ প্রার্থনা ও প্রত্যাধ্যান লাভ—হোরাইট পেপার—লিবারেলদের মত ও মনোভাব—মিঃ শান্ত্রীর বড়কার সমালোচনা—দমননীতির উলক্ষরপ।

809-866

#### ৪৯। দীর্ঘকারাদণ্ডের অবসান

জে, এম, সেনগুপ্তের মৃত্যু—ভারতীয় মধ্যশ্রেণীর ভোজনবিলাস—
আমার থান্ত—ব্যায়াম—গান্ধিজীর পুনরায় গ্রেফ্ভার ও কারাদণ্ড
—অনশন প্রত—বৈনীজেল হইতে কারামুক্তি।

845---850

#### ৫০। গান্ধিজীর সহিত সাক্ষাৎ

দীর্ঘকাল তীব্র দমননীতির ফল—ইংরাজ মহলে নাৎসী মনোবৃত্তি

করামুক্তির পরের অবস্থা—সেলরের কড়াকড়ি—পারিবারিক
আর্থিক অবস্থা—পুণাযাত্রা ও গান্ধিজীর সহিত সাক্ষাৎ—গান্ধিজীর
সমস্থা—বোস্বাই আগমন—উদরশঙ্করের নৃত্যদর্শন—নাটক ও
যাত্রাভিনয়—সমাজতন্ত্রীদল—ভারতীয় সমাজতন্ত্রী ও ক্য়ানিষ্টদের
গান্ধিজীর বিক্লম সমালোচনা—তাঁহাদের চিস্তার ক্রটী।

840-895

#### ৫১। निरादिन मृष्टि ७३

পুণার সার্ভেণ্ট অব ইণ্ডিয়া দোসাইটির সদস্যদের সহিত সাক্ষাৎ— ভারতীয় লিবারেলগণ—জাঁহাদের রাজনৈতিক চিস্তাধারা—প্রাচীন কালের বিশাস—মডারেটদের সংযম ও স্থায়বৃদ্ধি !

892-892

#### ৫২ সাধীনতা ও স্বায়ত্তশাসন

কংগ্রেস ও মধ্যশ্রেণী—ভারতপ্রবাসী ইংরাজদের চিস্তাধারা—
মডারেটগণ ও কংগ্রেসের দৃষ্টিভঙ্গীর পার্থকা—ইংরাজ ও ইংলণ্ডের
প্রতি আমার মনোভাব— ব্যক্তিগত ভাবে ইংলণ্ডের নিকট আমার
খণ—সাম্রাজ্যবাদ ও সহযোগিতা—স্থা<u>ধীনতা ও আন্তর্জাতিকতা—</u>
নৃতন রাষ্ট্র না নৃতন শাসন প্রণালী ?—ব্রিটিশ প্রমিকদল—
মডারেটীর নির্মভান্তিকতা।

860-897

#### ্ৰ 🖋। প্ৰাচীন ও নবীন ভারত

জাতীয়তাবাদের গোড়ার কথা—বিগত শতান্দীতে শিক্ষিত ভারতবাসীর ব্রিটিশ মতবাদ গ্রহণ—ব্রিটিশ মনস্তম্ব বিশ্লেষণ— অতীত ভারতের গর্ব্ব ও গৌরব—ভারত ওইতালীর সাদৃশ্য— ভারত মাতা—প্রাচীন সংস্কৃতি ও নবীন ভাবধারা।

868---468

# 🗸 ৫%। ব্রিটিশ শাসনের বিবরণ

জিটিশ অধিকারের প্রথম ফল-যন্ত্রযুগের প্রতিক্রিয়া-বর্ত্তমান মুগের অমুপ্রোগী শাসনপ্রণালী-শাস্তি ও রাজনৈতিক ঐক্য- অদ্যকার ভারতের অবস্থা—ভরাবহ দাবিজ্য—বৈদেশিক অধীনতার ফল—নিম্নপদস্থ কর্মচাবীদের চবিত্র দৌর্বল্য—সিভিল সার্ভিদের দোবগুণ—তাঁহাদের আত্মাভিমান—ভারতের জনসংখ্যা ও জন্ম নিরম্রণ—সামরিক চাকুবী—প্রধান সেনাপতি আত্মালন—সামরিক মনোবৃত্তির সম:লোচনা—ব্রিটিশ শাসনেশ অগ্নিপরীকা :

833-4:3

#### ৫৫। অসবর্ণ বিবাহ ও অক্ষর সমস্তা

"ভারত কোন্ পথে"—-আমার ভগ্নী কৃষ্ণার অসবর্ণ বিবাহ—লাটিন অক্ষর প্রচলনের বাধা—ভারতীর ভাষা সম্পর্কে ইংরাজদের বিকৃত ধারণা—হিন্দৃস্থানী ভাষা—কাশীতে হিন্দী লিখন পদ্ধতির আলোচনা।

@20--@2F

#### ৫৬। সাম্প্রদায়িকতা এবং প্রতিক্রিয়া

বিসি:ভাই পাটেলের মৃত্যু—হিন্দু বিশ্ববিভালয়ে বস্কৃতা—হিন্দু মহাসভার সাম্প্রদায়িকতা—মৃসলমান সাম্প্রদায়িকতার উদ্ভব ও প্রব সৈয়দ আহম্মদ থাঁর রাজনীতি—আলীগড় কলেজ—আগা থাঁর নেতৃত্ব—অসহযোগ আন্দোলন—সাম্প্রদায়িকতার নব রূপাস্তর—গোলটেবিল বৈঠকে প্রতিক্রিরাপশ্বী সাম্প্রদায়িকতাবাদ—হিন্দু ও মুসলমান সংস্কৃতি।

659-689

#### ৫৭। বদ্ধ পথ

আমার গ্রেফ্ তার সম্বন্ধে জনরব—এলাহাবাদে কংগ্রেস কর্মী সম্মেলন—সংবাদপত্তে প্রবন্ধ ও বিবৃতি প্রকাশ—আশাভঙ্গজনিত তঃথ—আমার সমাজতন্ত্রবাদ প্রচার—পারিবারিক অর্থাভাব— কমলার চিকিৎসার্থ কলিকাতা যাত্রা।

e89-ee6

### ৫৮। ভূমিকম্প

এলাহাবাদে ভূমিকম্প-কলিকাতায় সহক্ষীদের সহিত আলোচনা-টেরারিজম্-জনসভার তিনটা বক্তৃতা দান-কবি রবীক্রনাথকে দর্শন করিবার জন্ম শান্তিনিকেতন যাত্রা-পাটনা ও মজ্ঞ:ফরপুরে ভূমিকম্পের ধ্বংসলীলা দর্শন-ভূমিকম্প ও বিহার গভর্ণমেন্টের নিশ্চেপ্টতার সমালোচনা-সরকারী কর্মচারী মহলে বিক্ষোভ-দশদিন ভূকম্প বিধ্বস্ত অঞ্চলে ভ্রমণ-রিলিফ কমিটি ও সেবাকার্য্যের বিবরণ-ভূমিকম্প "অম্পাগ্রতা পাপের" শান্তি-গান্ধিজীর মস্তব্যে আমার বিহ্বলতা-এলাহাবাদ প্রত্যাবর্ত্তন-পুনরার গ্রেফ্তার।

669-699

#### ৫৯। আলীপুর জেল

কলিকাতা প্রেসিডেন্সি জেল—ম্যান্তিষ্ট্রেটের আদানত—তুই বংসর কারাদণ্ড লাভ—সপ্তমবাব জেলে প্রবেশু—আলীপুর জেল— অভ্যন্তর্বীণ অবস্থা—সরকার সেলাম।

490-494

#### ৬০। গণতন্ত্র—প্রাচ্যে ও পাশ্চাত্যে

১৯৩৪-এ ইউরোপের অশাস্তি—ফাসিস্ত প্রতিক্রিয়া—ব্রিটণ ভাতির স্বাধীনতা ও গণতন্ত্র সম্পর্কে ধারণা—ভারতে স্বৈর শাসন— সম্প্রদায়িকতা ও গণতন্ত্র।

494-4H3

#### ৬১। বিষাদ

আইন অমাক্ত আন্দোলন প্রত্যাহারের সংবাদ—আইন সভায় প্রবেশের জন্ধনা কল্পনা—গান্ধিজীর বিবৃতি পাঠে অবসাদ— গান্ধিজীর সহিত আমাদের প্রকৃতিগত পার্থক্য—ধর্ম ও ধর্মভাবের উপর আমার ক্ষোভ—গান্ধিজীর নীতিবাদ।

250-236

#### ৬২। স্ববিরোধিতা

গাছিজীর চিন্তা ও চরিত্র—তাঁহার মানসিক গঠন—সমাজতন্ত্রবাদ ও গাছিজী—যন্ত্রমূগের নৃতন সনস্তা—গান্ধিজীর কার্যুপ্রভি— চরকা, তাঁত ও থাদি—কূটীর শিল্প-কল-কারথানা-ভীতি— গান্ধিজীর স্ববিরোধিতা—ভারতীর দেশীয় রাষ্ট্রগুলির স্বৈর শাসন— গান্ধিজী ও দেশীয় রাজ্য—দেশীর রাজ্যের ব্রিটিশ কর্মচারী— কংশ্রেস ও দেশীয় রাজ্য—গান্ধিজী ও জ্মিদারী প্রথা।

C>6--638

#### ७०। श्रमस्त्रत्र পরিবর্ত্তন না বলপ্রয়োগ

গান্ধিনীর অহিংসা-নীতি—অহিংসা নীতির সমালোচনা—অহিংসা ও
সত্য কি এককথা ?—সমাজ ও রাষ্ট্র হিংসার উপর প্রতিষ্ঠিত—
বলপ্রয়োগের প্রয়োজনীয়তা—ব্যক্তিগত সম্পত্তি ও বলপ্রয়োগ—
স্থবিধাভোগী শ্রেণীর স্থানয়র পরিবর্তন—অহিংস আন্দোলনের
প্রভাব—উহার ভবিষ্যুৎ সন্তাবনা—গান্ধিনীর নীতি ও বাস্তব
অবস্থা—প্রাচ্যের নব রূপাস্তর—বলপ্রয়োগের গুরুত্ব—সমাজ ব্যবস্থা।
পরিবর্তনে অহিংসার শক্তি সীমাবদ্ধ—শ্রেণীহীন সমাজ-ব্যবস্থা।

**७**₹8—७88

#### ৬৪। পুনরায় দেরা জেলে

কলিকাতা হইতে বদলী—দেৱা জেলে কঠোর ব্যবস্থা—কমলার

শীড়া ও রাজনৈতিক অবস্থা সম্পর্কে ত্নিস্তা—আইন অমান্ত আন্দোলন প্রত্যাহার ও কংগ্রেমে নিয়মতাপ্তিক রাজনীতির প্রভাব—আমান্ত মানসিক অবসাপ্যক্রী সমিতির সমাজ-ভন্তবাদ ভীতি—কার্য্যকরী সমিতির নরম পদ্যা—গভর্ণমেণ্টের জন্ত্র-গর্মক—আত্মচিরত লেখা আবস্ত —কমলার পীড়া—এগার দিন ছুটি।

₩88----**⊌**€®

#### ৬৫। এগার দিন

বোগশযায় কমলা—আমাদের বিবাহিত জীবন—প্রাতন স্থৃতি— বাহিবের ঘটনা সম্পর্কে মত প্রকাশে অনিচ্ছা—কংগ্রেদী কলচ দেখিয়া বিষাদ—পুলিশের সহিত নৈনী জেলে গমন।

500-60X

#### ৬৬। কারাগারে প্রত্যাবর্ত্তন

কমলার পীড়ায় ছশ্চিস্তা—অক্টোবরে কমলার সহিত পুনবার সাক্ষাৎ—কমলার ভাওরালী যাত্রা—আমার আলমোড়া ভেলে গমন—পর্বত দর্শনে আনন্দ—থা আফুল গফুর থার গ্রেফ্ডার ও কারাদণ্ডের সংবাদ—আলমোড়া জেল হইতে ভাওরালীতে কমলার দহিত সাক্ষাৎ।

662-666

#### ৬়প। কতকগুলি আধ্নিক ঘটনা

বোদ্বাই কংগ্রেস—ব্যবস্থা পরিষদের নির্বাচন—কংগ্রেস জাতীয় দল—কংগ্রেস ও সাম্প্রদায়িক বাটোয়ারা—বাঙ্গলার প্রতি বিশেষ অবিচার—হিন্দু মহাসভা ও মৃস্লিম কন্ফারেন্সের প্রগতিবিরোধী মনোবৃত্তি—জয়েন্ট পার্লামেন্টারী কমিটীর রিপোর্ট—ওটাওয়া চ্ক্তির ফল—প্রস্তাবিত শাসনতন্ত্রের প্রতিবাদ—মডারেট্দের বিক্ষোভ—যুক্তরাষ্ট্রের পরিকল্পনা—সরকারী দমননীতির অবাধ প্রয়োগ—আমাদের রাজনীতিকগণের জাগতিক বটনাবলী সম্পর্কে অজ্ঞতা—অর্থ নৈতিক অবস্থার পরিবর্ত্তন—নৃতন সমাজ ব্যবস্থার আবশ্যকতা—বিকল্প স্বার্থ সজ্জাতের তীব্রতা—সমাজতন্ত্রবাদের প্রয়োজন—ভারতে কৃষক ও শ্রমিকদের ক্রমাবনতি—উদ্ধারের প্রথ—বিটিশ সাম্রাজ্যবাদ ও কায়েমী স্বার্থ—কার্ল মার্কদের মতবাদ—গোভিয়েট ক্লেমা—ভারতের সমস্যা—কম্যুনিজম নহে, সাম্প্রদারিকতাবাদ—"জুগ লি"।

669 -698

#### ৬৮। উপসংহার

আত্মবিপ্লেষণ---রামস্বামী আরাবের মত---বর্তমানের সংশয় ও ভবিষ্যতের আশা।

426--- P2A

বিব্যু

পৃষ্ঠা

' পুনশ্চ

622-900

কোরেটা ভূমিকম্প-কারামুক্তি-পীড়িতা পত্নীকে দেখিবার জন্ম জার্মানী যাত্রা।

পরিশিষ্ট—ক

903-0

পরিশিষ্ট-খ

900-6

পরিশিষ্ট--গ

909---

\_\_\_\_\_

# চিত্ৰ-সূচী

	• • • • • • • • • • • • • • • • • • • •		• পৃষ্ঠা
গ্রন্থকারের পিতা	•••	2	খে-চিত্ৰ
পণ্ডিত মতিসাল নেহর		•	X
জওহরলালের মাতা স্বরূপরাণী বে	নহরু	• • •	١.
শান্তিনিকেতনে রবীক্র সদনে জও	হরপাল		96
জনসভায় বক্তৃতা	•••	•••	20
লাহোর কংগ্রেস (১৯২৯)	•••	•••	৯০
সভাপ <b>তি জওহরলাল</b> নেহক দণ্ডায়মা	ন		
মহিলা সত্যাগ্রহিগণ	•••	• • •	<b>२</b> ८०
<b>মধান্থলে</b> শ্রীমতী কমলা নেহর উপবিষ্ট	1		
জওহরলাল নেহরু (১৯৩০)	•••	•••	২৬০
জওহন্নলাল নেহক্ষর বিচার (১৯৩৫	s) ···	• • •	২ 98
বন্ধুপণ বিচার দেখিবার জভা নৈনী জে	·	কা করিতেছেন	
১৯৩০ সালে জওহরলাল নেহরুর	বিচার	•••	२१७
(১) জেলের দরজায় জনতা			
(২) বিচায় : পণ্ডিত মতিলাল জ্বও			
(৩) পুত্রের সহিত দেখা করিবার স্থ	াখ্য প <b>ণ্ডিত</b> মতিলাল	तिनी एक एक ७३	•
ব্যারাকে যাইতেছেন			
করাচী কংগ্রেস	•••	•••	90b
<b>জওহরলাল জাতীয়</b> পতাকা উ		চছেন	
আইন অমাশ্য আন্দোলনের স্কুচন		• • •	90b
দংগ্রামের প্রারম্ভে মাল্যভূষিত	জওহরলাল এবং	কমলা নেহর	
ন্ত্রী ও কত্যাসহ জওহরলাল	• • •	• • •	७५२
ইন্দিরা প্রিয়দর্শিনী	•••	• •	©38
ব্দওহরলালের কন্সা			
গোলটেবিল বৈঠক হইতে প্রত্য			٠.
সাক্ষাৎলাভের জন্ম বোম্বাই য	াত্ৰাকা <b>লে</b> চি	ওকী <b>ষ্টেশনে</b>	Ī
গৃহীত জ্বগুহরলালের ফটো	; জওহরলা	ল ও মিঃ	;
শেরোয়ানীর (তাঁহার পা	ৰ্শ্বে দণ্ডায়মা	ন) পরবর্ত্তী	
ষ্টেশনে গ্রেফ্তার হইয়া এলা			৩৬৬
গ্রন্থকার	•••	• • •	• ৫৬২
ক্মলা নেহরু	•••	٠	৬৬০

# কাশ্মীর হইতে অবতরণ

"কোন লোকের পকে নিজের বিষয় লিখিতে যাওয়া যেমন তৃপ্তিকর, তেমনি কঠিন। নিজের কোন অকীত্তির কথা নলিতে গেলে বুকে ধেমন বাজে, তেমনি আত্মপ্রশংসাও পাঠকগণের নিকট কর্ণ পীড়াদায়ক।" ।

—আব্রাহাম কলি।

বিদ্দেশ্যর একমাত্র পুতের অতিরিক্ত আদরে নষ্ট হওয়ার সং
অধিক: বিশেষতঃ ভারতবর্ষে। জন্মের পর এগার বংসর পর্যন্ত সে-ই
যদি একমাত্র সন্তান হয়, তাহা হইলে অত্যধিক প্রশ্রেয়ের পরিণাম হইতে
তাহার পক্ষে অব্যাহতি পাওয়া কঠিন। আমার কনিষ্ঠা ভগিনীয়য় আমার
চেয়ে বয়সে অনেক ছোট। আমাদের প্রত্যেক তৃইজনের মধ্যে বয়সের
ব্যবধানও কয়েক বংসর করিয়া। অতএব, সমবয়সী সাথীর অভাবে
আমার শৈশবজীবন একাকী নিঃসঙ্গভাবে কাটাইতে হইয়ছে। আমাকে
বাল্যকালে কোন প্রাথমিক বিভালয়ে অথবা কিগুরগার্টেন শিক্ষার জন্ত
দেওয়া হয় নাই বলিয়া বিদ্যালয়ের সাথীদের সহিত মিশিবারও স্থ্যোগ
পাই নাই। আমার শিক্ষার ভার গৃহশিক্ষয়িত্রী ও গৃহশিক্ষকগণের হাতে
দিয়া সকলে নিশ্চিস্ত ছিলেন।

আমাদের গৃহে লোকের অভাব ছিল না। সাধারণ হিন্পরিবারের মতই আমাদেরও জ্ঞাতি ভাতাভগ্নী ও কুট্র স্বজনে পরিবৃত বৃহৎ পরিবার। কিন্তু আমার জেঠাত ভাইরা তথন কেহ কলেজে কেহ বা স্কুলে পড়িতেন। তাঁহাদের সহিত আমার বয়সের ব্যবধান এত অধিক ছিল যে, তাঁহারা আমাকে তাঁহাদের সহিত থেলিবার অথবা মিলিয়া মিশিয়া কাজ করিবার অযোগ্য মনে করিতেন। কাজেই বৃহৎ পরিবারের মধ্যেও আমি নিজেকে নি:সক্ষ মনে ক্রিতাম; এবং একাকীই কোন পেয়াল বা থেলা লইয়া সময় কাটাইতাম।

আমরা কাশ্মীরী। তৃইশত বৎসরের পূর্বের, অষ্টাদশ শতাব্দীর প্রথম ভাগে, আমাদের পূর্বপুরুষেরা যশঃ ও ঐশ্বর্যের অনুসন্ধানে পর্বতের

#### ' जल्ड्यमान (मङ्क्र

উপাত্যকা হইতে সমুদ্ধিশালী সমতলক্ষেত্রে অবতরণ করেন। ঔরদ্ধেব তথন মৃত, মোগল সাম্রাজ্য ধ্বংসোনুথ, ফাক্ষকসিয়ার তথন দিলীর সিংহাসনে। আমাদের পূর্বপুরুষ রাজা কাউল সংস্কৃত ও পারশ্র ভাষায় পণ্ডিতরূপে কাশ্মীরে খ্যাতিলাভ করিয়াছিলেন। সমাট ফাক্ষকসিয়ার যথন কাশ্মীরে যান, তথন তিনি সমাটের দৃষ্টি আকর্ষণ করিয়াছিলেন। শস্তবতঃ সমাটের অমুরোধে তিনি পরিবারবর্গসহ ১৭১৬ সালে দিল্লী চলিয়া আসেন। দিলীতে তিনি একটা খালের ধারে আবাসবাটা ও জায়গীর পান। এই খাল (নহর) হইতেই রাজা কাউলের নামের সহিত "নেহক্র" উপাধি মৃক্ত হয়। কাউল ছিল আমাদের পারিবারিক উপাধি—তাহা দাড়াইল কাউল নেহক্ষ। পরবর্তীকালে কাউল পরিত্যক্ত হইল, রহিল নেহক্ষ।

দেই রাজনৈতিক অব্যবস্থার দিনে বহু ভাগ্য বিপর্যায়ের মধ্য দিয়া নেহক পরিবারের জায়গীর ক্রমশঃ শীর্ণ হইয়া অবশেষে বিলুপ্ত হইল। আমার প্রশিতামহ লক্ষ্মীনারায়ণ নেহক দিল্লীর তথাকথিত সম্রাট দরবারে 'দরকার কোম্পানীর' উকীল নিযুক্ত হইলেন। আমার পিতামহ গঙ্গাধর নেহক ১৮৫৭ সালে বিরাট বিদ্রোহের পূর্বকাল পর্যাস্ত কিছুদিন দিল্লীর কোতোয়াল ছিলেন। ১৮৬১ সালে মাত্র ৩৪ বৎসর বয়সে তাঁহার মৃত্যু হয়।

১৮৫৭র বিজ্ঞোহের সঙ্গে সঙ্গে দিল্লীর সহিত আমাদের পরিবারের শু**শর্ক শে**ষ হয় এবং ইহার ফলে আমাদের পারিবারিক প্রাচীন কাপজপত্র দলিলাদি নষ্ট হইয়া যায়। সমস্ত ভূসম্পত্তি প্রায় বিনষ্ট হওয়ায়, আমাদের পরিবার অত্যাত্ত বছতর গৃহহারাদের সহিত যোগ দিয়া প্রাচীন রাজধানী ছাড়িয়া আগ্রায় চলিয়া আদেন। তথনও আমাদের পিতার জন্ম হয় নাই। কিন্তু আমার ছই জোষ্ঠতাত তথন যুবক এবং তাঁহারা কিছু ইংরাজীও শিথিয়াছিলেন। এই ইংরাজী জ্ঞানের জন্ম আমার ছোট জ্লেঠা মহাশয় এবং আমাদের পরিবারের আরও কয়েকজন এক আকস্মিক ও लाठनीय मृजु। इटेएक क्रका भारेग्राहिलन। पिली इटेएक आधात भए। তাঁহার সহিত অন্তান্তের সঙ্গে তাঁহাদের কনিষ্ঠা ভন্নীও ছিলেন। এই অল্পবয়স্কা বালিকা অভাভ কাশীরী বালিকার মতই অসামান্ত রূপসী ছिলেন। পথে কয়েকজন ইংরাজনৈশ্য আমার পিদীমার রূপলাবণা দর্শনে মনে করিল, জ্বোমহাশয় কোন ইংরেজ বালিকাকে চুরি করিয়া লইয়া যাইতেছেন। তথনকার দিনে এরপ অভিযোগের বিচার ও শান্তি কয়েক মিনিটের মধ্যেই শেষ হইত; এবং হয়তো অল্পকাল মধ্যেই জেঠামহাশর ও অক্সাত্ত সঙ্গীদের পথিপার্ণস্থ বুকে ঝুলাইয়া ফাঁসী দেওয়া হইত। কিন্ত ভাগ্য ভাল যে, জ্বেঠামহাশয় ইংরাজী জানিতেন। তাহার ফলে বিচারে

#### কাশ্বীর হইতে অবভর্

কিছু বিলম্ব হইল। ইতিমধ্যে তাঁহাদের পরিচিত একজন ঘটনাক্রমে সেই পথে আসিয়া পড়ায়, তিনি তাঁহাদিগকে উদ্ধার করিলেন।

আগ্রায় ভাঁহারা কিছুকাল বাস করিলেন। এবং এই আগ্রায়, ১৯৯১র ৬ই মে আমার পিতা ভূমিষ্ঠ হন। \* আমার পিতার জন্মের তিন মাস পূর্ব্বেই আমার পিতামহ লোকান্তরিত হায়াছিলেন। পিতামহের যে ক্তুত্র চিত্র আমাদের গৃহে রহিয়াছে, তাহাতে দেখা যায়, তাঁহার পরিধানে মোগল দরবারের পোযাক হাতে বাকা তরবারি; দেখিলে মোগল অভিজাত বলিয়া এম হয়। কিন্তু তাঁহার অবয়বে কাশ্রীরী ছাপ স্থাপষ্ট।

পরিবার প্রতিপালনের ভার পড়িল আমার তৃই জেঠার উপর।
পিতা তথন শিশু, সর্বজ্যেষ্ঠ বংশীধর নেহফ ব্রিটিশ গভর্গনেন্টের বিচার
ৰিভাগে চাকুরী গ্রহণ করিলেন। নানাস্থানে বদলী হওয়ার চলে তিনি
অধিকাংশ সময়েই পরিবার হইতে বিচ্ছিন্ন থাকিতেন। মধ্যম নন্দলাল
নেহফ দেশীয় রাজ্যে চাকুরী গ্রহণ করেন। ইনি দশবংসর রাজপুতানার
খেতরী রাজ্যের দেওয়ান ছিলেন। পরে আইন পড়িয়া আগ্রায় আইন
ব্যবসায়ে প্রবৃত্ত হন। আমার পিতা ইহারই স্বেহচ্ছায়ে লালিতপালিত।
ইহাদের পরস্পরের প্রতি অহুরাগ ছিল গভীর। পিতার স্বেহ, ভ্রাতার
প্রীতিমিশ্রিত সে এক আশ্রুর্য নিবিড় সম্পর্ক। সর্বকনিষ্ঠ বলিয়া পিতা
ছিলেন পিতামহীর আদরের ত্লাল। এই বৃদ্ধামহিলার ছিল স্বাধীন
ইচ্ছাশক্তি। তাঁহার অভিপ্রায়কে অবহেলা করা কঠিন ছিল। তাঁহার
পরলোক গমনের পর অর্জশতান্ধী অতিবাহিত হইয়াছে; কিন্তু এখনও প্রাচীনা
কাশ্রীরী মহিলারা তাঁহার প্রথর কর্ত্বভাতিমান ভূলিতে পারেন নাই।

জ্ঞোমহাশয় নবপ্রতিষ্ঠিত হাইকোর্টে যোগ দিলেন। হাইকোর্ট আগ্রা হইতে এলাহাবাদে উঠিয়া আসিবার সঙ্গে সঙ্গে আমাদের পরিবারবর্গও এলাহাবাদে উঠিয়া আসিলেন। তথ্য হইতেই এলাহাবাদে আমরা স্থায়ীভাবে বাস করিতে লাগিলাম। বহুবর্ষ পরে এইখানেই আমার জন্ম হয়। ক্রমে পশার বৃদ্ধির সঙ্গে জেঠামহাশয় স্থানীয় ব্যবহারজীবীদের অগ্রতম প্রধান হইয়। উঠিলেন। ইতিমধ্যে আমার পিতা কাণপুর ও এলাহাবাদে স্কুল ও কলেজের শিক্ষায় অগ্রসর হইতেছিলেন। তিনি বাল্যকালে পাশী ও আরবী ভাষায় শিক্ষালাভ করেন। তারপর কিশোর বয়সে তাঁহার ইংরাজী শিক্ষা আরম্ভ হয়। কিন্তু সেই বয়সেই তিনি পাশীভাষায় স্থপণ্ডিত বলিয়া খ্যাতিলাভ

এক আশ্চর্য ও কৌতুহলোকীপুক সোনাদৃত্য এই বে, কবি রবীস্ত্রনাথ ঠাকুরও ঠিক
 এই বৎসরের ঐ মানের ঐ তারিবে ভূমিট হন।

#### ज्ञान (नर्क

করেন। আরবীতেও তাঁহার যথেষ্ট অধিকার ছিল। এই কারণে প্রাচীনগণ তাঁহাকে শ্রদ্ধার দৃষ্টিতে দেখিতেন। কিন্তু ইহা সত্ত্বেও স্থল কলেন্দ্রের ছाज्जीवन जिनि विविध नहाँगी ও पृष्टांगीत जग शाकिमान हरेगा উঠিয়াছিলেন। তিনি ভাল ছেলের আদর্শ কোন দিনই ছিলেন না। লেখাপড়া অপেক্ষা থেলাধুলা এবং সঙ্গীদের সহিত নানা হুংসাহসিক "অভিযান করিতেই তিনি ভালবাসিতেন। কলেজের ঘূর্দান্ত ছেলেদের দলের তিনি ছিলেন নেতা, যখন একমাত্র কলিকাতা ও বোম্বাই ব্যতীত অক্সত্র ভারতীয়দের মধ্যে পাশ্চাত্য বেশভূষা ও আচার ব্যবহারের অফুকরণের রেওয়াজ হয় নাই, দেই সময়ই তিনি উহার প্রতি আরুষ্ট হন। জেদী ও চুর্দ্দান্ত रहेल ७ जिन हेरबारवानीयान अधानकरमव श्रिय हिलन এवर मर्सनाहे সদয় ব্যবহার পাইতেন; তাঁহার তেজম্বিতা তাঁহাদের ভাল লাগিত। তিনি মেধাবী ছিলেন বলিয়া মাঝে মাঝে পড়াগুনা করিয়া অমনোযোগিতার ক্ষতিপুরণ করিয়া লইতেন। কাজেই ক্লাসেও তিনি ভাল ভাবেই কাটাইয়া যাইতেন। পরবর্ত্তী কালে তাঁহার অধ্যাপকদিগের অগতম এলাহাবাদ মুর দেণ্ট্রাল কলেজের অধ্যক্ষ মিঃ ছারিসনের কথা আমাদের নিকট সম্ব্রমভরে উল্লেখ করিতেন। তাঁহার ছাত্রজীবনে উক্ত অধ্যাপকের লেখা একথানি পত্র তিনি স্যত্নে রক্ষা করিয়াছিলেন।

বিশেষ কৃতিত্ব না দেখাইলেও তিনি বিশ্ব-বিভালয়ের পরীক্ষাগুলি একে একে উত্তীর্ণ হন। বি, এ, পরীক্ষা আদিল। তিনি দেখিলেন পড়া তৈরী হয় নাই। প্রথম দিন প্রশ্নপত্রের উত্তর লিখিয়া তিনি সস্কুষ্ট ইইলেন না। তিনি ভাবিলেন, পাশ করিবার আশা আর নাই। ইহা ভাবিয়া তিনি আর পরীক্ষা দিলেন না। পরীক্ষা গৃহের পরিবর্গ্তে, তাজমহলে গিয়া সময় কাটাইতে লাগিলেন (তখন আগ্রায় বিশ্ববিভালয়ের পরীক্ষা হইত)। তিনি পরীক্ষা দিতেছেন না জানিতে পারিয়া জাঁহার অধ্যাপক তাঁহাকে ডাকিয়া ভর্মনা করিলেন এবং বলিলেন যে, প্রথম প্রশ্নপত্রের উত্তর ভালই হইয়াছে। অক্যান্ত প্রশ্নপত্রের উত্তর না দেওয়া অত্যন্ত নির্ব্দিকার কাজ হইল। যাহা হউক, আমার পিতার বিশ্ববিভালয়ের শিক্ষার এইখানেই শেষ। তিনি আর কথ্যন্ত বি, এ পরীক্ষা দেন নাই।

ইহার পর তিনি জীবিকা অর্জনের উপায় চিন্তা করিতে লাগিলেন।
বভাবত:ই আইন ব্যবসায়ের কথা তাঁহার মনে পৃড়িল। ভারতবর্ষে
কেবলমাত্র আইন ব্যবসায়েই প্রতিভা ও যোগ্যতার পুরস্কার আছে।
তাঁহার জ্যেষ্ঠ ভাতার দৃষ্টান্তও তাহার চক্র সম্মুখেই ছিল। তিনি
হাইকোর্টের ওকালতা পরীক্ষা দিলেন। পাশ ত' ইইলেনই; উপরস্ক

### কাশ্মীর হইতে অবভর্ন

সর্বপ্রথম হইরা একটা স্বর্গ-পদক লাভ করিলেন। তিনি মনোমত পথ খুঁজিয়া পাইয়া স্থী হইলেন এবং তাঁহার দৃ ধারণা হইল, সাইন ব্যবসায়ে সাফল্য স্থনিন্চিত। তিনি কাণপুর জিলা আদালতে ওকালতী আরম্ভ করিলেন এবং সাফল্য লাভের তাগ্রহে কঠিন পরিপ্রমে অন্ধ দিনেই কিছু পশার প্রনিপত্তি করিলেন। কিন্তু তাঁহার ক্রীড়াপ্রীতি ও অভ্যান্ত আমোদেও কিছু সময় ব্যয় হইত, কুন্তী ও দঙ্গলে তাঁহার বিশেষ অন্ধর্বজি ছিল। সে সময় কাণপুর কুন্তী প্রতিযোগিতা খেলার জন্ত বিখ্যাত ছিল।

কাণপুরে তিন বংসর শিক্ষানবিশী করিয়া পিতা এলাহাবাদ হাইকোর্টে যোগ দিলেন। ইহার অল্পদিন পরেই তাঁহার জ্যেষ্ঠল্রাতা পণ্ডিত নন্দলালের সহসা মৃত্যু হইল। পিতা শোকাবেগে মৃত্যুমান হইলেন। পিত্তুল্যু স্নেহময় ল্রাতার মৃত্যু, কেবল তাঁহার বিয়োগব্যথা নহে, একটি বৃহৎ পরিবারের থিনি কর্তা এবং যাহার উপার্জ্ঞন সর্বাধিক, তাঁহার অভাবে সমস্ত ভারও পিতার স্কন্ধে পড়িল।

সাফল্যের দৃঢ়সঙ্কল্প লইয়া তিনি কর্ম্ম-সাগরে ডুবিলেন; নিজেকে সকল বিষয় হইতে বিচ্ছিন্ন করিয়া সর্জ্বনক্তি ব্যবসায়ে নিয়োগ করিলেন। জ্বেঠা মহাশ্যের মক্কেলরা প্রায় সকলেই তাঁহার নিকটে আসিতে লাগিলেন। তাঁহার সাফল্যের আশা অল্পদিনেই সফল হইল। অর্থাগমের সহিত নৃতন কাজন্ত আদিতে লাগিল। অপেকাকৃত তরুণ বয়সেই তিনি একজন শ্রেষ্ঠ উকীলব্ধপে প্রতিষ্ঠা লাভ করিলেন। এই সাফল্যের মূল্যস্বরূপ তিনি তাঁহার সমস্ত শক্তি, সম্ভ কামনা আইনরূপী প্রিয়ার হস্তে সমর্পণ করিলেন। কি জনহিতকর, কি ব্যক্তিগত আর কোন কাজের অবসর তাঁহার রহিল না। ছুটির দিন অথবা আদালতের অবকাশ সময়েও তিনি আইন ব্যবসায়ে ডুবিয়া থাকিতেন। তথন ভারতীয় রাষ্ট্র-মহাসভা (কংগ্রেস) সবেমাত্র ইংরেজী শিক্ষিত মধ্যশ্রেণীর দৃষ্টি আকর্ষণ করিতেছে। তিনি প্রথমদিকে কয়েকটি অধিবেশনে যোগ দিয়াছিলেন এবং কংগ্রেসের প্রতি একপ্রকার মান্সিক আমুগত্যও তাঁহার ছিল। কিন্তু তথনকার দিনে কংগ্রেসের কাজে তিনি বিশেষ উৎসাহ দেখান নাই। তিনি আইন ব্যবসায় লইয়াই ব্যস্ত ছিলেন। রাজনীতি ও সাধারণের কাজ সম্পর্কে সে সময় তাঁহার কোন নিশ্চিত ধারণা ছিল না। তথন ঐ সকল বিষয়ে তিনি থ্ব অল্লই থোঁজ ধবর রাখিতেন বলিয়া ঐ দিকে আরুট হন নাই। কোন আন্দোলন বা প্রতিষ্ঠানে অপরের কর্ত্তব স্বীকার করিয়া যোগ দিবার মত মানসিক অবস্থা তাঁহার ছিল না। তাঁহার বাল্য ও প্রথম যৌবনের যুদ্ধপ্রিয় প্রকৃতি বাহতঃ শাস্ত বোধ হইলেও উহা এক নবীন

#### क्ष अञ्चलांन (मङ्क्र

ক্রপান্তরে নব নব জয়ের পথে আত্মপ্রকাশ করিল। এই শক্তিই ব্যবসায়
ক্রিল্ল প্রারোগ করিয়া ভিনি সাফল্য লাভ করিলেন। সাফল্যের সহিত
আসিল সার্থক আত্মাভিমান ও আত্মপ্রত্যয়। ভিনি সংগ্রাম—বাধা ও
বিপত্তির সহিত সংগ্রাম ভালবাসিত্তেন। অথচ আশ্চর্য্য এই, রাষ্ট্রক্রেকে এই কালে তিনি পরিহার করিয়া চলিতেন। অবশ্র তৎকালে কংগ্রেসে রাজনৈতিক সংগ্রাম প্রবণতা অতি অল্পই ছিল। যাহাই হউক, সে ভূমি ছিল তাঁহার অপরিচিত, আইন ব্যবসায়গত কঠিন পরিশ্রমেই তিনি ময় থাকিতেন। সাফল্যের প্রত্যেকটি সোপান দৃঢ় পদে অতিক্রম করিয়া তিনি উর্দ্ধে উঠিতে লাগিলেন। অপরের অম্প্রহে নহে, পরিশ্রম আত্মাৎ করিয়াও নহে। তিনি মনে করিতেন, ইহা তাঁহার স্বকীয় বৃদ্ধি ও শৌর্যবলে।

অবশ্য তিনি সাধারণভাবে জাতীয়তাবাদী হইলেও, ইংরেজ এবং ইংরেজ চরিত্রের প্রশংসা করিতেন। তিনি ভাবিতেন, তাঁহার স্বদেশবাসীর যে অধংশতন ঘটিয়াছে, বর্ত্তমান অবস্থা ও ব্যবস্থা তাহারই ফল। যে সকল রাজনীতিক কোন কাজ না করিয়া কেবল কথা বলিতেন, তাঁহাদের প্রতি তাঁহার মনে একটা অবজ্ঞার ভাব ছিল অথচ কথা ছাড়া আর কি করা যাইতে পারে, সে সম্বন্ধে তাঁহার নিজেরও কোন ধারণা ছিল না। নিজের সাম্বন্ধের গর্কের তিনি ইহাও মনে করিতেন যে, যাহারা জীবনমুজে সফলকাম হয় নাই (অবশ্য সকলে নহে) এমন লোকেরাই রাজনীতি চর্চ্চা করিয়া থাকে।

ক্রমশঃ আয় বৃদ্ধির ফলে আমাদের জীবন ষাত্রারও অনেক পরিবর্ত্তন হইল। আয় বৃদ্ধির অর্থই ব্যয় বৃদ্ধি। বিত্ত সঞ্চয় করাকে, পিতা নিজের ইচ্ছামত ও প্রয়োজন মত অর্থ উপার্জ্জন করিবার ক্ষমতার প্রতি অবিশাস বিলয়া মনে করিতেন। আমোদপ্রিয় এবং বিলাসপ্রিয় পিতা উপার্জ্জিত অর্থ অক্তম্রভাবে ব্যয় করিতে কোন কুঠাই বোধ করিতেননা। এইরূপে ক্রমশঃ আমাদের পারিবারিক জীবন পাশ্চাত্য ভাবাপন্ন হইয়া উঠিল। এবং এই পারিপার্থিক অবস্থার মধ্যেই আমার শৈশব অতিবাহিত হইয়াছে।\*

এলাহাবাদ ইংরেজী ১৮৮৯ খ্রীষ্টাব্দের ১৪ই নভেম্বর ১৯৪৬ সম্বতের বদি মার্গশীর্ধ
 ই ভারিবে আমার জয় হয়।

# শৈশ্বকাল

ু আমার স্থতুলালিত শৈশ্বকাল ঘটনাবৈচিত্রাহীন। মনে আছে, এই সময় আমার দাদারা যে সকল বিষয় আলাপ করিতেন, তাহার অধিকাংশই আমি ব্রিতাম না। সময় সময় ভারতবাসীদের প্রতি ইংরাজ ও ইউরে-শিয়ানদের উদ্ধত ও অপমানস্চক ব্যবহারের বিষয় আঞ্চলাচনা হইত এবং সিদ্ধান্ত হইত, প্রত্যেক ভারতবাসীরই কর্ত্তব্য ইহা সহু না<sup>ঁ</sup>করিয়া প্রতিবাদ করা। শাসক ও শাসিতের মধ্যে এই শ্রেণীর সজ্মর্য অতি সচরাচর ঘটনা বলিয়া প্রায়ই আলোচনা হইত। যথনই কোন ইংরেজ ভারতবাদীকে হত্যা করিত, ইংরাজ জুরীর বিচারে দে অব্যাহতি পাইত। রেলের কামরা ইয়ে।-রোপীয়ানদের জন্ম স্বতম্ব কর। ছিল। যত ভীড়ই হউক না কেন, এ কামরা এক্রোরে শৃত্ত থাকিলেও, কোন ভারতীয়কে তথায় প্রবেশ করিতে দেওয়া হইছ ল। ইয়োরোপীয়ানদের জন্ম নির্দিষ্ট নহে, এমন কোন কামরাম্ম যদি দৈবাধ কোন ইংরাজ যাত্রী থাকিতেন, তাহা হইলেও সেথানে ভারতীয়ের প্রবেশাধিকার নিষিদ্ধ। সাধারণ ভ্রমণ, উত্থান ও অত্যাত্ত স্থানেও খেতাঙ্গদের জন্ম চেয়ার বেঞ্চ নির্দিষ্ট থাকিত। বিদেশী শাসকগণের এই সকল চুর্ব্যবহারের কণায় আমি ক্রন্ধ হইতাম; কোন ভারতীয় ইহার প্রতিশোধ লইয়াছে, একথা শুনিলে আনন্দ হইত। মাঝে মাঝেই আমার দাদারা অথবা তাঁহাদের বন্ধুদের সহিত এই শ্রেণীর কলহ ঘটিত এবং তাহা লইয়া আমরা উত্তেজিত ভাবে আলোচনা করিতাম। আমার এক দাদা খুব বলিষ্ঠ ছিলেন এবং তিনি ইচ্ছা করিয়াই ইংরাজ এবং অধিকাংশ সময়ে ইউরেশিয়ানদের সহিত ঝগড়া ইউরেশিয়ানরা শাসকজাতির সহিত স্বজাতীয়ত্ব প্রমাণ করিবার জন্ম ইংরাজ শাসক ও বণিক অপেক্ষা অধিকতর রুঢ় অভদ্র ব্যবহার করিত। এই সকল কলহের অধিকাংশই রেল ভ্রমণকালে ঘটিত।

ইংরাজ শাসক ও ভাহাদের ব্যবহারের জন্ম আমার চিত্তে বিক্ষোভের সঞ্চার হইত সন্দেহী নাই। কিন্তু আমার যতদ্র মনে পড়ে, ব্যক্তিবিশেষ ইংরাজের :প্রতি আমার মনে কোন বিরপভাব ছিল না। আমার ইংরাজ শিক্ষয়িত্রী ছিলেন এবং মীঝে মাঝে পিতার ইংরাজ বন্ধুরা আমাদের বাড়ীতে আসিতেন। মনে মনে আমি ইংরাজদিগকে শ্রদ্ধা করিতাম।

#### ख अश्रुमान (नंश्रुष

শর উক্লোবলা পিতার বৈঠকথানায় বন্ধু সমাগম হইত। দিবসের কর্মকান্তির পর উক্লোবলা পিতার বৈঠকথানায় বন্ধু সমাগম হইত। দিবসের কর্মকান্তির পর উক্লোবার বিশ্রম্থালাপে প্রবৃত্ত হইতেন। পিতার উচ্চহাল্যে গৃহ মুথরিত হইয়া উঠিত। তাঁহার প্রাণখোলা হাসি এলাহাবাদের সকলেই জানিত। আমি মাঝে মাঝে তাঁহাদের পর্দার আড়াল হইতে উ কি মারিয়া দেখিতাম এবং এই সকল বড় বড় লোকেরা কি কথাবার্তা বলেন, তাহা ব্যিতে চেষ্টা করিতাম। কথনো ধরা পড়িলে, কেহ আমাকে টানিয়া লইয়া ঘাইতেন। সলজ্জ ভীক্লতার সহিত কিয়ংকাল পিতার ক্রোড়ে বসিয়া চলিয়া আদিতাম এক প্রকার রক্তবর্ণ মদাপান করিতেহেন। হইস্কীর নাম আমি জানিতাম, কেননা প্রায়ই পিতা বন্ধুগণের সহিত ছইম্বী পান করিতেন। কিন্তু লোহিত বর্ণের তরল পানীয় দেখিয়া আমি ভয় পাইলাম এবং দৌড়াইয়া গিয়া মাকে বলিলাম, বাবা রক্তপান করিতেহেন।

আমি অতিশয় পিতৃভক্ত ছিলাম। আমার দৃষ্টিতে তিনি ছিলেন শক্তি, সাহসূপ্ত প্রতিভাদীপ্ত বৃদ্ধির প্রতীক। অক্সান্ত বাহাদের দেখিতাম, তাঁহাদের অপেকা তাঁহাকে অনেক শ্রেষ্ঠ মনে করিতাম। ভাবিত্রাম, আমি বড় হইলে বাবার মত হইব। ভক্তি ভালবাদা পাকিলেও আমি বাবাকে ভয় করিতাম। যথন তিনি চাকর বাকর বাঃ ক্ষক্ত কাহারো প্রতি কুদ্ধ হইতেন, তথন তাঁহাকে আমার ভয়ন্বর মনে হইত। তাঁহার কুদ্ধ মৃত্তি দেখিয়া আমি ভয়ে কাঁপিতাম। চাকরদের প্রতি তাঁহার নিষ্ঠ্র ব্যবহারে মনে মনে রাগও হইত। পিতার মত আশ্রেণ্য মেজাজ আমি কোথাও দেখিয়াছি বলিয়া মনে পড়েনা। কিন্তু দৌভাগ্যক্রমে তিনি অতিমাত্রায় রক্ষপ্রিয় ছিলেন এবং নিজেকে সম্বরণ করিবার মত দৃচ্ ইচ্ছাণক্রিও তাঁহার ছিল। প্রায়ই তিনি আত্মসম্বরণ করিতেন। ব্যবদের সঙ্গে সংক্র মান ইয়া প্রতিন মান ক্রি হার নিজেকে সংযত করিবার ক্ষমতা বৃদ্ধি পাইয়াছিল। পরে তিনি ধৈর্য হারাইয়া প্রের্বর মত ক্ষ্তৃত। ক্যাচিং দেখাইতেন।

ছেলেবেলার কথা মনে পড়ে, একবার পিতা আমার উপর ক্রুদ্ধ হইয়াছিলেন। আমি তথন পাঁচ কি ছয় বৎসরের। একদিন দেখি, পিতার অফিস্ঘরের টেবিলের উপর ছইটি ফাউণ্টেন পেন রহিয়াছে। দেখিয়া লোভ হইল। মনে মনে ভাবিলাম, বাবার তো একসঙ্গে ছইটা কলমের দরকার নাই; কাজেই একটি আমি তুলিয়া লইলাম। পরে দিখি, বাড়ীময় হারান কলম খুঁজিবার সাড়া পড়িয়া গিয়াছে,—আমি ভয় পাইলাম, কিছু কিছু বিলাম না। কলমটি পাওয়া গেল, এবং আমি যে অপরাধী তাহাও জানিতে কাহারো বাকী রহিল না, পিতা ক্রুদ্ধ হইয়া আমাকে ভীষণ প্রহার করিলেন।

#### শৈশবকাল

বেদনায়, ক্ষোডে অপমানে অধীর হইয়া আমি মার নিকট ছটিয়া গেলাম।
আমার শরীরের বেদনা-স্থানগুলিতে ক্ষেকদিন ক্রীম প্রভৃতি মার্শলিশ করিতে হইয়াছিল।

এই শাসনের জন্ম পিতার প্রতি শোমার নন মোটেই বিরক্ত হয় নাই।
আমার মনে হয়, তথন আমি তাবিতাম, প্রহারের মাত্রা একটু বেশী হইলেও
শান্তি ঠিকই হইয়াছে। আমার শ্রদ্ধাভক্তি চিরদিন প্রবল থাকিলেও তাহা
ভয় মিশ্রিত ছিল! কিন্তু মায়ের সঙ্গে সম্বদ্ধ ছিল অন্তর্মপ। মাকে আমি
মোটেই ভয় করিতাম না। কেননা, আমি জানিতাম, আমি থাহা কলিব
তিনি তাহাতে সায় দিবেন। আমার প্রতি তাঁহার নির্কিচার স্নেহের
আতিশয্যের স্বযোগ লইয়া আমিও যথেষ্ট আবদার করিতাম। বাবা অপেক্ষা
মাকেই আমি বেশী চিনিতাম; মার সহিত আমার ঘনির্চতা ছিল বেশী।
যে কথা বাবাকে বলিতে পারিতাম না, তাহা অনায়াসে মাকে বলিতাম।
মা ছোটখাট ছিলেন এবং ফিট ফাট থাকিতেন। অল্পদিনের মধ্যেই লম্বায়
আমি মার প্রায় সমান হইয়া উঠিলাম এবং তাঁহাকে আমার সমকক্ষ
বলিয়াই মনে করিতাম। মায়ের রূপলাবণ্য, তাঁহার বালিকাস্কলভ ছোট
ছোট হাত পা আমি দেথিয়া মৃগ্ধ হইতাম। আমার মাতামহকুল
কাশ্মীর হইতে অপেক্ষাকৃত নবাগত, মাত্র ছই পুক্ষ পূর্মে তাঁহারা
জন্মভূমি হইতে আসিয়াছিলেন।

বালাকালে মনের কথা বলিবার আর একজন সদী ছিলেন। তিনি বাবার মুন্দী; মুন্দী মোবারক আলী। তিনি বদায়ুনের এক ধনী পরিবারের বংশধর। ১৮৫৭র বিদ্রোহে এই পরিবারের সর্বনাশ হয়। ইংরাজ সিপাহীরা এই পরিবারের অনেককেই সম্লে উৎসন্ন করিয়াছিল। সেই তুংথস্থতি তাঁহাকে ধীর গম্ভীর এবং সকলের প্রতি সদয় করিয়াছিল। বিশেষতঃ ছেলেপেলে তিনি বড় ভালবাসিতেন। যথনই আমি অন্থণী হইতাম অথবা বিপদে পড়িতাম, তথনই তাঁহার নিরাপদ আশ্রয়ে ছুটিয়া যাইতাম। তাঁহার স্কলর পক্ক শাল্ল দেখিয়া আমি মনে করিতাম, তিনি অতি প্রাচীনকালের লোক। তিনি অনেক প্রাচীনকাহিনী জানিতেন। আমি গল্প বলিবার জন্ম আবদার করিতাম। তিনি আরব্য উপন্যাস অথবা অন্যান্ম করিবাম। তিনি আরব্য উপন্যাস অথবা অন্যান্ম করিবাম। তিনি আরব্য উপন্যাস অথবা অন্যান্ম করিবাম। আমি ঘণ্টার পর ঘণ্টা অপলক নেত্রে সেই সকল আশ্রহ্য গল্প শুনিতাম। আমি ঘণ্টার পর ঘণ্টা অপলক নেত্রে সেই সকল আশ্রহ্য গল্প শুনিতাম। আমি যথেষ্ট বড় হইবার পর "মুন্সীজীর" মৃত্যু হয়, কিন্তু তাঁহার স্মৃতি বছম্ল্য সম্পদের মত এখনো আমার মনে উজ্জ্বল রহিয়ীছৈ।

অস্তঃপুরে মা ও জেঠীমাদের নিকট আমরা রামায়ণ ও মহাভাষ্ঠতের

#### ज ওহরলাল নেহর

অপূর্ব উপাধ্যান ওনিতাম, নন্দলাল নেহকর পত্নী, আমার জেঠীমা প্রাচীন পুরীম পু গল্পের ভাণ্ডার ছিলেন। তাঁহার নিকট ওনিয়া ওনিয়া আমি ভারতীয় পুরাণশান্ত এবং উপকথায় অনেক জ্ঞান লাভ করিয়াছিলাম।

ধর্ম সম্বন্ধে আমার ধারণা অত্যস্ক অস্পষ্ট ছিল। আমি উহা শ্বীলোকের ব্যাপার বলিয়া মনে করিতাম। বাবা এবং আমার জ্বেঠাত ভাইরা ইহা লইয়া ঠাট্টা তামাসা করিতেন এবং তৃচ্ছতাচ্ছিল্য করিতেন।

বাড়ীর মেয়েরা পাল পার্কণে ব্রত প্জাদির অফুষ্ঠান করিতেন। যদিও ঐগুলি আমার ভাল লাগিত তথাপি বয়স্কদের অফুকরণ করিয়া ঐগুলির প্রতি অবজ্ঞার ভাব দেখাইতে চেষ্টা করিতাম। প্রায়ই মা ও ক্ষেঠীমাদের সহিত গঙ্গালানে যাইতাম। তাঁহাদের সহিত এলাহাবাদ ও বারাণসীতে মন্দিরে দেবদর্শনও করিতাম। বিখ্যাত সাধু সন্ন্যাসীর দর্শনেও আমি তাঁহাদের সন্ধী হইতাম। কিন্তু এই সকল ঘটনা আমার চিত্তে বিশেষ রেখাপাত করে নাই।

ইহা ছাড়া বড় বড় উৎসবে আমোদ হইত। হোলীর দিনে সমগ্র নগরী উৎসব কোলাহলে মৃথরিত হইয়া উঠিত, আমরা রং ও আবীর ছিটাইয়া আনন্দ করিতাম। দেওয়ালীর রাত্রে গৃহে গৃহে সহস্র সহস্র ন্তিমিত-ভাক্তি মৃৎপ্রদীপ জলিয়া উঠিত। জন্মাষ্টমীতে কংস কারাগারে শ্রীক্রফের জন্ম উপক্ষেত্র মধ্যরাত্রে বিশেষ পূজার আয়োজন হইত (আমাদের পক্ষে ততক্ষণ জাগিয়া থাকা কঠিন হইত)। দশহরা ও রামলীলায় শ্রীরামচন্দ্রের লক্ষাবিজয় প্রভৃতি প্রাচীন কাহিনীর জীবস্ত চিত্র মৃক অভিনেতাগণ কর্তৃক অভিনীত হইত। বড় বড় মঞ্চের উপর সীতা রাম লক্ষণ প্রভৃতি থাকিত। সেইগুলি লইয়া শোভাষাত্রা হইত। বিশাল জনতা তাহা দেখিবার জন্ম সমবেত হইত। মহরমের দিন আমরা ছেলের দল রেশমী পোষাক পরিয়া স্ক্র্নুর আরবের হাসান হোসেনের তৃঃথম্বতি মণ্ডিত শোক্ষাত্রা দেখিতে যাইতাম। বৎসরে তৃইবার ঈদের সময় মৃশীজী উত্তম বসন পরিয়া জুম্মা-মসজিদে নামান্ত্র পড়িত ঘাইতেন। সেদিন তাঁহার বাড়ীতে আমরা বিবিধ মিষ্টায় ভোজন করিতাম। ইহার উপর হিন্দু-পঞ্জিকাম্বায়ী রক্ষবন্ধন ভাইফোটা প্রভৃতি ছোটখাট উৎসব হইত।

আমাদের এবং অন্তান্ত কাশ্মীরী পরিবারে আরো কজুকগুলি উৎসব হয়, যাহা এ স্থাঞ্চলের হিন্দুরা পালন করেন না। তার্ছার মধ্যে প্রধান হইল, নগুরোজ; সম্বং বংসরের প্রথম দিবস। এই বিশেষ দিবসে আমরা নববস্ত্র পরিষান করিতাম, বাড়ীর ছেলেপিলেরা ঐ দিন কিছু কিছু পয়সাও পাইত।

# বৈশবকাল

কিন্তু সমন্ত উৎসবের মধ্যে, আমার জন্মদিনের বাৎসরিক অফুঠানটিই আমার সর্বাধিক প্রিয় ছিল, এই উৎসবের নায়ক আমি স্বয়ং। এই দিন আমার আনন্দ ও উৎসাহের অন্ত থাকি না। অতি প্রত্যুধে এক বৃহৎ তুলাদণ্ডে গম ও অন্তান্ত প্রবা দিয়া আমাকে ওজন করা হইত; ঐগুলি দরিপ্রদের মধ্যে বিতরিত হইত। আমি উৎকৃষ্ট নব বসন ভ্রণণ সজ্জিত হইতাম, এবং অনেক উপথার পাইতাম। অপরাহে নিমন্ত্রণ সভা হইত। আমার জন্তুই এই উৎসব, এই গর্কে আমার বৃক্ ভরিয়া উঠিত। কিন্তু আমার বড় তৃংখ হইত, জনদিন মাত্র বংসারে একটি। যাহাতে ঘন দন আমার জন্মোংসব হয়, সেজন্ত আবদার করিতান। তথন ব্রিতাম না যে এমন দিন আসিবে যখন প্রত্যেকটি জন্মদিন ব্যোবৃদ্ধির অপ্রীতিকর বার্ত্তা অরণ করাইয়া দিবে।

আত্মীয় স্বন্ধন বা কোন বন্ধুজনের বিবাহে আমরা স্পরিবারে দ্রবর্ত্তী সহরে থাইতাম। এই এমণ বড় আনন্দের হইত। বিবাহোৎসবে ছেলেপেলেদের উপর শাসন শিথিল হইত। আমরা স্বাধীনভাবে বিচরণ করিতাম। "সাদিখানা"য় (নিমম্ব্রিত কুট্স্বদের আবাস স্থল) বহু পরিবারকে একত্র ভীড় করিয়া থাকিতে হইত; কাজেই অনেক ছেলেমেয়ের জটলা হইত। এই শ্রেণীর ঘটনায় আমি আর নিঃসঙ্গতা বোধ করিতাম না। প্রাণ ভরিয়া থেলাধ্লা ও উপদ্রব করিতাম। অশাস্থপনার জন্ম জ্যেষ্ঠরা কচিৎ ধমকও দিতেন।

ধনী দরিত্র নির্বিশেষে আমাদের দেশে বিবাহব্যাপারে অপব্যয় ও অতিরিক্ত জাঁকজমক হইয়া থাকে। ইহা নিন্দার্হ সন্দেহ নাই। অপব্যয় ছাড়াও এমন কতকগুলি অহুষ্ঠান হয়, যাহা অত্যন্ত ফুলক্ষচির পরিচায়ক। ইহার মধ্যে না আছে সৌন্দর্য্যবোধ না আছে ক্ষচির উৎকর্ষতা (ব্যতিক্রমপ্ত যে নাই তাহা নহে), কিন্তু ইহার জন্ম প্রধান অপরাধী, মধ্য শ্রেণীর ভক্ত লোক। অবশ্য দরিত্ররাও অপব্যয়ী, এমন কি ঋণ করিয়াও অপব্যয় করিয়া থাকে। কেহ কেহ বলিয়া থাকেন, সামাজিক প্রথা নিয়মের জন্মই জনসাধারণ দরিত্র। ইহার চেয়ে অযৌক্তিক কথা আর কিছু নাই। ইহারা ভুলিয়া যান, দরিত্রের জীবন্যাত্রা বিরস ও বৈচিত্রাহীন। ক্যাচিৎ একটি বিবাহোংসবে সঙ্গীত ও ভোজের ধুমধাম হয়; ইহা তাহাদের অবিরক্ত ক্লমহীন শ্রমের মধ্যে ত্লত্তের ত্থে-বিশ্বতি। প্রাত্যহিক জীবনের নিরানন্দ একঘেয়েমী হইতে একটু আনন্দের অবকাশ। যাহান্দের জীবনে হাসিবার অবসর অতি অল্প্রই মিলে, কে এমন নিষ্ট্র যে তাহাদিগকে এই সামান্ত আনন্দ হইতে বঞ্চিত করিবে? অপব্যয়

#### ज अर्जनांन जिस्क

নিবারণ কর, রুথা জাঁকজমক কমাইয়া দাও (দরিদ্রের অভাব-অনটনপূর্ধ কুল্র আয়োজন সম্বন্ধে ঐ সকল বড় বড় শব্দ প্রয়োগ করা নির্ব্যন্ধিতামাত্র), কিন্তু তাহাদের জীবনকে অধিকতর নীরস ও আনন্দহীন করিও না।

মধ্যশ্রেণীর স্থপক্ষেও বলিবার আছে। অপচয় অপবায় ছাড়িয়া দিলে এই সকল বিবাহ রহং সামাজিক সন্মেলন। এথানে বহু দিবসের ব্যবধানে দ্রসম্পর্কীয় আত্মীয় ও পুরাতন বন্ধুদের মিলন হয়। এরপ সকলের একত্রে মিলন অন্যত্ত সহজ নহে। এই জন্মই বিবাহে মিলনোংসব এত জনপ্রিয়। সামাজিক সম্মেলন হিসাবে আধুনিক রাজনৈতিক সম্মেলন, কংগ্রেস, কন্ফাবেন্স অবশ্য কোন কোন দিক দিয়া বিবাহের মিলনোংসবকে ছাড়াইয়া গিয়াছে।

ভারতে বিশেষতঃ উত্তর ভারতে অন্যান্ত অপেক্ষা কাশ্মীরীদের একটি বিশেষ স্থবিধা আছে। তাঁহারা নিজেদের মধ্যে পর্দাপ্রথা মানেন না। ভারতের সমতল ক্ষেত্রে নামিয়া অ-কাশ্মীরী অথবা অন্যান্তর সক্ষে ব্যবহারকালে তাঁহাদিগকে অংশত পর্দাপ্রথা গ্রহণ করিতে হইয়াছে বটে। কেননা যে অঞ্চলে আসিয়া অধিকাংশ কাশ্মীরী বাস করিতেছিলেন, সেখানে পদ্দাপ্রথা সমাজিক মর্ধ্যাদা ও আভিজ্ঞাতা বলিয়া বিবেচিত হইত। কিন্তু নিজেদের মধ্যে প্রীপুক্ষরে অবাধ মেলামেশার কোন বাধাই ছিল না। যে কোন কাশ্মীরী অপর কাশ্মীরীর অন্তঃপ্রে গিয়া পুরমহিলাদের সহিত শিষ্টালাপ ইত্যাদি করিতে পারেন। ভোজ সভায় বা অন্যান্ত অমুষ্ঠানে স্ত্রীপুক্ষর একত্রে আহারাদি করেন। কেবল মেয়েদের বসিবার আসন স্বত্ত্র থাকে। বালকবালিকাদের মধ্যে সে রক্ম পার্থক্য করা হয় না। তবে আধুনিক পাশ্চাতা দেশে বাধীনতা বলিতে ঘাহা ব্রুষায় ইহা তাহা নহে।

এমনি ভাবেই আমার বালাজীবন কাটিয়াছে। আমাদের বৃহং পরিবার—
মাঝে মাঝে পারিবারিক কলহ হইত। যথন এই শ্রেণীর কলহে বাড়াবাড়ি
হইত, তথন তাহা পিতার কানে উঠিত। তিনি কুদ্ধ ও বিরক্ত হইয়া
ভাবিতেন, ত্বীলোকদের নির্ক্ দ্বিতার জন্মই এইরপ ঘটিয়া থাকে। আসলে
কি ঘটিয়াছে আমি কিছুই বৃঝিতাম না। ভাবিতাম, নিশ্চয়ই এমন
কিছু অন্যায় ঘটিয়াছে, যাহার জন্ম পরস্পারের প্রতি কটুবাকা প্রয়োগ
অথবা কথাবার্ত্তা বন্ধ হইয়াছে। আমি ইহাতে অত্যন্ত অন্থবী বোধ
করিতাম। কিন্তু যথন পিতা হস্তক্ষেপ করিতেন তথন সব ঠিক হইয়া যাইত।

এই সময়ের একটি কৃত্র ঘটনা শ্বরণ আছে। তথন আমার বয়স সাত কি আট বংসর। এলাহাবাদের অখারোহী সৈম্মদলের একজন

#### থিয়োজকি

সোমারের সহিত আমি প্রতাহ অশারোহণে প্রমণ করিতে যাইতাম।
আমার একটি আরবী টাটুঘোড়া ছিল। একদিন সন্ধাবেলা আমি
ঘোড়া হইতে পড়িয়া গিয়াছিলাম। ঘোড়া দৌড়াইয়া সোজা বাড়ীতে
উপস্থিত—তাহার পৃষ্ঠে আমি নাই। পিল। তথন বন্ধুদের লইয়া টেনিস্
খেলিতেছিলেন। শৃষ্ঠ ঘোড়া দেখিয়া একটা আতক্রের সঞ্চার হইল।
পিতা সদলবলে বিভিন্ন যানবাহনে একটা ছোট্ঝাট শোভাষাত্রা করিয়া
আমাকে খুজিতে বাহির হইলেন। পথেই আমার সহিত সাক্ষাৎ হইল;
আমি যেন যুদ্ধ জয় করিয়া ফিরিতেছি, এমন ভাবে তাঁহারা আমাকে
সমাদর করিলেন।

૭

# থিয়োজফি

আমার দশ বংসর বয়সে, আমরা আমাদের ন্তন ও বৃহং বাড়ীতে উঠিয়া আসিলাম। বাবা এই বাড়ীর নাম রাখিলেন, "আনন্দভবন।" এই বাড়ীতে বৃহৎ উদ্যান এবং সাঁতার কাটিবার একটি জলাশয় ছিল। ন্তন বাড়ীতে আসিয়া আমার কি আনন্দ। তথনও ন্তন বাড়ী তৈয়ার চলিতেছিল, চারিদিকে খননকার্য ও নির্মাণকার্য্যের কলরবুন। রাজ্যজুরদের কাজকর্ম দেখিতে আমার বড় ভাল লাগিত।

সাঁতার দিবার জলাশয়টি বেশ বড় রকমের। অয়দিনের মধ্যেই আমি
সাঁতার শিথিলাম এবং জলে ডুবিয়া ভাসিয়া বড় আমোদ পাইতাম।
গ্রীয়্মকালে দীর্ঘদিবসে যথন তথন দিনে কয়েকবার করিয়া স্নান করিতাম।
অপরাহে বাবার বয়ুয়া স্নান করিতে আসিতেন। জলাশয়ের উপর এবং
আমাদের বাড়ীতে বিজলি বাতি জলিত। তথনকার এলাহাবাদে এ
এক নৃতন বাাপার। এই স্নানাথীদের দলে মিশিয়া স্নান করা, ধাহারা
সাঁতার জানিতেন না তাঁহাদের অতর্কিতে টানিয়া অথবা ধাকা দিয়া ভয়
দেখান, একটা উপভোগ্য ব্যাপার ছিল। আমার বিশেষভাবে মনে আছে,
তথন ডাা তেজ বাহাত্র সঞ্চ এলাহাবাদের নৃতন উকীল। তিনি সাঁতার
জানিতেন না, শিথিবার কোন ইচ্ছাও ছিল না। তিনি প্রথম সোপানের

#### जंश्यकांन जिस्क

আখহাত জলে বসিতেন, কিছুতেই দ্বিতীয় সোপানে পর্যাপ্ত নামিতে চাহিতেন না, কেহ টানাটানি করিলে উচ্চৈঃস্বরে চীংকার করিতেন। পিতাও সাঁতার জানিতেন না। তবে তিনি দাঁতে দাঁত চাপিয়া অতি কটে কোমরজল পর্যাপ্ত যাইতেন।

এই সময় বুয়োর যুদ্ধ চলিতেছিল। আমি আগ্রহ সহকারে যুদ্ধের বিষয় ভানিতাম, এবং আমার পহাহুভূতি ছিল বুয়োরদের দিকে। যুদ্ধের সংবাদ জানিবার আগ্রহে এই সময় আমি সংবাদপত্র পাঠ করিতে আরম্ভ করি।

এই সময় আমার কনিষ্ঠা ভগ্নীর জন্ম আমার নিকট একটা নৃতন আকর্ষণের বিষয় হইল। সকলেরই ভাই বোন আছে, আমার নাই, এই ক্ষোভ আমার মনকে পীড়া দিত। একটি ছোটু ভাই কিম্বা ভগ্নীর আগমন সম্ভাবনায় আমার মনের ভার লঘু হইয়া গেল। পিতা তথন ইউরোপে। আমার মনে আছে; সংবাদের জন্ম অধীরভাবে বারান্দায় অপেক্ষা করিতেছি, এমন সময় ডাক্তারদের মধ্যে একজন বাহির হইয়া বলিলেন, হয়তো ঠাট্টা করিয়াই বলিলেন, তোমার পক্ষে আনন্দের সংবাদ, পিতার বিষয়ে ভাগ বসাইবার জন্ম পুত্র সম্ভান হয় নাই। এমন নীচ স্বার্থপরতা আমি অন্তরে পোষণ করি, এমন কথা কেহ কল্পনা করিতে পারে, এই কথা ভাবিয়া আমার মন তিক্ত ও ক্রুদ্ধ হইয়া উঠিল।

পিতার বিলাত্যাত্রা লইয়া ভারতের কাশ্মীরী ব্রাহ্মণ-সমাজে তুম্প কোলাহল উঠিল। বিলাত হইতে ফিরিয়া পিতা প্রায়ণিত্ত করিছে অধীকার করিলেন। কয়েক বংসর পূর্বে কংগ্রেসের অক্ততম সভাপতি এবং কাশ্মীরী ব্রাহ্মণ পিত্তিত বিষণ নারায়ণ দার আইন পড়িবার জক্ত বিলাতে গিয়াছিলেন। ফিরিয়া আসিয়া তিনি প্রায়ণিত্ত করা সন্তেও সমাজের গোঁড়ারা তাঁহার সহিত সামাজিক ব্যবহার করেন নাই, তাঁহাকে 'এক ঘরে' করিয়াছিলেন। এই ঘটনায় কাশ্মীরী ব্রাহ্মণ সমাজ কম বেশী ছই ভাগে বিভক্ত হয়, পরে অনেক শিক্ষার্থী কাশ্মীরী যুবক ইয়োরোপ হইতে ফিরিয়া আসিয়া নামমাত্র প্রায়শিত্ত করিয়া সংস্কারক দলে বোগ দিয়াছিলেন। এই অমুদ্ধান একটা প্রহসন মাত্র, ইহার সহিত ধর্মের কোন সম্বন্ধ ছিল না। ইহা সমাজের সমষ্টির অভিপ্রায়ের বাহ্ম আহুগতা শ্বীকার মাত্র। প্রায়শিত্তর পর প্রত্যেকেই কোন বাঁধাবাধি মানিতেন না, স্বছ্মেক অব্যাহ্মণ এবং অ-হিন্দুদের সহিত মিলিয়া মিশিয়া থান্ত পানীয় গ্রহণ করিতেন।

পিতা তাহাও করিলেন না। লোক দেখান তথাক্**থিত গুদ্ধি প্রায়শ্চিত্ত** করিতে তিনি একেবারেই **অস্বীকার করিলেন। পিতার এই অবজাপূর্ণ** 

#### থিয়োজকি

মনোভাব লইয়া তুমুল আলোচনা চলিল এবং অবশেষে একদল কাশ্মীরী পিতার পক্ষ অবলম্বন করায় তৃতীয় দল গঠিত হইল : অবশু কয়েক বংসরের মধ্যেই পুরাতন বাঁধাবাঁধি শিথিল হওয়ার সতে সতে এই তিনদল পরস্পরের সহিত মিশিয়া গেল। বহু কাশ্মীরী ছাত্র-চাত্রী ইয়োরোপ ও আমেরিকার শিক্ষা লাভ করিয়া ফিরিয়াছেন, প্রায়শ্চিত্তের প্রশ্নও কাহারও মনে উদিত হয় নাই। মৃষ্টিমেয় গোঁড়া বিশেষভাবে প্রাতীনা অহিলাগণ ব্যতীত, খাওয়া ना खरात वां धावां धि नारे विनात है है । य-का भीती, मूननमान, य-ভात्र छीत्र সকলের সহিতই একত্র ভোজন সচরাচর চলিয়া থাকে। কাশ্মীরী মহিলারা অক্তান্ত সম্প্রদায়ের সম্মুখেও পদা-প্রথা সম্পূর্ণরূপে বর্জন করিয়াছেন; ১৯৩-এর রাজনৈতিক আলোড়নে পদা প্রথা নিংশেষে বিলুপ্ত হুইয়াছে। অসবর্ণ বিবাহ জনপ্রিয় না হইলেও ক্রমশঃ বাড়িতেছে। আমার ছুই ভগ্নীর বিবাহ অ-কাশ্মীরীর দহিতই হইয়াছে এবং আমাদের পরিবারের একজন যবক একটি হুসারীয় তরুণীকে বিবাহ করিয়াছেন। সম্প্রদায় হিসাবে এই বিশাল দেশে আমাদের সংখ্যা অতি কম। ধর্মের বাধা অপেকা সম্প্রদায়ের বৈশিষ্ট্য রক্ষার আগ্রহই অসবর্ণ বিবাহের কান্মীরীরা অনেকে তাঁহাদের আন্ধৃতির আর্যান্থলভ বৈশিষ্ট্য রক্ষার পক্ষপাতী। ভারতীয় ও অ-ভারতীয় মানব সমূত্রে মিলিয়া যাইবার ভয়ে তাঁহারা নিজেদের অস্তিত্ব রক্ষার জন্ম সর্ব্বদাই সচেতন।

কাশ্মীরী রাহ্মণদের মধ্যে, প্রায় শতবর্ষ পূর্ব্বে সম্ভবতঃ মির্জ্জা মোহনলাল কাশ্মীরীই (নিজের দত্ত উপাধি) প্রথম পাশ্চাত্য দেশে গমন করিয়াছিলেন। তিনি দিল্লী মিশন কলেজের ছাত্র। যৌবনে তিনি বৃদ্ধিমান ও প্রিয়দর্শন ছিলেন। পাশী-দোভাষী রূপে তিনি ব্রিটিশ মিশনের সহিত কাবুলে যান। তিনি মধ্য এশিয়া ও পারস্তের বল স্থল ভ্রমণ করিয়াছিলেন। তিনি যেখানেই যাইতেন, যোগাড়যন্ত্র করিয়া একটি বিবাহ করিতেন। সাধারণতঃ অভিজ্ঞাত পরিবারের কন্যাই তিনি বিবাহ করিতেন। অবশেষে তিনি মুসলমান ধর্ম গ্রহণ করিয়া পারস্থ রাজপরিবারের এক যুবতীকে বিবাহ করেন। এই জন্মই তাঁহার উপাধি 'মির্জ্জা'। তিনি ইয়োরোপও ভ্রমণ করিয়াছিলেন। ইংলণ্ডের তরুণী রাণী ভিক্টোরিয়ার সহিত সাক্ষাতের স্থ্যোগ পাইয়াছিলেন। তিনি তাঁহার ভ্রমণ কাহিনী মনোরম ভাষায় লিখিয়া গিয়াছেন।

এগার বংসর বয়সের সময় ফার্ডিনান্দ, টি, ব্রুক্স আমার নৃতন
গৃহশিক্ষক নিযুক্ত হইলেন। ইহার পিডা আইরিশ, মাতা ফরাসী কি
বেলজিয়ান ছিলেন। ইনি একজন উৎসাহী থিয়োজফিট, এবং মিসেস্

# च अर्जनांग (मर्ज

থানি বেশান্ত ইহার জন্ম শিতার নিকট স্থপারিশ করিয়াছিলেন। তিনি প্রায় তিন বংসর ছিলেন এবং নানাদিক দিয়া আমার উপর প্রভাব বিভার করিয়াছিলেন। এই সময় হিন্দী ও সংষ্কৃত পড়াইবার জন্ম একজন জেইনিল ক্রমাছিলেন। এই সময় হিন্দী ও সংষ্কৃত পড়াইবার জন্ম একজন জেইনিল ক্রমার শিক্ষক ছিলেন। কিন্তু করেক বংসর্বেশ্ব চেটার তিনি আমাকে অতি সামান্ত সংস্কৃতও শিথাইতে সক্ষম হইলেন না। পরবর্তীকালে হারোতে যতটুকু লাটিন ভাষা পড়িয়াছিলাম, আমার সংস্কৃত বিভা তাহার অধিক নহে। দোব অবশ্র আমারই। নৃতন ভাষা শিথিবার নিপুণতা আমার নাই, আর ব্যাকরণে কিছুতেই আমার মন বসিত না।

এফ, টি, ক্রক্স্ আমার মনে পাঠস্পৃহা জাগাইয়া তুলিলেন। এই কালে
অনিয়মিতভাবে বহু ইংরাজী বই আমি পড়িয়াছি। শিশু সাহিত্যে আমার
বেশ দখল ছিল। 'দি জাকল বৃক' 'কিম' এবং লুইস ক্যারোলের বইগুলি
আমার বড় প্রিয় ছিল। গুন্তাভ ডোরের সচিত্র "ডন কুইক্সট" পড়িয়া
আমি মৃয় হইতাম। ফ্রিডিয়ফ স্থানসানের "ফারদেই নর্থ" এক মজ্জাত
রহস্তময় দেশে ভ্রমণস্পৃহা আমার চিত্তে বলবতী করিয়া তুলিত। ফ্রট,
ডিকেন্স, থাাকারে, এইচ, জি ওয়েল্সের উপন্থাস, মার্ক টোয়েন এবং
শার্লক হোমসের গল্প অনেক পড়িয়াছি। "প্রিজনার অফ্ জেন্দা" পড়িয়া
আমি রোমাঞ্চিত হইতাম। জেরোম কে জেরোমের "খি মেন ইন এ
বোট" আমার নিকট তথন সর্বপ্রেষ্ঠ রঙ্গরসের প্রক্ত ছিল। আর একখানা
বইএর কথা মনে আছে, ছা মোরিয়ারের "ট্রিল্বি", এবং "পিটার
স্ইবেটসন।" এই সময় কবিতার প্রতিও আমার অহুরাগ হয়। বছ বিচিত্ত্ব
পরিবর্ত্তনের মধ্যেও অদ্যাবধি এই অহুরাগ আমি হারাই নাই।

ক্রক্স, আমার বিজ্ঞান শিক্ষারও প্রথম পথপ্রদর্শক। **আমরা একটি** ছোট্ট 'লেবরেটারি' করিয়াছিলাম। সেইখানে ঘণ্টার পর ঘণ্টা আমি পদার্থবিজ্ঞান ও রসায়ণের অনেক প্রাথমিক পরীক্ষাকার্য্যে রস্ত থাকিতাম।

সাধারণ লেখাণড়া ছাড়াও ক্রকদের প্রভাবে আমি থিয়োক্ষির প্রতি আকৃষ্ট হইলাম। কিছুকাল এই আকর্ষণ অত্যন্ত প্রবল ছিল। তাঁহার কল্ফে থিয়োক্ষাইদের সাপ্রাহিক বৈঠকে আমিও উপস্থিত থাকিতাম এবং ক্রমে থিয়োক্ষাফর কতকগুলি বাঁধাবুলি এবং ভাব আয়ন্ত করিলাম। সেখানে দার্শনিক আলোচনা ও পুনর্জন্ম, সন্ম দেহ, অপরীরী প্রাণী, আত্মার স্ক্ষেজাতি: প্রভৃতি আলোচনা হইত। প্রসঙ্গতঃ মাদাম রাভাকী ও অন্তান্ত থিয়োক্ষিইদের বড় বড় বইএর কথা তো উঠিতই, ভাহা ছাড়া হিনুশান্ত্র, বৌদ্ধদের 'ধন্মপদ' 'পিথাগোরাস' টায়নার এপোলিয়নস্ ও অন্তান্ত

# Rusiefs

দানিক ও মহাত্মার বিষয় তালোচনা হইত। তামি অতি অন্নই ব্রিডাম, কিছু অতীক্রিয় রহজের মোহে মৃত্ত হইয়া ভারিতাম, স্টের সমন্ত রহস্ত এই উপায়েই জানা যাইবে। জীবনে এই প্রথম আমি ধর্ম ও পর্যলোক সহতে সচেতনভাবে চিন্তা করিতে কাণিগাম। বিশেষভাবে হিন্দ্ধমের প্রতি আমার প্রহা বাড়িয়া পেল। আচার অস্টানের জন্ত নহে—মহান উপনিষদ ও ভগবদসীতার জন্ত; অবক্র আমি উহা ব্রিতে পারিতাম না, তথাপি উহা অপূর্ব বলিয়া মনে হইত। আমি তথ্য জ্যোতির্ময় দেহধারীদের দেখিতাম, নিজেও দ্র দ্রান্তরে উড়িতাম। আকাশে উড়িবার (কোন বরের সাহায্য বাতীত) তথ্য আমি আজীবন প্রান্তই দেখিয়া থাকি। মাবে মাবে এই তথ্য এত স্পেট ও বাতব বলিয়া মনে হয় যে, আমি নিমে ধরণীর বিশাল বিভারে প্রত্যেকটি বস্তু স্পষ্ট দেখিতে পাই। আমি আনি না আধুনিককালের ক্রয়েত ও অভ্যান্ত অপ্ল-ব্যাখ্যাতারা ইহার কি ব্যাখ্যা করিবেন।

এই সময় মিসেস আনি दেশান্ত এলাহাবাদে আসিয়া থিয়োজফি সম্বন্ধে করেকটি বক্তৃতা করেন। তাঁহার বাগ্মিতায় আমার অস্তর গভীর ভাবে মালোড়িত হইত, আমি স্বপ্লাবিষ্টের মত গৃহে ফিরিভাম। আমি থিয়োজফিক্যাল সোসাইটিতে যোগদানের সমন্ত্র করিলাম। তখন আমার বয়স মাত্র তের বংসর। যথন পিতার অভুমতি প্রার্থনা করিলাম, তিনি হাসিয়া সমতি দিলেন। মনে হইল, ব্যাপারটিকে তিনি মোটেই গুরুতর বলিয়া মনে করিলেন না। তাঁহার তুচ্ছতান্ধিলো আমি একটু ৰাখিত हरेनाम । **आमात भाक्क छिनि ज्यानक पिक निशा नहान** हरेरान्छ আধ্যাত্মিক অনুরাগের অভাব দেথিয়া ছ:খিত হইলাম। কিন্তু কার্য্যতঃ তিনি একজন পুরাতন থিয়োজ্ঞফিষ্ট এবং যথন মাদাম ব্লাভান্ধি ভারতে আসিয়াছিলেন তথনই তিনি উক্ত সমিতিতে যোগদান করেন। ধর্মামুরাগ অপেকা কৌতুহলবশেই তিনি উহাতে যোগদান করিয়াছিলেন এবং অল্পদিনেই থিয়োজফির সংশ্রব ত্যাগ করেন। কিন্তু তাঁহার অভাত বন্ধুরা, যাহারা তাঁহার সহিত ্যোগ দিয়াছিলেন, তাঁহারা উহার সহিত সমিতির উপদেশকমগুলীতে বিশিষ্ট স্থান অধিকার যুক্ত থাকিয়া कतिशाष्ट्रिलन ।

তের বংসর বয়সে আমি থিয়োজফিক্যাল সোসাইটির সভ্য হইলাম। স্বয়ং মিসেস বেশান্ত আমাকে দীকা দিলেন। তিনি কতকগুলি ভাল ভাল উপদেশ দিলেন এবং কয়েকটি রহস্তময় মুদ্রা শিথাইয়া দিলেন। আমি এক অপূর্ব ভাৰাবেগ অফুভব করিলাম। আমি কাশীতে থিয়োজফি সম্মেলনে যোগদান

# WOUNTIN CHES

করিয়াছিলাম এবং শাল্লন বদন কর্ণেল অলকটকে বেখিয়াছিলাম। জিশ বংলার পর, বাল্যকাল সহছে সৃষ্টিক ধারণা করা কঠিব। আমার স্পষ্ট মনে আছে, থিয়োজফি অনুপ্রাণিত হইয়া আমার চোধে মুখে একটা নিরীহ ও নিজ্জেল ভাব দেখা দিল। ধার্মিকদের মধ্যে থিয়োজফিট নরনারীদের মধ্যে ইহা সচরাচর দেখা যায়। আমি একজন বিশিষ্ট ধর্মসাধক, এই ধারণায় সর্কাল ভগ্মগ হইয়া থাকিতাম। আমার ভাবভালী দেখিয়া সমবয়সী ছেলে মেরেরা আমার সহিত মিশিতে চাহিত না।

ইহার কিছুদিন পরেই এফ, টি, ক্রকস্ আমাকে ছাড়িয়া গেলেন, থিয়োজন্দির সহিত আমার সম্পর্কও ফুরাইল। অতি অল্প সময়ের মধ্যে (ইংলণ্ডে ফুলে যোগ দেওয়ার জন্মও বটে) আমার জীবন হইতে থিয়োজন্দির ছাপ একেবারেই মৃছিয়া গেল। তথাপি এই কয় বংসরে আমি ক্রকসের প্রতি গভীর ভাবে আরুই ছিলাম এবং তাঁহার ও থিয়োজন্দির নিকট আমি ঋণী, তাহাতে সম্পেহ নাই। আমি সক্ষোচের সহিত বলিব, পরে থিয়োজন্দিইদের প্রতি আমার শ্রন্ধা কমিয়া গেল। আমি দেখিলাম, তাঁহারা অতি সাধারণ নর্মারী মাত্র, কোন মহং আদর্শ সাধ্যরের জন্ম চিহ্নিত নহেন। তাঁহারাও বিপদের পরিবর্গ্তে আরাম চাহেন; আত্মোংসর্গকারীর বিশ্ববৃহ্ল জীবন অপেকা নিরাপদ জীবনই তাঁহাদের কাম্য। কিন্তু মিসেস বেশান্তের প্রতি আমার শ্রন্ধা বরাবর অক্ষয় ছিল।

ইহার পরেই রুশ-জাপান যুদ্ধ আমার জীবনে একটা শ্বরণীয় ঘটনা।
"জাপানের জ্বর লাভে আমি উৎসাহিত হইরা উঠিলাম। প্রত্যহ আগ্রহ
সহকারে নৃতন সংবাদের জন্ম সংবাদপত্তের অপেক্ষা করিতাম। আমি
জাপান সম্বন্ধে কতকগুলি বই কিনিয়া আনিলাম, কিছু কিছু পড়িলামও।
জাপানের ইতিহাসের গহনে পথ হারাইলেও আমার প্রাচীন বীরত্বের কাহিনী
এবং লাফ্কাদিও হার্ণের মনোহর বর্ণনাভন্ধী ভাল লাগিত।

জাতীয়তার ভাবধারায় আমি অন্ধ্রাণিত হইলাম। ভারতবর্ষের স্বাধীনতা, ইয়োর্বোপের অধীনতা পাশ হইতে এশিয়ার মুক্তি লইয়া জল্পনা কল্পনা করিতাম। তরবারী হত্তে ভারতের স্বাধীনতার জন্ম যুদ্ধ করিতেছি, এই কল্পনা করিয়া আমি হুঃসাহসিক বীরত্বের স্বপ্ন দেখিতাম।

আমি চতুর্দশবর্ষে উত্তীর্ণ হইলাম। স্মামাদের পারিবারিক জীবনে অনেক পরিবর্ত্তন ঘটিতে লাগিল। আমার বড় ভাই-এরা উপার্জ্জনক্ষম হইয়া পৃথক বাটি নির্মাণ করিয়া বাস করিতে লাগিলেন। নৃতন চিন্তা, নানা অস্পষ্ট কামনা আমার মনে ভাসিয়া উঠিতে লাগিল। এবং মেয়েদের প্রতি আমি বিশেষ আকর্ষণ বোধ করিতে লাগিলাম। কিন্তু তথনও আমি মেয়ে অপেকা

# सारता ७ दकम्बिश

ছেলেদের সহিত বেলাধ্লাই ভালবাসিতান; মেয়েদের দলে মেশা আত্মমর্যাদার দিক দিয়া অসুচিত মনে করিতান। কিন্তু কাশ্মীরী নিয়ন্ত্রণ সভাদ বা অন্তর্জ বেখানে স্থলারী বালিকার অসম্ভাব হইড না, সেখানে একটি দৃষ্টি বা একট্ স্পর্শে আমার চিত্ত পুলকে চঞ্চল হইয়া উঠিত।

১৯০৫ সালের মে মাসে প্রর বংসর বয়সে আমি, পিতামাকা ও আমার শিশু ভগ্নীসহ ইংলও যাতা করিলাম।

8

# হারো ও কেম্বিজ

মে মাসের শেষভাগে একদিন আমরা লগুনে পৌছিলাম। ছোভার 
ইইতে আসিবার সময় টেনে, স্থানিমায় জলযুদ্ধে জাপানের জয়লাভের কাহিনী
পাঠ করিলাম। আমার মন অত্যস্ত প্রসন্ন ছিল। পরদিন আমরা ভার্কির
ঘোড়দৌড় দেখিয়া আসিলাম। লগুনে আসিবার কয়েকদিন পরই ডাঃ এম, এ
আনসারীর সহিত দেখা ইইল। তখন তিনি যুবক, বেশ ফিট ফাট ও
বৃদ্ধিমান। ক্বতিথের সহিত কয়েকটি পরীক্ষায় পাশ করিয়া তিনি তখন
লগুনের এক হাসপাতালে "হাউস সাজ্কনের" কার্য্য করিতেছিলেন।

আমার সৌভাগ্য, হারো-স্থলে একটি জায়গা খালি ছিল বলিয়া ভর্ত্তি হইতে পারিলাম। কেননা, আমার বয়স তখন পনর, স্থলের নিয়মান্থসারে ভর্ত্তি হইবার নির্দিষ্ট বয়স অপেক্ষা একটু বেশী। বাবা অক্সান্ত সকলকে লইয়া ইয়োরোপ ভ্রমণে চলিয়া গেলেন এবং কয়েক মাস পরে ভারতে প্রত্যাবর্ত্তন করিলেন।

জীবনে কখনও একাকী এমন অপরিচিতদের মধ্যে বাস করি নাই।
নিজেকে বড় নিংসক বোধ হইতে লাগিল, বাড়ীর কথা বেশী করিয়া মনে
পড়িল। কিন্তু এ ভাব বেশী দিন রহিল না। বিভালয়ের জীবনধাত্রা,
পড়ান্তনা ও ক্রীড়াকোতৃকের মধ্যে নিজেকে থাপ থাওয়াইয়া লইলাম। কিন্তু
তবু ঠিক যেন মিলিল না। সর্ব্বদাই মনে হইত, আমি ইহাদের মত নহি;
তাহারাও আমার সম্বন্ধে হয়তো তাহাই মনে করিত। কাজেই আমাকে
অনেক্টা একা থাকিতে হইত। কিন্তু মোটাম্টি আমি উৎসাহের সহিত

### जंखरत्नान (नर्क

খেলাধুলায় যোগ দিতাম। যদিও বিশেষ কোন ক্রীড়ানৈপুণা আমার ছিল লা, তথাপি সকলে ব্রিত, আমি সহজে হটিবার পাত্র নহি।

ভাল লাটন জানিতাম না বলিয়া আমাকে প্রথমে নিয়শ্রেণীতে যোগ দিতে

ইইয়াছিল। কিন্তু অল্পকালের মধ্যেই আমি উপরের শ্রেণীতে উরীত

ইইলাম। সম্ভবতঃ অনেক বিষয়ে বিশেষতঃ সাধারণ জ্ঞানে, আমার বয়সের

তুলনায় আমি অধিক দ্র অগ্রসর হইয়াছিলাম। আমার জ্ঞানাম্মেণের
পরিধি ছিল অধিকতর বিস্তীর্ণ এবং আমি অক্যান্ত সহপাঠিগণ অপেক্ষা

অধিক পৃস্তক ও সংবাদপত্রাদি পাঠ করিতাম। পিতার নিকট পত্রে

আমি লিখিতাম, অধিকাংশ ইংরাজ বালকই এত অজ্ঞ যে, খেলাধ্লা

ছাড়া অন্ত বিষয়ে আলাপ করিতে জানে না। ইহার বাতিক্রমও অবশ্ত ছিল,
উপরের শ্রেণীতে উঠিয়া তাহা ব্রিয়াছিলাম।

আমার থতদ্র শ্বরণ হয়, ১৯০৫ এর শেষ ভাগে ইংলণ্ডে সাধারণ নির্বাচন ব্যাপারে আমি কৌতৃহলী হইয়াছিলাম। সেবার উদারনৈতিক দলের জয় হয়। ১৯০৬ এর প্রারম্ভে একদিন শিক্ষক মহাশয় নৃতন গবর্ণমেণ্ট সম্বন্ধে কৃতকগুলি প্রশ্ন করিলেন। তিনি দেখিয়া বিশ্বিত হইলেন, ছাত্রদের মধ্যে কেবলমাত্র আমিই ঐ বিষয়ের খুঁটিনাটি সংবাদ রাখি। আমি তাঁহাকে ক্যাম্বেল ব্যানারম্যান মন্ত্রীসভার প্রত্যেকের নাম বলিয়াছিলাম।

রাজনীতি ছাড়া আর একটি বিষয়ে আমি আরুষ্ট হইলাম। সে হইল বিমান-বিছার ক্রমোন্নতি। তথনকার দিনে রাইট লাভ্ছয় এবং সাস্তোস ছার্মো। (পরে ফারম্যান, ল্যাথাম ব্লেরিয়ো) খ্যাতিমান হইয়াছেন। উৎসাহের আতিশয়ে ছারো হইতে পিতার নিকট একপত্রে লিথিয়াছিলাম যে শীম্রই আমি প্রতি সপ্তাহের শেষে বিমানযোগে ভারতে ঘুরিয়া আসিতে পারিব।

আমার সময়ে ছ্যারোতে ৪।৫ জন ভারতীয় ছাত্র ছিল। তাহারা অক্ত
ছাজারাসে থাকিত, তাহাদের সহিত কলাচিং দেখা হইত। আমাদের
বাড়ীতে (প্রধান শিক্ষক মহাশয়ের) বরোদার গাইকোয়াড়ের এক পুত্র
ছিলেন। তিনি বয়সে আমার চেয়ে অনেক বড় ছিলেন। ভাল ক্রিকেট
খেলিতে পারিতেন বলিয়া তিনি সকলের প্রিয় ছিলেন। আমি আসিবার
অক্সকালের মধ্যেই তিনি চলিয়া যান। তারপর আসিল কাপুরথালার
মহারাজার জ্যেষ্ঠ পুত্র পরমজিং সিংহ (বর্ত্তমানে যুবরাজ)। বেচারা
যেন জলের মাছ ভালায় পড়িয়াছে, সর্ব্বদাই সে অসম্ভই, ছেলেদের
সহিত মোটেই মেলামেশা করিতে পারিত না। ছেলেরাও তাহার
পিছনে লাগিত এবং তাহার ভাবভলীর অত্বকরণ করিয়া ভেক্সচাইত।
সে ক্রেপিয়া গিয়া ধৈর্য হারাইত এবং বলিত তাহাদিগকে একবার

## হারো ও কেম্ব্রিজ

কাপুরথালায় পাইলে দেখিয়া লইবে। বলাবাছল্য ইহাতে সে অব্যাহতি পাইত না। ইতিপুর্বে কিছুকাল সে ফ্রান্সে ছিল এবং ফরাসী ভাষা অনর্গল বলিতে পারিত। কিন্তু আশুগ্য এই যে ইংলণ্ডের সাধাবণ বিদ্যালয়গুলিতে বিদেশী ভাষা শিক্ষা দেওয়ার ব্যবহা এফন বিচিত্র বে, ফরাসীভাষার ক্লাসে এই বিদ্যা তাহার কোনই কাজে আদিত না।

একদিন এক কৌতুককর ঘটনা ঘটিল। মধ্যরাত্রে তত্ত্বাবধায়ক আসিয়া আমাদের প্রত্যেকের কক্ষ তন্ত্র তত্ত্ব করিয়া তল্লাস করিলেন। শুনিলাম, পরমজিং সিংহ ভাহার সোনার্থাধান স্থন্দর বেতথানা হারাইয়াছে। কিছ্ক তল্লাসীতে পাওয়া গেল না। ছই তিন দিন পর হারো ও ইটনের মধ্যে লর্ডস্-এর মাঠে ম্যাচ্-থেলা হয়; ইহার অব্যবহিত পরেই বেতথানা মালিকের কক্ষেই পাওয়া গেল। বোঝা গেল, কেহ লর্ডসের মাঠে একট্ বাব্সিতি করিয়া ছড়িখানা ফিরাইয়া দিয়া গিয়াছে।

আমাদের আবাসে ও অক্সান্ত ছাত্রাবাসে করেকজন ইছণী ছাত্র ছিল। বাহিরে তাহারা মোটাম্টি ভাল বাবহার পাইলেও,—তলে তলে ইছণী-বিষেষ ছিল যথেষ্ট। ইহারা 'অভিশপ্ত ইছণী', এই ভাব আমার মধ্যেও অজ্ঞাতসারে সংক্রমিত হইল,—এরপ মনোভাব পোষণ করা দোষের কিছু নহে এইরপ মশে করিলাম। কিন্তু কথনও আমি ইছণীদের প্রতি শ্লিষের পোষণ করি নাই বরং পরবর্ত্তীকালে কয়েকজন ইছণীকে আমি বন্ধুর্মপে পাইয়াছিলাম।

এই নৃতন জীবন আমার অভ্যন্ত হইয়া উঠিল। হারো আমার ভাল লাগিত, কিন্তু মনে হইতে লাগিল, এখানকার শিক্ষার প্রয়োজন ফুরাইয়াছে,— বিশ্ববিদ্যালয়ে প্রবেশ করিবার আকর্ষণ অমুভব করিতে লাগিলাম। ১৯০৬-০৭ দালে ভারতের সংবাদে আমার মন অত্যন্ত চঞ্চল হইত। ইংলণ্ডের সংবাদপত্রে অত্যন্ত সংক্ষিপ্ত খবর বাহির হইত, কিন্তু তাহা হইতেই অমুমান করিতে পারিতাম, বাঙ্গলা, পাঞ্জাব ও মহারাষ্ট্রে বড় বড় ব্যাপার ঘটিতেছে। লালা লাজপং রায় ও অজিত সিংহের নির্কাসন, বাঙ্গলার তুম্ল আলোড়ন, পুণায় তিলকের নাম,—স্বদেশী ও বয়কট; এই দকল সংবাদে আমার অন্তর বিচলিত হইত; কিন্তু হারোতে এমন কেহ ছিল না, যাহার নিকট মনের কথা খুলিয়া বলি। ছুটির প্রদিনে আমার জ্ঞাতিভ্রাতা বা ভারতীয় বন্ধুদের সহিত দেখা হইলে মনের ভার লঘু করিবার স্থযোগ পাইতাম।

দ (ছুলে, জি, এস, ট্রিভিলিয়নের গ্যারিবক্তী গ্রন্থাবলীর একখণ্ড উপহার
পাইরাছিলাম। সপড়িয়া মুগ্ধ হইলাম, এবং অন্ত ছইখণ্ড গ্রন্থ সংগ্রহ করিয়া

## जंबरत्रमान त्मरक

গানিবন্দীর সমগ্র কাহিনী মনোবোগ সহকারে পাঠ করিলাম। আমার মানসপটে ভারতেও স্বাধীনতার যুদ্ধের অন্তর্ধ বীরত্বপূর্ণ ঘটনার চিজ্ঞ ভাসিয়া উঠিত এবং আমার চিস্তায় ভারত ও ইতালী যেন আশ্বর্ধাভাবে মিশিয়া গিয়াছিল। এমন বৃহৎ ভারের পক্ষে হারোর পরিসর অত্যন্ত স্কীর্ণ,—আমি বিশ্ববিত্যালয়ের অধিকতর বিস্তৃতির মধ্যে যাইবার জন্ত ব্যাকৃল হইলাম। আমার অন্তরোধে পিতা সম্মত হইলেন;—মাত্র চুইবৎসর অধ্যয়ন করিয়া (সাধারণতঃ ইহার চেয়ে বেশী দিন থাকিতে হয়) আমি হারো হইতে বিদায় লইলাম।

আমি স্বেচ্ছায় হারো ত্যাগ করিতেছি। অথচ বিদায়ের মৃহুর্ছে আমার চিত্ত বিষয়, চকু অঞ্চসজল হইয়া উঠিল। স্থানটির প্রতি আমার মমতা জন্মিয়াছিল,—এবং এখান হইতে প্রস্থানের সঙ্গে আমার জীবনের একটি অধ্যায় শেষ হইল। তথাপি হারো ছাড়িবার সময় আমি কতথানি হৃংখিত হইয়াছিলাম, তাহাই ভাবি। হারোর পরস্বাগত রীতি ও হার মাহার সহিত আমার প্রাণগত যোগ স্থাপিত হইয়াছিল,—তাহার জন্ম হৃংখ হওয়া স্বাভাবিক।

এইবার কেমব্রিজ ট্রিনিটি কলেজ। ১৯০৭এর অক্টোবরের প্রারম্ভ,—
আমার বয়স সতর বংসর, অথবা আঠার বংসরের কাঁছাকাছি। এখন
আমি "আগুর গ্রাজুয়েট",—ভাবিয়া উৎফুর। স্থলের তুলনায় ইচ্ছামন্ড
কাক্ত করিবার স্বাধীনতা এখানে কত বেদী। কৈশোরের বন্ধনশৃত্ধল ধসিয়া
গেল,—আমি এখন নিজেকে বয়য় যুবক বলিয়া দাবী করিতে পারি।
আত্মাভিমানগর্নিত ভঙ্গীতে আমি কেম্ব্রিজের বৃহৎ চন্ধরে, সঙ্কীর্ণ
পথে ত্রমণ করিতাম, পরিচিত কাহারও সহিত সাক্ষাৎ হইলে অত্যন্ত
আনন্দিত হইতাম।

কেম্ব্রিজে তিন বংসর ছিলাম। এই শান্তিপূর্ণ তিনটি বংসরে বিশেষ কোন বিরক্তির কারণ ঘটে নাই,—মন্থরগতিতে দিনগুলি কাটিয়াছে। বছ বন্ধু সমাগম, কিছু পড়াগুলা ও থেলাগুলা এবং ক্রমশ: জ্ঞান ও বৃদ্ধির পরিধির বিস্তার—তিনটি বংসর কত আনন্দের। আমি প্রাক্তিক বিজ্ঞানে 'টাইপোস' লইয়ছিলাম। আমার বিষয় ছিল, রসায়ণ, ভৃষিতা এবং উদ্ভিদবিভা;—কিন্তু আমার আগ্রহ ঐগুলির মধ্যে সীমাবদ্ধ ছিল না। কেম্বিজে অথবা ছুটির সময় লগুনে অথবা অন্ত কোন স্থানে এমন অনেকের সহিত দেখা হইড, বাহারা বিবিধ গ্রন্থ, সাহিত্য, ইতিহাস, রাজনীতি, অর্থনীতি বিষয়ে পাণ্ডিত্যপূর্ণ আলোচনায় প্রথম প্রথম আমি

# হারোও কেম্ব্রিজ

একটু বিত্ত হইতাম। কিন্তু ক্ষেকথানি বই পড়িয়া সমসাময়িক আলোচনার বিষয়গুলি সহকে কিছু জ্ঞান সঞ্চয় করিলাম। আলোচনাকালে অক্ততা প্রকাশ না করিয়া মোটাম্টি কাজ চালাইয়া যাইতে পারিতাম। এইভাবে জামাণ দার্শনিক নীটুনে (কেমব্রিজে ইহাকে লইয়া আলোচনার বেজায় ধ্ম), বার্ণাভ্ শ'এর পুত্তকের ভূমিকা এবং লোজ ডিকিনসনের নবপ্রকাশিত পুত্তক লইয়া আমরা আলোচনা করিতাম। আমরা নিজেদের বেশ ক্টতাকিক মনে করিতাম এবং শ্রেষ্ঠয়াভিমান লইয়া যৌন-বিজ্ঞান প নীতিশাস্ত্র বিষয়ে লখা লখা কথা বলিতাম। কথনও বা আইভান ব্লক, ফ্রাভলক এলিস, ক্রাফ্ট, এবিং, অথবা অটো বৃইনিংগার প্রভৃতি বড় বড় নামের বৃক্নি ঝাড়িতাম। আমরা ভাবিতাম, বিশেষজ্ঞ ছাড়া ঐ বিষয়ে অ্যান্ডের যতটুকু জানা উচিত, আমাদের জান তাহাপেকা কম নহে।

কিন্দু কার্যতঃ, লম্বা লম্বা কথা বলিলেও যৌনব্যাপারে আমরা অধিকাংশই ছিলাম ভীক্ব। অন্ততঃ আমার অবস্থা ছিল তাহাই। অনেক বংসর পর্যান্ত, কেম্ব্রিজ ছাড়িবার পরেও আমার যৌন অভিজ্ঞতা কেবল পুথিলক মতবাদের মধ্যেই সীমাবদ্ধ ছিল। কেন যে এরূপ ছিল, তাহা বলা একটু কঠিন। আমরা প্রায় সকলেই স্ত্রীজাতির প্রতি তীব্র আকর্ষণ বোধ করিতাম—এই ব্যাপারে আমাদের মনে কোন পাপবোধও ছিল না। আমার মনে তো ছিলই না, উপরস্ক, ধর্ম্মের নিষেধও ছিল না। আমার মনে তো ছিলই না, উপরস্ক, ধর্মের নিষেধও ছিল না। আমার বিল্ডাম,—ইহা স্থনীতিও নহে, চুনীতিও নহে—ইহা প্রেমাসন্তি মাত্র। তথাপি এক স্বাভাবিক লক্ষ্যাবশতঃ আম ইহা হইতে দ্বে থাকিতাম, এবং সচরাচর ইহা তৃপ্তির জন্ম যে সকল উপায় অবলম্বন করা হয়, তাহার উপর আমার বিতৃষ্ণা ছিল। আমার ছাত্রজীবনে আমি অত্যন্ত লক্ষ্যাশীল ছিলাম, সম্ভবতঃ আমার নিঃসঙ্গ শৈশবজীবনই ইহার কারণ।

এইকালের জীবন সম্পর্কে আমি একপ্রকার অম্পষ্ট স্থধবাদী ছিলাম।
যৌবনের স্বাভাবিক আবেগ ও অস্কার ওয়াইন্ড এবং ওয়ালটার প্যাটারের
প্রভাব আমাকে একপ করিয়াছিল। আনন্দ সন্তোগ ও বিলাসী জীবনের
আকাক্রাকে একটা গালভরা গ্রীক্-দার্শনিক নাম দেওয়া সহজ ও তৃপ্তিপ্রাদ।
কিন্ধু আমার জীবনে ইহা ছাড়াও স্বতন্ত্র একটা ভাব ছিল, যাহার জন্ম
আমি বিলাসীদিগের প্রতি বিশেষ কোন আকর্ষণ অমুভব করিতাম না।
ধর্মামুরক্তির অভাব এবং ধর্মের অত্যাচারের প্রতি বিতৃষ্ণার ফলে আমি
ভাতবিকভাবেই অন্থ কোন আদর্শের অমুসন্ধান করিতাম। কিন্ধু আমারক্রা

# च अरहातांच द्वारक

সৌন্দর্যাহভৃতিই আমাকে আকর্ষণ করিত। বুল ও অমাজিত কটির ্রজোগলিকাকে সংযত করিয়া জীবন,্যাপন, এবং জীবনের বহুমুরী কর্ম-প্রেরণার মধ্যে পূর্ণ উপভোগের আকর্ষণ ছিল। আমি জীবন ভোগ করিয়াছি এবং তাহার মধ্যে যে কিছু পাপ আছে, এমন কথা ভাবিতে আমি অস্বীকার করিয়াছি। পিতার ক্যায় আমার মধ্যেও দ্যুতকীড়কের মনোবৃত্তি রহিয়াছে। প্রথমে অর্থ লইয়া ছিনিমিনি থেলিয়াছি। ভারপর জীবনের বৃহত্তর ব্যাপারেও মহত্তর পণ রাশিয়াছি। ১৯০৭-৮ সালে ভারতের রাষ্ট্রক্ষেত্রে যে অভাবনীয় ঘটনার সমাবেশ হইতেছিল,—ভাহার মধ্যে ত্রংসাহসিকের ভূমিকায় অভিনয় করিবার যে প্রবল প্রেরণা অহুভব করিতাম তাহা নিশ্চয়ই স্থপী ও বিলাসী জীবনের প্রতি অফুরাগের চিহ্ন নছে। এই সব বিমিশ্র ও স্ববিরোধী আকাজ্যায় আমার মন উদ্দাম হইয়া থাকিত। চিন্তার এই শৃঙ্গলাহীন অম্পষ্টতা সত্ত্বেও আমি বিশেষ উৎকণ্ঠা অমূভ্ব করিতাম না, কেননা স্থিরসঙ্কল্প লইয়া কার্যা করার দিন এখনও বহু দূরে। এখন, কি দৈহিক কি মানসিক জীবন মধুময়, নিতা নৃতন জ্ঞানলাভ, অমুভৃতি ও আবিষারের আনন। -- কত কিছু করিতে হইবে, কত জানিবার দেখিবার বুঝিবার রহিয়াছে। শীতকালের দীর্ঘ সন্ধ্যায় অগ্নিকুণ্ড ঘিরিয়া আমাদের মন্থর আলোচনা ক্রমে গভীর হইয়া আসিত;—অধিক রাত্রিতে আগুণ নিভিয়া গেলে আমাদের চৈতন্ত হইত, শীতকম্পিত দেহে অনিচ্ছার সহিত শ্যায় গ্রুন করিতাম। সময় সময় আলোচনা-প্রসঙ্গে মুথর তর্কের উত্তেজনায় আমাদের কণ্ঠস্থর উচ্চগ্রামে উঠিত। किन्ह এ नकनरे कथात कथा हिन। मानवजीवत्नत नमनाश्वनि লইয়া আলোচনার ভাণে আমরা খেলা করিতাম মাত্র, কেননা তথনও আমাদের জীবনে ঐ সমস্থাগুলি বাস্তবরূপ গ্রহণ করে নাই, জগতের কর্মপ্রবাহের জটিল জালে তথনও আমরা জড়াইয়া পড়ি নাই। শীঘ্রই এই জগতের উপর মৃত্যুর কৃষ্ণচ্ছায়া ঘনাইয়া উঠিবে,—মৃত্যু, হত্যা ও ধ্বংসের বিভীষিকার সন্মূরে জগতের যুবকগণ ব্যথিত ও পীড়িত হইবে, ইহা তথনও ভবিষ্যতের যবনিকায় আবৃত। আমরা দেখিতে পাইতাম— নিশ্চিত উন্নতির ধারায় স্থবিক্তন্ত ব্যবস্থা,—ঘাহাতে স্বচ্ছল অবস্থার যে কোন ব্যক্তিই স্থপী হইতে পারে।

্রএইকালে স্থবাদ বা অন্তর্রণ যে দকল ধারণায় আমি প্রভাবান্থিত ইইয়াছিলাম, তাহা লিপিবদ্ধ করিলাম বলিয়া যদি কেছ মনে করেন যে এ দকল বিষয়ে আমার কোন স্পষ্ট ধারণা ছিল, তাহা হইলে ভূল করা ইইবে ৷ বস্ততঃ এ দব বিষয়ে কোন দ্বির দিলাস্তে উপনীত হওয়ার কথা

# হারে ও কেম্ব্রিক

শামি চিন্তাও করিতাম না। ঐগুলি শনির্দিষ্ট কৌতৃহলের মত আমার মনের মধ্যে লম্ভাবে ভাসিয়া উঠিত,—কালক্রমে তাহা অক্লাধিক দাগ রাঝিয়া গিয়াছে মাত্র। এই সকল বিষয় অন্থগান করিয়া কথনও আমি মনকে ভারাক্রান্ত করি নাই। কর্ত্ত্ব্যকার্য্য, খেলাগ্লা, আমোদ-প্রমোদে জীবন বেশ স্বচ্চন্দ ছিল,—কেবল ভারতের রাজনৈতিক সংঘর্ষের সংবাদে মাঝে মাঝে চঞ্চল ও উদিগ্ন হইয়া উঠিতাম। কেম্ব্রিজে যে সকল রাজনৈতিক গ্রন্থ পাঠে আনি প্রভাবান্থিত হইয়াছিলাম, তাহার মধ্যে মেরিভিও টাউনসেণ্ডের "এশিয়া এবং ইয়োরোপ" উল্লেখযোগ্য।

১৯০৭ সাল হইতে কয়েক বংসর ভারতবর্ষে অশান্তির আলোড়ন চলিতেছিল। ১৮৫৭র বিলোহের পর এই প্রথম বৈদেশিক শাসনের নিকট অপ্রতিবাদে নত হইতে ভারত অস্বীকার করিল। তিলকের কার্যাপদ্ধতি ও কারাদণ্ড, অরবিন্দ ঘোষ এবং বাঙ্গলার স্বদেশী ও বয়কটের সম্বন্ধ প্রভৃতি সংবাদে ইংলগুপ্রবাসী ভারতীয় আমরা অত্যন্ত উত্তেজনা বোধ করিতাম। আমরা প্রায় সকলেই তথন ভিলকগন্ধী অথবা চরমপন্থী (তৎকালীন প্রচলিত নাম ) ইইয়া পড়িয়াছিলাম।

কেমব্রিছে ভারতীয়দের "মঙ্গলিস" নামে একটি সমিতি ছিল। এথানে আমরা প্রায়শঃ রাজনীতিচর্চা করিতাম, কিন্তু তাহা প্রত্যক্ষের সহিত সম্পর্কহীন তর্ক মাত্র। পার্লামেণ্ট অথবা বিশ্ববিদ্যালয়ের ইউনিয়নের আলোচনাভন্ধী, বক্তৃতাকালে অক্সঞ্চালন প্রভৃতির অন্তকরণের দিকেই আমরা বেশী ঝোক দিতাম, বিষয়বস্তু হইত গৌণ। আমি প্রায়ই মঞ্জলিসে থাকিতাম, কিন্তু তিন বংসরের মধ্যে আমি এখানে কদাচিং বক্তৃতা করিয়াছি। আমি লজ্জা ও সক্ষোচ কিছুতেই অতিক্রম করিতে পারিতাম না। কলেজের তর্কসভায়ও এই কারণে আমি বিব্রত হইতাম। এখানে নিয়ম ছিল, নির্দিষ্ট সময়ে বংসরে একেবারেই বক্তৃতা না করিলে জরিমানা দিতে হয়। আমি প্রায়ই জরিমানা দিয়াছি।

আমার মনে আছে এডুইন মণ্টেগু প্রায়ই আমাদের তর্কসভার আসিতেন। তিনি উত্তরকালে ভারতসচিব হইয়াছিলেন। তিনি ট্রিনিটি কলেন্ডের প্রাক্তন ছাত্র এবং কেম্ব্রিজ কেন্দ্র হইতে পার্লামেণ্টের সদক্ত ছিলেন। তাঁহার নিকটই আমি প্রথম বিশ্বাসের আধুনিক সংজ্ঞা শ্রবণ করি। তোমার যুক্তি যাহাকে সভ্য বলিয়া শ্বীকার করে না, তাহা বিশ্বাস করা কঠিন; অতএব যাহা যুক্তি অন্থমোদিত, সেথানে অন্ধবিশাসের কথা উঠিতেই পারে না। বিশ্ববিদ্যালয়ে বিজ্ঞানশাস্ত্র পাঠ করিয়া, তৎকালীন কতকগুলি বৈজ্ঞানিক সিদ্ধান্তকে আমি সভ্য বলিয়া মনে করিতাম।

#### ज्ञान (मर्क

উনবিংশ শতাব্দী এবং বিংশ শতাব্দীর প্রথমভাগে বৈজ্ঞানিকদের বিজ্ঞান ও ক্ষাত সম্পর্কে কতগুলি স্থির সিদ্ধান্ত ছিল, যাহা আক্ষকাল নাই।

মজনিদে অথবা ঘরোয়া আলাপে ভারতীয় ছাত্রেরা ভারতীয় রাজনীতি আলোচনায় তীব্র ভাষা ব্যবহার করিত। এমন কি তৎকালীন বন্দদেশে আরক হিংলাম্লক কার্য্যেরও কেহ কেহ প্রশংসা করিতেন। পরবর্তীকালে আমি দেখিয়াছি, ইহারাই ভারতীয় সিভিল সার্ক্ষিদে যোগ দিয়াছেন, হাইকোর্টের জ্বজ্ব অথবা শান্তশিষ্ট ব্যারিষ্টার ইত্যাদি হইয়াছেন। এই সকল বৈঠকী চরমপন্থীদের মধ্যে তৃই একজন ব্যতীত পরবর্তীকালে কেহই ভারতীয় রাজনৈতিক আন্দোলনে কোন অংশ গ্রহণ করেন নাই।

🕹 কেমব্রিজে কয়েকজন বিশিষ্ট ভারতীয় রাজনীতিকের দর্শন পাইয়াছিলাম। আমরা তাঁহাদের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করিলেও আমাদের মনে একটা হামবড়া ভাব ছিল। আমাদের শিক্ষা সংস্কৃতির পরিধি বিস্তীর্ণ এবং আমরা অধিকতর উদারতার সহিত কোন বিষয় দেখিতে পারি, এমন षश्मिका षामारम्य मरन हिन। विभिन्नहन्त भान, नाना नाजभः এবং গোপালক্বঞ্চ গোধ্লে কেমব্রিজে আসিয়াছিলেন। আমরা একটি विभिन्न शांनरक अञार्थना कतिनाम । त्रथात आमता ১०।১२ জন উপস্থিত ছিলাম, কিন্তু তিনি এমন গৰ্জন করিয়া বক্তৃতা দিতে লাগিলেন যেন তিনি দশ সহস্র শ্রোতার সম্মুখে জনসভায় বস্কৃতা করিতেছেন। দেই প্রচণ্ড কণ্ঠস্বরের কোলাহলে আমি বৃ**ঝিতেই পারিলাম** না তিনি কি বলিতেছেন। লাজপৎ রায় বেশ শাস্ত গম্ভীরভাবে বকৃতা করিয়াছিলেন, তাঁহার কথা আমার বেশ ভাল লাগিয়াছিল। আমি পিতার নিকট এক পত্তে লিখিয়াছিলাম যে, বিপিনবাব্ অপেক্ষা লাজপং রায়কেই আমার বেশী ভাল লাগিল; ইহা ওনিয়া তিনি খুসী হইয়াছিলেন। কেননা তংকালে তিনি বাঙ্গলার চরমপন্থীদের পছন্দ করিতেন না। গোখলে কেমব্রিজে এক জনসভায় বক্তৃতা করেন। এ বিষয়ে, আমার এই মাত্র মনে আছে যে, বকুতার শেষে এ, এম খালা তাঁহাকে কতকগুলি প্রশ্ন করেন। প্রশ্নোত্তর এমনভাবে চলিতে লাগিল যে আমরা ভূলিয়া গেলাম, কি লইয়া ইহার আরম্ভ এবং বিষয় কি ছিল।

ভারতীয় সমাজে হরদয়ালের খুব খ্যাতি ছিল। আমি কেমব্রিজে যোগ দিবার কিছুকাল পূর্ব্বে তিনি অক্সফোর্ডে ছিলেন। আমি যখন ছারোর ছাত্র ছিলাম, তখন লগুনে ইহাকে ঘুই তিনবার দেখিয়াছি।

ক্ষেত্রিজে জ্যামার সমসাময়িকদের মধ্যে অনেকেই পরে ভারতীয় কংগ্রেস-রাজনীতিতে বিশিষ্ট অংশ গ্রহণ করিয়াছিলেন। আমি যাইবার

## ছারো ও কেম্ব্রিজ

কিছুকাল পরেই জে, এম সেনগুপ্ত কেমুব্রিজ ত্যাগ করেন। স্য়েক্ উদ্দিন কিচলু, সৈয়দ মহামদ এবং তাসাদুক আহমদ শেরওয়ানী আমার সমসাময়িক ছিলেন। বর্ত্তমানে এলাছাবান হাইকোর্টের প্রধান বিচারপতি এস, এম স্থলেনানও তথন কেমুব্রিকে অধ্যয়ন করিতেন। অক্তান্ত সমসাময়িকগণ বর্ত্তমানে মন্ত্রীশদ ও সিভিল সার্বিস আলো করিয়া আছেন।

লগুনে থাকিতে আমরা শ্রামজী কৃষ্ণবর্মা এবং তাঁহার 'ভারতভবনের' কথা শুনিতাম, কিন্তু কথনও তাঁহার সহিত আমার দেখা হয় নাই, আমি ভারত-ভবনেও যাই নাই, তাঁহার 'ইগুিয়ান সোসিয়লজ্বিষ্ট' মধ্যে মধ্যে দেখিতাম। দীর্ঘকাল পরে ১৯২৬ সালে জেনেভায় শ্রামজীর সহিত আমার সাক্ষাং হয়। তথনও তাঁহার পকেট 'ইগ্রিয়ান সোসিয়লজিষ্টের' পুরাতন সংখ্যায় বোঝাই ছিল এবং যে ভারতীয় তাঁহার সহিত দেখা করিতে ঘাইত তাহাদের প্রায় প্রত্যেককেই তিনি ব্রিটিশ গভর্গমেন্টের গুপ্তচর বলিয়া সন্দেহ করিতেন।

লগুনে তথন ইণ্ডিয়া অফিস একটি ভারতীয় ছাত্রবিভাগ খুলিয়া-ছিলেন। প্রত্যেক ভারতীয় ছাত্রই মনে করিত এবং মনে করিবার যুক্তিসঙ্গত কারণও ছিল যে, ইহা গুপ্তচর দিয়া ছাত্রদের গতিবিধির উপর নম্বর রাধিবার কৌশলমাত্র। কিন্তু অধিকাংশ ভারতীয় ছাত্রকৈ ইহা ইচ্ছায় হউক, অনিচ্ছায় হউক সহু করিতে হইত। কেননা ইহার স্থপারিশ ব্যতীত কোন বিশ্ববিদ্যালয়ে প্রবেশ করা প্রায় অসম্ভব ছিল।

ভারতের তংকালীন রাজনৈতিক অবস্থায়, পিতা রাজনৈতিক আন্দোলনে আরুষ্ট ইইয়াছিলেন। তাঁহার সহিত আমার মতভেদ থাকিলেও আমি ইহাতে সম্ভষ্ট ইইয়াছিলাম। তিনি থাভাবিকভাবেই মডারেট দলে যোগদান করেন। ইহাদের অনেককে তিনি ব্যক্তিগতভাবে জানিতেন এবং অনেকেই তাঁহার সমব্যবসায়ী ছিলেন। যুক্তপ্রদেশের এক প্রাদেশিক সন্মেলনের সভাপতির আসন হইতে তিনি বাঙ্গলাও মহারাষ্ট্রের চরমপন্থীদের বিক্দ্দ্ধে তাঁর বিক্ষোভ প্রকাশ করেন। তিনি প্রাদেশিক কংগ্রেস কমিটির সভাপতি হইয়াছিলেন। ১৯০৭ সালে স্থরাটে যথন কংগ্রেস ভালিয়া গিয়া নিছক মডারেট সমিতিতে পর্য্যবিস্ত হয় তথন তিনিও উহাতে উপস্থিত ছিলেন।

স্থরাট কংগ্রেসের অব্যবহিত পরেই এইচ, ডাবলিউ নেভিনসন কিছুদিনের জ্বন্ত এলাহাবাদে তাঁহার ভবনে অতিথি হন। তাঁহার ভারতবর্ষ সম্পর্কিত পুস্তকে তিনি পিতার বিষয় লিখিতে গিয়া বলিয়াছেন, "বদাক্তা ব্যতীত অন্ত সকল বিষয়েই তিনি মডারেট।" কিন্তু ইহা অতাস্ত ভ্রাস্ত

# च अर्जनाम दमस्य

ধারণা। এক রাজনীতি ব্যতীত অন্ত কোন বিষয়েই পিতা তখন মভারেট ছিলেন না। এবং ধীরে ধীরে এই মভারেট মনোবৃত্তিও কালে অন্তহিত হুইয়াছিল। তাঁহার চরিত্রে গভীর ভাবপ্রবণতা, তীত্র আবেগ, অসীম আত্মর্মণাদাবোধ এবং দৃঢ় ইচ্ছাশক্তি ছিল এবং ইহা নিশ্চয়ই মভারেট ছাঁচেব বিপরীত। তথাপি ১৯০৭-০৮ সালে এবং তাহার পরও করেক বংসর তিনি মভারেটদের মধ্যেও মভারেট ছিলেন। চরমপন্থীদের প্রতি তাঁহার চিত্ত তিক্ত ছিল, যদিও আমার বিশাস তিলককে তিনি শ্রহা করিষ্টেশন।

ইহার কারণ কি ? আইন ও নিয়মতান্ত্রিকতা ছিল তাঁহার শিক্ষার ভিত্তি। তিনি আইনজ ও নিয়মতান্ত্রিকের দৃষ্টি ঘারাই রাজনীতি বিচার করিতেন। কঠিন ও তাঁব্র বাকোর পশ্চাতে যদি বাক্যাম্যায়ী কার্যা না থাকে, তবে তাহা নিক্ষল, ইহাই তাঁহার স্পষ্ট ধারণা ছিল। কোন কার্যাকরী কর্মপ্রচেষ্টা তিনি দেখিতে পান নাই। বয়কট ও স্বদেশী আন্দোলন ঘারা আমরা অধিকদ্র অগ্রসর হইতে পারিব, এমন ভরসা তাঁহার ছিল না। এই আন্দোলনের ভিত্তিতে যে ধর্মমূলক জাতীয়তারাদ ছিল, তাহা তাঁহার প্রকৃতিবিকদ্ধ ছিল। ভারতে পুনরায় প্রাচীন যুগ ফিরাইয়া আনিবার বিলুমাত্র আগ্রহ তাঁহার ছিল না। প্রাচীনয়ুগের প্রতি তাঁহার সহাম্ভৃতিও ছিল না, ধারণাও ছিল অল্প, বরক উন্নতির পরিপন্থী বলিয়া জাতিতেদ ও অল্যান্ত কতকগুলি প্রাচীন প্রথার উপর তাঁহার বিতৃষ্ণা ছিল। পাশ্চাত্যের উরতির প্রতি তিনি গভীর আকর্ষণ অন্ধভব করিতেন এবং ভাবিতেন, ইংলণ্ডের সহিত ঘনিষ্ঠ পরিচয়ের ঘারা আমরাও সমুশ্বত হইব।

সামাজিক দিক হইতে দেখিলে ১৯০ ৭এর ভারতীয় জাতীয়তাবাদ নিশ্চিত-রূপেই প্রগতিবিরোধী। ভারতে এবং প্রাচ্যের অন্তান্ত দেশে নবজাতীয়তাবাদ ধর্মের ভিত্তির উপরই স্থাপিত হইয়াছিল। সামাজিক ব্যাপারে মডারেটগণ জনেক বেশী অগ্রসর ছিলেন, কিন্তু তাঁহারা সংখ্যায় মৃষ্টিমেয় এবং জনসাধারণের সহিত তাঁহাদের কোন যোগ ছিল না। মডারেটগণ কিয়ং পরিমাণে উচ্চমধ্যশ্রেণীর প্রতিনিধি। উচ্চমধ্যশ্রেণীর আত্মপ্রতিষ্ঠা ছাড়া অন্ত কোন অর্থনৈতিক আদর্শ তাঁহারা চিন্তা করিতেন না। মডারেটগণ জাতিভেদ প্রথার কাঠিত ভাঙ্গিবার জন্ত ক্ষুত্র ক্ষুত্র শংস্কার এবং উন্নতিবিরোধী প্রাচীন সামাজিক প্রথা বর্জনের পক্ষণাতী ছিলেন।

মভারেটদের সহিত ধোগ দিয়া পিতা এক আক্রমণমূলক কার্যাপদ্ধতি অবলম্বন করিলেন। বাললা ও পুণার তৃইচার জন নেতাকে বাদ দিলে, অধিকাংশ চরমপন্থীই তথন যুবক। এই যুবকগণ তাঁহাদিগকে অবজ্ঞা

# হারো ও কেন্ত্রিচ

করিয়া খেড়ামত চলিতে সাহদ করে ইহাতে তিনি অত্যন্ত বিরক্তি বোদ করিছেন। প্রতিবাদে তিনি ধৈর্য হান ও অসহিষ্ণু হইতেন।
বাহাদিগকে তিনি মূর্য বলিয়া মনে করেন তাঁহাদের প্রতি ক্ষমাহীন হইয়া
তিনি স্থবিধা শাইলেই তীত্র আক্রমণ করিতেন। আমার মনে পড়ে,
সন্তবতঃ আমার কেমব্রিজ ত্যাগ করিবার পর, শিতার লেখা একটি প্রবন্ধ
পড়িয়া আমি অত্যন্ত বিরন্ধিতবোধ করিয়াছিলাম। পিতার নিকট একখানি
উদ্ধৃত ভাষায় লিখিত পত্রে আমি মন্তব্য করিয়াছিলাম, তাঁহার রাজনৈতিক
কার্বো ব্রিটিশ-গভর্গমেন্ট অত্যন্ত আনন্দবোধ করিতেছেন। এই শ্রেণীর
রাচ মন্তব্য তিনি ক্ষমন্ত ব্রেদান্ত করিতে পারিতেন না,—অত্যব
বলাবাহুল্য তিনি অত্যন্ত কুদ্ধ ইইয়াছিলেন। এমন কি আমাকে অবিলম্বে
ইংল্ও হইতে দেশে ফ্রিরাইয়া আনিবার সন্ধন্ধ প্রায় ঠিক করিয়া
ফেলিয়াছিলেন।

প্রামি কেমব্রিজে থাকিতেই প্রশ্ন উঠিল, ভবিশ্বতে আমি কি করিব। किছ पिन ভারতীয় সিভিল সার্কিসের কথা আলোচনা চলিল,—তথনকার দিনে উহার একটা আকর্ষণ ছিল। কিন্তু কি পিতার কি আমার এ বিষয়ে ঔংস্লক্য ছিল না বলিয়া কথাটা চাপা পড়িল। ইহার আরও কারণ এই যে আমার বয়স কম ছিল, যদি আমাকে সিভিল সার্কিস পরীক্ষা দিতে হয় তাহা হইলে কেমব্রিজের উপাধি পরীক্ষার পরও তিন চার বংসর অপেক্ষা করিতে হইবে। কেমব্রিজের উপাধি পাইবার সময় আমার বয়স ছিল বিশ বংসর; তখন সিভিল সার্কিসের নির্দিষ্ট বয়স ছিল ২২ হইতে ২৪। পরীক্ষায় কৃতকার্যা হুইলে আরও এক বংসর ইংলণ্ডে থাকিতে হইবে। ইংলণ্ডে দীর্ঘ প্রবাদের করে কুমামাদের পরিবারস্থ সকলেই আমার দেশে যাওয়ার জন্ম ব্যস্ত হইয়া পীৰ্টিয়াছিলেন। আমি यि निज्नि नार्किएन त्यांग त्मरे जारा रहेतन পরিবার ও গৃহ হইতে मृत्त নানাস্থানে চাকুরী করিতে হইবে,—পিতা একথাও চিস্তা করিয়াছিলেন। দীর্ঘ অমুপস্থিতির পর, আমার পিতা মাতা উভয়েই আমাকে নিকটে রাথিবার জন্ম ব্যা<u>কুল ছিলেন। এই সকল</u> কারণে সিভিল সার্<u>জি</u>স অপেকা পৈত্রিক ব্যবসায় অবলম্বন করাই স্থির হইল,—আমি 'ইনার টেম্পলে' যোগ দিলাম। আমার ক্রমবর্দ্ধিত চরমুপুঞ্চী রাজনৈতিক মভ সত্ত্বেও আমি সিভিল সার্কিনে যোগ দিয়া ব্রিটিশ গভর্ণমেন্টের ভারতীয় শাসন্যন্ত্রের চাকার দাঁতে পরিণত হইতে তথন তীত্র আপত্তি বোধ করি नीर. इंड्री चार्क्या। भववर्षीकाल এই প্রতাব আমার নিকট कि विमान না মনে হয়ত!

## ज्यस्त्रांन द्वरक

১৯১০-এ আমি উপাধি লইয়া কেম্ব্রিজ ত্যাগ করিলাম। বিশ্বনি 'ট্রাইপোস' পরীকায় আমি সাধারণভাবে পাশ করিয়া বিতীয় শেলীর "জনাস" পাইয়াছিলাম। ইহার পর ছই বৎসর আমি লগুনে করিয়া বেড়াইয়াছি। আইন পরীকাগুলি একের পর আর সাধারণভাবেই উদ্ধান ইইয়াছিলাম। অবসর ছিল প্রচুর—সময়ের স্রোতে গা ভাসান বিশ্ব থাকিতাম। সাধারণভাবে কিছু পড়াগুনা, 'কেবিয়ান' ও সমান্ত শিহ্ব মতবাদ লইয়া নাড়াচাড়া, সমসাময়িক রাজনৈতিক আন্দোলন লইয় আলোচনায় সময় কাটিত। আয়র্লগ্রের নারীদের ভোটাধিকারলাডের আন্দোলনও বিশেষভাবে আমি লক্ষ্য করিতাম। ১৯১০এর গ্রীক্ষাতে আর্কালনও অন্ত আমি সিন-ফিন আন্দোলনের স্চনা লক্ষ্য করিয়াছিলাম।

লগুনে হারোর কয়েকজন পুরাতন বন্ধুর সাহচর্ষ্যে ব্যয়বন্ধল বিলাপে
মাজিলাম। আমি পিতার নিকট হইতে প্রচুর মাসোন্ধারা পাইতাম্
সময় সময় তাহাতেও কুলাইত না। বাবা টের পাইয়া আমার চরিঃ
খারাপ হইতেছে ভাবিয়া চিস্তিত হইলেন। কিন্তু কার্যান্ত রাজ্মলা কিছুই করিতে পারে নাই। যাহাদিগকে চল্তি ভাষায় বলে "সহরে বার্"
সেই সকল ধনী অথচ মন্তকহীন ইংরাজদের চালচলন নকল করিবার চেই
করিতাম মাজ। লক্ষ্যীন আয়েলী জীবন আমাকে আকর্ষণ ক্রিমি
পারিল না, ইহা বলাই বাহল্য। ক্রমে ইহাতে আমার উৎসাহ ক্রিয়
আসিল বটে, কিন্তু মনে হইতে লাগিল আমি যেন অহ্রারী হইয়া উরিভেছি।

ছুটিতে আমি মাঝে মাঝে ইয়োরোপে বেড়াইয়াছি। ১৯০৯এর রীশ্বন্ধন্থ পিতার সহিত আমি যথন বার্লিনে, তথন কাউণ্ট জেপীলিন খান্দুটাৰ হল তীরবর্তী ফ্রিডরিকসাকেন হইতে তাঁহার নবনির্মিত বিমনিশ্রেষ্টার বার্লিনে আসিয়াছিলেন। আমার বিশ্বাস ইহাই তাঁহার প্রথম প্রথমের দীর্ঘপথ অতিক্রম। এই উপলক্ষ্যে বিশাল জনতা হইয়াছিল বার্লি কাইজার তাঁহাকে অভার্থনা করিয়াছিলেন। দশ বিশ লামি কার্লিনের টেম্পল হল ময়দানে জমায়েই ইইয়াছিল। জেপীলিনখা মি নির্দিশ সময়ে আসিয়া আমাদের মাধার উপরে চক্রাকারে ঘ্রিয়া সাবলী লাভিকে অবতরণ করিয়াছিল। ঐ দিন হোটেল আদলনের কর্ত্তার বাসিন্দাকে কাউণ্ট জেপীলিনের একথানা ক্রমর চিত্র উপহার বিষাহিলেন ঐ চিত্রখানি এখনও আমার নিকট আছে।

ইহার ছইমাস পরে পারী নগরীতে আমি প্রথম 'এফেল' টাব্রা বেষ্টন করিয়া এরোগ্নান উড়িতে দেখি। আমার মনে হাঁতিকা চালক ছিলেন কং ভ লাবের। আঠারো বংসর পরে, ক্ষাত্রিকা

## হারো ও কেন্ডিজ

ক্ষাতে, তথন আটলান্টিকের অপর তীর হইতে নিশুবার্গ উড়িয়া আসিয়া অধ্যারৰ লাভ করিয়াছিলেন।

১৯১০ সালে কেম্ব্রিজ হইতে পাল ক্রিবার অব্যবহিত পরে বিশ্বতাতে স্কীদের সহিত আনন্দ্রমণ কালে একবার আন্চর্যারূপে বাঁচিয়া ক্ষিছিলাম। পদত্রকে পার্বত্য অঞ্চল অতিক্রম করিয়া আমাদের গন্তব্যস্থলে ্রিষ্টি ছোট হোটেলে ক্লান্তদেহে উপস্থিত হইলাম। আমরা সান করিতে ক্রাফ ওনিয়া সকলেই আক্র্যা;—এমন কথা এখানে কেই ওনে নাই এই। হোটেলেও তেমন বন্দোবন্ত ছিল না। হোটেলের লোকেরা বলিল,— নিক্টবর্ত্তী একটা পার্ব্বত্য নির্ববিণীতে **স্থা**মরা স্থান করিতে পারি। ্রেরটেলের সৌজন্তে টেবিল ঢাকিবার কাপড় ও তোয়ালে লইয়া আমি ও ্রঞ্জন ইংরাজ যুবক স্থান করিতে চলিলাম। অদূরবর্তী তুষারস্তুপ হইতে পানিত জলধারায় পুষ্ট নির্মবিণী তীত্রবেগে কলকল ধ্বনি করিয়া প্রবাহিতা। স্পামি জলে নামিলাম। জল গভীর না হইলেও তুষার-শীতল এবং ্রিলদেশ অতিমাত্রায় পিচ্ছল। পদখলিত হইয়া আমি পড়িয়া গেলাম, 🍇 থায় যেন সমস্ত শরীর জমিয়া গিয়া হাত পা নাড়িথার শক্তি নাই। ুশীয়ের উপর দাড়াইতে না পারিষা স্রোতে ভাসিয়া চলিলাম। আমার 🗱 বাজ সন্ধী কোনমতে জল হইতে উঠিয়া তীর ধরিয়া দৌড়াইতে লাগিল 🔐 বং অনেক কটে আমার পা ধরিয়া জল হইতে টানিয়া তুলিল। পরে শামরা বিপদের গুরুত্ব বুঝিতে পারিলাম। আমাদের সমূথে ছুই তিনশত শুদ্ধ পরেই এই গিরি-নির্বরিণী পর্বতগাত্ত হইতে সোজা নীচে নামিয়া ্রিয়াছে। এই জনপ্রপাতটি এ অঞ্চলে একটা দেখিবার বস্ক। 😘

১০১২র গ্রীম্মকালে আমি ব্যারিষ্টারী পাশ করিলাম এবং আমার শাতবংসর ইংলও-প্রবাস সমাপ্ত করিয়া শেরৎকালে স্বদেশে ফিরিয়া শাসিলাম। এই কালে আরও ভূইবার আমি ছুটিতে দেশে আসিয়াছিলাম। কিছ এইবার স্থায়ীভাবে প্রত্যাবর্ত্তন! বোদাই বন্দরে নামিয়া আমার মূনে হইল,—আমি একটি সাধারণ বালকমাত্র, আমার মধ্যে প্রশংসার বিছুই নাই।

# স্বদেশে প্রত্যাবর্ত্তন এবং ভারতে মহাযু**র্ট্রা** সমসাময়িক রাজনীতি

১৯১২ খৃষ্টাব্দের শেষভাগে ভারতের রাজনৈতিক আন্দোলন মন্ত্রীক্তিক কারাগারে—উপযুক্ত নেতৃত্বের অভাবে চরমপদ্বীরা (জাতীয়ার ছিত্রভা । বক্তক রহিত হওয়ায় বাললাদেশ অপেকাক্তত মালি-মিণ্টে। শাসন-সংস্কার লইয়া মভারেটগণ বেশ জাঁকিয়া বসিম্বর্কেন। প্রবাসী ভারতীয়দের জন্ম বিশেষভাবে দক্ষিণ-আফ্রিকার ভারতীয়দের কিছু আন্দোলন ছিল। কংগ্রেস মভারেটদলের বার্ষিক মঞ্জলিসে পর্যাক্তি স্থানে কতকগুলি তুর্বল প্রস্তাব গৃহীত হইত—উহা লইয়া কোন ক্রিকার বার্ষিক না।

১৯১২র বড়দিনে আমি প্রতিনিধি হইয়া বাকীপুর কংগ্রেশে বিষাছিলাম। ইহা ইংরাজী শিক্ষিত উচ্চপ্রেণীর সন্দেলন, কৈতাত্বস্ত ফিটফাট পোষাকের ছড়াছড়ি। ইহা রাজনৈতিক উপ্লেখি কিনাহীন সামাজিক সন্মেলন মাত্র। দক্ষিণ-আফ্রিকা হইতে স্থ প্রস্তুত্ত গোখলে ইহাতে যোগ দিয়াছিলেন এবং এই অধিবেশনে তির্নিই কিন্তুত্ব করিয়াছেন, তেজহী ও মনস্বী গোখলে তাঁছানের ক্রিয়াছেন, তেজহী ও মনস্বী গোখলে তাঁছানের ক্রিয়াছেন, তেজহী ও মনস্বী গোখলে তাঁছানের ক্রিয়াছার মানসিক বল ও শক্তিমন্তা দেখিয়া আমি মুখ্য হইলাম।

গোখ লের বাকীপুর ত্যাগ করার প্রাক্তালে একটি বিশেষ বিশিষ্ট বিটাছিল। পাবলিক সার্বিষ কমিশনের সমস্ত হিসাবে তিনি প্রথম শ্রেণীর কামরা পাইয়াছিলেন। তাহার শরীরও ভাল ছিট্নী অবাহ্ণনীয় লোকসঙ্গেও তিনি অভ্যন্ত বিব্রুত বোধ করিতেন। কংট্রেমা ক্রেকদিনের পরিশ্রমের পর তিনি একা শান্তিতে রেলে ভ্রমণ সকল করিয়াছিলেন। তিনি তাহার নির্দিষ্ট কামরায় উঠিলের বিশ্ব অবশিষ্ট গাড়ীতে কলিকাতার প্রতিনিধিদের বেজায় ভীড়। কিছু প্রশান্ত ক্রিলেন বিস্থা কাউন্সিলের সদস্ত ) আসিয়া তাহাকে বিলেন, তিনি ঐ কামরায় আরোহণ করিতে পারেন কিনা।

# ুস্মসাময়িক রাজনীতি

ব্যাক, — তিনি কানিতেন বস্থ মহাশয়ের মুখ খুলিলে রক্ষা নাই, কিন্তু তথালি রাজী হইতে হইল। কয়েক মিনিট পরেই বস্থ মহাশয় আবার আদিয়া পোখুলৈকে বুলিলেন. যদি তাঁহার একজন বন্ধুও এই কামরার আনেন তথ্য ইইলে কি তাঁহার কোন আপত্তি মাছে। বিনয়ী লোখ লে বালিও করিতে পারিলেন না। গাড়ীতে উঠিয়া বস্থ মহাশয় প্রভাব করিলেন, তিনি ও তাঁহার বন্ধু উপরের 'বার্থে' শুইতে অত্যন্ত অস্থবিধা বোধ করেন; কাজেই গোখলে যদি কিছু না মনে করেন, তাহা হইলে তিনি উপরে উঠিলে তাঁহারা নীচের তুইটি 'বার্থ' অধিকার করিতে পারেন। বেচারা গোখলে অগত্যা উপরে উঠিলেন এবং অশান্থিতে রাত্রি কাটাইলেন।

**भारेन रावमा**ग्र अवनम्न क<u>तिया आमि श</u>रेटकार्ट राम मिनाम। কাজেও কতরুটা মন বসিল। ইউরোপ হইতে ফিরিয়া কয়েক মাস বেশ আনন্দে কাটিল; বাড়ীতে ফিরিয়া পুরাতন পরিচয় নৃতন করিয়া ঝালাইয়া नहें या विकास अपी इंदेन में। किन्न माधादन चारेन जीवी एपद जाय चामात এই জীবনবাত্রার নৃতনত্বের মোহ ক্রমশ: দূর হইল, মনে হইতে লাগিল, এক লক্ষ্যহীন বিরস গতাহগতিকতার মধ্যে কেবলমাত্র বাঁচিয়া থাকার কোন সার্থকতা নাই। আমার ধারণা, পারিপার্বিকের প্রতি এই অসম্ভোব আর্মার দৌ-আসলা অর্থাৎ মিশ্র শিক্ষার ফল। সাত<u>বৎসর ইংলঞে</u> বাস করার ফলে আমার যে সকল অভ্যাস ও সংস্কার গড়িয়া উঠিয়াছিল, বর্ত্তমানের সহিত তাহা সামঞ্জগুহীন। আমাদের বাড়ীর ব্যবস্থা ও षावशाख्या त्यांग्रेमूर्वि छानरे छिन। वाहित्व वात्र-नाहेत्वत्री ववः **ক্লা**হব একই শ্রেণীর লোকের সহিত দেখা হইত, একই পুরাতন ৰুথা— অধিকাংশই আইন ব্যবসায় সংক্রান্ত,—বার বার আলোচনা হইত। এই আবহাওয়ায়, মানসিক উৎকর্ব সাধনের কিছুই নাই—আমার নিকট স্থীবন विश्वाम हहेश छेठिम। अमन कि अवमत वित्नामत्त्र वित्नाम कान আমোদ প্রমোদও ছিল না।

ই, এম ফ্রস্টার সম্প্রতি প্রকাশিত জি, লোজ ডিকিনসনের জীবন চরিতে লিখিয়াছেন, ভারত সম্বন্ধে তিনি (ডিকিনসন) একদা বলিয়াছিলেন, "কেন উভয় জাতির মধ্যে মিলন হয় না? কারণ অভি ম্পাই, ভারতবাসীর সম্ম ইংরাজদের নিকট পীড়াদায়ক। এই অকাট্য সত্য অম্বীকার করিবার উপায় নাই।" সম্ভবতঃ অধিকাংশ ইংরাজই এরূপ বোধ করেন এবং ইহা কিছু আশ্চর্যা নহে। ফ্রস্টার অন্তন্ত্র লিখিয়াছেন, প্রত্যেক ইংরাজই নিজেকে জবরদ্ধলী সৈল্লদের (army of occupation) একজন সৈনিক বলিয়া মনে করে এবং সম্বতভাবেই তদ্মুর্প আচ্বণ ও

## च अर्जनान दमस्य

ব্যবহার করিয়া থাকে। এই অবস্থায় তুইটি জাতির মধ্যে স্বাভাবিক ও রাধাহীন সম্পর্ক কিছুতেই স্থাপিত হইতে পারে না। ইংরাজ ও ভারতবাসী পরস্পরের প্রতি শিষ্টাচারের ভাগ অভিনয় করিয়া থাকেন, কাজেই পরস্পার স্বাভাবিক ভাবে মিলিত হইবার অক্ষমতার অস্থৃত্তি অমুভ্রুক করিয়া থাকেন। একের অপরকে ভাল লাগে না—এড়াইতে পারিলে উভয়েই আরাম বোধ করেন।

সাধারণতঃ ইংরাজেরা সরকারী পরিমণ্ডলের সহিত সংশ্লিষ্ট একদল জারতীয়ের সহিত মিশিয়া থাকেন, কদাচিং এমন ভারতবাসীর সহিত তাঁহাদের সাক্ষাৎ হয়, যাহার সঙ্গ সভাই লোভনীয়। কিন্তু সেরূপ লোক পাওয়া গেলেও মন খুলিয়া মিশিবার স্থবিধা হয় না। ব্রিটিশ শাসনের আমলে ব্রিটিশ ও ভারতীয় শাসকমণ্ডলীর নানাকারণে প্রাধান্ত ঘটিয়াছে; এমন কি, তাঁহাদের সামাজিক মর্যাদাও কম নহে, কিন্তু এই শাসকশ্রেণী অত্যন্ত বৈচিত্র্যহীন, স্থল-ক্ষৃতি এবং সন্ধীর্ণচেতা। এমন কি, শিক্ষিত বৃদ্ধিমান ইংরাজ যুবকও ভারতে অসিয়া অল্পদিনেই বৃদ্ধি ও সংস্কৃতির দিক দিয়া অবসাদগ্রস্ত হইয়া পড়েন, জীবস্ত আদর্শ ও আন্দোলনের সহিত তাঁহার र्याभएक छिन्न इरेश यात्र। ममन्त्र मिन आफिरम अकृतान कारेन घाँ किया অপরাহে একটু ব্যায়াম বা ভ্রমণ করিয়া তিনি চলিলেন ক্লাবে, সেখানে সমশ্রেণীর চাকুরীয়াদের সহিত মেলামেশা, ছইস্কী পান, 'পাঞ্চ' বা অক্সক্রপ हैश्लाखत मिछ माश्राहिक পত्तिका भाग। जिनि कमाहिश वह भाष्ट्रन, পড়িলেও পুরাতন প্রিয় পুস্তক লইয়াই সম্ভবতঃ নাড়াচাড়া করেন। এইভাবে মান্সিক অধংপতনের জন্ম তিনি ভারতবর্ষের আবহাওয়ার দোষ দেন, এবং তাঁহাকে উত্যক্ত করিবার অপরাধে 'এন্ধিটেটর'দের ( আন্দোলনকারী ) অভিসম্পাত করেন। তিনি ইহা বৃঝিতে পারেন না যে, ভারতের স্বৈরশাসনতন্ত্র এবং বাঁধাধরা আমলাতান্ত্রিক পদ্ধতি—যাহার তিনি একটি ক্ষুদ্র অংশ—ইহার জন্য দায়ী।

মাঝে মাঝে ছুটি, বিলাত গমন (ফার্লো) সত্ত্বেও ইংরাজ কর্মচারীদের যদি এই অবস্থা হয়, তাহা হইলে তাঁহার অধীনস্থ অথবা সমকক ভারতীয় কর্মচারীদের অবস্থাও বিশেষ ভাল নহে, কেন না তাহারা জ্ঞাতসারেই ইংরাজদের আদবকায়দা নকল করিয়া নিজেদের ঐ ছাঁচে গড়িয়া তোলে। সাম্রাজ্যের রাজধানী নয়াদিল্লীতে ইংরাজ ও ভারতীয় উচ্চ চাকুরীয়া মহলে অবিশ্রান্ত পালারতি, ছুটির নিয়ম, ফার্লো, বদ্লী, চাকুরীয়া মহলের তিছির ও পক্ষপাতিত্বের কেলেন্থারীর কথার আলোচনা চলে,—ইহার মত নীরস অভিজ্ঞতা অল্লই আছে।

# সমসাময়িক রাজনীতি

সরকারী চাকুরীয়া মহলের এই মানসিক আবহাওয়ার হারা কলিকাতা বোষাইএর মত সহরের কিয়দংশ ছাড়া, ভারতের মধ্যশ্রেণী বিশেষভাবে ইংরাজী শিক্ষিত বৃদ্ধিজীবী সম্প্রদায় প্রভাবান্বিত। বৃদ্ধিজীবী, উকীল, ডাক্টার ও অক্যান্ত অনেকে, এমন. কি, আধা-সরকারী বিশ্ববিচালয়ের শিক্ষায়তনগুলি পর্যান্ত এই মনোভাবে আপ্লৃত। এই সকল লোক, জনসাধারণ, এমন কি, নিম্ন-মধ্যশ্রেণী হইতে বিচ্ছিন্ন হইয়া স্বতম্ব জগতে বাসকরেন। রাজনীতি সমাজের এই শুরেই সীমাবদ্ধ। ১৯০৬ সাল হইতে বাঙ্গলার জাতীয় আন্দোলনের আলোড়ন প্রথম নিম্ন-মধ্যশ্রেণীতে এক নবজীবনের চেতনা সঞ্চার করে এবং ইহা কতকাংশে জনসাধারণকেও প্রভাবিত করে। ইহাই উত্তরকালে গাদ্ধিজীর \* নেতৃত্বে ক্রুত বিস্তার লাভ করে। জাতীয়তাবাদ প্রাণপ্রদ হইলেও ইহা সঙ্কীর্ণ মতবাদ এবং ইহা সমস্ত শক্তি এমনভাবে আকর্ষণ করে যে, অক্যান্ত কার্য্যের অবসর থাকে না।

বিলাত হইতে ফিরিয়া প্রথম কয়েক বংসর আমার জীবন বিতৃষ্ণার সহিত কাটিয়াছে, আইন ব্যবসায়েও আমি তেমন উৎসাহ বোধ করিতাম না। রাজনীতি বলিতে আমি ব্রিতাম, বৈদেশিক শাসনের বিক্রমে আক্রমণশীল জাতীয়তামূলক কার্য্যপদ্ধতি, কিন্তু তথনকার অবস্থা ইহার অহুকৃল ছিল না। আমি কংগ্রেসে খোগদান করিলাম, ইহার সাম্মিক সভা সমিতিতেও উপস্থিত থাকিতাম। ফিজিতে চুক্তিবদ্ধ ভারতীয় প্রামিকদের অথবা দক্ষিণ আফ্রিকার ভারতীয় সমস্তা লইয়া আন্দোলনে আমি উৎসাহের সহিত কঠিন পরিশ্রম করিয়াছি, কিন্তু ইহা সাম্মিক কান্ধ মাত্র।

অবসর বিনোদনের জন্ম আমি কখনও কখনও শীকারে যাইতাম কিন্তু ইহাতে আমার বিশেষ যোগ্যতাও ছিল না, আকর্ষণও ছিল না। অরণ্য ও ভ্রমণই আমি ভালবাসিতাম ও প্রাণীহত্যায় আমার বিশেষ আগ্রহ ছিল না। অহিংস শীকারী বলিয়া আমার থ্যাতি রটিয়াছিল। একবার মাত্র দৈবক্রমে কাশ্মীরে আমি একটি ভল্লুক ২৭ করিয়াছিলাম। একবার একটি কৃষ্ণসার মৃগশিশু শীকার করিয়া, আমার শীকারে যে

এই পুস্তকে আমি মি: বা মহাক্সা না লিখিরা সর্ব্বেল "গালিন্দী" লিখিয়।ছি।

আনেক ইংরাজ লেখক "জী" অর্থে বিশেব আদরের ডাক ব্বেল। কিন্ত ভারতে "জী"

সর্ব্বেল সকলের প্রতিই নিবিচারে প্রযুক্ত হয়। ইহা সন্মান ও প্রজাবাচক, আমার

ভারিপতি শ্রীযুক্ত পণ্ডিতের নিকট শুনিরাছি সংস্কৃত 'আর্যা' শব্দ প্রাকৃত ভারার "অক্ক"

হয়, ভাহারই অপ্রধ্ন 'জী'।

#### जिल्हामान जिल्हा

নামান্ত উৎসাহ ছিল ভাহাও নিভিয়া গেল। সেই মরণাহত নিরীহ কুসলিও আমার পায়ের তলায় পড়িয়া অক্রসজন আয়তনেত্রে করুণ দৃষ্টিতে আমার মূথের দিকে চাহিয়া প্রাণত্যাগ করিল। সেই কার্তর দৃষ্টির স্বতি এখনও আমাকে প্রায়ই উন্মনা করিয়া তোলে।

এই সময়ে আমি গোখ্লের "সার্ভেণ্ট অফ্ ইণ্ডিয়া সোসাইটির" প্রতি আকৃষ্ট হইলাম। এই সমিতির রাজনীতি অতিমাত্রায় নরমপন্থী এবং তথন আইন-ব্যবসায় ত্যাগ করার কোন সঙ্কর ছিল না বলিয়া ঐ সমিতিতে যোগ দিবার কথা আমি চিস্তাও করি নাই। তবে ঐ সমিতির সদস্তগণকে আমি শ্রদ্ধা করিতাম, কেন না তাঁহারা কেবল গ্রামান্তাদন লইয়া দেশের সেবায় আত্মনিয়োগ করিয়াছেন। সম্যকপথে পরিচালিত না হইলেও দেশে এই একমাত্র প্রতিষ্ঠান যেখানে অস্কতঃ অনন্যচিত্ত হইয়া সরল ও অনল্য কর্ম্ব করিবার ব্যবস্থা রহিয়াছে।

যাহা হউক, এই কালে রাজনীতির সহিত সম্পর্কহীন একটা সামান্ত ব্যাপারে শ্রীযুক্ত শ্রীনিবাস শাস্ত্রীর কথায় আমি অত্যস্ত মর্মাহত হঁইয়াছিলাম। এলাহাবাদের এক ছাত্রসভায় বক্তৃতা করিতে উঠিয়া তিনি ভাহাদিগকে বলিলেন, ভোমরা শিক্ষকদের শ্রদ্ধা করিবে, অইগত থাকিবে এবং কর্ত্তপক্ষ যে সকল নিয়মাদি প্রণয়ন করিয়াছেন, যত্মসহকারে 🖈 ভাহা পালন করিবে। এই শ্রেণীর নিরীহ উপদেশ আমার মোটেই ভাল লাগে না। প্রভূষের নিকট সর্বাদাই নত থাকিবে, এই ভাবের উপর জোর দিয়া বাজার চলন গতামুগতিক উপদেশ দান অত্যন্ত অবাহনীয়। ভারতে প্রচলিত আধা-সরকারী আবহাওয়ার ফলেই ইহা সম্ভব হয়, আমার ইহাই ধারণা। এীযুক্ত শাস্ত্রী বলিতে লাগিলেন,—ছাত্ররা পরস্পরের অস্তায়, ভূল, ক্রটি, স্থলন অবিলম্বে কর্ত্তপক্ষকে জানাইবে। অর্থাৎ সাদা কথায়, তাহারা গোপনে পরস্পরের উপর নজর রাধিবে এবং গুপ্তচরের কাজ করিবে। অবশ্র শ্রীযুক্ত শাস্ত্রী এমন নিরাবরণ ভাষা ব্যবহার করেন নাই, কিন্তু আমি উহার অর্থ স্পষ্ট করিয়াই বুঝিলাম এবং একজন গ্যাতনামা নেতা যে ছাত্রদের বন্ধভাবে अपन **উপদেশ मिए**ङ পারেন, ইহা দেখিয়া আশ্রেষ্য হইলাম। आমি ত্ত্বন স্বেমাত্র ইংলপ্ত হইতে ফিরিয়াছি এবং সেখানকার স্কুল কলেজে আমি এই শিক্ষাই লাভ করিয়াছি যে, প্রাণাম্ভেও সহপাঠীর ক্রটি ভুল উদ্ঘাটন করিবে না। কাহারও উপর গোপনে নম্বর রাখিয়া এবং তাহার কাৰ্য্যকলাপ কৰ্ত্পক্ষের গোচরে আনিয়া একজন সন্ধীকে বিপদে ফেলার মত শিষ্টনীতিবিক্লদ্ধ পাপ অধিক আর কিছুই নাই। সহসা এই

#### সমসাময়িক রাজনীতি

আদর্শের বিপরীত উক্তি ভনিয়া আমি ব্যথিত হইলাম। ব্ঝিলাম, আমি যাহা শিকা পাইয়াছি, প্রীযুক্ত শাস্ত্রীর নীতির সহিত তাহার পার্থক্য কত অধিক।

মহাযুদ্ধ আদিশ—আমরা সচকিত চইলাম। প্রথমে আমাদের জীবন
যাত্রায় ইহার বিশেষ প্রভাব দেখা ঘায় নাই—যুদ্ধের ভয়াবত্ প্রচণ্ডতার

শ্বরূপ ভারতবর্ষ তথনও উপলব্ধি করে নাই। রাজনৈতিক আন্দোলন

মন্দীভূত হইয়া যেন মিলাইয়া গেল। ভারত রক্ষা আইন (ইংলণ্ডের দেশ রক্ষা
আইনের অফুরূপ) সমন্ত দেশকে মৃষ্টিকবলে চাপিয়া ধরিল। মহাযুদ্ধের

বিতীয় বর্ষে ষড়যন্ত্র ও গুলি করিয়া গুপুহত্যার বিবরণ প্রকাশ পাইতে
লাগিল এবং পাঞ্জাবে রংরুট সংগ্রহের জবরদন্তী মূলক ব্যবস্থার কথাও

শোনা গেল।

বাহিরে উচ্চকণ্ঠে রাজভক্তি প্রচারের অন্তরালে ব্রিটিশের প্রতি সহাহ্বভৃতি অতি অল্পই ছিল। জার্মানীর জয়লাভের বার্ত্তা শুনিয়া কি মডারেট কি চরমপন্থী সকলেই তথন দপ্তই হইতেন। অবশ্য জার্মানীর প্রতি কাহারও অম্বরাগ ছিল না, আমাদের শাসকবর্গ শিক্ষালাভ করুক, এই আগ্রহই সকলের মনে ছুল। ইহা তুর্বল ও নিরুপায় মানবের পরের দারা প্রতিশোধ প্রবৃত্তি চরিতার্থ করাইবার ইচ্ছার অভিব্যক্তি। আমরা অনেকে নানা বিমিশ্র ভাব লইয়া এই মহা আহব পর্য্যালোচনা করিতাম। মহাযুদ্দে লিপ্ত সকল জাতির মধ্যে আমার ব্যক্তিগত সহাহ্বভৃতি সম্ভবতঃ ফরাসীর দিকে ছিল। মিত্রশক্তিপুঞ্জের অম্কুলে বিরামহীন নির্ম্বজ্ব প্রচারকার্য্য কিয়ৎপরিমাণে সফল হইলেও আমরা উহার উপর ততটা গুরুত্ব আরোপ করিতাম না।

ক্রমশ: রাজনৈতিক জীবনে চেতনার সঞ্চার হইল। কারাম্ভির পর তিলক হোমরুল লীপ স্থাপন করিলেন; মিসেদ বেশাস্তও আর একটি হোমরুল লীপ প্রতিষ্ঠা করিলেন। আমি তুই দলেই যোগ দিলাম, কিন্তু বিশেষভাবে মিসেদ বেশাস্তের লীগের পক্ষে কার্য্য করিতে লাগিলাম। মিসেদ বেশাস্ত ভারতের রাষ্ট্রক্ষেত্রে ক্রমশ: অধিকতর প্রভাব বিস্তার করিতে লাগিলেন। কংগ্রেসের বার্ষিক অধিবেশনে বেশ উৎসাহ দেখা গেল, মুসলিম লীগও কংগ্রেসের সহিত সমান তালে চলিতে লাগিল। দেশের আবহাওয়া চঞ্চল হইয়া উঠিল, যুবকগণ অধীর আবেগে ভবিষ্যতের মহৎ সম্ভাবনা প্রত্যাশা করিতে লাগিল। মিসেদ বেশাস্ত অন্তরীনে আবদ্ধা হওয়ায় শিক্ষিত সম্প্রদায উত্তেজিত হইয়া উঠিলেন, দেশের সর্বত্র হোমকল লীগ জাঁকিয়া উঠিল। ১৯০৭ সাল হইতে কংগ্রেস হইতে বহিষ্কৃত পুরাতন

### कंश्यानाम (नर्क

চরমপদীরা হোমকল লীগে যোগ দিলেন, মধ্যভোগীর বহু লোক আসিয়া লীগের সদস্ত হইলেন। হোমকল লীগে জনসাধারণ যোগ দেয় নাই।

মিদেস বেশান্তের অন্তরীনে অনেক প্রবীণ ব্যক্তি এবং কয়েকজন
মডারেট নেতা পর্যন্ত বিচলিত হইলেন। আমার মনে আছে, এই
অন্তরীনের কিছুদিন পূর্বে সংবাদপত্রে শ্রীযুক্ত শ্রীনিবাস শান্ত্রীর হৃদয়গ্রাহী
বক্তাগুলি পাঠ করিয়া আমরা উত্তেজিত হইলাম। কিন্তু অন্তরীনের
অব্যবহিত পূর্বে এবং পরে শ্রীযুক্ত শান্ত্রী সহসা নীরব হইয়া গেলেন। যথন
কার্জেই সময় আসিল তথন ডিনি পিছাইয়া গেলেন। তাঁহার এই নীরবভায়
কার্লেশ নৈরাশ্র ও ক্লোভের সঞ্চার হইল। যথন পুরোভাগে আসিয়া দাঁড়াইবার
প্রয়োজন তথনই তাঁহাকে পাওয়া গেল না। এই ঘটনার পর হইতে আমার
দ্বিধারণা হইয়াছে যে, শ্রীযুক্ত শান্ত্রী কর্মক্ষেত্রের মাহায় নহেন, সন্ধটের মধ্যে
দাঁড়াইয়া কাজ করা তাঁহার প্রকৃতি বিকন্ধ।

অক্তান্ত মডারেট নেতাদের মধ্যে কেহ আগাইয়া চলিলেন, কেহ বা পিছাইয়া পড়িলেন, কেহ কেহ দক্ষিণে সরিয়া রহিলেন। তথন গভর্ণমেন্ট ইয়োরোপীয় ডিফেন্স ফোর্সের অত্নকরণে মধ্যশ্রেণীর ভারতীয় যুবকদিগকে नहेशा এकि त्रकीरमनामन গড়িবার চেষ্টা করিতেছিলেন, हेश नहेशा प्रत्भ বেশ আলোচনা চলিতেছিল। এই ভারতীয় রক্ষীসৈক্তদলের প্রতি ইয়োরোপীয় দলের তুলনায় নানাভাবে পৃথক ব্যবহার করা হইত, এজন্ত আমরা অনেকে অফুভব করিলাম, যতদিন না ঐ সকল অপমানজনক পার্থক্য দুর করা না इरेटज्राह, उउमिन आमामित महायोगिका कता छेठिक नरह। युक्-आमाम অনেক আলোচনার পর সহযোগিত। করাই স্থির হইল। এই ব্যবস্থার মধ্যেও যুবকদের সামরিক শিক্ষা লাভের স্থযোগ গ্রহণ করা কর্ম্বর বলিয়া স্থির হইল। নৃতন সৈক্তদলে যোগ দিবার জক্ত আমি আবেদন করিলাম এবং ইহা কার্যাকরী করিয়া তুলিবার জন্ম আমরা এলাহাবাদে একটি মমিতিও গঠন করিলাম। ঠিক এই সময় মিসেস বেশান্তের অন্তরীনের সংবাদ আসিল। সাময়িক উত্তেজনায় আমি উত্যোগী হইয়া গভণমেন্টের কার্ব্যের প্রতিবাদস্বরূপ রক্ষীদৈক্তদল সংক্রান্ত সভা সমিতি ও কার্য্যপ্রণালী স্থগিত कतिएक नमक्रमिश्रक नम्बल कत्रावेनाम। नमक्रमिर्शन मरधा, आमात्र भिला, ডাঃ তেজবাহাতুর সঞ্জ, মিঃ সি, ওগাই চিস্তামণি ও অক্সাক্ত মডারেট নেতারা ছিলেন। ঐ মর্মে এক সাধারণ বিজ্ঞপ্তিও প্রচার করা হইল। কিন্তু মৃদ্ধের সময় এই শ্রেণীর কাজের জন্ম সাক্ষরকারীদের মধ্যে সলেকেই অমৃতপ্ত হইয়াছিলেন।

মিসের বেশান্তের অন্তরীনের ফলে আমার পিতা ও অক্তান্ত মভারেট

## সমসাময়িক রাজনীতি

নেতারা হোমকল লীগে যোগদান করিলেন। কিন্তু কয়েক মাস পরে প্রায় সমস্ত মভারেটই লীগের সদস্তপদে ইস্তফা দিলেন। আমার পিতা রহিয়া গোলেন এবং এলাগবাদ শাধার সভাপতি হইলেন।

ধীরে ধীরে আমার পিতা গোড়া মজারেট দল হইতে বিচ্ছিন্ন হইয়া পড়িতে লাগিলেন। যেগানে কর্ত্তপঞ্চ সতত আমাদের আ,বেদনে উপেক্ষা ও অবজ্ঞা প্রদর্শন করেন, দেখানে অতিমাত্রায় আহুগত্য স্বীকারের বিরুদ্ধে তাঁহার স্বভাব বিজ্ঞাহ করিল। প্রাচীন চরমপন্থী নেতাদের বাকা ও কার্যা-প্রণালী তাঁহার নিকট অপ্রীতিকর ছিল বলিয়া দেদিকেও তিনি ঝুঁকিলেন না। মিদেদ বেশান্তের অন্তরীন ও পরবর্ত্তী ঘটনাবলীতে তাঁহার মধ্যে গুরুতর পরিবর্ত্তন দেখা দিল, কিন্তু তিনি ক্রতনিশ্চয় হইয়া পুরোভাগে আসিতে ইতস্ততঃ করিতে লাগিলেন। এই কালে তিনি বলিতেন, মডারেটদের कर्मनी ि कान काष्ट्रत नरह, जर्द हिन्दू-मूननमान ममना मीमाश्मा दाजीज, কার্য্যতঃ বড় কিছু করা কঠিন। তিনি আমাদের নিকট বলিতেন এই ममखात भौभारमा इटेल जिनि गुरकरानत गरेल राश निर्वत। आभारतत বাড়ীতে, নিখিল ভাবত রাষ্ট্রীয় সমিতির অধিবেশনে কংগ্রেস ও মুসলিম লীগের যে মিলিত পরিকল্পনা প্রস্তুত হয়, তাহা ১৯১৬র লক্ষ্ণৌ কংগ্রেসে গৃহীত হওয়ায় পিত। খুব খুদী হইলেন। তিনি দেখিলেন, মিলিতভাবে কার্য্য করিবার স্থযোগ আসিয়াছে। মভারেট দলের প্রাচীন সহক্ষীদের সহিত বিচ্ছিন্ন হইয়া তিনি অগ্রসর হইবার জন্ম প্রস্তুত হইলেন। ভারত-সচিব এডুইন মণ্টেগুর ভারতে আগমনের সময় পর্য্যস্ত তাঁহার৷ কোন প্রকারে একত্র ছিলেন। কিন্তু মণ্টেগু-চেমসফোর্ড রিপোর্ট প্রকাশের সঙ্গে সঙ্গে মতভেদ দেখা দিল। ১৯১৮র গ্রীম্মকালে, পিতার সভাপতিত্বে নক্ষ্ণৌএ আহুত প্রাদেশিক সম্মেলনে সম্পূর্ণ বিচ্ছেদ ঘটিল। মণ্টেগু-চেমসফোর্ড প্রস্তাবের তীক্র বিরোধিতা করা হইবে আশস্কা করিয়া মডারেটগণ এই সম্মেলন বয়কট করিলেন। পরে তাঁহারা এই প্রস্তাব আলোচনার জন্ম আহুত কংগ্রেসের বিশেষ অধিবেশনও ব্যুক্ট করিয়াছিলেন। ইহার পর হইতে মডারেটবৃন্দ আর কংগ্রেসে যোগ দেন নাই।

মভারেটগণের নিঃশব্দে কংগ্রেসত্যাগ, জনসভায় অমুপস্থিতি অধিকাংশের মতের বিরুদ্ধেও স্বমত সমর্থন ও প্রচারের উৎসাহহীনতা আমার দৃষ্টিতে অত্যম্ভ অগৌরবের বলিয়া মনে হইল। দেশকর্মীর পক্ষে ইহা অশোভনীয়। কেবল আমার নহে, অধিকাংশ দেশবাসীর মতও ইহাই। মভারেটগণ যে ভারতের রাষ্ট্রকেত্র হইতে সমূলে উৎসাদিত হইয়াছেন, তাঁহাদের এই ভীক্ষতাও ভাহার অন্তত্ম কারণ। মভারেট দল সমিলিত ভাবে কংগ্রেস বয়কট করিবার

#### चक्रवान (सर्क

পর প্রীযুক্ত শাস্ত্রী কয়েকটি জুধিবেশনে যোগ দিয়া তাঁহার মত ব্যক্ত করিয়াছিলেন। এই কারণে তিনি জনসাধারণের প্রজাও লাভ করিয়াছিলেন।

মহাযুদ্ধের প্রথমভাগে আমার ব্যক্তিগত রাজনৈতিক বা র্থনহিতকর কাষ্য বিশেষ উল্লেখযোগ্য নহে। আমি সাধারণ সভায় বক্তৃতা করিতাম না। বন্ধুতা করিতে আমার ভয় ও সংখাচ বোধ হইত। আমি জনসভায় ইংরাজীতে বক্তৃতা করা পছন্দ করিতাম না, কিন্তু হিন্দুস্থানীতে বক্তৃতা করিবার নিজ ক্ষমতা সম্বন্ধেও সন্দিহান ছিলাম। এই কালের একটি ক্ষুদ্র ঘটনা মনে পড়ে। ১৯১৫ সালে, ঠিক তারিথ মনে নাই, আমি এলাহাবাদের এক জনসভায় প্রথম বক্তৃতা করি। সংবাদপত্র দমনের নৃতন আইনের প্রতিবাদে ঐ সভা আহুত হয়। আমি সংক্ষেপে ইংকাজীতে কিছু বলিলাম। সভার শেষে সকলের সম্মুথে বক্তৃতামঞ্চের উপর আমাকে বিত্রত ও অপ্রস্তুত করিয়া ডাঃ তেজবাহাছুর সঞ আমাকে আলিঞ্বন ও চুম্বন করিয়া আশীর্বাদ করিলেন। ইহা আমার বক্তব্য বিষয় অথবা বলিবার ভঙ্গীর জন্ম নহে, তাঁহার আনন্দের কারণ এই যে, জনসাধারণের কাজে আর একজন নৃতন কর্মী পাওয়া গেল। তখন জনসাধারণের কাজ বলিতে বকৃতা করাই বুঝাইত। এই কালে আমরা অর্থাৎ এলাহাবাদের অনেক যুবক মনে করিতাম, ডা: সপ্র রাজনীতিক্ষেত্রে অধিকতর অগ্রগামী মতের অমুসরণ করিবেন। স্থরের মডারেটদের মধ্যে তিনিই ছিলেন ভাবপ্রবণ এবং সময় সময় মত্যম্ভ উৎসাহী হইয়া উঠিতেন, তাঁহার সহিত তুলনায় পিতাকে অত্যন্ত শীতল মনে হইড; যদিও বাহু আবরণের অন্তরালে প্রচুর অগ্নি ছিল। কিন্তু পিতার ইচ্ছাকে অবনমিত করার আশা আমরা প্রায় ছাড়িয়া দিয়াছিলাম এবং **কার্যাড়ঃ** ডাঃ সঞ্জর নিকটই অধিক প্রত্যাশা করিতাম। দীর্ঘকাল জনহিতকর কার্য্যে নিযুক্ত পণ্ডিত মদনমোহন মালব্যকেও আমরা শ্রদ্ধা করিতাম, ভাঁহার সহিত প্রায়ই দীর্ঘ আলোচনা করিতাম; নেতৃত্ব গ্রহণ করিয়া সাহসিকতার পথে দেশকে পরিচালিত করিবার জন্ম তাঁহাকে পীড়াপীড়ি কবিতাম।

এই সময়ে আমাদের গৃহে রাজনীতি আলোচনা বড় শান্তির ব্যাপার ছিল না। প্রায়ই আলোচনা গুরুতর আকার ধারণ করিত গুরুহং আবহাওয়া গরম হইয়া উঠিত। বাক্যমাত্রে পর্যাবসিত রাজনীতির স্মালোচনা এবং কর্ম্মের আগ্রহ দেখিয়া পিতা ব্রিতে পারিলেন আমি ক্রমশঃ চরমপন্থী ইইয়া পড়িতেছি। কিন্তু কি করা উচিত, তাহা আমার নিকট স্পাষ্ট '

### সমসাময়িক রাজনীতি

ছিল না; পিতা অহমান করিলেন, কতিপয় বাঞ্লী যুবকের মত আমিও হিংসাপন্থী হইয়া পড়িতেছি। ইহাতে পিতা অত্যন্ত হৃশ্চিস্তাগ্ৰন্থ হুইলেন। কিছ কাৰ্য্যতঃ আমার ওপথে আকর্ষণ ছিল না। বর্ত্তমান অবস্থা ও ব্যবস্থার বশ্যতা স্বীকার না করিয়া কিছু করা কর্ত্তব্য, এই চিস্তায় আমি ক্রমশঃ অধীর হইয়। উঠিলাম। সমগ্র জাতির কল্যাণে কোন সাফল্যপূর্ণ কার্য্য সহজ মনে হইত না নটে, তবে কি ব্যক্তির জীবনে কি জাতির জীবনে বিদেশী শাসনের বিরুদ্ধে এক সংগ্রামশীল মনোভাব পোষণ করা আত্মর্য্যাদা ও জাতীয় মর্য্যাদার ছোতক বলিয়া মনে হইত। নডারেট-নীতিতে বিরক্ত পিতার মধ্যেও মানসিক দ্বন্দ চলিতেছিল। কিন্তু কোন পথ সক্ষম্ম যে পর্যান্ত না তিনি সম্পূর্ণ নিঃসন্দেহ নাহন, ততক্ষণ ক্ষেত্র পরিবর্ত্তন করিবার মত লোক তিনি ছিলেন না। তাঁহার প্রত্যেক পদক্ষেপের পশ্চাতে রহিয়াছে, মানসিক সংগ্রামের তিক্ত ও কঠিন অভিজ্ঞান। নিজের প্র্যুভির সহিত যুদ্ধ করিয়াই তিনি অগ্রসর হইয়াছেন, পশ্চাতে ফিরিবার ভাব সম্পূর্ণরূপে বিসর্জন দিয়া। কোন সাময়িক উত্তেজনার বশে নহে, বিচারবৃদ্ধি দ্বারা নিশ্চিত সিদ্ধান্ত করিয়াই তিনি অগ্রসর হইয়াছেন। তাঁহার তীব্র আত্মমধ্যাদাজ্ঞান আর তাঁহাকে পিছনে চাহিবার অবসর দেয় নাই।

মিদেদ বেশান্তের অন্তরীন হইতেই তাঁহার রাজনৈতিক মত পরিবর্তিত হইতে থাকে; ক্রমে তিনি তাঁহার মডারেট দঙ্গীদের পশ্চাতে ফেলিয়া অগ্রদর হইলেন। অবশেষে ১৯১৯র পাঞ্জাবের বিষাদপূর্ণ ঘটনা তাঁহাকে আইনব্যবসায় ও অভ্যন্ত জীবন হইতে সম্পূর্ণরূপে বিচ্ছিন্ন করিল। তিনি গাছিজী প্রবর্ত্তি নৃতন আন্দোলনের সহিত নিজের ভাগ্যন্ত গাঁথিয়া লইলেছ।

শিক্ত ইহা তথনও ভবিশ্বতের গর্ভে। ১৯১৫-১৭-এই সময় তিনি কর্ত্তব্য নির্দ্ধারণ করিয়া উঠিতে পারেন নাই। একদিকে সংশয়সঙ্কলতা, অক্তদিকে আমার সম্বন্ধে ত্র্নিভিত্বা—এই মানসিক অবস্থায় তিনি কোন বিষয়ে ধীরভাবে আলোচনা করিতে পারিতেন না। প্রায়ই তাঁহার ধৈর্যাচ্যুতি ঘটিত, আমাদের আলোচনা সহসা বন্ধ হইয়া যাইত।

১৯১৬র বড়দিনে লাক্ষো কংগ্রেসে গান্ধিজীর সহিত আমার প্রথম সাক্ষাং হয়। দক্ষিণ আফ্রিকায় বীরত্বপূর্ণ সংগ্রামের জন্ম আমরা তাঁহাকে শ্রন্ধা করিতাম, কিন্তু আমাদের মত যুবকদের নিকট তিনি স্বদ্র স্বতম্ব এবং রাজনীতির সহিত সম্পর্কহীনরূপেই প্রতিভাত হইতেন। তথন তিনি দক্ষিণ আফ্রিকার ভারতীয় সমস্যা ব্যতীত, কংগ্রেসে জাতীয় রাজনীতি

### POTTON COLOR

সম্পর্কিত কোন আলোচনার যোগ দিতেন না। ইছার কিছুকাল পরে চাম্পারণ জিলার নীলকরদের বিরুদ্ধে তাঁহার পরিচালনার রুবক আন্দোলনের সাফল্য দেখিয়া আমরা উৎসাহিত হইলাম। আমরা ব্বিলাম, তিনি তাঁহার দক্ষিণ আফ্রিকার অবলম্বিত উপায় ভারতেও প্রয়োগ করিতে উন্বত ইইয়াছেন এবং তাহাতে সাফল্যের সম্ভাবনাও রহিয়াছে।

লক্ষ্ণে কংগ্রেসের পর, এলাহাবাদে সরোজিনী নাইডুর কয়েকটি আবেগময়ী বকৃতা শুনিয়া আমি মৃশ্ধ হইয়াছিলাম। এই বকৃতাশুলিতে জাতীয়ভাব ও দেশাত্মবোধের পরিপূর্ব প্রেরণা ছিল। আমি এই কালে খাটি জাতীয়তাবাদী হইয়া পড়িয়াছিলাম, আমার কলেজ-জাবনের অস্পষ্ট সমাজতান্ত্রিক ভাবগুলি প্রায় অন্তর্হিত হইয়াছিল। ১৯১৬ সালে আইরিশ-নেতা রোজার কেস্মেন্ট বিচারালয়ে দাড়াইয়া যে অপূর্ব বকৃতা করিয়াছিলেন, জাহা যেন উজ্জল অঙ্গুলী দিয়া দেখাইয়া দিল, পরাধীন জাতির সন্তানকে জাহা যেন উজ্জল অঙ্গুলী দিয়া দেখাইয়া দিল, পরাধীন জাতির সন্তানকে পরও কি সে অপূর্ব সাহসিকতা, যাহা ব্যর্থতাকে ব্যঙ্গ করিয়া জগতের সম্মুথে ঘোষণা করিতে পারে, কোন বাছবল জাতির অপরাজিত আত্মাকে ধ্বংস করিতে পারে না।

আমার তংকালীন এই মানসিক অবস্থার মধ্যেও আমি নৃতন করিয়া সমাজতান্ত্রিক গ্রন্থ পড়িতে লাগিলাম, এবং স্বপ্ত প্রাচীনভাবগুলি পুনরায় মন্তিকে আলোড়ন উপস্থিত করিল। কিন্তু ইহা অম্পষ্ট, মানবতা ও আদর্শবাদ মাত্র, খাঁটি বৈজ্ঞানিক সমাজতন্ত্রবাদ নহে। মহাযুদ্ধের সময়ে এবং তাহার পরেও বারটাও রাসেলের বইগুলি পড়িতে আমার খুব ভাল লাগিত।

এই সকল চিন্তা ও আকাক্ষাপ্রস্ত মানসিক বন্দ্রে আমি আইন ব্যবসায়ের প্রতি বিরক্ত হইয়া উঠিলাম। আর কিছু করিবার নাই বলিয়াই ইহাতে লিপ্ত রহিলাম, কিছু মামি অমুভব করিতে লাগিলাম, আমার চিন্ত জনসাধারণের কাজে, বিশেষতঃ সংঘর্ষমূলক রাজনৈতিক আন্দোলনের জন্ম ধেরূপ ব্যাকুল, তাহার সহিত আইনজীবীর কর্ত্তব্যের সামঞ্জন্ম হইবে না। ইহা কোন নীতির প্রশ্ন নহে, সময় ও শক্তির প্রশ্ন। কলিকাতার বিখ্যাত ব্যবহারজীবী স্থার রাসবিহারী ঘোষ, কি কারণে জানি না, আমার প্রতি অত্যন্ত স্নেহপ্রবণ হইয়াহিলেন, আইনব্যবসায়ে কি করিয়া উন্নতি করিতে হয়, সে বিষয়ে অনেক উপদেশ দিয়াছিলেন। বিশেষভাবে তিনি আমাকে, আমার পছলমত আইনবিষয়ক একখানি গ্রক্তা করিবার উপদেশ দিয়া বিলয়াছিলেন, নবীনদের পক্ষে নিজেকে প্রস্তুত করিবার ইহাই সর্ক্ষোৎকৃষ্ট

পছা। তিনি আমাকে গ্রন্থ লিখিতে দাহায্য করিবেন এবং উহা সংশোধন করিয়া দিবেন বলিয়া প্রতিশ্রুতিও দিয়াছিলেন। কিন্তু আমার ভবিশ্রুৎ উন্নতির জন্ম তাঁহার এই আগ্রহ সমস্তই নিক্ষল হইল, কেন না, আইনের বই লিখিয়া সময় ও শক্তির অপব্যবহার করিবার মত বিরক্তিকর কিছু আমি ভাবিতেই পারি না।

বৃদ্ধ বয়সে স্থার রাসবিহারীর মেজাজ অত্যস্ত থিট্থিটে হইয়াছিল, অলেই তিনি ধৈষ্য হারাইতেন, এজন্ম 'জুনিয়র ব্যারিষ্টারেরা' তাঁহাকে ভয় করিয়া চলিতেন। তাঁহার চুর্বলতা ও ক্রটি সত্ত্বেও, তাঁহার মধ্যে আকর্ষণের অনেক কিছু ছিল এবং আমার তাঁহাকে ভাল লাগিত। পিতা এবং আমি সিমলায় একবার তাঁহার অতিথি হইয়াছিলাম, (১৯১৮ সাল, তথন সবেমাত্র মন্টেগু-চেমস্ফোর্ড রিপোর্ট প্রকাশিত হইয়াছে ) একদিন তিনি নৈশভোজনে কয়েকজন বন্ধকে আহ্বান করেন, তাহার মধ্যে মি: থাপার্দেও ছিলেন। ভোজনান্তে স্থার রাসবিহারী ও মিঃ থাপার্দের তর্কযুদ্ধ মুখর হইয়া উঠিল। একজন হইলেন থাঁটি মডারেট এবং মিঃ খাপার্দে তংকালে একজন প্রধান তিলক-পন্থী বলিয়া বিবেচিত হইতেন। পরবর্ত্তী কালে অবশ্য তিনি ঘুঘুর মত নিরীহ এবং মডারেট অপেক্ষাও মডারেট হইয়াছিলেন। মি: খাপার্দে, গোখ্লের (কয়েক বৎসর পূর্বের মৃত) সমালোচনাপ্রসঙ্গে বলিতে লাগিলেন, তিনি ছিলেন ব্রিটিশ গুপ্তচর : একবার লগুনে তিনি আমার পিছনে লাগিয়াছিলেন। স্থার রাসবিহারী এই মস্ভব্য বরদান্ত করিতে পারিলেন না, তিনি উচ্চকঠে বলিলেন, গোণ্লে তাঁহার বিশিষ্ট বন্ধ, এবং তাঁহার মত উন্নতহানয় ব্যক্তি তিনি অল্পই দেখিয়াছেন, এহেন লোকের বিরুদ্ধে এমন কথা তিনি কিছুতেই মানিবেন না। তথন তিনি তুলিলেন এনিবাস শাস্ত্রীর কথা। যদিও স্থার রাসবিহারী এ প্রসঙ্গও পছন্দ করিলেন না, তবে পূর্বের ভায় ক্রোধ প্রকাশ করিলেন না। তিনি শ্রীনিবাস শাস্ত্রীকে যে গোথ্লের গ্রায় শ্রদ্ধা করেন না, ইহা স্পট্টই বোঝা গেল। তিনি বলিলেন, যতদিন গোখ্লে জীবিত ছিলেন, ততদিন তিনি সার্ভেণ্ট অফ ইণ্ডিয়া সোসাইটিকে অর্থ সাহায্য করিয়াছেন, তাঁহার মৃতার পর উহা বন্ধ করিয়া দিয়াছেন। তারপর মিঃ থাপার্দে তুলনা করিয়া তিলকের প্রশংসা আরম্ভ করিলেন। বলিলেন, ইনি একজন প্রকৃত পুরুষদিংহ, ইহার ব্যক্তিত্ব অতি প্রথর এবং ইনি একজন প্রকৃত সাধু। "नाधु ?" जात तानविशती मीश्वकरं वित्तान,—"नाधुरमत जामि मुना করি, উহাদের সহিত আমার কোন সম্পর্ক নাই।"

# আমার বিবাহ ও হিমালয় ভ্রমণ

>>> नात्म निह्नी नहरत आभात विवाह इग्न। तमिन वामको पक्षेते, —বসম্ভ ঋতুর প্রথম দিবস। এই বংসর গ্রীম্মকালে আমরা **কাম্মীরে** কাটাইয়াছি। আমাদের পরিবারবর্গ উপত্যকায় রহিলেন। আমি ও আমার এক জাতি ভাতা কয়েক সপ্তাহ পর্বতমালার মধ্য দিয়া লাডকের রান্ডা পর্যান্ত ভ্রমণ করিয়া আসিলাম। জগতের উর্দ্ধলোকে সন্ধীর্ণ নির্জ্জন গিরিপথে ব্যাদের ইহাই আমার প্রথম অভিক্ততা, এই পথ দ্রে তিকাতের মালভূমি পর্যান্ত প্রসারিত। জোজিলা গিরিসফটের শীর্ষে দাড়াইয়া দেখিলাম, নিয়ে ভামল গিরিমালা, উর্দ্ধে নিরাবরণ হিম্পীতল পুরুরাজি। আমরা উর্দ্ধে উঠিতে লাগিলাম, সমীর্ণ পথ, তুই দিকে তুবারমণ্ডিত তুক্স গিরিশৃক, সন্মুখে চিরত্বার। বাতাস শীতল তীক্ষ-স্পর্ণ হইলেও দিবাভাগে স্থাতাপ মনোরম। বাতাস এত বচ্ছ যে কোনও বস্তুর দূরত সম্বন্ধে এন হয়। যাহাকে निक्ठेवर्डी विनया मत्न इटेरज्रह, वञ्चजः जोहा वहपूरत। क्राम आमता अधनत हरेए नानिनाम। १४ उक्छन्।रीन, क्वन छन्धर्मक्छ बद्धरू আচ্ছন। কচিং কোথাও নম্নানন্দকর পুলসম্ভার। প্রফ্লতির এই বস্ত নির্জনতায় আমি এক অপূর্ব তৃপ্তি লাভ করিলাম; আমার শিরায় শিরায শক্তির অমুভূতি,—হাদয়ে আনন্দের উচ্ছাস।

এই অমণকালে আমি এক অপূর্ব্ব অভিজ্ঞতা লাভ করিরাছিলাম। জ্যোজিলা গিরিসকট অভিজ্ঞম করিবার পর সম্ভবতঃ মাজাক্তনে আসিরা ভানিলাম বিধ্যাত অমরনাথ গুহা মাত্র আট মাইল দ্রে। সন্মুখে ছিল তুবার-মোলী এক রহং পর্বত, কিন্তু তাহাতে কি আসে যার? আট মাইল কত সামান্ত। অনভিজ্ঞতাজনিত উৎসাহে আমরা যাত্রা ছির করিলাম। আমাদের বন্ধাবাস (সমুদ্র তীর হইতে ১১৫০০ ফিট উর্জ্বে স্থাপিত) ত্যাগ করিয়া আমরা ক্ষুদ্র দলটি লইয়া পর্বতে উঠিতে লাগিলাম। হানীয় এক মেষপালক আমাদের পথপ্রদর্শক হইল।

কতকগুলি ত্বার চাপ আমরা দড়ির সাহায়ে অতিক্রম করিলাম, ক্রমে পথক্রেশ বাড়িতে লাগিল, স্বাসকষ্ট অভ্তব করিতে লাগিলাম। আমাদের ক্ষেকজন কুলির বোঝা ভারী না থাকা সত্ত্বেও নাকম্থ দিয়া রক্ত পড়িতে

### আমার বিবাহ ও হিমালয় ভ্রমণ

नामिन। करम वत्रक পড़िতে नामिन, তুবারবর্ত্ম ও পিচ্ছিল হইয়া উঠিল। সামরা অবসর দেহে অত্যন্ত ক্লেশ ও সাবধানতার সহিত অগ্রসর হইতে লাগিলাম। তথাপি নির্ব্বোধ জিন ছাড়িতে পারিলাম না। ভার চারিটার সময় আমরা বন্তাবাস ত্যাগ করিয়াছিলাম। বার ঘণ্টা অবিশ্রান্ত পর্বত আরোহণ করিয়া এক বৃহৎ তুষারক্ষেত্রে উপস্থিত হইলাম। চারিদিকে তুষারপর্বত বেষ্টিত এই র্মাভূমি বেন একটি মণিপচিত মুকুট অথবা একখণ্ড দেবলোক। কিন্তু সহসা বরফ পড়িতে লাগিল। কুয়াশায় এই মনোহর দৃশু ঢাঁকিয়া গেল। আমার ধারণা আমরা ১৫ কি ১৬ হাজার ফিট উর্দ্ধে উঠিয়াছিলাম। এমন কি আমরা অমরনাথ গুহা ছাড়াইয়া উপরে উঠিয়া পড়িগছি। এখন আমাদিগকে অর্দ্ধমাইল ব্যাপী তৃষারক্ষেত্র অতিক্রম করিয়া গুহার অপর পার্যে উপস্থিত হইতে হইবে। এবার আর চড়াই নাই এই আখানে কতকটা নঘু হৃদয়ে আমরা যাত্রা করিলাম। কিন্তু ইহাতেও বিদ্ল উপস্থিত<sup>ী</sup> হইল। পথে বছতর ফাটল এবং সভাপতিত বরফে আরত বিপদসকুল স্থান ছিল। সভাপতিত বরফই আমাকে ব্যর্থমনোরথ করিল। কেবল পা বাড়াইয়াছি, নৃতন বরফ সরিয়া গেল, আমি এক বৃহৎ থালের মধ্যে পড়িলাম। দেই অতলে যদি তলাইয়া যাইতাম তাহা হইলে আমার দেহ ভবিশ্বতের ভৌগোলিক যুগের জুক্ত বরফে স্থরক্ষিত থাকিত। এক হাতে দড়ি ও অক্ত হাতে পর্বভেগাত্তের প্রান্ত ধরিয়া সে যাত্রা বাঁচিয়া গেলাম। সনীরা আমাকে টানিয়া তুলিল। আমরা ঘাবড়াইয়া গেলাম কিন্তু সঙ্গল ত্যাগ করিলাম না। क्रा ज्यादात कांग्न मः थात्र अधिक ও विखीर्ग इहेशा प्रथा निष्ठ नांशिन, ঐশুলি উত্তীর্ণ হইবার উপযুক্ত কোনও সাজসরঞ্জাম আমাদের ছিল না। व्याजा व्याच ७ क्रान्डरम् । त्राच नहेश वामारमत किर्तिते हरेन, অমরনাথ গুহা আর দেখা হইল না।

কাশ্মীরের গিরি অরণ্য উপত্যকা এমনভাবে আমাকে মৃদ্ধ করিল যে, সহল্প করিলাম শীদ্রই পুনরায় ফিরিয়া আসিব। তারপর তিবতের মনোহর মানসসরোবর তুষারশৃদ্ধ কৈলাসগিরি দর্শনলালসা আমাকে কত দিন অধীর করিয়া তুলিয়াছে। কত ভ্রমণতালিকা প্রস্তুত করিয়াছি, কিছু আঠার বৎসরেও সে সাধ পূর্ণ হয় নাই। এমন কি, যে কাশ্মীর দেখিবার জন্ম প্রায়ই আমার চিত্ত ব্যাকুল হইয়া উঠে, ক্রমশং রাজনীতি ও জনসাধারণের জটিল কাজে জড়াইয়া পড়িয়া সে সাধও পূর্ণ করিতে পারি নাই। পর্বতারোহণ কিছা সম্প্রলক্ত্যন করিয়া আমার ভ্রমণত্যজা কারাগারে আসিয়া তৃথিলাভ করিয়াছে। কিন্তু এখনও মনে মনে অনেক সহল্প করি। কারাগারে কেহ আমাকে এ আনন্দ ইইতে বঞ্চিত করিতে

### जंखकान (मर्क

পারে না এবং কল্পনা ছাড়া কারাগারে আর কি-ই বা করিবার আছে? আমার ইন্সিত সেই সরোবর সেই পর্বত দেখিবার জন্ম আমি ষেদিন হিমগিরির ক্রোড়ে ভ্রমণ করিব, আমি সেই দিনের স্থপ্ন দেখি। কিন্তু জীবন বহিয়া চলিয়াছে,—যৌবনও চলিয়াছে প্রোচ়ত্বের অভিমুখে, তাহাও পরিণামে একদিন বার্জক্য আনিবে, যথন কি কৈলাস কি মানসসরোবর ভ্রমণের সামর্থ্য থাকিবে না কিন্তু যদি নাও তাহা দেখিতে পাই তথাপি কল্পনায় আনন্দ আছে।

"আমার মানসপটে ঐ পর্বতশিথর অটলোন্নত। সন্ধ্যারক্তরাগে তাহাদের ত্র্গম ত্রারোহ স্থানগুলি আবৃত। এবং আমার আত্মা আঁথিপ্রাস্তে বিদিয়া সেই চিরশাস্ত তুষার তৃষ্ণায় অধীর।

ওয়ান্টার ডি লা মেয়ার।"

9

# গান্ধিজীর অভ্যুদয়—সত্যাগ্রহ ও অমৃতসর

মহাযুদ্ধের অবসানে ভারতবর্ষে এক অবরুদ্ধ উত্তেজনা দৃষ্ট হইল। কলকারথানা প্রসার লাভ করিয়াছে,—ধনিকশ্রেণীর ক্ষমতা ও ঐশর্য্য বর্দ্ধিত হইয়াছে। শীর্ষস্থানীয় এই মৃষ্টিমের ব্যক্তি অধিকতর ক্ষমতার জন্ম লুব্ধ এবং সঞ্চিত অর্থ অধিকতর উপার্জ্জনের আশায়, খাটাইবার স্থবিধা খুঁজিতে ব্যস্ত। এই সৌভাগ্য হইতে বঞ্চিত বিশাল জনস্কুল যে তুর্কহ ভারে পিষ্ট হইতেছিল তাহা হইতে মৃক্তির আশায় ভবিশ্বতের দিকে দৃষ্টিপাত করিতেছে। মধ্যশ্রেণীর মধ্যে সর্করে শাসনতন্ত্রের এক পরিবর্ত্তনের আকাজ্রু, যাহা দ্বারা কতক পরিমাণে স্বায়ন্ত্রশাসন পাওয়া যাইবে এবং তাহার ফলে অনেক নৃতন কর্মু, জুটুবে, অবস্থা অনেকাংশে উন্ধত হইবে। শান্তিপূর্ণ ও সম্পূর্ণরূপে নিয়মতান্ত্রিক আন্দোলন ক্রমশং অগ্রসর হইতেছিল এবং আত্মনিয়ন্ত্রণ ও সায়ন্ত্রশাসনের প্রতিশ্রুতির বিষয় লোকে আলোচনা করিতেছিল। আহ্মবৃদ্ধিক কিছু অশান্তি জনসাধারণের মধ্যে, বিশেষ করিয়া কৃষকদের মধ্যে দেখা যাইতেছিল। পাঞ্জাবের পরীঅঞ্চলে বলপূর্বক রংক্রট সংগ্রহের ভিক্তশ্বতি তথনও বিশ্বমান। "কামাগাটা মাক" জাহাজে

## গান্ধিজীর অভ্যুদয়—সভ্যাগ্রহ ও অমৃভসর

আগত পাঞ্চাবীদের বিহুদ্ধে দলননীতি ও অংগরাপর বড়বন্ত্রের মামলায় অসন্তোষ বিহুত হইয়ছিল। বৈদেশিক যুদ্ধক্তে হইছে প্রত্যাগত সৈনিকেরা আর পূর্বের মত যন্ত্রবং আনুনশপালনকারী নহে। তাহাদের মানসিক অবস্থার পরিবর্ত্তন হইয়াছিল ও তাহাদের মধ্যে যথেষ্ট অসন্তোষ ছিল। তুরক্তের প্রতি ব্যবহার ও থিলাকং সমস্যা লইয়া মুনলমানদের মধ্যেও ক্রোধ ও উত্তেজনার সঞ্চার হইতেছিল। তুরক্তের সহিত সন্ধিপত্র তথন স্বাক্ষরিত হয় নাই বটে, কিন্তু অবস্থার গুরুত্ব বুঝা যাইতেছিল। এই কারণে তাহারা উত্তেজিত হইয়াও তথনও অপেকা করিতেছিল।

ভয় ও উৎকণ্ঠামিশ্রিত আশা লইয়া সমগ্র ভারতবর্ষ এক বৃহৎ প্রত্যাশায় অপেকা করিতেছিল, এমন সময় রাউলাট বিল আসিল। ইহার মধ্যে প্রচলিত আইনের বিধিনিষেধ অগ্রাহ্ম করিয়া বিনাবিচারে গ্রেফ্তা: ও বন্দী করিবার ধারা ছিল। সমগ্র ভারতবর্বে এক ক্রন্ধ প্রতিবাদের তরক উঠিল, এমন কি মডারেটগণ পর্যান্ত সমস্ত শক্তি লইয়া এই প্রতিবাদে যোগ দিলেন। সকল শ্রেণীর সকল মতের ভারতবাসীর এই দেশব্যাপী প্রতিবাদ সত্ত্বেও শাসকগণ এই বিল আইনে পরিণত করিয়া ফেলিলেন। তবে জনমতকে সম্ভুষ্ট করিবার জন্ম উহার পর্মায়ু মাত্র তিন বংসর 🖏 ইইল। আজ পনর বংসর পরে এই বিল্ও তংসংক্রান্ত আন্দোলনের করা চিন্তা করিলে অনেক শিকা লাভ করা যায়। ঐ বিল আইনে পরিক্রত হইবার পর তিন বংসরের মধ্যে কথনও উহা প্রয়োগ করা হয় নাই, অথচ এই তিন বংসরে যে অশান্তি আলোড়ন দেখা গিয়াছে ১৮৫৭র বিদ্রোহের পর ভারতে আর তাহা দেখা যায় নাই। ব্রিটিশ গভর্ণমেণ্ট সম্মিলিত জনমত অগ্রাঞ্ করিয়া যে আইন পাশ করিলেন, অথচ প্রয়োগ করিলেন না—তাহাই এক বিরাট আন্দোলনের স্বাষ্ট করিল। অশাস্তি সৃষ্টি করাই এই শ্রেণীর আইনের উদ্দেশ্য যে-কেহ এইরূপ ভাবিতে পারে। আজ পনর বৎসর পরেও আমরা দেখিতেছি, রাউলাট আইন অপেক্ষাও কঠোর বহুতর আইন বিধিবদ্ধ হইয়াছে এবং তাহার প্রয়োগও নিতানৈমিত্তিক ব্যাপার। যে সকল নৃতন আইন ও অর্ডিনান্সের আওতায় আমরা ব্রিটিশ শাসনের আশীর্কাদ লাভ করিতেছি তাহাদের সহিত তুলনায় রাউলাট বিল তো স্বাধীনতার ছাড়পত্র। অবশ্য তথনকার সহিত তুলনায় এখন পার্থক্য অনেক বেশী। ১৯১২ সাল হইতে আমরা মণ্টেশু-চেম্সফোর্ড পরিকল্পনামুধালী এক দকা স্বায়ত্তশাসন ভোগ করিতেছি, এখন ভনিতেছি আর এক দফা পাইবার সময় আসর। আমরা উরতি লাভ করিতেছি।

### जिल्ह्यान जिल्ह्य

১৯১৯র প্রথমভাগে গ্রীগান্ধিজীর কঠিন পীড়া হয়। তিনি রোগশ্যা হইতে বড়লাটের নিকট আবেদন করেন যে, তিনি যেন রাউলাট, বিলে সম্মতিদান না করেন। অন্তান্ত্যের মত এই আবেদনেও উপেক্ষা প্রদর্শিত হইল। গ্রান্ধিজী নিজের ইচ্ছার বিফদ্ধেই প্রথম নিখিল ভারতীয় আব্দোলনের নেতৃত্ব গ্রহণ করিলেন। তিনি সভ্যাগ্রহ সভা স্থাপন করিলেন। সদস্তগণ রাউলাট আইন ও কতকগুলি নির্দিষ্ট ফ্রনীতিমূলক আইন অমাক্ত করিবার প্রতিশ্রুতি গ্রহণ করিলেন, অর্থাৎ তাঁহারা স্বেচ্ছায় প্রকাশ্তভাবে কারাবরণ করিবেন।

এই প্রস্তাব প্রথম যখন আমি সংবাদপত্তে পাঠ করিলাম তথন আমার মন হইতে যেন একটা ভার নামিয়া গেল। অবশেষে পথের সন্ধান মিলিল। এই স্পষ্ট সরল কর্মপদ্ধতি হয় তো বা কার্য্যকরী হইতে পারে। আমি উৎসাহে মাতিয়া উঠিলাম, অবিলম্বে সত্যাগ্রহ সভায় যোগ দিবার সহল্প করিলাম। আইনভঙ্গ কারাগমন প্রভৃতির পরিণাম কি, সে िछा । या प्राप्त प्रति विकास कि प्रति ना । विकास कि प्रति ना । किन्छ महमा जामात উৎमाह निजिया श्वान । जामि त्यिनाम वााभाति। অত সহজ নয়। আমার পিতা এই নৃতন ভাবের সম্পূর্ণ বিহুদ্ধে । শাড়াইলেন। নৃতন কিছু লইয়া সহসা মাতিয়া উঠা তাঁহার স্বভাব নহে।, অগ্রসর হইবার পূর্বে তিনি সাবধানতার সহিত ভবিষ্কং চিন্তা করেন। স্ত্যাগ্রহ সভা ও তাহার কার্যাপদ্ধতি তিনি যত চিম্তা করিতে লাগিলেন ! ভতই ইহা তাঁহার অপছন হইতে লাগিল। কতকগুলি লোক জেলে গেলে কি লাভ হইবে এবং গভর্ণমেণ্টের উপরই বা তাঁহার প্রভাব কতটুকু? ইহা ছাড়া বাক্তিগতভাবেও তাঁহার মন সায় দিল না। আমি क्काल बाइव इंश डाँशांत्र निकर अठाख अयोक्तिक मत्न इंदेन। ज्यनस **टक**रन यां ७ यां त्र भागा २ २ वर्ष भारती वर्ष भारती वर्ष कर वित्रक्तिक द ছিল। পিতা তাঁহার সন্তানদের প্রতি অতান্ত আসক্ত ছিলেন। তাঁহার শ্বেহ বাহিরে :প্রকাশ পাইত না কিন্তু সংযমের অন্তরালে তাহা অত্যন্ত গভীর ছিল।

কিছুদিন ধরিয়া মানসিক শ্বন্ধ চলিল এবং আমরা উভয়েই অঞ্ভব করিলাম যে রহং একটা কিছু আসিতেছে যাহা আমাদের বর্জমান জীবনের ধারাকে বিপর্যান্ত করিয়া ফেলিবে। আমরা পরস্পারের মনোভাব সম্পর্কে যথাসম্ভব সহামুভূতিসম্পন্ন ছিলাম। যদি পারিতাম ভাষা হইলে তাঁহার মানসিক যন্ত্রণা লাঘব করিতাম কিন্তু আমার চিত্তও সত্যাগ্রহকে বরণ করিবার জন্ম প্রস্তুত হইয়াছে, এ সম্বন্ধে বিনুমাত্রও সন্দেহ ছিল না।

## গান্ধিজীর অভ্যুদর—সভ্যাগ্রহ ও অমৃতসর

আমরা উভরেই সম্বপ্তচিত্তে দিন অতিবাহিত করিতে লাগিলাম।
মর্মবেদনায় কাতর হইয়া রাত্রির পর রাত্রি আমি যদ্চ্ছা ভ্রমণ করিতাম—
কোন পথে মৃক্তি ? আর পিতা—আমি পরে আবিকার করিলাম—রাত্রে
মেঝেতে শুইয়া পরীক্ষা করিতেন আমি কারাগারে গেলে কঠিন মৃত্তিকাশ্যনে
কিরপ বেদনা পাইব!

পিতার অন্থরোধে গান্ধিঞ্জী এলাহাবাদে আদিলেন। উভয়ের মধ্যে আলোচনাকালে আমি উপস্থিত ছিলাম না। এই আলোচনার ফলে গান্ধিন্ধী আমাকে এই বিষয় লইয়া তাড়াতাড়ি কিছু করিতে অথবা পিতার মনে আঘাত করিতে নিষেধ করিলেন। আমি ইহাতে খুসী হইলাম না কিন্তু ভারতে তাহার পর যে সব ঘটনা ঘটিল তাহার ফলে অবস্থার পরিবর্ত্তন হইল এবং সত্যাগ্রহ সভার কার্য্য বন্ধ হইয়া গেল।

সত্যাগ্রহ দিবস—নিখিল ভারত হরতাল এবং সমস্ত কাজকর্ম বন্ধ-দিল্লী ও অমুউদরের পুলিশ ও দৈতাদলের গুলিবর্ষণ—বছলোক হতাহত— অমৃতসর এবং আহামদাবাদে জনতার উপদ্রব—জালিয়ানালাবাগের হত্যাকাও-পাঞ্জাবে সামরিক আইনের ভয়াবহ অত্যাচার ও অপমান। পাঞ্জাব সমস্ত ভারতবর্ধ হইতে বিচ্ছিন্ন হইল। বহির্জ্জগতের দৃষ্টির বাহিরে কি ঘটিতেছে কিছুই বোঝা গেল না। পাঞ্চাবের কোন সংবাদ পাওল ত্বত হইয়া উঠিল, পাঞ্চাবে গমনাগমন নিষিদ্ধ হইল। যে छुटे-চाর अस वाक्ति मारे नत्क हरेए भनायन कतिए मक्स हरेयाहिन, তাহারা এত ভীতিবিহবল যে কোন ঘটনারই পরিষ্কার বিবরণ দিতে পারিল না। অসহায় অক্ষমের মত আমরা তিক্ত হৃদয়ে সংবাদের জন্ম অপেক্ষা করিতে লাগিলাম মাত্র। আমরা কেহ কেহ সামরিক আইনের বিধি-নিষেধ অগ্রাহ্ম করিয়া প্রকাশভাবে পাঞ্জাবের পীড়িত অঞ্চলে প্রবেশ করিতে উত্তত হইলাম কিন্তু আমাদিগকে নিবারণ করা হইল এবং ইতিমধ্যে সাহায্য প্রদান এবং অতুসন্ধান করিবার জন্ম কংগ্রেসের পক্ষ হইতে একটি শক্তিশালী সমিতি গঠিত হইল। প্রধান প্রধান অঞ্চলে সামরিক আইন প্রত্যাহ্বত এবং পুলিশের বাধা অপসারিত হইবামাত্র বিশিষ্ট কংগ্রেসনেতা এবং অন্তান্ত সকলে পাঞ্চাবে উপস্থিত হইলেন। সাহায্যদান এবং অহুসন্ধানকার্য্যের স্ট্রনা হইল।

পণ্ডিত মদনমোহন মালব্য ও স্বামী শ্রদ্ধানন্দ সাহায্যপ্রদানের ভার লইলেন, অমুসন্ধানের ভার প্রধানতঃ আমার পিতা ও চিত্তরঞ্জন দাশের উপর অর্পিত হইল। গান্ধিজীও পরিদর্শন করিতে লাগিলেন এবং সকলে প্রয়োজন মত তাঁহার পরামর্শ গ্রহণ করিতেন। দেশবন্ধু দাশ

### व अवस्थान (नव्य

বিশেষভাবে অমৃতসর অঞ্চলের ভার গ্রহণ করিলেন। তাঁহার নির্দেশ

অফ্সারে তাঁহাকে সাহায্য করিবার জন্ত আমাকে তাঁহার সহকারী

নিযুক্ত করা হইল। তাঁহার সহিত একত্রে এবং তাঁহার অধীনে
কার্য্য করার হুযোগ আমার জীবনে এই প্রথম আসিল। মৃল্যবান
অভিজ্ঞতা লাভের সঙ্গে সঙ্গে তাঁহার প্রতি আমার শ্রদ্ধাও বিদ্ধিত

হইল। জালিয়ানালাবাগ এবং যে গলিতে মাফুষকে বৃকে হাঁটিয়া চলিতে
বাধ্য করা হইত ভংসম্পর্কিত সমস্ত সাক্ষ্য প্রমাণ আমাদের সম্মুখেই
গৃহীত হইয়াছিল এবং পরে তাহা কংগ্রেস অফুসদ্ধান সমিতির রিপোর্টে
প্রকাশিত হয়। আমরা তথাকথিত বাগটি বহুবার পরিদর্শন করিয়াছি
এবং ইহার প্রত্যেক অংশ তর্মতার করিয়া অফুসদ্ধান করিয়াছি।

কথা উঠিয়াছিল, মনে হয় মি: এড্ওয়ার্ড টমসনই কথাটা তুলিয়াছিলেন যে, জেনারেল ডায়ারের ধারণা ছিল, বাগ হইতে বাহির
হইবার অন্ত পথ আছে, এই কারণেই তিনি দীর্ঘকাল গুলিবর্ষণ করিয়া
ছিলেন। এমন কি, তাহাই যদি ডায়ারের ধারণা হয় এবং কার্য্যতঃ নির্গমন
পথ থাকিয়াই থাকে, তবু ঠাহার দায়িত্ব লঘু হয় না। ঠাহার এরপ ধারণা
ছিল ইহা অতি আশ্চর্য্যের কথা। তিনি যে উচ্চভূমির উপর দাড়াইয়াছিলেন
দেখানে যে-কেহ দাঁড়াইলে সমস্তটা মাঠ পরিশ্বাররূপে দেখিতে পাইষে
এবং আরপ্ত দেখিবে, স্থানটি চারিদিকে কয়েকতলা উচু বাড়ীতে ঘেরা।
কেবল একশত ফিটের মত জায়গায় কোন বাড়ী ছিল না, পাঁচ ফিট উচ্চ
দেয়াল ছিল। যখন অবিশ্রান্ত গুলিবর্ষণে মরণাহত জনতা পলাইবার পথ
পাইল না, তখন সহস্র সহস্র ব্যক্তি প্রাচীরের দিকে ধাবিত হইল এবং
উহা লঙ্খন করিতে চেষ্টা করিল, জনতার পলায়ন বন্ধ করিবার জন্তা দেয়ালের
দিকে লক্ষ্য করিয়া ( আমাদের গৃহীত সাক্ষ্য হইতে এবং প্রাচীরে অসংখ্য
বুলেটের দাগ হইতে ) গুলি বর্ষণ করা হইয়াছিল।

ঘটনার অবসানে দেয়ালের তুই পার্ষে হতাহত নরদেহ বড় বড় স্তুপে পরিণত হইয়াছিল। বংসরের শেষে (১৯১৯) আমি অমৃতসর হইতে রাত্রির টেনে দিল্লী আসিতেছিলাম, কামরায় প্রবেশ করিয়া দেপিলাম উপরের একথানি বার্থ ব্যতীত আর সবগুল্লিই নিদ্রিত যাত্রীরা দখল করিয়া ফেলিয়াছেন। আমি উপরের থালি বার্থ দখল করিলাম। প্রভাতে দেখিলাম আমার সহযাত্রী সকলেই সামরিক কর্মচারী, তাঁহাদের মধ্যে একজন বড় গলায় অহন্ধারের স্বরে কথা বলিতেছিলেন। আমার চিনিতে বিলম্ব হইল না যে ইনিই ডায়ার—জালিয়ানালা বাগের বীর। তিনি অমৃতসরের অভিক্ততা বর্ণনা করিতেছিলেন, কেমন করিয়া

দমত দহর তাহার করায়ত্ত হইয়াছিল, বিদ্রোহী নগরীকে ভক্ষত পে পরিণত করিবার কি আগ্রহ তিনি অন্থত্তব করিয়াছিলেন কিন্তু কেবল করুণা বশত:ই তাহা করেন নাই। বুঝিলাম, তিনি হান্টার অন্থসদ্ধান কমিটির সমূথে সাক্ষ্য দিয়া লাহোর হইতে ফিরিতেছেন। তাঁহার নির্মম হাবভাব ও কথাবলার ভঙ্গীতে আমি মর্মাহত হইলাম। লাল ডোরাকাটা পায়জামা ও ডেুসিংগাউন পরিয়া তিনি দিল্লী ষ্টেসনে নামিলেন।

পাঞ্চাবে অন্তুসন্ধানকালে গান্ধিজীকে আমি ঘনিষ্ঠভাবে দেখিবার স্থান্য পাইয়াছিলাম। আমাদের কমিটিতে তিনি প্রায়ই এমন অভিনব প্রস্তাব তুলিতেন যে, কমিটি তাহা অন্তুমোদন করিতে পারিতেন না কিন্তু তিনি যুক্তিতর্কসহকারে ঐগুলি গ্রহণ করিবার জন্ম অন্তুরাধ করিতেন এবং পরবর্ত্তী ঘটনায় তাঁহার দ্রদর্শিতা আমরা বৃথিতে পারিয়াছিলাম। তাঁহার রাজনৈতিক অন্তর্দৃষ্টির উপর আমার বিশাস জিমিল।

পাঞ্চাবের ঘটনা এবং অনুসন্ধান আমার পিতার উপর গভীর প্রভাব বিস্তার করিল। তাঁহার আইন ও নিয়মতন্ত্রনিষ্ঠার দৃঢ়ভিত্তি ইহাতে বিচলিত হইল। তাঁহার মন পরবর্ত্তী কালের পরিবর্তনের জন্ম প্রস্তুত হইতে লাগিল। ইতিমধ্যে তিনি প্রাচীন মডারেটায় ভূমি হইতে আনেক দ্র অগ্রসর হইয়াছিলেন। এলাহাবাদের প্রধান মডারেট সংবাদপত্র 'দি লীডার'-এর উপর বিরক্ত হইয়া তিনি ১৯১৯-এর গোড়ায় এলাহাবাদ হইতে 'দি ইন্ডিপেণ্ডেন্ট' নামক একথানি দৈনিক পত্রিক। প্রকাশ করেন। কাগজ্বানি জনপ্রিয়তার দিক দিয়া সাফল্য লাভ করিল।

কিন্তু স্ট্রচনা হইতেই পরিচালনা ব্যাপারে এক আশর্য্য অক্ষমতা ইহার প্রতিষ্ঠার পথে বিশ্ব স্থান্ট করিতে লাগিল। এই পত্রিকার সহিত জড়িত ডাইরেক্টারগণ, সম্পাদকগণ এবং কার্য্যপরিচালনা বিভাগ সকলেই ইহার জন্ম অল্পবিস্তর দায়ী। আমিও ইহার একজন ডাইরেক্টার ছিলাম। কিন্তু এই কাজে আমার কিছুমাত্র অভিজ্ঞতা ছিল না। সমস্ত ঝঞ্লাট, কাগজ সংক্রান্ত গল্পগুজব নৈশ তৃঃস্বপ্লের মত আমাকে ভারাক্রান্ত করিল। আমি এবং পিতা পাঞ্জাবে চলিয়া গেলাম। আমাদের দীর্ঘ অক্সপন্থিতির মধ্যে কাগজের অবস্থা ক্রমশঃ থারাপ হইয়া অবশেষে উহা অর্থসন্ধটে পতিত হইল। ১৯২০-২১এ যদিও ইহা একবার মাথাটাড়া দিয়াছিল, কিন্তু এই আঘাত সামলাইতে পারিল না। অবশেষে ১৯২৩এ ইহা বন্ধ হইয়া গেল। সংবাদপত্রের স্বত্যাধিকারীর

### विश्वकान जिल्ला

অভিজ্ঞতা আমার চিত্তে যে ভীতির সঞ্চার করিল, তাহার কলে সংবাদপত্ত্রের ভাইরেক্টারের দায়িত্গ্রহণ করিতে আমি বরাবর অস্বীকার করিয়াছি। অবশু কারাগার এবং বাহিরের অন্যান্ত কার্থ্যে উহা করঃ আমার পক্ষে সম্ভবপরও ছিল না।

১৯১৯এর বড়দিনে পিতা অমৃত্যর কংগ্রেসের সভাপতি ইইয়াছিলেন।
পাঞ্চাবের সামরিক আইনের ফলে যে নৃতন অবস্থার উদ্ভব ইইয়াছিল,
তাহা শ্বরণ করাইয়া দিয়া কংগ্রেসের অধিবেশনে যোগদান করিবার জন্তু
পিতা 'মডারেট' ও 'লিবারেল'দিগের নিকট আবেগময় আবেদন প্রেরণ
করিলেন। (এখন ইইতে 'মডারেটগণ' নিজেদের 'লিবারেল' এই নামে
পরিচয় দিতে লাগিলেন)। পিতা লিখিলেন, "পাঞ্জাবের কতবিক্ষত হাদয়"
তাঁহাদের আহ্বান করিতেছে। কিন্তু পিতা অভিপ্রেত উত্তর পাইলেন না।
মডারেটগণ যোগ দিতে অস্বীকার করিলেন। তাঁহারা তখন নৃতন 'রিফর্মের'
প্রতি লালায়িত দৃষ্টি নিক্ষেপ করিতেছিলেন। এই প্রত্যাখ্যানে পিতা
আহত ইইলেন এবং তাঁহার ও লিবারেলদের মধ্যে ব্যবধান বিস্তৃত্তর
ইইল।

অমৃত্দর কংগ্রেদ প্রথম গান্ধী কংগ্রেদ। লোকমান্ত তিলকও এই কংগ্রেদে উপস্থিত ছিলেন এবং আলোচনায় প্রধান অংশ গ্রহণ করিয়াছিলেন। কিন্তু অধিকাংশ প্রতিনিধি এবং সমবেত বিশাল জনতা যে গান্ধীর নেতৃত্বের জন্মই উৎস্থক হইয়াছিল তাহাতে লেশ মাত্রও সন্দেহ ছিল না। মহাত্মা গান্ধী কি জয়' ধ্বনিতে এই সমগ্র হইতেই ভারতীয় রাজনৈতিক গগন ম্থরিত হইতে থাকে। সন্থ অহুরীন-মৃক্ত আলীভ্রাতৃদ্য আদিয়া কংগ্রেদে যোগদান করিলেন এবং জাতীয় আন্দোলন নৃতন স্থরে ও রূপে আত্মপ্রকাশ করিল।

মহমদ আলী শীঘ্রই বিলাফত ডেপুটেশন লইয়া ইউরোপে চলিয়া গেলেন। ভারতীয় বিলাফত কমিটি ক্রমে ক্রমে গান্ধিজীর প্রভাবে প্রভাবান্থিত হইতে লাগিল এবং তাঁহার অহিংস অসহযোগের ভাব লইয়া নাড়াচাড়া আরম্ভ করিল। ১৯২০এর জামুরারী মাসে দিল্লীতে বিলাফত নেতৃর্দ্দ, মৌলবী ও উলেমাদের একটি সভার কথা আমার মনে আছে। কথা হইল, বড়লাটের নিকট এক বিলাফত ডেপুটেশন প্রেরিত হইবে, গান্ধিজীও তাহাতে যোগ দিবেন। গান্ধিজী দিল্লী আসিবার পূর্বেই প্রদ্রলিত নিয়মার্কারে আবেদনের একথানা বসড়া বড়লাটের নিকট প্রেরিত হইয়াছিল।

# গান্ধিজীর অভ্যুদ্য—সভ্যাগ্রহ ও অমৃতসর

ষোগ দিবেন না। তাঁহার আপত্তির কারণ এই যে, খস্ডাখানিতে অনাবশুক বাগাড়ম্বর করা হইয়াছে। মুসলমানদের সর্কানিয় দাবী স্পটভাবে উল্লেখ করা হয় নাই। ঠাহার মতে ইহা কি বড়লাট, কি ব্রিটিশ গভর্গমেন্ট, কি জনসাধারণ, এমন কি তাঁহাদের নিজেদের প্রতিও স্থবিচার করা হয় না। অসম্ভব অতিরিক্ত দাবী কবিয়া তাহার জন্ম চেষ্টা না করা অপেক্ষা স্পটভাবে সর্কানিয় দাবী উল্লেখ করিয়া তাহা প্রণের জন্ম আপ্রাণ চেষ্টা করা ভাল। যদি সভ্যই তাঁহারা দৃঢ়প্রতিশ্ব্রু হইয়া থাকেন তাহা হইলে ইহাই একনাত্র সন্ধত ওঁপমানজনক পদ্য।

এই শ্রেণীর যুক্তি ভারত্তে রাজনীতি ও অন্তান্ত, ক্ষেত্রে সভিনব।

স্মামরা বাহুল্য বাগাড়ম্বর ও আলকারিক ভাষায় অভ্যন্ত এবং সর্বলাই

দরক্যাক্ষি করিয়া জিতিয়া যাইবার মতলব আমাদের মনের মধ্যে থাকে।

যাহা হউক, গান্ধিজীর মতই গৃহীত হইল। তিনি বড়লাটের প্রাইভেট

সেকেটারীর নিকট প্রেরিত থসড়ার ক্রটি ও অস্পষ্টতা উল্লেখ করিয়া এক

পত্র লিখিলেন এবং উহার আরও কয়েকটি নৃতন বিষয় জুড়িয়া দিলেন।

ইহাতে তিনি সর্বনিয় দাবী উল্লেখ করিলেন।, উত্তরে বড়লাট নৃতন

বিষয়গুলি গ্রহণ করিতে অস্বীকার করিয়া জানাইলেন যে, পূর্বের থসড়াই

যথেষ্ট। গান্ধিজী ভাবিলেন, তাঁহার ও থিলাফত কমিটির মনোভাব স্পাই

রূপে প্রকাশিত হইয়াছে। অতএব তিনি ডেপুটেশনে যোগ দিলেন।

ইহা স্পষ্টই বোঝা গেল যে, গভর্ণমেন্ট থিলাফত কমিটির দাবী মানিয়া লইবেন না এবং সংঘর্ষ অনিবার্য। মৌলবী উলেমাদের সহিত দীর্ঘ আলোচনা হল হইল, অহিংসা ও অসহযোগ, বিশেষভাবে অহিংসা লইয়া বিচার চলিল। গান্ধিজী, তাঁহাদিগকে বলিলেন যে, অহিংসা সর্বভোতাবে গ্রহণ করিবার প্রতিশ্রুতি যদি তাঁহারা দেন, তাহা হইলে তিনি তাঁহাদের সহিত যোগ দিবেন। কিন্তু অহিংসা সম্বন্ধে কোন বিধা সক্ষোচ অথবা আপোষের ভাব থাকিছে পারিবে না। মৌলবীদের পক্ষেত্রইলেন। ক্রিক্তাহারা ইহা স্পষ্ট করিয়া বলিলেন যে, তাঁহারা স্বীকৃত হইলেন। ক্রিক্তাহারা ইহা স্পষ্ট করিয়া বলিলেন যে, তাঁহারা মূলনীতি হিসাবে নহে, কৌশলুরূপেই ইহাকে গ্রহণ করিবেন, কেন না মহৎ উদ্দেশ্ত সাধুনের জন্ম বলপ্রয়োগ করা তাঁহাদের ধর্ম্মে নিষিদ্ধ নহে। ১৯২০ সালে সতিক ও থিলাফত আন্দোলন একই লক্ষ্যে পাশাপাশি চলিতে লাজিল। কংগ্রেস গান্ধিজীর অসহযোগ গ্রহণ করায় উভয় আন্দোল মিটিছে হইল। থিলাফত কমিটি প্রথম এই কার্যাপদ্ধতি গ্রহণ এবং ১লা আগন্ট হইতে আন্দোলন আরম্ভ হইবে বলিয়া ঘোষিত হয়।

# जंबरत्रमान दनस्त्र

বংসরের প্রথম ভাগে এলাহাবাদে এই কার্যপদ্ধতি বিবেচনা করিবার জ্ঞ ম্সলমানদের এক সভা ( আমার মনে হয়, ম্সলিম লীগের কাউন্সিল) আছুত হইয়াছিল। সৈয়দ রেজা আলীর গৃহে অধিবেশন হয়। মৌলানা মহামদ আলী তথন ইউরোপে; কিন্তু সৌকত আলী উপস্থিত ছিলেন। এই সভার কথা আমার মনে আছে, কেন না ইহার আলোচনা দেখিয়া আমি অত্যন্ত নিরাশ হইয়াছিলাম। সৌকত আলী অবশ্য অত্যন্ত আগ্রহ প্রকাশ করিতেছিলেন কিন্তু অন্তান্ত সকলে বিরস্বদনে অস্বাচ্ছন্দ্য অমূভ্ব করিতেছিলেন। তাঁহারা ইহার প্রতিবাদ করিতে সাহস পাইতেছিলেন না অথচ ইহার দায়িত্ব গ্রহণ করিবার মত মনোভাবও তাঁহাদের ছিল না। এই শ্রেণীর লোক কি ব্রিটিশ-সাম্রাজ্যের বিরুদ্ধে দাঁড়াইয়া বিপ্লব पारमानन পরিচালনা করিতে সক্ষম? গান্ধিজী বক্তৃতা করিলেন, তাহা ন্তনিয়া প্রত্যেকের মনে অধিকতর ভীতির ছায়া ফুটিয়া উঠিল। তাঁহার বক্তৃতায় নেতৃত্বের আত্মপ্রতায় ছিল, তিনি বিনয়ী অথচ কঠিন হীরকথণ্ডের ন্তায় উজ্জ্বল, তাঁহার বাক্য মৃত্মধুর অথচ অনমনীয় ও ঐকান্তিক। তাঁহার দৃষ্টি স্নিগ্ধ ও গভীর অথচ তাহার মধ্যে উগ্রশক্তি ও দৃচ্সকল্পের বজ্রাগ্নি। তিনি বলিলেন, এক শক্তিমান বিক্লবাদীর সহিত বৃহৎ সংঘর্ষের স্থ্রপাত হইবে, আপনারা যদি ইহা চাহেন তাহা হইলে সর্বস্থ হারাইবার জন্ত প্রস্তুত হইতে হইবে, আপনাদিগকে অহিংসা ও অক্যাক্ত শৃঝলা যথায়থ ভাবে পালন করিতে হইবে। যুদ্ধ বাধিলে সামরিক আইন অনিবার্য্য হইয়া উঠে। আমাদের অহিংদ যুদ্ধেও যদি আমরা জয়লাভ করিতে চাহি তাহা হইলে আমাদিগকে একনায়কত্ব ও সামরিক আইনের অহুদ্ধপ कठिन मुख्यला अक्रीकात कतिएक शहरत। आभनाता आभारक भनाघारक তাড়াইয়া দিতে পারেন, আমার মন্তক দাবী করিতে পারেন, অথবা ইচ্ছামত যে-কোন শান্তি দিতে পারেন কিন্তু যত দিন আপনারা আমাকে নেতা বলিয়া স্বীকার করিবেন, তত দিন আমার সর্ত্ত মানিতে হইবে, আমার একনায়কত্ব স্বীকার করিতে হইবে, সামরিক আইনের দুঢ়শুঝলা মানিতে হইবে। কিন্তু একনায়কত্ব থাকিবে আপনাদের সদিচ্ছা, সহযোগিতা ও বেচ্ছায় স্বীকৃতির উপর প্রতিষ্ঠিত। যে মুহর্তে ইচ্ছা স্বামার ভাবান্তর **मिशिल** श्यामारक मृद्र निरक्ष्प क्रिट्रिन, यामि कान या कत्रिव ना।

এই শ্রেণীর সামরিক উপমাও অনমনীয় আবেগময় দৃঢ়তা দেখিয়া আন শ্রেণাংশ শ্রোতারই বুক কাঁপিতে লাগিল। কিন্তু সৌকত আলী য়াতুরদের পিঠ চাপড়াইয়া থাড়া রাখিলেন। যথন ভোটের সময়

### গাঁজিজীর অভ্যুদ্র—সভ্যাগ্রহ ও অমৃভসর

আদিল তথন অধিকাংশই নিরীহ ও দলজ্যভাবে প্রস্তাবের পক্ষে ভোট দিলেন এবং ইহা যুদ্ধেরই জন্ম।

সভা হইতে শহিরে আসিয়া আমি গান্ধিজীকে জিজ্ঞাসা করিলাম, এক বৃহৎ সংঘর্ষের কি ইহাই পথ? আমি প্রত্যাশা করিয়াছিলাম উৎসাহ উদ্দীপনাময় ভাষা, জলস্তচক্ষ্, কিন্তু তাহার পরিবর্ত্তে দেখিলাম একদল ভীক নিশ্রভ মধাবয়ও লোক। ইহারা কেবল জনমতের ভয়ে ভোট দিয়াছে। অবশ্য মুসলিম লীগের এই সক্দল সদস্যের অতি অল্প সংখ্যক লোকই আন্দোলনে যোগ দিয়াছিলেন। তাঁহাদের অনেকে নিরাশদ সরকারী চাকুরীর আশ্রয় গ্রহণ করিয়াছিলেন। মুস্লিম লীগ তথন এবং পরবর্ত্তীকালেও মুসলমান জনমতের প্রতিনিধি স্থানীয় ছিল না। ১৯২০এর খিলাফত কমিটি প্রকৃত শক্তিশালী ও প্রতিনিধিমূলক প্রতিষ্ঠানে পরিণত হইয়াছিল এবং এই কমিটি উৎসাহ ও উদ্দীপনার সহিত সংঘর্ষে প্রবৃত্ত হইয়াছিল।

১লা আগষ্ট গান্ধিজী অসহযোগ আন্দোলনের উদ্বোধন দিবস বলিয়া ঘোষণা করিলেন। অবশু উহা তথনও কংগ্রেসে আলোচিত ও গৃহীত হয় নাই। ঐ দিবসই লোকমান্ত বোম্বাইয়ে দেহত্যাগ করেন এবং সিন্ধুভ্রমণ সমাপ্ত করিয়া ঐ দিন গান্ধিজী বোম্বাইয়ে উপস্থিত হন। সর্বজনপ্রিয় পরলোকগত মহান নেতার প্রতি শ্রদ্ধা প্রদর্শনের জন্ত বোম্বাই সহরে লক্ষ্ণ নরনারীর শোক্যাত্রায় আমিও গান্ধিজীর সহিত যোগ দিয়াছিলাম।

# আমার বহিষ্কার এবং তাহার ফলাফল

षामात्र त्राष्ट्रनी তি, আমাत्र শ্রেণীর, অর্থাৎ--- বুর্জ্জোয়া-রাজনীতি। व्यवश्र ক্রখন (এখনও বছল পরিমাণে) রাজনৈতিক আন্দোলন ক্ষালন। কৈ মডারেট, কি চরমপন্থী—একই শ্রেণীভুক্ত এবং স্বীয় উন্নতিতে আগ্রহান্বিত; কেবল পথ বিভিন্ন। মডারেটরা কিশেবভাবে মৃষ্টিমেয় উচ্চশ্রেণীর প্রতিনিধি। এই শ্রেণী বৃটিশ শাসনের সমৃদ্ধিশালী হইয়াছে, ইহারা বর্ত্তমান প্রতিষ্ঠা ও স্বার্থ বিপন্ন হুইবার আশ্বায় সহসা কোনও গুরুতর পরিবর্তনের বিরোধী, ব্রিটিশ গভর্ণমেণ্ট ও বড় জমিদারশ্রেণীর সহিত ইহাদের সম্পর্ক ঘনিষ্ঠ। চরমপদ্মীদলে মধ্যশ্রেণীর নিম্নতর স্তরের প্রতিনিধিও ছিল। ইহা ছাড়া যুদ্ধের ফলে বর্দ্ধিত কারথানার শ্রমিকদের কতকগুলি স্থানীয় সমিতি ছিল, কিন্তু তাহার বিশেষ প্রভাব প্রতিপত্তি ছিল না। ক্লযক শ্রেণী অন্ধ, দারিদ্রা-পীড়িত, অদৃষ্ট-নির্ভর, নিশেষ্ট এবং প্রত্যেকের দারাই শোষিত— গভর্ণমেন্ট, জমিদার, কুসিদজীবী, কুদ্র কর্মচারী, পুলিশ, উকিল্লপুরোহিত, মোলা। সংবাদপত্রের পাঠকগণ বুঝিতেই পারিবেন না যে, ভারতে বিশাল কৃষকশ্রেণী এবং লক্ষ লক্ষ শ্রমিক রহিয়াছে কিম্বা তাহাদের কোন মূল্য ইংরাজপরিচালিত ফ্যাংলো-ইণ্ডিয়ান সংবাদপত্রগুলি বড় বড় রাজপুরুষদের কথা, বৃহৎ নগরীর ইংরাজদের দামাজিক জীবন, শৈলনিবাসগুলির ধানাপিনা, নিমন্ত্রণ সভা, রঙ্গিন পোষাকে বলনুত্য এবং স্থের নাট্যাভিনয়ের বিস্তৃত বিবরণে পূর্ণ থাকে। ভারতবাসীর দিক হইতে ভারতীয় রাজনীতি আলোচনা তাহারা সম্পূর্ণরূপে উপেক্ষা করেন। এমন কি অধিবেশনের বিবরণও শেষের দিকের পাতায় সংক্ষেপে প্রকাশিত হয়। এই সংবাদগুলির কোন মূল্য আছে তাঁহারা স্বীকার করেন না। কিন্ত যখন কোন খ্যাত কি অখ্যাত ভারতীয়, কংগ্রেসকে গালি দিয়া অথবা তাহার ঔদ্ধত্যের তীব্র সমালোচনা করিয়া কোনও প্রবন্ধ লেখেন সাদরে প্রকাশিত হয়। সময় সময় ধর্মঘটের সংক্ষিপ্ত বিবরণ প্রকাশিত हम, मानाहानामा वाजीज भन्नी अकरनद मःवामक्षिनित्क कमाहिर श्राधांन দেওয়া হয়।

### আমার বহিষার ও তাহার ফলাফল

17.3

ভারতীয় সংবাদপত্রগুলি য়্যাংলো ইণ্ডিয়ান ভৌলের নকল করিলেও জাতীয় আন্দোলনকে বছলাংশে প্রাধান্ত দিয়া থাকেন। ইহা ছাড়া ভারতীয়দের বড় অথবা ছোট চাকুরীতে নিয়োগ, পদোর্নতি, বদলি প্রভৃতি লইয়া আলোচনা হয় এলং কোন কর্মচারীর বিদায় সম্বর্জনায় যথন "অতি রক্ত উৎসাহের সঞ্চার" হইতেই হইবে, তখন তাহাও প্রাধান্ত দিয়া প্রকাশ করা হয়। গভর্নমেন্ট শ্থন পল্লীঅঞ্চলে জ্বিপের কাজ আরম্ভ ' করেন, যাহার ফলে সরকারী রাজস্ব রুদ্ধি অনিবার্ধ্য তখন জমিদারদের পকেটে হাত পড়ে বলিয়া কাগজে হৈ চৈ স্থক হয়। গরীব ক্লবকের ইহার মধ্যে স্থান নাই। এই সকল খবরের কাগজের মালিক ও পরিচালক জ্মিদান্ত্র ও ব্যবসায়ীরা এবং এইগুলিকেই আমরা "ক্যাশনালিষ্ট" বা জ্বাতীয় ভাবাদী পত্রিকা বলিয়া থাকি।

প্রথাম দিকে কংগ্রেস যে সব অঞ্চলে চিরস্থায়ী বন্দোবস্ত নাই সেধানে চিরস্থায়ী বন্দোবস্তের দাবী করিয়া প্রতি বংসর প্রস্তাব পাশ করিত, যাহাতে জমিদারদিগের স্থায়ী স্বধিকার সাব্যস্ত হয়। রায়তদের কথা উল্লেখ কথা ইইত না।

কিন্তু গৈত বিশ বংসরে জাতীয় আন্দোলনের প্রসারতা হেতু অবস্থার অনেক পর্ট্রিবর্ত্তন হইয়াছে, এখন ভারতীয় পাঠকগণের মনোরঞ্জন করিবার জন্ম ইংরাজ চালিত পত্রিকাগুলি পর্যান্য ভারতীয় রাজনৈতিক সমস্থার জন্ম কিছু স্থান দিয়া থাকেন। কিন্তু ইহাও তাঁহারা নিজেদের অভিকৃচি অমুযায়ী করিয়া থাকেন। ভারতীয় সংবাদপত্রগুলির দৃষ্টি কিয়ৎ পরিমাণে উদার হইয়াটে, কৃষক ও শ্রমিকদের প্রতি সদয় সহাত্মভৃতি প্রকাশ করা হয়: কেন না বর্ত্তমানে ইহা একটা ফ্যাসান এবং তাহাদের পাঠকেরাও कृषि ७ कार्यानात ममला नहेंगा हेनानीः जात्नाहनां कतिया शास्क्री কিন্তু পূর্বের মত এখনও তাঁহারা তাহাদের মালিক ভারতীয় ব্যবসায়ী ও জমিদার শ্রেণীর স্বার্থই সমর্থন করিয়া থাকেন। বহু দেশীয় নৃপতিও এই সকল সংবাদপত্রে টাকা থাটাইয়া থাকেন এবং টাকার পূর্ণ সার্থকতা লাভের দিকেও তাহাদের দৃষ্টি থাকে। তথাপি এই শ্রেণীর সংবাদপত্র নিজেদের কংগ্রেসপন্থী বলিয়া প্রচার করিয়া থাকেন যদিও তাঁহাদের পরিচালকগণ কংগ্রেসের সদস্য পর্যান্ত নহেন। কিন্তু কংগ্রেস জনপ্রিয় বলিয়া অনেক ব্যক্তি ও দল নিজেদের স্বাথসিদ্ধির জন্ম ঐ নাম ব্যবহার করিয়া থাকেন; অবশ্য যে সকল সংবাদপত্র অধিকতর অগ্রসর হইতে চায় তাহাদিগকে মোটা জরিমানা, এমন কি, কঠোর প্রেস আইন ও সংবাদ-নিয়ন্ত্রণের চাপে অপঘাত মৃত্যুর ভয়ে সম্বস্ত থাকিতে হয়।

### ज अर्जनान (नर्ज

১৯২০ সালে কারখানার শ্রমিক অথবা রুষিমজুরদের অবস্থা সন্থকে আমি সম্পূর্ণ অক্স ছিলাম। আমার রাজনৈতিক জ্ঞানের পরিধি মধ্যশ্রেণীর মধ্যেই সীমাবদ্ধ ছিল। অবশ্র আমি ভয়াবহ দারিদ্রা ও তৃঃখের কথা জানিতাম ও ভাবিতাম ভারতবর্ষ রাজনৈতিক স্বাধীনতা পাইলে তাহার প্রথম কর্ত্ব্য হইবে এই দারিদ্রা সমস্রার সমাধান। কিন্তু রাজনৈতিক স্বাধীনতা এবং তাহার সহিত অপরিহার্য্য মধ্যশ্রেণীর প্রভূত্ব আমার নিকট পরবর্ত্তী সোপান বলিয়া মনে হইত। গান্ধিজীর চম্পারণ (বিহার) এবং কায়রার (গুজরাট) রুষক আন্দোলনের পর আমি রুষকদের সমস্যাগুলির প্রতি বিশেষভাবে মনোযোগ দিলাম। কিন্তু ১৯২০-এর রাজনৈতিক স্বটনাগুলির এবং আগতপ্রায় অসহযোগ আন্দোলনের সম্ভাবনায় তথন আমার স্থানের সব্ধানি কুড়িয়া ছিল।

পরবর্ত্তীকালে রাজনীতিক্ষেত্রে গুরুদায়িত্ব গ্রহণ করিবার একাস্ক আকাজ্জা আমি এই সময় হইতেই অনুভব করিতে লাগিলাম। একদিন আমার ইচ্ছার বিরুদ্ধেই আমি সহসা রুষকদের সংস্পর্ণে আসিলাম, ইহা এক আশ্চর্যা ঘটনা।

আমার মাতা এবং কমলা (আমার স্ত্রী) অস্থৃন্থ বলিয়া ১৯২০-এর মে মাদের প্রথমে তাঁহাদিগকে লইয়া মুদৌরীতে গেলাম। আমার পিতা তথন একজুন বড় রাজার মামলা লইয়া বাস্ত ছিলেন, তাঁহার বিক্লে ছিলেন মি: দি আর দাশ। আমরা মুসৌরীর ভত্ত হোটেলে উঠিলাম। তথন ইংরাজ ও আফগান প্রতিনিধিদের মধ্যে সন্ধির কথারার্তা মুসৌরীতে চলিতেছিল। ( আমামুলার সিংহানন আরোহণের পর ১৯১৯ এ আফগান যুদ্ধের অব্যবহিত পরের ঘটনা) আফগান প্রতিনিধিরাও স্থাভয় হোটেলে ছিলেন। তাঁহারা স্বতন্ত্র থাকিতেন, স্বতন্ত্র ভোজন করিতেন এবং ক্থনও সাধারণ বৈঠকথানায় আসিতেন না। আমার তাঁহাদের সহজে বিশেষ কোনও কৌতৃহল ছিল না। এক মাদের মধ্যে কদাচিং কাহাকেও দেখিয়াছি। प्तथा इटेटन ७ कान मञ्जाषनामि इत्र नारे। महमा वकमिन मन्तारिका পুলিশ অপারিনটেনডেন্ট আদিয়া আমার সহিত দেখা করিলেন এবং প্রাদেশিক গভর্ণমেণ্টের একখানি পত্র দেখাইয়া বলিলেন যে, জাপনি আফগান প্রতিনিধিদের কোনও সংস্পর্ণে আসি:বন না—এই মর্গে প্রতিশ্রতি লইতে আমি আদিষ্ট হইয়াছি। ইহা আমার নিকট অত্যন্ত আশ্বর্ষ্য मान इटेन। त्कन ना अक मान व्यवद्यात्नत मार्था व्यामि छाष्ट्रारमत नहिङ দেখা পর্যান্ত করি নাই! ভবিশ্বতেও সে সম্ভাবনা অল্প। স্থপারিণ্টেন্ডেণ্টও সেকথা জানিতেন: কেন না তিনি প্রতিনিধিদের উপর নজর রাখিতেন।

### আমার বহিষার ও তাহার ফলাফল

তাহা ছাড়া গোয়েন্দাবিভাগের অসংখ্য গুপ্তচরের তো কথাই নাই। কিছু প্রতিশ্রুতি দেওয়া আমার প্রকৃতিবিক্লন্ধ। আমি তাঁহাকে তাহা বলিলাম। তিনি আমাকে জেলা ম্যাজিট্রেট ও ছানর স্থপাবিটেনডেটের সহিত দেখা করিতে বলিলেন। আমি তাঁহাও করিলাম। কিছু কিছুতেই যখন আমি প্রতিশ্রুতি দিতে স্মৃতি ইইলাম না, তখন চিঝিল ঘণ্টার মধ্যে দেরাছন জিলা ত্যাগ করিয়া থাইবার জন্ম আমার উপর বহিন্ধারের আদেশ দেওয়া হইল। ইহার অর্থ আমাকে কয়েক ঘণ্টার মধ্যেই মুসৌরী ত্যাগ করিতে হইবে। কয়া মাতা ও স্ত্রীকে ফেলিয়া চলিয়া আসাটা আমার ভাল বোধ হইল না। অন্য দিকে আদেশ অমান্য করাও সক্ষত মনে করিলাম না। তখনও সিভিল ডিসওবিডিয়েন্সের কথা উঠে নাই। অগত্যা আমি মুসৌরী ত্যাগ করিলাম।

যুক্ত দেশের তদানীস্তন গভর্ণর শুর হারকুট বাটলারের সহিত আমার পিতার ঘনিষ্ঠ পরিচয় ছিল। তিনি তাঁহাকে বন্ধুভাবে এক পত্র লিখিয়া জানাইলেন যে, নিশ্চয়ই তিনি (প্রার হারকুট) এরপ নির্বোধ আদেশ त्मन नारे। निकारे निमनात त्कान छैर्यत मिछत्क रेटात जन रहेशाह्छ। স্থার হারকুট উত্তরে লিখিলেন যে এমন নির্দোষ আদেশ জওহরলাল সহজেই মান্ত করিতে পারিত এবং তাহাতে তাহার মর্য্যাদার কোন লাঘব ঘটিত না। পিতা উত্তরে তাহার সহিত ভিন্ন মত অবলম্বন ুকরিলেন, এবং লিখিলেন, যদিও ইচ্ছা করিয়া আদেশ ভঙ্গের উদ্দেশ্য জুঁওহরলালের নাই তবুও তাহার মাতা ও স্ত্রীর স্বাস্থ্যের জগু যদি প্রয়োজন হয় তাহা হইলে আনেশ থাকুক বা না থাকুক সে মুসৌরীতে ফিরিয়া যাইবে। তাহাই ঘটিল। আমার মাতার শারীরিক অবস্থা মন, থবর পাইয়া তৎক্ষণাৎ আমি ও পিতা মুসৌরী যাত্রা করিলাম। যাত্রার অব্যবহিত পূর্বের আমরা তারে সংবাদ পাইলাম আদেশ প্রত্যাহ্নত হইয়াছে। মুসৌরীতে পৌছিয়া প্রদিন প্রভাতে প্রথম যাহার সহিত আমার দেখা হইল তিনি একজন আফগান, আমার শিশুকত্যাকে কোলে লইয়া হোটেলের উঠানে দাঁড়াইয়া আছেন। আমি জানিলাম, তিনি একজন সচিব ও আফগান প্রতিনিধিদলের সদস্য। আমার বহিষ্কারের অবাবহিত পরেই সংবাদপত্তে তাহা পাঠ করিয়া তাঁহারা কোতৃহলী হইয়া উঠিয়াছিলেন এবং প্রতিনিধি-দলের নেতা প্রত্যহ এক ঝুড়ি ফল ও পুষ্পাদি আমার মাতার নিকট পাঠাইতেন।

পিতা ও আমি পরে ছই-এক জন প্রতিনিধির সহিত আলাপ করিয়াছিলাম। তাঁহারা আমাদিগকে আফগানিস্থানে যাইবার জক্ত সাদর নিমন্ত্রণ

#### বওহরলাল নেহর

করিয়াছিলেন। তুর্ভাগ্যক্রমে সে স্থযোগ আমরা গ্রহণ করিতে পারি নাই। এবং আমি জানি না সে দেশের নৃতন আমলে এখনও সে নিমন্ত্রণের মেয়াদ আছে কি না।

মুদৌরী হইতে বহিন্ধারের আদেশের ফলে আমাকে তৃই সপ্তাহ এলাহাবাদে থাকিতে হইয়াছিল। এই সময় আমি কৃষক আন্দোলনে জড়াইয়া পড়িলাম। পরবর্ত্তী কালে এই ঘনিষ্ঠতা আমার মানসিক দৃষ্টিভঙ্গীর উপর গভীর প্রভাব বিস্তার করিয়াছিল। সময় সময় বিশ্বিত হইয়া ভাবি বহিন্ধারের স্কলে যদি এই সময় আমি এলাহাবাদে না থাকিতাম তাহা হইলে এই যোগাযোগ ঘটিত না। হইতে পারে শীঘ্র বা বিলম্বে আমি কৃষক আন্দোলনে গিয়া পড়িতাম কিন্তু তাহার কারণ ও ভঙ্গী হইত স্বতন্ত্র এবং আমার মনে প্রতিক্রিয়াও হইত অন্ত রকমের।

ষতদ্র শারণ হয়, ১৯২০এর জুন মাদের প্রথম ভাগে প্রায় ২ শত রুষক প্রতাপগড় জিলার পঞ্চাশ মাইল দ্রবর্ত্তী পল্লী-অঞ্চল হইতে এলাহাবাদ সহরে হাঁটিয়া আদিয়ছিল। স্থানীয় প্রধান রাজনীতিকগণের দৃষ্টি ভাহাদের তৃঃধত্র্দশার প্রতি আকর্ষণ করাই তাহাদের উদ্দেশ্য ছিল। তাহাদের নেতা ছিল রামচন্দ্র নামক এক বাক্তি। সে অবশ্য স্থানীয় রুষক ছিল না। আমি শুনিলাম, রুষকেরা য়ম্নার কোনও একটি ঘাটে নদীতীরে আন্তানা ফেলিয়াছে। কয়েকজন বয়ুর সঙ্গে তাহাদের সহিত দেখা করিতে গোলাম। তাহারা আমাদিগকে তালুকদারদের জাের করিয়া টাকা আদায়ের কথা, অমায়্রিক অতাাচারের কথা এবং তাহাদের অবস্থা য়ে কিয়্রপ অস্থ হইয়া উঠিয়াছে তাহা বর্ণনা করিল। তাহারা আমাদের নিকট প্রার্থনা করিল, যাহাতে আমরা তাহাদের সহিত গিয়া এ বিষয়ে অয়্পান্ধান করি। এইভাবে এলাহাবাদ আদায় তালুকদারদের কুদ্দ প্রতিশোধ প্রবৃত্তি হইতে রক্ষা করিবার আবেদনও তাহারা জানাইল। তাহারা কোন মৃক্তি মানিতে চাহে না, আমাদিগকে অন্ধ আবেগে আক্রাইয়া ধরিল, অগতাা আমি প্রতিশ্বতি দিলাম তুই দিনের মধাই তাহাদের অঞ্চলে যাইব।

রেলওয়ে, এমন কি, পাকা রান্ত! ছইতে বহুদ্রের গ্রামগুলিতে আমি কতিপয় সহকল্মীসহ তিন দিন যাপন করিলাম। ইহা আমার নিকট নৃতন আবিদ্ধার! আমি দেখিলাম, পল্লীবাসীরা এক অপুর্ব উৎসাহ, অন্পপ্রেরণা ও উদ্দীপনায় মাতিয়। উঠিল। মুধে মুখে সংবাদ দিলে বিশাল জনতা হইত, গ্রাম হইতে গ্রামান্তরে লোকমুখে সংবাদ ছুটিত, কুটির ত্যাপ করিয়া পিশীলিকাশ্রেশীর মত নরনারী বালক্বালিকা প্রান্তর-পথ বাহিয়া সভান্থলে উপস্থিত হইত। অথবা 'সীতারাম' বলিয়া একবার চীৎকার করাই

### আমার বহিষার ও ভাহার ফলাফল

যথেষ্ট—'দীতা রা-আ-ম' আকাশে ধ্বনিত প্রতিধ্বনিত হইয়া দ্রদ্রাঠে জনসভ্যকে উচ্চকিত করিয়া তুলিত; জলস্রোতের মত জনস্রোত ছুটিয়া আদিত। এই দকল নরনারীর পরিধানে জীর্ণ মলিন বসন, বদনে জলস্ত উৎসাহ, নয়নে এক মহৎ স্ভাবনার প্রতাশা দীপ্তি, যেন এই মৃহুঠেই কোন ইন্দ্রজাল ঘটিবে, তাহাদের দীর্ঘ তৃঃখনিশার অবসান হইবে।

🕇 তাহাদের স্থেহ আমাদের উপর বর্ষিত হইল। তাহারা প্রীতিমিঞ্জ আশাপূর্ণ নয়নে আমাদের মৃথের পানে চাহিল, যেন আমরা আশার সংবাদ লইয়া আসিয়াছি। যেন আমরা তাহাদিগকে প্রত্যাশিত স্থত্বর্গে লইয়া যাইবার অগ্রদূত। তাহাদিগের পানে চাহিয়া তাহাদের হুদশা ও অজস্ত্র কৃতজ্ঞতায় আমি লজ্জায় তু:থে মরমে মরিয়া গেলান, নিজের স্বচ্ছন্দ স্থাী আরামের জীবনের জন্ম লজ্জা বোধ করিলামু। ভারতের অर्फनश এই বিশালজনসভ্যকে অগ্রাহ্ম করিয়া আমাদের নাগরিক সমীর্ণ রাজনীতির জন্ত লজ্জিত হইলাম। ভারতের এই অস্হনীয় দারিস্তা 😣 অধঃপতন দেখিয়া কোতে মিয়মান হুইলাম, নগ্ন ক্ষ্বিত বক্ত মেফদণ্ড সম্পূর্ণরূপে অসহায় ভারতের এক নবীন চিত্র আমায় মানস্পটে উদিত হইল। নগরীর এই ক্ষণিকের অতিথির প্রতি তাহাদের বিশাস দেখিয়া আমি বিব্ৰত হইলাম এবং অভিনব দায়িত্ব ভাবিয়া ভীত इंग्रेनाम। তाहारमत अनस प्रथिकाहिनी धनिनाम, कमरिक्षिण थासना, বেআইনী আবোয়াব, জমি ও মৃংকুটীর হইতে উচ্ছেদ; চারি দিকে মাংদপ্রতাশী শকুনের দল-জমিদারের গোমকা, মহাজন ও পুলিশ। উদয়ান্ত পরিশ্রম করিয়া যাহা উৎপন্ন হয় তাহা তাহাদের নহে, তাহাদের প্রাপ্য পুরস্কার পদাঘাত, গালি এবং কৃষিত উদর। উপস্থিত ক্ল্যকগণের মধ্যে অনেকেই ভূমিশৃন্ত, জমিদার তাহাদের উচ্ছেদ করিয়াছে, দাঁড়াইবার মত এক কানি জমি কি একটি কুটির পর্যান্ত নাই। জমি উর্বার, থাজনা অত্যধিক, ক্ষুদ্র ক্ষুদ্র খণ্ডে বিভক্ত এবং জমির উমেদার কম নহে। সকলেই জমির কাঙ্গাল, এই অবস্থার স্থযোগ লইয়। জ্মিদারেরা আইনত নির্দিষ্ট হারের অতিরিক্ত থাজনা বৃদ্ধি করিতে अक्कम इहेश नाना क्षकांत ८व-आहेनी आत्वाशांव मांगी क्रिशा शांदक। রায়তেরা উপায়াস্তরহীন হইয়া মহাজনের নিকট টাকা কৰ্জ করিয়া জমিদারের অস্তায্য দাবী পূরণ করে এবং পরে দেনা শোধ দিতে না পারিয়া এবং খাজনা দিতে অপারগ হইয়া ভূমি হইতে উৎখাৎ হইয়া সর্বস্বান্ত হয়।

এই প্রথা দীর্ঘকাল চলিয়া আসিতেছে এবং কৃষকগণেরও ক্রমবর্দ্ধমান

### ज्ञानांन महत्र

দারিদ্রোর স্টনা হইয়াছে অনেকদিন। হঠাৎ কি ঘটিল যাহার ফলে পরী
অঞ্চলে এই জাগরণ? আর্থিক অবস্থা, অবস্থা অযোধ্যার সর্বঅই একরূপ।
১৯২০-২১এর রুষক আন্দোলন প্রধানতঃ প্রতাপগড়, রায়বেরিলি ও
কৈজাবাদ এই তিনটি জেলায় আবদ্ধ ছিল। ইহা একটি ব্যক্তি
রামিচন্দ্রের নেতৃত্বের ফলেই সম্ভব হইয়াছিল। লোকে তাঁহাকে বলিত
বাবা-রামচন্দ্র।

রামচন্দ্র ছিল মহারাষ্ট্র বাধী। সে চুক্তিবদ্ধ শ্রমিক হইয়া ফিজিতে গিয়াছিল। দেশে ফিরিয়া যদৃচ্ছা ভ্রমণ করিতে করিতে অযোধ্যায় আসিয়া উপস্থিত হয়। সে গ্রামে গ্রামে তুলদীদাদের রামায়ণ গান করিত ও রুষকগণের তৃঃখত্দিশার কথা শুনিত। সে সামান্ত লেখাপড়া জ্ঞানিত এবং কিয়ৎপরিমাণে ক্লয়কদিগকে ঠকাইয়া স্বার্থসিদ্ধি করিত ্কিছ সভ্য গড়িবার ক্ষমতা ছিল তাহার আশ্চর্যা। সে কৃষকদিগকে ঘন घन नजा कतिया निष्कापत पृथ्वप्रभात आलाठना कतिएज मिथारयाछिल এবং এইভাবে তাহাদের মধ্যে ঐক্যের অত্নভৃতি জাগাইয়াছিল। মাঝে বৃহৎ জনসভায় আদিয়া তাহারা নিজেদের শক্তি সম্বন্ধে চেতনা লাভ করিত। "দীতারাম" বহুকাল প্রচলিত দাধারণ ধ্বনি কিন্তু রামচক্র তাহার মধ্যে সংগ্রামের ছোতনা সঞ্চার করিয়াছিল, উহা বিপদস্চক দক্ষেতধ্বনির অমুরূপ করিয়া তুলিয়াছিল এবং গ্রামগুলির মধ্যে যোগস্ত্র স্থাপন করিয়াছিল। ফৈজাবাদ, প্রতাপগড়, বায়বেরিলি সীতারামের প্রাচীন কাহিনীতে পরিপূর্ণ—এই জেলাগুলি ছিল প্রাচীন অযোধ্যা রাজ্য— এবং জনসাধারণের প্রিয় পুস্তক হইল তুলসীদাসের হিন্দী রামায়ণ। রামচন্দ্র এই রামায়ণ আর্ত্তি করিত এবং বক্তৃতা কালে তুর্গদীদাসের বচন উদ্ধৃত করিত। ক্লয়ক দিগকে বছল পরিমাণে সভ্যবন্ধ করিয়া সে তাহাদিগকৈ অনেকপ্রকার প্রতি ঐতি দিয়াছিল এবং কাল্পনিক আশায় উষুদ্ধ করিয়া তুলিয়াছিল। ভাহার কোনও নির্দিষ্ট কার্য্যপদ্ধতি ছিল না, সে জনসাধারণকে উত্তেজিত করিয়া অপরের স্বন্ধে দায়িত্ব নিক্ষেপ করিতে চেষ্টা করিত। এই কারণেই সে রুষকদিগকে এলাহাবাদে লইয়া আসিয়াছিল, যাহাতে লোকে তাহাদের আন্দোলনের প্রতি সহামুভতিশীল হয় ৷

রামচন্দ্র আরও এক বংসর কাল রুষক আন্দোলনে বিশিষ্ট স্থান অধিকার করিয়াছিল। ছই বার কি তিনবার জেলেও গিয়াছে, কিন্তু পরে দেখা গেল, সে যেমন দায়িবজ্ঞানহীন, তেমনি বিশ্বাসের অযোগ্য।

व्यायाधा क्रमक व्यात्मानात्त्र छे भयुक पृति। हेरा छानुकर्गात्त्र तम् ।

# আমার বহিছার ও তাহার ফলাফল

ভাঁহার। নিজেদের "ব্যারন্স অফ আউধ" বলিয়া অভিহিত করিয়া থাকেন জমিদারীপ্রথা এথানে সর্বাধিক কদর্যক্রপে বিকশিত। জমিদারের শোষণ ক্রমশঃ অসহ হইতেছে, ভূমিশ্যু ক্রয়কের সংখ্যা বাড়িতেছে, এবং এখানে প্রজার একই শ্রেণীর বলিয়া অস্থা ঐক্যবদ্ধ প্রচেষ্টার অমুক্ল।

ভারতবর্ষকে োটাম্টি তৃই ভাগে ভাগ করা যায়, একদিকে জমিদারী প্রথা ও বড় বড় জমিদার, অভাদিকে কৃদ্র কৃদ্র চাষী-মালক। কিছু ইহার বাতিক্রম রহিয়াছে। বাঙ্গলা, বিহার, আগ্রা ও অঘোধ্যা লইয়া যুক্তপ্রদেশে জমিদারী প্রথা প্রচলিত। কৃষক-মালিকদের অবস্থার তৃলনায় তেন্ও ভাল হইলেও সেধানেও তৃঃখ তৃদ্ধশা আছে। পাঞ্চাব ও গুজরাটের কৃষকগণ (চাষী-মালিক) জমিদারী অঞ্চলের রায়ত হইতে বেশী স্থবিধা পাইয়া থাকে। জমিদারীর অধীনে বিভিন্ন শ্রেণীর প্রজা আছে—দগলীস্বত্ব বিশিষ্ট রায়ত, স্বহীন রায়ত, জোতদারের অধীনে কৃষ্ণবী প্রজা প্রভৃতি। ইহাদের পরস্পরের স্বার্থ এত বিপরীত ও স্ববিরোধী যে তাহারা এক্যবদ্ধ হইয়া কোন কাজ করিতে পারে না। যাহা হউক অযোধ্যায় ১৯২০-এ দগলীম্বত্বিশিষ্ট অথবা দীর্ঘ মেয়াদী প্রজা ছিলু না, অধিকাংশই অল্পদিনের চুক্তিবদ্ধ প্রজা এবং যে-কেহ অধিক নজর দিতে রাজী হইত, প্রজাকে উচ্ছেদ করিয়া তাহাকে জমি দেওয়া হইত। এখানে প্রধানতঃ একই শ্রেণীর প্রজা বিলিয়া উহাদিগকে সম্মিলিত চেষ্টার জন্ম সক্রবন্ধ করা সহজ্ঞ।

কার্য্যতঃ অযোধ্যায় সল্ল মেয়াদী প্রজাদেরও অধিকারের কোন স্থায়িছ ছিল না। জমিদারেরা থাজানা লইয়া কথনও দাথিলা দেন না; প্রজাকে উচ্ছেদ করিবার ইচ্ছা হইলে জমিদার সহজেই বাকী থাজানার কথা তুলিতে পারে। এবং প্রজা পক্ষে থাজানা আদায় দেওয়া প্রমাণ করা অসম্ভব। থাজানা ছাড়াও নানাবিধ অভুত নজর আবোয়াব প্রভৃতি আছে। আমি শুনিয়াছি, কোনও এক তালুকে পঞ্চাশটি বিভিন্ন দফায় ঐ শ্রেণীর আবোয়াব আদায় করা হয়। সম্ভবতঃ এই সংখ্যা অতিশয়োক্তি মাত্র। কিন্তু তালুকদারেরা নানা বিশেষ ব্যাপারে প্রজাদিগকে অর্থ দিতে বাধ্য করেন, ইহা কাহারও অজানা নাই। পরিবারে বিবাহের মাত্তন, বিলাতে পুত্রের শিক্ষার ব্যয়, গভর্ণর কিংবা উচ্চ রাজকর্মচারীদের নিমন্ত্রণ আমন্ত্রণের ব্যয়, হাতী অথবা মোটরগাড়ী কিনিবার অর্থ প্রজার নিকট হইতে আদায় করা হয়। এই সব বলপ্র্কক অর্থ আদায়ের অভুত অভুত নামও আছে। যথা—মোটরানা, হাতীয়ানা প্রভৃতি।

चार के के के कि कार के कि का क

### ज ওহরলাল নেহর

আশ্বর্ধ্য কি ? আমার নিকট সর্বাধিক আশ্বর্ধ্য এই যে নগরের সাহায্য, কিবো রাজনৈতিকগণের হস্তক্ষেপ ব্যতীত স্বাভাবিক ভাবে আন্দোলন এত ব্যাপক বিস্তৃতি লাভ করিয়াছে। এই কৃষক আন্দোলন কংগ্রেস হইতে সম্পূর্ণ বিভিন্ন । এবং ইহার সহিত আগতপ্রায় অসহধ্যোগের প্রায় কোন সম্পর্ক ছিল না। অথবা আরও সত্য করিয়া বলিলে বলা যায়, এই হুই শক্তিশালী আন্দোলনের মূলে ছিল একই কারণ। কৃষকেরা অবশ্য গান্ধিজীর ঘোষিত ১৯১৯এর বড় বড় হরতালে যোগ দিয়াছিল। এবং তাঁহার নাম গ্রামবাসীদের শ্রন্ধা উদ্রেক করিত।

শুরুবাপেকা আন্চর্য্যের বিষয় এই যে, এই সকল বৃহং প্রজা আন্দোলনের সম্পর্কে সহরবাসীরা গভীরভাবে - অজ্ঞ ; কোন সংবাদপত্রে ইহার এক ছত্র সংবাদও বাহির হয় না। পল্লী অঞ্জল সম্বন্ধে ইহাদের কোন কৌতৃহল নাই। আমি নিঃসংশয়ে বৃঝিলাম, আমরা জনসাধারণ হইতে কভ বিচ্ছিন্ন এবং সন্ধাণ সীমাবদ্ধ জগতে আমাদের কশ্মপ্রচেষ্টা ও আন্দোলন আবদ্ধ।

6

# কুষকদের মধ্যে ভ্রমণ

তিন দিন গ্রামে থাকিয়া আমি এলাহাবাদে ফিরিয়া আদিলাম।
তারপর আরও কয়েক বার গ্রামে গিয়াছি। গ্রামে গ্রামে ভ্রমণকালে
আমরা রুষকদের সহিত একত্রে ভোজন করিয়াছি। তাহাদের সহিত
মৃৎকৃটিরে শমন করিয়াছি, ঘণ্টার পর ঘণ্টা ধরিয়া তাহাদের সহিত আলাপ
করিয়াছি, ছোট-বড় সভায় বকুতা করিয়াছি। আমরা একথানি হাল্কা
মোটর গাড়ী লইয়া গিয়াছিলাম, ঘাহাতে গাড়ীখানি গ্রাম হইতে গ্রামান্তরে
মাইতে পারে সেজস্ত শত শত রুষক সারারাত্রি ভাগিয়া মাঠের মধ্যে
অস্থায়ী পথ প্রস্তুত করিয়াছে। যদি কোন য়য়গায় গাড়ী না চলিত
তথন তাহারা আগ্রহসহকারে গাড়ীখানি ঘাড়ে করিয়া পার করিয়া
দিয়াছে। এই কারণে গাড়ী ছাড়িয়া পদরজেই আমরা অধিকাংশ স্থানে
গিয়াছি। আমরা যেথানেই গিয়াছি সেইখানেই সক্ষে পুলিশ,

### ক্বকদের মধ্যে জমণ

গোয়েন্দা এবং লক্ষ্ণে হইতে প্রেরিত একজন ভেপুটা কালেক্টর উপস্থিত থাকিতেন। চষা জমি ও বিস্তীর্ণ প্রাস্তরের উপর দিয়া আমাদের অবিল্লাম্ভ ক্রমণের ফলে সে বেচারাও হয়রান হইয়া উঠিল। আমাদের ও ক্রমকদের উপর তাহাদের বিরক্তির পরিসীমা ছিল না। লক্ষোমের ডেপুটি কালেক্টর কতরুটা মেয়েলী ধরণের য্বক, তাহার পায়ে ছিল পাকা চামড়ার পামস্থা। বেচারা মাঝে মাঝেই আমাদের আরও ধীরে চলিতে অন্তরোধ করিত, অবশেষে তাল রাখিতে না পারিয়া সে সরিয়া পড়িল।

তখন জুন মাস, গ্রীম্মকাল। স্বা্রের উত্তাপ প্রথর অগ্নিবর্ষী। ইংলও হইতে ফিরিবার পর তপ্ত মধ্যাহ্নে এভাবে ভ্রমণ করিতে আমি অনভান্ত। প্রত্যেক গ্রীম্মকালই আমি শৈলাবাসে অতিবাহিত করিয়াছি। আর এখন সারাদিন আমি প্রচণ্ড সুর্য্যালোকে ভ্রমণ করিতেছি। মাথার টুপীর পরিবর্ত্তে একথানি ছোট গামছা জড়াইয়া লইয়াছি। আমার মনে তথন এত চিম্তা ছিল যে অসহ গ্রমের কথা ভাবিবারও অবসর পাই নাই। এলাহাবাদে ফিরিয়া দেহে ও মুথে স্থাতাপসঞ্জাত কাল দাগ দেখিয়া বৃঝিলাম যে শরীরের উপর দিয়া কি গিয়াছে। তবুও আমি স্থী। কেন না আমি বুঝিলাম ক্লমকদের মত আমারও তাপসহনশীলতা আছে। আমার রৌদ্রভীতি নিতান্ত অর্থহীন। অভিজ্ঞতা হইতে দেখিয়াছি, প্রথর উত্তাপ এবং প্রচণ্ড শীত আমি অনায়াসে সহু করিতে পারি। এই কারণেই কি কার্যাক্ষেত্রে কি কারাগারে আমি বিশেষ অস্থবিধা বোধ করি নাই। অবশ্য আমার শরীরও বেশ কার্যাক্ষম এবং আমি প্রত্যহ নিয়মিত বাায়াম করিয়া থাকি বলিয়াই উহা সম্ভব হইয়াছে। আমার পিতা একজন ব্যায়ামবীর ছিলেন এবং আজীবন নিয়মিত ব্যায়াম করিতেন। তাহার নিকট হইতে আমি এই শিক্ষা পাইয়াছিলাম। আমার পিতার যখন চুল পাকিয়া গিয়াছে, যখন তাঁহার মুখে ছ্লিস্তা ও বেদনার কুঞ্চিত রেখা কাটিয়া বসিয়াছে, তথনও—তাঁহার মৃত্যুর ছই-এক বংসর পূর্বেও, মুখের সহিত তুলনায় তাঁহার দেহ বিশ বংসর নবীন বলিয়া প্রতিভাত হইত।

১৯২০-এর জুন মাসে আমার প্রতাপগড় ভ্রমণের পূর্বেও আমি
মাঝে মাঝে গ্রামে গিয়াছি এবং কৃষকদের সহিত আলাপ করিয়াছি,
বড় বড় মেলায় গঙ্গাতীরে হাজার হাজার কৃষক দেখিয়াছি এবং তাহাদের
মধ্যে 'হোম রুল' আন্দোলনের প্রচার কার্য্য চালাইয়াছি। তথনও
আমি ইহাদের প্রাপ্রি ব্ঝিতে পারি নাই। ভারতে কৃষক যে কি
ভাহা ধারণা করিতে পারি নাই। আমাদের শ্রেণীর অনেকের মতই ইহাদের

### च ওহরলাল । अहत

আমি স্বাভাবিক বলিয়া মনে করিয়াছি। কিন্তু প্রতাপগড় জিলার গ্রাম পরিভ্রমণের পর আমার এক নৃতন অফুভৃতি আসিল। আমার ধানে ভারতবর্ষের এই নগ্নদেহ ক্ষ্ধিত জনসাধারণ ছাড়া আর কিছু রহিল না, দেশব্যাপী নৃতনভাবের প্রেরণাতেই হউক কিংবা আমার মনের ঋজুতা বশতঃই হউক, যে চিত্র আমি দেখিলাম, যে অভিজ্ঞতা আমি লাভ করিলাম, তাহা চিরদিনের মত আমার মনে দুঢ়ান্ধিত হইল।

কুষকেরা আমার লজ্জা সঙ্কোচ ভাঙ্গিয়া প্রকাশ্য সভায় বক্তৃতা দেওয়াইয়া ছাড়িল। ইতঃপূর্বে আমি কদাচিৎ প্রকাশ্ত সভায় বকৃতা দিয়াছি। বকুতার সময় উপস্থিত হ**ইলেই আমার ভয়** বিশেষভাবে হিন্দু খানীতে বকুতা করিতে ঘাবড়াইয়া যাইতাম। কিন্তু তথন তাহাই রেওয়ান্দ ছিল। কৃষক সভায় অব্যাহতি পাওয়া কঠিন এবং এই সকল দরিত্র, সরল লোকের নিকট লজ্জা সঙ্কোচের কি-ই বা আছে। আমার বান্ধিত। কৌশল কিছুমাত্র জানা ছিল না। আমি মানুষের সহিত মানুষ যেমন সাধারণ ভাবে কথা বলে তেমনি করিয়া তাহাদের নিকট আমার মনের কথা, আমার হৃদয়ের আবেগ ব্যক্ত করিতাম। লোকসংখ্যা দশজন হউক বা দশ হাজারই হউক আমি ব্যক্তিগত কথোপকথনের ভন্নীতেই বক্তৃতা করিতাম। ত্রুটি ভূল সত্ত্বেও কোথাও বাধিয়া যাইত না। আমি অনুর্গল বলিতাম। সম্ভবতঃ তাহাদের অনেকেই আমার অধিকাংশ কথা বৃঝিত না। আমার ভাষা আমার চিন্তাধারা কৃষকদের সহজ নহে। আমার কণ্ঠমর উচ্চ নহে বলিয়া অনেকে ভনিতেই পাইত না। কিন্তু যাঁহাকে তাহার। ভালবাদে, বিশাস করে তাঁহার এই সকল ক্রটি গণনার মধ্যেই আনে না।

আমি মুসৌরীতে মা ও স্ত্রীর নিকট ফিরিয়া গেলাম। কিন্তু ক্বকেরা আমার চিত্ত অধিকার করিয়া রহিল। আমি ফিরিবার জন্ম ব্যাকৃল হইলাম। ফিরিয়া আসিয়াই আমি গ্রামে অমণ আরম্ভ করিলাম এবং ক্রযক আন্দোলনের শক্তির বিকাশ লক্ষ্য করিতে লাগিলাম। পদদলিত ক্রয়কের মধ্যে আত্মবিখাস জাগিতেছে, সে সোজা হইয়া মাথা তুলিয়া হাঁটিতে পারে, জমিদারের গোমস্তা ও পুলিশভীতি বহুলাংশে তাহার দ্রাস পাইয়াছে। কাহাকেও জমি হইতে উচ্ছেদ করা হইলে অপরে তাহা পাইবার জন্ম লাগায়িত হয় না। জমিদারের পাইক-বরকলাজের মারপিট এবং বে-আইনি অর্থ আদায়ও অনেক কমিয়া গিয়াছে। যথনই এরূপ ঘটিত তথনই তাহারা অনুস্কান করিয়া প্রতিকারের আবেদন করিত। ইহাতে জমিদারের কর্মচারী ও পুলিশেরা কতক পরিমাণে শহিত হইল।

### कृषकरमञ्ज मरश्य जमन

তালুকদারেরাও ভয় পাইলেন, এবং তাঁহারা ক্তবক আন্দোলনকে আক্রমণ না করিয়া আত্মরক্ষা করিয়া চলিতে লাগিলেন। প্রাদেশিক গভর্ণমেন্টও অযোধ্যায় রায়জ্ঞারী আইন সংশোধনের প্রতিঃ তি দিলেন।

জমির মালিক এবং নিজেদের "জনসাধারণের স্বাভাবিক নেতা"
মনে করিয়া গর্নিত তালুকদার ও জমিদারগণ রুটিশ গভর্নমেন্টের
আত্রে ত্লাল। গভর্গমেন্ট ইহাদিগের জন্ম বিশেষ শিক্ষা ও লালন
পালনের ব্যবস্থা করিয়া অথবা না করিয়া এমন ভাবে মাথা খাইয়া
রাখিয়াছেন যে, শ্রেণীহিসাবে ইহাদের বৃদ্ধি সম্পূর্ণরূপে দেউলিয়া।
অন্মান্ত দেশের জমিদারেরা প্রজাদের যং।কিঞ্চং হিত করিয়া থাকে,
কিন্ত ইহারা প্রজাদের জন্ম কিছুই করেন না, কেবল জমি ও প্রজার
উপর পরগাছার মত অবস্থান করেন। ইহাদের কাজ হইল স্থানীয়
সরকারী কর্মচারীদের তোষামোদে তৃষ্ট রাখা। সরকারী কর্মচারীদের
পক্ষপাতিত ব্যতীত ইহাদের টিকিয়া থাকা করিন। বিশেষ অধিকার ও
স্বিধা রক্ষার জন্ম ইহারা অবিরত সরকারী মহলে আনাগোনা করেন।

क्रिभात विलिट नकरनरे असन किছू वर वर ज्याधिकाती नरह। 'রায়তারী' প্রদেশগুলিতে 'জমিদার' বলিতে কৃষক-মালিকদের বুঝায়। এমন কি, যেখানে জমিদারী প্রথা আছে, সেখানেও মৃষ্টিমেয় বড় জমিদার বাদ দিলে শত শত মাঝারি মধ্যস্বত্ব ভোগী এবং সহস্র সহস্র এমন জমিদার খাছে, দাহাদের অবস্থা দারিদ্র্য-পীড়িত সাধারণ রায়তেরই মত। আমি যতদৃদ্ধ ছ ন তাহাতে যুক্তপ্রদেশে মোট প্রায় পনর লক্ষ জমিদার আছে। हेशामत गठकता नखहे जनहे मतिय क्षयाकत मठ, व्यवनिष्ठ व्यापत व्यवहा মোটামুটি ভাল। একটু বড় গোছের জমিদারের সংখ্যা সমস্ত প্রদেশে প্রায় পাঁচ হাজার হইবে এবং ইহাদেরও শতকরা দশ জন মাত্র বড় জমিদার ও তালুকদার। অনেক ক্লেত্রে ক্ল্নে জমিদার অপেক্ষা বড় জোতদারের অবস্থা অনেক ভাল। এই সকল গরীব জমিদার ও মধ্যস্বত্ব-ভোগী জোতদার, শিক্ষার দিক দিয়া অনগ্রসর হইলেও সাধারণতঃ এই শ্রেণীর নরনারী বৃদ্ধিমান; এবং উপযুক্ত শিক্ষা পাইলে ইহার। অনেক উন্নত হইতে পারে। ইহারা জাতীয় আন্দোলনে উৎসাহের সহিত অংশ গ্রহণ করে। কয়েকজন ব্যতীত বড় জমিদার বা তালুকদার কথনও তাহা করেন না। আভিজাত্যের খাভাবিক গুণও ইহাদের মধ্যে নাই। শ্রেণী-হিসাবে ইহাদের শারীরিক ও মানসিক অবনতি অতি শোচনীয়। ইহাদের দিন ফুরাইয়াছে। যতদিন ত্রিটশ গভর্ণমেন্টের মন্ত বাহিরের শক্তি ইহাদিপকে ক্ল করিবে, ততদিন কোনমতে টিকিয়া থাকিবে মাত্র।

### क अर्जनांन (बर्ज़

১৯২১ সালে সমন্ত যুক্তপ্রদেশ আয়ার কর্মকেন্ত ইইরেও আমি মাঝে
মাঝে পল্লীতে ঘাইতাম। তথন অসহযোগ আরম্ভ ইইরাছে এবং ইহার
বার্তা স্থান্ত পল্লীতেও গিয়া পৌছিয়াছে। প্রত্যেক জিলায় কংগ্রেসকর্মীর।
নৃত্ন বানী প্রচারের জন্ম পল্লীতে ঘাইতেন এবং সঙ্গে সংক করকদের ছর্মশার
প্রতিকার ইইবে এমন আখাসও দিতেন। স্বরাজ শন্ধটি ছিল ব্যাপক,
উহাতে সমন্তই ব্যাইত। অসহযোগ ও ক্রয়ক আন্দোলন যদিও স্বত্ত
তথাপি আমাদের প্রদেশে উহা মিলিত মিশ্রিত ইইয়া একে অপরের উপর
প্রতাত্ত্ব করিয়াছিল। কংগ্রেসের প্রচারকার্য্যের ফলে মামলামোকদ্রমা যথেষ্ট কমিয়া গেল, আপোষ-রফার জন্ম গ্রাম্য পঞ্চারেৎ
প্রতিষ্ঠিত ইইল। কংগ্রেসের প্রভাবে আবহাওয়া শান্তিপূর্ণ ইইয়া উঠিল,
কেন না, কংগ্রেসকর্মীরা অভিনব অহিংসনীতির উপর সমধিক জার
দিতেন। অহিংসনীতি যে সকলে সম্যক্তাবে বৃশ্বিত তাহা নহে,
তথাপি ইহার প্রভাবে ক্রকেরা হিংসামূলক অন্তর্চান হইতে বিরত ছিল।

এই সাফল্য সামাগ্য নহে। ক্লয়ক চাঞ্চল্য প্রায়শঃই হিংসামূলক উপদ্রবের ও বিস্তোহের আকার ধারণ করে। অযোধ্যার অংশবিশেষে ক্লয়কপণ এইকালে অসহিষ্ণু উত্তেজনায় মরিয়া হইয়া উঠিয়ছিল। একটি ফুলিকে দাবানল জলিয়া উঠিতে পারিত, তথাপি তাহারা আশ্চর্ধ্যরূপে শাস্ত ছিল। কেবল একটি বলপ্রযোগের কথা আমার মনে আছে। একজন তালুকদার তাহার নিজের বাড়ীতে বন্ধ্বান্ধ্যবের সঙ্গে যথন গল্পগুল্ব করিতেছিল সেই সময় একজন ক্লয়ক আসিয়া তাহাকে শ্রীর প্রতি ত্র্বাহার ও অসং জীবন যাপনের জন্ত ভর্ৎসনা করিয়া তাহার মুথে চপেটাঘাত করে।

আর এক শ্রেণীর উপদ্রব দেখা দিল, যাহার ফলে গভর্গমেন্টের সহিত সংঘর্ষ বাধিল। কিন্তু এই সংঘর্ষ অনিবার্য্য, কেন না, সভ্যবন্ধ ক্রমকগণের ক্রমবর্দ্ধিত শক্তি গভর্গমেন্ট উপেক্ষা করিতে পারে না। ক্রমকেরা দলে দলে সভায় যোগ দিবার জন্ম বিনা টিকিটে রেলে ভ্রমণ করিতে লাগিল। এই সকল জনসভায় ৬০।৭০ হাজার লোক পর্যন্ত হইজ, তাহাদিগকে হটান কঠিন। যাহা কেহ কথনও শোনে নাই তাহাই ঘটিতে লাগিল, অর্থাৎ তাহারা প্রকাশ্রভাবে রেলকর্তৃপক্ষকে অগ্রাহ্ম করিয়া বলিতে লাগিল যে পুরাতনা দিন চলিয়া গিয়াছে। কাহার প্ররোচনায় তাহারা বিনা ভাড়ার ভ্রমণ করিতে লাগিল আমি জানি না, আমরা তাহাদিগকে ইহা বলি নাই। সহসা শুনিলাম যে তাহারা ঐরপ করিতেছে। অবশ্ব রেলকর্তৃপক্ষ কঠোর ব্যবস্থা অবলম্বন করায় ইহা রহিত হইল। ১৯২০র শরংকালে (রথন আমি কংগ্রেসের বিশেষ অধিবেশনে যোগ দিবার জন্ম ক্রাক্তায়

### क्रमकदमन मदशा क्रमण

**ছিলাম**) করেকজন এবক-নেতা সামাগ্ত অপ**াধে গ্রেফ্তার হয়।** প্রতাপগড় **अरु**द्रत जाराएमत ि हात रहेदव चित्र रहे । चित्राद्रत किन हातिकिक হইতে বিশাল জনতা আসিথা জেলের দ: দা হইতে আদালত পর্যান্ত ছাইয়া ফেলিল। ম্যাভিষ্টেট ভীত হইয়া সেদিনের মত বিচার স্থাপিত রাখিলেন, কিন্তু জনতা বাড়িতে লাগিল এবং কারাগার প্রায় বিরিয়া **क्विन । क्रम्यकित्रा এक मृष्टि ভोज्ञा हाना थाईग्रा जनाग्रास्य कर्म्यकिम**न কাটাইতে পারে। অবশেষে সম্ভবতঃ জেলের সধ্যেই কোন রকমে বিচার সারিয়া কৃথক-নেতাদের ছাড়িয়া দেওয়া হইল। ঘটনাটা আমি ভূলিয়া গিয়াছি, কিন্তু ক্বকেরা ইহাকে একটা প্রকাণ্ড জয় বলিয়া মতে করিল। ভাহারা ভাবিতে লাগিল, কেবলমাত্র জনসংখ্যার জোরেই তাহারা তাহাদের দাবী পূরণ করিয়া লইতে পারে। কিন্তু গভর্ণমেণ্টের নিকট এই ঔদ্ধত্য অসহ হ স্মা উঠিল এবং অহরপ আর একটি ঘটনার ফল হইল স্বতন্ত্র। ১৯২১র জাত্মারী মাদের প্রারজ্ঞে নাগপুর কংগ্রেস হইতে এলাহাবাদে ফিরিবার পরেই রায়বেরিলি হইতে তারঘোগে অমুরোধ আসিল, আমি ষেন অবিলম্বে তথায় যাত্রা করি, কেন না, গোলমালের আশস্কা আছে। আমি পরদিনই রওনা হইলাম। গিয়া দেখি কয়েকদিন পূর্ণে কয়েকজন প্রধান কৃষক গ্রেপ্তার হইয়া স্থানীয় জেল হাজতে আটক আছে। প্রতাপগড়ে তাহাদের সাফল্য এবং অবলম্বিত কৌশলের কথা শ্বরণ করিয়া দলে দলে কৃষক রায়বেরিলী সহরে আসিতে লাগিল কিন্তু এবার গভর্ণমেন্ট পূর্বর হইতেই অতিরিক্ত পুলিশ ও সৈত্ত সংগ্রহ করিয়া ক্ষকদের সহরে প্রবেশে वांधा मिलन । महरतत वाहिरत এकि ছোট नमीत अभत भारत अधिकाः न ক্লমককে থামাইয়া রাখা হইল। অবশু অনেকে নানা পথ দিয়া সহরে প্রবেশ করিয়াছিল। ষ্টেশনে নামিয়া সমন্ত অবস্থা শুনিয়া যেথানে সৈনিকেরা ক্রুষকদের পথরোধ করিয়া আছে, তাড়াতাড়ি সেই নদীর দিকে অগ্রসুর হইলাম। পথে জিলা ম্যাজিষ্টেটের নিকট হইতে আমাকে ফিরিয়া ঘাইবার জন্ম তাড়াতাড়ি লেখা এক পত্র পাইলাম। আমি সেই নোটিশের পশ্চাতে উত্তরে লিখিলাম যে, কোন আইনের কোন ধারায় তিনি আমাকে ফিরিয়া ষাইতে বলিতেছেন তাহা আমি জানিতে চাই এবং তাহা না জানা পৰ্যন্ত আমি বিরত হইব না। নদীতীরে উপস্থিত হইয়া অপর তীরে গুলিবর্ধণের শব্দ আমার কানে আসিল। সেতুর মুথে সৈন্তদল আমার গতিরোধ করিল। অপেকা করিতেছি, এমন সময় নদীর ধারে শশুক্ষেত্তে লুকায়িত ভীত ক্রমকরণ দলে দলে আসিয়া আমাকে ঘিরিয়া ফেলিল। তাহাদের ভয় দ্র করিবার জ্ঞা ও তাহাদিগকে শান্ত করিবার জ্ঞা আমি এখানেই

### ज अर्जनांन त्नरक्र

প্রায় তুই হাজার ক্বক লইয়া একটি সভা করিলাম। ইহা এক অস্বাভাবিক অবস্থা। ক্ষুদ্র নদীর অপর পারে তথন তাহাদেরই ভাইদের উপর ওলি বর্ষিত হইতেছে এবং প্রত্যেক স্থানেই সৈল্লদল টহল দিতেছে। কিন্তু সভার উদ্দেশ্য সফল হইল, কুষকেরা কথঞিং আশস্ত হইল। জিলা ম্যাজিট্রেট গুলিবর্ষণের স্থল হইতে ফিরিয়া আসিলেন এবং তাঁহার অমুরোধে তাঁহার সঙ্গে আমি তাঁহার বাড়ীতে গেলাম। সেথানে তিনি নানা অছিলায় আমাকে তুই ঘণ্টা আটক রাখিলেন। ব্রিলাম, তিনি কৃষকগণ এবং গ্রহের সহক্ষীদের নিক্ট হইতে আমাকে সরাইয়া রাখিতে চাহেন।

আমরা পরে দেখিলাম গুলির আঘাতে বহুলোক মারা গিয়াছে। ক্লমকেরা যদিও ছত্রভঙ্গ হইতে বা ফিরিয়া যাইতে অস্বীকার করিয়াছিল তথাপি ভাহারা বরাবর শান্তিপূর্ণ ছিল; আমার বিশ্বাস যে আমি কিমা তাহাদের বিশ্বাসভাজন কেহ তাহাদিগকে ফিরিয়া যাইতে বলিলে তাহারা তাহা পালন করিত। কিন্তু যাহাদের উপর তাহাদের বিশ্বাসনাই, তাহাদের নির্দেশ মানিতে তাহারা অস্বীকার করিয়াছিল। একজন প্রকৃত প্রস্তাবে ম্যাজিষ্ট্রেটকে আমি না আসা পর্যান্ত কিছুকাল অপেক্ষা করিতে বলিয়াছিলেন কিন্তু তাহা তিনি শোনেন নাই। যেথানে তিনি নিজে বার্থ হইতেছেন সেথানে একজন 'এজিটেটর' সাফল্য লাভ করিবেইহা অসহ। বিদেশী গভর্গমেণ্টের মর্য্যাদাবোধ স্বতক্ত।

রায়বেরিলী জেলায় তৃইবার ক্লষকদের উপর গুলি চলিয়াছিল কিন্তু তাহা ইইতেও শোচনীয় ব্যাপার চলিল। প্রত্যেক প্রধান ক্লয়ক-কর্মী ও গ্রাম্য-পঞ্চায়েতের সদস্য একটা ভীতির রাজ্ঞ বাস করিতে লাগিল। গতর্ণমেণ্ট ক্লয়ক আন্দোলন ধ্বংস করিতে ক্রতসঙ্কর হইলেন। কংগ্রেসের প্রচারকার্যোর ফলে তথন চরকা প্রচলন হইতেছিল। এই চরকাই সিডিশনের প্রতীক হইয়া উঠিল। চরকার মালিককে বিপদে পড়িতে হইত এবং প্রায়ই চরকা পোড়াইয়া কেলা হইত। এইরূপে গভর্ণমেণ্ট রায়বেরিলী ও প্রতাপগড় জেলার পল্লী অঞ্চলে শত শত ব্যক্তিকে গ্রেফ্তার করিয়া ও অঞ্চান্ত উপায়ে ক্রয়ক ও কংগ্রেস আন্দোলন দমনের চেষ্টা করিতে লাগিলেন। বিখ্যাত কর্ম্মীরা প্রায় সকলেই উভয় আন্দোলনের সহিত যুক্ত ছিলেন।

১৯২১ সালে, ইহার পরেই ফৈজাবাদ জিলা ব্যাপক দমননীতির স্বাদ পাইল। এথানে অশান্তি ঘটিল এক অদ্ভূত কারণে। কভকগুলি গ্রামের ক্বকেরা একত্রিত হইয়া এক তালুকদারের বাড়ী লুট করে। পরে প্রকাশ পাইল, ঐ তালুকদারের শত্রুপক্ষীয় আর এক জ্বমিদারের ক্র্মচারীর।

### क्वकरम्त्र भरश्य खम्

প্ররোচনা দিয়া এই কার্য্য ঘটাইয়াছিল। এই অজ্ঞ গরীব কৃষকদিগকে বুঝাইয়া দেওয়া হইয়াছিল যে, মহাত্মা গান্ধী তাহাদিগকে লুট করিতে বলিয়াছেন এবং সেই আদেশ পালন করিবার জন্ম তাহারা "মহাত্মা গান্ধীকি জয়" বলিতে বলিতেই লুট করিশছিল।

এই সংবাদ শুনিয়া আমি অতান্ত কুদ্ধ হইলাম এবং তুই-এক দিনের মধ্যেই ফৈজাবাদ জিলার আকবরপুরের নিকটবন্তী ঘটনাস্থলে উপস্থিত হইলাম ! সেই দিনই আমি এক সভা আহ্বান করিলাম। ঘটনাস্থলেব আট-দশ মাইল দ্রবন্তী গ্রামসমূহ হইতে পর্যন্ত লোক আদিল, সভায় পাঁচ-ছয় হাজার লোক হইল। আমি কঠিন ভাষায় তিরস্কার করিলাম,—এই অপকার্য্যের ঘারা তোমবা তোমাদিগকে ও আমার উদ্দেশকে কলঙ্কিত করিয়াছ। তোমাদের প্রকাশ্যে অপরাধ স্বীকার করা উচিত (তথন আমি আমার জ্ঞানবিশাস মত গান্ধিজীর সত্যাগ্রহে অন্প্রাণিত ছিলাম)। আমি তাহাদিগকে বলিলাম, যাহারা লুঠনে যোগ দিয়াছিল তাহারা হস্ত উত্তোলন করুক। আশুর্যা এই, তংক্ষণাং সভামধ্যে বহুত্ব পুলিশকর্মচারীর সম্মুথেই বিশ-পচিশ জন হাত তুলিল। ইহার অর্থ তাহারা থিপদ ডাকিয়া আনিল।

পরে ঘরোয়া আলোচনায় তাহারা সরল ভাষায় ঘটনার বিবরণ আমাকে জানাইল। আরও জানাইল, কিরপে তাহারা বিপথগামী হইয়াছিল। তাহাদের জন্ম আমি তৃঃথিত হইলাম। এই সকল নির্কোধ সরল লোকের দীর্ঘকারাবাদের নিমিত্তের ভাগী হইয়া আমি অমৃতপ্ত হইলাম। যাহারা এই বিপদে জড়াইয়া পড়িল তাহাদের সংখ্যা পচিশ-ত্রিশ জনের বেশী হইবে না। এই জিলার কৃষক-আন্দোলনকে পিষিয়া মারিবার এমন মহাম্ব্যোগ কর্তৃপক্ষ পূর্ণমাত্রায় গ্রহণ করিলেন। প্রায়্ম এক হাজার লোক গ্রেফ্তার হইল। জিলার জেলখানা লোকে পরিপূর্ণ হইয়া গেল. এবং দীর্ঘকাল ধরিয়া মামলা চলিল। অনেকে মামলা চলিবার সময় কারাগারেই প্রাণত্যাগ করিল, অনেকের দীর্ঘ কারাদণ্ড হইল। পরে আমি যখন কারাগারে তথন তাহাদের কয়েকজনের সহিত দেখা সইয়াছিল। বালক ও যুবকেরা তাহাদের জীবনের শ্রেষ্ঠাংশ কারাগারে কাটাইতেছে!

ভারতীয় ক্ষকদের সহ করিবার বা দীর্ঘকাল প্রতিরোধ করিবার ক্ষমতা অতি অল্প। তৃতিক ও মহামারীর কবলে লক্ষ লক্ষ নরনারী প্রাণ হারায়, তথাপি ইহা আশ্চর্যা বে, গভর্গমেণ্ট ও জমিদারদের সম্মিলিত চাপ এক বংসর কাল তাহারা প্রতিরোধ করিয়াছিল। কিন্তু গভর্গমেণ্টের দৃঢ় আক্রমণের সমুধে তাহারা ক্লান্ত হইয়া পড়িল, পরিণামে তাহাদের

### ७ ওহরলাল নেহর

আন্দোলনের মেরুদণ্ড সাময়িকভাবে ভাঙ্গিয়া গেল। ভাঙ্গিবেও আন্দোলন মরিল না। পূর্বের উৎসাহ ও জনতা না থাকিলেও অধিকাংশ গ্রামেই পুরাতন কর্মীরা ভয়ে বিহবল না হইয়া অল্প স্বল্প কাজ চালাইয়াছে। ইহা স্মরণ রাখা উচিত যে, এই ঘটনা ১৯২১-র শেষভাগে কংগ্রেসের কারাগমন সিদ্ধান্তের পূর্বে ঘটিয়াছিল। পূর্বে বংসরের ক্ষয়ক্ষতি সম্বেও কৃষকেরা এই আন্দোলনেও যোগ দিয়াছিল।

ক্ষমক আন্দোলনে ভীত হইয়া গভর্গমেন্ট তাড়াতাড়ি ভূমিসংক্রাস্থ আইন প্রশ্নানে বতী হইলেন। ইহাতে ক্ষমকের অবস্থার উন্নতির প্রতিশ্রুতি শাঙ্কা গেল বর্টে, কিন্তু যথন দেখা গেল, আন্দোলন আয়ত্তের মধ্যে আসিয়াছে তথন আইনের ধারাগুলি নরম হইয়া গেল। উল্লেখযোগ্য পরিবর্ত্তন হইল এই যে, অ্যোধ্যার ক্ষমকগণ জমির উপর জীবনস্বত্ব পাইল। ইহা শুনিতে মনোহর হইলেও পরে দেখা গেল, ক্ষকের অবস্থার কোন ইতর্বিশেষ হয় নাই। অ্যোধ্যায় ক্ষমকদের মধ্যে অসম্ভোষ অক্লপরিমাণে রহিয়াই গেল। ১৯২৯-এ যথন জগদ্বাপী অর্থসন্কট দেখা গেল তথন শস্তের ম্ল্য কমিয়া যাওয়ায় আবার একটি সন্ধট আসম্ল হইল।

### 5.

# অসহযোগ

অযোধ্যার ক্ষিক আন্দোলনের কথা একট় বিস্তৃত ভাবে বর্ণনা করিয়াছি।

এই বোলোলনে আমার চক্ষু হইতে একটা আবরণ সরিয়া গেল।
ভারতীয় সমস্যার একটা প্রধান দিক আমি স্পষ্ট দেখিতে পাইলাম।
এতদিন জাতীয়তাবাদীরা ইহার প্রতি প্রায় কোন দৃষ্টিই দেন নাই।)
এক অন্থনিহিত গভীর অসন্ডোগের লক্ষণরূপে ভারতের সর্বজ্ঞই
ক্ষকদের মধ্যে অশান্তি সচরাচর ঘট্রিয়া থাকে; ১৯২০-২১-এর আযোধ্যার
একাংশের এই কৃষক আন্দোলন ভাহারই অংশ মাত্র। ভাহা ইইলেও
ইহার মধ্যে ভাবিবার ও শিথিবার অনেক কিছু ছিল। এই আন্দোলনের
স্কুচনায় ইহার সহিত্ রাজনীতি বা রাজনীতিকগণের কোন দিশক্ষ
ছিল না, এবং ইহার গতিপথেও রাজনীতিক বা বাহিরের লোকের
প্রভাব যৎসামান্তঃ। নিখিল ভারতীয় দৃষ্টিতে ইহা স্থানীয় ব্যাপার মাত্র;

#### অসহযোগ

বাহিরের দৃষ্টি আকর্ষণ করিতে ইহা অল্পই সক্ষম হইয়াছে। এমন কি, 
যুক্তপ্রদেশের সংবাদপত্রগুলি ইহাকে একরপ উপেক্ষাই করিয়াছে। কেন না
সম্পাদকগণ এবং তাঁহাদের নাগরিক পাঠিন্যণের নিকট অন্ধনগ্ন ক্ষকদের
কার্য্যাবলীর রাজনৈতিক অথবা অস্তু কোন গুরুত্ব নাই।

ে পাঞ্চাব ও থিলাফতের অবিচার এবং দেই অক্যায়ের প্রতিকার স্বরূপ অসহযোগই তথন মুখ্য আলোচনার বিষয়। জাতীয় স্বাধীনতা বা স্বরাজের উপর তখন বেশী জোর দেওয়া হইত না। গান্ধিজীও অনির্দিষ্ট বৃহৎ উদ্দেশ্য পছন্দ করিতেন না। তিনি সর্কাদাই স্থনির্দিষ্ট কোন নিশ্চিত উদ্দেশ্যের উপর একান্তিক জোর দেওয়া পছন্দ করেন। ভংসদ্বেও জনসাধারণের চিস্তায় কথায় স্বরাজ শব্দটি ছড়াইয়া পড়িয়াছিল ও অসংখ্য সভা-সমিতিতে স্বরাজের কথা উল্লিখিত হইত। ১৯২০-র শরৎকালে কলিকাতায় কর্মপদ্ধতি ও বিশেষভাবে অসহযোগের কথা আলোচনার জন্ম কংগ্রেসের বিশেষ অধিবেশন আহুত হইল। দীর্ঘকাল নির্বাসনের পর আমেরিকা হইতে সভপ্রত্যাগত লালা লাজপত রায় হইলেন সভাপতি। অসহযোগ প্রস্তাবের নৃতন ধারা তিনি পছন্দ করিলেন না এবং প্রতিবাদ করিলেন। ভারতের রাষ্ট্রক্ষেত্রে তিনি একজন চরমপন্থী বলিয়া বিবেচিত হইতেন। কিন্তু তাঁহার সাধারণ মনোভাব ছিল নিয়মতান্ত্রিক ও মডারেট। শতাব্দীর প্রথমভাগে লোকমান্ত তিলক ও অন্যান্ত চরমপন্থীদের সহিত তিনি ঘটনাচক্রে নিশিয়া গিয়াছিলেন; নিজের কোনও মর্মগত বিশাস হইতে নহে। কিন্তু দীর্ঘকাল বিদেশে থাকার জন্ম অনেক ভারতীয় নেতা অপেকা তাঁহার অর্থ নৈতিক ও সামাজিক-দৃষ্টি অধিকতর উদার ছিল।

উইল্ফিল্ড স্বাউয়েন ব্লান্ট্ তাঁহার রোজনামচায় (সম্ভবতঃ ১৯০৯)
গোখলে এবং লালাজীর সহিত সাক্ষাতের বিবরণ লিথিয়া গিয়াছেন।
তিনি উভয়কেই অতি সাবধানী এবং বাস্তবের সম্মুখীন হইতে ভীত
বলিয়া উল্লেখ করিয়াছেন। তথাপি লালাজী তৎকালে অধিকাংশ
ভারতীয় নেতাদের অপেক্ষা অগ্রগামী ছিলেন। ব্লান্টের বিবৃতি হইতে
আমরা বৃদ্ধিতে পারি যে, তৎকালে আমাদের রাজনৈতিক ধারণা কত
নিমন্তবের এবং আমাদের নেতারা কিরপ ছিলেন তাহ। একজন বিচক্ষণ
ও অভিজ্ঞ বিদেশীর দৃষ্টিতে ধরা পড়িয়াছিল। কিন্তু পরবর্তী যুগে ইহার
কি বিপুল পরিবর্ত্তন হইয়াছে!

একমাত্র লালাজী নহেন, আরও অনেক শক্তিশালী ব্যক্তিও প্রতিবাদী হইলেন। এককথায়, কংগ্রেসের প্রবীণ সেনানায়কগণ একযোগে গান্ধিজীর অসহযোগ প্রস্তাবের বিরুদ্ধতা করিলেন। মিঃ সি, আর, দাশ হইলেন

#### ज अर्जनान (अर्ज

িবিক্স্ম দলের নেতা। ভিনি অবশ্য প্রস্তাবের অন্তর্নিহিত ভাবের বিরোধী ছিলেন না। ঐ প্রস্তাব মত কার্য্য করিতে, এমন কি তদপেকা অধিক ত্যাগ স্বীকারের জ্বন্যও তিনি প্রস্তত ছিলেন। তাঁহার প্রধান আপস্তির বিষয় ছিল, নৃতন আইন সভাগুলি বর্জ্জন-প্রস্তাবে।

প্রধান প্রধান প্রবীণদের মধ্যে তথন একমাত্র আমার পিতাই शामिकीत भार्य मां जाहिलान। उाहात भरक हेश महक हिल ना। ধে সকল কারণে তাঁহার প্রাচীন সহক্ষীগণ বিরুদ্ধতায় প্রবৃত্ত হইয়াছেন ্তাহার দারা তিনিও প্রভাবাদ্বিত হইয়াছিলেন। তাঁহাদের মত তিনিও এই অভিনব পথে নিক্দেশ যাত্রায় দ্বিধা বোধ করিয়াছিলেন। তিনি জানিতেন, ইহার ফলে জীবনের অভ্যন্ত গতিপথ পরিবর্ত্তিত হইবে, তথাপি তিনি কার্য্যতঃ কিছু করিবার অনিবার্য্য আবেগ অমুভব করিয়াছিলেন এবং তাঁহার চিন্তাধারার সহিত সম্পূর্ণ একা না থাকিলেও এই প্রস্তাবের মধ্যে তিনি প্রণালীবদ্ধ কর্ম্মের সৃদ্ধান পাইয়াছিলেন। নিজের মনকে প্রস্তুত করিতে তাঁহার অনেক সময় লাগিয়াছিল। গান্ধিজী ও মি: সি, আর, দাশের সহিত তাঁহার দীর্ঘ আলোচনা হইয়াছিল। মফ:স্বলে একটা বড় মামলায় হুই পক্ষে তিনি ও মি: দাশ ছিলেন। মামলা ছাড়িয়া দিয়া ক্ষতি স্বীকার করা লইয়া তাঁহাদের মধ্যে বিশেষ মতভেদ হয় নাই, বরঞ্চ তাঁহারা একই সিদ্ধান্তে উপনীত হইয়াছিলেন। কিন্ত পূর্বোল্লিখিত মতভেদের ফলেই কংগ্রেসের বিশেষ অধিবেশনে মূল প্রস্তাব সম্পর্কে তাঁহারা ভিন্ন মতাবলম্বী হইলেন। তিন মাস পরে তাঁহারা নাগপুর কংগ্রেদে পুনরায় মিলিত হইলেন ও তথন হইতে তাঁহারা ক্রমশ: পরস্পরের चिन्छं इटेट चिन्छं उर देशा अकटक कादा करियाहिन।

কলিকাতা বিশেষ কংগ্রেসের পূর্ণের পিতার সহিত আমার কদাচিৎ দেখা হইত। কিন্তু যথনই দেখা হইত তথনই লক্ষ্য করিতাম এই সকল সমস্তা লইয়া তিনি অত্যন্ত বিব্রত। সমস্তার জাতীয় দিক ছাড়াও একটা ব্যক্তিগত দিক ছিল। অসহযোগ করিসে আইন ব্যবসায় বর্জন করিতে হইবে। তাহার অর্থ অতীত জীবনকে নৃতন করিয়া ঢালিয়া সাজিতে হইবে, যাট বংসর ব্যবস ইহা সহজ্ঞ নহে। পুরাতন রাজনৈতিক বন্ধুগণ, ব্যবসায় অত্যন্ত সামাজিক জীবন, ব্যয়বহুল বিলাসবাসন—এ সকলই ছাড়িতে হইবে। আর্থিক সমস্তাপ্ত কম নহে। তাঁহার আইন ব্যবসায়ের উপার্জন বন্ধ হইলে জীবনযাত্রায় বহুল অংশে ব্যয়সক্ষাচ করিতে হইবে।

<sup>\*</sup> কলিকাতা কংগ্রেসের বিশেষ অধিবেশনে অসহগোগ প্রভাবের বিপ্রস্কৃতার নেতৃত্ব গ্রহণ করিয়াছিলেন এবং সংশোধক প্রভাব আনিয়াছিলেন বিশিষ্ঠক্র পাল।—অমুবাদক।

### অসহযোগ

কিন্তু এ দকল দত্ত্বও তাঁহার যুক্তিবাদ, তাঁহার তীব্র আত্মর্য্যাদাজ্ঞান তাঁহার আত্মর্যাদাজ্যান তাঁহার আত্মগরিমা, তাঁহাকে নৃতন আন্দোলনে একান্তভাবে টানিয়া লইয়া গেল। পঞ্চাবের অত্যাচার এবং তংপূর্ববর্তী ত্রহুঘটনায় তাঁহার চিত্তে ক্রোধ দঞ্চিত ইয়াছিল, অন্যায় অবিচার ও জাতীয় অমর্যাদায় তাঁহার চিত্ত তিক্ত ইইয়াছিল। কিন্তু ইহা প্রকাশের পথ কোথায়? আক্মিক উত্তেজনায় কিছু করিবার মত লোক তিনি নহেন। আইনজীবীর স্থান স্থনিয়ন্তিত বৃদ্ধির ঘারা দকল দিক তুলমূল করিয়া বিচার করিয়া তিনি স্থির সিদ্ধান্তে আসিলেন এবং গান্ধিজীর সহিত আন্দোলনে যোগ দিলেন।

গাদ্ধিদ্ধীর ব্যক্তিরের প্রভাবে তিনি আরু ইইয়াছিলেন সন্দেহ নাই। তাঁহার আকর্ষণ ও বিতৃষ্ণা তুইই ছিল প্রবল। যে ব্যক্তির প্রতি তাঁহার মন বিতৃষ্ণ হইত, তাহার সহিত তিনি কিছুতেই ঘনিষ্ঠ ভাবে মিশিতে পারিতেন না। কিন্তু ইহা এক আশ্রুগ্য সন্মিলন। একজন কঠোর তপন্থী, অক্সন ভোগবাদী; একজনের দৈহিক ভোগ-বাসনা বৰ্জ্জিত ধর্মজীবন, অপরের জীবনে ইন্দ্রিয়গ্রাম ও ভোগবাসনা স্বচ্ছন্দ ও স্বাভাবিক এবং পরবোক সম্পর্কে জ্রম্পেহীন অবজ্ঞা। মনতত্ত্বের ভাষায় একজন অন্তর্ম্ব অপরে বহিমুথ। কিন্তু উদ্দেশ্যের ঐক্য তাঁহাদিগকে এক্ত্র মিলিত করিল। পরবর্জীকালে রাজনৈতিক মতভেদ ঘটিলেও তাঁহাদের বন্ধুত্ব অক্ন্ন ভিল।

ওয়ান্টার পেটার তাঁহার একথানি গ্রন্থে উল্লেখ করিয়াছেন যে, তপস্বী ও ভোগীর জীবনের সাধনপথ, প্রকৃতি স্বতন্ত্র ও বিরোধী হইলেও উভয়ের দৃঢ়তা ও একান্তিকতার মধ্যে এক আশ্চর্য্য সৌসাদৃশ্য বিগুমান। উভয়ের প্রকৃতি নীচতাবজ্জিত বলিয়া পরস্পরকে জানিতে ও বুঝিতে স্ববিধা হয়, যাহা সাধারণ বিষয়ী লোকের পক্ষে সহজ্সাধ্য নহে।

কলিকাতার বিশেষ অধিবেশনের পর কংগ্রেস রাজনীতিতে গান্ধী-মৃগ প্রবর্তিত হইল। দেশবন্ধু সি, আর, দাশ ও আমার পিতার নেতৃত্বে চালিত শ্বরাদ্ধ্য দলের অভ্যুদয়ের পর গান্ধিদ্ধী তাঁহাদের স্থযোগ দিয়া অল্পকালের জন্ম সরিয়া দাঁড়াইলেও তাঁহার ধারাই চলিতেছিল। কংগ্রেসের ভোল ফিরিয়া গেল। ইয়োরোপীয় পোষাক অন্তর্হিত হইয়া আসিল খাদি। নিম-মধ্যশ্রেণী হইতে আগত এক নৃতন প্রতিনিধি দল দেখা দিল। কংগ্রেসের ভাষা হইল হিন্দুস্থানী অথবা যে প্রদেশে কংগ্রেসের অধিবেশন হইত সেই প্রদেশের ভাষা। জাতীয় কার্য্যে বিদেশীয় ভাষা ব্যবহারে আপত্তি বাড়িতে লাগিল। অধিকাংশ প্রতিনিধি ইংরাজী জানিত না। এক নৃতন উত্তেজনা, নৃতন আগ্রহ কংগ্রেস সম্মেলনে প্রত্যক্ষ

### জওহরলাল নেহর

করা গেল। কংগ্রেসের অধিবেশনের পর গান্ধিন্তী 'অমৃতবাজার পত্রিকা'র প্রবীণ সম্পাদক ৺মতিলাল ঘোষের সহিত সাক্ষাৎ করিলেন। আমি তাঁহার সঙ্গে গিয়াছিলাম। তথন তিনি মৃত্যুশয্যায়। মতিবার্ গান্ধিন্তী ও তাঁহার আন্দোলনকে আশীর্কাদ করিলেন ও বলিলেন, 'আমার দিন ফুরাইয়াছে। ইহলোক ছাড়িয়া কোথায় ঘাইব জানি না, তবে আমার একমাত্র সংস্ভোষ, যেখানেই যাইব সেখানে নিশ্চয়ই ব্রিটিশ সাম্রাজ্য নাই। এতদিন পর এই সাম্রাজ্যের বন্ধন-মৃক্তি!' কলিকাতা হইতে ফিরিবার পথে আমি গান্ধিন্তীর সহিত শান্তিনিকেতনে গিয়া রবীন্দ্রনাথ ঠাকুর এবং তাঁহার সর্বজনপ্রিয় জ্যেষ্ঠনাতা 'বড়দাদার' দর্শনলাভ করিলাম। সেখানে আমরা কয়েকদিন কাটাইলাম। এই সময় সি, এফ, এও্কজ আমাকে কয়েকখানি বই উপহার দিয়াছিলেন। আফিকায় সাম্রাজ্যনীতির ফলে অর্থনৈতিক অবস্থা সম্পর্কে ঐ বইগুলি পড়িয়া আমি যথেষ্ট শিক্ষা লাভ করিয়াছিলাম। ইহার মধ্যে মোরেল রচিত 'র্য়াক ম্যানস্ বার্ডন' নামক বইখানি পড়িয়া আমার মন আলোড়িত হইয়াছিল।

এই সময় ভারতের স্বাধীনতা সমর্থন করিয়া সি, এফ্, এণ্ড্রকজ একখানি পুন্তিকা লেখেন। নিখিল ভারত সম্পক্তিত রচনার উপর ভিত্তি করিয়া এই স্থন্দর প্রবন্ধটি লেখা হইয়াছিল। স্বাধীনতার স্থপ**কে অখণ্ডণী**য় যুক্তির অবতারণা করিয়া তিনি এই প্রবন্ধে ভারতের মর্ম্মকথা ব্যক্ত করিয়াছিলেন। আমাদের চিত্তের গভীর আলোড়ন এবং অনির্দিষ্ট আশা তিনি আবেগময়ী ভাষায় ফুটাইয়া তুলিয়াছিলেন। কোনও অর্থ নৈতিক সমস্তা অথবা সমাজভদ্ধবাদের অবভারণা তিনি করেন নাই। ইহা নিছক সহজ জাতীয়তাবাদ। ইহা ভারতের তীব্র অপমানবোধ হইতে নিছুতির উগ্র আকাঙ্খা এবং আমাদের ক্রমাবনতির স্রোত ক্লব্ধ করিবার আবেগ। विषिमी এवः भामकमुख्यमायुत मुखान इहेग्रा छिनि य स्थामापात मन्त्र कथा এমন ছবছ প্রতিধ্বনি করিতে পারিলেন ইহা আকর্ষা। দিলি বহুপূর্বেই বলিয়া গিয়াছেন যে, "বিদেশী শাসনকে অব্যাহত রাখিবার ষে লক্ষা তাহাই অসহযোগের প্রস্থৃতি" এবং এও ক্লম্ভ লিখিরাছেন, "আভাম্বরীণ শক্তিকে জাগ্রত করাই আক্মপ্রতিষ্ঠাব একমাত্র পথ। ভারতের আত্মার মধা হইতেই প্রক্রণের প্রচও শক্তিকে জাগ্রত করিয়া আলোড়ন আনিতে হইবে। বাহির হইতে আগত কোন ঘোষণা, অন্তগ্রহ, পুরস্কার বা ঋণদারা ইহা সম্ভব নহে। ইহা কেবলমাত্র ভিতর হইতেই সম্ভব। অতএব আমি মানসিক অপূর্ব তৃপ্তি লইয়া ত্র্বহ ভারম্ভির প্রচেষ্টায় আত্মিক শক্তির এই প্রক্রুরণ প্রত্যক্ষ করিতেছি। মহাত্মা গান্ধী ভারতের

#### **जगर**(यांश

কর্বে এই মন্ত্র উচ্চারণ করিতেছেন—"মৃক্ত হও, ক্লতদাস থাকিও না!" ভারতবর্বে চেতনা সঞ্চার হইতেছে। সহসা সঞ্চালিত দেহে বন্ধনসৃত্বল শিথিল হইতেছে এবং স্বাধীনতার পথ উন্মৃক্ত হ'ল।"

পরবর্তী তিন মান কালে সমগ্র দেশে অনহযোগ আন্দোলন অগ্রসর হইতে লাগিল। নৃতন আইন-সভার নির্বাচন বর্জন আশ্রুণ্য সাফল্য লাভ করিল। কিছ আইন-সভার প্রবেশাখী প্রত্যেককে নিবারণ করা কিছা সদস্তপদ শৃত্য রাখা সম্ভবপর নহে। মৃষ্টিমেয় ভোটার যাহাকে খুসী নির্বাচিত করিতে পারে এবং অন্য প্রাথীর অভাবে যে-কেহ বিনা বাধায় নির্বাচিত হইতে পারে। অধিকাংশ ভোটারই ভোট দিতে বিরত রহিল এবং দেশের তীব্র মনোভাব দেখিয়া অনেকেই প্রার্থী হইলেন না। ভোট গ্রহণের দিন স্থার ভ্যালেন্টাইন চিরোল এলাহাবাদে উপস্থিত ছিলেন এবং ভোটকেন্দ্রুণ্ডলি পরিদর্শন করিয়াছিলেন। বয়কটের আশ্রুণ্ড সাফল্যে তিনি চমৎকৃত হইয়াছিলেন। এলাহাবাদ সহরের পনর মাইল দূরবর্তী এক গ্রাম্য ভোটকন্দ্রে তিনি একজন ভোটারও দেখিতে পান নাই। তাঁহার এই অভিজ্ঞতার কথা ভারত সম্পর্কিত এক পুস্তকে লিপিবদ্ধ করিয়া গিয়াছেন।

কলিকাতা কংগ্রেদে মিঃ সি, আর, দাশ ও আরও অনেকে বয়কটের যৌক্তিকতা সম্বন্ধে সন্দেহ প্রকাশ করিলেও তাঁহারা কংগ্রেশের সিদ্ধান্ত মানিয়া লইয়াছিলেন। নিকাচন শেষ হইলে মতভেদের কারণ অন্তর্হিত হুইন্ধ ১৯২০-র ভিসেম্বরে নাগপুর কংগ্রেসে পুরাতন কংগ্রেস নেতারা অসহযোগের ভূমিতে আসিয়া মিলিত হুইলেন। আন্দোলনের আশ্চর্ষ্য সাক্ষলো অনেকের সংশয় দিধা দূর হুইল।

কলিকাতা কংগ্রেসের পর যে ক্রেক্জন খাতনামা ও জনপ্রিয় নেতা কংগ্রেস হইতে সরিয়া দাড়াইলেন, মি: এম, এ, জিল্লা তাঁহাদের অক্তম। সরোজিনী নাইড়ু তাঁহাকে বলিতেন, "হিন্দু-মুসলমান মিলনের দৃত।" অতীতে তাঁহার চেষ্টায় কংগ্রেস ও মোলেম লীগের মিলন হইয়াছিল। কিন্তু কংগ্রেসের নবরূপান্তর—অসহযোগ ও নৃতন নিয়মতক্সদারা কংগ্রেসকে জনসাধারণের প্রতিষ্ঠানে পরিণত করিবার চেষ্টা তিনি অন্থ্যাদন করিলেন না। বাছতেঃ রাজনৈতিক কারণে হইলেও আসলে তাঁহার কংগ্রেস হইতে দুরে সরিয়া যাওয়ার কারণ রাজনীতি নহে। এখনও কংগ্রেসে এমন অনেকে আছেন বাঁহারা রাজনৈতিক ক্ষেত্রে তাঁহার মত অগ্রসর নহেন। নৃতন কংগ্রেসের সহিত তাঁহার প্রকৃতিগত একা সম্ভব হইল না। খদরপরিহিত জনসাধারণ হিন্দী বক্তৃতা দাবী করিয়া থাকে, ইহা তিনি বরদান্ত করিতে পারিলেন না। জনসাধারণের উৎসাহ তাঁহার নিকট ইতর জনতার

### জওহরলাল নেহর

ভাবাতিশয় বলিয়া মনে হইল। লগুনের 'সেভিল রো' কিংবা 'বগু ব্লাটের' সহিত কুটার সমন্বিত ভারতীয় গ্রামের যে পার্থকা, জনসাধারণের সহিত তাঁহার পার্থকা সেইরপ। তিনি একবার একান্তে বলিয়াছিলেন, অন্ততঃ ম্যাট্রকুলেশন পাশ না করিলে কাহাকেও কংগ্রেসে লওয়া উচিত নহে। এই প্রস্থাব তিনি একান্তিকভাবে করিয়াছিলেন কি-না জানি না, তবে ইহার সহিত তাঁহার দৃষ্টিভঙ্গীর একা ছিল। এইরূপে তিনি কংগ্রেস হইতে সরিয়া গেলেন। এবং রাষ্ট্রক্ষেত্রে সৈক্তহীন সেনাপতির মত একক হইলেন। ত্র্ভাগ্যক্রমে পরবত্তীকালে এই পুরাতন মিলনের দৃত অতিমাত্রায় প্রগতিবিরোধী মুসলমান সাম্প্রদায়িকতাবাদীদের সহিত যোগ দিয়াছিলেন।

অবশু 'মডারেট' ব। 'লিবারেল'দের সহিত কংগ্রেসের কোন সম্পর্ক রহিল না, তাঁহারা গভর্গমেন্টের সহিত যোগ দিয়া নৃতন শাসনতয়ে মন্ত্রী ও অক্যান্য উচ্চ পদ গ্রহণ করিলেন; এবং অসহযোগ ও কংগ্রেস দমনে সহায়তা করিতে লাগিলেন। কিছু শাসন সংস্কার পাইয়াই তাঁহাদের আশা পূর্ণ হইল। কাজেই তাঁহাদের আন্দোলনের আর প্রেয়েজনীয়তা রহিল না। যথন সমস্ত দেশ উৎসাহে অধীর ও আমূল পরিবর্ত্তন প্রিয়াসী, তথন তাঁহারা প্রকাশ্যে পরিবর্ত্তনিবিরোধী হইয়া গভর্গমেন্টের অংশরূপে পরিবর্ত্তিত হইলেন। জনসাধারণের সহিত তাঁহাদের সম্পূর্ণ বিচ্ছেদ ঘটিল এবং ক্রমে তাঁহারা সমস্যাগুলিকে শাসক সম্প্রদায়ের দৃষ্টিতে দেখিতে অভ্যন্ত হইয়া উঠিলেন। দয়া বলিয়া তাঁহাদের কিছু রহিল না। বড় বড় নগরে তাঁহাদের ব্যক্তিগত অভিত্ব রহিল মাত্র। শ্রীনিবাসশাস্ত্রী ব্রিটিশ গভর্গমেন্টের নির্দ্ধেশে সাম্রাজ্যবাদীদের দৃত হইয়া ব্রিটিশ উপনিবেশগুলিতে এবং আমেরিকার যুক্তরাট্রে, গভর্গমেন্টের বিরোধিতার জন্ম কংগ্রেস এবং তাঁহার স্বদেশবাসীর নিন্দাপ্রচার করিয়া বড়াইতে লাগিলেন।

তথাপি লিবারেলগণ স্থী হইলেন না। নিজের স্বদেশবাদী হইতে বিচ্ছিন্ন হইয়া জনদাধারণের কুদ্ধ বিরোধকে চোথ কান নৃজিয়া অস্বীকার করিলেও তাহা অত্যন্ত তিক্ত এবং অগ্রীতিকর অভিজ্ঞতা, গণ-আন্দোলন সংশ্যাতুরদিগকে ক্ষমা করে না। গাদ্ধিস্তার প্নংশুনং দাবধান বাণীর ফলে অসহযোগ আন্দোলন তাহার বিক্ষরাদীদিগের প্রতি সদায় ও ভন্ত ছিল, অন্তথা কি হইত বলা যায় না। এক দিকে এই আন্দোলন তাহার সমর্থকদিগের মধ্যে যেমন নৃতন জীবনীশক্তির উল্লেখন করিল, তেমনই অন্ত দিকে বিক্ষরাদীরা এই পারিপার্থিক অবস্থার মধ্যে নিজ্জিত হইয়া অস্বাচ্চন্দ্য অস্তব করিতে লাগিলেন। গণজাগরণ ও প্রাকৃত বৈপ্লবিক আন্দোলন

#### অসহযোগ

সর্ব্যাই বিধার তরবারির মত কাজ করিয়া থাকে; একদিকে ইহা গণনামকদের ব্যক্তিথকে সচেতন করিয়া তোলে, অন্তদিকে বিরুদ্ধবাদীদিগের মানসিক অবস্থা নিস্তেজ করিয়া ফেলে। এই কারণে কেহ কেহ যে অসহযোগ আন্দোলন পরমত অসহিঞ্ এবং ব্যক্তি স্বাধীনতা নই করিয়া কর্ম ও মতের প্রাণহীন সামঞ্জ্য স্থাপন করিতে চাহে, এই অভিযোগ করিয়া থাকেন। ইহা সত্য, কিন্তু সেই সত্য এই যে, অসমুখোগ আন্দোলন, গণআন্দোলন এবং ইহার নেতার প্রথব ব্যক্তিত তার্মতের কক্ষ লক্ষ নরনারীকে অপুর্ব্ব প্রেরণায় উলোধিত করিয়াছিল।

জনসাধারণের উপর ইহার আশ্চর্যা প্রভাব এক মন্দান্তিক স্ত্রাধাবাণভার ঠেলিয়া ফেলিয়া এক মহান ভাব ও উন্মাদনায় স্বাধীনতার নবীন আকাজ্ঞা জাগিয়া উঠিল। ভয়ের তুর্বহ ভার দূরে সরিয়া গেল, তাহারা ঋজু মেরুদণ্ড লইয়া শির উন্নত করিল। স্তদূর পল্লীর বাজারে অতি সাধারণ লোহকরাও কংগ্রেস, স্বরাজ, পাঞ্লাব ও থিলাফতের কথা আলোচনা করিতে লাগিল। (নাগপুর কংগ্রেসেই প্রথম স্বরাজ লাভ লক্ষ্য বলিয়া নির্দিষ্ট হয়)। পল্লী অঞ্চলে 'থিলাফত্' শব্দটির এক অভিনব অর্থ করা হইত। জনসাধারণ মনে করিত ইহা উর্দ্দু শব্দ 'থিলাফ্ হইতে শাসিয়াছে। তাহার অর্থ বাধা দেওয়া—বিরোধিতা করা। তাহারা শ্বির্মা লইল, ইহার অর্থ গভর্ণমেন্টের বিরোধিতা করা। অগানত সভা-সমিতির মধা দিয়া জনসাধারণের মধ্যে রাজনৈতিক জ্ঞান বিস্তৃত হইতে লাগিল। এবং তাহারা নিজেদের বিশেষ অর্থ নৈতিক ছর্গতির বিষয় আলোচনা করিতে শিথিল।

কংগ্রেসের কার্যাপদ্ধতি লইয়া সমস্ত ১৯২১ সন আমাদের এক অপুর্ব উন্নাদনার মধ্যে অতিবাহিত হইয়াছে। আশা উৎসাহ ও উত্তেজনার অস্ত ছিল না। মহ্ উদ্দেশ্যের জন্ত আত্মসমর্পণের আনন্দ্র আমরা অভিভূত হইয়াছি। কোন সন্দেহ, কোন দ্বিধা আমাদের ছিল না। সম্মুখে প্রশন্ত পথ—পরস্পরের সহযোগিতা ও উৎসাহের সাহায্যে আমরা সৈনিকের দর্প শিইয়া অগ্রসর হইয়াছি, যে শ্রম কথনও কল্পনা করি নাই আমরা ততোধিক শ্রম করিয়াছি। আমরা জানিতাম, গভর্ণমেন্টের সহিত সংঘর্ব অনিবার্যা—আসয়। সেইজন্য কর্মক্ষেত্র হইতে অপসারিত হইবার পূর্ব্বে যতটা সম্ভব কাজ করিবার জন্ম আমরা চেষ্টা করিয়াছিলাম।

সর্বোপার স্বাধীনতার অমুভৃতি, স্বাধীনতার গর্বে আমাদের মন ভরিয়া উঠিল। পুর্বিতন আশাভঙ্গ জনিত মনের ত্র্বহ ভার অন্তর্হিত হইল। ফিস্ ফাস্ বিয়া কথা বলা, শাসকবর্গের দণ্ড এড়াইবার জন্ম ঘুরাইয়া

### ज अर्जनान जिर्क

ক্রিইয়া আইনসকত বক্তা করার প্রয়োজন আর রহিল না। আমরা যাহা ভাবিতাম, তাহাই উচ্চৈ: যরে প্রকাশ করিতাম। ফল যাহাই হউক কি আদে যায় ? কারাগার ? তাহাতে আমাদের উদ্দেশ্য অধিকতর সাফল্য লাভ করিবে। অগণিত গুপুচর এবং গোয়েন্দা বিভাগের ব্যক্তিরা আমাদের পিছনে পিছনে সর্বগাই ঘুরিত। এই বেচারাদের কি ছরবন্ধা! কেন্দ্রনা, আবিষ্কার করিবার মত গোপন কোন কিছুই নাই। কেন না, আর্মিদের মন মুখ ছিল এক।

আমাদের চকুর সম্মুখে ভারতবর্ষের এই ক্রত পরিবর্ত্তন দেপিয়া আমরা বিশাস করিতাম স্বাধীনতা নিকটবর্ত্তী হইতেছে। আমাদের রাজনৈতিক কার্য্যের সাফলো আমরা আনন্দিত হইতাম। আমাদের উদ্দেশ্য ও উপায় বিক্লন্ধ দল অপেক্ষা উন্নততর। এজন্ম আমরা তাহাদের অপেক্ষা নৈতিক দিক দিয়া নিজেদের শ্রেষ্ঠতর মনে করিতাম। এক অভিনব পদ্বার আবিষ্কারক আমাদের নেতার জন্ম আমরা গর্ক বোধ করিতাম ১০০ই গর্ক সময় সময় আমাদিগকে ধর্মোন্মাদনায় অভিভূত করিত। চারিদিকের সংঘর্ষের মধ্যেও এবং সংঘর্ষ রত থাকিয়াও আমরা এক অপুর্ক মান্দিক শান্তি অমৃভ্ব করিতাম।

আমাদের নৈতিক শক্তি বৃদ্ধির সঙ্গে সঙ্গে সভর্গমেণ্ট বিহবল হইলেন। তাঁহারা বৃঝিয়া উঠিতে পারিলেন না যে কি ঘটিতেছে। মানে হইতে লাসিল, ভারতবর্ষে তাহাদের পরিচিত প্রাচীন ব্যবস্থা ওলট পালট হইয়া যাইতেছে। সর্ব্বত্র এক আক্রমণোন্ম্থ শক্তির বিকাশ, এবং নিভীক আত্মপ্রতার, ব্রিটশ শাসনের যে প্রধান কন্ত—মর্য্যাদা, তাহাই যেন মুষড়াইয়া পড়িল। অতি সামাত্র পরিমাণ দমননীতি আন্দোননকে অধিকতর শক্তিশালী করিল। বড় বড় নেতাদের বিক্লমে কিছু করিতে গভর্গমেণ্ট দীর্ঘকাল ইতন্ততঃ করিতে লাগিলেন। কি প্রতিক্রিয়া উপস্থিত হইতে পারে তাহা তাঁহারা ভাবিয়া পাইলেন না। ভারতীঃ সৈত্যদলকে কি পূর্ণভাবে বিশ্বাস করা যায় পুলিশ কি আমাদের আদেশ পালন করিবে । ভাইস্বয় লও রেডিং ১৯২১-র ভিসেম্বর মানে বলিয়াছিলেন যে, তাঁহারা "হতবৃদ্ধি ও কিংকর্তব্যবিমৃত্ত" (puzzled and perplexed)।

১৯২১-এর গ্রীম্মকালে যুক্তপ্রদেশের গভর্ণমেণ্ট, জিলা কর্মচারীদের
নিকট একথানি কৌতুককর ইস্তাহার প্রেরণ করেন। পরে উহা সংবাদপত্ত্বেও
প্রকাশিত হইয়াছিল। 'শক্ররাই' (অর্থাৎ কংগ্রেস) আগু ইড়াইয়া সব
কিছু করিতেছে, এজগু উহাতে কোভ প্রকাশ করা হইয়াছিল। সমরকারের
তর্ফ হইতে কিছু করিবার জন্ম নানা উপায় চিস্তা করা চলি শী লাগিল।

### **अगर्**दयां श

ইহার ফলেই হাস্তকর 'আমান সভার' স্প্রি। লোকের বিশাস, এই উপায়ে অসহযোগ আন্দোলনের বিশোধিতা করাব দিদ্ধান্ত একজন নভারেট মন্ত্রীর আবিষ্কার।

বছ ব্রিটিশ শাসকের মন আঙ্গিয়া পড়িতে লাগিল। চ'প অত্যন্ত অধিক। ক্রমবর্দ্ধিত বিরোধিত। এবং অবাধাতা যেন বর্ধার কালো মেঘের মত সরকারী চিত্তগণন ছঃইয়া ফেলিল। শাস্তিপূর্ণ ও অহিংস আন্দোলনকে বলপুর্বক দাবাইয়া দিবার কোন পথ তাঁহার। খুলিখ। পাইলেন না। সাধারণ ইংরাজগণ অহিংসাকে বিশাস করিতেন না; তাঁহারা উহাকে এক कोमनभून जावत् मान कहिएक वदः छाविएक इंशत जलताल वक হিংসামূলক সশস্ত্র অভ্যুখানের গুপ্ত ষড়যন্ত্র চলিতেছে। রহস্থমগ্ন প্রাচ্য সম্পর্কে পাশ্চাত্যের বন্ধমূল ধারণার মধ্যে লালিত পালিত ইংরাজ সন্তান বালাকাল হইতেই এরপ ভাবিতে অভান্ত হয়। সে মনে করে, বাজারে সমীর্ণ গলিপথে না জানি কত গুপ্ত ষড়বন্ধ চলিয়াছে। এইরূপে কল্পিড রহস্থারত দেশ সম্পর্কে ইংরাজ কদাচিং সরলভাবে চিন্তা করিতে পারে। প্রাচাবাদীও যে রহস্তহীন সাধারণ মাত্র্য তাহা বুঝিবাব জন্ত সে চেষ্টাও করে না। দে প্রাচ্যবাদীর সংশ্রব হইতে দূদে সরিয়া থাকে। গুপ্তচর ও গুপ্তস্মিতি ঘটিত গল্প ও উপতাস হইতে ধারণা সংগ্রহ করিয়া কল্পনায় শিহরিয়া উঠে। ১৯১৯ এর এপ্রিলে পঞ্চাবে তাংাই ঘটিয়াছিল। কর্ত্রশক্ষ ও সাধারণ ইংরাজগণ ভয়ে অভিভৃত হইয়া দর্বত্র বিপদের বিভীষিকা দেখিতে লাগিলেন: দেশব্যাপী সশস্ত্র অভ্যুত্থান এবং ব্যাপক হত্যাকাণ্ডের আয়োজন লইয়া থেন এক দ্বিতীয় বিদ্রোহ আসন। যে-কোনও উপায়ে আত্মবঞা করিবার অন্ধ আদিম মনোবৃত্তিদারা চালিত হইয়া তাহারা এক ভ্যাবহ কাণ্ডের অবতারণা করিলেন যাহা উত্তর কালে জালিয়নাবাগ এবং অমৃতসরের বৃকেইাটা গলিরূপে প্রসিদ্ধি লাভ করিয়াছে! ১৯২১ সালে শাসক ও শাসিতের মনোমালিক চরমে উঠিয়ছিল। শাসকগণের বিরক্তি, ধৈৰ্যাচাতি ঘটিবাৰ কাৰণেৰও অভাব ছিল না। যাহা কাৰ্য্যতঃ ঘটতেছিল তাহাকে কল্পনায় তাহারা আরও বড় করিয়া দেখিতেছিল। শাসকগণের কল্পনার আতিশহ্যের একটি দৃষ্টাস্ত আমার মনে আছে। ১৯২১ সালে ১০ই মে এলাহাবাদে আমাদের ভগ্নী স্বরূপের বিবাহ স্থির হইয়াছিল। বলা বাহুলা, বিবাহ উপলক্ষ্যে সাধারণভাবে সম্বং পঞ্জিকামুসারে এই শুভদিন নিদ্ধারিত হইয়াছিল। এই উপলক্ষ্যে গান্ধিজী ও অন্তান্ত প্রধান নেতাগণ ও আলী ভাত্ত্বয় নিমন্ত্রিত হইয়াছিলেন এবং তাঁহাদের স্থবিধার জন্ম এ সময় এলাহাবাদে কংগ্রেস কার্য্যকরী সমিতির অধিবেশনও নির্দ্ধারিত

## ज अर्जनान (नर्ज

হইয়াছিল। বাহিরের খ্যাতনামা নেতাদের আগমনের স্থযোগে স্থানীয় কংগ্রেস কন্মীরা বেশ জাকজমকের সহিত একটি জিলা সন্মেলনের ব্যবস্থা করিলেন। চারিদিকের গ্রাম হইতে বহুরুষক ইহাতে যোগ দিবে, এইরূপ প্রত্যাশা ছিল।

এই সকল রাজনৈতিক সম্মেলনের আয়োজনে এলাহাবাদে যথেষ্ট পরিমাণে গওগোল ও চাঞ্চল্যের স্বষ্ট হইল। ইহাতে কতকগুলি লোকের টনক নড়িয়া উঠিল। একদিন আমার এক ব্যারিষ্টার বন্ধুর নিকট শুনিলাম, অনেক ইংরাজ অতান্ত বিচলিত হইয়া মনে করিতেছেন শীঘ্রই এই নগরে একটা উলট্পালট্ উপস্থিত হইবে। তাহারা ভারতীয় ভূতাদিগকে অবিশ্বাদ করিতে লাগিলেন ও পকেটে রিভল্ভার লইয়া বেড়াইতে লাগিলেন। ইহাও বিশ্বস্থাতেে জানা গেল যে, স্থানীয় ইংরাজবাদীরা ঘাহাতে এলাহাবাদ দুর্গে আশ্রয় লইতে পারেন তাহারও বাবস্থা করা সম্ভব হইল ভাবিয় পাইলাম না। অহিংসা মন্ত্রের শ্বষি যথন স্বয়ং আদিতেছেন তথন এই ঘুমস্ত শান্তিপূর্ণ এলাহাবাদ নগরীতে সশস্ত্র অভ্যান সম্ভবপর, ইহা বাতুলের কল্পনা। এমন কি, ইহা পর্যান্ত কানাকানি হইয়াছিল যে, ১০ই মে (ঘটনাক্রমে আমার ভগ্নীর বিবাহের জন্ম নির্দারিত দিবদ) ১৮৫৭-এর মিরাট বিদ্রোহের দিবদ এবং তাহার শ্বন্তি-বার্ষিকী অন্থটিত হইবে।

(১৯২১ সালে থিলাফত আন্দোলনকে প্রাধান্ত দেওয়ার ফলে বহু সংখ্যক মৌলবী ও মুসলমান ধর্ম প্রচারকগণ রাজনৈতিক সংদর্গে যোগ দিয়াছিলেন। তাঁহারা আন্দোলনের উপর ছাপ আনিরাছিলেন ঘাহাতে মুসলমান জনতা বিশেষভাবে প্রভাবান্বিত হইত। আনক পাশ্চাত্যভাবাপন মুসলমান, বাঁহারা ধর্ম লইয়া মাথা ঘামাইতেন না তাঁহারাও দাছি রাখিতে আরম্ভ করিলেন এবং ধর্মাচরণে নৈষ্টিক হইয়া উঠিলেন। পাশ্চাত্য ভাবের ক্রমপ্রসার ও নৃতন নৃতন চিন্তার ফলে বে গৌলবীদের প্রভাব ও প্রতিপত্তি স্বাভাবিকরপে কমিয়া আসিতেছিল তাহারা পুনরায় প্রবল হইয়া মুসলমান সমাজের উপর আদিপত্য বিস্থাব করিল। আলী ভাতৃদ্বয়ের ধর্মপ্রবণ মনের ধর্মপ্রবণতা হইল ইহার সহায়ক, গান্ধিজীও ঐরপ এবং তিনিও মৌলবী ও মৌলনাদের প্রতি অতান্ত শ্রেছাইল।

। বিলা বাহুলা, গান্ধিজী দর্বদাই আন্দোলনের ধর্ম ও আধ্যাত্মিক ভঙ্গীর উপর জোর দিতেন। তাঁহার অবশ্য বর্ণের গোড়ামী ছিল না। তথাপি সমগ্র আন্দোলনের মধ্যে এক ধর্মের জাগরণ অন্তুভূত ইইল এবং জনসাধারণের

## অসহযোগ

মধ্যেও এই আন্দোলন ধর্মজীবনের আকাজ্জা জাগাইল। অধিকাংশ কংগ্রেদকর্মী স্বাভাবিকরণেই গান্ধিজীর জীবনাদর্শে নিজেদের জীবন গড়িতে লাগিলেন, এমন কি, তাঁহার ভাষা গ্রিস্ত নকল করিতেন।) কিন্দ্র গান্ধিজীর প্রধান দহকর্মীরা—কার্যাকরী দ্যিতির দদস্তেরা, অর্থাৎ আমার পিতা, দেশবন্ধু দাশ\* এবং অক্তান্ত সকলে নাধারণভাবে ধর্মপাণ ব্যক্তি ছিলেন না। এবং তাঁহারা রাজনৈতিক দমস্তাগুলিকে রাজনৈতিক ভিত্তিতেই বিবেচনা করিতেন। তাঁহারা জনসভায় বক্তৃতায় ধর্মের প্রসঙ্গ উত্থাপন করিতেন না। কিন্তু বাক্য অপেক্ষা তাঁহাদের ব্যক্তিগত দৃষ্টান্তের প্রভাবই ছিল বেশী। জগতের লোক যাহা কামনা করে সেই ঐহিক ক্থ তাঁহারা বহুলাংশে ত্যাগ করিয়া সাধারণ জীবন যাপন করিতেন। ইহাকে লোকে ধর্মের লক্ষণ বলিয়াই মনে করিত এবং ইহা ধর্মভাব জাগরণের সহায়ক হইয়াছিল।

শি কি হিনু কি মুদলমান—আমাদের রাজনীতির মধ্যে এই ধর্মভাবের আবিক্য দেখিরা আমি বিত্রত হইতাম। আমার ইহা ভাল লাগিত না। অধিকাংশ মৌলবী, মৌলনা, স্বামীরা জনসভায় যে ভাবে বক্তৃতা করিতেন তাহা আমার নিকট ক্লেশকর মনে হইত। তাহারা ইতিহাদ, দ্মাজনীতি অর্থনীতির সহিত ধর্মের ওড়ন পাড়ন দিয়া সরল ভাবে চিন্তা করিবার পথ রুদ্ধ করিতেন। আমার নিকট ইহা অন্যায় বলিয়া মনে হইত। গান্ধিজীর কতকগুলি উক্তিও আমার কানে বাজিত। কিনি প্রথমই রামরাজ ও সত্যযুগ ফিরিয়া আনিবার কথা উল্লেখ করিতেন, কিন্তু ইহা নিবারণ করিবার শক্তি আমার ছিল না। জনসাধারণের স্থপরিচিত ও সহজবোধ্য বলিয়াই গান্ধিজী ঐ শ্রেণীর উক্তি করিয়া থাকেন, ইহা মনে করিয়া আমি সান্ধনালাভের চেষ্টা করিতাম। জনসাধারণের হৃদয় স্পর্ক করিবার তাঁহার এক আশ্বর্য ক্ষমতা ছিল।

ি কিন্তু ইহা লইয়া আমি বেশী মাথা ঘামাইতাম না। আমার হাতে ছিল বছকাজ, আমি মনে করিতাম আন্দোলনের অগ্রগতির তুলনায় এ সকল বিষয় অতি তুচ্ছ। বৃহৎ আন্দোলনে সকল শ্রেণীর সকল মতের লোকই যোগ দিয়া থাকে। যদি আমাদের মূল লক্ষ্য অব্যাহত থাকে, এই সব ছোটথাট বিক্ষোভ ও সন্ধীণতাতে কিছু আসে যায় না। কিন্তু গান্ধিজী এক ঘূর্বোধ্য বিশ্বয়! সময় সমন তাঁহার ভাষা একজন আধুনিকের পক্ষে বোঝা কঠিন হইত। কিন্তু তিনি একজন মহান ও

### छ ওহরলাল নেহর

অনক্রসাধারণ ব্যক্তি, তাঁহার যশসী নেতৃত্বের উপর পূর্ব আছা লইয়া আমরা প্রায় নির্কিচারে, অন্ততঃ সাময়িকভাবে, তাঁহাকে অমুসরণ করিতে লাগিলাম। সময় সময় আমরা নিজেদের মধ্যে রহস্ত ছলে তাঁহার খেয়াল ও বিশেষস্কুলি আলোচনা করিতাম এবং বলিতাম, যখন স্বরাজ্ঞ আসিবে তখন এসব খেয়ালে উৎসাহ দিব না।

আমাদের মধ্যে অনেকে রাজনীতি ও অন্যান্ত বিষয়ে তাঁহার বারা প্রভাবান্থিত হইলেও তাঁহার বিশিষ্ট ধর্মমত সম্পর্কে আমরা সম্পূর্ণ নিরপেক্ষ ছিলাম। প্রতাক্ষভাবে ধর্মভাব আমার মধ্যে সঞ্চারিত না হইলেও ইহার পরোক্ষ প্রভাব হইতে আমি সম্পূর্ণরূপে আত্মরক্ষা করিতে পারি নাই। ধর্মের বাহ্য আচরণের উপর আমার কোনও আকর্ষণ ছিল না। তথাকথিত ধার্ম্মিকরপে জনসাধারণকে ভূলাইবার চেষ্টা আমি অত্যন্ত অপছন্দ করিতাম। কিন্ত তথাপি এই বিষয়ে আমার মনের উগ্রতা কমিয়া গেল। ১৯২১ সালে আমাব মনে ধর্মজীবনের নিয়মান্ত্রবৃত্তিতার একটা ছাপ পড়িয়াছিল যাহা আশৈশ্ব ক্থনও অন্তত্ব করি নাই। কিন্তু তথাপি ধর্ম হইতে আমি দুরেই ছিলাম।

আমাদের আন্দোলন ও সত্যাগ্রহের নৈতিক বিধিবদ্ধ সংযমপ্রণালী না
আমার ভাল লাগিত। অহিংসার পথকে আমি কোন দিনই চরমভাবে
গ্রহণ করি নাই, কিন্তু ক্রমে ইহার উপর আমার আন্থা বাড়িয়াছিল।
আমাদের বর্ত্তমান অবস্থায় এবং আমাদের পরম্পরাগত সংস্থারের প্রভাবে
আমাদের পক্ষে ইহাই প্রকৃত পথ, আমার মনে এইরূপ বিশ্বাসই জন্মিয়াছিল।
সন্ধীর্ন ধর্মপথের উদ্ধে থাকিয়া রাজনীতিকে আধ্যান্মিকতায় অন্ধ্রপ্রাণিত
করিবার আনর্শ আমার ভালই মনে ইইত। মহং উদ্দেশ, মহান
উপায়েই সিদ্ধ হয়। ইহা যে কেবল একটা নৈতিক পথ তাহা নহে, বান্তব
রাজনীতিতেও ইহার মূল্য আছে; কেন না, উপায় যদি ভাল না হয় তাহা
হইলে উদ্দেশ্য বার্থ হইয়া নৃতন বাধার স্বান্ধি করিতে পারে। তথন আমার
মনে হইত, পর্কিল পথ অবলহন কি ব্যক্তি কি জাতির পক্ষে মর্য্যাদাহানিকর
ও অশোভনীয়। পরিল পথের কল্বফালিন্ত হইতে আ্যুরক্ষার উপায়
কি ? যদি আমরা নত হইয়া স্বাধ্পের মত চলি তাহা হইলে
আ্যুমর্যাদার সহিত উন্নত শিরে কেমন করিয়া অগ্রসর হইব ?

তথন এইরপে অনেক চিন্তা করিতাম। অসহযোগ আন্দোলনের মধ্যে আমার প্রাথিত বস্তু পাইলাম। জাতীয় স্বাধীনতার লক্ষ্য—ত্র্বলের শোষণের অবসান—আমার মনের মধ্যে এক অপূর্ব তৃপ্তি আনিল। আমি যেন ব্যক্তিগতভাবে মৃক্তির স্থাদ পাইলাম। আমি এত উল্লাসিত হুইলাম

### ১৯২১ এবং প্রথম কারাদণ্ড

যে, বার্থতার সম্ভাবনা পর্যান্ত গণনার মধ্যে আনিলাম না, ভাবিতাম ব্যর্থতা আদিলেও তাহা ক্ষণস্থায়ী। ভাগবং গীতার দার্শনিক তত্ত্ব আমি ব্ঝিতামও না কিছা উহার মধ্যে প্রবেশ করিবার চেষ্টাও করিতাম না। প্রতিদিন সন্ধ্যায় গান্ধিজার আভ্যমিক প্রার্থনায় যোগ দিয়া গীতার শ্লোক পাঠ করিতাম। যাহার মধ্যে মানবজীবনের আদর্শের ইন্ধিত ছিল—ধীর, বিগতস্পৃহ ও অহ্দির হইয়া কর্ত্রা কর্ম কর, ফলের জ্লা ল্ব্র হইও না। আমার অধীর ও অশান্ত চিত্ত এই আদর্শে আরুষ্ট হইত।

#### 35

# ১৯২১ এবং প্রথম কারাদগু

ু১৯২১ আমাদের নিকট এক স্বর্ণীয় বংসর। জাতীয় সভা রাজনীতি, বর্ম, অতীন্দ্রির রহস্থবাদ এবং ধর্মান্ধ গোডামীর এক আশ্রুষ্ঠা মিলন মিশ্রণ : এই পটভূমিকার উপর পল্লীতে ক্লমকচাঞ্চল্য এবং বৃহৎ নগরীগুলিতে শ্রমিক শ্রেণীর আন্দোলন মাথা তুলিতেছিল। 🥎 জাতীয়তা এবং তংসংশ্লিষ্ট অস্পষ্ট অথচ গভীরব্যাপক আদর্শবাদ এই সকল বিভিন্ন এবং স্থানে স্থানে স্ববিরোধী অসন্তোষগুলিকে একই কৈনে মিলিড করিতে আশ্রুষ্য সাফল্য লাভ করিয়াছিল। এই জ্বাতীয়তাবাদ অকটা মিলিড শক্তি, ইহার পশ্চাতে হিন্দু জাতীয়তাবাদ এবং ভারতের ভৌগলিক সীমার বাহিরে প্রসারিত দৃষ্টি মুসলমান জাতীয়তাবাদের পার্থক্য স্থস্পষ্ট ছিল। কিন্তু তংসত্ত্বেও সময়ের গুণে ইহা এক ভারতীয় জাতীয়তাবানরূপে আত্মপ্রকাশ করিয়াছিল। কিছুকালের জন্ম ইহা পরম্পর মিলিয়া একত্তে চলিতে লাগিল। সর্বাত্র 'হিন্দু-মুদলমান কি জয়ধ্বনি', গান্ধিজী এই বিচিত্র বিভিন্ন শ্রেণীর জনসভ্যকে মন্ত্রমৃধ্ব করিয়া একই উদ্দেশ্তে পরিচালিত করিতে লাগিলেন, ইহা আশ্র্যা। (অন্ত এক নেতার সম্পর্কে কথিত উক্তি উদ্ধৃত করিয়া বলা যায় ৷ গান্ধিজী "জনসাধারণের বিমৃত আকাজ্ঞার যুর্ত্ত প্রতীক।"

সর্বাপেক্ষা আশ্চর্যা ঘটনা হইল এই, এইসকল আকাজ্জা ও আবেগ বৈদেশিক শাসকসম্প্রদায়ের বিরুদ্ধে প্রযুক্ত হইলেও ইহার মধ্যে বিশেষ

### जंश्यकांन जिस्क

বিষেবের ভাব ছিল না। জাতীয়তাবাদের মূলে রহিয়াছে এক বিক্ষভাব। পরজাতিবিজেষ ও ঘুণার মধ্যেই, বিশেষত: পরাধীন দেশে বিদেশী শাসকর্ন্দের বিরুদ্ধতার মধ্যেই, ইহা পরিপুষ্ট ও সঞ্জীবিত থাকে। ১৯২১-এর ভারতবর্ষে নিশ্চয়ই ব্রিটিশের বিরুদ্ধে বিছেষ ও ঘুণা ছিল, কিছ অফুরূপ অবস্থায় পতিত অত্যাত্ত দেশের তুলনায় ইহা অতি আশ্চর্যারূপে অল্প ছিল, গান্ধিজীর অহিংদা নীতির প্রয়োগ-তত্ত্ব ব্যাখ্যার ফলেই ইহা সম্ভব হইয়াছিল নি:সন্দেহ। অসহযোগ আন্দোলনের ফলে জাগ্রত দেশবাাপী শক্তির অমুভৃতি এবং অদূর ভবিষ্যতেই সাফল্যের উপর পূর্ণ বিশ্বাসই ইহার অন্তত্ম কারণ। যথন আমরা কুশলতার সহিত কার্য্য করিতেছি এবং সিদ্ধির সম্ভাবনা আসল্ল তথন আমরা কেন রুথা বিদ্ধেষের বশে ক্রুদ্ধ হইব ? আমরা ভাবিতাম উদারতা দেখাইলেও আমাদের ক্ষতি নাই। বদিও আমাদের কার্যাধারা সত্ক ও নিয়মাত্বগ ছিল তথাপি आयात्त्र य मकल यात्रनानी रिक्रफ माल यात्र मिया आखीय आत्मानान त বিরুদ্ধতা করিয়াছিলেন, তাঁহাদের প্রতি আমরা উদার ছিলাম না। এথানে ক্রোধ ও বিদ্বেদের কথা ছিল না, কেন না, তাঁহারা এতই নগণ্য শক্তি যে, আমরা তাঁহাদিগকে অবজাভরে উপেক্ষা করিতাম। কিন্তু তাঁহাদের-তুর্বলতা, স্থবিধাবাদ, আত্মমর্য্যাদা ও জাতীয়সমানের প্রতি বিশাস্ঘাতকতার खना जामता ठाँशिमिशक जास्तिक घुगा कति छाम।

আমরা কর্মের আনন্দে মাতিয়া অগ্রসর হইতে নাগিলাম কিন্তু আমাদের লক্ষ্য সম্পর্কে কোনই স্পষ্ট ধারণা ছিল না। এগন আশ্চর্য হইয়া ভাবি, তথন আমাদের আন্দোলনের কি তত্ত্বের দিক, কি দার্শনিক দিক কিন্ধা আমাদের নিশ্চিত লক্ষ্য কি হওয়া উচিত, সে বিষয়ে কিছুমাত্র চিন্তা। কেন করি নাই। প্রুবশু আমবা সকলে নিলিয়া উচ্চকণ্ঠে স্বরাজের কথা বলিতাম কিন্তু প্রত্যেকে নিজ নিজ ক্রচি অন্ধুযায়ী উহার ব্যাখ্যা করিতাম। আন্দোলনের তরুণ বয়য় ব্যক্তিরা ইহাকে রাজনৈতিক স্বাধীনতা ও গণতান্ত্রিক শাসনপ্রণালী বলিয়া মনে করিতেন এবং আমরা জনসভায় তাহাই বলিতাম। আমরা অনেকে ভাবিতাম, ইহার কলে ক্রম্ব ও প্রমিকদের বোঝা অনেকাংশে লাঘ্র হইবে। কিন্তু আমাদের অধিকাংশ নেতা স্বরাজ বলিতে স্বাধীনতা অপেক্ষা অনেক কম ব্রিতেন। গান্ধিজী নিরুদ্বিয় চিত্তে বিষয়টিকে অস্পন্ত করিয়া রাখিতেন এবং এ বিষয়ে কোন সম্প্রতিধার কথা উল্লেখ করিতেন না।) কিন্তু তিনি সর্করাই নারীদের স্বথম্ববিধার কথা উল্লেখ করিতেন বিলয়া আমরা স্বস্তি বোধ করিতাম, অবশ্র সেই সঙ্গে তিনি ধনীদিগকেও যথোচিত আশাস দিতেন। (গান্ধিজী কথনও কোন সমস্রাকে মুক্তিবাদের

#### ১৯২১ এবং প্রথম কারাদণ্ড

দিক হইতে দেখিতেন না, তিনি চরিত্র ও ধর্মের উপর ঝোঁক দিতেন। ভারতীয় জনসাধারণের চরিত্র ও সাহসিকতাকে তিনি আশুর্ধারণে দৃঢ় করিয়াছিলেন, কিন্ধ তাঁহার সাক্ষপাঙ্গদের মধ্যে এমন অনেকে ছিলেন খাহারা কি সাহসিকতা কি চরিত্র কোনটাই অর্জন করিতে পারেন নাই অথচ মনে করিতেন শিথিল ও সুলদেহের নিরীহ অভিব্যক্তিই ধার্মিকের লক্ষণ। ))

গান্ধী-নির্দিষ্ট সংযমের আদর্শে অনুপ্রাণিত জনসক্ষকে দেখিয়া আমরা আশাধিত হইলাম। পদদলিত অধঃপতিত ছত্ৰভন্ধ জনসাধারণ সহসা মেরুদণ্ড দোজা করিয়া মাথা তুলিয়া দাঁড়াইল, এবং অপূর্ব শৃত্থলার সহিত ঐকাবদ্ধ কার্যা করিতে লাগিল। আমরা ভাবিলাম, এই কাধ্যপ্রণালী জনগণের শক্তিকে দুর্দমনীয় করিয়া তুলিবে। কাজের পশ্চাতে যে চিস্তা থাকা আবশ্রক, আমরা তাহা ভূলিয়া গেলাম। আমরা ভূলিয়া গেলাম যে, মতবাদ ও উদ্দেশ্য সম্পর্কে চেতনা না থাকিলে জনসাধারণের শক্তি ও উংদাহ বাষ্পের মত উবিয়া বাইবে। আমাদের আন্দোলনের পूनक्थानवामी पन काक हानारेश ग्रेटि नाशितन। रेराता এर ভाবের ·সৃষ্টি করিলেন যে, রাজ ও অর্থ নৈতিক আন্দোলন অথবা অক্তায়ের প্রতিকারের জন্ম অহিংস কার্য্যপ্রণালী একটা নৃতন বাণী, যাহা ভারতবাসীর निक्टे इटेंट जगर निकानां कतित्व। मुक्न जािज मुक्न मुख्यमास्त्रत চিত্তে, আমরাই ঈশবের বিশেষ উদ্দেশ্যসাধনের জন্ম নির্বাচিত যে কৌতৃককর ভ্রান্ত ধারণা থাকে, আমরাও অনেকাংশে এরপ ধারণার বশবতী হইয়া পড়িলাম। যুদ্ধ বা অক্যান্ত সহিংস শক্তির মহুদ্ধপ অহিংসাও একটি নৈতিক অস্ত্র। ইহা যে কেবল নীতিসঙ্গত তাহা নহে, কার্যাকরীও বটে। আমার বিশাস, আমাদের মধ্যে অতি অল্প লোকই গান্ধিজীর যন্ত্র ও আধুনিক সভাতাসমত পুরাতন মতবাদ মানিয়া লইয়াছিল। আমরা ভাবিতাম, তিনি নিজেও উহা অবাস্তব কল্পনা এবং আধুনিককালে কার্যো পরিণত করা অসম্ভব বলিয়া মনে করিতেন। আমরা নিশ্চয়ই আধুনিক সভাতার আবিষ্কারগুলি বর্জন করিবার পক্ষপাতী ছিলাম না; আমরা ভাবিতাম, ভারতের অবস্থা ও প্রয়োজন অনুযায়ী ঐগুলি কিঞ্চিৎ পরিবর্ত্তিত আকারে গ্রহণ করা সম্ভবপর। ব্যক্তিগতভাবে বৃহৎ কলকারখানা ও দ্রুত ভ্রমণের উপর একটা আকর্ষণ আছে, তথাপি মহাত্মা গান্ধীর মতবাদে অনেকেই প্রভাবাদ্বিত হইয়াছিলেন এবং অস্ত্র ও তাহার পরিণাম সম্পর্কে সংশয় প্রকাশ করিতেন। একদল চাহিলেন ভবিয়তের দিকে আর একদল অতীতের প্রতি দৃষ্টি নিক্ষেপ করিলেন। কিন্তু

#### ज्ञानान (नर्क

আশ্রুষ্য এই, পরম্পরের প্রতি সহিষ্ণু হইয়া তাঁহারা একই উদ্দেশ্যে কার্য্য করিতে লাগিলেন এবং অবলীলাক্রমে ত্যাগ স্বীকার ও ছংখ বরণ করিতে লাগিলেন।

আমি সম্পূর্ণরূপে আন্দোলনের মধ্যে আরও অন্তান্তের মতই ডুবিয়া গেলাম। পুরাতন বন্ধ্বান্ধব, বিশ্রস্তালাপ, থেলাধ্লা, পুস্তক পাঠ— এ সকলই আমাকে ছাড়িতে হইল। এমন কি, আমাদের কাজের থবর ছাড়া সংবাদপত্রও ভাল করিয়া পড়িবার সময় পাইতাম না। এ কাল প্র্যান্ত জগদ্যাপারের গতি ও পরিণতিগুলির সহিত পরিচিত থাকার জন্ম কিছু কিছু সম্পাম্য্রিক পুস্তক পাঠ করিয়াছি। কিন্তু এখন আর তাহা সম্ভব হুইয়া উঠে না, আমার পারিবারিক জীবনের বন্ধন দৃঢ় হুইলেও আমি আমার পরিবারবর্গ স্থী ও কন্তাকে প্রায় ভূলিয়া থাকিতাম। বছদিন পরে এই কালের কথা ভাবিতে গিয়া আমি আশ্চর্যা হইয়া গিয়াছি যে, আমার পত্নী কি আশ্রুষা ধৈর্বাসহকারে আমার এই অবজ্ঞা করিয়াছেন। আফিস, কমিটি এবং জনতা—এই তিন লইয়া আমার দিন কাটিত। 'পল্লীতে প্রচার করা' ইহাই ছিল আন্দোলনের বাণী এবং আমরা মাইলের পর মাইল পদব্রজে শস্তক্ষেত্র, প্রান্থর, অতিক্রম করিয়া দুর দুরান্তরে গ্রামে যাইতাম এবং ক্লষকসভায় বক্তৃতা করিতাম, জনগণের চিত্তের আবেগ আমাকে মৃশ্ধ করিত। জনসাধারণের উপর প্রভাব বিস্তা**র** করিবার শক্তির অন্নুভৃতিতে আমি পুলকিত হুইলাম, জনতার মনো**ভাব** আমি ক্রমে ব্বিতে লাগিলাম।) সহরের জনতা ও রুষকদের মধ্যে পার্থকা আমি ব্ৰিতে লাগিলাম। বৃহৎ জনতার ঠেলাঠেলি, হড়াইড়ি, ধৃলি এবং অক্সান্ত অস্ত্রবিধার মধ্যেও আনি বেশ সারাম বোধ করিতাম। অবশু তাহাদের শৃহ্যলার অভাব মাঝে মাঝে আমাকে বিরক্ত করিত। ইহার পর আমি কয়েকবার কৃদ্ধ ও বিরুদ্ধভাবাপন্ন জনতার সন্মুখীন হইয়াছি, তাহাদের উত্তেজনা প্রকট ফুলিঙে জ্বলিয়া উঠিতে পারিত কিন্তু আমার অভিজ্ঞতা ও আত্মবিশাদের বংশ আমি অবিচলিত থাকিয়াছি। আমি জনতার উপর বিশ্বাস স্থাপন কবিলা সোজা তাহাদের মধ্যে গিয়া উপস্থিত হইতাম; তাহার ফলে সৌজ্লপূর্ণ বাবহারই পাইয়াছি। এমন কি মনে না মিলিলেও ভিন্ন ব্যবহার পাই নাই। কিছু জনতা অস্থির ও চপলমতি, হয়ত ভবিষ্যতের গর্ভে আমার জন্ম ভিন্ন রূপ অভিজ্ঞতা রহিয়াছে। আমি জনসাধারণের মধ্যে মিশিয়াছি, জনসাধারণও আমাকে গ্রহণ করিয়াছে, তথাপি আমি তাহাদের সহিত এক হইতে পারি নাই, নিজেকে সর্কলাই পতন্ত্র ভাবিয়াছি। আমার স্বতন্ত্র মানসিক স্বর হইতে

## ১৯২১ এবং প্রথম কারাদণ্ড

জনসাধারণকে অনুসন্ধিৎস্থ দৃষ্টিতে দেখিতাম। আমান এই বিশ্বয় চিরদিনের या. आमि आमात्र চातिनित्कत महस्य महस्य वाक्ति इटेट मकन निक नियारे পুথক,—অভ্যাস পুথক, আকাক্ষা পুথক, মাননিক ও সংস্কৃতিগত দৃষ্টিভন্ধী পৃথক, অথচ কেমন চরিয়া ইহাদের সদিছা ও বিশাস অজ্ঞন করিলাম। আমি যাহা নই তাহারা কি তাহাই ভাবিয়া আমাকে গ্রহণ বরিয়াছিল ? যথন তাহারা আমাকে ভাল করিয়া ছানিবে, তথনও কি সহ্থ করিবে ? আমি कि भिथा। इननाय ठाशास्त्र मिष्छ। नाज कतियाछि ? आभि मतनजाद সোজাম্বজি তাহাদের সহিত কথা বলিবার চেষ্টা করিয়াছি, এমন কি, সময় সময় কর্কশ বাকা বাবহার করিয়াছি, তাহাদের মজ্জাগত বিশ্বাস ও কথাগুলির তীব্র সমালোচনা করিয়াছি, কিন্তু তথাপি তাহারা আমাকে অকাতরে সহু করিয়াছে। তথাপি আমার মন হইতে এই ধারণা গেল না, তাহাদের এই যে স্নেহ তাহা আমি যাহা তাহার প্রতি নহে, তাহারা কল্পনায় আমার এক স্বতম্ব মৃত্তি গড়িয়া ভালবাদিয়াছে। এই কল্পনা গঠিত মৃত্তি কতদিন থাকিবে এবং কেনই-বা থাকিবে এবং যথন উহা ভাঙ্গিয়া পড়িবে তথন লাহারা দেখিবে বাত্তব মূর্ত্তি এবং তার পর? আমার মধ্যে অনেক লঘু চাপল্য আছে কিন্তু এই সকল জনতার সন্মুখে অহঙ্কারের প্রশ্ন আসিতেই পারে না। আমাদের মধ্যশ্রেণীর অনেকে যেমন নিজেদের জনসাধারণ হইতে শ্রেষ্ঠ মনে করেন, সেরপ কোন স্থূল ক্ষচি বা অভিনয়ের ভাবও আমাতে ছিল না। এই জনতা নির্কোধ, ব্যক্তিগতভাবে বৈচিত্রাহীন কিন্তু তাহাদের বৃহৎ সম্মেলন আমার চিত্তকে করুণায় ত্রব এবং প্রত্যাশন্ন হুঃথের ছায়ায় ঘনায়মান করিয়া তুলিত।

কিন্তু যেথানে বক্তৃতামঞ্চের উপর আমাদের বিশিষ্ট কর্মীদের লইয়া আমরা রান্ধনৈতিক দন্দেলন করিতাম তাহা ছিল স্বতন্ত্র, সেথানে অভিনয়ের ভন্দী, নিজেকে জাহির করিবার স্থুল কচি এবং ফেনায়িত ভাষায় বক্তৃতা করিবার কোন অভাব হইত না। এ বিষয়ে আমরা সকলেই অল্লাধিক দোষী, কিন্তু ছোটখাট খিলাফুং নেতাদের এ বিষয়ে ছুড়ি ছিল না। বৃহৎ শোত্মগুলীর সম্মুখে বক্তৃতামুক্তে দাঁড়াইয়া স্বাভাবিক ভাব রক্ষা করা কঠিন এবং আমাদের মধ্যে অতি ক্ষাল্লসংখ্যকের এমন আত্মপ্রচারের পূর্ব্ব অভিজ্ঞতা ছিল; কাজেই আমরা বাহিরে গন্ধীর ও ভবা হইয়া নেতার ভাবভঙ্গী নকল করিতে চেষ্টা করিতাম। কোন উচ্ছােস বা লঘ্চাপলা প্রকাশ না পায় সেদিকে সচেই থাকিতাম। স্থামরা হাটিবার সময়, বিস্বার সময় ও কথা বলিবার সময় হিসাব করিয়া চলিতাম। সহস্র সহস্র চক্ষ্ যে আমাদের দেখিতেছে সে সম্বন্ধে বিশেষ

# चंद्रज्ञाण ज्यस्य

সচেন্ডন থাকিতাম। আমাদের বক্তৃতা প্রায়ই খুব জোরালো হইত।
কিন্তু তাহা এলোমেলো ও লক্ষাহীন। অপরে যেমন করিয়া দেখে
তেমন করিয়া নিজেকে দেখা কঠিন। সেইজন্ম নিজেকে সমালোচনা
করিতে অক্ষম হইয়া আমি অপরের ভাবভঙ্গীগুলি নিপুণভাবে লক্ষ্য করিতাম। এবং ইর্লাতে আমি প্রচুর আমোদ পাইভাম এবং সঙ্গে লাবিয়া আতঞ্চিত হইতাম, হয়ত বা আমার ভাবভঙ্গী অপরের নিকট কর্মপ হাস্যোদ্দীপক মনে হয়।

সমস্ত ১৯২১ সাল ধরিয়া কংগ্রেসকন্মীদের গ্রেফ্তার ও কারাদণ্ড চ্লিতে লাগিল। কিন্তু তথনও ব্যাপকভাবে ধরণাকড় আরম্ভ নাই। ভারতীয় দৈলুদলে অসস্তোষ স্প্তির অভিযোগে আলী-ভ্রাত্ত্য দীর্ঘ কারাদত্তে দণ্ডিত হইলেন। যে বক্তৃতার জন্ম তাঁহোদের কারাদণ্ড হইল তাহা শত শত বকৃতামঞ্চ হইতে সহস্ৰ সহস্ৰ ব্যক্তি কৰ্তৃক পঠিত হইল। আমার কতকণ্ডলি বকৃতার জন্য শীঘ্রই রাজন্রোহের অভিযোগ আনা হইবে, গ্রীম্মকালে এরূপ গুজব শুনিলাম কিন্তু কাধ্যতঃ কিছু ঘটিল না। বংদরের শেষভাগে অবস্থা দঙ্গীন হইয়া দাঁড়াইল, ইংলত্তের যুবরাজের ভারত আগমন উপলক্ষে সর্কবিধ সম্বর্জনা বর্জন করিবার জন্ম কংগ্রেদ অনুজ্ঞা প্রচার করিলেন। নভেম্বর মাদের শেষভাগে বাঙ্গলার স্বেচ্ছাদেবকবাহিনী বে-আইনী ঘোষিত হইল। যুক্ত প্রদেশেও অমুরপ ইন্তাহার জারী হইল। দেশবন্ধু দাশ বাঙ্গলায় এক উদ্দীপনাময়ী বাণী প্রচার করিলেন, "আমি দেহে লৌহ শৃগ্রলভার এবং মনিবজে হাত কড়ির স্পর্শ অফুভব করিতেছি। ইহা পরাধীনতা বন্ধনের বেদনা। সমস্ত ভারতবর্ধই এক বৃহং কারাগার। কংগ্রেসের কার্য্য চালাইতে হইবে। আমি বন্দী হই কি বাহিরে থাকি, কি আদে যায়? আমি বাঁচি কিংবা মরি তাহাতে ও কিছু আদে যায় না :"

আমরা যুক্তপ্রদেশে সরকারী ইন্তাহারের প্রত্যুত্তর দিলাম। ঘোষণা করিলাম, স্বেচ্ছাসেবকরাহিনী পূর্ব্বের মতই সঙ্ঘবদ্ধ ভাবে কার্যা করিবে। এবং দৈনিক সংবাদপত্রে স্বেচ্ছাসেবকদের নাম প্রকাশিত হইল। প্রকাশিত হালিকার সর্ববীর্বে আমার পিতার নাম দেওয়া হইল। তিনি স্বেচ্ছাসেবক ছিলেন না। কেবল গভর্গমেণ্টের আদেশ অবজ্ঞা করিবার উদ্দেশ্বেই তিনি স্বেচ্ছাসেবক দলে যোগ দিয়া নিজের নাম দিলেন। ভিসেম্বর মাসেই প্রথম ভাগে আমাদের প্রদেশে যুবরাক্ত আসিবার কয়েক দিন পূর্বের ব্যাপ্রভাবে গ্রেফ্ তার আরম্ভ হইল।

আমরা ব্ঝিলাম, এতদিনে সহট ঘনাইয়া আসিল; কংগ্রেসের সহিত

## ১৯২১ এবং প্রথম কারাদণ্ড

প্রভর্থমেন্টের অনিবার্যা সংঘর্ষ আসন্ত্র। তথনও কারাগার অজ্ঞাত স্থান, সেখানে যাওয়া এক অভিনব অভিজ্ঞতা। এক দিন এলাহাবাদের কংগ্রেস আফিসে বসিয়া আমি বাকী কাজ শেষ করিতেছি, এমন সময় একজন কৈরানী উত্তেজিত ভাবে আসিয়া বলিলেন, 'পুলিশ খানাতলাসীর পরোয়ানা লইয়া আসিয়াছে এবং ,আফিসবার্ডা ঘিরিয়া ফেলিয়াছে'। এই অভিজ্ঞতা আমার এই প্রথম, কাজেই আমিও একটু বিচলিত হইলাম। কিছ ইচ্ছা হইল পুলিশের আনাগোনায় অবিচলিত থাকিয়া বাহিরে ধীর স্থির এবং দৃঢ়তা দেখাই। এই জন্ম আমি একজন কেরানীকে খানাতলাসীর সময় পুলিশের সঙ্গে থাকিতে বলিলাম এবং বাকী সকলকে পুলিশের আগমন উপেকা করিয়া নির্ফিকার ভাবে কাজ করিয়া যাইতে বলিলাম। কিছুক্ষণ পরেই একজন বন্ধু ও সহকর্মী একজন পুলিশ কর্মচারীর সহিত चामात निकृष विषाय नहें चामितन, छांशांक चाकित्मत वाहित গ্রেফ্তার করা হইয়াছিল। এই অভিনব ঘটনাকেও আমি অতাস্ত অহঙ্গারের সহিত প্রতি দিনের তৃচ্ছ ব্যাপারের মতই মনে করিলাম এবং আমার সহকন্মীর প্রতি অতান্ত উদাসীতা দেথাইলাম। তথন আমি একথানা চিঠি লিখিতেছিলাম। যেন ব্যাপার কিছুই নহে এরূপ ভাব দেখাইয়া আমার বন্ধু ও পুলিশ কর্মচারীকে পত্র লেখা পর্য্যন্ত অপেক্ষা করিতে বলিলাম। ক্রমে সহরের অ**ভা**ভ গ্রেফ**্**তারের সংবাদ আসিতে গাগিল। অবশেষে আমি বাড়ীতে কি হইতেছে জানিবার জন্ম রওন। হইলাম। গিয়া দেখি যে, বৃহৎ বাড়ীর কতকাংশে পুলিশ থানাতল্লাসী আরম্ভ করিয়াছে এবং জানিলাম যে, তাহারা আমাকে ও পিতাকে গ্রেফ্তার করিবার জন্ম আসিয়াছে।

যুবরাজের অভার্থনা বর্জন করিবার কার্য্যপ্রণালী ইহার চেয়ে আর কোন উপায়েই আমরা সাফল্যমণ্ডিত করিতে পারিতাম না। তাঁহাকে যেথানেই লইয়া যাওয়া হইয়াছে, সেথানেই তিনি হরতাল এবং জনশ্ভ রাস্তা দেখিয়াছেন। তিনি যেদিন এলাহাবাদে আদিলেন সেদিন সমগ্র নগরী মৃতের মত নিস্তন্ধ ছিল। কয়েক দিন পরে জিনি যথন কলিকাতায় উপস্থিত হইলেন সেই, বিশাল নগরীর মৃথর কর্মকোলাহল সহসা নিস্তন্ধ হইয়া গেল। যুবরাজের পক্ষেইহা সহ্ম করা কঠিন। কিছু এই জন্ম তাঁহার কোন দোষ নাই। তাঁহার প্রতি কোন বিক্লন্ধ ভাব কাহারও মনেই ছিল না। যুবরাজের ব্যক্তিত্বের স্থ্যোগ গ্রহণ করিয়া ভারত গভর্গমেণ্টের বিশার্ণ মর্য্যাদা চান্ধা করিয়া তুলিবার বিক্লেই ভারতবাসী বিক্লোভ দেখাইয়াছিল।

#### ज उर्जनान (नर्ज

সমন্ত দেশে বিশেষভাবে বাংলা ও যুক্ত প্রদেশে গ্রেফ্ তার ও কারাদণ্ডের ধুম পড়িয়া গেল। এই ছুই প্রদেশের বিশিষ্ট কংগ্রেসকলী ও নেতার। বন্দী হইলেন। সহস্র সহস্র নেতা ও যুবক কারাগারে চলিয়া গেলেন। সহরের অধিবাদীরাই অগ্রদর হইল। কারাযাত্রী অজস্র স্বেচ্ছাদেবকের যেন শেষ নাই। যুক্ত প্রদেশের কংগ্রেস-কমিটির সভা যথন চলিতেছিল, তথন একযোগে সমন্ত সদপ্ত (৫৫ জন) গ্রেফ্তার इटेलन। याँशाह्रा कान पिन कराधित अथवा हाइटेन जिक आत्नालान যোগ দেন নাই তাঁহারাও গ্রেফ্তার হইবার জন্ত জিদ দেখাইতে লাগিলেন। এমন বটনাও ঘটিয়াছে, গভর্নেণ্টের আফিদের কেরানী আফিদ হইতে ৰাড়ীতে ফিরিবার পথে জনসাধারণের উৎসাহের স্রোতে ভাসিয়া বাড়ীতে না গিয়া কারাগারে গিয়া উপস্থিত হইয়াছেন। যুবক, বালকেরা পুলিশের কয়েদী গাড়ীতে উঠিয়া বসিত এবং কিছুতেই নামিতে চাহিত না। প্রত্যেক দিন অপরাফে আমরা জেলের ভিতরে বসিয়া শুনিতাম লড়ীর পর লড়ী বোঝাই বন্দীরা জয়ধ্বনি দিতে দিতে কারাগারে প্রবেশ করিতেছে। জেলথানা বোঝাই হইয়া গেল। জেলকশচারীরা এই অসম্ভব অবস্থায় কি করিবেন ভাবিয়া পাইলেন না। পুলিশ লড়ী বোঝাই বন্দী আনিয়া চালানে কেবল মাত্র সংখ্যা উল্লেখ করিয়া জেলে জমা দিয়াছে'। নাম ধামের কোন থোজ নাই। এই অভূতপূর্ব অবস্থায় জেলকর্মচারীরা এই অগণিত বন্দী লইয়া কি করিবেন বুঝিয়া উঠিতে পারিলেন না। কেন-না, জেলসংক্রান্ত আইন-কান্তনে এমন নামধামহীন দলবদ্ধ বন্দীদের গ্রহণ করার কোন উল্লেখ নাই।

গভর্গমেন্ট নির্বিচারে গ্রেফ্ তারের নীজি ত্যাগ করিয়া কেবলমাত্র কংগ্রেসকর্মীদের গ্রেফ্ তার করিতে লাগিলেন। জনদাধারণের উত্তেজনার প্রথম আবেগ মন্দীভূত হইয়া আদিল এবং অধিকাংশ বিশ্বস্ত কর্মীই জেলে যাওয়ার ফলে বাইরে একটা অনিশ্চিত অসহায় ভাব দেখা গেল। কিন্তু বাহতঃ এইরূপ হইলেও ভিতরে ভিতরে ক্রুরু বিক্ষোভ নানা বৈপ্রবিক্ষ সম্ভাবনায় পরিপূর্গ হইয়াছিল। ১৯২১-এর ডিসেম্বর এবং ১৯২২-এর জারয়ারী মাসে অসহযোগ আন্লোলন সংশ্লিষ্ট আন্দোলনে প্রায় ত্রিশ হাজার ব্যক্তি কারাদণ্ডে দণ্ডিত হইয়াছিল। কিন্তু যথন অধিকাংশ নেতা ও কর্মী কারাগারে তথনও এই আন্দোলনের নেতা মহায়য়া গান্ধী বাহিরে থাকিয়া নির্দেশ ও উপদেশ দিয়া জনসাধারণকে অম্প্রাণিত করিতেছিলেন। এবং অবাঞ্নীয় অনেক ব্যাপারকে সংঘত করিতেছিলেন। ভারতীয় সৈত্য এবং পুলিশের মধ্যে অসম্ভোষ দেখা

## অহিংসা ও তরবারীর পথ

দিতে পারে, এই আশকায় গভর্মেণ্ট তথনও তাঁহাকে গ্রেফ্তার করেন নাই।

ুসহস। ১৯২২-এর ফেব্রুয়ারী মাসের শেষভাগে ঘটনার স্রোত ফিরিয়া গেল। আমরা কারাগৃহে বিশ্বরবিমৃচ আতকে গুনিলাম, গাদিন্দী নিরুপত্তব প্রতিরোধ নীতি প্রত্যাহার করিয়াছেন, সংঘর্শমূলক আন্দোলন স্থগিত হুইয়াছে। আমরা সংবাদপত্রে পড়িলাম, 'চৌরীচা ওরা' গ্রামে জনতা পুলিশের উপর প্রতিশোধ লইবার আক্রোশে থানায় আগুন দিয়া ছয়-সাত জন পুলিশকে পোড়াইয়া মারিয়াছে। আন্দোলন বন্ধ হওয়ার ইহুটি কারণ।

যথন আন্দোলন সকল দিক দিন। অগ্রসর হইতেছে এবং আমরা প্রতিষ্ঠা ও সাফল্য লাভ করিতেছি, এমন সময় এভাবে আন্দোলন বন্ধ হওয়ার আমরা কুদ্ধ হইলাম। কিন্তু কারাগারে বসিয়া আমাদের এই কোধ নৈরাশ্য কোন কাদ্ধেই আসিল না। নিরুপত্র প্রতিরোধনীতি স্থিতি হইল। অসহযোগ আন্দোলন নিম্প্রভ হইয়া গেল। বহুকাল উৎকঠা ও ত্শিন্তার পর গভর্গমেণ্ট স্বন্থির নিশ্বাস ফেলিলেন এবং ইহার স্থােগ প্রমাক্রায় গ্রহণ করিলেন। কয়েক সপ্তাহ পরেই গান্ধিজী বন্দী হইলেন এবং স্থাই ব্রোদণ্ডে দণ্ডিত হইলেন।

#### 12

# অহিংসা ও তরবারীর পথ

চৌরীচাওরার তুর্ঘটনার পর সহসা আন্দোলন স্থাতি হওয়ায় কংগ্রেসের প্রাতনামা নেতা মাত্রেই বিক্ক হইলেন,—অবশ্য গান্ধিজী রহিলেন অবিচলিত। আমার পিতা (তথন কারাগারে) অত্যন্ত বিচলিত হইলেন। মুবকেরা স্বাভাবিকভাবেই অধিকতর উত্তেজিত হইল। ইহার প্রতিক্রিয়ায় আনাদের সমস্ত আশা ধূলিসাং হইয়া গেল। আন্দোলন স্থাতিত রাধার যে মুক্তি দেওয়া হইল এবং তাহার ফল কি হইবে ইহা ভাবিয়া আমরা অত্যন্ত চিন্তাক্লিপ্ত হইলাম। বুটোরিচাওরার ঘটনা শোচনীয় সন্দেহ নাই এবং ইহা অহিংস আন্দোলনের সম্পূর্ণ বিরোধী, কিছ স্থদ্র প্রীগ্রামের এক উন্মত্ত কৃষক জনতার কার্যের ফলে আমাদের জাতীয়

#### ় জওহরলাল নেহরু

দাধীনতার আন্দোলন অস্কৃতঃ কিছুদিনের জন্ম বন্ধ থাকিবে কেন ?
কোন স্থানে হঠাং হিংসামূলক কার্য্য ঘটিলে ইহাই যদি তাহার
অবশুজাবী পরিণাম হয় তাহা হইলে অহিংস-সংঘর্ষের নীতি ও প্রয়োগ-কৌশলের মধ্যে নিশ্চয়ই কোন ক্রট আছে। আমাদের মনে হইল, এই শ্রেণীর অপ্রত্যাশিত ঘটনা একেবারেই ঘটিবে না, এমন কোন নিশ্চিত প্রতিশ্রুতি দেওঃ অসম্ভব। ভারতবর্ষের তেত্রিশ কোটি নরনারীকে অহিংসার তত্ব ও আচরণে স্থাশিক্ষিত করিয়া তাহার পর কি আমাদের অর্থসর হইতে হইবে? এমন কি, তাহাও যদি সম্ভব হয়, তথাপি আমাদের মধ্যে কয়জন বলিতে পারে যে, পুলিশের চরম ঘ্র্ব্যহারের সম্মুখেও সম্পূর্ণ শাস্কভাবে অবস্থান করিবে? যদি ইহাতেও আমরা সক্ষম হই তাহা হইলেও অসংখ্য প্ররোচক চর এবং ঐ শ্রেণীর বর্ণচোরা যাহার। আন্দোলনে যোগ দিয়া নিজেরাও বলপ্রয়োগ করিবে এবং অপরকেও বলপ্রয়োগ করিতে উত্তেজিত কুরিবে, তাহাদিগকে এড়ান যাইবে কিরুপে? অতএব ইহাই যদি আমাদের কার্য্যের একমাত্র মানদণ্ড হয় তাহা হইলে অহিংস প্রতিরোধের উপায় সর্ব্বদাই ব্যর্থ হইবে।

এই উপায়ের কার্যাকারিতায় বিশ্বাস করিয়াই আমরা ইহ। স্বীকার করিয়াছিলাম এবং কংগ্রেসও ইহা গ্রহণ করিয়াছিল। গান্ধিজী এই নীতি দেশের সমূথে কেবলমাত্র গ্রায়সঙ্গত উপায়রপেই স্থাপন করেন নাই, আমাদের উদ্দেশ্য সিদ্ধির পক্ষে অধিকতর কার্যাকরী বলিয়াই উপস্থিত করিয়াছিলেন। 'অহিংসা' এই নামটি নীতিবাচক হইলেও ইহা এক স্বক্রিয় উপায় এবং অত্যাচারীর ইচ্ছার নিকট নিরীহভাবে বশ্যতা-স্বীকারের বিপরীত। ইহা কাপুরুষের কর্মাবিন্থতা নহে, ইহা শক্তিমানের অগ্রায় ও জাতীয় পরাধীনতার বিজ্বে জ্বেশ্পেহীন উপেক্ষা। কিন্তু যদি অল্পম্থাক ব্যক্তি—বন্ধুর ছন্মবেশে, আমাদের শক্রও হইতে পারে—তাহাদের হঠকারিতায় আমাদের আন্দোলন বিপর্যান্ত করিয়া দিতে পারে তাহা হইলে সাহসী ও শক্তিমানের মূল্য কি ?

গান্ধিজী তাঁহার অতুলনীয় বাগ্মিতা হারা শান্তিপূর্ণ অসহযোগ এবং অহিংসার পথ সকলকে গ্রহণ করিতে প্রবর্তিত করিয়াছিলেন। তাঁহার ভাষা সরল আড়ম্বরহীন, তাঁহার কণ্ঠসর স্পষ্ট এবং নিরুদ্ধিয়। কিন্তু বাহিরে তিনি ধীর প্রশান্ত হইলেও তাঁহার অন্তরে ছিল বহ্নিজ্ঞালাদীপ্ত পুঞ্জীভূত আবেগ, তাঁহার কণ্ঠোচ্চারিত প্রত্যেকটি শব্দ আমাদের হৃদ্ধেও মনে শরবং বিদ্ধ হইয়া এক অপূর্ব্ব উন্নাদনা স্বৃষ্টি করিত। তাঁহার নির্দ্দেশিত পথ কঠিন ও বিশ্ববহল কিন্তু তাহা বীরের পথ। মনে হইত,

## অহিংসা ও তরবারীর পথ

ইহা আমাদিগকে প্রাথিত স্বাধীনতার স্বর্গে লইয়া যাইবে। এই আশায় বুক বাধিয়া আমরা অগ্রসর হইয়াছিলাম। ১৯২০ সালে তিনি "তরবারীর পথ" শীর্ষক এক বিখ্যাত প্রবন্ধে লিখিয়াছিলেন—

"বেখানে সমস্যা কাপুরুষতা না বল্পপ্রয়েগ, আমার দৃঢ় বিশাস আমি সেখানে বলপ্রয়েগ করিতেই বলিব . . ভারতবর্ধ কাপুরুষের মন্ত নিরুপায় হইয়া অসীম অমর্যাদা সহন করিতেছে, এই দৃষ্ঠ অপেক। বরং আমি দেখিতে চাই, সে তরবারীহন্তে আত্মশমান রক্ষার জন্ম দণ্ডায়মান হইয়াছে। কিন্তু আমার বিশাস, অহিংসা হিংসা হইতে বহু গুণে শ্রেষ্ঠতর এবং শান্তিদান অপেক্ষা ক্ষমা অধিকতর পৌরুষব্যক্ষক। ক্ষমা বীরস্থা ভ্রবণ্ম।

"কিন্তু যেখানে শান্তি দেওয়ার ক্ষমতা থাকা সন্তেও তাহা প্রয়োগ -করা হয় না,—ক্ষমা সেইখানেই। নিরুপায় ভীরুর ক্ষমার ভাগ অর্থহীন। মার্জ্জার কর্ত্ত্ব ছিন্নবিচ্ছিন্ন মূধিক কখনই তাহাকে ক্ষমা করিতে পারে না . . কিন্তু আমি ভারতবর্ষকে এত অসহায় মনে করি না, নিজেকেও তাহা ভাবি না।

"আমাকে কেহ ভুল বুঝিবেন না, শক্তি কেবল দৈহিক বল হইতে আসে না, অনুমনীয় ইচ্ছাশক্তি হইতেই উহা আসিয়া থাকে . . .

"আমি স্বপ্রবিলাসী নহি। আমি নিজেকে একজন কুশলকর্মা আদর্শবাদী বলিয়া দাবী করি। অহিংসা কেবল ঋষি ও মুনিগণের ধর্ম নহে—ইহা সাধারণ মান্তুষেরও ধর্ম। বলপ্রয়োগ পশুর ধর্ম—মান্তুষের ধর্ম অহিংসা। পশুর মধ্যে আত্মিক শক্তি নিদ্রিত, সে বাহুবল ছাড়া আর কিছু বুঝে না, কিন্তু মান্তুষের মর্যাদা তাহাকে উচ্চতর নীতি—আত্মিক শক্তি গ্রহণ করিতে প্রেরণা দেয়।

"এই কারণে আমি ভারতবর্ষের সম্থ আত্মোৎসর্গের স্প্রাচীন নীতি উপস্থিত করিতে সাহসী হইয়াছি। সভ্যাগ্রহের মূল এবং শাথাপ্রশাথা, অসহযোগ, নিরুপদ্রব প্রতিরোধ, প্রাচীন আত্মসংযমের নৃতন নাম মাত্র। যে সকল ঋষি চারিদিকে হিংসার মধ্যেও অহিংসানীতি আবিদ্ধার করিয়াছিলেন তাঁহারা নিউটন অপেক্ষাও অধিকতর প্রতিভাশালী, তাঁহারা ওয়েলিংটন অপেক্ষাও বড় যোদ্ধা ছিলেন। তাঁহারা অন্তপ্রয়োগ-কৌশলী হইয়াও উহার অপ্রয়োজনীয়তা অন্তভ্ব করিয়াছিলেন এবং শ্রান্ত ক্লান্ত জগংকে শিথাইয়াছিলেন যে মৃক্তির পথ অহিংসার মধ্য দিয়া, হিংসার মধ্য দিয়া নহে।

"অহিংসার স্বক্রিয় অবস্থা হইল-সচেতনভাবে ত্রুখ বরণ করা। ইহা

## अ अध्यान (नहक्र

অস্তায়কারীর ইচ্ছার নিকট আত্মদমর্পণ নহে, ইহা অত্যাচারীর ইচ্ছার বিক্তমে নিজের আত্মার শক্তি প্রয়োগ করা। এই নীতি দ্বারা জীবন গঠন করিয়া তুলিলে একক নিঃসঙ্গ ব্যক্তিও অস্তায়ের উপর প্রতিষ্ঠিত সাম্রাজ্ঞাকে উপেক্ষা করিয়াও নিজের সন্মান, নিজের ধন্ম, নিজের আত্মাকে রক্ষা করিতে পারে এবং সেই সাম্রাজ্যকে ধ্বংস ও পুনর্গঠন করিতে পারে।

"অতএব অহিংসা তুর্বলের ধর্ম বলিয়া আমি ভারতবাসীকে গ্রহণ করিতে বলিভেছি না: আমার ইচ্ছা, ভারতবর্ধ নিজের শক্তি সামর্থ্য সম্বন্ধে সম্পূর্ণ সচেতন থাকিয়াই অহিংস আচরণ করুক! আমি দেখিতে চাই, ভারতবর্ধ তাহার অপরাজিত আত্মাকে চিহুক যাহা সমস্ত শারীরিক দৌর্বলাের উর্দ্ধে জয়গৌরবে সম্মত এবং যাহা সমগ্র জগতের পাশববল প্রতিহত করিতে পারে . . .

"আমি দিন্ফিন্ আন্দোলন হইতে অসহযোগকে স্বতন্ত্র করিয়া দেখি। ইহা হিংদার সহিত পাশাপাশি আন্দোলনরপে চলিতে পারে না। যাহারা হিংদার্লক কার্যো বিশ্বাসী তাহাদিগকে আমি এই শান্তিপূর্ণ অসহযোগ আন্দোলনকে পরীক্ষা করিয়া দেখিতে বলিতেছি, ইহা কথনও আভান্তরিক চুর্বলতার বার্থ হইবে না, কেবল উপযুক্ত সাড়ার অভাবেই ইহা বার্থ হইতে পারে এবং তাহাই প্রকৃত সঙ্কটের সময়। অনেক উন্নতহৃদয় বাক্তি জাতীয় অপমান আর সহু করিতে না পারিয়া তাঁহাদের ক্রোধের চরিতার্থতা খুজিতেছেন, তাঁহারা হিংসা অবলম্বন করিবেন কিছু আমার মনে হয়, তাঁহারা তাঁহাদিগকে অথবা তাঁহাদের দেশকে মন্তায় হইতে মুক্ত না করিয়াই বিনপ্ত হইবেন। ভারতবর্ষ তরবারীর পথ গ্রহণ করিলে সাময়িক জয়লাভ করিতে পারে কিছু সেই ভারতবর্ষে আমার গর্ম করিবার কিছুই থাকিবে না। আমি ভারতবর্ষের ভক্ত, কেন না, আমার সমস্তই তাহার দান, আমি পূর্বভাবে বিশ্বাস করি, সমগ্র জগংকে দিবার জন্ম তাহার এক বার্তা আছে।"

এই সকল যুক্তিতে আমরা বিচলিত সুইয়াছিলাম। কিন্তু কি আমরা, কি সমগ্রভাবে জাতীয় কংগ্রেম, অহিংস উপায়কে ধর্মের মত অথবা সংশয়হীন মূলমন্ত্ররূপে গ্রহণ করে নাই, করা সম্থবপরও ছিল না। বিশেষ ফললাভের জন্ত ইহা একটি উপায়র্রূপে অবলন্ধিত হইয়াছিল এবং সেই ফলের দারাই ইহার চূড়ান্ত বিচাব সম্ভব। ব্যক্তিবিশেষ ইহাকে ধর্মের মত অথবা অতাজা মূলমন্ত্রের মত গ্রহণ করিতে পারেন কিন্তু কোনও রাজনৈতিক প্রতিষ্ঠান রাজনৈতিক থাকিয়া তাহা পারে না। চৌরিচাওরা এবং তাহার পরবর্তী ঘটনাগুলি দেখিয়া আমরা অহিংস উপায়ের

## অহিংসা ও ভরবারীর পথ

সার্থকতা নৃতন করিয়া চিস্তা করিতে লাগিলান। নিরুপদ্রব প্রতিরোধ স্থগিত রাখা সম্পর্কে গান্ধিজীর যুক্তিই দি সত্য হয় তাহা হইলে আমাদের বিরুদ্ধবাদীরা সর্ব্ধদাই এমন অবস্থার স্বাষ্টি পরিয়া তুলিতে পারিবে যাহার ফলে আন্দোলন তাগ করা হাড়া গত্যস্তর থাকিবে না। অহিংস উপায়ের মধ্যেই ক্রটি রহিয়াছে, না গান্ধিজী যেভাবে ব্যাখ্যা করিতেছেন তাহাই ভূল ? যাহাই হউক, তিনিই ইহার আবিকারক ও প্রষ্টা, অতএব ইহাব ভাল মন্দ বিচার করিবার তিনি অপেক্ষা আর কে আছে ? তিনি না থাকিলে আমাদের আন্দোলন কোথায় থাকিত ?

বহুবর্ষ পরে ১৯৩০-এর আইন অমান্ত আন্দোলন আরম্ভ হইবার পূর্বে গান্ধিজী সম্ভোষজনকভাবে এই সমস্থার মীমাংসা করিয়াছিলেন। প্রচার করিলেন, কোন স্থানে বলপ্রয়োগের আকম্মিক ঘটনার ফলে আন্দোলন ভাগ করা হইবে না। এ শ্রেণীর অপরিহার্ঘ্য বর্টনার ফলে यिन षरिःम উপায়ে मः पर्व पठन द्य छात्रा दहेतन द्विए इहेरत य, সর্বব্রই অহিংদা একটি আদর্শ উপায় নহে। কিন্তু গান্ধিজী ইহা স্বীকার করিতে প্রস্তুত ছিলেন না। তাঁহার নিকট অহিংস উপায় অভ্রান্ত এবং যে কোন অবস্থায়, এমন কি. বিরুদ্ধ পারিপাশ্বিক অবস্থায়ও, সীমাবদ্ধভাবে ইহা লইয়া কার্য্য করা যাইতে পারে। অহিংস নীতি প্রয়োগের ক্ষেত্রকে বিস্তৃত করিয়া গান্ধিজী যে এই ব্যাখ্যা দিলেন তাহা তাঁহার মানসিক ক্রমবিকাশের ফল কি না আমি জানি না। ১৯২২-এর ফেব্রুয়ারী মাদে নিকপদ্রব প্রতিরোধনীতি বঙ্জনের কারণ কার্যাতঃ কেবলমাত্র 'চৌরীচাওরা' নহে, অথচ অধিকাংশ লোকের তাহাই বিশ্বাস। 'চৌরীচাওরা' একটা চরম পরিণতি মাত্র। গান্ধিজী প্রায়ই তাঁহার বিবেকের অমুভৃতি অমুষায়ী কার্য্য করিয়া থাকেন। জনসাধারণের সহিত দীর্ঘ ঘনিষ্ঠতার ফলে অক্সান্ত - মহান জননেতাগণের মতই সাধারণের চিন্তা, কর্মপ্রবণতা এবং তাহাদের শক্তিসম্পর্কে সমাক ধারণা করিবার তাঁহার এক আশ্চর্য্য শক্তি জিন্ময়াছিল। এই অন্তভৃতির আবেগই তাঁহার কর্মের নিয়ামক। পরে অবশ্য বিশ্বিত ও বিক্ষুদ্ধ সহক্ষীদিগকে প্রবোধ দিবার জন্ম তাঁহার অন্নভূতিলক সিদ্ধান্তকে তিনি যুক্তির আবরণ দিতে চেষ্টা করেন। এই আবরণ প্রায়ই অসম্পূর্ণ হইত। 'চৌরীচাওরা'র পর আমাদের এইরপই মনে হইয়াছিল। তথন আমাদের আন্দোলন দৃশতঃ শক্তিশালী এবং দেশব্যাপী উৎসাহসত্ত্বেও ভাবিয়া পড়িতেছিল। সমন্ত সূজ্য ও শৃঙ্খলা বিলুপ্ত হুইতেছিল। আমাদের কন্মীরা দকলেই কারাগারে এবং জনসাধারণ স্বতঃপ্রবৃত্ত হইয়া আন্দোলন পরিচালনা করিবার অল্প শিক্ষাই পাইয়াছিল। যে কোন

#### জওহরলাল নেহর

্ষপরিচিত ব্যক্তি আসিয়া কংগ্রেস-কমিটির ভার গ্রহণ করিত। প্রক্লক প্রস্তাবে বহু অবাস্থনীয় ব্যক্তি, এমন কি, প্ররোচক গুপ্তচরেরা পর্যাস্ত আগাইয়া আসিয়া কংগ্রেস ও থিলাফত পরিচালনা করিতে লাগিল। ইক্লাদিগকে সংযত করিবার কোন উপায় ছিল না।

অবশু বৃহৎ আন্দোলনে এরপ ঘটনা অবশুন্তাবী। নেতাদিগকে সর্বাত্রে কারাগারে যাইতে হইবে এবং কাজ চালাইবার জন্ম অপরের উপর বিশ্বাস করিতে হইবে। জনসাধারণকে বড়জোর কতকগুলি সহজ কাজ করিতে ও কোন কোন কাজ হইতে বিরত থাকিতে শিক্ষা দেওয়া মাইতে পারে। ১৯৩০-এর পূর্ব্বে কয়েক বংসর ধরিয়া এই শ্রেণীর কিছু শিক্ষা আমরা দিয়াছিলাম। তাহার ফলে ১৯৩০ এবং ১৯৩২-এর আইন অমান্ত জান্দোলন সভ্যবন্ধ, স্বশৃদ্ধাল ও শক্তিশালী হইয়াছিল। ১৯২১—২২-এইহার অভাব ছিল, তথন জনসাধারণের উৎসাহ উত্তেজনার পশ্চাতে বিশেষ কিছুই ছিল না। অতএব আন্দোলন চলিলে যে নানাস্থানে বলপ্রয়োগ ও উৎপাতের সংখ্যা বৃদ্ধি পাইত ইহা নিঃসন্দেহ ও তাহার ফলে গভর্ণমেণ্ট রক্তাক্ত উপায়ে তাহা দমন করিয়া ফেলিয়া এক ভয়াবহ অবশ্বার সৃষ্টি করিত যাহার প্রতিক্রিয়ায় জনসাধারণ ছত্ত্তক্স হইয়া পড়িত।

এই সকল যুক্তি এবং ঘটনা গান্ধিজীর মনের উপর প্রভাব বিস্তার করিয়াছিল এবং এই স্তত্ত ধরিয়া অহিংস উপায়ে আন্দোলন পরিচালনার ইচ্ছা সত্ত্বেও তিনি যে সিদ্ধান্তে উপনীত হইয়াছিলেন তাহা অভ্রাস্ত। ক্রমাবনতি নিরোধ করিয়া তিনি নৃতন করিয়া গড়িয়া তুলিতে চাহিয়াছিলেন। এক স্বতম্ভ্র ভূমি হইতে দৃষ্টিপাত করিলে তাঁহার এই সিদ্ধান্ত ভ্রান্ত বলিয়া মনে হইতে পারে কিন্তু সেই দৃষ্টিভঙ্গীর সহিত অহিংসা নীতির কোনও সম্পর্ক নাই। তুই কূল বজায় রাখিয়া এখানে চলা কঠিন। অবশ্র আক্সিক হিংসার প্রতিক্রিয়ায় বক্তাক্ত দমননীতি অবলম্বিত হইলেও জাতীয় আন্দোলন একেবারে নিভিয়া যাইত না, কেন না, এই শ্রেণীর আন্দোলন ভস্মরাশির মধ্য হইতেও পুনরায় জলিয়া উঠে। সময় সময় সাময়িক **অবসাদের দিনে সমস্তাগুলি স্পষ্টভাবে বুঝা যায় এবং চিত্তে দঢভার** দঞ্চার হয়। সাময়িক অবদাদ বা আপাতপরাজয় বড় কথা নহে, আদ<del>র্শ</del> ও কর্মনীতি বড় কথা। জনসাধারণ যদি কর্মনীতিকে কলক্ষ্ক রাখিতে পারে তাহা হইলে অল্পদিনেই অবসাদ দূর হইয়া যায়। ১৯২১-২২-এ आभारतत कर्मनौठि ७ উদ্দেশ্য कि ছিল ? आभारतत अम्लेष्ट **य**ताक এবং অহিংস সংঘর্ষের পশ্চাতে কোনও স্বস্পষ্ট মতবাদ ছিল না। যদি ব্যাপকভাবে আকম্মিক বলপ্রয়োগের প্রাতৃর্ভাব ঘটিত তাহা হইলে অহিংস-

## অহিংসা ও ভরবারীর পথ

নীতি স্বভাবতই বিনষ্ট হইত এবং পূর্ককথিত বরাজেও আঁকড়িয়া ধরিবার কিছু থাকিত না। সাধারণতঃ দীর্ঘকাল আন্দোলন চালাইবার মত পর্যাপ্ত শক্তি জনসাধারণের নাই। কংগ্রেসে প্রতি সহায়ভূতি এবং বিদেশী শাসনের প্রতি অসস্ভোষ গতই ব্যাপক হউক না কেন আমাদের উপযুক্ত মেরুদণ্ড ও সভ্যশক্তি ছিল না। এমন আন্দোলন দীর্ঘস্থায়ী হয় না। এমন কি, যাহারা সাময়িক উত্তেজনায় কারাগারে আসিয়াছিল তাহারা শীঘ্রই একটা মিটমাট প্রত্যাশা করিত।

অতএব একটা নৈরাশুজনিত প্রতিক্রিয়াসত্ত্বেও ১৯২২-এ নিরুপদ্রব প্রতিরোধনীতি স্থপিত রাখার সিদ্ধান্ত ঠিকই হইয়াছিল; তবে মনে হয় ইহা আরও স্বষ্টুভাবে করা যাইত।

যাহা হউক, সহসা আন্দোলনের গতি রুদ্ধ হওয়ায় প্রতিক্রিয়ার মুখে উহাই সম্ভবতঃ দেশে এক নৃতন বিপত্তির স্বষ্ট করিল। রাজনৈতিক সভ্যর্থে নিক্ষল ও আক্ষিক হিংসা বন্ধ হইলেও অবরুদ্ধ হিংসা বাহির হইবার পথ খুঁজিতে লাগিল এবং সম্ভবতঃ পরবর্তী কয়েক বংসরে সাম্প্রদায়িক অসম্ভোষ ইহার ফলেই তীব্র হইয়াছে। ারাষ্ট্রক্ষেত্রে প্রগতি-বিরোধী বিভিন্নশ্রেণীর সাম্প্রদায়িকতাবাদীরা বিশাল জনসংঘসমর্থিত অসমুমার ও নিরুপদ্রব প্রতিরোধ আন্দোলনের চাপে লুকাইয়। থারি বাধ্য হইয়াছিল, এই অবস্থার স্থযোগে তাহারা বাহিরে আদিল। গুপ্তচরগণ এবং যাহারা কলহ বাধাইয়া কর্তৃপক্ষকে সম্ভষ্ট করিতে চাহে এরপ অনেকে কাজে লাগিয়া গেল। মোপলা বিদ্রোহ ও অস্বাভাবিক নিষ্ঠ্রতার সহিত উহার দমন—বদ্ধদার রেলওয়ে মালগাড়ীতে বোঝাই মোপলা বন্দীদের শোচনীয় মৃত্যু—সাম্প্রদায়িক অসন্তোষ প্রচারকারীদিগকে একটা স্থযোগ দিল। যদি নিরুপদ্রব প্রতিরোধ স্থগিত করা না হইত এবং যদি গভর্ণমেণ্ট আন্দোলন দমন করিয়া ফেলিতেন তাহা হইলে হয়তো এত সাম্প্রদায়িক তিক্ততা দেখা দিত না এবং পরবর্ত্তীকালে · সাম্প্রদায়িক দাঙ্গা-হাঙ্গামার জন্ম এত উৎসাহ অবশিষ্ট থাকিত না।

নিরুপদ্রব প্রতিরোধ প্রত্যান্থত হইবার পর আর একটি ঘটনার ফল ভিন্নরপ হইতে পারিত। নিরুপদ্রব প্রতিরোধের প্রথম তরঙ্গে গভর্ণমেণ্ট চমকিত ও ভীত হইলেন। তংকালীন বড়লাট লর্ড রেডিং প্রকাশ্ত বক্তৃতায় বলিলেন, তিনি কিংকর্ত্তব্যবিমৃত হইয়াছেন। তথন যুবরাজ ভারতবর্ষে, জাঁহার এই উপস্থিতির ফলে গভর্ণমেণ্টের দায়িত্ব অনেকথানি বাড়িয়াছিল। ১৯২৬-এর ভিসেম্বর মাসের প্রথম ভাগে ব্যাপক ধরপাকড় আরক্ত হইবার কিঞ্চিৎ পরেই গভর্ণমেণ্ট কংগ্রেসের সহিত আপোবের

## जंबर्यजान (मर्क

অঞ্চ চেষ্টিত হইলেন। যুবরাজের কলিকাতা আগমন উপলকেই ইহার স্থানা হইল। দেশবদ্ধু দাশের (তথন তিনি জেলে) সহিত বালাল। পভর্ণমেন্টের প্রতিনিধিদের কিছু ঘরোয়া আলোচনা হইল। গভর্ণমেন্ট ও কংগ্রেসের প্রতিনিধিদের লইয়া একটি কুত্র গোলটেবিল বৈঠক বসাইবার প্রস্তাব উঠিল। গান্ধিজী দাবী করিলেন, এই বৈঠকে করাচীতে বন্দী খৌলনা মহমদ আলীকেও উপস্থিত থাকিবার স্থযোগ দিতে হইবে। এই দাবীর ফলেই প্রস্তাব ফাসিয়া গেল। গভর্ণমেণ্ট কিছুতেই সম্মত इंडेरलन ना। शाक्तिकीत এই মনোভাব দেশবন্ধ দাশের মনঃপৃত হয় নাই। जिनि कातात वाहित्व जानिया श्रकारण देशात ममालाहना कतिलन वरः বলিলেন, গান্ধিজী ভুল করিয়াছেন। আমরা অনেকে (তথন জেলে) घर्षेनात विञ्चल विवत्रण ना जानात म्ह्रण किছूरे वृक्षिया छैठिएल भातिनाम ना। वाहा इडेक, हेहा मत्न इहेन उथन ये ध्यापीत সার্থকতা অতি অল্পই। যুবরাজের কলিকাতা পরিদর্শন ব্যাপার্টা ভালভাবে নির্ব্বাহ করিবার জন্মই গভর্ণমেন্ট উদ্গ্রীব ও উদ্যোগী হইয়াছিলেন। আমাদের মূল সমস্থাগুলির সহিত ইহার কোন সম্পর্ক ছিল না। নয় বংসর পরে যখন কংগ্রেস ও জাতি অধিকতর শক্তিশালী তথনও দেখা ্রীষ্ট্রাছে যে, এই শ্রেণীর সম্মেলনে বিশেষ কোনও ফল হয় নাই। কি**স্ক** ইহা ছাড়িয়া দিলেও আমার নিকট গান্ধিজীর, মহম্মদ আলীর উপস্থিতির দাবী সম্পূর্ণ যুক্তিসঙ্গত বলিয়া মনে হইয়াছিল। কেবল কংগ্রেস নেতারূপে নহে, সমস্ত থিলাফতের প্রশ্ন কংগ্রেসের এক মুখ্য সমস্তা, তখন থিলাফত নেতারণেও তাঁহার উপস্থিতির একটা বিশেষ প্রয়োজনীয়তা ছিল। রাষ্ট্রক্ষেত্রে একজন সহক্ষীকে বর্জন করিতে হয় এমন কোনও কর্মকৌশলই প্রশাস্য নহে। গভর্ণমেণ্ট যে তাঁহাকে কারামুক্তি দিতে স্বীকৃত হইলেন না তাহা হইতেই বোঝা গেল যে, সম্মেলনে কোনও ফললাভের সম্ভাবনা নাই। 😘 আমি ও পিতা বিভিন্ন অপরাধে ও বিভিন্ন ধারায় ছয় মাস করিয়া कार्तामा पिछ रहेनाम। विठात এको श्राट्टमान अभिनय माज अवर আমরা নিয়মমত উহাতে কোন অংশ গ্রহণ করি নাই। অব্ভা আমাদের কার্যাপদ্ধতি ও বক্তৃতায় অতি সহজেই দণ্ড দিবার মত অনেক উপাদান ছিল। কিন্তু কার্যাতঃ যে অভিযোগ কর। হইল তাহা অপূর্ক! বে-আইনী ঘোষিত কংগ্রেসের স্বেচ্ছাসেবক সজ্জের সদস্যরূপে পিতাকে বিচার কর। হইল এবং এই অপরাধের প্রমাণস্বরূপ তাঁহার হিন্দীতে দম্ভথত করা একথানি বিজ্ঞপ্রিপত্র দাখিল করা হইল। দন্তথত তাঁহার নিজের সন্দেহ नारे. किन्छ जिनि रेजिशुर्क कपांि रिनीए नाम सामन कतियाहन वर



ষ্মতি ষয় লোকই তাঁহার হিন্দী দত্তথত সনাক্ত করিতে পারে। ছিয়
মিলিন বসন পরিহিত একটি ভদ্রলোককে হাজির করা হইল এবং সে
পৃথক করিয়া দত্তথত সনাক্ত করিল। লোকটি নিরেট নিরক্ষর; কেন না,
সে কাগজটি উন্টা করিয়া ধরিয়া পরীক্ষা করিতেছিল। পিতার বিচারকালে
আমার চারি বংসরের ক্যার অদৃষ্টে প্রথম আদীলতের কাঠগড়ায় উঠিবার
সোভাগ্য হইয়াহিল। আমার পিতা বিচারকালে তাহাকে কোলে করিয়া
বিস্মানিলেন।

আমার অপরাধ হইল হরতালের বিজ্ঞাপন বিলি করা। তথনকার আইনে ইহা অপরাধ ছিল না। অবশ্য ইদানীং ডোমিনিয়ান্ ষ্টেটানের দিকে আমাদের ক্রত অগ্রসর হওয়াব ফলে উহা এখন বে-আইনী হইয়াছে। যাহা হউক, আমাব কারাদণ্ড হইল। তিন মাস পরে কারাগাবে যখন আমি পিতা ও অলাগ্রের সহিত আছি, তখন শুনিলাম যে, কোনও কর্তৃস্থানীয় ব্যক্তি কাগজপত্র পবীক্ষা কবিয়া এই সিদ্ধান্তে উপনীত হইয়াছেন যে, আমাব কাবাদণ্ড ভুল হইযাছে এবং আমাকে ছাডিয়া দেওয়া হইবে। আমি আশ্র্যা হইলাম, কেন না, আমার পক্ষ হইতে কেহ কোন তিম্বে করে নাই। নিরুপদ্রব প্রতিরোধ প্রত্যাহাবের ফলেই বিচারফল পুনঃপরীক্ষা কার্য্যে নবচেতনার সঞ্চার হইয়াছিল। পিতাকে ছাড়িয়া বিষণ্ণচিত্তে কারাগার হইতে বহির্গত হইলাম।

া দারাগাব হইতে বাহিব হুইয়াই আমি আহমদাবাদে গান্ধিজীর সহিত দান্ধাতেব সম্বন্ধ কবিলাম। কিন্তু, আমি উপস্থিত হুইবাব পূর্বেই তিনি গ্রেফতার হুইয়াছিলেন। আমি সবরমতী জেলে গিয়া তাহার সহিত দান্ধাৎ কবিলাম। আমি তাহার বিচারকালে উপস্থিত ছিলাম। ইহা এক চিবম্মবণীয় ঘটনা এবং বাহারা সেধানে উপস্থিত ছিলেন কেহই জীবনে বিশ্বত হুইবেন না। ইংরাজ জন্ধ মর্য্যাদাব সহিত সৌজন্মপূর্ণ ব্যবহার কবিয়াছিলেন। আদালতে গান্ধিজীর বিবৃতি সকলকে বিচলিত করিয়াছিল। আমবা আলোভিত হৃদয় লইয়া বিচারগৃহ হইতে ফিরিযা আদিলাম, তাহাব মূর্ত্তি এবং জীবস্ত ভাষা মানসপটে অন্ধিত হুইয়া রহিল।

আহমদাবাদ ইইতে ফিরিলাম। বন্ধু ও সহক্ষীগণ কারাগারে, নিঃসঙ্গ একাকীত্ব আমাকে পীডিত করিতে লাগিল। আমি দেখিলাম, স্থানীয় কংগ্রেস কমিটিব অন্তিত্ব প্রায় বিলুপ্ত। অতএব পুনরায় আত্মনিয়োগ করিলাম। বিদেশীবস্থ বয়কট আন্দোলনের দিকে মামার ঝোঁক পড়িল। নিরুপদ্রব প্রতিবোধ স্থুগিত ইইলেও ইহা চলিতেছিল। এলাহারাদের প্রায় সমন্ত বন্ধ ব্যবসায়ীই বিদেশী বন্ধ কয়-বিক্রয় বন্ধ করিবার প্রতিশ্রুতি

#### জওহরলাল নেহর

দিয়াছিলেন এবং এই উদ্দেশ্য সিদ্ধির জন্ম তাঁহারা একটি সমিতি গঠন করিয়াছিলেন। এই সমিতির নিয়ম ছিল যে, কেহ প্রতিশ্রুতি ভঙ্গ করিলে তাহাকে অর্থানগু দিতে হইবে। আমি দেখিলাম, কতকগুলি বড় বড় বস্ত্র ব্যবসায়ী প্রতিশ্রুতি ভঙ্গ করিয়া বিদেশী বস্ত্র আমদানী করিতেছেন। বাহারা প্রতিশ্রুতি পালন করিতেছেন ইহা তাঁহাদের প্রতি অত্যন্ত অবিচার। আমরা তর্ক-বিতর্ক করিলাম কোন ফল হইল না। বস্ত্রব্যবসায়ী সমিতিও বিশেষ কিছু করিতে পারিলেন না। আমরা দ্বির করিলাম, প্রতিশ্রুতি ভঙ্গকারীর দোকানে পিকেটিং করা হইবে। পিকেটিং-এর ইন্ধিতেই আমাদের উদ্দেশ্য সিদ্ধ হইল; তাঁহারা জরিমানা দিয়া নৃতন প্রতিশ্রুতি গ্রহণ করিলেন। জরিমানার টাকা বস্ত্রব্যবসায়ী সমিতি গ্রহণ করিলেন।

আমি এবং যে সকল সহকর্মী ব্যবসায়ীদের সহিত কথাবার্দ্তায় যোগ দিয়াছিলাম, ইহার ছই-তিন দিন পরেই সকলে মিলিয়া গ্রেফ্ তার হইলাম। আমাদের বিরুদ্ধে বলপ্রয়োগের ভীতিপ্রদর্শন, ও জবরদন্তি করিয়া টাকা আদায়ের অভিযোগ উপস্থিত করা হইল। আমাকে রাজদ্রোহ প্রচার ও আরও কয়েকটি অপরাধে অভিযুক্ত করা হইল। আমি আত্মপক্ষ সমর্থন না করিয়া আদালতে একটি স্থদীর্ঘ বিবৃতি দিলাম। আমাকে তিন দফায় শান্তি দেওয়া হইল। বলপ্রয়োগ ও অর্থ আদায়ের অভিযোগ রহিল কিন্তু রাজদ্রোহের অভিযোগ প্রত্যাহৃত হইল। সম্ভবতঃ ইহার কারণ এই যে, আমার শান্তি কর্ত্বপক্ষ যথেষ্ট বিবেচনা করিয়াছিলেন। আমার যতদ্র শ্বন হয় তাহাতে তিন দফার মধ্যে, ছই দফায় আঠার মাস করিয়া সশ্রম কারাদ্ও হইয়াছিল, তবে উভয় দণ্ড একসক্ষে,চলিবে ইহাই ছিল আদেশ। আমার মোট কারাদ্ও হইল এক বংসর নয় মাস। ইহাই আমার দ্বিতীয় বার শান্তি। প্রায়্ম ছয়্ম সপ্রাহ্ম বাহিরে কাটাইয়া আমি পুনরায় কারাগারে ফ্রিরিয়া গেলাম।

# निक्ती (जन

রাজনৈতিক অপরাধে কারাদণ্ড ১৯২১-এর ভারতবর্ষে কিছু নৃতন ঘটনা নহে। বন্ধভন্ন আন্দোলনের সময় হইতেই লোকে বিশেষভাবে ক্রমাগত জেলে यांटेर छिल। देशां अधिकाः न कात्रामुख्टे अछान्छ मीर्घ। विनाविहास .অস্টরীণে আবদ্ধ করার ব্যবস্থাও ছিল। দেকালের সর্বশ্রেষ্ঠ জননায়ক লোকমান্ত তিলক পরিণত বয়দে দীর্ঘ ছয় বংসরের কারাদণ্ডে দণ্ডিত হঁইয়াছিলেন। মহাযুদ্ধের সময় অন্তরীণ ও কারাদণ্ড নুহুমূহ ঘটিতে লাগিল, ষড়যন্ত্রের মামলা সচরাচরের ঘটনা হইয়া উঠিল। সাধারণতঃ মৃত্যুদণ্ড অথবা যাবজ্জীবন নির্বাসন দণ্ডে উহার পরিণতি ঘটিত। মহাযুদ্ধের সময় আলী-ভাতৃদ্বয় ও মৌলানা আবুল কালাম আজাদ অন্তরীণে আবদ্ধ ছিলেন। যুদ্ধের অব্যবহিত পরে পঞ্চাবে সামরিক আইনের আমলে বহুলোকের ডাক পড়িল। ষ্ড্যন্ত্রের মামলায় এবং স্রাসরি জঙ্গীবিচারে বহুলোক কারাদণ্ডে দণ্ডিত হইল। কাজেই রাজনৈতিক অপরাধে কারাদণ্ড ভারতে সচরাচর ঘটনাই হইয়া উঠিয়াছিল। কিন্তু ইতিপূর্ব্বে কেহ স্বেচ্ছায় কারাবরণ করে নাই। ইতিপূর্কে কোন ব্যক্তির রাজনৈতিক কার্য্যকলাপ অথবা গোয়েন্দা পুলিশের কোপদৃষ্টির ফলে কারাদণ্ডের সম্ভাবনা ঘটিত किन्छ তথন আদালতে আত্মপক্ষ সমর্থন করিয়া কারাদণ্ড হইতে অব্যাহতি পাইবার চেষ্টা চলিত। অবশ্য দক্ষিণ আফ্রিকায় সত্যাগ্রহ আন্দোলনে গান্ধিজীও তাঁহার সহস্র সহস্র অত্নচর স্বতন্ত্র দৃষ্টান্ত দেখাইয়াছিলেন।

১৯২১-এ কারাগার ছিল সম্পূর্ণ অপরিচিত। কারাগারের নিশ্মন লোইদ্বার উন্মৃক্ত ইইয়া অমনি এক্জন নৃতন কয়েদীকে গ্রাস করে, তাহার পর কি ঘটে অল্ল লোকেই তাহা জানিত। আমরা কল্পনা করিতাম কয়েদীরা অত্যন্ত বে-পরোয়া এবং ভয়য়র প্রকৃতির ছই লোক। সেখানে নির্জ্জনতা, অপমান, নির্যাতন এবং সর্ব্বোপরি অনিশ্চিতের ভীতি রহিয়াছে, ইহাই আমাদের ধারণা ছিল। ১৯২০ সাল হইতে ক্রমাগত জেলে যাওয়ার জল্পনা কল্পনা ও বহুসংখ্যক সহকর্মীর কারাগমনের ফলে আমাদের স্বতঃক্র্র্ত্ব স্থাণ ও আপত্তির তীব্রতা মন্দীভূত হইয়াছিল। কিন্তু মনে মনে নিজেকে যতই প্রস্তুত করা যাউক না কেন, প্রথম লোইদ্বার-পথে প্রবেশকালে

#### অওহরলাল নেহর

মানদিক উত্তেজনা ও জনিশ্চিত প্রত্যাশার আবেগ হইতে নিস্তার পাওয়া ষায় না। ইহার পর গত তের বংসরে কার্য্যতঃ দণ্ডবিধি আইনের বছ বিভিন্ন ধারায় দণ্ডিত হইলেও প্রকৃত প্রস্তাবে রাজনৈতিক অপরাধে অস্ততঃ जिन नक नजनाती कांताशाद्य शियादक विनया आमात विश्वाम । हेशास्त्र মধ্যে সহস্র সহস্র বারম্বার কারাগৃহে গিয়াছেন, কারাভান্তরে কি আছে তাহাও তাঁহাদের উত্তমরূপে জানা ছিল। সেই অস্বাভাবিক নিরানন্দ নির্ঘাতন এবং ভয়াবহ বৈচিত্রাহীন জীবন্যাত্রার সহিত নিজেকে যতটুকু খাপ খাওয়াইতে পারা যায় সে চেষ্টা সকলেই অল্প-বিস্তর করিয়াছেন। অভ্যাদে মানুষের অনেক কিছুই দহিয়া যায়। আমরাও ক্রমে ইহাতে অভ্যন্ত হইয়া উঠিলাম, কিন্তু তথাপি যতবার জেলে গিয়াছি, দ্বারদেশে সেই পুরাতন উত্তেজনার অহুভৃতি জাগিয়াছে—রক্তে জাগিয়াছে চাঞ্চল্য। এবং লোকজন, যানবাহন, তরুলতা, বিস্তীর্ণ প্রসারিত প্রাস্তর,—দীর্ঘকাল যাহাদের সহিত অদর্শন ঘটিবে এমন পরিচিত মুখগুলি সর্বস্বোষবার দেখিবার জন্ম চক্ষু আপনা হইতেই পিছনে ফিরিয়া চাহিত। প্রথম কারাদণ্ড লইয়া বপন জেলে গিয়াছিলাম তথনকার দিনগুলি আমাদের ও কারাকর্মচারীদের উভয়তই অত্যন্ত কর্মব্যস্ততার দিন। দলে দলে নতন ধরণের বন্দীদের আগমনে জেল কর্মচারীদের অবস্থা প্রায় অচল হইয়া উঠিল। এই নবাগতদের প্রতিদিন বর্দ্ধিত বিপুল সংখ্যা এক অভৃতপুর্ব্ব বভার মত মনে হইতে লাপিল, যাহা পরম্পরাগত সমস্তই প্রাচীন ব্যবস্থা বিপর্যান্ত করিয়া ফেলিবে। নবাগতদের লইয়া বিব্রত হইবার আরও কারণ এই ষে, ইহার মধ্যে সকল শ্রেণীর লোক থাকিলেও অধিকাংশ মধ্যশেণীর। যাহা হউক, সকল শ্রেণীর সমবায়ে গঠিত এই নবাগত দলের একটি বিষয়ে ঐক্য ছিল, তাহারা সাধারণ কয়েদী হইতে সম্পূর্ণরূপে পৃথক্ এবং তাহাদের প্রতি চিরাচরিত আচরণ করা সহজ নহে। কর্ত্বপক্ষ ইহা বুঝিতে পারিলেন, কিন্তু প্রচলিত নিয়মের পরিবর্ত্তে কি করা যাইতে পারে তাহার কোনও নছিবও নাই অভিজ্ঞতাও নাই। সাধারণ কংগ্রেস বন্দীরা নিরীহ ও মোলায়েম প্রকৃতির লোক ছিল না এবং কারাপ্রাচীরের মধ্যেও তাহারা সংখ্যাধিক্যের শক্তি অমুভব করিত এবং কারাভ্যস্তরে কি ঘটিতেছে সে সম্পর্কে জনসাধারণের বিস্থাগ্রত কৌতূহল এবং বাহিরের আন্দোলনও গণনার বিষয় চিল। এই শ্রেণীর উগ্র মনোভাব দত্ত্বেও সাধারণতঃ আমরা কারাকর্ত্বপক্ষের দহযোগিতাই ক্রিতাম। আমাদের সাহায্য না পাইলে ক্র্যুচারীরা আরও মৃক্ষিলে পড়িতেন। প্রায়শই জেলারের অফুরোধে বিভিন্ন ব্যারাকে গিয়া

# नक्ती दनन

আমাদের স্বেচ্ছাদেবকদিগকে শাস্ত করিতে হইত কিম্বা কোনও নিয়ম মানিবার জন্ম অমুরোধ করিতে হইত।

আমরা স্বেচ্ছায় কারাবরণ করিয়াছি। অনেক স্বেচ্ছাসেবক আবার পাকেচক্রে বিনাকারাদণ্ডেই জেলে ঢুকিয়া পড়িয়াছে। অতএব পলায়ন করিবার প্রশ্ন এখানে উঠিতেই পানে না। যদি কেহ বাহিরে যাইতে চাহে তবে তাহার পক্ষে অন্তথ্য হওয়া কিস্বা ভবিশ্যতে কোন আইন-বিরোধী কার্য্য করিব না, এইরূপ প্রতিশ্রুতি দিলেই যথেষ্ট হইত প্রায়নের চেষ্টা অত্যন্ত কলঙ্কজনক বলিয়া বিবেচিত হইত এবং উহা আইন অমান্ত জনিত আন্দোলন হইতে পলায়নেরই অন্তর্মপ ছিল। আমাদের লক্ষ্ণো জেলের স্থপারিন্টেণ্ডেন্ট ইহা স্পষ্টই ব্ঝিতে পারিয়াছিলেন এবং তিনি প্রায়ই জেলারকে (ইনি একজন থান সাহেব) বলিতেন বে, তিনি যদি কতকগুলি কংগ্রেস বন্দীকে পলায়ন করিবার স্থ্যোগ দিতে কৃতকার্য্য হন তাহা হইলে '( স্থপারিন্টেণ্ডেন্ট ) গভর্গমেন্টের নিকট তাহার থা ক্রাহাছুর উপাধির জন্ম স্থপারিশ করিবেন।

আমাদের অধিকাংশ বন্দীকে কারাগারের মধ্যভাগে বড় বড় বার্রীকে রাথা হইয়াছিল। আমাদের মধ্যে আগার জনকে বাছিয়া লইয়া সম্ভবতঃ কিছু ভাল ব্যবহারের জন্ম এক পুরাতন তাঁতশালায় জায়গা দেওয়া হইয়াছিল। আমার পিতা, তুইজন সম্পকিত ল্রাতা এবং আমি স্বতম্বভাবে বিশ ফুট দীর্ঘ এবং কোল ফুট প্রশস্ত একটি চালাঘরে স্থান পাইয়াছি। জেলের মধ্যে এক ব্যারাক হইতে অন্য ব্যারাকে যাইবার স্বাধীনতা আমাদের ছিল। বাহিরের আন্মীয়য়জনের সহিত প্রায়ই দেখা করিতে দেওয়া হইত। আমরা দৈনিক সংবাদপত্র পাইতাম। তাহাতে নৃতন নৃতন গ্রেফতার এবং আন্দোলনের সংবাদ কারাজীবনের মধ্যে উত্তেজনার সঞ্চাব করিত। আলাপ-আলোচনায় আমাদের অনেক সময় কাটিত। নেথাপড়া করিবার সময় আমি অতি অল্পই পাইতাম।

আমি সকালবেলায় উঠিয়া আমাদের চালা ঘরথানি ধুইয়া মুছিয়া পরিকার করিতাম। পিতার ও আমার নিজের কাপড় কাচিতাম এবং কিছু সময় চরকায় স্থতা কাটিতাম। তথন শীতকাল, উত্তর ভারতের সর্বশ্রেষ্ঠ সময়। প্রথম কয়েক সপ্তাহ আমরা স্বেচ্ছাসেবকদিগকে শিক্ষা দেওয়ার অধিকার পাইয়াছিলাম। যাহারা নিরক্ষর তাহাদিগকে আমরা কিছু হিন্দী ও উদ্ধু এবং অক্তান্ত প্রাথমিক বিষয় শিক্ষা দিতাম। সন্ধ্যাবেলায় আমরা 'ভলিবল' থেলিতাম।\*

<sup>\*</sup> সংবাদপত্তে একটি বিজ্ঞপপূর্ণ গল প্রচারিত হইয়াছিল এবং পুনঃ পুনঃ প্রতিবাদ করা

## चंद्रशाम द्वरम

ক্রমে কড়াকড়ি বাড়িতে লাগিল। আমাদের দীমানার বাহিরে গিয়া অফ ব্যারাকে স্বেচ্ছাসেবকদের সহিত দেখা করা বন্ধ হইল। সংক্ সক্রে তাহাদিগকে পড়াইবার কাজও ফুরাইল।

মার্চ মাসের প্রথম ভাগে জেলু হইতে বাহির হইয়া ছয়-সাত সপ্তাহ পরে এপ্রিল মাসে আমি পুনরায় ফিরিয়া আসিলাম। আসিয়া দেখি অবস্থার মনেক পরিবর্ত্তন ইইয়াছে। পিতাকে নৈনিতাল জেলে স্থানাস্তরিত করা হইয়াছে। এবং তাঁহার প্রস্থানের পরই নৃতন নিয়ম জারী হইয়াছে। পূর্বে আমি যেখানে থাকিতাম, সেই বৃহৎ তাঁতশালা ইইতে সমস্ত বন্দীকে লইয়া জেলের মধ্যে একটি প্রকাণ্ড ব্যারাকে স্বতম্ব রাখা হইয়াছে। ব্যারাকগুলি প্রকৃত প্রস্তাবে জেলের মধ্যে ক্র্মছ জেল। এক বাারাক হইতে অহ্য ব্যারাকে সংবাদ আদান প্রদানের কোন উপায় ছিল। দেখাগুনা এবং চিঠিপত্রের আদান প্রদান সন্ধৃচিত করিয়া মাসে একবার করা হইল। খাছার্ব্য অতি সাধারণ, তবে আমরা প্রয়োজন মত খাছা বাহির হইতে আনিবার অন্তমতি পাইয়াছিলাম।

আমি যে ব্যারাকে ছিলাম সেথানে প্রায় পঞ্চাশ জন বন্দী ছিলেন।
আমাদের বিছানাগুলির ব্যবধান ছিল তিন চার ফুট মাত্র। এজন্ত
আমাদিগকে ঘেঁসাঘেঁসি করিয়া থাকিতে হইয়াছিল। সৌভাগোর বিষয়,
ব্যারাকে অনেকে আমার পরিচিত এবং বন্ধু ছিলেন। কিন্তু দিবারাত্র
গোপনীয়তার একান্ত অভাব সহ্য করা মতান্ত কঠিন। এক জনতা
সার্বান্ধন চাহিয়া আছে। একই কুদ্র কুদ্র বিরক্তি ও অসহিফুতা, ইহা
হইতে পরিত্রাণ পাওয়ার কোন নিরালা কোণ নাই। আমরা প্রকাশ্রে একত্রে
স্থান করিতাম, কাপড় ধুইতাম, ব্যায়ামের জন্ত ব্যারাকের মধ্যে দৌড়াদৌড়ি
করিতাম এবং বিরক্তি ও ক্লান্তির শেষ দীমা পর্যান্ত আলাপ অথবা তর্ক
করিতাম। তর্ক করিয়া পরিপ্রান্ত হইয়া পড়িতাম। পারিবারিক জীবনের
নিরানন্দগুলি এথানে শত গুণ বেশী, অথচ তাহার কমনীয়তা এবং
পারম্পরিক সন্তোষ প্রায় নাই। এপানে বিভিন্ন কচির নানা শ্রেণীর লোক।
ইহা সকলের পক্ষেই মানসিক ষম্বণাপ্রদ হইয়া উঠিত, এবং এপানে নির্জ্জনতার

সংৰও মাঝে মাঝে ঐ পল প্রচার হয়। গলটা এই যে, যুক্ত প্রদেশের তদানীস্তন গভণির স্থার হারক্ট বাট্লার জেলখানায় আমার পিড'র জন্ম কারাগারে 'সেম্পেন' পাঠাইত। স্থার হারক্ট কারাগারে আমার পিডার জন্ম কোন উপচারই পাঠান নাই। অথবা জন্ম কেই তাহার জন্ম 'স্থাম্পেন' ব. মদ্যজাতীয় কোন বাণাও প্রেরণ করেন নাই। কংপ্রেমে অসহযোগ গৃহীত হইবার পর ১৯২০ সালে পিডা মদ্য পান পরিভ্যাপ করিয়াছিলেন এবং এই কালে তিনি মদ্য গ্রহণ করিতেন না।

# \*\*\*

## ेन्द्रको दलन

জন্ম আমি ব্যাকুল হইয়া উঠিতাম। আমার পরবর্ত্তী কারাজীবনে অবশ্র আমি নির্জ্ঞনতা ও গোপনীয়তা যথেষ্ট পবিমাণে পাইয়াছি। যখন মাদেব পর মাদ কলাচিৎ কোনও কাগাকর্মচাবী ব্যতীত আব কাহারও দর্শন পাই নাই, কিছু ইহাতে ও প্রস্তু প্রকার মনোবেদনায় কাতব হইয়া মনোমত ব্যক্তির দঙ্গু লাভেও জন্ম কাতব হইতাম। দেই নিঃদঙ্গু অবস্থায় ১৯২২-এব লক্ষ্ণৌ জেলে জনতার হটুগোলেব মধ্যেও ফিনিয়া শাইতে ইচ্ছা হইত, তথাপি আমি মনে মনে জানি, যদি লেখাপভাব স্থবিধা থাকে তাহা হইলে নিজ্জনতাই আমার অধিকতব কাম্য।

অবশ্য এই কথা আমি বলিব যে, আমান সঙ্গীদেব ব্যবহার ভদ্র এবং আনন্দদাযক ছিল। এবং আমন। প্রকল্পব প্রীতিব সহিত নাস করিয়ছি। কিছু মনে হয়, কথনও কথনও প্রক্রপবের সঙ্গ বিবক্তি আনিত। এবং দ্বে সনি,। একট নির্জ্জনে যাইতে ইচ্ছা হইত। ব্যাবাকেব বাহিরে প্রাচীরেব বাবে গিয়া ফাঁকা জায়ণাটুকতে একট নির্জ্জনতাব স্বাদ পাইতাম। তথন বর্ষাকাল, আকাশে মেঘ থাকিত বলিয়া ইহাব স্থযোগ গ্রহণ কবিতাম। কি স্থাতাপ, এমন কি, বুষ্টিতে ভিজিয়াও যতটা সময় পাবিতাম ব্যাবাকেব বাহিবে থাকিতে চেষ্টা কবিতাম।

সেই ফাঁকা জায়গাট্কুতে শুইয়া আমি উৰ্দ্ধে আকাশেব মেঘেব দিকে চাহিতাম , জীবনে কথনও এমন আংহ লইয়া আকাশে মেঘমালাব বৰ্ণবৈচিত্ৰোৰ এত ৰূপ দেখি নাই। "পবিবৰ্ত্তিত মেঘমালায় ষড়্ঋতুব আবৰ্ত্তবিলাদ দেখিতে দেখিতে শুইযা থাকাও মধুময়। স্মান্তবিশ্ব আনন্দময় সম্ভোগ।"

কিন্তু হায়। আমাদেব নিকট সময় সন্তোগেব ছিল না। ইহা ছিল তুর্বহ ভাব। যথন আমি বর্ধাব মেঘপুঞ্জেব ক্রত পবিবর্ত্তনলীলা দেখিয়া কাটাইতাম তথনই ক্লান্তি মোচনেব আনন্দে মন ভবিয়া উঠিত। এ যেন বন্দী-জীবনেব বন্ধন মৃক্তি আবিদ্বাবেব আনন্দ। আমি বলিতে পাবি না যে, এই বিশেষ বর্ধাকালটি কেন এমন কবিয়া আমাব চিত্ত হবণ কবিল, কেন না, ইহাব পূর্ব্বে ও পবে আব কোন ব্যায়ই আমি এমন অভিভূত হই নাই। আমি পর্ব্বতশিখবে ও সম্ক্রগর্ভে বহুবাব মৃশ্বনেজ্রে স্থোদয় এবং স্থ্যান্ত দেখিয়াছি। তাহাব আলোক্ষাবায় স্নান করিয়াছি। সে ক্লপ-সমাবোহে সমস্ত হালয় ও মন পূলকে নৃত্য কবিয়াছে। কিন্তু তাহাও ক্ষণিকেব। দর্শনেই সব ফুবাইয়া গিথাছে। মন সহজেই বিষয়ান্তবে চলিয়া গিথাছে। কিন্তু এই কাবাগাবে স্র্যোদ্য নাই, স্র্য্যান্তও নাই, দিগুলয়বেথা আমাদের চক্ষ্ব সম্মুথ হইতে আবৃত।

#### জওহরলাল নেহক

প্রভাত উর্জীর্ণ হওয়ার পর প্রচণ্ড স্থা কারাপ্রাচীরে ভাসিয়া উঠে।
কোখাও কোন বর্ণ বৈচিত্রা নাই। কারাপ্রাচীর ও ব্যারাকে প্রীহীন
ধূসর বর্ণ দেখিতে দেখিতে চক্ষু ক্লান্ত এবং পীড়িত হয়। আলোও
আঁধারের থেলা এবং রঙের লুকোচুরি দেখিবার জন্ত ক্ষ্ধিত দৃষ্টি ব্যাকুল
হইয়া উঠে। যথন বর্ষার মেঘ মন্থর গতিতে আকাশে ভাসিয়া চলে,
ক্লণে ক্ষণে আকার ও আকৃতির কত পরিবর্ত্তন, বহু বিচিত্র বর্ণের সে কি
সমারোহ। বিস্মিত আননে আমি যেন একপ্রকার ভাবসমাধিতে ময়
হইয়া তাহা নিরীক্ষণ করিতাম। কখনও কখনও বিদীর্ণ মেঘের অন্তরালে
গভীর নীল আকাশখণ্ড যেন অনন্তের আভাস আনিত—বর্ষার সে এক
বিশিষ্ট দৃশ্য।

ক্রমে আমাদের উপর বিধিনিষেধের সংখ্যা বাড়িতে লাগিল। কঠোরতর নিয়ম প্রবর্ত্তিত হইল। আমাদের আন্দোলনের পান্টা জবাবে প্রতর্ণমেন্ট যেন জানাইয়া দিতে চাহিলেন যে, তাঁহাদের বিরুদ্ধতা করিবার জন্ত আমাদের উদ্ধৃত স্পর্দায় তাঁহারা কি পরিমাণ অসম্ভষ্ট হইয়াছেন। এই সকল নৃতন বিধি এবং তাহার প্রয়োগ-পদ্ধতি লইয়া ছেলকর্মী ও রাজবন্দীদের মধ্যে বিরোধ বাধিল। তখন আমরা ঐ জেলে কয়েক শত বন্দী ছিলাম। আমরা প্রায় সকলেই নৃতন ব্যবস্থার প্রতিবাদ স্বরূপ কয়েক মাসের জন্ত বাহিরের আত্মীয় বন্ধুদের সহিত দেখা করা বন্ধ করিয়া দিলাম। এই অশান্তির জন্ত আমরা কয়েকজন নায়ী, ইহা দ্বির করিয়া কারা কয়্তৃক আমাদের সাত জনকে ব্যারাক হইতে স্বতন্ত্র করিয়া জেলের এক প্রায়ে কাইয়া যাওয়া হইল। অর্থাৎ পুরুদোর দাস ট্যাণ্ডন, মহাদেব দেশাই, জক্ষ জোশেফ, বালকৃষ্ণ শর্মা, দেবদাস গান্ধী এবং আমাকে স্বতন্ত্র করা হইল।

আমাদিগকে একটি অপরিসর স্থানে রাখা হইল। এইখানে অনেকগুলি অস্বিধাও ছিল, মোটের উপর এই পরিবস্তনে আমি স্থা ইইলাম। এখানে জনতার ইটুগোল নাই। খামরা তানেক শান্তির ও গোপনীয়তার স্থোগ পাইলাম। পড়ান্তনা করিবারও সময় পাওয়া গেল। জেলের অন্যান্ত অংশে অবস্থিত আমাদের সুহক্ষীদের সহিত বিচ্ছেদ ঘটিলই, রাজনৈতিক বন্দীদিগকে খবরের কাগজ দেওয়া বন্ধ করার ফলে বহিচ্ছাগত ইইতেও আমরা সম্পূর্ণ বিচ্ছিন্ন ইইলাম।

সংবাদপত্র না পাইলেও বাহিরের কিছু কিছু সংবাদ পাইতাম। জেলের কড়াকড়ির মধ্য দিয়া সর্ব্বদাই কিছু সংবাদ পাওয়া যায়। আমাদের মাসিক দেখাসাক্ষাং ও পত্রের মধ্যেও অসংলগ্ন ও টুক্রা টুক্রা সংবাদ

# नद्यो जन

মিলিত। আমরা ব্ঝিলাম, বাহিরের আন্দোলনে ভাটার টান ধরিয়াছে। সে ইব্রজালের মুহূর্ত্ত অবসান, সাফল্য অস্পষ্ট ভবিষ্যতে সরিয়া গিয়াছে। कः राज्य भित्रवर्त्तन-श्रामी ७ भित्रवर्त्तन-विरत्नाधी घरे पत्न विভक्त रहेग्राहिन। এক দলের নেতা হইয়াছেন দেশবন্ধু দাশ এবং আমার পিতা। তাঁহাদের মতে কংগ্রেসের কেন্দ্রীয় প্রাদেশিক আইন-সভার নির্কাচনে যোগ দেওয়া উচিত এবং সম্ভব হইলে এগুলি দখল করা উচিত। রাজা গোপালাচারীর নেতৃত্বে চালিত অপর দল অসহযোগের পুরাতন কার্য্যপদ্ধতির পরিবর্ত্তন প্রস্তাব মাত্রেরই বিরোধিত। করিতে লাগিলেন। অবশ্য গান্ধিজী তথন কারাগারে ছিলেন। আন্দোলনের মহোচ্চ আদর্শের উত্তালতরক যাহা আমাদিগকে উদ্ধে তুলিয়াছিল তাহাই ভাটার টানে ক্ষুদ্র কলহ এবং ক্ষমতালাভের ষ্ড্যস্ত্রের নিম্নন্তরে নিক্ষেপ করিল। আমরা ব্ঝিলাম, উত্তেজনার মুহূর্ত্তে মহৎ ও হুঃসাহসিক কাজ করা যত সহজ, উত্তেজনা নিভিয়া গেলে তাহাও তত সহজ নহে। বাহির হইতে আগত সংবাদে আমরা দমিয়া গেলাম এবং কারাজীবনে স্বভাবতই যে সব উপহাস ও বিজ্ঞপ স্ষ্ট হইয়া থাকে তাহার ফলেও জীবন অসহনীয় হইয়া উঠিল। তথাপি অন্তরে অন্তরে এ সাস্থনাই পাইলাম যে, আমরা আমাদের অাত্মসম্মান ও আশ্মর্য্যাদা রক্ষা করিয়াছি এবং ফলাফলের দিকে না তাকাইয়া যথাকর্ত্তব্য পালন করিয়াছি। ভবিশ্বং অপ্পষ্ট, কিন্তু আর যাহাই ঘটুক না কেন, আমাদের জীবনের অধিকাংশ ভাগ যে কারাগারে কাটাইতে হইবে তাহা বুঝিতে পারিলাম। আমাদের মধ্যে এই শ্রেণীর আলোচনা চলিত, বিশেষভাবে আমার মনে আছে. একদিন জব্জ জোশেফের সাঁহিত আলোচনার পর আমরা পূর্ব্বোক্ত সিদ্ধান্তে উপনীত হইয়াছিলাম । এই ঘটনার পর যোশেফ ক্রমে আমাদের আন্দোলন হইতে দূরে সরিয়া গিয়া वामार्मित कार्यग्रवनीत এकञ्जन छेश मभारनाहक इटेग्नार्छन। नरको ज्ञान সিভিল ওয়ার্ডে এক শর্ৎ সন্ধ্যায় বসিয়া আমরা সে আলোচনা করিয়াছিলাম তাহা কি তাঁহার মনে আছে ?

আমরা ধারাবাহিকরপে কাজ ও ব্যায়াম করিতে লাগিলাম। বাায়ামের জন্ম আমরা প্রাচীর-ঘেরা জারগাটুকুতে চক্রাকারে দৌড়াইতাম অথবা আমাদের ইয়ার্ডের কৃপ হইতে প্রকাণ্ড চামড়ার থলিয়ায় করিয়া জল তুলিতাম। যে ভাবে ছুইটি বলদ একর করিয়া জল তোলা হয় আমরাও সেই ভাবে ছুই জন কবিয়া জল তুলিতে লাগিয়া যাইতাম। এই জল সেচন করিয়া আমাদের উঠানে একটি ছোট্ট তরকারির বাগান করিয়াছিলাম। আমরা প্রায় সকলেই প্রতাহ কিছুকাল স্থতা কাটিতাম। কিন্তু এই

### ज ওহরলাল নেহর

শীতকালের দীর্ঘ অপরাহে পুন্তক পাঠ করাই ছিল আমার প্রধান কাজ। स्भातित्रिक्षक यथनहे आमात्मत हेशार्ड आमित्वन उथनहे तमित्वन যে আমি পড়িতেছি। এত বেশী পড়াগুনায় মনোযোগ বোধ হয় তাঁহার ভাল লাগিত না। একদিন এই বিষয় উল্লেখ করিয়া বলিলেন যে, তিনি নিজে বার বৎসর বয়সেই সাধারণ পড়াশুনার পাঠ চুকাইয়া দিয়াছেন। এই সংখনের ফলে সেই সাহসী ইংরাজ কর্ণেল নিশ্চয়ই বিরক্তিকর অনেক চিন্তার হাত হইতে অব্যাহতি পাইয়াছিলেন এবং সম্ভবতঃ ইহাতেই ভবিশ্বতে তিনি যুক্তপ্রদেশের কারাগারসমূহের ইন্সপেক্টরের পদে উন্নীত হইয়াছিলেন। দীর্ঘ শীত সন্ধ্যায় নির্মান আকাশে তারকারাজির প্রতি আমরা চাহিয় থাকিতাম। সৌরমগুলের মানচিত্র হইতে অনেকগুলির নাম ও অবস্থান আমরা চিনিয়াছিলাম। রাত্রে পরিচিত তারকাগুলির উদয়ের জন্ত আমরা অপেক্ষা করিতাম এবং দেখামাত্র পুরাতন বন্ধুদর্শনের या जानम इरेख। এই ভাবে मिन काटि, मिन मश्चार रम, मश्चार माम হয়, মাদের পর মাদ যায়, এক বাধাধরা জীবনযাত্রায় আমরা ক্রমেই অভ্যন্ত হইয়া উঠিলাম। বাহিরে আমাদের কাঙ্গের ভার লইয়াছেন নারীরা—আমাদের জননী, জায়া ও ভগ্নীগণ। দীর্ঘ প্রতীক্ষায় তাঁহারা বিরক্ত, প্রিয়জন কারাগারে রহিয়াছে, দৈহিক স্বাধীনতা তাঁহাদের নিকট ভংসনার ন্যায় মনে হইতে লাগিল।

্নং১-এর ডিদেম্বরে আমাদের প্রথম গ্রেফভারের পর হইতে পুলিশ প্রায়ই আমাদের এলাহাবাদের বাড়ী আনন্দভবনে আসিত। আমার ও পিতার জরিমানার টাকা আদার করাই তাহাদের উদ্দেশ্য ছিল। কংগ্রৈদের নিয়ম ছিল স্বেছার জরিমানা না দেওরা। কাজেই পুলিশ দিনের পর দিন আসিয়া ক্রোক করিত এবং কিছু কিছু আসবাবপত্র লইয়া যাইত। আমার চারি বংশরের কন্তা ইন্দির এই ক্রমাগত জিনিষপত্র অপসরণ ও নই করায় মহা বিরক্ত হইয়া পুলিশের কার্য্যের প্রতিবাদ করিত ও তাহার তীব্র অসম্ভোষ জ্ঞাপন কবিত। আমার আশকা হয়, ভবিশ্বৎ জীবনে সাধারণ পুলিশবাহিনী সম্পর্কে তাহার ধারণার উপর এই বাল্যস্বাতির প্রভাব থাকিবে।

জেলে আমাদিগকে সাধারণ অ-রাজনৈতিক কয়েদীদের হইতে পৃথক রাখার চেটা করা হইত। এইজন্ম কতকগুলি জেল রাজনৈতিকদের জন্ম পৃথকরপে নির্দিষ্ট হইয়াছিল। কিন্তু সম্পূর্ণরূপে পৃথক করা অসম্ভব এবং আমরা প্রায়ই তাহাদের সংস্পর্ণে আসিতাম এবং তংকালীন কারাজীবনের বাস্তব কাহিনীসকুল তাহাদের নিকট প্রত্যক্ষতাবে



अनिजाम। हेहा रिष्टिक जाजाानात, जारेवर उभारत भागाराज्य रहेहा ७ উৎকোচ প্রদানের মর্মান্দ কাহিনী। খাত্তরূপে যাহা দেওয়া হয় তাহা অতি নিরুট। আমি পুন: পুন: পরীকা করিয়া দেবিয়াছি যে, ইহা অথাত। সাধারণতঃ কারাকর্মচারীরা অল্পবেতনভোগা ও অকর্মণা। ইহারা নানা ছলনায় কয়েদী এবং তাহাদের আত্মীয়স্বজনের উপর জ্লুম করিয়া व्यर्थ व्यामाग्न कतिया थारकं। एक नात छाहात महकाती धवः खग्नाफांत्रभएनत যে সকল দায়িত্ব ও কর্ত্তব্যের কথা জেল ম্যান্নয়েলে উল্লেখ আছে তাহা এত বিভিন্ন প্রকার ও বিচিত্র যে, কোন এক ব্যক্তির পক্ষে বিবেক ও যোগ্যতার দহিত তাহা যথায়থ পালন করা প্রায় অসম্ভব। যুক্তপ্রদেশে (সম্ভবতঃ অক্তান্ত প্রদেশেও) জেলের পরিচালনা কার্য্যের সাধারণ নিয়মের সহিত কয়েদীর চরিত্র সংশোধন স্বাবহার শিক্ষাদান কিম্বা কার্যাকরী কোন ব্যবসায় শিথাইবার কোন সম্পর্ক নাই। কারাগারে পরিশ্রম कदाहेवात উদ্দেশ हहेन कहाती इवतार कता।\* जाहारक ভव प्रथाहेबा অন্ধ আমুগতো অবনত করিতেই হইবে; উদ্দেশ্য, সে খেন কারাগার হইতে এমন ভয় ও বিভীষিকার শ্বতি লইয়া যায় যে, যাহাতে কারাগারের শ্বতি স্মরণ করিবামাত্র কোন অপরাধ করিতে তাহার হৃদকম্প হয়।

ইদানীং কারাব্যবস্থার কিঞ্চিং সংস্কার হইয়াছে। গান্ত একটু ভান হইয়াছে, কয়েদাদের কাপড়-চোপড় ও অন্যান্ত বিষয়ে কিছু ভাল হইয়াছে। রাজনৈতিক বন্দীরা কারামুক্ত হইয়া বাহিরে আন্দোলন করার ফলেই ইহা সম্ভব হইয়াছে। অসহযোগ আন্দোলনের ফলে ওয়ার্ডারেরা যাহাতে "সরকারের" প্রতি বিশ্বস্ত থাকে সেজন্ত তাহাদিগকে প্ররোচিত করিবার

<sup>\*</sup> যুক্তপ্রদেশের জেল মাানুষেলের ৯৮৭ ধারায় ছিল—(নৃতন সংকরণে তাহা তুলিরা দেওয়: হইয়াছে) "জেলে দৈহিক পরিশ্রমকে কেবল কার্যকরী মনে করিলেই চলিবে না। ান রাখিতে হইবে, ইহার মুখা উদ্দেশ্য শান্তি। অথবা ইহাকে ল'ভজনক করিবার প্রশ্নকেও বিশেষ গুরুষ দেওয়া উচিত নয়। জেলের কাজের প্রধান ও মুখ্য লক্ষ্য হইবে এই যে, ইহাকে বিরক্তিকর কঠোর এবং অ্যায়কারীর পক্ষে ভীতিপ্রদ করিতে হইবে।"

ইহার সহিত প্রশিয়ার সোভিয়েট সমাজতান্ত্রিক বুজরাট্রের কৌলদারী আইনের তুলনা করা যাইতে পারে,—

<sup>»</sup> ধারা—-"সমাজ্মকামূলক উপায়গুলির এরপ উদ্দেশ্য হওয়া উচিত নহে যাহার লক্ষ্য দৈহিক দওদান, মনুয়োচিত মর্য্যালার লাঘব ঘটান কিম্বা প্রতিশোধমূলক বা শান্তিমূলক।

২৬ ধারা—"কারাদণ্ডের উদ্দেশ্য হইবে অস্থায়কারীকে অস্থায়কর্মপ্রবণতা হইতে বিরত রাখা। করেদীর উপর কোন প্রকার পীড়ন চলিবে না ক্রিয়া হাছাকে অনাবশ্যক ও অতিরিক্ত ছঃখডোগ করিতে বেন না দেওয়া হয়।"

#### ज्ञान ज्ञान ज्ञान

জন্ম বেতনও বেশ ভালভাবে বাড়াইয়া দেওয়া হইয়াছে। বালক ও তরুণ কয়েলীদিগকে লেথাপড়া শিথাইবার অতিসামাত্ত চেষ্টাও আক্সকাল' করা হইতেছে। কিন্তু এ সঁকল পরিবর্ত্তন ভাল হইলেও সমস্তাকে অল্পই স্পর্শ করিয়াছে। পুরাতন ধারা সমানভাবেই চলিতেছে।

অধিকাংশ রাজনৈতিক বন্দীই সাধারণ কয়েদীর মতন ব্যবহার পাইয়াছেন।
তাঁহারা বিশেষ স্থবিধা বা সৌজন্তপূর্ণ ব্যবহার পাইতেন না কিন্তু তাঁহারা
বৃদ্ধিমান এবং দৃঢ়-চরিত্র বলিয়া তাঁহাদিগকে দিয়া ধাহা খুদী করান
কিন্তা টাকাকড়ি আদায় করা সহজ ছিল না। এই কারণে কারাকর্মচারীয়া
তাঁহাদিগকে বিষদৃষ্টিতে দেখিত। জেলের শৃন্ধলা ভঙ্গ কি অন্তর্মপ
কোন স্থবাগ পাইলেই ইহাদিগকে কঠিন দণ্ড দেওয়া হইত। এইরূপ
শৃদ্ধলাভিদ্রের অপরাধে পনর-ধোল বংসর বয়য় এক যুবককে (সে নিজের
নাম বলিত আজাদ) বেত্রদণ্ডের আদেশ দেওয়া হইল। তাহাকে
উলঙ্গ করিয়া চাবুক মারার তেকাটায় বাধা হইল, প্রত্যেকটি বেত্রাঘাত
যথনই তাহার দেহে কাটিয়া বসিতে লাগিল, সে সঙ্গে সঙ্গের পূর্ব্ব
পর্যান্ত বালক ধ্বনি উচ্চারণ করিয়াছিল। পরবন্তীকালে এই বালকই
এক টেরোরিষ্ট দলের নেতা হইয়াছিল।

\$8

# কারামুক্তি

জেলে মান্তব অনেক কিছু হইতেই বঞ্চিত হয় কিন্তু তাহার মধ্যেও
নারীর কণ্ঠন্বর ও শিশুর হাসির অভাবই বেশী করিয়া মনে পড়ে।
জেলের দৈনন্দিন শব্দ শুতিস্থাকর নহে। জেলের কথাবার্ত্তা কর্কশ,
ভয়চকিত এবং ভাষা ইতর ও অল্পীল। আমার মনে আছে, একদিন
হঠাং এক নৃতন অভাব বোধ করিলাম। লক্ষ্ণো জেলে সহস। আমার
মনে হইল সাত-আট মাস আমি কুক্রের ভাক শুনি নাই।

্রি ১২৩-এর <u>জামুরারী মাসের</u> শেষ দিন আমর্কা সমস্ত রাজনৈতিক বন্দী মৃক্তি পাইলাম ৮) লক্ষ্ণে জেলে তথন "বিশেষ শ্রেণীর" বন্দীসংখ্যা একশত

## কারামূক্তি

হইতে ঘূই শতের মধ্যে ছিল। ১৯২১-২২ ভিলেম্বর ও জাহ্মারীতে বাহারা এক বংসর ও তাহার কম দতে দণ্ডিত হইমাছিলেন তাঁহারা দণ্ড ভোগান্তের পূর্ব্বেই মৃক্তি পাইয়াছিলেন; কেবল বাঁহাদের দির্ঘু কারাদণ্ড হইয়াছিল অথবা বাহারা দিতীয় বার ফিরিয়া আসিয়াছিলেন এখানে কেবল তাঁহারাই ছিলেন। এই আক্ষিক কারাম্ক্তিতে আমরা বিশ্বিত হইলাম। এই সাধারণ দণ্ড মকুবের সংবাদ আমরা পূর্বের পাই নাই। স্থানীয় প্রাদেশিক আইন সভায় রাজনৈতিক বন্দীদিগকে মৃক্তি দিবার একটা প্রভাব পাশ হইয়াছিল বটে, কিন্তু সমকারী শাসন-পরিষদ কদাচিথ এরপ দাবী প্রাহ্ম করিয়া থাকেন। যাহা হউক, গভর্গমেন্টের দিক দিয়া এখন স্বসময়। কংগ্রেস গভর্গমেন্টের বিক্তার কিছু না করিয়া এখন আত্মকলহে ময় এবং খ্যাতনামা কোন কংগ্রেসকর্মী এ সময় জেলের মধ্যে ছিলেন না বলিয়াই এই দয়াটুকু দেখান হইল।

কারাবার হইতে বাহির হইবার প্রথম মৃহু একটা তৃপ্তি ও আনন্দময় চাঞ্চল্য বোধ হইনা থাকে। মৃক্ত বায়ু, অবারিত মাঠ, রাজপথের গতিশীল জনতা ও ধানবাহন, পুরাতন বন্ধুদের দহিত মিলন, এই সমস্থ মিলিয়া এক অপুর্ব উন্মাদনা আনিয়া দেয়। বহির্জগতের সহিত প্রথম সংঘাতে মন উদ্বেল হইয়া উঠে। কিন্তু এই উৎফুল্ল আবেগ অতি ক্ষণস্থায়ী, কেন না, কংগ্রেদ রাজনীতির অবস্থা অত্যন্ত নিক্তংসাহজনক হইনা উঠিয়াছিল। আদিশবাদের পরিবর্ত্তে জটিল চক্রান্ত এবং বিভিন্ন উপদলগুলি যে সকল উপায়ে কংগ্রেদের প্রতিষ্ঠানগুলি দখল করিবার চেষ্টা করিতেছেন তাহা দেখিয়া ভাবপ্রবণ বাক্তিরা রাজনীতির উপর বীতশ্রদ্ধ হইয়া উঠিলেন।

জ্ঞামি নিজে কাউন্সিল প্রবেশের বিরদ্ধ মতই পোষণ করিতাম, কেন না, ইহার ফলে কৌশলের নামে আপোষ-রফার মধ্যে প্লড়িতে হইবে এবং আমাদের উদ্দেশ্য ক্রমেই শিথিল হইয়া পড়িবে কিন্তু কার্যান্তঃ তথন দেশের সম্মুথে কার্যাপ্রণালী ছিল না। পরিবর্ত্তনবিরোধীরা গঠনমূলক কার্যাের উপর জোর দিতে লাগিলেন। ইহা মুখ্যতঃ সমাজ-সংস্কারমূলক পদ্ধতি মাত্র। ইহার স্বপক্ষে এইটুকু বলা যায় যে, ইহাল ছারা কন্মীরা জনসাধারণের সহিত যোগাযোগ রক্ষা করিতে পারিবেন। কিন্তু যাহারা জনসাধারণের সহিত যোগাযোগ রক্ষা করিতে পারিবেন। কিন্তু যাহারা আইনিতিক কার্যাক্রমে বিশ্বাসী তাঁহারা ইহাতে স্বথী হইতে পারিলেন না। অথচ প্রত্যক্ষ সংঘর্ষমূলক কার্য্যের অসাফলাের প্রতিক্রিয়ায় যে অবস্থার স্থান্ত ইইয়াছে তাহাতে কিছুকালের জন্ম পার্লামেনীয় নিয়মতান্ত্রিক আন্দোলনের মধ্য দিয়া চলা ছাড়া গত্যন্তর নাই। এই নৃতন আন্দোলনের নেতৃত্বয় দেশবন্ধু দাশ ও আমার পিতা যে কার্যাপদ্ধতি নির্দেশ করিলেন

#### অওহরলাল নেহর

ভাহা সহযোগিতা অথবা গঠনমূলক নহে, তাহা বাধাপ্রদান ও উপেকা করার নীতি।

দেশবন্ধু জাতীয় সংগ্রামকে আইন সভার মধ্যেও লইয়া যাইবান্ধ পক্ষপাতী ছিলেন। আমার পিতারও অল্পবিত্তর সেইরূপ ইচ্ছা ছিল। তবে তিনি গান্ধিজীর মত মানিয়া লইয়া ১৯২০-এ আইন সভা বৰ্জনে সম্মতি দিয়াছিলেন। তিনি জাতীয় আন্দোলনে সর্বশক্তি নিয়োগ করিতে উৎস্কুক ছিলেন এবং তথন ইহার একমাত্র পথ ছিল গান্ধী-নির্দিষ্ট কাধ্যপ্রণালী সম্পূর্ণরূপে গ্রহণ করা। সিন্ফিন্গণ যেমন পার্লামেণ্টের আসনগুলি দুখল করিয়া হাউদ অফ কমন্দে যোগ দিতে অস্বীকার করিয়াছিলেন; যুবকগণের মধ্যে অনেকে সেইরূপ কৌশলের কথা চিস্তা করিতেন। ১৯২০-এর গ্রীম্মকালে এই প্রকার বর্জন গ্রহণ করিবার জন্ম গান্ধিজী অমুকন্ধ হইয়াছিলেন কিন্তু তিনি স্বীকৃত হন নাই। মহাম্মদ আলী তথন থিলাফত ডেপটেশন লইয়া ইউরোপে। তিনিও ফিরিয়া আসিয়া ব্যুক্ট ও বর্জনের পদ্ধতির জন্ম তুঃখ প্রকাশ করিলেন। সিন্ফিন্ পদ্ধতির উপর তাঁহারও ঝোঁক ছিল। কিন্তু এ বিষয়ে কাহারও ব্যক্তিগত চিন্তা বা ধারণার কোনই মূল্য নাই, কেন না, পরিণামে গান্ধিজীর মতই বলবতর হইত। তিনিই আন্দোলনের প্রষ্ঠা; কাজেই খুটিনাটি সকল বিষয়েই তাঁহার স্বাধীনতা থাকা উচিত, এইরূপই সকলে মনে করিতেন। সিন্ফিন পদ্ধতির বিরুদ্ধে (হিংসামূলক কার্য্যের সহিত সংশ্রব ছাড়াও) তাঁহার প্রধান যুক্তি ছিল এই যে, ভোট দিও না, নির্বাচন কেন্দ্রে উপস্থিত হইও না— ইহা জনসাধারণ যত সহজে বুঝিবে সিন্ফিন্ পদ্ধতি তত সহজে ধরিতে পারিবে না। আইন সভায় নির্বাচিত ইইয়া প্রবেশ করিতে বিরত থাকিলে জনসাধারণের চিত্ত বিভ্রাস্ত হইবে। এবং আরও কথা এই, যাহারা নিৰ্বাচিত হইবেন তাঁহারা স্বভাবতই আইন সভায় যাইতে চাহিবেন এবং তাঁহাদিগকে ঠেকাইয়া রাখা কঠিন হইবে। আন্দোলনের শুঝলা निक अपन छिन ना य नीर्घकान छ। हामिनाटक ठिकाहेबा वाथा याहेरा भारत । আইন সভার মধ্য দিয়া প্রত্যক্ষ ও পরে কভাবে সরকারী অমুগ্রহ লাভের জন্ম লালায়িত হইয়া অধঃপতনের দিকে অনেকেই গড়াইয়া ঘাইত। সকল যুক্তির সারবন্ধা আমরা পরে প্রত্যক্ষ করিয়াছি। স্বরাজ্য দল আইন সভায় প্রবেশ করার পর ইহার অনেক কথাই সভ্যে পরিণ্ড इरेग्नाहिल। उथापि ১৯२० मारल कररधम यनि चारेन मजाशानि नथन क्तिए (क्ट्रें) क्ति छाटा हरेल कन कि रहे छ हेरा मात्य मात्य मत्न हम । থিলাফত কমিটির সহায়তায় তথন কংগ্রেস কেন্দ্রীয় ও প্রাদেশিক প্রত্যেকটি

### পারাবৃত্তি

নির্বাচিত আসন লাভ করিতে পারিত, ইহা নিংসন্দেহ। আজ (আগষ্ট ১৯৩৪) পুনরায় কংগ্রেস কর্তৃক কেন্দ্রীয় ব্যবস্থা পরিবদে সমস্ত প্রেরণের কথা চলিতেছে এবং এই উদ্দেহ: একটি পার্লামেন্টীয় বোর্ডও স্ট হইয়াছে। কিছু ১৯২০-এর পর নানা ঘটনায় আমাদের সামাজিক ও রাষ্ট্রীয় জীবনে ফাটলগুলির ব্যবধান ও গভীরতা বাড়িয়াছে। নির্বাচনে কংগ্রেস যে সাফল্যই লাভ কর্কক না কেন, ১৯২০-এ যাহা হইতে পারিত বর্ত্তমানে তাহা সম্ভব নহে।

এই বংসর দেশের নানাস্থানে কংগ্রেসের নেতারা মিউনিসিপালিটির সভাপতি হইয়াছিলেন। দেশবন্ধু কলিকাতার মেয়র, ভিটলভাই প্যাটেল বোদাই করপোরেশনের সভাপতি এবং সন্ধার বল্পভাই প্যাটেল আহমদাবাদের সভাপতি হইলেন। যুক্তপ্রদেশেও বড় বড় মিউনিসিপ্যালিটিভালর চেয়ারম্যানের পদে কংগ্রেস পদ্ধীরাই অধিষ্ঠিত ইইয়াছিলেন।

মিউনিসিপালিটির বিভিন্ন বিভাগের কার্য্যে আমি ক্রমশঃ বেশী সময় দিতে লাগিলাম। এবং কতকগুলি সমস্থার প্রতি আমার দৃষ্টি আরুষ্ট হুইল। আমি অহুসদ্ধান ও গবেষণা করিয়া মিউনিসিপালিটি সংস্কারে বড় বড় পরিক্রমনা করিলাম। কিন্তু পরে দেখিলাম ভারতীর মিউনিসিশালিটিগুলি যেভাবে গঠিত তাহাতে চমকপ্রদ্ম বড় বড় সংস্কারের স্থান অতি সম্কীর্ণ। অবশু করিবার অনেক কিছুই ছিল। যন্ত্রটি পরিক্ষার পরিচ্ছন্ন এবং উহার গতি বাড়াইবার জন্তু আমি কঠিন পরিশ্রম করিতে

#### জওহরলাল নেহর

লাগিলাম। এদিকে কংগ্রেসেরও কাজ বাড়িল। প্রাদেশিক সম্পাদকের দায়িত্বের উপর নিথিল ভারতীয় সম্পাদকের ভারও গ্রহণ করিতে হইল। এই সকল বিভিন্ন কাজে আমাকে প্রত্যহ প্রায় ১৫ ঘণ্টা পরিশ্রম করিতে হইত এবং দিবাবসানে আমি ক্লান্তিতে অবসন্ন হইয়া পড়িতাম।

জেল হটতে বাড়ী ফিরিয়া যে পত্রখানি আমার প্রথম চোখে পড়িল তাহা এলাহাবাদ হাইকোটের তথনকার বিচারপতি শুর গ্রীমউজ বিশারস্-এর লেখা। পত্রখানিতে আমি ছাড়া পাইবার কয়েকদিন পূর্ব্বের ভারিথ ছিল। ব্ঝিলাম তিনি ছাড়া পাওয়ার খবর পুর্বেই জানিতেন। তাঁহার পত্তের সৌজগুপূর্ণ ভাষা এবং মাঝে মাঝে আমাকে তাঁহার সহিত দেখা করিবার সহাদয় আমন্ত্রণে আমি একটু বিশিত হইলাম। <u>তাঁহার</u> সহিত আমার পরিচয় নাই বলিলেই হয়। তিনি ১৯১৯-এ যথন এলাহাবাদে আদেন তথন আমি আইন ব্যবসায় প্রায় ছাড়িয়া দিয়াছি। আমার মনে আছে, তাঁহার আদালতে মাত্র একদিন আমি কোনও মামলায় সওয়াল জ্বাব করিয়াছিলাম। এবং সে-ই আমার হাইকোটে সর্বশেষ উপস্থিতি। কোন কোন কারণে হয় ত বা তিনি আমাকে ভাল করিয়া না জানিয়াই আমার প্রতি অন্তুক্ল ধারণা পোষণ করিতেন। তাঁহার ধারণা ছিল-একথা তিনি পরে বলিয়াছিলেন যে, আমি বড় বেশী অগ্রসর হইব, সেইজন্ম তিনি আমার উপর সংপ্রভাব বিতার করিয়া আমাকে ব্রিটিশ সদিচ্ছা বুঝাইয়া দিবার জন্ম ব্যথ হইয়াছিলেন। তিনি অত্যন্ত কৌশলের সহিত অগ্রসর হইয়াছিলেন। তাঁহার মতে অধিকাংশ ইংরাজের এই ধারণা যে, ভারতের সাধারণ "চরমপম্বী" রাজনৈতিকদের ব্রিটিশ বিরোধী হইবার কারণ যে তাহারা সামাজিক ব্যাপারে ইংরাজের নিকট খারাপ ব্যবহার পাইয়াছেন। ইহাই ক্রোধ বিরক্তি এবং চরম্পদ্বার कांत्र। এको ग्रह्म প্রচলিত আছে এবং অনেক সম্রাস্ত ব্যক্তিও বলিয়া থাকেন যে, আমার পিতা কোন্ড ইংরাজ ক্লাবের সদস্য নির্বাচিত হইতে না পারিয়া ত্রিটিশ বিরোধী ও চরমপঙ্গী হইয়াছেন। এই গল্পটির কোন ভিত্তি নাই এবং ইহা সম্পূর্ণ এক পৃথক ঘটনার অপলাপ মাত্র ।\* কিন্তু অধিকাংশ ইংরাজের নিকট জাতীয় আন্দোলনের উৎপত্তির এই শ্রেণীর युक्ति ७ वााथा। मठा रुफेक भिथा। रुफेक, मरुफ ७ समग्रशारी विनिन्ना मतन হয়। কিন্তু সত্য কথা বলিতে গেলে পিতার অথবা আমার এমন কোনও কারণ ছিল না; বাক্তিগতভাবে আমরা ইংরাজের নিকট ভদ্র ব্যবহারই

৩৮ অধ্যায়ের পাদটীকায় এই ঘটনার বিশ্বত বিবরণ দ্রপ্তবা !

## কারামুক্তি

পাইয়াছি এবং খোলাখুলিভাবেই মিশিয়াছি। তত্রাচ সমস্ত ভারতীয়ের মতই জাতিগত পরাধীনতা সম্পর্কে আমরা সচেতন ছিলাম এবং তাহার জন্ত অন্তরে ক্রোধ ও তিক্ততাও ছিল। আমি অকপট চিত্তে সীকার করিতেছি, এমন কি, এখনও একজন ইংরাজের সহিত আমি প্রাণ খুলিয়া মিশিতে পারি। অবশ্য তিনি যদি একজন সরকারী কর্মচারী হন্ এবং মৃক্ষবিয়ানা ভঙ্গী দেখান্ তাহা হইলেও সে মেলামেশায় আমোদের কোন অভাব হয় না। সম্ভবতঃ মডারেট্ বা ঐ জাতীয় খাহারা ভারতে ইংরাজের সহিত রাজনৈতিক সহযোগিতা করিয়া খাকেন তাঁহাদের অপেকা আমার সহিত ইংরাজ স্বভাবের সৌসাদৃশ্য অনেক অধিক।

স্তুর গ্রীমউড্ ভাবিলেন, বন্ধুভাবে মিলন এবং সরল সৌজ্ঞপূর্ণ ব্যবহারের ঘারা তিনি আমার মন হইতে তিক্ততার মূল কারণগুলি দূর করিবেন। তাঁহার সহিত আমার কয়েকবার দেখা হইয়াছিল। কোন মিউনিসিপালিটির ট্যাক্সের প্রতিবাদ করিবার অছিলায় তিনি আমার সহিত সাক্ষাং করিতে আসিতেন ও সঙ্গে সঙ্গে অপর সব বিষয়েও আলোচনা করিতেন ৷ একদিন তিনি ভারতীয় মভারেটদিগকে অতি তীব্রভাবে আক্রমণ করিলেন। ভীরু, কাপুরুষ, স্থবিধাবাদীর দল, চরিত্র ও মেরুদণ্ডহীন-এই সকল কথা অত্যন্ত ঘূণার সহিত বলিয়া তিনি জিজ্ঞাদা করিলেন, তুমি কি মনে কর যে এই লোকগুলির উপর আমাদের কোন শ্রদ্ধা আছে? আমি আন্তর্যা হইলাম, এ কথা আমাকে বলিবার প্রয়োজন কি ? সম্ভবতঃ তিনি ভাবিয়াছিলেন যে, এই শ্রেণীর কথায় আমি খুব স্থী হইব। কথায় কথায় তিনি নৃতন কাউন্সিল এবং মন্ত্রীদের কথা তুলিলেন। দেশের সেবা করিবার জন্ম এই সব মন্ত্রীর কত স্থযোগ তাহাও উল্লেখ করিলেন। শিক্ষা দেশের একটা প্রধান ও মুখ্য সমস্যা। একজন শিক্ষামন্ত্রী যদি নিজের ইইচ্ছামত কাজ করিবার স্বাধীনতা পান তাহা কি লক্ষ লক্ষ মানবের ভবিশ্বং নিয়ন্ত্রণে একটা উপযুক্ত হ্রযোগ নহে? জীবনে এমন হ্রযোগ কয়জন পায়? তিনি বলিয়া যাইতে লাগিলেন-মনে কর তোমার মত একজন লোক-বৃদ্ধি, চরিত্র, আদর্শবাদ এবং কর্মোৎসাহ যাহার আছে তাহাকে যদি এই প্রদেশের শিক্ষার ভার দেওয়া হয় তাহা হইলে তোমার মত লোক কি অসাধ্য সাধন করিতে পারে না? তিনি আমাকে আশাস দিয়া विनातन त्य, अज्ञानिन भूत्र्य छाँशांत्र मिरु गर्ड्याद्व माकार इहेबाद्व, এবং নিজের উদ্দেশ্য মত কাজ করিবার সম্পূর্ণ স্বাধীনতা আমাকে দেওয়া হইবে। সম্ভবতঃ তিনি বেশী দূর অগ্রদর হইয়াছেন বলিয়া আত্মসম্বরণ

#### ज ও इत्रनान (सर्क

ক্রিলেন এবং বলিলেন তিনি সরকারীভাবে কিছু বলিতেছেন না, ইহা তাঁহার ব্যক্তিগত প্রস্তাব মাত্র।

শ্রুর গ্রীমউডের এই কৃট কৌশলপূর্ণ প্রস্তাবটি হইতে অবশ্র আমি পরির্ত্তাণ শাইয়াছিলাম। মন্ত্রীরূপে গভর্ণমেন্টের সহিত সহযোগিতা করার কথা ত আমি ভাবিতেই পারি না এবং নিশ্চয়ই ইহার মত ঘুণার্হ আমার নিকট আর কিছু নাই। কিছু তথন এবং পরবর্ত্ত্রীকালেও কিছু স্থামী প্রত্যক্ষ গঠনমূলক কাজের জন্ম আমার মনে মাঝে মাঝে আকাজ্র্যা জাগিত। মাছুষের পক্ষে ধ্বংস, আন্দোলন এবং অসহযোগ স্বাভাবিক কার্য্যপদ্ধতি নয়। কিছু আমাদের ভাগ্য এরূপ যে ধ্বংস ও সংঘর্ষের মক্ষভূমি অতিক্রম করিয়াই আমাদিগকে সেইখানে যাইতে হইবে, যেখানে আমরা গঠনমূলক কিছু করিতে পারিব। হয় ত আমাদের অধিকাংশের শক্তিসামর্থ্য ও জীবন এই শিথিল বালুকারাশির মধ্য দিয়া সংঘর্ষ ও ক্লান্তিতেই নিঃশেষিত হইবে এবং গঠন করিবে আমাদের পুত্র অথবা পুত্রের পুত্রগণ।

ঐ কালে মন্ত্রীগিরি কত সন্তা ছিল,—অন্ততঃ যুক্তপ্রদেশে। যে তৃইজন মডারেট মন্ত্রী অসহযোগ আন্দোলনের কালে কার্য্য করিয়াছিলেন তাঁহাদের মেয়াদ ফুরাইল। কংগ্রেসী আন্দোলন যথন বর্ত্তমান ব্যবস্থার পক্ষে বিশ্বসঙ্গুল হইয়া উঠিয়াছিল তথন গভর্ণমেন্ট কংগ্রেস দমনে মডারেট মন্ত্রীদের কাব্দে লাগাইয়াছিলেন। তথন তাঁহারা সম্মান পাইতেন, সরকারী শাসন পরিষদও তাঁহাদের শ্রদ্ধা করিয়া চলিতেন। সেই ছুর্দ্দিনে গভর্ণমেণ্টের সমর্থকরূপে মন্ত্রীদিগকেই তাঁহার। আঁকড়াইয়া ধরিয়াছিলেন। মন্ত্রীরা সম্ভবত: মনে করিতেন, এই সম্মান ও শ্রদ্ধা তাঁহাদের স্থায় প্রাপ্য। কংগ্রেসের সম্ববদ্ধ আক্রমণের প্রতিক্রিয়া হইতেই যে গভর্নমন্ট এইরপ করিতেছেন তাহা তাঁহারা বুঝিতে পারিতেন না। যথন আক্রমণ বন্ধ হইল, সঙ্গে সঙ্গে মভারেট মন্ত্রীদের মূল্যও গভর্ণমেন্টের দৃষ্টিতে একদম কমিয়া গেল: সহসা দেখা গেল, সন্মান ও শ্ৰন্ধা বলিয়া কিছু অবশিষ্ট নাই। মন্ত্ৰীয়া ইহাতে ক্ৰুক হইলেন কি**ত্ত** সে নিক্ষল আকোশ তাঁহাদের কোন কাজেই আসিল না। শীঘ্রই তাঁহারা পদত্যাগ করিতে বাধ্য হইলেন। তারপর নৃতন মন্ত্রীর অফুসন্ধান চলিতে লাগিল কিন্তু গভর্ণমেণ্ট সহসা কুতকার্ঘ্য হইলেন না। আইন সভার মৃষ্টিমেয় মভারেট্ তাঁহাদের সহকর্মীদের প্রতি ছব্ বহারে সহামুভূতিসম্পন্ন হইয়া সরিয়া রহিলেন। অবশিষ্ট সদক্ষগণের অধিকাংশই জমিদার, তাহার মধ্যে মোটাম্টি লেখাপড়া জানেন এরূপ লোকের

### কারাবৃত্তি

সংখ্যাও অতি কম। কংগ্রেস আইন সভা বৰ্জ্জন করায় সেখানে বছ বিচিত্র লোকের আশ্চর্য্য সমেলন ঘটিয়াছিল।

এই সময় অথবা কিছু দিন পরে যুক্তপ্রদেশে একজন ব্যক্তিকে মন্ত্রীগিরি দেওয়ার প্রস্তাব সম্বন্ধে একটি গল্প প্রচলিত আছে। তিনি নাকি উত্তর দিয়ছিলেন যে, তিনি এত লঘুচিত্ত নহেন যে, নিজকে একজন মস্ত বৃদ্ধিমান ব্যক্তি বলিয়া বিবেচনা করেন; তবে তাঁহার কিছু বৃদ্ধিশুদ্ধি আছে, হইতে পারে তাহা সাধারণ লোক অপেক্ষা একটু বেশী, অস্ততঃ তাঁহার ধারণা এ খ্যাতিটুকু তাঁহার আছে। গভর্গমেন্ট তাঁহাকে মন্ত্রী করিয়া কি জগতের সম্মুখে একজন নিরেট মূর্খ বলিয়া পরিচিত করিতে চান?

এই প্রতিবাদের কিছু কারণ ছিল। মডারেট মন্ত্রীরা সন্থীর্ণচেতা, রাজনীতি বা সামাজিক ব্যাপারে উদারদৃষ্টিহীন। অবশু এ দোষ তাঁহাদের নয়, ইহা তাঁহাদের বন্ধ্যা মডারেটীয় নীতির ফল। যাহা হউক, সাধারণ চাকুরীজীবী বা বৃত্তিজীবীদের দক্ষতা তাঁহাদের ছিল এবং দৈনন্দিন কাজ তাঁহারা বিবেক বৃদ্ধি মহুসারে চালাইয়া যাইতে পারিতেন। তাঁহাদের পর যাহারা জমিদারশ্রেণী হইতে আসিলেন তাঁহাদের শিক্ষাও সাধারণ ভাবে অত্যন্ত সীমাবদ্ধ। আমার মতে তাঁহাদিগকে লিখিতে পড়িতে জানেন এই মাত্র বলা চলে, তাহার বেশী নহে। গভর্ণর এই ভল্তলোকদিগকে উচ্চপদে মনোনীত করিয়া যেন দেখাইতে লাগিলেন ভারতীয়েরা কত অযোগ্য, কত অপদার্থ। তাঁহাদের সম্বন্ধে বলা যাইতে পারে, "ভাগ্য যথন স্থপ্রসন্ধ তথন সব বিষয়েই সাহস করা যাইতে পারে, নারীর পক্ষে অসাধ্য কিছুই নাই।"—রিচার্ড গারনেট্।

শিক্ষা থাক আর নাই থাক, এই সব মন্ত্রীর হাতে জ্মিদারদের ভোট ছিল এবং ইহারা সরকারী কর্মচারীদিগকে স্থলর স্থলর বাগান পার্টিতে আপ্যায়িত করিতে পারিতেন। অনশনক্লিষ্ট প্রজার নিকট হইতে প্রাপ্ত অর্থের ইহা অপেক্ষা অধিক কি সদ্বায় হইতে পারে ?

# সন্দেহ ও সংঘর্ষ

**অশান্তিজনক সমস্তাগুলি ভূলিয়া থাকিবার জন্ম আমি নানারকম কাজ** করিতে লাগিলাম। কিন্তু এড়ান কঠিন; স্বাভাবিক ভাবেই যে সকল প্রশ্ন গড়িয়া উঠে, তাহার কোন সস্তোষজনক উত্তর খুঁজিয়া পাই না। এখন যাহা করিতেছি তাহা কেবল নিজকে ভূলাইবার জন্ম, ইহার মধ্যে ১৯২০-২১-এর মত প্রাণের পরিপূর্ণ বিকাশ তখনকার দিনে যে বর্ণ্মে আত্মরক্ষা করিতাম, সেই আবরণ ত্যাগ করিয়া আমি ভারত ও জগতের বিচিত্র: ঘটনাবলী পর্যাবেক্ষণ করিতে লাগিলাম। এখন অনেক পরিবর্ত্তন দেখি, যাহা পূর্ব্বে লক্ষ্য করি নাই, নৃতন আদর্শ न्छन विषय जालात्कत পतिवर्ष्ठ সংশয়ের অন্ধকারই ঘনাইয়া তুলে। গান্ধিজীর নেহুত্বের উপর আমার অবিচলিত আস্থা সত্ত্বেও আমি তাঁহার কার্যাপদ্ধতির কোন কোন অংশ পূর্ব্বাপেক্ষা অধিকতর বিচার দেখিতে नागिनाम, किन्न जिनि जथने कार्रागारत आमारित आग्रस्टित বাহিরে, তাঁহার উপদেশ পাওয়া সম্ভবপর নহে। আমি দেখিলাম কংগ্রেসের তুই দলই—কাউন্সিলগামী দল এবং পরিবর্ত্তনবিরোধী দল কোনই কাজ করিতেছেন না। প্রথমোক্ত দল ক্রমশঃ সংস্থারপদ্ধী ও নিয়মতাদ্বিক হইয়া পড়িতেছেন এবং তাহার ফল আমার নিকট চোরাগলিতে আটকাইয়া পড়িবার মত বোধ হইল। পরিবর্ত্তনবিরোধীরা মহাত্মাজীর একনিষ্ঠ অমূচর বলিয়া কথিত হইতেন; কিন্তু মহাপুরুষদের অক্যান্ত শিশুগণের মতই তাঁহারাও তাঁহার শিক্ষার মূলভাব ছাড়িয়া বাহিরের লইয়া টানাটানি করিতে লাগিলেন। তাঁহাদের মধ্যে কোন তেজন্বিতা ছিল না, কাৰ্য্যতঃ তাঁহারা অতাত নিরীহ সদাশয় সমাজসংস্কারক মাত্র, কিন্তু তাঁহাদের এক স্থবিধা ছিল, স্থরাজীয়া যথন আইন নিয়মতান্ত্ৰিক কলকৌশল লইয়া সারাকণ ব্যাপ্ত ছিলেন তথন তাঁহারা ( প্রিবর্ত্তনবিরোধী ) রুষকুসাধারণের সহিত যোগাযোগ রক্ষা করিয়াছিলেন। আমার কারামুক্তির কিছুকাল পরেই দেশবন্ধু দাশ আমাকে স্বরাজ্য দলে যোগ দেওয়াইবার জভ্য চেষ্টা করিয়াছিলেন, তাঁহার যুক্তির নিকট আমি আয়দমর্পণ না করিলেও আমি যে কি করিব কোন স্পষ্ট ধারণা আমার ছিল না। আমার পিতা এইকালে স্বরাজ্য দল

#### नत्मर ७ नश्चर्य

লইয়া মাতিয়া উঠিয়াছিলেন। তাঁহার চরিত্রগত বৈশিষ্ট্যের মধ্যে আকর্ষ্য উল্লেখযোগ্য যে, তিনি কখনও আমাকে উক্ত দলে লইবার জন্ম পীড়াপীড়ি করেন নাই অথবা কোন প্রভাব বিস্তারের চেষ্টা করেন নাই। ইহা সতা যে, আমি তাঁহার সহিত এই দলে যোগ দিলে তিনি অত্যন্ত আনন্দিত ইইতেন কিন্তু আমার প্রতি তাঁহার অন্যুসাধারণ স্থবিবেচনা ছিল বিলিয়াই তিনি এ বিষয়ে আমাকে স্পূর্ণ স্বাধীনতা দিয়াছিলেন।

এই কালে আমার পিতার সহিত দেশবদ্ধ দাশের বদ্ধুত্ব অধিকতর ঘনিষ্ঠ হইয়া উঠিল। এই বন্ধুত্বের মধ্যে রাজনৈতিক সহকর্মীর সম্পর্ক অপেক্ষা অনেক বেশী কিছু ছিল। তাঁহাদের পরস্পারের অফুরাগ ও নিবিড় প্রীতি দেখিয়া আমি একটু আশ্রেষ্য হইলাম, কেন না পরিণত বয়সে এরপ ঘনিষ্ট বন্ধুত্ব কদাচিৎ হইয়া থাকে। পিতার বছ পরিচিত ব্যক্তি ছিলেন এবং লঘুভাবে সকলের সহিত মিশিবার ক্ষমতাও ছিল তাঁহার অসাধারণ। কিন্তু বন্ধুত্ব হইতে তিনি সতর্ক থাকিতেন এবং শেষ বয়দে জীবন ও মানুষের প্রতি তাঁহার অবজ্ঞা বৃদ্ধি পাইয়াছিল। তথাপি তাঁহার ও দেশবন্ধুর মধ্যে কোন ব্যবধান রহিল না এবং তাঁহারা পরস্পরকে হৃদয়ের সৃহিত গ্রহণ করিলেন। বয়সে নয় বংসরের বড় হইলেও ছুইজনের মধ্যে শরীরের তুলনায়, পিতার याम् ७ निक तमी हिल। यमि छारात्रा छे छारारे बारेन भीती ७ अ ব্যবসায়ে একই প্রকার সাফল্য লাভ করিয়াছিলেন, তথাপি অনেক দিক निया উভয়ের মধ্যে স্বাতশ্বা ছিল। চিত্তরঞ্চন দাশ আইনবাবসায়ী হইলেও कवि ছिल्न अवः कवित्र जादिश नहेशा मव किছू मिथिएक। जामि ভনিয়াছি, তিনি বাঙ্গলায় কতকগুলি উৎকৃষ্ট কবিতা লিখিয়াছেন। তিনি বাগ্মী ও ধর্মপ্রবণ ছিলেন। আমার পিতা অত্যন্ত বাস্তববাদী এবং কবিত্তহীন কঠোর ছিলেন। কাজকর্ম ও সঙ্ঘ গঠনাদি বিষয়ে তিনি নিপুণ ছিলেন কিন্তু তাঁহার মধ্যে ধর্মভাব ছিল না বলিলেই হয়। তিনি ছিলেন যোদ্ধা—আঘাত করিতে বা পাইতে সর্বনাই প্রস্তত। তিনি ঘাহাদিগকে নির্বোধ মনে করিতেন তাহাদের সৃত্ব সম্ভ করিতে পারিতেন না। করিলেও সম্ভোষের সহিত করিতেন না। এবং তিনি প্রতিবাদ-অসহিষ্ণু ছিলেন। প্রতিষ্দ্রীকে সম্পূর্ণ পরাভূত করিবার প্রবল উত্তেজনায় তিনি কর্ম করিতেন। এইরূপে আমার পিতা ও দেশবদ্ধুর চরিত্রে স্বাভস্কা সত্ত্বেও স্বরাজ্য দলের যুগ্ম নেতারূপে তাঁহারা আশ্চর্য্য সাফল্য লাভ করিয়াছিলেন। ভাঁহারা একে অন্তের চরিত্রগত ক্রটি ও অভাব কতক পরিমাণে পরি-পূরণ করিতেন এবং তাঁহারা পরস্পরকে সম্পূর্ণরূপে বিশাস করিতেন।

#### अध्यक्तांन (मर्क

এমন কি, পূর্ব হইতে পরামর্শ না করিয়াও কোন বিরুতি বা ঘোষণা-পত্তে একে অন্তের নাম ব্যবহার করিতে পারিবেন পরস্পরকে এইরূপ অধিকার পর্যন্ত দিয়াছিলেন।

স্বরাজ্য দলের প্রতিষ্ঠা শক্তি ও দেশের নিকট মর্যাদার পশ্চাতে এই ব্যক্তিগত বন্ধুছের গভীর প্রেরণা ছিল। স্বরাজ্য দলের স্চনাতেই ইহার মধ্যে ভালনের বীজ ছিল, কেন না, কাউন্সিলের মধ্য দিয়া ব্যক্তিগত উন্নতির সম্ভাবনা দেখিয়া অনেক ভাগ্যাদেষী ও স্থবিধাবাদী এই দলে প্রবেশ করিয়াছিলেন। গভর্গমেন্টের সহিত সহযোগিতায় উন্মৃথ কয়েক জন থাটি মডারেটও এই দলে ছিলেন। নির্বাচনের পরেই এই সকল মনোভাব উপরে ভাসিয়া উঠিল, কিন্তু দলের নেতৃত্ব ইহা দৃঢ় হন্তে দমন কবিয়া ফেলিলেন। আমার পিতা ঘোষণা করিলেন "ব্যাধিত্ত অঙ্গ ছেদন করিতেও" তিনি কিছুমাত্র ইতস্ততঃ করিবেন না এবং তিনি এই ঘোষণাত্র্যায়ী কার্য্য করিয়াছিলেন।

১৯২৩-এর পর হইতে পারিবারিক জীবনে আমি অনেক শাস্তি ও আনন্দ পাইয়াছি, যদিও তাহা উপভোগের সময় আমার অতি কম ছিল। সৌভাগ্যক্রমে পবিবারস্থ সকলের নিকটেই আমি স্নেহ, প্রীতি, ভালবাসা পাইয়াছি এবং তৃশ্চিস্তা ও তৃদ্দিনে সকলেই আমাকে সান্ধনা দিয়াছেন, আশ্রম দিয়াছেন, কিন্তু এই বিষয়ে আমার নিজের অযোগ্যতা শ্বরণ করিয়া আমি অত্যস্ত লক্ষ্ণিত হই। ১৯২০ হইতে আমার পত্নীর মধুর ব্যবহারের নিকট আমি কত ঋণী। গর্কিতা ও ভাবপ্রবণা হইয়াও তিনি আমার খেয়াল খুশী অকাতরে সহু করিরাছেন এবং প্রয়োজনের মৃহুর্ত্তে আমাকে শাস্তি আরাম ও আনন্দ দিয়াছেন।

১৯২০-এর পর আমাদের জীবনযাত্রা-প্রণালীর কিছু পরিবর্ত্তন ইইয়ছিল। ইহা পূর্বাপেকা অনেক আড়ম্বরহীন এবং চাকরবাকরের সংখ্যাও কমিয়া গিয়াছিল, তথাপি প্রয়োজনীয় আরামের অভাব ছিল না। অনাবশুক আড়ম্বর কমাইবার জন্ম এবং মংশতঃ প্রাত্যহিক বয় নির্বাহের জন্ম গাড়ী, ঘোড়া এবং আমাদের নৃতন জীবনবাত্রার পক্ষে অনাবশুক ও সামঞ্জশুহীন আসবাবপত্র প্রভৃতি বিক্রম করিয়া ফেলা হইল। আমাদের কতক আসবাবপত্র পুলিদ কোক করিয়া বিক্রম করিয়া ফেলিয়াছিল। এই সকল আসবাবপত্র এবং মালীর অভাবে আমাদের ভবনের পূর্কের শ্রী আর রহিল না, বাগান জন্মল হইয়া উঠিল। প্রায় তিন বংসর বাড়ী ও বাগানের দিকে কোন দৃষ্টিই দেওয়া হয় নাই। অতিমাত্রায় বায়বাছলো অভান্ত পিতা এইসব বায়সকোচ পছন্দ করিতেন না।

#### সন্দেহ ও সংঘৰ্ষ

এ জন্ম তিনি ঘরে বসিয়া অবসর সময়ে আইনের পরামর্শ দিরা অর্থ উপার্জ্জনের সহল্প করিলেন। কিন্তু তিনি অতি অন্ন সময়ই দিতে পারিতেন, তথাপি তাঁহার উপার্জ্জন মন্দ হইত না।

অর্থের জন্ত পিতার উপর নির্ভর করিতে হয় বলিয়া আমি অসাচ্চন্দ্য ও একটু নিরানন্দ বোধ করিতাম। আইন ব্যবসায় পরিত্যাগ করার পর, আমার নিজের বস্ততঃ কোন আরই ছিল না। শেয়ার ইইতে যে মৃনাফা আসিত তাহা অতি অকিঞ্ছিৎকর। আমার স্ত্রীর এবং আমার বিশেষ ব্যয়ভূষণ ছিল না। বরঞ্চ আমাদের ব্যয়ের অক্সতা দেখিয়া আমরা আন্তর্যা ইইতাম। ১৯২১ সালেই আমি ইহা অফ্তব করিয়া আনন্দিত ইইয়াছিলাম। খাদি কাপড় এবং রেলের তৃতীয় শ্রেণীতে ভ্রমণে অতি অল্প অর্থেরই দরকার ইইয়া থাকে। কিন্তু পিতার সহিত বাস করার ফলে তখন আমি ব্রিতে পারিতাম না গৃহস্থালীর অগণিত বায় একত্র করিলে কি পরিমাণ মোটা অঙ্কে পৌছায়। যে কোন প্রকারেই ইউক অর্থিচিন্তা কথনও আমাকে বিব্রত করে নাই। আমার বিশ্বাস, আবেশ্রক অর্থ উপার্জ্জনের ক্ষমতা আমার আছে এবং আমরা তৃলনায় অনেক কম খরচে চালাইয়া লইতে পারি।

আমরা পিতার বিশেষ ভারস্বরূপ ছিলাম না। এবং এমন বি, ইহার আভাদ ইন্ধিতেই তিনি হয় ত অত্যন্ত ব্যথিত হইতেন। তথাপি এই অবস্থা আমার ভাল বোধ হইত না। কিন্তু পরবর্ত্তী তিন বংসর কাল ইহা চিন্তা করিয়াছি কিন্তু কোন মীমাংসা পাই নাই। উপার্জন করিবার উদ্দেশ্যে একটা কাজ অবশু আমি সহজেই জোগাড় করিতে পারিতাম কিন্তু তাহা হইলে সাধারণের কাজে যে সময় বায় করিতেছি তাহা হয় ছাড়িতে হয়, নাহয় কমাইয়া দিতে হয়। তথন আমার সমন্ত সময় কংগ্রেস ও মিউনিসিপালিটির কার্যো নিযুক্ত ছিল। অর্থোপার্জনের জন্ম এই কাজ ছাড়িয়া দেওয়া আমার ভাল বোধ হইল না। বড় বড় ব্যবসায়ীর কারখানা হইতে মোটা উপার্জনের যে সকল স্থবিধাজনক প্রস্তাব আসিয়াছিল এই কারণে তাহা গ্রহণ করিলাম না। বৃহৎ ব্যবসায়ের সহিত যুক্ত হওয়াটাও আমি পছন্দ করিলাম না। পুনরায় আইন ব্যবসায়ে ফিরিয়া যাওয়ার প্রশ্ব অবশ্ব উটিতেই পারে না। আইন ব্যবসায়ের প্রতি আমার প্রদাসীন্য ক্রমেই বাড়িতেছিল।

১৯২৪-এর কংগ্রেসে সাধারণ সম্পাদকদিগকে বেতন দিবার একটি প্রস্তাব উঠিয়াছিল। আমি তথন একজন সাধারণ সম্পাদক ছিলাম এবং এই প্রস্তাব আমি সমর্থন করিয়াছিলাম। আমার মনে হইল, কাছাকেও

#### জওহরলাল নেহরু

সারাক্ষণ খাটাইয়া লইয়া জীবনযাত্রা নির্বাহের মত বৃত্তি না দেওয়া
জন্তায়। অন্তথা উপার্জ্জন না করিয়াও চলে এমন লোক নির্বাচিত
করিতে হয়। এই শ্রেণীর ভদ্রলোকের অবসর আছে বটে কিন্তু সম্ভবতঃ
রাজনীতির দিক হইতে তাঁহারা বাঞ্চনীয় নহেন এবং কোন কার্য্যের
জন্ত তাঁহাদিগকে দায়ী করাও যায় না। কংগ্রেস অবস্থা বেশী দিতে
পারিত না। কংগ্রেসের বৃত্তির হার অত্যন্ত কম ছিল। কিন্তু আমাদের
দেশে সাধারণ ধনভাণ্ডার ইইতে (গভর্ণমেন্টের না হইলেও) বেতন
লওয়ার বিরুদ্ধে এক অন্তায় এবং সম্পূর্ণ অযৌক্তিক সংশ্লার আছে।
পিতাও আমার বেতন লইবার বিরুদ্ধে তীর আগন্তি প্রকাশ করিলেন।
আমার সহযোগী সম্পাদকের অর্থের অত্যন্ত প্রয়োজন ছিল, তথাপি তিনি
কংগ্রেসের নিকট বেতন লওয়া আত্মর্য্যাদার পক্ষে হানিজনক মনে
করিলেন। কাজেই এই ব্যাপারে আমার মর্য্যানাবোধ না থাকিলেও এবং
আমি বেতন লইতে সম্পূর্ণ উৎস্কক থাকিলেও সে আশা ছাড়িতে হইল।

একদিন ঘুরাইয়া ফিরাইয়া পিতার নিকট কথাটা তুলিলাম। এই নির্ভরতা যে ভাল লাগিতেছে না তাহাও তিনি আঘাত না পান এইরপ মুফ্ ভাবে কথাটা উত্থাপন করিলাম। তিনি আমাকে বুঝাইলেন, সামান্ত ক্ষেকটা টাকা উপার্জ্জনের জন্ত জনসাধারণের কাজ ছাড়িয়া সময় বয় করিলে আমার পক্ষে নির্কোধের কাজ হইবে। আমার এবং আমার ত্ত্তীর এক বংসরের প্রয়োজন তিনি কয়েকদিনেই উপার্জ্জন করিয়া দিতে পারেন। তাঁহার তর্কের মধ্যে যুক্তি ছিল কিন্তু আমি তৃপ্ত ইইলাম না। তথাপি তাঁহার উপদেশ মতই চলিতে লাগিলাম।

এই সকল পারিবারিক ব্যাপার এবং টাকাকড়ির ছুন্চিস্তা ১৯২৩-এর প্রারম্ভ হইতে ১৯২৫-এর শেষ পর্যাস্ত চলিল। ইতিমধ্যে রাজনৈতিক ঘটনারও পরিবর্ত্তন হইতে লাগিল এবং আমিও একরপ আমার ইচ্ছার বিক্লছেই বিভিন্ন লোকের সহিত মিলিত হইয়া নিধিল ভারত কংগ্রেসের দায়িত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থাকিলাম। ১৯২৩-এর অবস্থার একটু বিশেষত্ব ছিল। ইহার আগে চিত্তরপ্রন দাশ গ্রা কংগ্রেসের সভাপতি হইয়াছিলেন। কাজেই ১৯২৩-এ তাঁহারই নিধিল ভারত কংগ্রেস কমিটির সভাপতি থাকিবার কথা, কিন্তু এই কমিটির অধিকাংশ সদস্য তাঁহার ও অরাজ্য নীতির বিক্লছে ছিলেন। অবস্থা সংখ্যাগরিষ্ঠ দলের সংখ্যা অতি অরাই বেশীছিল। ছুই দলই প্রায় সমান সমান। ১৯২৩-এর গ্রীত্মের প্রারম্ভে নি: ভা: কংগ্রেস কমিটির বোখাই বৈঠকে থাপার সঙ্গীন হইল, দাশ মহাশয় সভাপতির পদে ইন্ত্রফা দিলেন এবং একটি ছোট মাঝামাঝি

#### गटकर ७ गःचर्य

দল হইতে নৃতন কাৰ্য্যকরী সমিতি গ্লাঠিত হইল। কিন্তু কমিটিতে এই কেন্দ্রীয় দলের পশ্চাতে কোন সমর্থন ছিল না। গ্রুটি দলের সদিচ্ছার উপরই তাঁহাদের অন্তিও নির্ভর করিতেছিল। এই দল যে-কোন দলের সহিত যোগ দিয়া অপর দলকে অবশ্য হারাইতে পারিত। ডাঃ আব্দারী হইলেন নৃতন সভাপতি এবং আমিও একজন সম্পাদক থাকিয়া গেলাম।

শীঘ্রই তুইপক্ষ হইতেই আমাদের উপর উৎপাতের স্পষ্ট হইল। পরিবর্তনবিরোধীদের স্বৃদ্দ তুর্গ গুজরাট কেন্দ্রীয় কার্যালয়ের কতকগুলি নির্দেশমত
কার্য্য করিতে অস্বীকার করিয়া বিদিল। গ্রীম্বকালের শেষ ভাগেই
আবার নাগপুরে নি: ভা: রাষ্ট্রীয় সমিতির অধিবেশন হইল। এখানে তথন
জাতীয় পতাকা সত্যাগ্রহ চলিতেছিল। মন্দভাগ্য কেন্দ্রীয় দলের
প্রতিনিধিস্থরূপ আমাদের কার্য্যকরী সমিতির সংক্ষিপ্ত ও খ্যাতিহীন
জীবনের এইখানেই অবসান ঘটিল। ইহার পতন ঘটিল, কেন না, ইহা
বিশেষভাবে কাহারও প্রতিনিধি ছিল না এবং বাহাদের হাতে কংগ্রেসের
প্রকৃত ক্ষমতা তাঁহাদেরই উপর কর্তৃত্ব করিতে প্রয়াসী হইল। গুজরাটের
শৃশ্বলাবিরোধী কার্য্যের উপর ভর্মনামূলক প্রস্থাবের অসাফল্যের ফলেই
কার্য্যকরী সমিতিকে পদতাাগ করিতে হইল। আমার মনে আছে,
ইস্তফাপত্র দাখিল করিয়া আমি কত আনন্দিত ও ভারম্ক্ত হইয়াছিলাম।
দলাদলির কৌশলের অতি সামান্ত অভিজ্ঞতাই আমার পক্ষে বথেষ
হইয়াছিল এবং কতিপয় খ্যাতনামা কংগ্রেস নেতার বড়যন্ত্র-নৈপুণ্য দেখিয়া
আমি ব্যঞ্জিত হইয়াছিলাম।

এই সভায় দাশ মহাশয় "ঠাণ্ডা বক্ত" বলিয়া আমার উপর দোষারোপ করিয়াছিলেন। আমার ধারণা তাঁহার কথা সত্য। অবশু ইহার পরিমাপ করা মাপকাঠির বিভিন্নতার উপর নির্ভর করে। অনেক বন্ধু ও সহকর্মীর সহিত তুলনায় আমার বক্ত অনেক বেশী ঠাণ্ডা। তথাপি অতিরিক্ত ভাবাবেগ ও মেজাজে বিচলিত হইবার ভয়ে আমি সর্বনাই সাবধান থাকি। বংসরের পর বংসর আমি বক্ত ঠাণ্ডা রাধিবার জন্ম কঠিন উত্তম করিয়াছি কিন্তু সাফল্য যেটুকু পাইয়াছি তাহা বান্ধিক মাত্র।

# ্ৰ নাভার কৌতুক

শ্বরাজ্য দল ও পরিবর্ত্তনবিরোধীদের মধ্যে টানাটানি চলিতে দািলিল; প্রথমাক্ত দলই জয়ী হইতে লাগিলেন। ১৯২৩-এর শরংকালে দিল্লীতে কংগ্রেসের বিশেষ অধিবেশনে শ্বরাজীরা আর এক দিকে অগ্রসর হইলেন। এই কংগ্রেসের অব্যবহিত পরেই একাস্ত অপ্রত্যাশিত ভাবে আমি এক আশ্বর্যা বিপদসন্থূল ব্যাপারে জড়াইয়া পড়িলাম।

পোঞ্জাবে শিথদের সহিত বিশেষভাবে আকালী শিথদের সহিত গভর্ণেদেরে পুন: পুন: সংঘর্ষ চলিতেছিল। ভ্রষ্টচরিত্র মোহাস্তদের তাড়নায় গুরুদার ও তৎসংশ্লিষ্ট স্থাবর ও অস্থাবর সম্পত্তি অধিকার করিবার শিখদের আন্দোলন প্রবল হইয়া উঠিয়াছিল। ইহাতে গভর্ণমেণ্ট कताग्र मध्यर्व वाधिल। ) शुक्रचात्र आत्मालन, अमहत्यान व्यात्मानन अञ्च प्रभावाशी काग्रत एत्र एक वर व्याका नीता व्यव्धित मजाগ্রহের আদর্শেই কার্য্য করিতে লাগিলেন। এই কালে যে সকল ঘটনা সত্যাগ্রহী শিথজাঠা-ইহার মধ্যে অধিকাংশই ভূতপূর্ব্ব সৈনিক-পুলিশের পাশবিক প্রহার সহু করিয়াও সহল্লের দৃঢ়তা প্রদর্শন করিয়াছিল। এই সাহস ও অসীম ধৈর্ঘ্য দেখিয়া সমস্ত ভারতবর্ষ চমৎকৃত হইল। গভর্ণমেন্ট কর্ত্তক গুরুষার কমিটি বে-আইনী ঘোষিত হইয়াছিল এবং কয়েক বৎসর সংঘর্ষের পর অবশেষে শিথেরা জয়ী হইলেন। এই আন্দোলনের প্রতি স্বাভাবিক রূপেই কংগ্রেসের সহাতুভূতি ছিল এবং আকালী আন্দোলনের সহিত যোগ রক্ষা করিবার জন্ত কংগ্রেস এক জন বিশেষ কর্মচারী নিযুক্ত করিয়াছিলেন, ডিনি অমৃতসরে থাকিয়া করিতেন।

আমি যে ঘটনার কথা বলিতেছি, তাহার সহিত সাধারণ শিখ শোলোলনের সম্পর্ক অতি অল্প হইলেও ইহা শিথদের চাঞ্চল্যের প্রতিক্রিয়া হইতেই উদ্ভূত, ইহা নি:সন্দেহ। <u>নাভা ও</u> পাতি<u>য়ালা</u>—পাঞ্জাবের এই তুই সামস্ত রাজার <u>মধ্যে ব্যক্তি</u>গত বিরোধ অতি তীত্র হইয়া উঠিয়াছিল, এবং তাহার ফলে ভারত গ্র<u>ভর্</u>ষেট

# নাভার কৌভুক

মহারাজাকে রাজাচাত করিয়া একজন ইংরাজ শাসক নিযুক্ত করেন। নাভারাজের গদিচ্যতি লইয়া বিক্তৃক শিখেরা নাভার এবং नाভाর বাহিরে আন্দোলন করিতে লাগিলেন। नीভারাজ্যের জাইটো নামক স্থানে শিবদের ধর্মসংক্রান্ত উপাসনা ও গ্রন্থপাঠ নৃত্ত, ইংরাজ শাসক বন্ধ করিয়া দিলেন। ইহার প্রতিবাদ স্বরূপ এবং গুরু গ্রন্থসাহেব পাঠ ' खवादिक ভाবে চালাইবার জন্ম শিখেরা জাইটোম জাঠা প্রেরণ করিছে লাগিলেন। জাঠার প্রবেশ-পথ রুদ্ধ করিয়া পুলিশ তাহাদিগকে প্রহার করিত। অবশেষে গ্রেফ্তার করিয়া দূরবর্ত্তী তুর্গম জন্মলে তাহাদের লইয়া গিয়া ছাড়িয়া षिछ।) आमि **मःवामभा**रक करेमव প্রহারের বিবরণ পাঠ করিয়াছিলাম; पित्नी विराग्य कः धारमत भरतहे यामि छनिनाम, नीखरे यात এकान कार्य রওনা হইবে। ঘটনা প্রত্যক্ষ করিবার জ্বল্থ আমাকে আমন্ত্রণ করা হইল, वाभि मानत्म मुचि मिनाम। कारेटी मिन्नीय विक निकटी, रेराट আমার মাত্র একদিন সময় নষ্ট হইবে। তুইজন কংগ্রেস সূহকর্মী এ, টি গিদবাণী ও মাদ্রাক্সের কে, শাস্তানম আমার দক্ষে চলিলেন। জাঠা অধিকাংশ পথ হাটিয়া চলিল। আমরা পূর্ব হইতে ঠিক করিলাম, নাভার সীমান্তে নিকটবন্ত্রী এক রেলষ্টেশনে আমরা জাঠার সহিত মিলিত হইব। সময়মত নি**দিট্টানে** আসিয়। আমরা একথানি গরুর গাড়ীতে জাঠ। হইতে স্বত্ত্ব থাকিয়া পশ্চাতে চলিতে লাগিলাম। জাইটোতে পুলিশ জাঠার গতিরোধ করিল এবং নাভা শাসকের দন্তথতি একথানা পরোয়ানা তংক্ষণাং আমার উপর জারী হইল যে, আমি যেন নাভায় প্রবেশ না করি এবং করিলেও তৎক্ষণাৎ চলিয়া যাই। অমুরূপ পরোয়ানা গিদবাণী ও শাস্তানমের উপরও काती कता रहेंग, তবে नां कर्ज नक ठाँशामत नाम कानिएन ना বলিয়া পরোয়ানায় নাম ছিল না। আমুরা পুলিশ কর্মচারীকে বলিলাম যে, আমরা জাঠার অন্<u>তর্ত নহি, আমরা দর্শক</u> হিসাবে আসিয়াছি, নাভারাজ্যের নিয়মভঙ্গ করিবার কোন অভিপ্রায় আমাদের নাই। বিশেষতঃ নাভারাজ্যে যথন আমরা আসিয়া পড়িয়াছি তথন প্রবেশ না করিবার আদেশের কোন অর্থ হয় না। মামুষ আকাশে ষাইতে পারে না। আমরা পুলিশ কর্মচারীকে বলিলাম, <u>পরবর্ত্তী</u> एएत्नत करमक घण्डा विनम्न चारह। এই সময়ঢ়ক चामामिशक জাইটোতেই থাকিতে হুইবে। আমাদিগকে ভৎকণাৎ গ্রেফ তার করিয়া হাজতে বন্দী করা হইল। তারপর পুলিশ জাঠার উপর তাহাদের নিম্নমিত কর্মবা সাধন করিল।

সমস্ত দিন হাজতে রাখিয়া, সন্ধাবেলায় আমাদের রেলটেশনে ক্ইয়া

#### অওহরলাল নেহর

মাওয়া হইল। আমাকে ও শাস্তানমকে এক হাতকড়িতে বাঁধিয়া ( আমার দক্ষিণ এবং তাহার রামহন্ত ) হাতকড়ির সহিত বাঁধা শিকল হন্তে একজন কনেইবল আগাইয়া চলিল; অহুরূপ বেশে গিদবানী আমাদের পিছন পিছন আসিতে লাগিল। জাইটোর পথ দিয়া এইভাবে চলিবার সময় আমার মনে পড়িতে লাগিল, অনিচ্ছুক কুকুরকে জাের করিয়া শিকলে বাঁধিয়া টানিয়া লওয়া হইতেছে। প্রথমে আমর! অত্যন্ত বিরক্তিবাধ করিলাম, পরক্ষণেই সমন্ত ব্যাপারটির কৌতৃক বােধ করিয়া আনেকটা লঘু বােধ করিলাম। এ অভিজ্ঞতা উপভােগা। রাঝিটা আত্যন্ত কষ্টে কাটিল। প্রথমতঃ ধীরগতি টেনের তৃতীয় শ্রেণীর জনবছল কামরা, তারপর মধ্যরাত্রিতে একবার গাড়ীবদল এবং অবশেষে নাভার হাজত। পরদিন দ্বিপ্রহরে, অর্থাং আমাদিগকে নাভা জেলে হাজির করার পূর্ব পর্যান্ত হাতকড়িও শিকল বরাবর ছিল। এই অবস্থায় অভ্যন্ত একরার সহযোগিতা ব্যতীত নড়াচড়া কঠিন। অন্য একজনের সহিত এক রাত্রি এবং পর দিনের -অর্ধেক সময় একত্রে হাতকড়ি বন্ধ হইয়া থাকিবার যে অভিজ্ঞতা, তাহার পুনরভিনয় দেখিতে আমার ফচি নাই।

নাভা জেলে আমাদিগকে অপরিকার এবং আস্বাস্থাকর 'সেলে' আটক করা হইল। অত্যন্ত অপরিকার ও দাাংসেতে ছোট ঘর, হাত দিয়া ছাদ স্পর্ক করা ধায়, এত নাচু। রাত্রে মেঝেতে আমাদের গুইতে হইত এবং অনেক সময় আতক্ষে চমকিয়া উঠিয়া ব্ঝিতে পারিতাম এইমাত্র একটা ইন্দুর আমার ম্থের উপর দিয়া দৌড়াইয়া গেল।

ত্ই-তিন দিন পর আমাদিগকে বিচারের জন্য আদালতে হাজির করা হইল এবং দিনের পর দিন বিচারের নামে এক কৌতুককর প্রহসনের অভিনব অভিনয় চলিতে লাগিল। মাজিইটে অথবা জ্বজ্ব নামক ব্যক্তিটি সম্পূর্ণ নিরক্ষর বলিয়াই মনে হইল। তিনি ইংরাজী জানেন না ইহা নিঃসন্দেহ, এমন কি, আদালতের ভাষা উর্ভ তিনি লিখিতে পারেন কি-না সন্দেহ। এক সপ্তাহের অধিককাল আমরা তাহাকে দেখিয়াছি, এই সময়ের মধ্যে তিনি একছত্রও উর্দ্ধু লেখেন নাই। কিছু লিখিবার আবশ্যক হইলে তিনি আদালতের কেরানীকে হুমুম করিতেন। আমরা কতকগুলি ছোট খাট দরখান্ত করিয়াছিলাম। তিনি দরখান্ত পড়িয়া তথনই কোন নির্দেশ দিতেন না; এগুলি বাখিয়া দিয়া পরদিন অপরের লেখা মন্তব্য সহ কেরং দিতেন। আমরা নিয়মিতভাবে আত্মপক্ষ সমর্থন করি নাই। অসহযোগ আন্দোলনের সময় হইতে আদালতে আত্মপক্ষ সমর্থন না করাই আমাদের অভ্যাস হইয়া গিয়াছিল, এমন কি ষেখানে আত্মপক্ষ

# নাভার কোতুক

সমর্থন করা দোষের নহে, সেধানেও উহার চিন্তা পর্যন্ত আমার নিকট কুংসিত কাজ বলিয়া মনে হইত। আমি আদালতে এক দীর্ঘ বিবৃতি দিয়াছিলাম। উহাতে সমস্ত ঘটনার আমুপূর্ব্বিক বিবরণ এবং নাভার ব্যাপার, বিশেষ ভাবে ব্রিটিশ শাসকের আমলের ব্যাপার মুপুর্কে আমার মতামতও প্রকাশ করিয়াছিলাম।

चामारमत এই चिं नाधात्र । अ नरुक मामला । मिरनत भन्न मिन চলিতে লাগিল। সহসা আর এ<u>ক নুতন ব্যাপার ঘটল।</u> একদিন অপরাহে আদালত বন্ধ হওয়ার পর আমাদিগকে সেইখানেই রাখা हरेन। मुका १ होत भत आभारमत आत **এक्**हा धरत नश्वा हरेन। দেখানে টেবিলের <u>সম্মুথে এক্জন</u> বদিয়াছিলেন; আরও কয়ে**কজন** লোকও ছিল। জাইটোতে বিনি <u>আমাদিগকে গ্রেফ তার্ন্ন</u> করিয়াছিলেন, আমাদের সেই পুরতিন বন্ধু পুলিশ কর্মচারীটিও এগানে উপস্থিত ছিল। সে দাড়াইয়া উঠিয়া এক বিবৃতি দিতে লাগিল। আমরা কোথায় আছি এবং কি হইতেছে জিজ্ঞাদা করায় জবাব পাইলাম যে, हेश आमान्छ এवः राष्ट्रश्च कतिवात <u>अभूतात् आमात्मत विठात क्</u>टेंप्टिह। এতদিন আদেশ ভক্ক করিয়া নাভায় প্রবেশের অপরাধে আমাদের বিচার চলিতেছিল; কিন্তু এই অভিযোগ তাহা হইতে সম্পূর্ণ পৃথক। পরিষ্ণার বোঝা গেল, পূর্বের অপরাধে বড় জাের ছয় মাস কারাদণ্ড হইতে পারে;
কিন্তু তাহাতে আমাদের সম্চিত শিক্ষা হইবে না বিবেচনা করিয়াই আরও গুরুতর অভিযোগ উপস্থিত করিবার প্রয়োজন হইল। ষড়যুদ্ধ প্রমাণ করিবার মত সাক্ষ্য প্রমাণ ছিল না, এই জন্ত এক চতুর্থ ব্যক্তিকে গ্রেক্তার করিয়া আনিয়া আমাদের সহিত জুড়িয়া দেওয়া হইল। এই লোকটির সহিত আমাদের কোন সম্বন্ধ ছিল না। এই বেচারা শিথের সহিত আমাদের কোন আলাপ পরিচয় ছিল না। জাইটো যাইবার পথে তাহার সহিত মাত্র একবার দেখা হইয়াছিল। ষড়যন্ত্রের মামলা চালাইবার এই প্রকার উত্তোপ আয়োজন দেখিয়া একজন ব্যবহারজীবী হিসাবে আমি অবাক হইলাম। মামলাটি একেবারেই মিথাা এবং বাহ্ ভদ্রতার থাতিরেও কতকগুলি সাধারণ আদ্বকায়দা দেখান উচিত ছিল। আমি বিচারককে বলিলাম যে, এ বিষয়ে আমর। পূর্ব হইতে কোন নোটশ পাই নাই এবং আমরা যে আত্মপক नमर्थत्नत । वावका कतिएक भाति तम विषय विरवहना कता वस नाहे। এই युक्ति তিনি গ্রাহ্ম করিলেন—ভাবে এরকম বোঝা গেল না। ইহাই নাভার নিয়ম। आयारित यि छिकित्नत नतकात हम छाटा हहेत नाखातह अक्खनतक

#### ज ও इत्रमान (सर्त

মনোনীত করিতে হইবে। বাহির হইতে উকিল নিযুক্ত করিতে পারি কি-না একথার উত্তরে আমাকে বলা হইল যে, নাভায় এরূপ অভ্যমতি দিবার নিয়ম নাই। নাভার বিচার-পদ্ধতি সম্বন্ধে আরও অনেক, কিছুই বুঝিতে পারিলাম। আবিশেষে বিরক্ত হইয়া আমরা বিচারককে বলিলাম যে, তিনি যাহা খুশী করুন, আমরা এ বিচারে কোন অংশ গ্রহণ করিব না। কিন্তু শেষ পর্যান্ত আমার এই সম্বন্ধ টিকিল না। আমাদের সম্পর্কে অসম্ভব মিথা কথাগুলি শুনিয়া চুপ করিয়া থাকা কঠিন। আমরা মাঝে মাঝে সাম্পাদের সম্বন্ধে সংক্ষিপ্ত অথচ তীত্র মন্তব্য প্রকাশ করিতে লাগিলাম। ঘটনার বিবরণ লিখিত ভাবেও আমরা আদালতে পেশ করিলাম। এই ষড়যন্ত্র মামলার বিচারকটি প্রথম বিচারক অপেক্ষা অনেকাংশে শিক্ষিত ও বুদ্ধিমান।

তুইটি <u>মামলাই একত্র চলিতে</u> লাগিল। ফলে আমরা প্রতাহ কিছুকালের জন্ম জেলের নোংরা সেল হইতে মৃক্তি পাইতাম। ইতিমধ্যে নাভার ইংরাজ শাসকের পক্ষ হইতে জেল অপারিনটেন্ডেন্ট একদিন আসিয়া বলিলেন, যদি আমরা তুঃথ প্রকাশ করি এবং নাভা হইতে চলিয়া যাই তাহা হইলে আমাদের বিকদ্ধে মামলা প্রত্যাহার করা হইবে। আমরা উত্তর দিলাম, তুঃথ প্রকাশ করিবার মত আমরা কিছুই করি নাই, শাসকেরই আমাদের নিকট তুঃথ প্রকাশ করা উচিত। আমরা কোন প্রকার প্রতিশ্রতি-পত্র লিখিতেও প্রস্তুত নই।

প্রায় ১৫ দিন পর তুইটি মামলা শেষ হইল। আমরা আত্মপক্ষসমর্থন করি নাই, তব্ও এক-তরফা মামলাতে এত সময় লাগিল, কেন-না মামলা চলিবার কালে কোন প্রশ্ন উঠিলেই মামলা স্থপিত রাখা হইত এবং অস্তরালে অবস্থিত কোন কর্ত্বপক্ষ—নম্ভবতঃ ইংরাজ শাসকটির সহিত পরামর্শের পর আবার মামলা স্কুক্ন হইত। এইরূপে অনেক সময় নষ্ট হইয়াছে। সর্ব্বশেষ দিন অভিয়োক্তা পক্ষের সওয়াল জবাব শেষ হইবার পর আমরা লিখিত বিবৃতি আদালতে লাখিল করিলাম। প্রথম আদালতের কার্য্য স্থপিত হইল, কিন্তু আমরা মাক্ষ্য হইয়া দেখিলাম, অল্পকণ পরেই বিচারক উদ্ভিত লেখা এক প্রকান্ত রায়সহ আদালতে হাজির হইলেন। অল্প সময়ের মধ্যে এতবড় একটা রায় লেখা যে স্ভবপর নহে তাহা স্পাইই বোঝা গেল। আমরা বিবৃতি দাখিল করিবার পূর্বেই ইহা প্রস্তুত করিয়া রাখা হইয়াছিল। আমাদের নিকট রায় পাঠ করা হইল না। কেবল শুনাইয়া দেওয়া হইল যে, নাভার সীমানা ত্যাগের আদেশ অমান্ত করার সর্বেলিচ্চ শান্তিরূপে আমাদিগকে ছয় মাস করিয়া কারামণ্ড দেওয়া হইয়াছে।

# নাভার কৌভুক

ঐদিনই বড়বজের মামলায় আমাদের আঠার মাস কি ছই বৎসর করিয়া শান্তি হইয়াছিল আমার ঠিক মনে নাই। ইহার সহিত ঐ ছয়মাস কারাদণ্ড যোগ হইবে। অর্থাৎ আমাদের সর্বমোট দ্ই বংসর কি আড়াই বংসর কারাদণ্ড ভোগ করিতে হইবে।

পুত্র বিচারের সময় আমরা বে সব আশ্রেষ্য ও উল্লেখবোগ্য ঘটনা পর্যবেকণ করিলাম, তাহাতে দেশীয় রাজ্যের শাসনপ্রণাশী অথবা ভারতীয় দেশীয় রাজ্যে ব্রিটিশ শাসনপ্রণালী সম্বন্ধে অনেক অভিজ্ঞতা হইল। সমস্ত विচারপ্রণালী এক প্রহসন মাত্র। এই কারণেই বোধ হয় সংবাদপত্তের লোক ও বাহিরের লোককে আদালতে <u>প্রবেশ</u> করিতে দেওয়া হয় না। পুলিশ যাহা খুশী করে, জজ-মাজিটেটদের তারা গণনার মধ্যেই আনে না এবং কার্য্যতঃ তাঁহাদের নির্দেশ অমান্ত করে। ) বেচারী ম্যাজিষ্ট্রেট্ নিরাহভাবে ইহা দহ করেন কিন্তু আমাদিগকেও তাহা দহ করিতে হইবে কেন বুঝিতে পারিলাম না। অনেক বার আমি দাঞ্চাইয়া পুলিশের ভদ্র ব্যবহার এবং ম্যাজিট্রেটকে মান্ত করিবার দাবী উপস্থিত করিয়াছি। কখনও কখনও পুলিশ অত্যন্ত অভ্যতাবে মার্ক্সিষ্টেটের হাত হইতে কাগন্ধ কাড়িয়া লইত। ম্যান্ধিষ্টেট তাহার প্রতিকারে স্কর্মী এমন কি, আদালতের শৃঙ্খলা পর্যান্ত রক্ষা করিতে পারিতেন না, তথন তাঁহার কাজ আমরা করিয়া দিতাম। মন্দভাগ্য ম্যাজিট্রেটের অবস্থা শোচনীয় হইয়া উঠিত, তিনি পুলিশের ভয়ে সর্বনাই ভীত এবং আমাদিগকেও ভয় করিতেন, কেন না আমাদের গ্রেফ্তারের ফলে সংবাদ-পত্তে আন্দোলন চলিতেছিল। আমাদের মত সাধারণে পরিচিত রান্তনীতিকদেরই যথন এই অবস্থা তথ্য স্বল্প পরিচিত ব্যক্তিদের ভাগ্যে কি ঘটে তাহা ভাবিয়া আশ্রুষ্য হইতে হয়।

পিতার দেশীয় রাজ্য সম্পর্কে বিশেষ অভিজ্ঞতা ছিল। সেই কারণে নাভায় আমার অপ্রতাাশিত গ্রেফ্তারে তিনি বিশেষভাবে বিচলিত হইলেন। কেবল গ্রেফ্তারের সংবাদ ছাড়া আর বিশেষ কিছুই তিনি জানিতে পারেন নাই। মানসিক উৎকণ্ঠায় তিনি আমার সংবাদ জানিবার জন্ম বড়লাটের নিকট তার করিলেন। নাভায় গিয়া আমার সহিত সাক্ষাং করিবার পথে অনেক বিদ্ব উপস্থিত করা হইল। যাহাইউক, অবশেষে তিনি জেলে গিয়া আমার সহিত সাক্ষাং করিলেন। কিছু আমি যথন আত্মপক সমর্থন করিতেছি না তথন তাঁহার সাহায্যের বিশেষ কোন আবশ্রক নাই, আমি তাঁহাকে আমার জন্ম চিন্তা না করিতে এবং এলাহাবাদে ফিরিয়া যাইতে অমুরোধ করিলাম। তিনি

#### অওহরলাল নেহর

क्तिया रभरतन, किन्छ आमारमत यूवक छेकिन-वसू क्षिनरमव मानवारक নাভার মামলা পর্যবেক্ষণের জন্ম রাথিয়া গেলেন। নাভা আদালতের षा गिर्मिश षा । प्राप्त किला किला । प्राप्त विकास विका সম্বন্ধে জ্ঞান অনেক বাড়িয়া গিয়াছিল সন্দেহ নাই। একবার পুলিশ তাঁহার হাত হইতে কাগজপত্র কাড়িয়া লইতে চেষ্টা করিয়াছিল। অধিকাংশ দেশীয় রাজ্যই <u>অহনত ও মধ্য</u>যুগীয় সামস্ততন্ত্রের যুগে রহিয়াছে। ব্যক্তিগত স্বৈরাচারী প্রভূত্ব এখানে অবাধ কিন্তু তাহার মধ্যেও যোগ্যতা কিষা উদার দহার অভাব। সে সকল স্থানে এমন সব আশ্চর্যা ঘটনা ঘটে যাহা কখনও প্রকাশিত হয় না। তাহাদের অযোগ্যতার দরুণই মন্দভাগ্য প্রজারা একটু আসান পায় এবং নানাভাবে অত্যায়ও কম হইয়া থাকে। কারণ শাসকমপ্রলীর মধ্যেও সেই অযোগ্যতাই প্রতিফলিত। তাহার ফলে অত্যাচার ও অবিচার নিখুত হইয়া উঠিতে পারে না। অবশ্র ইহাতে অত্যাচার যে অল্প হয় তাহা নহে, উহা দূরপ্রসারী ও ব্যাপক হইয়া উঠিতে পারে না। কোন দেশীয় রাজ্য যথন প্রত্যক্ষ বিটিশ শাসনাধীনে আসে তথন এই ভারকেন্দ্র পরিবর্ত্তিত হইয়া এক অভিনব্ অবস্থার স্বষ্ট হয়। সেই অর্দ্ধ সামস্ততান্ত্রিক ব্যবস্থা ঠিক থাকে, স্বৈরাচারও পাকে অব্যাহত, পুরাতন নিয়মকামুন মতই কার্যা চলিতে থাকে, ব্যক্তিস্বাধীনতা, সভা সমিতি, মতপ্রকাশ (ইহা একপ্রকার সর্ব্বগ্রাসী) প্রভৃতির উপর বিধিনিষেধ সমানভাবেই চলে কিন্তু এমন একটি পরিবর্ত্তন হয় যাহ। মূলদেশকে নৃতন আকার দেয়। শাসকগণ অধিকতর শক্তিশালী হইয়া উঠে, শাসন ব্যাপারে কর্মকুশলতার পত্তন হয়, তাহার ফলে সামস্ততান্ত্রিক ও বৈর-শাসনের বন্ধন আরও চাপিয়া বসে। কালক্রমে ব্রিটিশ শাসনের ফলে অবশ্য কতকগুলি প্রাচীন প্রথা ও উপায়ের পরিবর্ত্তন হইবে. কারণ ঐগুলি কুশলতার সহিত শাসনকার্য্য নির্ব্বাহের এবং ব্যবসা-বাণিজ্য বিস্তারের অন্তরায়স্বরূপ। কিন্তু গোড়াতে তাঁহার। অবস্থার স্বযোগ পূর্ণমাত্রায় গ্রহণ করিয়া জনসাধারণের উপর কর্তৃত্বকে দৃঢ় করিয়া তোলেন এবং জনসাধারণ তথন কেবল যে সামস্ততত্ত এবং স্বৈরাচার সহ্য করে তাহা নহে, :শক্তিশালী শাসকগণ ঐ ব্যবস্থাকে অতি নৈপুণ্যের সহিত দৃঢ় হল্ডে প্রয়োগ করিয়া থাকেন।

নাভার আমি ইহার কিছু দেখিয়াছি। এই রাজ্যের ব্রিটিশ শাসক একজন সিভিলিয়ান। ভারত গভর্নমেন্টের অধীনে ইনি এ<u>কজন স্থৈ</u>রাচারী শাসকের সম্পূর্ণ ক্ষমতায় প্রতিষ্ঠিত, তথাপি প্রত্যেক ব্যাপারে আমাদিগকে নাভার আইন ও পদ্ধতির কথা শুনাইয়া অতি সাধারণ অধিকারও দেওয়া হইত

# নাভার কৌতুক

না। আমরা প্রাচীন সামস্ততন্ত্র এবং আধুনিক আমলাভাত্ত্রিক যত্ত্রের সমবেত মৃর্তির সন্মুখে উপস্থিত হুইয়াচি ।ম। ইহাভে উভয় দিকের অস্কবিধাগুলি পূর্থমাত্রায় ছিল কিন্তু কোন দিকেরই স্কবিধাগু, দু ছিল না।

এই ভাবে বিচার শেষ হইয়া <u>জামাদের কারাদণ্ড হইয়া সেঁ</u>ল। বিচারক কি রায় দিলেন তাহা জামরা জানিতে পারিলাম না বটে, কিন্তু দীর্ঘ কারাদণ্ডের বাস্তব সভ্যের সম্মুখে ঠাণ্ডা হইয়া গেলাম। জামরা রায়ের নকল চাহিলাম, আমাদিগকে সেজগু দর্থান্ড করিতে বলা হইল।

সেদিন সন্ধ্যাবেলায় জেল স্থপারিন্টেনডেন্ট আমাদিগকে ডাকিয়া লইয়া বিটিশ শাসকের একথানি আদেশপত্র দেখাইলেন। ফৌজদারী কার্য্যবিধি অন্থপারে আমাদের দণ্ড স্থপিত রাথা হইয়াছে। ইহার মধ্যে কোন সর্জ্ব না থাকায় আমাদের পক্ষে আইনতঃ কারাদণ্ডের এইপানেই শেষ হইল। স্থারিনটেন্ডেন্ট ব্রিটিশ শাসকপ্রদত্ত অন্ত একথানি হকুমনামা বাহির করিলেন, তাহাতে আমাদিগকে নাভা ত্যাগ করিতে বলা হইয়াছে এবং বিশ্বাম অন্থমতি ব্যতীত প্রবেশ করিতে নিষেধ করা হইয়াছে। আমি আদেশ হইথানির নকল চাহিলাম, কিন্তু তাহা অগ্রাহ্ম হইল। আমি আদেশ হইথানির নকল চাহিলাম, কিন্তু তাহা অগ্রাহ্ম হইল। তারপর আমাদিগকে রেলষ্টেশনে লইয়া গিয়া ছাড়িয়া দেওয়া হইল। নাভায় আমাদের পরিচিত একটি প্রাণীও ছিল না। সহরের সদর দরজাও সে রাত্রির মত বন্ধ হইয়া গিয়াছিল। সংবাদ লইয়া জানিলাম তথনই একথানি টেন আম্বালা অভিম্থে যাইবে। আমরা উহাতে উঠিয়া বসিলাম। আম্বালা হইতে আমি দিল্লী হইয়া এলাহাবাদে ফিরিয়া আসিলাম।

এলাহাবাদ হইতে নাভার শানকের নিকট, তাঁহার ছুই বণ্ড আদেশপত্রের এবং ছুইটি রায়ের নকল চাহিয়া পত্র লিবিলাম। পত্রের উত্তরে তিনি উহার নকল দিতে অস্বীকার করিলেন। আমি পুনরায় লিবিলাম, যদি আমি আপীল করি তাহা হইলে উহার প্রয়োজন আছে, তথাপি তিনি রাজী হইলেন না। পুন: পুন: চেটা করিয়াও, যাহাতে আমি ও আমার সঙ্গীরা আড়াই বংসরের কারাদণ্ডে দণ্ডিত হইয়াছিলাম, সেই রায়গুলি পড়িবার হ্রেগেগ পাই।নাই। কি জানি হয়ত এই কারাদণ্ড এথনও আমার জন্য ঝুলিতেছে এবং নাভা কর্ত্বপক্ষ অথবা ব্রিটিশ গভর্ণমেন্ট ইচ্ছা করিলেই সম্ভবত: ইহা প্রয়োগ করিতে পারেন।

এই ভাবে আমরা তিন জন ত "স্থগিত" অজুহাতে মৃক্তি পাইলাম কিছ তথাকথিত ষড়যন্ত্রের চতুর্থ ব্যক্তি, যাহাকে আমাদের সহিত ছিতীয় অভিযোগে জুড়িয়া দেওয়া হইয়াছিল, সেই শিখটির ভাগ্যে কি হইল

#### জওহরলাল নেহরু

তাহা অনেক চেষ্টা করিয়াও জানিতে পারি নাই। খ্ব সম্ভব তাহাকে ছাড়া হয় নাই। তাহার কোন প্রভাবশালী বন্ধু ছিল না এবং তাহার অমুক্লে কোন আন্দোলনও হয় নাই; কাজেই অক্যান্য অনেকের মতই সে দেশীয় রাজ্যের কারাগারে বিশ্বতির অন্ধকারেই ডুবিয়া আছে। কিন্তু আমরা তাহাকে ভুলি নাই। সামান্য যাহা কিছু সম্ভব তাহা আমরা করিয়াছিলায়। আমার বিশ্বাস, গুরুষার কমিটিও চেষ্টা করিয়াছিলেন। পরে অমুসন্ধানে জানিলাম যে, সে "কোমাগাটামান্দর" দলের একজন এবং দীর্ঘ কারাদণ্ড ভোগ করিয়া অল্পদিন পূর্কে মৃক্তি পাইয়াছিল। এই শ্রেণীর লোককে পুলিশ বাহিরে রাথিতে চাহে না, সেই জন্মই তাহার বিরুদ্ধে অভিযোগ রচনা করিয়া তাহাকে জড়াইয়া কেলা হইয়াছিল।

গিদবানী, শাস্তানম্ এবং আমি তিনজনেই নাভা জেল হইতে টাইফ্যেড্ রোগের বীজাণু সংগ্রহ করিয়া আনিয়াছিলাম এবং তিন জনেই ঐ রোগে আক্রান্ত হইলাম। আমার পীড়া সাংঘাতিক হইল এবং কিছুদির অত্যন্ত সঙ্কটের মধ্যে কাটিল। তবে তিন জনের মধ্যে আমিই অল্লে অব্যাহতি পাইলাম। আমাকে তিন কি চার সপ্তাহ শ্যাশায়ী থাকিতে হইয়াছিল। অপর তুইজন দীর্ঘকাল শ্যাশায়ী ছিলেন।

নাভার ব্যাপারের জের এইখানেই শেষ হইল না। ছয় মাদ কি তাহারও পরে গিদবাণী অমৃতসরে কংগ্রেসের প্রতিনিধিরপে শিগগুরুদ্বার কমিটির সহিত একযোগে কার্য্য করিতেছিলেন। কমিটি পাঁচ শত ব্যক্তি লইয়া গঠিত এক বিশেষ জাঠা জাইটোতে পাঠাইলেন। গিদবাণী দর্শকরপে এই জাঠার সহিত নাভার সীমান্ত পর্যান্ত যাইবার সংকল্প করিলেন। নাভার সীমান্তে পুলিশ জাঠার উপর গুলি চালাইল, বছলোক হতাহত হইল। গিদবাণী আহতদের স্বোকার্য্যে অগ্রসর হইলে পুলিশ তাহাকে ছোঁ মারিয়া ধরিয়া লইয়া গেল। তাহার বিরুদ্ধে কোন মামলা করা হইল না, তাহাকে কেবল জেলে আটকাইয়া রাখা হইল। প্রাচ্ন এক বংসর কাল জেলে থাকিবার পর সংগৃর্ণয়পে ভল্পসাছা গিদবাণীকে ছাড়িয়া দেওয়া হইল।

গিদবাণীর গ্রেফ তার ও কারাদণ্ড শাসনক্ষমতার দানবীয় অপব্যবহার বিলিয়া আমার মনে হইল। আমি শাসক (সেই ইংরাজ সিভিলিয়ান) মহাশয়ের নিকট পত্র লিথিয়া গিদবাণীর প্রতি এরপ ব্যবহারের কারণ জানিতে চাহিলাম। তিনি উত্তর দিলেন যে, বিনাত্মতিতে নাভারাজ্যে প্রবেশ করিয়া তিনি আদেশ ভঙ্গ করায় কারাক্ষম হইয়াছেন, আমি

## कारकामम ७ स्थानामा मक्त्रम जानी

পুনরায় পত্র লিখিয়া ইহার বৈধতা সম্পর্কে প্রশ্ন তুলিলাম। বে ব্যক্তি আহতদের সেবায় রত ছিল তাহাকে গ্রেফ্ তার করা যে সন্ধীতি-বিরোধী তাহাও উল্লেখ করিলাম এবং অন্থরোধ করিলাম তাঁহার আদেশ, হয় প্রকাশ করুন না হয়, আমার নিকট একখণ্ড পাঠাইয়া দিন। তিনি অস্বীকৃত হইলেন। গিদবাণীর প্রতি যে ব্যবহার করা হইয়াছে আমার প্রতিও শাসক সেইরূপ ব্যবহার করুক, এই ইচ্ছা লইয়া আমিও নাভা যাইবার জন্ম প্রস্তুত হইলাম। সহকর্মীর প্রতি অন্থরাগ ও বিশ্বাসের দিক দিয়া ইহা আমাদের কর্তব্য। কিন্তু অনেক বন্ধু আমার সম্পে ভিন্ন মত অবলম্বন করিলেন ও আমাকে নির্তুত্ব করিলেন। আমি বন্ধুদের পরামর্শের অন্তরালে আশ্রয় লইলাম এবং নিজের হর্বলভার উপর এক ক্রে আবরণ নিক্ষেপ করিলাম। যাহাই হউক, আসলে নাভা জেলে পুনরায় ফিরিমা যাইতে আমার অনিচ্ছা ও হর্বলভাই আমাকে যাইতে দিল না। একজন সহকর্মীকে বিপদের সময় পরিত্যাগ করিবার লজ্জা আমি সর্ব্রদাই বোধ করিয়াছি। সাধারণতঃ সাহস অপেক্ষা অগ্রপশ্চাৎ বিবেচনাবই আমবা অধিকত্র পক্ষপাতী।

59

# কোকোনদ ও মৌলানা মহম্মদ আলী

্১৯২৩-এর ডিসেম্বর মাসে দক্ষিণ ভারতের কোকোনদ সহরে কংগ্রেসের বার্ষিক অধিবেশন হইল। মৌলানা মহম্মদ আলী ছিলেন সভাপতি। তাঁহার ষেমন অভ্যাস, তেমনই এক স্থণীর্ঘ অভিভাষণ পাঠ করিলেন। তবে এই অভিভাষণ বেশ তথাপূর্ণ হইয়াছিল। তিনি মৃসলমানদের মধ্যে সাম্প্রদায়িক ও রাজনৈতিক ভাবের প্রথম উয়েয়-কাল হইতে আলোচনা করিয়া আগা থার নেতৃত্বে ১৯০৮-এ বড়লাটের নিকট স্বরণীয় মৃসলিম ডেপুটেশান প্রেরণের কথা তুলিলেন। এই ডেপুটেশান যে গভর্ণমেন্টের স্বৃষ্টি এবং ইহার স্বয়োগ লইয়াই তাঁহারা সরকারী ভাবে এই প্রথম সাম্প্রদায়িক পৃথক নির্বাচন প্রথা এবং সাম্প্রদায়িক বিশেষ পক্ষপাতের কথা ঘোষণা করেন।

মহম্মদ আলী আমার ইচ্ছার বিরুদ্ধেই তাঁহার <u>সভাপতিবের আমলে</u> আমাকে কংগ্রেসের সম্পাদকের পদ গ্রহণ করিতে <u>বাধ্য</u> করিছেন। কংগ্রেসের

#### ७७ इत्रमान (नर्ज

ভবিশ্বং কার্যপ্রণালী সম্পর্কে আমার সংশয় থাকায় আমার আফিস সংক্রান্ত কার্য্যের দায়িত্ব গ্রহণ করিতে বিন্দুমাত্র আগ্রহ ছিল না। কিন্তু মহমদ আলীকে ঠেকান কঠিন। আমরা উভয়েই ব্রিতে পারিলাম যে, অষ্ঠ কেহ সম্পাদক হইলে নৃতন সভাপতির সহিত আমার মত তাল রাখিয়া চলিতে পারিবে না। মান্তুয সম্বন্ধ তাঁহার ভালমন্দ ধারণা তুই দিকেই চরম। সৌভাগ্যক্রমে আমাকে তিনি পছন্দ করিতেন। আমাদের মধ্যে প্রীতি ও শ্রন্ধার বন্ধন ছিল। তিনি গভীরভাবে এবং আমার মতে অত্যন্ত অযৌক্তিকভাবে ধর্মপ্রবণ ছিলেন, কিন্তু আমি ছিলাম তাহার বিপরীত। তথাপি তাঁহার অক্রত্রিম আগ্রহ, তাঁহার অপর্যাপ্ত কর্মানজ্জি এবং ক্ষুরধার বৃদ্ধির জন্ম তাঁহার প্রতি আমি আরুই হইয়াছিলাম। তিনি পরিহাসরসিক ছিলেন, কিন্তু সময় সময় তাঁর ব্যঙ্গ ছারা তিনি অপরকে আহত করিতেন। এই স্বভাবের জন্ম তিনি অনেক বন্ধকেই হারাইয়াছিলেন। কাহারও সম্বন্ধে যদি কোন চটুল মন্তব্য তাঁহার মনে জাগিত তাহা হইলে তিনি তাহা গোপন রাখিতে পারিতেন না, অগ্রপশ্চাৎ বিবেচনা না করিয়া প্রকাশ করিয়া ফেলিতেন।

আমাদের মধ্যে ছোটথাট মতভেদ সত্ত্বেও তাঁহার সভাপতিত্বের আমলে আমরা তৃজনে ভালভাবে কাজ চালাইতে লাগিলাম। নিথিল ভারত রাষ্ট্রীয় সমিতির কার্যালয়ে আমি এই নিয়ম প্রবর্ত্তন করিয়াছিলাম ধে, কোন সদস্থের নাম লিথিবার কালে তাহার পূর্ব্বে বা পরে কোন সম্থমস্কচক উপাধি যোগ করা হইবে না। ভারতবর্ষে এই শ্রেণীর উপাধির অসদ্ভাব নাই—মহাত্মা, মৌলানা, পণ্ডিত, শেথ, সৈয়দ, মূলী, মৌলবী; ইহার উপর শ্রী, শ্রীযুক্ত, মিঃ ও এক্ষোয়ার তো আছেনই। এই সকল অজ্য্র উপাধি অনাবভাকরপে ব্যবহার করার বিরুদ্ধে আমি একটা সং দৃষ্টান্ত স্থাপন করিবার সকলে করিলাম। কিন্তু তাংল সন্তবপর হইল না। মহম্মদ আলী এক জ্বরী তার করিয়া "সভাপতি রূপে" আমাকে নির্দ্ধেশ দিলেন যে, প্রাচীন ব্যবহাই বজায় রাথিতে হইবে, বিশেষভাবে গান্ধিজীর নিকটে পত্র লিথিতে হইলে 'মহাত্মা' শব্দ ব্যবহার করিতেই হইবে।

আমাদের মধ্যে আর একটি বিষয় লইয়া প্রায়ই তর্ক বাধিত—দে হইল, 'সর্বশক্তিমান ঈশ্বর'। আমাদের কংগ্রেণের প্রস্তাবের মধ্যে কৃতজ্ঞতা প্রকাশ অথবা প্রার্থনার ভাবে ঈশ্বরের নাম উল্লেখ করিবার প্রতি মহম্মদ আলীর অত্যন্ত বেশী ঝোঁক ছিল। আমি প্রতিবাদ করিলে তিনি আমার অধার্মিকতার জন্য ধমক দিতেন। তথাপি আশ্চর্য্যের বিষয় এই যে, পরবর্তীকালে তিনি আমাকে বলিতেন যে, আমার বাহু ব্যবহার ও

## कारकामम ७ दर्शनामा महत्त्रम आनी

আৰীকৃতি সত্ত্বেও আসলে আমি যে একজন পরম ধামিক সে সম্বন্ধে তাঁহার মনে লেশমাত্র সন্দেহ নাই। তাঁহার এই ধারণার মধ্যে কতটুকৃ সতা আছে তাহা আমি সময় সময় বিশ্বিত হইয়া তাবিয়াছি। সম্ভবতঃ ধর্ম ও ধর্মভাব সম্বন্ধে ব্যক্তিগত অহুভৃতির উপর এইরূপ ধারণা নির্ভর করে।

আমি তাঁহার সহিত ধর্ম লইয়া আলোচনা এড়াইয়া চলিতাম, কেন না, আমি জানিতাম যে, ইহার ফলে উভয়েই বিরক্ত হইব এবং হয়ত বা আমি তাঁহার মনে বেদনা দিব। কোন মতবাদে দুঢ়বিশাদী ব্যক্তির সহিত এই বিষয় লইয়া আলোচনা করা সর্বনাই কঠিন; সম্ভবতঃ অধিকাংশ মুদলমানের দহিত তর্ক করা আরও কঠিন। কেনুনা, এ ক্লেত্রে চিন্তার चारीनजा जांदामिश्राक रम्ख्या द्य ना। जांकारम्य मज्यारम्य मिक मिया তাঁহাদের পথ সরল ও বাঁধাধরা এবং বিশ্বাসী মুসলমান কথনও দক্ষিণে বা বামে হেলিতে পারেন না। সর্ব্বিত্র না হইলেও হিন্দুদের ভাব অনেকটা স্বতম্ব। আচরণে তাঁহারা অত্যন্ত গোঁড়া হইতে পারেন, আধুনিককালের षरुभाषा । उन्नि विद्यारी कृश्रया ठाँशता मानिया हिनाट भारतन वर চলিয়া থাকেন, তথাপি ধর্ম সম্বন্ধে যে-কোন প্রকার বৈপ্লবিক মতবাদ আলোচনা করিতে তাঁহারা দর্মদাই প্রস্তত। আমার ধারণা, আধুনিক আধ্যসমাজীদের সাধারণতঃ চিস্তার এত ঔদার্ঘ্য নাই। মুসলমানদের স্থায়ই তাঁছারা নিজেদের সরল বাঁধাধরা রান্তায় চলিয়া থাকেন। বুদ্ধিমান শিক্ষিত হিন্দুদের মধ্যে একটা পরস্পরাগত দার্শনিক ধারা আছে ; যদিও আচরণের উপর উহার প্রভাব নাই, তথাপি উহার ফলে ধর্ম সম্বন্ধীয় প্রশ্নগুলি বিভিন্ন মতবাদের দিক হইতে বিচার করিতে সংস্কারণত কোন বাধা নাই। আমার मत्न इग्र हिन्नुतनत मत्था मछ ও आठात वावशातत वह अवित्ताधी সমাবেশ ঘটায় ইহা কিয়ৎপরিমাণে সম্ভব হইয়াছে। ধর্ম শব্দটি সাধারণতঃ ে জুর্থে বাবহার করা হইয়া থাকে ঠিক সেই অর্থে উহা বারা হিন্দুয়ানী বুঝান যায় না। তথাপি কি আশ্চর্যা দুঢ়তা, কি আশ্চর্যা জীবনীশক্তি ইহার প্রাচীন হিন্দু-দার্শনিক চার্বাকের মত যদি কেহ নিজেকে নান্তিক বলিয়া প্রচার করে তথাপি সে হিন্দু নহে, এ কথা বলিতে কেহ ভরসা করিবে না। হিন্দু ধর্মের সন্তান যাহাই করুক সে হিন্দুই থাকিবে। আমি ত্রাহ্মণের ঘরে জন্মিয়াছি, ধর্ম ও সামাজিক আচার নিয়ম সম্পর্কে আমি বাঁহাই कति आत याहारे विन ना कन, आभि आधारे थाकिव विद्या मत्न हता। যদিও আমি নামের সহিত কোন সম্রম বা জাতিবাচক উপাধি বোগ করিতে অনিচ্ছুক তথাপি ভারতীয়গণের নিকট আমি 'পণ্ডিত' অমৃক থাকিয়াই যাইব। আমার মনে পড়ে, স্ইক্সারল্যাণ্ডে একবার এক তুর্কী

### তওহরলাল তেহক

পণ্ডিতের সহিত সাক্ষাৎ প্রসঙ্গে আমি পূর্ব্বাহ্নে তাঁহার নিকট এক পরিচয়-পত্র পাঠাইয়াছিলাম এবং এ পত্তে আমার নাম পণ্ডিত জওহরলাল নেহক বলিয়া উল্লেখ ছিল। তিনি আমাকে দেখিয়া আশ্চর্য্য এবং একট্র্ নিরাশ হইলেন, এবং কথাপ্রসঙ্গে বলিলেন যে, "পণ্ডিত" দেখিয়া তিনি ভাবিয়াছিলেন, একজন সৌম্যকান্তি প্রবীণ শান্তক্ত পণ্ডিতের দর্শন পাইবেন।

এই সকল কারণে মহম্মদ আলীর সহিত আমি ধর্ম লইয়া আলোচনা করিতাম না; কিন্তু চুপ করিয়া থাকিবার লোক তিনি ছিলেন না। কয়েক বংসর পরে (১৯২৫ কিংবা ১৯২৬-এর প্রথম ভাগে) তিনি আর ধৈর্ঘা রক্ষা করিতে পারিলেন না। একদিন দিল্লীতে তাঁহার বাড়ীতে আমি গিয়াছি এমন সময় তাঁহার মুখ ছুটিল এবং আমার সহিত ধর্মালোচনা করিবার জন্ম পীড়াপীড়ি করিতে লাগিলেন। আমি তাঁহাকে নিবৃত্ত করিতে চেষ্টা করিলাম। বলিলাম, আমাদের উভয়ের ধারণার মধ্যে এত পার্থক্য যে, আমরা পরস্পরকে কিছু বুঝাইতে পারিব না। কিছ তাঁহার কথার মোড় ঘুরাইয়া দেওয়া কঠিন। তিনি বলিলেন, "আজ আমরা একটা হেন্তনেন্ত করিবই। আমার ধারণা, তুমি মনে কর যে, আমি একঙ্গন ধর্মান্ধ গোঁড়া। বেশ, আমি তোমার নিকট প্রমাণ করিতেছি. আমি তাহা নহি।" তিনি বলিয়া যাইতে লাগিলেন যে, ধর্ম বিষয়ে তিনি গভীর ও ব্যাপকভাবে অধ্যয়ন করিয়াছেন। তিনি বইরের তাক দেখাইলেন: সেখানে বছবিধ ধর্ম-পুন্তক, বিশেষভাবে ইস্লাম ও খৃষ্টধর্ম বিষয়ের অনেক পুত্তক ছিল, এবং এইচ জি ওয়েলসের "গড দি ইন্ভিজিভ্ল কিং" ও কয়েককথানি আধুনিক পুস্তকও ছিল। যুদ্ধের সময় যখন তিনি দীগকাল অন্তরীণে আবদ্ধ ছিলেন তথন তিনি বহুবার কোরাণ এবং তাহার সর্কবিধ টীকা ও ভাগ্ত পাঠ করিয়াছিলেন। তিনি বলিলেন, এই অধ্যয়নের ফলে তাঁহার বিখাস হইয়াছে যে, কোরাণের শতকর সপ্তানকাই ভাগ সম্পূর্ণ যুক্তিসঙ্গত, এমন কি, কোরাণের নাম না করিয়াও ঐগুলির যৌক্তিকতা প্রমাণ করা যাইতে পারে, অবশিষ্ট তিন ভাগ দৃখ্যতঃ তাঁহার নিকট যুক্তিযুক্ত মনে হয় না । তবে যে কোরাণের স্থানব্বই ভাগ স্তা তাহার অবশিষ্ট তিন ভাগও নিশ্চয়ই সত্য। তাঁহার ত্র্বল যুক্তিপ্রয়োগ ক্ষমতা নিভূলি, আর কোরাণ ভূল, ইহা কি সম্ভব? অতএধ তিনি সিদ্ধান্তে আসিলেন যে, কোরাণের শতকরা একশত ভাগই অভান্ত সভা।

এই তর্কের যুক্তি থুব স্পষ্ট নহে। কিন্তু আমার তর্ক করিবার প্রবৃত্তি হইল না। তাঁহার পরের কথায় আমি অত্যন্ত আশ্চর্যা হইয়া গেলাম।

### কোকোনদ ও হোলানা মহম্মদ আলী

মছমদ আলী বলিলেন, তাঁহার বির নিশাস, যদি কেহ থালা মন লইয়া কোরাণ পাঠ করে তাহা হইলে লে নিশ্চয়ই ইহার সত্যকে গ্রহণ করিবে; বাপু (গান্ধিজী) যত্মসহকারে উহা পাঠ করিয়াছেন এবং তিনি নিশ্চয়ই ইসলামের সত্যতা সহন্ধে নিঃসন্দেহ; কিন্তু অহকারের জন্ম তিনি ইহা প্রকাণ্ডে স্থীকার করেন না।

তাঁহার সভাপতিত্বের বংসর শেষ হইলে মহমদ আলী ক্রমশঃ কংগ্রেস হইতে দ্রে সরিয়া পড়িতে লাগিলেন অথবা তাঁহার ভাষায় কংগ্রেসই তাঁহার নিকট হইতে দ্রে সরিয়া গেল। তিনি কংগ্রেস এবং নিধিল ভারত রাষ্ট্রীয় সমিতিতে যোগ দিতেন এবং কয়েক বংসর নানাভাবে ইহাতে অংশ গ্রহণ করিতেন। কিন্তু মতভেদ বাড়িয়া চলিল, মনোমালিগ্র প্রবল হইল। কিন্তু ইহার জন্ম সম্ভবতঃ কোন বিশেষ ব্যক্তি বা দল দায়ী নহে; দেশের কতকগুলি ঘটনার ফলেই ইহা অপরিহার্য্য হইয়া উঠিয়াছিল। এই শোচনীয় পরিণতিতে আমরা অনেকে ব্যথিত হইলাম, কেন না, সাম্প্রদায়িক প্রশ্ন লইয়া যত মতভেদই থাকুক না কেন, রাজনৈতিক সমস্যা সম্পর্কে পার্থক্য অতি অল্প ছিল। ভারতীয় স্বাধীনতার আদর্শে তিনি বিশাসী ছিলেন এবং এই সাধারণ রাজনৈতিক মনোভাবের ক্রম্ম সাম্প্রদায়িক প্রশ্ন সম্পর্কেও তাঁহার সহিত একটা সম্ভোষজনক ব্যবস্থা করা সর্ব্বদাই সম্ভব হইত। যে সকল প্রগতিবিরোধী নিজেদের সাম্প্রদায়িক স্বার্থের সমর্থক বলিয়া জাহির করিয়া থাকে তাহাদের সহিত রাজনীতিব দিক দিয়া তাঁহার কোন সামঞ্জন্ম ছিল না।

ভারতের পক্ষে তুর্ভাগ্য যে, ১৯২৮-এর গ্রীম্মকালে তিনি ইউরোপে ছিলেন। তথন সাম্প্রদায়িক সমস্তা মীমাংসার একটা মন্ত চেষ্টা চলিতেছিল এবং সে চেষ্টা সাফল্যের কাছাকাছি আসিয়াছিল। যদি মইমদ আলী উপস্থিত থাকিতেন তবে ঘটনা অন্ত আকার ধারণ করিত। কিন্তু তিনি যথন ফিরিয়া আসিলেন তথন ভাঙ্গন স্থক হইয়াছে এবং অনিবার্ধ্যরূপে তিনি অপর দলে যোগ দিলেন।

তুই বংসর পরে, ১৯৩০-এ যথন আমরা অধিকাংশই কারাগারে এবং আইন
অমান্ত আন্দোলন পূর্ণোন্তমে চলিতেছে তথন মহমদ আলী কংগ্রেসের
সিদ্ধান্ত উপেকা করিয়া গোল টেবিল বৈঠকে যোগদান করিলেন। তাঁহার
বিলাত গমনে আমি ব্যথিত হইলাম। আমার বিশাস, তিনিও এই
ব্যাপারে স্থবী হইতে পারেন নাই। তাঁহার লগুনের কার্যপ্রণালীতে
উহার প্রচুর প্রমাণ পাওয়া গিয়াছিল। তিনি অভ্নতব করিয়াছিলেন,
তাঁহার প্রকৃত স্থান ভারতবর্ষে সংগ্রামের মধ্যে, লগুনে নিক্লল বৈঠকের

#### জওহরলাল নেহর

দভাগৃহে নহে। তিনি যদি স্বদেশে ফিরিয়া আদিতে পারিতেন তাহা হুইলে আমার নিশ্চিত বিশ্বাস, তিনি সংঘর্ষে যোগ দিতেন। কিছ তাঁহার শরীর ভাঙ্গিয়া পড়িয়াছিল, কয়েক বংসর ধরিয়া কাল ব্যাধি তাঁহাকে অল্লে অল্লে জীর্ণ করিতেছিল। যথন তাঁহার বিশ্রাম ও চিকিৎসার প্রয়োজন ছিল অধিক তখন লগুনে গিয়া কিছু বড়রকম প্রাপ্তির আশায় তাঁহার উংক্টিত কর্মপ্রবণতা মৃত্যুকে নিকটতর করিল। নৈনী জেলে তাঁহার মৃত্যু-সংবাদ পাইয়া আমি মন্মাহত হইলাম।

১৯২৯-এর ডিসেম্বরে লাহোর কংগ্রেসে তাঁহার সহিত আমার শেষ সাক্ষাং। আমার সভাপতির অভিভাষণের কতকগুলি অংশ তাঁহার নিকট ভাল বোধ হয় নাই এবং তিনি উহার তীত্র সমালোচনা করিয়াছিলেন। তিনি বুলিয়াছিলেন যে, কংগ্রেস অগ্রসর হইতেছে এবং একটা রাজনৈতিক সংঘর্ষ নিকটতর হইতেছে। তাঁহার মধ্যেও যথেষ্ট সংগ্রামপ্রবণতা ছিল এবং তাহা ছিল বলিয়াই অপরকে অগ্রসর হইতে দিয়া নিজে পশ্চাতে থাকা ভালবাসিতেন না। তিনি আমাকে গঞ্জীরভাবে বলিলেন, "জওহর, আমি তোমাকে সাবদান করিয়া দিতেছি; তোমার বর্ত্তমান সহকর্মীরাই তোমাকে পরিত্যাগ করিবে, তাহার। সকটের মৃহুর্ত্তে তোমাকে বিপদের মৃথে ফেলিয়া পলায়ন করিবে। তোমার কংগ্রেসী ভাতারা তোমাকে ফাসীতে ঝুলাইয়া ছাড়িবে।" কি বিষাদময় ভবিয়্রঘাণী।

১৯২৩-এর ডিসেম্বরে কোকনদ কংগ্রেসে আর একটি বিশেষ ঘটনায় আমি শুং ফ্বল্য প্রকাশ করিয়াছিলাম। এইখানে নিখিল ভারত স্বেচ্ছাসেবক সজ্যের অর্থাং হিন্দুস্থানী সেবাদলের ভিত্তি প্রতিষ্ঠা হয়। ইহার পূর্বেও অবশ্য প্রতিষ্ঠানের কার্য্য পরিচালনা অথবা জেলে যাইবার জন্য স্বেচ্ছাসেবক বাহিনীর অভাব ছিল না। কিন্তু ইহাদের মধ্যে শৃন্ধালা ও সংহতির অত্যন্ত অভাব ছিল। ডাঃ এন এস হার্দ্দিকারই প্রথম নিথিল ভারতীয় ভিত্তিতে স্থশিক্ষিত ও স্থশৃন্ধাল সেবকদল গঠনের পরিকল্পনা করিলেন। ইহারা কংগ্রেসের প্রত্যক্ষ পরিচালনায় স্থাতীয় কার্য্য করিবে। তিনি আমার সহযোগিতা প্রার্থনা করিলেন। আমি সানন্দে সম্মতি দিলাম, কেন না, কল্পনাটি আমার ভাল লাগিল। কোকনদেই কান্ধ আরম্ভ হইল। পরে আমরা দেখিয়া আশ্রুষ্য হইলাম যে, কংগ্রেসের খ্যাতনামা নেতারা সেবাদলের প্রতি কিরপ বিসক্ষভাব পোষণ করেন। একন্ধন বলিলেন যে, ইহা অত্যন্ত বিশিক্ষনক হইয়া উঠিতে পারে; কংগ্রেসের ভিতর এই সামরিক দল চুকাইলে ইহারা একদিন কংগ্রেসের অসামরিক কর্ত্বপক্ষের ক্ষমতা অপহরণ করিতে পারে। অন্য কেহ কেহ বলিলেন, কর্ত্বপক্ষের

## क्लाकामम ७ स्रोमामा महत्त्रम जानी

আদেশ পালনে তৎপরতার জন্ম যতটুকু শৃঙ্খলার দরকার ততটুকু ভাল, ইহার জন্ম বেচ্ছাসেবকগণকে সামরিক কুচকাওয়াজ শিগান অবাস্থনীয়। অনেকের মনের মধ্যে এই ধারণা ছিল যে, কংগ্রেসের অহিংসার আদর্শের সহিত্ত ভিল-করা স্থশিক্ষিত স্বেচ্ছাসেবক বাহিনীর ঠিক সামঞ্জ হইবে না। অবশ্য হার্দিকার এই কাজে আম্মনিয়োগ করিলেন এবং দীর্ঘকাল ধৈর্ঘ্যসহকারে পরিশ্রম করিয়া প্রমাণ করিলেন, আমাদের স্থশিক্ষিত স্বেচ্ছাসেবকেরা কত কর্মতংপর, এমন কি অহিংসও হইতে পারে।

৺ কাকনদ হইতে ফিরিয়া আদিবার অব্যবহিত পরে ১৯২৪-এর জাহুয়ারী
মাসে এলাহাবাদে আমি এক নৃতন্ অভিজ্ঞতা লাভ করিলাম। আমি
শ্বতি হইতে লিখিতেছি বলিয়া তারিখের কিছু গোলমাল হইতে পারে।
সেবার এলাহাবাদে গঙ্গাতীরে কুম্ব কিংবা অর্ক্রন্থ স্থানের রহং মেলা
বিসিয়াছিল। দলে দলে যাত্রী গঙ্গাযম্না-সঙ্গমে, অর্থাৎ ত্রিবেণী তীর্থে,
শ্বানের জন্য আদিতে লাগিল, গঙ্গাপ্ত দৈখ্যে প্রায় এক মাইল হইবে,
কিন্তু শীতকালে নদী শুকাইয়া বিত্তীর্ণ বাল্চর জাগিয়া উঠে, ইহার উপর
যাত্রীদের তার্ ফেলিবার স্থবিধা হয়। এই নদীগর্ভে গঙ্গার প্রবাহ
প্রতি বংসরই পরিবর্ষতি হয়।

১৯২৪-এ গশার স্রোত ত্রিবেণী সঙ্গমে যাত্রীদের স্নান করার পক্ষে অত্যস্ত বিপদসঙ্গুল ছিল। স্নান্যাত্রীদের সংখ্যা নিয়ন্ত্রিত করিয়া এবং অস্তান্ত প্রয়োজনীয় সাবধানতা অবলম্বন করিতে পারিলে বিপদের আশকা অনেক কম হয়।

যোগে স্নান করিয়া পুণার্চ্জনের কোন স্পৃহা আমার ছিল না বলিয়া আমি এই বিষয় লইয়া কোন চিন্তা করি নাই। কিন্তু সংবাদপত্তে লক্ষ্য করিভেছিলাম, এই বিষয় লইয়া পণ্ডিত মদনমোহন মালব্য এবং প্রাদেশিক গভর্গমেন্টের মধ্যে বাদারুবাদ চলিভেছিল। তাঁহারা (অথবা স্থানীয় কর্ত্বপক্ষ) জিবেণী সক্ষমস্থলে স্থান করা নিষিদ্ধ করিয়া এক আদেশ প্রচার করিয়াছিলেন। মালবাজী ইহার প্রতিবাদ করিলেন, কেন না, ধর্মাচরণের জন্ম দিক দিয়া সক্ষমে স্থান করাই বিধি। তুর্ঘটনা ও প্রাণহানি নিবারণের জন্ম সাবধানতা অবলম্বন করিয়া গভর্শমেক্ট ঠিকই করিয়াছিলেন। কিন্তু সরকারী ব্যবস্থা যেরূপ হয় এক্ষেত্রেও সেইরূপ হৃদয়হীন ও বিরক্তিকর হইয়াছিল।

কুন্তের যোগের দিন অতি প্রত্যুবে মেলা দেখিবার জন্ম আমি নদীতীরে উপস্থিত হইলাম। স্থান করিবার আমার কোন ইচ্ছা ছিল না। সেখানে গিয়া ভনিলাম মালব্যজী জিলা ম্যাজিষ্ট্রেটের নিকট বিনীত ভাষায় সরকারী আদেশ অমান্ডের সমন্ত্র ব্যক্ত করিয়া এক পত্রে ত্রিবেণী

#### कछर्त्रजांग जिस्क

সক্ষমে স্থান করিবার অভ্যতি চাহিয়াছিলেন। কিন্তু ম্যা**জিট্রেট** অভ্যতি দেন নাই। মালব্যজী সভ্যাগ্রহ করিবার স**রৱ লইয়া ত্ই শ**ভ ব্যক্তি<del>স</del>হ मक्रम अভिমূপে योखा क्रितिलन। এই अवदा मिथिया आमि**७ এक**ট् কৌতৃহলী হইষা উঠিলাম। এবং আকম্মিক উত্তেজনায় সত্যাগ্ৰহী দলে যোগ দিয়া বসিলাম। সঙ্গমের পথে বিস্তীর্ণ স্থান শক্ত বেড়া দিয়া ঘিরিয়া রাখা হইয়াছিল। বেড়া পর্য্যস্ত আদিবার পর পুলিশ আমাদের গতিরোধ করিল এবং আমাদের সহিত যে মইথানি ছিল তাহা কাড়িয়া লইয়া গেল। আমরা অহিংস সত্যাগ্রহী; কাজেই বেড়ার ধারে ৰাল্র উপর শাস্তভাবে বিসমা রহিলাম। প্রভাত অতিবাহিত হইয়া স্থ্য পশ্চিমে ঢলিয়া পড়িল। আমরা বসিয়াই আছি। যতই সময় যাইতে লাগিল, সুর্য্য প্রথর হইয়া উঠিল, বালু তাতিয়া উঠিল এবং আমরা প্রত্যেকে ক্ধায় কাতর হইর। উঠিলাম। পদাতিক এবং অখারোহী সৈত্তদলও ছিল। আমরা অসহিষ্ इडेबा এको किছू कतिवात ज्ञा वास इहेशा डिजिनाम। अमितक কর্ত্বপক্ষও ধৈর্ঘ্য হারাইয়া বলপ্রয়োগে আমাদিগকে তাড়াইয়া দিবার वावका कतिराज्य विनिधा मान इहेन। रेमग्रमन महमा कि अकी जारमन পাইয়া স্থ-স্থ অশ্বে আরোহণ করিয়া শ্রেণীবদ্ধ ভাবে দাড়াইল; আমার তৎক্ষণাৎ মনে হইল (সত্য নাও হইতে পারে) যে আমাদের উপর ঘোড়া চালাইয়া দিয়া তাড়াইবার ব্যবস্থা হইতেছে। ঘোড়ার পায়ের তলায় দলিত :হইবার বিন্দুমাত্র আগ্রহও আমার ছিল না এবং আমি এভাবে বসিয়া একেবারেই বিরক্ত হইয়া উঠিয়াছিলাম। অতএব আমার পার্ষে যাহারা বসিয়াছিল তাহাদিগকে বলিলাম, চল আমরা বেড়া ডিকাইবার চেষ্টা করি এবং স্বয়ং অগ্রসর হইয়া বেড়ার উপর উঠিয়া বসিলাম। তৎক্ষণাৎ আরও অনেকে আমার অমুসরণ করিল এবং কয়েকটি খুঁটি তুলিয়া ফেলিয়া যাইবার মত পথ প্রস্তুত করিন। একজন আমার হাতে একখানি জাতীয় পতাকা দিল। পতাকাথানি দ্বৈভার উপর স্থাপন করিয়া আমি বসিয়া রহিলাম। কেহ বেড়া ডিঙ্গাইতেছে, কেহ সন্থ প্রস্তুত সমীর্ণপথে প্রবেশ করিতেছে আর ঘোড়সোয়ারেরা জনতাকে হটাইয়া দিতেছে-এই সমস্ত মিলিয়া দৃষ্ঠটি আমার নিকট ধুব উপভোগ্য মনে হইল। এ কথা আমি বলিব ে, ঘোড়সোয়ারেরা অত্যন্ত স্তর্কতার সহিত তাহাদের কর্ত্তব্য পালন করিতেছিল। তাহার। মাথার উপর লাঠি ঘুরাইয়া জনতাকে ঠেলিয়া লইয়া ঘাইতেছিল, কিছু কাহাকেও আঘাত करत नारे। यतामी विद्धारीएमत ताक्षणत्व त्त्रण मित्रा चाज्रतकात चन्नह স্থতি আমার মনের উপর ভাসিয়া উঠিল।

### ুলামার পিতা ও গাৰিলী

আবাদেবে সামি বেড়ার অপর পারে নামিয়া পড়িলাম এবং ক্লান্তি ও
পরমের ফলে গছার পিয়া ড্ব দিলাম। ফিরিয়া আসিয়া দেখি, মালবাজী
ও অন্তান্ত অনেকে বেড়ার ধারে তেমনই বিদয়া আছেন, ঘোড়সোয়ার ও
পদাতিক পুলিশেরা ততকলে সভ্যান্তারী দল ও বেড়ার মধ্যে আসিয়া
দাড়াইয়াছে। আমি অন্তদিক দিয়া ঘূরিয়া আসিয়া পুনরায় মালবাজীর
পালে বিসলাম। দেখিলাম মালবাজী অভ্যন্ত উত্তেজিত হইয়াছেন এবং
তার মনের ভাবকে সংযত করিতে চেটা করিতেছেন। সহসা কাহাকেও কিছু
না বিলয়া মালবাজী আড়সোয়ার ও পুলিশের মধ্য দিয়া ঘাইতে লাগিলেন।
মালবাজীর মত একজন রুদ্ধ ও ত্র্বলদেহ ব্যক্তির এই ত্ঃসাহস দেখিয়া
আমরা অবাক হইয়া গেলাম। যাহা হউক, আমরাও তাঁহার পশ্চাং পশ্চাং
চলিলাম, পুলিশ ও ঘোড়সোয়ার কিছুকল আমাদিগকে বাধা দিতে চেটা
করিয়া কিছই বলিল না, অল্পকাল পরে তাহারা চলিয়া গেল।

আমাদের মনে বিধা ছিল, হয়ত বা গভর্ণমেণ্ট আমাদের বিক্লছে অভিযোগ আনিবেন, কিন্তু দেরপ কিছু ঘটিল না। সম্ভবতঃ মালবাজীর বিশ্লছে কিছু করা গভর্ণমেণ্টের অভিপ্রেত ছিল না। অতএব এই সামান্ত সংঘর্ষের এইখানেই শেষ হইল।

#### ነት

# আমার পিতা ও গান্ধিজী

১৯২৪-এর প্রথমভাগে সহসা সংবাদ আসিল, কারাগারে গাছিলী গুরুতর পীড়িত, তাঁহাকে হাসপাতালে অল্লোপচারের জন্ত স্থানান্তরিত করা হইয়াছে। সমস্ত ভারতবর্ধ উৎকণ্ঠায় অধীর হইয়া উঠিল, আমরা আতকে রুদ্ধশাসে অপেকা করিতে লাগিলাম। সৃদ্ধট কাটিয়া গেল, দেশের চারিদিক হইতে জনপ্রোত পুণায় তাঁহাকে দর্শন করিতে চলিল, হাসপাতালে তিনি রক্ষীবেটিত বন্দীরূপে অবস্থান করিলেও নির্দিষ্ট সংখ্যক বন্ধ্বান্ধবকে তাঁহার সহিত দেখা করিতে দেওয়া হইত। পিতা ও আমি তাঁহার সহিত হাসপাতালে সাক্ষাৎ করিলাম।

তাঁহাকে হাসপাতাল হইছে আর কারাশারে লওরা হর নাই। তিনি ক্রমশঃ নিরাময় হইতেছেন দেখিয়া গভর্ণবেক্ট অবশিষ্ট দণ্ড নাকচ করিয়া ∖ তাঁহাকে মৃক্তি দিলেন। ছয় ক্ষমের কারাবঞ্জের মধ্যে তিনি মাত্র প্রায়

#### অওহরলাল নেহর

ছুই বংসর দণ্ডভোগ করিলেন। মৃক্তির পর তিনি স্বাস্থ্য লাভার্থ বোষাইয়ের নিকটে সমুদ্র তীরবর্ত্তী জুহুতে অবস্থান করিতে লাগিলেন।

আমরাও সপরিবারে জুহতে আসিয়া সমুদ্রতীরে একটি কুদ্র কুটারে আশ্রম লইলাম। এখানে আমরা কয়েক সপ্তাহ ছিলাম। অনেকদিন পর আমি বিশ্রামের অবকাশ পাইলাম। মনের সাধে সমুদ্রে সাঁতার দিতাম, দৌড়াইতাম, অথবা সমুদ্রতীরে অখারোহণে ভ্রমণ করিতাম। এখানে আমার উদ্দেশ্য অবশ্য অবকাশের আনন্দ উপভোগ নহে, আমরা গান্ধিজীর সহিত আলোচনার জন্মই আসিয়াছিলাম। পিতা তাঁহাকে স্বরাজ্য দলের অবস্থা ব্রাইয়া স্বমতে আনিবার চেটা করিতেছিলেন। তাঁহার আশা ছিল গান্ধিজী প্রাপ্রি সাহায্য না করিলেও অস্ততঃ নির্দেশ্য থাকিবেন। আমি যে সমস্য লইয়া বিব্রত ছিলাম তাহার জন্মও গান্ধিজীর সহিত পরামর্শ করার প্রয়োজন ছিল। গান্ধিজীর ভবিন্তং কার্যাপদ্ধতি জানিবার জন্মও আমার ঔৎস্ক্রা ছিল।

স্বরাজ্য দলের দিক দিয়া জুহু আলোচনার কোনই ফল হইল না, গান্ধিজী অটল রহিলেন এবং এই আলোচনায় মোটেই প্রভাবান্ধিত হইলেন না। বন্ধুভাবে আলোচনা ও পারস্পরিক সৌজ্য সত্ত্বেও স্পষ্টই বোঝা গেল, আপোষ অসম্ভব। অবশেষে তাঁহারা পরস্পরের সম্মতি লই্য়া ভিন্ন মত অবলম্বন করিলেন এবং তদমুদারে সংবাদপত্রে বিবৃতি বাহির হইল।

গান্ধিজী আমার একটি সংশয়ও মীমাংসা করিয়া দিলেন না। ফলে আমিও কতকটা নিরাশ হইয়া জুহু হইতে প্রত্যাবর্ত্তন করিলাম। তিনি স্বভাকতই অধিকদ্র ভবিশ্বৎ দেখিতে চান না এবং দীর্ঘকালবাাপী কোন কার্যাপদ্ধতি নির্দিষ্ট করিতে চান না। তাঁহার মতে আমাদিগকে ধৈর্য্য সহকারে জনসেবা করিয়া ঘাইতে হইবে, কংগ্রেসের গঠনসূলক ও সমাজসংক্ষারমূলক কার্য্য চালাইতে হইবে এবং সংগ্রামশীল কার্য্যের জন্য শুভদিনের অপেক্ষা করিতে হইবে। তবে সমস্যা এই, যদি সেই শুভদিনও আসে তাহা চৌরিচাওরার মত ঘটনা ঘটিয়া পুনরায় ত আমাদের সমন্ত প্রত্যাশা ধ্লিসাৎ করিয়া দিতে পারে? এ প্র্য়ের উদ্দেশ্য সমন্ধেও তিনি কোন নিশ্চিত উক্তি করিলেন না। আমারা কি চাহিতেছি সে সম্বন্ধে অধনকেই আমাদের ধারণা স্পষ্ট করিয়া লইতে চাহিয়াছিলেন। কংগ্রেস তথনও এ বিষয়ে কোন নিশ্চিত ঘোষণার প্রয়োজন অফুভব করিতেছিলেন না। আমরা কি স্বাধীনতা এবং কিছু সামাজিক পরিবর্ত্তন চাহি, না, আমাদের নেতারা উহা অপেক্ষা অল্প প্রত্যাশী হইয়া আপোষ করিবার পক্ষপাতী?

#### আমার পিডা ও গানিলী

কয়েকমাস পূর্বে যুক্ত প্রাদেশিক রাষ্ট্রীয় সন্মেলনে সভাপতির অভিভাষণে আমি স্বাধীনতার -উপর জোর দিয়াছিলাম। আমার নাভা হইতে ফিরিবার কিছুকাল পরেই ১৯২৩-এর শরংকালে এই সন্মেলন হইয়াছিল। নাভা জেল হইতে পুরস্কারস্বরূপ যে রোগ্-বীআপু আনিয়াছিলাম তাহার আক্রমণ্ হইতে তথনও আমি অব্যাহতি পাই নাই। রোগশ্যায় শুইয়াই আমাকে ঐ অভিভাষণ লিখিতে হইয়াছিল, এবং আমি সন্মেলনে উপস্থিত হইতে পারি নাই।

যথন আমরা কয়েকজন স্বাধীনতাকেই কংগ্রেসের মৃথ্য লক্ষা হিসাবে ক্ষান্ত করিয়া লইবার জন্ম চেষ্টা করিতেছিলাম তথন আমাদের মডারেট বন্ধুরা—যাহারা আমাদের নিকট হইতে বিচ্ছিন্ন হইয়া পড়িয়াছিলেন অথবা আমরাই যাহাদিশকে অতিক্রম করিয়া অগ্রসর হইয়াছি—ব্রিটশ সামাজ্যের শক্তি ও মহিমার প্রকাশ ন্তবন্ধতি আরক্ষ করিয়া দিলেন। অথচ কার্যান্ত: আমাদের স্থদেশবাসীরা এই সামাজ্যের পাদপীঠ মাত্র, এবং ব্রিটশ উপনিবেশসমূহে ভারতীয়দের প্রতি হয় দাসবং ব্যবহার করা হয়, না হয় তাহাদিশকে প্রবেশ করিতেই দেওয়া হয় না। মিঃ শাল্পী দ্ত সাজিলেন এবং স্থার তেজবাহাত্র সপ্র ১৯২৩-এর লগুনে আহ্ত সামাজ্য সন্দেশনে গর্কের সহিত ঘোষণা করিলেন, "আমি গর্কের সহিত বলিতে পারি য়ে, আমার স্থদেশই এই সামাজ্যকে মহিমান্থিত করিয়াছে।"

মভারেট নেতা ও আমাদের মধ্যে বেন এক মহাসমুদ্রের ব্যবধান; আমরা বেন বিভিন্ন দেশের অধিবাসী, আমাদের ভাষা স্বতন্ত্র এবং আমাদের স্বপ্র—খদি তাঁহাদের কোন স্বপ্ন থাকে—তবে তাহাও সম্পূর্ণ স্বতন্ত্র। স্বত্রএব আমাদের উদ্দেশ্যকে কি নিশ্চিত ও স্পষ্ট করিয়া লওয়া উচিত নহে?

কিন্তু এই শ্রেণীর চিন্তা অল্ল-সংখ্যক ব্যক্তির মধ্যে আবদ্ধ ছিল। অনেকেই অভি-নিদিষ্টতা পছল করেন না। বিশেষতঃ জাতীয় আন্দোলন স্বভাবতঃই অস্পষ্টতা ও এক প্রকার রহস্তের আবরণে আর্ত থাকে। ১৯২৪ সালের প্রথম ভাগে ব্যবস্থা পরিষদ ও প্রাদেশিক আইনসভাগুলিতে স্বরাজীরাই জনসাধারণের দৃষ্টি বিশেষভাবে আকর্ষণ করিয়াছিলেন। "ভিতর হইতে বাধা প্রদান" এবং আইনসভা ধ্বংস করিবার দক্ষতরা উক্তির পর এই দল কি করিবে? স্চনঃ মন্দ হইল না। ব্যবস্থা পরিষদে সেই বংসরের বাজেট না-মগ্লুর হইল এবং একটি প্রস্তাবে ভারতের স্বাধীনতা-সমস্তার সমাধানকল্পে গোলটেবিলের দাবী করা হইল। দেশবন্ধুর নেতৃত্বে বাললার স্মাইনসভা সাহ্সের সহিত সরকারের সমস্ত

#### प्रश्तनांस दगरक

দাবী না-মশ্ব করিলেন। কিন্তু কি ব্যবস্থা পরিবদ কি প্রাদেশিক আইনসভার বড়লাট এবং গভর্ণরগণ তাহাদের বিশেষ-ক্ষমতাবলে বাজেট মশ্ব করিয়া দিলেন। অনেক বড়তা হইল, আইনসভার মধ্যে কিছু চাঞ্চল্য দেখা গেল, স্বরাজীরা সাময়িক জয়গর্ম অফ্ডব করিলেন, সংবাদ-পত্রে বড় বড় শিরোনামায় ইহা প্রচার করা হইল, বাস্ এই পর্যান্ত। ইহার বেশী তাঁহারা কি করিতে পারেন ? বড়জোর তাঁহারা একই কৌশলের পুনরভিনয় করিতে পারেন কিন্তু উহার ন্তন্ত রহিল না, উৎসাহ শীতল হইয়া গেল, বড়লাট ও গভর্ণরগণ কর্ত্বক বিশেষ ক্ষমতাবতেল আইন এবং বাজেট পাস্ করায় লোকের মন অভ্যন্ত হইয়া উঠিল। অবশ্ব কাউন্সিলের মধ্যে ইহার পরবর্ত্তী সোপানে অগ্রসর হইবার সামর্থ্য স্বরাজীদের ছিল না। তাহার স্থান আইনসভাগুহের বাহিরে।

১৯২৪ সালের মধ্য ভাগে আহমদাবাদে নিঃ ভাঃ রাষ্ট্রীয় সমিতির এক সভা হইল। এই সভায় অত্যন্ত অপ্রত্যাশিত ভাবে গান্ধিজীর সহিত স্বরাজীদের বিরোধ উপস্থিত হইয়া কতকগুলি নাটকীয় ঘটনার স্ত্রপাত করিল। গান্ধিজীই প্রথমে অগ্রসর হইলেন। কংগ্রেসী নিয়মতন্ত্রে তিনি কতকগুলি গুরুতর পরিবর্তনের প্রস্থাব করিলেন। যাহার ফলে ভোটাধিকার এবং কংগ্রেসের সদস্য সম্প্রকিত নিয়মের আমূল পরিবর্ত্তন করিতে হইবে। পূর্বে নিয়ম ছিল যে, স্বরাজ লাভের জন্ম শান্তিপূর্ণ উপায় ममिश्वि कः धारमत मुननी जि मानिया नरेया य ठाति आना ठामा मिर्ट स्मर्ट কংগ্রেসের সদস্ত হইবে। গান্ধিজী চাহিলেন, চারি আনার পরিবর্কে প্রতোক সদস্যকে হাতে কাটা নির্দিষ্ট পরিমাণ হতা দিতে হইবে। ইহা ভোটাধিকারে এক গুরুতর পরিবর্ত্তন এবং নিশ্চয়ই নি: ভা: রাষ্ট্রায় সমিতির ইহা করিবার অধিকার নাই। কিন্তু ইচ্ছামত কার্য্য করিবার বাধা উপস্থিত হইলে গান্ধিজী নিয়মতন্ত্রকে কদাচিং মর্ঘ্যাদা দিয়া থাকেন। আমি নিয়মতন্ত্রের উপর এই আঘাতের ফলে অত্যস্ত ব্যথিত হইলাম এবং কার্যাকরী সমিতির নিকট আমার সম্পাদকীয় পদত্যাগ-পত্র প্রেরণ করিলাম। কিন্তু ঘটনাবলীর পরিবর্ত্তনের ফলে আমি পদত্যাগ লইয়া পীডাপীড়ি করিলাম না। পিতা এবং দেশবন্ধু গান্ধিজীর প্রস্তাবের বিরোধিতা করিলেন এবং তাঁহাদের তাঁব্র অসমতি জ্ঞাপন করিবার জন্ত ভোট গ্রহণের অব্যবহিত পূর্বের অত্নচরবর্গ দহ সভা হইতে বাহির হইয়া গেলেন। এমন কি অবশিষ্ট উপস্থিত সভাগণেরও কেহ কেহ প্রস্তাবের বিরোধিতা করিলেন! তৎসত্ত্বেও অধিকাংশের ভোটে প্রস্তাব গৃহীত হইল। 🗥 কিন্তু পরিণামে উহা প্রত্যাহত হইল। কেননা স্বরাজীদের

ৰভাত্যাগ এবং এই বিষয়ে আমার পিতাও দেশবন্ধুর অনমনীয় দৃঢ়তা দেখিরা গান্ধিনী অত্যন্ত বিচলিত হইলেন। তাঁহার মধ্যে যে ভাবাবেগ সন্ধিত হইয়াছিল কোন সদক্ষের একটি মন্তব্যের আঘাতে তাহা ভালিয়া পড়িল। ইহা স্পাইই বোঝা গেল, তিনি অত্যন্ত মর্মাহত হইয়াছেন। তিনি সভার সম্মুখে এমন মর্মস্পর্শী ভাষায় বক্তৃতা করিতে লাগিলেন যে কতিপয় সদস্ত অক্রসংবরণ করিতে পারিলেন না। ইহা কর্মণ এবং অদৃষ্টপূর্বন। \*

্তির প্রতিবাদ হইবে, ইহা জানিয়াও তিনি কেন কেবলমাত্র হাতে কাটা স্থতায় টাদা দিবার নিয়ম প্রবর্ত্তনের জ্ব্য এত উৎস্ক হইয়াছিলেন, আমি কোন দিনই তাহা বুঝিয়া উঠিতে পারি নাই। সম্ভবতঃ তিনি

<sup>\*</sup> এই ঘটনা কেলে বদিয়া শুতি হইতে লিবিয়াছি, এখন দেবিতেছি যে আমার শুডি অসম্পর্ণ এবং আলোচ্য বিষয়ের একটা শুরুতর দিক আমি উল্লেখ করি নাই, কলে প্রকৃত घटेना मच्यक अकटी जास थात्रभात छेस्टर इटेग्राह्म । अकबन बाक्राली टिस्ताबिष्टे बुबक (বোপীনাথ সাহা ) সম্পর্কিত প্রস্তাব ই সভায় উপত্নিত করা হইয়াছিল এবং যদিও প্রস্তাবটি পাসুহয় নাই ভেগাপি গান্ধিলী অহতাত বিচলিত হইয়াছিলেন। আমার বতদুর আরণ হয়। তাহাতে ঐ প্রস্তাবে তাহার কার্য্যের নিন্দা করা হইয়াছিল কিন্তু তাহার উদ্দেশ্যের প্রতি সহাস্ত্রতি ছিল। প্রস্তাব অপেক্ষাও উহার সমর্থনসূচক বক্ততাগুলিতে গান্ধিকী বেশী হাবিত ছইয়াছিলেন। অভিংসা সম্পর্কে কংগ্রেসের অনেকেটা তেমন শ্রদ্ধাবান নহে। এই ধারণাই তাঁছাকে অধিকতর বিচলিত করিয়াছিল। কয়েকদিন পরে এই সম্পর্কে তিনি 'ইয়ং ইণ্ডিয়ায়' লিবিয়াছিলেন, "চারিটি প্রস্তাবেই আমার পক্ষে অলসংখ্যক ভোট বেশা হিল। ইহার অর্থ আমার পক্ষের দলই সংখ্যাল্ঘিট। সভায় উভর দলই সমান সমান ছিলেন। শোপীনাথ সাহা প্রস্তাব লইয়াই হাতাহাতি বাবিয়াছিল। বক্তভার এবং তৎদংলিষ্ট বে সকল দশু আমি দেখিলাম তাহাতে আমার চকু বুলিয়া পেল-----:পাপীনাথ দাহার প্রভাবের পর সভার পান্তীয়া আর রহিল না। এই অবস্থার মধ্যে আমাকে দর্ববেব প্রস্তাব উপস্থিত করিতে হইল। আলোচনা থতই অগ্রাপর হইতে লাগিল আমি ততই প্রস্তীর হইরা উঠিতে লাগিলাম। এই পীড়াদায়ক অবস্থার মধা হইতে আমার পলায়ন করিবার ইচ্ছা হইল। প্রস্তাব উপস্থিত করিতেও আমার ভয় করিতে লাগিল। কোন বস্তার মনে কোন উর্বার ভাব চিক্ত না. ইহা আমি পরিকার করিয়া বুঝাইতে পারিয়াছি কিনা জানি না। কংগ্রেনের মূলনীতি অথবা অহিংদার প্রতি অবজ্ঞা এবং দায়িত্তানহীনতা দর্শকে চেতনার অভাবই আমাকে অধিকতর পাঁডিত করিয়াছে • •। সত্তর জন কংগ্রেস প্রতিনিধি ঐ প্রস্তাব সমর্থন করিয়াছিলেন, ইয়া এক मश्यक्षाकृत अख्छिता । এই घटेमा এवर देशात छेलत शासिकीत मस्त्रा विरम्द साद खेला-যোগা। ইহা হইতে অহিংসার প্রতি সাম্বিদ্ধীর কি অসীম অমুরক্তি এবং কোন অনিজ্ঞাকত कि भीन ভाবেও अहिश्मा-विद्यारी कान क्रिही छोड़ाइ बल कि भविबान श्रक्तिकात मक्राइ করে তাহা বুঝা যায়। ইহার পরে তিনি বাহা করিয়াছেন, তাহা এইরুপ প্রতিক্রিয়ারই বল, তাহার সমস্ত উপায় ও কার্যাপদ্ধতির মল ভিত্তি হইল এই অহিংসনীতি।

#### ज अर्जनान (नर्ज़

চাহিয়াছিলেন, যে সকল ব্যক্তি তাঁহার থাদি প্রভৃতি গঠনমূলক কার্য্যে বিশ্বাসী তাহারাই কংগ্রেসে থাকিবে এবং বাদ বাকী সকলে হয় উহা মানিয়া লইবে নয় কংগ্রেস ত্যাগ করিবে। যদিও কংগ্রেসের অধিকংশ দল তাঁহার পক্ষে ছিল, তথাপি তিনি আপন সম্বন্ধ শিথিল করিলেন এবং অক্সদলের সহিত আপোষ করিতে লাগিলেন। আমি দেখিয়া আশ্রুণ্য হইলাম, তিন চার মাসের মধ্যে তিনি এ বিষয়ে কয়েকবার তাঁহার মত পরিবর্ত্তন করিলেন, বোধ হইল, তিনি যেন অকুল সমুদ্রে পড়িয়া বিভ্রাম্ত হইয়াছেন। আমি তাঁহার সহিত এইকালে ঘনিষ্ঠভাবে না মেশার ফলে, আমার বিশ্বয় আরও বাড়িল। প্রশ্নটি আমার নিকট কোন দিনই খুব গুরুতর বলিয়া মনে হয় নাই। কায়িক শ্রমকে ভোটাধিকারের যোগ্যতার মাপকাঠি করা ভাল কিছ্ক তাহাকে যেরপে সীমাবদ্ধ করা হইয়াছিল, তাহার কোন অর্থ হয় না।

আমার মতে, গান্ধিজী সম্পূর্ণ অপরিচিত পারিপার্থিক অবস্থার মধ্যে পড়িয়াই অস্থবিধা বোধ করিতে লাগিলেন। তাঁহার নিজের ভূমি—সত্যাগ্রহের প্রত্যক্ষ সংঘর্ষের কর্মাভূমিতে তিনি অনন্যসাধারণ, এথানে তাঁহার প্রত্যেক পদক্ষেপ অদ্রাস্ত। জনসাধারণের মধ্যে নীরবে সমাজসংস্কারমূলক কার্য্য স্বয়ং অথবা সহকর্মীদের লইয়া পরিচালন করিতেও তাঁহার দক্ষতা অসীম। তিনি চরম সংগ্রাম অথবা পরিপূর্ণ শাস্তি ব্রেন। কিন্তু তু এর মাঝামাঝি অবস্থার মধ্যে তিনি স্বর্থী বোধ করেন না। স্বরাজ্যদলের আইনসভার মধ্যে তিনি বাধাদান ও কোলাহল দেখিয়া কিছু মাত্র চঞ্চল হইলেন না। যে কাউন্সিলে যাইতে চাহে, সে সেখানে গিয়া কর্ত্পক্ষের সহিত সহযোগিতা করুক এবং ভাল আইন-কাছন প্রণয়নে চেষ্টা করুক, নতুবা কেবলমাত্র বাধা দিতে যাওয়ার কোন অর্থ হয় না। যাহার উহা করিবার প্রবৃত্তি নাই তাহার পক্ষে বাহিরে থাকাই ভাল। স্বরাজীর: এই তইয়ের কোনটাই গ্রহণ না করায় তিনি তাঁহাদের সহিত মিলিয়া মিশিয়া কান্দ করিতে অস্থবিধা বোধ করিতে লাগিলেন।

যাহা হউক অবশেষে তিনি শ্বরাজীদের সহিত একটা আপোষ রফা করিয়া লইলেন। পুরাতন চারি আনা চানা দেওয়া অথবা হাতেকাটা স্থতায় চাঁদা দেওয়া হুই প্রকার প্রথাই প্রবর্ত্তিত রহিল, তিনি শ্বরাজ্যদলের আইনসভার কার্য্য প্রায় অন্তমোদন করিলেন কিন্তু নিজে সম্পূর্ণ স্বতম্ব রহিলেন, লোকের বিশ্বাস হইল তিনি রাজনীতি ক্ষেত্র ইইতে অবসর গ্রহণ করিয়াছেন। ব্রিটীশ গভর্গমেন্ট এবং শাসকসম্প্র-

### আমার পিড়া ও গানিজী

দায়ের বিশাস হইল তাঁহার জনপ্রিয়তা হ্রাস হইরাছে এবং তাঁহার সমস্ত শক্তি নিংশেষিত হইয়াছে। দাশ এবং নেহরু গান্ধীকে त्निभरथात अस्तरात रिवा निया ताकरेनिङ तक्रमरक अधान **ভূমিকা**र्य অবতীর্ণ হইয়াছেন। এই শ্রেণীর মস্তব্য গত পনর বৎসর ধরিয়া नांनाভाবে भूनः भूनः वला श्रहेगारह ; किन्न প্রত্যেক বারই দেখা পিয়াছে যে আমাদের শাসকগণ ভারতবাসীর মনোভাব সম্পর্কে গভীর ভাবেই অজ্ঞ। ভারতের রাজনৈতিক রক্ষমঞে গান্ধিজীর আবিভাবের পর হইতে জনসাধারণের মধ্যে তাঁহার প্রভাব প্রতিপত্তি কথন্ও হ্রাস হয় নাই এবং তাহা এখনও অব্যাহতই আছে। মহুষ্যপ্রকৃতি চুর্বল ; অতএব তাঁহার কথামত দকলে কাজ করিতে পারে না। কিন্তু সাধারণের চিত্তে গান্ধিজীর প্রতি যথেষ্ট দদিচ্চা বিঅমান। যখন পারিপার্শিক অবস্থা অফুকুল হয় তথন তাহারা বিরাট গণ-আন্দোলনের মাঝে জাগিয়া উঠে। অতথা তাহারা নতশিরে নীরবে থাকে। কোন নেতা যাত্দণ্ড ঘুরাইয়া শুন্ত হইতে গণ-আন্দোলন সৃষ্টি করিতে পারেন না, স্বাভাবিক ভাবে অভিব্যক্ত ঘটনার স্থযোগ তিনি গ্রহণ করিতে পারেন কিম্বা তাহার জন্ম প্রস্তুত হইতে পারেন কিন্তু স্বয়ং ঘটনার স্বষ্ট করিতে পারেন না।

কিন্তু একথা সত্য যে শিক্ষিত সম্প্রদায়ের মধ্যে গান্ধিজীর জনপ্রিয়তার হাস বৃদ্ধি ঘটিরাছে। অগ্রসর হইবার মৃহুর্ত্তে তাহারা তাঁহার অহুগমন করে কিন্তু যথন অনিবার্যারূপে প্রতিক্রিয়া দেখা যায় তথন তাহারা হুইয়া উঠে সমালোচক। তথাপি অধিকাংশই তাঁহার নিকট মাধা নীচু করিয়াছে। অন্ত কোন কার্য্যকরী রাজনৈতিক উপায়ের অভাবও ইহার অন্ততম কারণ। মভারেট, রেস্পন্সিভিষ্ট অথবা ঐ শ্রেণীর দলের কথা কেহ গণনার মধ্যেও আনে না। যাহারা সন্ধাসবাদী, হিংসায় বিশ্বাসী, আধুনিক জগতের রাজনৈতিক মতবাদ হুইতে তাহারা সম্পূর্ণ বাহিরে চলিয়া গিয়াছে। তাহাদের প্রণালী নিফল ও বর্ত্তমান কালের অহুপ্রোগী। সমাজতান্ত্রিক কার্যপদ্ধতিও দেশের হুপরিচিত নহে। এবং ইহা কংগ্রেসের উচ্চ শ্রেণীর সদস্তদের পক্ষে অত্যস্ত ভীতিপ্রদ।

১৯২৪ সালের মধ্যভাগে সাময়িক রাজনৈতিক মনক্ষাক্ষির পর আমার পিতার সহিত গান্ধিজীর পুনরায় মিলন হইল ও উভয়ের সম্পর্ক অধিকতর ঘনিষ্ঠ হইয়া উঠিল। উভয়ের মধ্যে যতই কেন পার্থক্য থাকুক না, পরস্পরের প্রতি শ্রদ্ধা ও স্থবিবেচনার অভাব ছিল না। তাঁহাদের পরস্পরের প্রতি এই শ্রদ্ধার কারণ কি? মহাত্মা গান্ধীর্র কতকগুলি রচনা সংগ্রহ "আধুনিক চিন্তাধারা" এই নামে পুত্তকাকারে

#### च अरुवान (नर्ज

বাহির হইয়াছিল। ঐ পুস্তকের ভূমিকা লিখিতে গিয়া পিতা তাঁহার মনোভাব আমাদিগকে জানিবার স্বযোগ দিয়াছিলেন।

তিনি লিখিতেছেন, "ঋষি ও মহাত্মাদের বিষয় আমি শুনিয়াছি কিছ কখনও তাঁহাদিগকে দেখিবার সোভাগা আমার হয় নাই, এবং আমি অকপটে স্বীকার করিব তাঁহাদের অন্তিত্ব সম্বন্ধে আমার মনে সংশয় আছে। আমি মান্ত্য এবং যাহা মন্ত্রোচিত তাহাতে বিশাসী। এই পৃস্তকে বাঁহার রচনা সংগ্রহ করা হইয়াছে তিনি একজন মান্ত্য এবং তাহাতে মন্ত্রোচিত গুণাবলী বিভ্যমান.।, মন্ত্রাপ্রকৃতির ত্ইটি মহৎ গুণের তিনি দৃষ্টাস্তস্থল—শ্রন্ধা ও শক্তি·····

"যাহার মধ্যে শক্তি নাই, বিশ্বাস নাই, সে-ই প্রশ্ন করে, 'ইহার ছারা আমার কি ফল লাভ হইবে ?' 'হয় জয় নয় মৃত্যু,' এই উত্তরে তাহার মন সায় দেয় না·····কিন্তু দীন হীনও ইহাতে সোজা হইয়া দাঁড়ায়••• বিশ্বাসের দৃঢ়ভূমিতে অকম্পিত পদে দাঁড়াইয়া শক্তির অপরাহত শৌর্যো অটল থাকিয়া তিনি তাঁহার স্বদেশবাসীকে মাতৃভূমির জন্ম আত্মোৎসর্গ ও হংথের বাণী বিরামহীন ভাবে শুনাইতেছেন। তাঁহার বাণী লক্ষ লক্ষ্ণ হদয়ে প্রতিপ্রনিত হইতেছে। ·····"

উপসংহারে তিনি স্থইনবার্ণের ছুই পংক্তি কবিতা উদ্ধৃত করিয়াছেন।

"আমাদের মধ্যে আমরা কি নরের মধ্যে নরোত্তম পাই নাই, যে মাসুষ ঘটনাবলীর 'অধিরাজ' ?"

তিনি উল্লিখিত বাক্যে স্পষ্টতঃই বুঝাইতে চেষ্টা করিয়াছেন মহায়া বা সাধুপুক্ষ হিসাবে নহে, তিনি মান্ত্ৰ হিসাবেই গান্ধীকে প্ৰদ্ধা করেন। তাঁহার চরিত্রে শক্তি ও অনমনীয় দৃঢ়ভা-ছিল বলিয়াই তিনি গান্ধিজীর মানসিক বলের প্রশংসা করিতেন। ৺এই ক্ষুদ্র রুশ-জীর্ণ তন্তু মন্ত্রষাটির মধ্যে এমন এক লোহ-কাঠিন্ত ছিল বাহা পর্বতের মত অটল এবং যত বড়ই হউক না কেন, কোন বাহুবলের সাধ্য নাই যে তাঁহাকে অবনত করে। তাঁহার দেহের মধ্যে আকর্ষণের কিছুই নাই, তথাপি তাঁহার কটিমাত্র বন্ধান্ত নগদেহে, তাঁহার প্রত্যেক ভাবভঙ্গীমায় এমন একটা মহং গরিমা প্রকাশ পায় যাহার সম্মুথে অপরে মাথা নত না করিয়া পারে না। তিনি বিনয়ী ও নিরাই এবং তংসম্পর্কে তিনি অত্যম্ভ সচেতন কিছু তথাপি তিনি জানেন তাঁহার মধ্যে প্রভূত্বের ভাব আছে, শক্তি আছে এবং সময়মত সত্যস্ত স্বধীরতার সহিত তিনি আদেশ করেন এবং প্রত্যাশা করেন অপরে অবনত শিরে তাহা পালন

# আসার পিতা ও গাছিলী

করিবে। তাঁহার প্রশাস্ত গভীর দৃষ্টি অপরকে মন্ত্রমুগ্ধ করিয়া মর্শবন্ধলে প্রবেশ করে। তাঁহার স্পষ্ট গন্ধীর কণ্ঠস্বর অলক্ষ্যে প্রবেশ করিয়া হৃদয় মধ্যে আবেগময় আলোড়ন উপস্থিত করে। তাঁহার শ্রোতা একজনই रुषेक जात महसर रुषेक छारात চिवजमाधुरा ७ आकर्षनी निक नकन(करे गिनिशा नग्न, ध्वांजा ও वकात मध्य कान वावधान थाक ना। এই ভাবপ্রবাহের সহিত মনের বোগ অতি অব্ন থাকিলেও তাহা একেবারে উপেক্ষার ছিল না। স্বদ্যাবেগের সহিত তুলনায় মন ও যুক্তির স্থান নিশ্চয়ই পশ্চাতে ছিল। বাগ্মিতা বা মনোহর বাক্বিকাস কৌশল দারা এই "মন্ত্রমৃত্ধ" অবস্থার স্ষষ্টি হইত না, তাঁহার ভাষা সরল, স্থনির্দিষ্ট এবং কদাচিং তিনি অনাবশুক শব্দ ব্যবহার করিয়া থাকেন। এই মন্তুল্যটির অকপট চরিত্র এবং প্রথর বাক্তিবই তাঁহার প্রতি সকল: ६ আকর্ষণ করে। তাঁহার অন্তরের গভীর শক্তির পরিচয় বাহিরের ভঙ্গীতে ফুটিয়া উঠে। তাঁহার মাহাত্ম্য সম্বন্ধে লোকমূথে প্রচলিত যে সকল গল্প রটিয়া গিয়াছে সম্ভবতঃ তাহাও পারিপার্শ্বিক অবস্থাকে পূর্ব্ব হইতে অনেকটা অমুকূল করিয়া রাথে। হয় ত একজন অপরিচিত, এই সকল কাহিনী সম্বন্ধে সম্পূৰ্ণ অজ্ঞ ব্যক্তি অতি সহজে তত অভিভৃত হুইবে না। তথাপি গান্ধিজীর এক বিশেষ বিশেষত্ব এই যে, তিনি অনায়াদে অপরের চিত্ত জয় করিতে পারেন অস্ততঃপক্ষে তাঁহার প্রতিঘন্দীকে নিরম্ভ করিয়া क्विंतिरङ भारत्र ।

প্রাকৃতিক সৌন্দর্যের অনুরাগী হইলেও মনুয়হন্ত-রচিত কাকশিক্সের প্রতি গান্ধিজীর বিশেষ অনুরাগ নাই। তাজমহল তাঁহার দৃষ্টিতে বল-নিপীড়িত পর-প্রমের প্রতীকমাত্র, অথবা কিছু বেনী। স্থান্ধ উপভোগ করিবার ক্ষমতাও তাঁহার অত্যন্ত হুর্বল, তথাপি তিনি নিজের মত করিয়া জীবন যাত্রার একটা প্রণালী ঠিক করিয়া লইয়াছেন এবং সমগ্রভাবে ভাহা স্থলর। তাঁহার ভাবভঙ্গীর মধ্যে কমনীয়তা আছে, ক্লুত্রিমতা নাই। তাঁহার চরিত্রে কর্কশ ভাব কিয়া কোন উগ্রতা নাই। এবং আমাদের দেশে মধ্যশ্রেণী স্থলভ স্থলকৃচি ও ইতর্তার লেশমাত্রও তাঁহার মধ্যে নাই। তিনি অন্তরের মধ্যে গভীর শান্তির সন্ধান পাইয়াছেন, জীবনের বন্ধুর যাত্রাপথে তিনি চারিদ্বিকে সেই শান্তি বিলাইয়া দৃঢ় ও নির্ভীক পদক্ষেপে চলিয়াছেন। ব

কিন্তু আমার পিতার সহিত তাঁহার পার্থকা কত বেশী! তাঁহার মধ্যেও ব্যক্তিস্বাতয়োর শক্তি এবং রাজোচিত মহিমা বিশ্বমান। স্বইনবার্ণের যে হই ছত্র কবিতা তিনি উদ্ধৃত করিয়াছেন তাহা তাঁহার সম্বন্ধেও প্রযুক্তা। যে কোন সভাসমিতিতে তিনি উপস্থিত হইলে

# च अर्जनान (नर्ज

অবলীপাক্রমে নেতার আসন গ্রহণ করিতেন। টেবিলের যে কোন দিকেই তিনি উপবেশন করুন না কেন তাহাই হইত প্রধান আসন। (একজন বিখ্যাত ইংরাজ বিচারক পরবর্ত্তী কালে ইহা বলিতেন)। তিনি গান্ধিলীর মত নিরীহ অথবা কোমল প্রকৃতির ছিলেন না এবং কাহারও দহিত মতানৈকা ঘটিলে তাঁহাকে ছাড়িয়া কথা কহিতেন না। তাঁহার প্রকৃতি ছিল প্রভূত্বপ্রিয়। এ জন্ম তিনি একদিকে যেমন অনেকৈর সম্রাধ্ব আফুগত্য লাভ করিতেন অন্যদিকে তীত্র বিরোধিতারও অসম্ভাব ছিল না। তাঁহার সম্পর্কে নিরপেক্ষ থাকা কঠিন। হয় তাঁহাকে শ্রহ্মা क्रिंग्ड इहेर्द, ना इय, अपहन्म क्रिंग्ड इहेर्दा जाहात अमरा ननारे, দৃঢ়নিবদ্ধ ওঠৰ্ষ, আত্মবিখাদের ভোতক চিবুকের সহিত ইতালীর মিউজিয়মে রক্ষিত রোম সম্রাটগণের আবক্ষ মৃত্তির আশ্চর্য্য সৌসাদৃশ্য রহিয়াছে। ইতালীৰ অনেক বন্ধ তাঁহার চিত্র দেখিয়া এই সৌসাদুশোর কথা বলিয়াছিলেন। পরিণত বয়সে তাঁহার শুভ্র কেশরাশি, তাঁহার গর্বিত ভাবভন্দীর মধ্যে যে অনিন্দিত মহিমার বিকাশ হইও আধুনিক জগতে তাহা কত বিরল। আমার পিতার প্রতি পক্ষপাত আছে, কিন্তু কৃত্রতা ও দৌর্বলাভরা এই জগতে আমি তাঁহার মহত্বের অভাব অনুভব করি। তাঁহার উদার আচরণ, ব্যবহার ও অপূর্ব্ব শক্তিমতা আমি চারিদিকে কোথাও খুঁজিয়া পাই না।

আমার মনে আছে, ১৯২৪ সালে যথন স্বাজ্ঞাদলের সহিত গান্ধিজীর বিরোধ চলিতেছিল তথন পিতার একথানি ফটে। তাঁহাকে দেখাই। এই ফটোগ্রাফে পিতার প্রতিকৃতি গুল্ফবজ্জিত ছিল এবং ইতিপূর্ব্বে গান্ধিজী কথনও পিতাকে সেই বিখ্যাত-গুল্ফহীন অবস্থায় দেখেন নাই। তিনি অনেকক্ষণ ধরিয়া একদৃষ্টিতে প্রতিকৃতিখানা দেখিতে লাগিলেন। গুল্ফ অন্তর্হিত হওয়ায় মুখমণ্ডল ও চিবুকের মধ্যে একটা কাঠিন্ত ফুটিয়া উঠিয়াছিল। গান্ধিজী শুল্ক হাস্তে বলিলেন, এগন বৃঝিতেছি কাহার সহিত আমাকে বাদে প্রবৃত্ত হইডে হইয়াছে। কিন্ধু তাঁহার চক্ষ্বয় এবং সদাহাস্তর্প্রক্র রেখায় মুখমণ্ডল হইতে কাঠিন্ত অন্তর্হিত হইত। আবার সেই নির্মান চক্ষ্বয় কদাচিং দীপ্ত হইয়া উঠিত। হংসের নিকট জল যেমন প্রিয়, ব্যবস্থাপরিষদের কার্যাও তেমনি পিতার নিকট হৃদয়গ্রাহী হইয়াছিল। তাঁহার আইন ও নিয়মতান্ধিক শিক্ষার ফলে সত্যাগ্রহ অপেক্ষা এই খেলার কৌশন ভিনি ভাল করিয়াই জানিতেন। তিনি দলের মধ্যে কঠিন শৃত্বলা রক্ষা করিতেন এবং মন্ত্রান্ত দল বা ব্যক্তিকে তাঁহার সমর্থনে প্রবৃত্ত করিতেন। কিন্তু কিছুদিন পরেই তিনি নিজের দলের লোকদের লইয়া বিব্রত হইয়া

# আমার পিতা ও গাৰিজী

পড়িলেন। স্বরাজ্য দলের স্চনায় পরিবর্তনবিরোধী দলের সহিত বিরোধের ফলে কংগ্রেসের বলর্দ্ধির জন্ম অনেক অবাঞ্চিত ব্যক্তিকে ধরাজ্যদলে গ্রহণ করা হইয়ছিল। ত রপর আসিল নির্নাচন ইহার জন্ম অর্থের আবশ্রক এবং তাহা ধনীদের নিকট হইতে সংগ্রহ করা ছাড়া উপায় নাই। এই সকল ধনীদের হাতে রাগিবার জন্ম তাঁহাদের কয়েকজনকে স্বরাজ্যদলের প্রাথীরূপে দাঁড় করান হইল। একজন আমেরিকান সেম্প্রালিই বলিয়াছেন ( শুর ই্যাকোর্ড ক্রিপন্ কর্তৃক উল্লিখিত ) যে, রাজনীতি গরীবের নিকট হইতে ভোট এবং ধনীর নিকট হইতে নির্বাচন যুদ্ধে রসদ আদায় করিবার এবং একের আক্রমণ হইতে অপরকে রক্ষা করিবার প্রতিশ্রুতি দিবার এক মোলায়েম কৌশল মাত্র।

ঐ কারণে স্বরাজ্যদলের স্চনাতেই উহার মধ্যে তুর্বলতার বাঁজ প্রবেশ করিল। ব্যবস্থানরিষদ ও প্রাদেশিক আইনসভায় কার্য্য করিতে গিয়া অপরের সহিত এবং নরমপন্থীদের সহিত প্রত্যহই আপোষ করিতে হইত এবং এই অবস্থার মধ্যে অভিযানের দৃঢ়সম্বল্প কিষা স্থানিদিষ্ট নীতি বেশী দিন টিকিতে পারে না। ক্রমশং শৃষ্থলা নই হইতে লাগিল, দলের উগ্রতা কমিয়া আসিল, তুর্বলিচিত্ত বাক্তি ও ভাগ্যায়েষীরা উদ্বেশের কারণ হইয়া উঠিল। "ভিতর হইতে বাধাদান" করিবার উদ্দেশ্য ঘোষণা করিয়া স্বরাজ্যদল আইন সভায় প্রবেশ করিয়াছিলেন। কিন্তু এ বেলা অপরেও থেলিতে পারে এবং গভর্ণমেন্ট স্থকৌশলে স্বরাজ্যদলের মধ্যে বাধা উপস্থিত ও ভেদ ঘটাইতে লাগিলেন। উচ্চপদ এবং অ্যান্ত অনেক প্রলোভন তুর্বলিচিত্ত ব্যক্তিদের নিকট উপস্থিত করা হইল। তাহারা উহা হাত বাড়াইয়া অনায়াসেই গ্রহণ করিতে পারেন। তাহাদের যোগ্যতা, রাজনীতিকোচিত গুণাবলীর এবং মধুর ব্যবহারের প্রশংসা করা হইতে লাগিল। তাহাদের চাবিদিকে পণ্যশালা এবং কশ্মক্ষেত্রের ধূলি ও কোলাহলহীন অপূর্ব্ব আরামের ব্যবস্থা করা হইল।

সরাজাদলের উচ্চ কণ্ঠস্বর ক্রমশঃ ক্ষীণ হইয়া আসিতে লাগিল।
কেহ কেহ ধসিয়া পড়িয়া অক্সদলে যোগ দিতে লাগিল। পিতা
চীংকার করিলেন, ভয় দেখাইয়। "রোগতৃষ্ট অঙ্গচ্ছেদনের" কথা বলিলেন।
অঙ্গ যেথানে নিজেই থসিয়া ঘাইবার জন্ম ব্যগ্র তথন এই ভীতি প্রদর্শন
একান্তই বুধা হইল। কোন কোন স্বরাজী মন্ত্রী হইলেন কেহ বা
প্রাদেশিক শাসন পরিষদের সদত্য হইলেন। একদল স্বরাজী স্বতম্ম হইয়া
নিজেদের "রেস্পন্সিভিষ্ট" অর্থাৎ পারস্পরিক সহযোগিতাবাদী বলিয়া
প্রচার করিতে লাগিলেন। সম্পূর্ণ স্বতম্ম অবস্থায় এই নামটি প্রথম লোক্ষান্ত

# ज्युर्जनांग म्बर्ज

তিলক ব্যবহার করিয়াছিলেন। কিন্তু এখন ইহার অর্থ দাঁড়াইল এই বে, হ্রংবাগ পাইলেই একটি চাকুরী লইয়া তাহার সদ্বাবহার করা। অবশ্র এইভাবে কতকাংশের দলত্যাগ সত্ত্বেও স্বরাজ্ঞাদলের কাজ চলিতে লাগিল। কিন্তু ঘটনার গতি দেখিয়া পিতা এবং দাশ মহাশয় উভয়েই কিঞ্চিং বিরক্ত এবং আইনসভায় এই নিক্ষল প্রমে ক্লান্ত হইয়া উঠিলেন। ইহার সহিত উত্তর ভারতে ক্রমবর্দ্ধমান হিন্দু-মুসলমান মনোমালিগ্র এবং তাহা হইতে দালা হালামার উৎপত্তি তাঁহাদিগকে আরও ঘ্শিক্তাগ্রস্ত করিল।

১৯২১-২২-এ যে স্কল কংগ্রেস্পন্থী আমাদের সহিত কারাগারে ছিলেন এখন তাঁহারা কেহ বা মন্ত্রী কেহ বা গভর্ণমেন্টের বড় চাকুরীয়া। ১৯২১ সালে যে গভর্ণমেণ্ট আমাদের কার্য্য বে-আইনী বলিয়া আমাদিগকে জেলে পাঠাইয়াছিলেন সেই গভর্ণমেটেও কতিপয় মডারেট (ইহারাও প্রাচীন কংগ্রেসপন্থী) ছিলেন। ভবিশ্বতে কয়েকটি প্রদেশে হয় ত বা আমাদের সহকর্মীরাই আমাদিগকে আইন বিরোধী ঘোষণা করিয়া কারাগারে পাঠাইবেন। এই স্কুল নৃত্র মন্ত্রী এবং শাসন পরিষদের मन्छ महादर्वे व्यापका । स्था व कांग्रानक। हैरात। वामारनत जान করিয়াই চিনেন এবং আমাদের তুর্বলতা কি এবং কেমন করিয়া তাহার च्रायां नरेट रह जारां आदिन। जाराता आभारमंत्र कार्या अभानीत সহিত অপরিচিত, বৃহৎ জনতার মতিগতি এবং জনমত সম্প্রেও তাঁহাদের অভিজ্ঞতা আছে। নাৎদীদের মতই মতপরিবর্ত্তন করিবার পূর্ব্বে ইহারা কিছুকাল বৈপ্লবিক কার্য্যপদ্ধতিতে যোগ দিয়াছেন, এবং তাঁহাদের সেই অভিজ্ঞতার ফলে তাঁহারা অজ্ঞ ও অদূরদর্শী সাধারণ শাসকসম্প্রদায় কিস্বা মডারেট মন্ত্রিগণ অপেক্ষা অধিকতর কুশলতার সহিত কংগ্রেসের পুরাতন সহকর্মীদিগকে দমন করিতে পারেন।

১৯২৪-এর ডিসেম্বর মাসে গান্ধিজীর সভাপতিয়ে বেলগাম-এ কংগ্রেসের অধিবেশন হইল। তিনি বছবর্ষ নাবং কার্য্যতঃ কংগ্রেসের স্থায়ী মহা-সভাপতি হইয়াই আছেন। অত্রব তাঁহার পক্ষে সভাপতির অভিভাষণ আমার মোটেই ভাল লাগিল না, উহার মধ্যে প্রেরণা পাইবার মত কিছুইছিল না। অধিবেশনের শেষে আমি পুনরায় গান্ধিজীর নির্দ্ধেশে আগামী বংসরের জন্ম নিঃ ভাঃ রাষ্ট্রীয় সমিতির কার্য্যকরী সম্পাদক নির্বাচিত হইলাম। আমার অনিচ্ছাসত্তেও আমি ক্রমশঃ কংগ্রেসের স্থায়ী সম্পাদক হইয়া উঠিলাম।

১৯২৫-এর গ্রীম্মকালে হাঁপানী রোগ রৃদ্ধি ইওয়ায় পিতা অস্কুস্থ হইয়া পড়িলেন। তিনি পরিবারবর্গদহ হিমালয়ের ভালহৌদী পর্বতে চলিয়া

# উদ্ধান সাম্প্রদায়িকভা

গেলেন, আমি করেকদিন পর ঘাইয়া তাঁহালের সহিত মিলিত হইলাম।

এই সময়ে আমরা ভালহোসী হইতে হিমালয়ের গভীর গহনে চয়ায় প্রমাণ
করিতে গিয়াছিলাম। পার্কতা পথস্রমণে শ্রান্ত হইয়া আমরা যথন

সেধানে উপন্থিত হইলাম , (জুন মাস ) তথনই তারে চিন্তরঞ্জন দাশের

যুত্যু সংবাদ আসিল। পিতা শোকে মুহ্মান হইয়া দীর্ঘকাল মুর্তির মত

ন্তক্ত হইয়া বিসিয়া রহিলেন। তাঁহার নিকট ইহা এক নিচুর আঘাত।
আমি কদাচিং তাঁহাকে এত অধীর হইতে দেখিয়াছি। তাঁহার একমাত্র
ঘনিষ্ঠ ও প্রিয়তম সহকর্মী সমস্ত দায়িত তাঁহার স্কল্কে নিক্ষেপ করিয়া

সহসা চলিয়া গেলেন। বোঝা ক্রমেই তারি হইয়া উঠিতেছিল, দলের

দৌর্কল্য বাড়িতেছিল। তিনি এবং দেশবর্ক্ উভ্যেই পরিপ্রান্ত হইয়া

পড়িয়াছিলেন। ফরিদপুর প্রাদেশিক সম্মেলনে দেশবর্ক্ব সর্কশেষ বক্ততায়

এই ক্লান্তি পরিশ্ উ হইয়াছিল।

আমর। পরদিন প্রভাতে চম্বা ত্যাগ করিয়া ডালহৌসী পশ্চাতে ফেলিয়া মোটর যোগে পার্স্বত্য পথ দিয়া দূরবর্ত্তী রেলষ্টেশনে উপস্থিত হইলাম। সেপান হইতে এলাহাবাদ হইয়া কলিকাতায় ধাত্রা করিলাম।

#### 19

# উদাম সাম্প্রদায়িকতা

নাভা জেল হইতে ফিরিবার পর আমার পীড়া এবং টাইফয়েড রোগের সহিত যুদ্ধ আমার জীবনে এক নৃতন অভিজ্ঞতা। জর রোগে অথবা শারীরিক তৃর্বলতার জন্ম বিছানায় শুইয়া থাকিতে আমি অনভান্ত। আমার শাস্তার জন্ম আমি গর্ববাধ করিয়া থাকি। আমাদের দেশে সাধারণতঃ শরীরটা ভাল নয় বলিবার বা ভাবিবার যে ফাাসান দেখা যায় আমি বরাবর তাহার প্রতিবাদ করিয়া থাকি। আমার যৌবন এবং স্থগঠিত দেহের জন্ম এ যাত্রা পরিত্রাণ পাইলাম। তৃর্বল দেহে বিছানায় শুইয়া আমি ক্রমশঃ শাস্তালাভ করিতে লাগিলাম। এই কালে দৈনন্দিন কাজ এবং পারিপার্শিক অবস্থা হইতে নিম্বৃত্তি লাভ করিয়া দূর হইতে সমস্ত বিষয় চিন্তা করিতে লাগিলাম। আমার মন পূর্বাপেক্ষা শাস্ত হইল এবং আমি সকল বিষয় অধিকতর স্পষ্টভাবে দেখিতে ও বুঝিতে লাগিলাম। সম্ভবতঃ কঠিন

#### জওহরলাল নেহর

পীড়ায় সকলেরই অল্পবিন্তর এই শ্রেণীর অমুভূতি হইয়া থাকে; কিছু আমার ইহা এক আধ্যাত্মিক অমুভূতির মত মনে হইল। এই শুলুটি আমি কোন সন্ধীর্ণ ধর্মসম্পর্কিত অর্থে ব্যবহার করিতেছি না আমাদের রাজনীতির ভাবুকতার স্তরের উর্দ্ধে উঠিয়া আমি পারিপার্থিক ঘটনাবলী, যাহা ঘারা এতকাল রাষ্ট্রক্ষেত্রে চালিত হইয়াছি, তাহা যেন স্পষ্টতররূপে দেখিতে পাইলাম। এই স্পষ্টতার মধ্যে নৃতন প্রশ্ন উঠিল কিন্তু আমি কোন সম্ভূত্র পাইলাম না। জীবন এবং রাজনীতিকে ধর্মের দিক হইতে দেখিবার ভাব আমার মন হইতে ক্রমশঃ অন্তর্হিত হইল। এই অভিজ্ঞতার বিষয় অধিক লেখা আমার পক্ষে অসাধ্য। এই অমুভূতি ভাষায় প্রকাশ করা সহজ নহে। তাহার পর এগার বংসর অতিবাহিত হইয়াছে, এখন আমার মনে ইহা অস্পষ্ট শ্বৃতি মাত্রে পর্যবৃসিত; কিন্তু ইহা আমার উত্তমরূপে শ্বরণ আছে যে, ইহার ফলে আমার চিন্তাধারা সম্পূর্ণরূপে পরিবৃত্তিত হইয়াছিল। তাহার পর তুই বংসর বা ততোধিক কাল আমি একরূপ অনাসক্ত ভাবে কার্য্য করিয়াছি।

অবশ্য আমার আয়তের বাহিরে যে সকল ঘটনা ঘটিতেছিল এবং যাহার সহিত আমি নিজের সামঞ্জন্ত স্থাপন করিতে পারিতেছিলাম না তাহাও কিয়ৎপরিমাণে আমার মান<u>দিক</u> পরিবর্ত্তনে সহায়তা করিয়াছিল। কতকগুলি রাজনৈতিক পরিবর্ত্তনের কথা আমি ইতিপূর্বেই উল্লেখ করিয়াছি। কিন্তু তদপেক্ষা বহুগুণে গুরুতর হইয়া দাঁড়াইল হিন্দু-মুসলমান সম্প্রা। বিশেষতঃ উত্তর ভারতের কয়েকটি নুগুরে অতি নৃশংস পাশবিক নিষ্ঠ্রতার সহিত দাঙ্গা হাঞ্চামা ঘটিল। ক্রোধ ও অবিখাসের আবহাওয়ায় কলহের এমন দব নৃতন কারণ দেখা দিল, বাহা ইতিপুর্বের আমরা কথনও ভনি নাই। ইতিপূর্বে গোহত্যা লইয়া বিশেষতঃ বক্রীদের দিন হান্ধামা ও মনক্ষাক্ষি হইত। যদি হিন্দু ও মুদলমান উভয়ের পর্ব উৎসব একই मित्न इटें ठाटा इटेल ७ कनट इटें है। पृष्ठा खन्न भरतम ७ तामनीनात কথা উল্লেখ করা ই্যাইতে পারে। মহরম শোকাবহ ব্যাপার। ইহার মিছিল গম্ভীর, অশ্র ও বিষাদ-উদ্দীপক, পক্ষাস্তরে রামলীলা আনন্দের উৎসব, অক্তায়ের উপর সত্যের জয় ঘোষণা। এই ছুইটি পরস্পর বিরোধী— তবে সৌভাগ্যক্রমে দীর্ঘ ত্রিশ বৎসর পর এই গুই উৎসব এক সময় অভুষ্ঠিত হয়। রামলীলা সৌর মাস হিসাবে গণিত হয় বলিয়া প্রতি বৎসর একই সময় অফুষ্টিত হয়, মহরম চাব্র মাস হিসাবে গণিত হয় বলিয়া প্রতিবংসরই সময়ের পরিবর্ত্তন হয়।

কিন্তু কলহের যে নৃতন কারণ উপস্থিত হইল তাহা নিত্য-নৈমিন্তিক

# উদ্ধান সাম্প্রদায়িকভা

সচরাচর ঘটনা। ইহা মসজিদের সন্মুথে বাছা সমস্থা। মুসলমানেরা জ্মুপন্তি করিতে লাগিলেন যে বাছা এবং যে কোন গোলমালে মসজিদে প্রার্থনা করিবার ব্যাঘাত হয়। প্রত্যেক বৃহৎ সহরেই কতকগুলি করিয়া মসজিদ আছে। এখানে পাঁচ বার করিয়া উপাসনা হয় এবং বিবাহ ও শব্যাত্রাসহ নানাবিধ গোলমালের অভাব নাই, কাজেই কলহের সম্ভাবনা পদে পদে। বিশেষভাবে মসজিদে সাদ্ধা উপাসনার সময় শোভাযাত্রা ও গোলমালের বিক্লজে আপত্তি করা হইতে লাগিল। কিন্তু এই সময় হিন্দু মন্দিরে সন্ধ্যারতির কাঁসর-ঘণ্টা বাজিয়া ওঠে। কাজেই আরতি-নামাজ সমস্থাই বড় হইয়া উঠিল।

যাহা পরস্পরের প্রতি স্থবিবেচনা এবং মনোভাব লক্ষ্য করিয়া একটু অদলবদল করিয়া লইলেই মীমাংসা হইতে পারিত, তাহাই তীব্র কলহে পরিণত হইয়া দাক্ষা হাক্ষামার কারণ হইল ইহা আশ্চর্য্য মনে হইতে পারে। কিন্তু ধর্মোন্মততা কথনও যুক্তি, স্থবিবেচনা এবং আপোষের ধার ধারে না। এবং যথন তৃতীয় পক্ষ এক পক্ষকে অপর পক্ষের বিরুদ্ধে উদ্ধাইয়া দিবার জন্ম উপস্থিত থাকে, তথন ত কথাই নাই।

উত্তর ভারতের কয়েকটি নগরে অন্তষ্টিত এই দাঙ্গাহাঙ্গামাগুলির কারণ অনেকে বড় করিয়া দেখিতে পারেন। অধিকাংশ সহর বন্দর এবং সমগ্র পল্লী-ভারত শাস্তই ছিল এবং এই সকল ঘটনায় উত্তেজিত হয় নাই 🗀 তবে সংবাদপত্তে অতি সামান্ত সাম্প্রদায়িক অশাস্তির সংবাদও বিশেষ প্রাধান্ত ও তিক্ততা বিশেষ বৃদ্ধি পাইয়াছিল, একথা নি:সন্দেহ। সাম্প্রদায়িক নেতারা পুরোভাগে আসিয়া ইহাকে অধিকতর বাড়াইয়া তুলিলেন এবং সাপ্রদায়িক রাজনৈতিক দাবীগুলির মধ্যে ইহার প্রতিচ্ছায়া ফুটিয়া উঠিল। य नकन ताडीय श्रेंभि विदाराधी मूननमान अमरायां आत्माना शिष्टान পড়িয়াছিলেন, তাঁহারা সাম্প্রদায়িক বিরোধের স্থযোগে ব্রিটিশ গভর্ণমেণ্টের পৃষ্ঠপোষকতায় আবার প্রতিষ্ঠা লাভ করিলেন। জাতীয় ঐক্য এবং ভারতের স্বাধীনতার মূলে কুঠারাঘাত করিয়া ইহারা নিত্যন্তন অসম্ভব সাম্প্রদায়িক मावी উপস্থিত করিতে লাগিলেন। হিন্দুদের পক্ষেও রাজনৈতিক প্রগতিবিরোধীরা আসিয়া প্রধান প্রধান নেতা সাজিলেন এবং হিন্দু রার্থরক্ষার নামে গভর্ণমেন্টের হাতে থেলার পুতৃল ইইয়া উঠিলেন। তাঁহাদের কোন আশাই সফল হইল না এবং বস্তুত: হইতেও পারে না । তাঁহাদের অবলম্বিত উপায়ে তাঁহারা তাঁহাদের একটি দাবীও গভর্ণমেন্টের নিকট আদায় করিতে পারেন নাই। তাঁহার। কেবল দেশের সাম্প্রদায়িক মনোভাব বৃদ্ধি করিতে কুতকার্য্য হইলেন।

#### ज अर्जनांन (नर्ज

ু কংগ্রেস বিপাকে পড়িন। জাতীয় ভাবের প্রভিনিধি এবং জাতীয় আদর্শ সম্বন্ধে সচেতন কংগ্রেস স্বভাবতঃ এই সাম্প্রদায়িকতার প্রাবদ্যে ক্ষতিগ্রস্ত হইল। জাতীয়তার আবরণে অনেক কংগ্রেসপন্থী আসলে ছিলেন সাম্প্রদায়িকতাবাদী। কিন্তু মোটের ট্রুপর ক্ংগ্রেসনেতারা অটল রহিলেন, কোন সাম্প্রদায়িক দলের পক্ষাবলম্বন করিলেন না। এই সুময় শিপ এবং অগ্রান্ত ক্ষুদ্র ক্ষুদ্র সংখ্যালঘিষ্ঠ দলের পক্ষ হইতে বিশেষ দাবী ঘোষিত হুইতে লাগিল। ইহার কলে উভয় পক্ষের চরম সাম্প্রদায়িক তাবাদীরা কংগ্রেসকে অভিশাপ দিতে লাগিলেন। )বহুপুর্বের, এমন কি অসহযোগ আন্দোলন আরম্ভ হইবারও কিছুদিন পূর্বের গান্ধিজী সাম্প্রদায়িক সমস্থার মীমাংসার জন্ম তাঁহার নিজের স্তত্ত্ত্ত্তিল প্রকাশ করিয়াছিলেন। তাঁহার মতে সংখ্যাগরিষ্ঠ সম্প্রদায়ের উদারতা ও সদিচ্ছার উপরেই সমাধান নির্ভর করে। এজন্য মুসলমানদের সর্কবিধ দাবী স্বীকার করিয়া লইতে তিনি প্রস্তুত ছিলেন। তিনি তাহাদের চিত্তজয় করিতে চাহিয়াছিলেন, দর ক্যাক্ষি করিবার মনোভাব ভাহাতে ছিল না। দ্রদশিত। এবং বস্তুর প্রক্লত মৃল্য সম্পর্কে সত্য ধারণা লইয়া তিনি বাশুব দৃষ্টিতে ইহার মীমাংসা চাহিয়াছেন। কিন্তু এমন অনেকে ছিলেন যাঁহারা কোন বস্তুর প্রকৃত মূল্য অপেকা বাজার দরের বিষয়েই বেশী জানিতেন এবং কেনাবেচার পদ্ধতি পরিত্যাগে অনিচ্ছুক ছিলেন। বস্তুর প্রক্লুত মূল্য অপেক্ষা কি মূল্য দিতে হইতেছে সেই সম্পর্কেই তাঁহার। বেশী সচেতন।

অপরকে দোষ দেওয়া ও সমালোচনা করা সহজ। কাহারও উদ্দেশ্যের
ব্যর্থতার একটা কৈদিয়২ আবিদ্ধার করিবার লোভ সংবরণ করা কঠিন।
ব্যর্থতার জন্ম অপরের বাধাই দায়ী—না নিজেদের চিন্তা ও কায়্যের ভূলই
দায়ী ? আমরা গভর্গমেন্টকে দোষ দিয়াছি। সাম্প্রদায়িকতাবাদীদের
দোষ দিয়াছি, অবশেষে কংগ্রেসকেও নিন্দা করিয়াছি। অবশু বাধা
পাইয়াছি, গভর্গমেন্ট এবং তাহার সমর্থকেরা ইচ্ছা করিয়াই অবিরত বাধা
দিয়াছেন। ব্রিটিশ গভর্গমেন্ট অত্যাতে এবং বর্ত্তমানে আমাদের মধ্যে ভেদ
স্পৃষ্টি করিবার নীতি গ্রহণ করিয়াছেন। বিভক্ত করিয়া শাসন করা সকল
সামাজ্যেরই নীতি এবং এই নাজির সাফল্যই বিজিতের উপর তাহাদের
শ্রেষ্ঠতার নিদর্শন। ইহার বিজদ্ধে আনরা অভিনোগ করিতে পারি না,
অন্ততঃ ইহাতে আশ্রুষ্য হওয়া উচিত্ত নহে। ইহাকে অবজ্ঞা করিয়া
এতৎসম্পর্কে সাবধানতা অবলম্বন না করা চিন্তার ক্রাষ্টা মাত্ত।

ি কি উপায়ে ইহাকে আমর। প্রতিরোধ করিতে পারি ? দর ক্যাক্ষি করিয়া বাজার-চলন কৌশলে নিশ্চয়ই আমাদের উদ্দেশ্য সিদ্ধ হইবে না। কেননা আমরা যত বেশী দিতে চাহি না কেন, তৃতীয় পক্ষ সর্ববদাই ভাহার

# উদ্ধান সাক্ষমায়িকতা

বেশী দিতে চাহিবে এবং তাঁহারা তাঁহাদেঁর প্রতিশ্রতি মত কার্যাও করিতে পারেন।) যদি জাতীয় ও সামাজিক স্বার্থ সম্বন্ধে সাধারণ দৃষ্ট-ভঙ্গিমা না থাকে, তাহা হঁইলে সাধার শক্রর বিরুদ্ধে এক যোগে কাষ্য করা সম্ভব নয়। যুদ্দি আমরা বর্ত্তমান প্রচলিত রাজনৈতিক ও অর্থনৈতিক ব্যবস্থাগুলিকে মানিয়া লইয়া এখানে ওথানে এক আধটু সংস্থার চাহি এবং উচ্চ চাহুরীগুলিতে অধিকসংখ্যক ভারতবাদী নিয়োগ করিতে চাহি, তাহা হইলে আমরা একাবদ্ধ কোন কার্য্য করিবার প্রেরণাই পাইব না। কেননা উহার উদ্দেশ হইবে, যাহা চাহিমা চিভিমা পাওল গেল, তাহা ভাগ বাটোমারা করিমা লওয়া। এক্ষেত্রে প্রবল প্রভূত্বের গরিমায় প্রতিষ্ঠিত তৃতীয় পক্ষই উহা নিয়ন্ত্রণ করিবে এবং তাহাদের মনোমত অন্বগ্রহভান্তনদিগের মধ্যেই পুরস্থার বিতরণ করিবে।) (অতএব স্বতম্র রাষ্ট্র ব্যবস্থা, এমনকি, বর্তমান হইতে সম্পূর্ণ পূথক সামাজিক ব্যবস্থার পরিকল্পনার উপরই আমরা সম্মিলিত কার্যাপদ্ধতির দৃঢ় ভিত্তি রচন। করিতে পারি। এই পরিকল্পনার অন্তর্নিহিত দাবী হইল পূর্ণ স্বাধীনতা। ইহার দ্বারাই জনসাধারণকে ব্রাইতে হইবে যে, বর্তমান রাজনৈতিক ব্যবস্থার একটা ভারতীয় সংস্করণ ( যাহার মূলে থাকিবে ব্রিটিশ কর্ত্ত ) অর্থাথ ডোমিনিয়ন ষ্টেটাস্ বলিতে যাহা বুঝায় তাহ। আমরা চাহিতেছি না, ইহা হইতে স্বতম্ব এবং সম্পূর্ণ বিভিন্ন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান গড়িবার जगरे जामारात जिल्लान। भूर्व याबीन छ। जार्थ जरकरे क्वन ताकरेन जिक मुक्ति त्याय, इंशांख मामाजिक পরিবর্তন বা জনসাধারণের অর্থনৈতিক মৃক্তি ব্ঝায় না। তবে পূর্ণ স্বাধীনতা অর্থে লণ্ডন সহরের সহিত আমরা ধে আধিক ও অর্থনৈতিক বন্ধনে আবন্ধ আছি তাহার অপসারণ বৃঝায়, এবং এ বন্ধন অপসারিত হইলে বর্তমান সমাজ ব্যবস্থা পরিবর্ত্তন করা আমাদের পক্ষে সহজ্ঞসাধ্য হইবে। তথন আমার চিন্তা প্রথালী এইরূপ ছিল। অবশ্য এখনও আমি মনে করিনা যে রাজনৈতিক স্বাধীনতা নিছক রাষ্ট্রীয় মুক্তিই আনিবে। ইহার সহিত সামাজিক স্বাধীনতাও আসিবে। কিন্তু আমাদের অধিকাংশ নেতাই বর্তমানের রাজনৈতিক ও সামাজিক কাঠামোর মধ্যেই তাঁহাদের চিন্তা সীমাবছ রাখিলেন। এবং এই ভিডির উপুর দাড়াইয়াই তাঁহার। সাম্প্রদায়িক ও নিয়মতান্ত্রিক প্রত্যেকটি সমস্থা সমাধান করিতে চেষ্টা করিলেন। हेरात अवश्रष्ठावी कन अवेर हरेन या, वर्त्तमान वावन्ता याशासत कतास्त. তাঁহারা সেই ব্রিটিশ গভর্ণমেন্টের হাতে গিয়া পড়িলেন। ইহা ছাড়া छाहारमत अनुक्रम कतिवात छेशाय हिन ना। हैशारमत मध्य दक्ष क्ट প্रত्यक मः पर्यम्लक **जात्मालत्न यांग मिलन्।** किन्न हैशास्त्र माधान्त

# জওহরলাল নেহক

দৃষ্টিভলী সংস্থারমূলক, বৈপ্লবিক নহে। সংস্থারমূলক পদ্ধতির মারা ভারতের রাজনৈতিক, অর্থ-নৈতিক ও সাম্প্রদায়িক সমস্যাগুলি সমাধার্নের দিন বছকাল অতীত হইয়াছে। বৰ্ত্তমান অবস্থায় বৈপ্লবিক দৃষ্টি-ভদী ,লইয়া আমৃল পরিবর্ত্তনমূলক পরিকল্পনা গ্রহণ ব্যতীত গত্যস্তর নাই। কি**ন্ধ** এমন <sup>১</sup>

নেতা কোগায় যিনি এ ভিত্তিতে দাঁড়াইতে পারেন ? )

(আমাদের স্বাধীনতা সংগ্রামের আদর্শ ও উদ্দেশ্যের অম্পষ্টতাই সাম্প্রদায়িকতা প্রচারে সহায়তা করিয়াছে। স্বরাজের জন্ম সংঘর্ষের সহিত देवनियन জीवत्मत्र कान म्लाष्टे मध्य क्रमाधात्र परिवाल भाष नाहै। তাহারা সহজাত বৃদ্ধি লইয়া সংগ্রামে যোগ দিয়াছে কিন্তু তাহাদের হাতের অস্ত্র ছিল তুর্বল এবং উহা অপর প্রয়োজনে নিয়োগ করা বিশেষ কঠিন নহে। প্রতিক্রিয়ার সময় জনসাধারণের এই অজ্ঞতার স্থয়োগ গ্রহণ করা অতান্ত সহজ্যাধা ছিল। সাম্প্রদায়িকতাবাদীরা ধর্মের নামে ইহা নিজেদের উদ্দেশ্য সিদ্ধির জন্ম প্রয়োগ করিয়াছে і) যে সকল দাবী বা কার্যাপদ্ধতির সহিত জনসাধারণের, এমন্কি, নিম্নুমধাশ্রেণীর স্বার্থের কোন যোগ নাই, হিন্দু মুসলমান উভয়শ্রেণীর বুজ্জোয়াদল ধর্মের পবিত্র নাম नरेशा अ मकन উष्मिश्र मिषित क्या क्रमाधातरात मगर्थन लाड कतिशाहिल, हेरा এक পরমা<sup>4</sup>6र्या घर्षेना। य कान माष्ट्रानायिक मन हहेरा य कान প্রকার সাম্প্রদায়িক দাবী করা হইনাছে, সেগুলি বিশ্লেষণ করিলে দেখা যায়, উহা কেবল চাকুরীর দাবীমাত্র এবং এই চাকুরীগুলি মৃষ্টিমেয় উচ্চমধ্যশ্রেণী ছাড়। আর কাহারও ভাগ্যে জুটিতে পারে না। অবশ্র আইনসভাগুলিতে বিশেষ ও অতিরিক্ত আসনের দাবীও ছিল। এই দাবীর মধ্যে রাজনৈতিক ক্ষমতা অপেক্ষা সাম্প্রদায়িক ভাবে চাকুরী বণ্টনের ক্ষমতা লাভের প্রতিই আগ্রহ ছিল বেশী। (উচ্চ মধাশ্রেণীর মৃষ্টিমেয় বাক্তির লাভের জন্ম জাতীয় ঐক্য ও উন্নতির বিদ্বস্থরূপ এই দক্ল দ্বাণ রাজনৈতিক দাবীকে অত্যস্ত চতুরতার সহিত বিশেষ ধর্মসম্প্রদায়ের জনসাধারণের দাবীরূপে প্রকাশ করা হইল। উহার নিফলতা ঢাকিবার জ্ঞ ধর্মানুরাগকে আবর্ণ স্বরূপ ব্যবহার করা হইল।

এইরপে রাজনৈতিক প্রতিক্রিয়াপদ্বীরা সাম্প্রদায়িক নেতার ছন্মবেশে রাষ্ট্রক্ষেত্রে ফিরিয়া আসিলেন এবং তাঁহাদের কার্যপ্রশালীর মধ্যে সাম্প্রদায়িক পক্ষপাতির অপেক্ষা রাজনৈতিক উন্নতিতে বাধা দিবার আগ্রহই ছিল অধিকতর প্রবল। রাজনৈতিক ব্যাপারে আমরা বাধা প্রত্যাশ। করিয়াছিলাম কিন্তু এই বিরক্তিকর অবস্থার মধ্যে তাঁহারা যে কি পর্যান্ত

### উদ্ধাম সাম্প্রদায়িকভা

যাইতে পারেন সে দৃশ্য অত্যন্ত ক্লেশজনক। মুসলমান সাম্প্রদায়িক নেতারা অতি আশ্চর্য্য আশ্চর্য্য কথা বলিতে লাগিলেন। মনে হইতে লাগিল ভারতের জাতীয়তা বা স্বাধীনতার জগ্য তাঁহাদের কোন মাথাব্যথা নাই। হিন্দু সাম্প্রদায়িক নেতারা সর্বাদা জাতীয়তার বুলি মুখে আওড়াইলেপ্ত কার্যাক্ষেত্রে তাঁহাদের অক্ষমতাই পরিক্ষ্ট হইতে লাগিল। তাঁহারা গভর্গমেণ্টের দরজায় ধরণ। দিতে লাগিলেন। ছর্ভাগ্যক্রমে তাহাও কোন কাজে আদিল না। কিন্তু সমাজতাগ্রিক অথবা অমুরূপ কোন "উচ্ছেদমূলক" আন্দোলনের নিন্দা করিতে উভয় দলই একমত, এবং কায়েমী স্বার্থের কোন ক্ষতি হয় এমন প্রস্তাবের প্রতিবাদ করিতে এই ঘুইদলের ঐক্য অত্যন্ত মর্ম্মক্র্যাণী। মুসলমান সাম্প্রদায়িক নেতারা রাজনৈতিক ও অর্থ নৈতিক স্বাধীনতার ক্ষতিজনক অনেক কিছুই করিয়াছেন ও বলিয়াছেন; কিন্তু দল ও ব্যক্তি হিসাবে তাঁহারা গভর্গমেণ্ট ও জনসাধারণের সম্মুথে মর্য্যাদার সহিত ব্যবহার করিয়াছেন। কিন্তু হিন্দু সাম্প্রদায়িক নেতাদের সম্বন্ধে একথা বলা চলে না।

कः (शास्त्र मार्थ) वह मूनलमान बाएइन। हैशास्त्र मःथा कम नाइ। ইহার মধ্যে অনেকে যোগ্য ব্যক্তি এবং কয়েকজন খ্যাতনামা ও জনপ্রিয় মুসলমান নেতাও রহিয়াছেন। কংগ্রেসী মুসলমানদের মধো "জাতীয়তাবাদী মৃদলমান দল" রূপে সঙ্ঘবদ্ধ হইয়া সাম্প্রদায়িকতাবাদী মুসলমানদের বিরোধিতা করিয়াছেন। আরম্ভে তাঁহারা কিছু সাফল্য লাভ করিয়াছিলেন এবং শিক্ষিত মৃসলমানদের অধিকাংশই তাঁহাদের পক্ষে এরপ অমুমিত হইয়াছিল। কিন্তু ইহারা সকলেই উচ্চ মধ্যশ্রেণীর এবং তাঁহাদের মধ্যে কাহারও শক্তিশালী ব্যক্তিও ছিল না। তাঁহারা কেহ বা বুত্তিজীবী কেহ বা ব্যবসায়ী—জনসাধারণের সহিত সংযোগহীন। তাঁহারা সাধারণের মধ্যে কথনও প্রচারকার্য্যও করিতেন না। তাঁহারা বৈঠকী শভাসমিতিতে নিজেদের মধ্যে চুক্তি ইত্যাদি করিতেন। কিন্তু এই বিষয়ে তাঁহাদের প্রতিম্বন্দী সাম্প্রদায়িক নেতারা অধিকতর নিপুণ ছিলেন। ধীরে ধীরে তাঁহারা জাতীয়তাবাদী নেতাদিগকে একস্থান হইতে হানাম্ভরে ঠেলিয়া লইয়া যাইতে লাগিলেন। এবং ক্রমে একের পর আর তাঁহাদের প্রত্যেকটি নীতিই পরিত্যাগ করিতে বাধ্য করিলেন। জাতীয়তাবাদী মুসলমানের। বার বার পিছু না হটিয়া "কম অনিষ্টকর" এই নীতি লইয়া দৃঢ়পদে দাঁড়াইবার চেষ্টা করিয়াছেন; কিন্তু প্রতিবারই তাঁহাদিগকে আর একটু পশ্চাতে হটিয়া অন্ত একটি "কম অনিষ্টকর" বাছিয়া লইতে হইয়াছে। তারপর এমন সময় আসিল যথন তাঁহাদের নিজের বলিতে আর কিছু

# चंदरमान त्नदङ्ग

রহিল না এবং যুক্ত-নির্বাচন ব্যতীত ধরিয়া থাকিবার মত আর কোন
মূলনীতি রহিল না। কিছু আবার সেই "কম অনিষ্টকর" নীতি গ্রহণ
করিবার তৃতাগ্য তাঁহাদের সমূথে দেখা দিল এবং তাঁহারা সর্বশেষ
আশ্রয়টিও পরিত্যাগ করিয়া আত্মরকা করিলেন। তাঁহারা দল গঠন
করিবার লময় তাঁহাদের পতাকায় গর্বভরে যে সকল নীতি ও কার্যক্রম
লিখিয়া দিয়াছিলেন, সমন্তই মৃছিয়া গেল, তাঁহারা কেবল নামে মাত্র
জীবিত রহিলেন।

জাতীয় মৃশ্লিম্ দল হিসাবে তাঁহাদের পতন ও বিলোপ ঘটিলেও অবশ্র ব্যক্তিগত ভাবে অনেকেই কংগ্রেসের প্রধান নেতৃপদে রহিয়াছেন। ইহা এক স্থণীর্ঘ শোচনীয় ইতিহাস। ইহার সর্বশেষ অধ্যায় মাত্র এই বংসর (১৯৩৪) লিখিত হইয়াছে। ১৯২৩ হইতেই পর পর কয়েক বংসর তাঁহারা শক্তিশালী দল ছিলেন এবং সাম্প্রদায়িকতাবাদী মৃসলমানদের বিরুদ্ধে তাঁহাদের মনোভাব বিরূপ ছিল। এমন কি কয়েকটি ঘটনায় যথন গান্ধিজী অনিজ্ঞানত্ত্বও সাম্প্রদায়িকতাবাদীদের কোন কোন দাবী মানিয়া লইতে চাহিয়াছিলেন, তথন তাঁহার সহক্ষী জাতীয়তাবাদী মৃসলমানেরাই তীব্র বিরোধিতা করিয়া উহাতে বাধা দিয়াছেন।

বিংশ দশকের মধ্যভাগে সাম্প্রদায়িক সমস্থা সমাধানকল্পে আলাপ আলোচনার জন্ম কতকগুলি "ঐক্য সম্মেলন" আহত হইয়াছিল। ইহার মধ্যে ১৯২৪ সালে তংকালীন কংগ্রেস সভাপতি মৌলানা মহম্মদ আলী কর্ত্তক আহুত সম্মেলনটি বিশেষভাবে উল্লেখযোগ্য।) দিল্লীতে গান্ধিজী যথন একুশ দিন উপবাসত্রত পালন করিতেছিলেন সেই সময় ইহার অধিবেশন হয়। এই সকল সম্মেলনে অনেকে সদিচ্ছা ও ঐকান্তিক আগ্রহ नहेशा यांग निशाहित्तन এवः आत्राय-त्रकात ज्ञा शान्त्रन एहें। করিয়াছিলেন। কিন্তু কতকগুলি সাধু ও উত্তম প্রস্তাব পাস্ব্যতীত মৃ<del>ল</del> সমস্তার কোন সমাধান হয় নাই। এই শ্রেণীর সম্মেলনে এক মত ব্যতীত অধিকাংশ ভোটে কোন মীমাংসা হওয়া কঠিন এবং প্রত্যেক সম্মেলনেই বিভিন্ন দলের এমন কতকণ্ডলি ব্যক্তি উপস্থিত থাকিতেন বাঁহাদের ধারণা তাঁহাদের মত স্মৃণ গ্রহণ করাই সমস্তার সমাধান। কতিপয় বিখ্যাত সাম্প্রদায়িকতাবাদীর **আদে**। সমাধানের ইচ্ছা ছিল কিনা দে সম্বন্ধে সন্দেহের অবকাশ নিশ্চয়ই রহিয়াছে। তাঁহাদের মধ্যে অধিকাংশই রাষ্ট্রক্ষেত্রে প্রগতিবিরোধী এবং যাহারা রাষ্ট্রক্ষেত্রে আমূল পরিবর্ত্তনকামী তাঁহাদের সহিত উহাদের কোন সাধারণ মিলনভূমি ছিল না

# উল্লাখ সাম্প্রদারিকভা

ব্যক্তিবিশেষের পিছাইয়া পড়া অপেকাও প্রকৃত বিশ্বের কারণ আরও গভীর ছিল। এই সময় শিখেরা তাহাদের সাম্প্রদায়িক দাবী উচ্চকঠে প্রচার করিতে লাগিলেন। এবং ভাহার ফলে পঞ্চাবে এক জটিল ত্রিধাবিভক্ত সমস্তার উদ্ভব হইল। সাম্প্রদায়িকতার কেন্দ্রভূমি হইল পঞ্চাব। পরস্পরের विक्रफ छीछि चात्काम এव सास्त्र धारुगा এইशान्तरे मर्साधिक श्रवन हरेन। ज्ञाम अतिर कृषक मम्जा-वाक्नाय हिन् क्रिमात এवः মুসলমান প্রজার সমগ্রা, সাম্প্রদায়িকতার ছন্মবেশে দেখা দিল। পঞ্চাব ও সিদ্ধদেশে মহাজন ও ধনী শ্রেণীরা সাধারণতঃ হিন্দু, এবং বাতকের দল অধিকাংশই মুসলমান চাষী। স্থদ-লোভী মহাঙ্গনের উপর সমন্ত আক্রোণ সাম্প্রদায়িকতার শক্তিই রন্ধি করিতে লাগিল। সচরাচর মুসলমানেরা দরিদ্রতর সম্প্রদায় এবং মুসলমান সাম্প্রদায়িক নেতারা সর্বহারাদের চিত্তে ধনীদের প্রতি যে বিরোধ থাকে, সেই মনোর্ভিকে সাম্প্রদায়িক উদ্দেশ্য সিদ্ধির কার্য্যে লাগাইল। কিন্তু আশ্র্য্য এই যে, ভাহাদের প্রস্তাবে সর্বহারাদের উন্নতিসাধনের জন্ম কোন কার্য্য তালিকা ছিল না। অথচ ইহার বলেই সাম্প্রদায়িক মুসলমান নেতারা কিয়ৎ পরিমাণে জনসাধারণের প্রতিনিধি হইয়া কিছু শক্তি লাভ করিয়াছিলেন। পক্ষাস্তরে, हिन् माष्ट्रामायिक न्यात्रा-वर्ष रेनिडिक पिक इटेंग्ड प्रिथिंग्ड शाल-धनी ব্যবসায়ী ও বৃত্তিজীবী সম্প্রদায়ের প্রতিনিধি। তাঁহারা হিন্দু জনসাধারণের সাময়িক সহামুভৃতি পাইলেও কদাচিৎ তাহাদের সমর্থন লাভ করিয়াছেন। অতএব সমস্তা কিয়ৎপরিমাণে অর্থনৈতিক ন্তরভেদের সহিত মিশ্রিত হইয়। গিয়াছিল, যদিও তুর্ভাগ্যক্রমে ইহা হিসাব করা হয় নাই। ইহা অর্থনৈতিক শ্রেণীগত বিরোধের রূপ গ্রহণ করিতে পারে, যদি সে সময় আসে, তাহা হইলে অদ্যকার সকল দলের উচ্চ শ্রেণীর সাম্প্রদায়িক নেতার৷ নিজেদের মতভেদ মিটাইয়া লইয়া সজ্যবদ্ধভাবে একই শ্রেণী স্বার্থের শক্রদের সমুখীন হইবে। এমন্কি বর্ত্তমান অবস্থার মধ্যেও একটা ताक्रोतिक में माधान थ्व तिनी किरीन नरह। किन्छ धिन-धवः একটি স্থবৃহৎ যদি—তৃতীয় পক্ষ উপস্থিত না থাকিত!

১৯২৪-এর দিলীর সম্মেলন শেষ হইতে না হইতেই এলাহাবাদে হিন্দুমুসলমান দালা বাধিল। হতাহতের দিক দিয়া এই দালা অক্যান্তগুলির
তুলনায় এমন কিছু বড় নহে, তথাপি নিজের ঘরে এই দৃশ্য দেখা অত্যন্ত বেদনাদায়ক। আমি দিলী হইতে অতি ক্রত এলাহাবাদে ফিরিয়া আসিয়া
দেখি হালামা শেষ হইয়াছে; কিন্তু উভয় পক্ষের বিষেষ এবং প্রাণালতের
মামলায় দীর্ঘকাল ধরিয়া উহার জের চলিল। কি উপলক্ষে দালা বাধিল আমি

#### ज्ञानांन (नर्ज

ভাহা ভূলিয়া গিয়াছি। সেই বৎসর অথবা তাহার পরে এলাহাবাদে রামলীলা উৎসব ও শোভাষাত্রা লইয়া গণ্ডগোল বাধিয়াছিল। রামলীলা উৎসবে সাধারণতঃ বহু রহৎ শোভাষাত্রা বাহির হইয়া থাকে কিন্তু মসজিদের সম্মুখে বাদ্য বাজ্ঞান সম্পর্কিত বিধিনিষেধের প্রতিবাদস্বরূপ উহা পরিত্যক্ত হইল। প্রায় আট বংসর কাল এলাহাবাদে রামলীলা উৎসব হয় না। বংসরের মধ্যে এই সর্ব্বপ্রধান উৎসবে এলাহাবাদ জিলার লক্ষ নরনারীর আনন্দ সম্মেলন হইত—আজ তাহা এক বেদনাময় শ্বতিতে প্র্যাবসিত। আমার শৈশবের রামলীনা উৎসবের স্মৃতি মনে কত উৎসাহ উদ্দীপনাই না হইত! অত্যাত্ত জিলা ও বিভিন্ন সহর হইতে দলে দলে লোক ইহা দেখিতে আসিত। ইহা হিন্দুদের হইলেও অপরের যোগ দিবার কোন বাধা ছিল না এবং মুসলমানেরাও দলে দলে আসিয়া জনতা বৃদ্ধি করিত; সর্বত্র আনন্দ ও উৎসবের কলহাস্থে মৃথরিত হইত, কেনাবেচার ধুম পড়িত। বহুবংসর পরে বড় হইয়া রামলীলার শোভাষাত্রা দেখিয়াছি কিন্তু পূর্বের উৎসাহ বোধ করি নাই এবং শোভাযাত্রার সং ও সাজান চৌকি প্রভৃতি দেখিয়া বিরক্তিই বোধ করিয়াছি। কারু-শিল্পকৃচি এবং আনন্দ উপভোগের স্তর অনেক উচ্চে উঠিয়া গিয়াছে। তবুও বৃহৎ জনতার আনন্দ উৎসাহ আমি উপভোগ করিয়াছি। তাহাদের निक्छे देश উरम्दित आनन्त्रम अवकान । आज आहे नम वरमतकान, वयुक्र एव कथारे नारे, अनारावारम्य वानक वानिकाता पर्शाप्त रिमनिमन জীবনের বিরস একঘেয়েমির মধ্যে একটি দিবসের আনন্দম্য উত্তেজনা হইতে বঞ্চিত হইয়াছে। ইহার কারণ অতি সামার মততেদ এবং কলহ। ধর্ম এবং ধর্মবুদ্ধিকে ইহার জন্ম নিশ্চয়ই জবাবদিহি করিতে হইবে। ইহার। আনন্দকে কি ভাবে বিনষ্ট করিতেছে।

# মিউনিসিপালিটির কাজ

প্রায় তুই বংসর এলাহাবাদ মিউনিসিপালিটির কাজ আমি চালাইয়াছি। কিন্তু কালে মন বসিত না। তিন বংসরের জন্ম আমি চেয়ারম্যান নির্বাচিত হইয়াছিলাম। দ্বিতীয় বংসর আরম্ভ হইবার পর হইতেই আমি নিজ্বতির পথ খুঁজিতে লাগিলাম। কাজটা আমার ভাল লাগিয়াছিল এবং ইহাতে অনেক সময় ব্যয় করিতাম।) সহকর্মীদের সদিচ্ছায় কিছু সাক্লাও আমি লাভ করিয়াছিলাম। এমনকি প্রাদেশিক গভর্ণমেন্টও আমার প্রতি রাজনৈতিক বিরক্তি সত্ত্বও মিউনিসিপালিটি-সংক্রান্ত কতকগুলি কাজে আমার প্রশংসা করিয়াছিলেন। তথাপি আমি ব্রিতে পারিলাম, খাটি ভাল কাজ করিবার পথে অনেক বাধা বিল্প রহিয়াছে।

ুকোন ব্যক্তিবিশেষ যে ইচ্ছা করিয়া বাধা দিতেন এরূপ নহে **এবং** আমি সকলের স্বেচ্ছা-প্রণোদিত সহযোগিতাই পাইয়াছি। কিন্তু একদিকে ছিল গভর্ণমেন্টের শাসন্যন্ত্র, অক্তদিকে মিউনিসিপালিটির সদস্তগ্য এবং জনসাধারণের ঔদাস্ত। গভর্ণমেণ্ট কর্ত্তক নির্মিত মিউনিসিপাল শাসন-যজ্ঞের রাঁধন কষণ এত শক্ত যে, তাহার মধ্যে নৃতন কিছু করা কিছা कानमिक आयृन পরিবর্ত্তন করা অসম্ভব। মিউনিসিপালিটির অর্থনৈতিক ব্যবস্থা সম্পূর্ণরূপে গভর্ণমেন্টের উপর নির্ভরশীল। প্রচলিত মিউনিসিপাল আইনের ট্যাক্স ধার্য্যের কোন অভিনব পরিবর্ত্তন অথবা জনহিতকর কার্য্য করার উপায় ছিল না। যে সকল পরিকল্পনা সম্পূর্ণ আইনসন্ধত, তাহাও গভর্ণমেন্টের মঞ্রীর অপেক্ষা রাখে এবং একমাত্র অতিরিক্ত আশাবাদী এই শ্রেণীর মঞ্জুরী আশা করিয়া বংসরের পর অপেকা করিতে পারেন। আমি দেখিয়া আভর্ষ্য হইলাম, যথনই জাতিগঠন কিম্বা সমাজদেবামূলক কোন কাজের গভর্ণমেণ্টেব শাসন্যন্ত্র কত আয়াস সহকারে অক্ষম অকর্মণ্যতা লইয়া মৃত্ত্র গতিতে অগ্রসর হয়; কিন্তু যখন কোন রাজনৈতিক প্রতিম্বনীকে দমন অথবা আঘাত করিতে হয়, তথন অকর্মণ্যতা বা মন্থরতার लिश्माजि थारक ना। এই বৈদাদৃশ্য কত সহজে চোখে পড়ে।

#### জওহরলাল নেহর

প্রাদেশিক গভর্ণমেন্টের স্থানীয় স্বায়ন্ত্রশাসন বিভাগের ভার একজন মন্ত্রীর হুন্তে ক্সন্ত । কিন্তু সাধারণতঃ এই মহামান্ত বুজিমান ব্যক্তিটি মিউনিসিপালিটি সংক্রান্ত এবং জনহিতকর কার্য্য সম্পর্কে গভীর ভাবেই অজ্ঞা প্রকৃত প্রস্তাবে বিভাগীয় সিভিলিয়ান স্থায়ী কর্মচারীরাই কার্য্য পরিচালনা করেন । মন্ত্রীকে তাঁহারা গণনার মধ্যেই আনেন না । ভারতের উচ্চকর্মচারী মহলে, গভর্ণমেন্টের মৃথ্য উদ্দেশ্য হইল পুলিসী ব্যবস্থায় কাজ্ঞ চালান, এইরূপ ধারণা প্রচলিত আছে । এবং এই শ্রেণীর কর্মচারীরাও ঐ প্রচলিত বিশ্বাসে অম্প্রাণিত । এই ধারণার উপর প্রভৃত্বক্রলভ অম্গ্রহপ্রবণতা থাকা সত্ত্বেও বড় আকারে কোন সমাক্র সেবাকার্য্য ইহারা হৃদয়ক্বম করিতে পারেন না ।

গতর্ণমেন্টের নিকট অধিকাংশ মিউনিসিপালিটি ঋণী—পুলিসের দৃষ্টির সহিত মহাজনের দৃষ্টি মিলাইয়া তাঁহারা মিউনিসিপালিটির উপর লক্ষ্য রাথেন। ঋণের কিন্তী নিয়মমত শোধ হইয়াছে কি ? মিউনিসিপালিটির আর্থিক অবস্থা কি সচ্ছল, হাতে উঘৃত্ত কিছু আছে কি ?— এই সকল প্রশ্ন প্রাসন্ধিক এবং প্রয়োজনীয় সন্দেহ নাই; কিছু মিউনিসিপালিটি কেবলমাত্র টাকা ধার করিবার এবং নির্দিষ্ট নিয়মে পরিশোধ করিবার প্রতিষ্ঠান নহে। ইহাকে শিক্ষা, স্বাস্থ্যরক্ষা প্রভৃতি কার্যাই ম্থাভাবে করিতে হয়। শাসকগণ প্রায়ই ইহা ভূলিয়া যান। ভারতীয় মিউনিসিপালিটিগুলির সমাজ-হিতকর কার্য্য অতি অক্স। ভাহাও আবার আর্থিক অসঙ্গতির অজুহাতে সঙ্কৃচিত করা হয় এবং সাধারণতঃ ইহার ফলে শিক্ষাবিভাগই ক্ষতিগ্রন্ত হয়। সরকারী চাকুরীয়ারা ব্যক্তিগত ভাবে মিউনিসিপাল স্কুলগুলির কোনই থবর রাথেন না। কেননা তাঁহাদের সন্তান-সন্ততিরা সরকারী সাহায্যপ্রাপ্ত ব্যয়বহুল আধুনিক প্রাইভেট স্কুলে অধ্যয়ন করিয়া থাকে।

অধিকাংশ ভারতীয় সহরই ছুই ভাগে বিভক্ত। একাংশ ঘন বসতিপূর্ণ নগরী—অন্ত অংশে বাগান ও স্থপ্রশন্ত প্রাঙ্গণ সমন্বিত বাংলো বা "কটেজ"। ইংরাজেরা এই অংশকে "সিভিল লাইনস্" বলিয়া থাকেন। এই সিভিল লাইনে ইংরাজ কর্মচারীরা, ব্যবসায়ীরা, উচ্চনধ্যশ্রেণীর ভারতীয় বৃত্তিজীবী ও সরকারী কর্মচারীরা বাস করেন। যদিও মিউনিসিপালিটির আয় সিভিল লাইন অপেক্ষা মূল সহরে অনেক বেশী, তথাপি বেশীর ভাগ টাকা সিভিল লাইনেই থরচ করিতে হয়। সিভিল লাইনের বিস্তার ও পরিধি অনেক বেশী বলিয়া সেখানে রাস্তার সংখ্যাও বেশী এবং এগুলি মেরামত করিতে, পরিষ্কার করিতে

# মিউনিসিগালিটির কাজ

জল ও আলো দিতে হয়। তাহার উপর বিস্তীর্ণ পয়োপ্রণালী, জলপরবরাহ এবং পরিছার পরিচ্ছর রাখার ব্যবস্থা আছে। মূল সহরের জংশ অত্যন্ত অবহেলিত। বিশেষতঃ দরিদ্র বস্তীপ্রলিতে কোন নজরই দেওয়া হয় না। এদিকে ভাল রাস্তার সংখ্যা অত্যন্ত কম। অধিকাংশই সক্ষ গলি। আলোর ব্যবস্থা পর্ণান্ত নাই এবং পয়োপ্রণালী কিমা স্বাম্থা-রক্ষার ব্যবস্থাও নিতান্ত অমুপযুক্ত। সাধারণ লোকেরা ইহা নীরবে সহ্য করে, এবং কদাচিং অভিযোগ করিয়া থাকে। অভিযোগ করিলেও কোন প্রতিকার হয় না। "সিভিল লাইন" বাসীরাই কৃদ্র বৃহৎ দাবী লইয়া মিউনিসিপালিটিকে বিব্রত রাথেন।

ভারকেন্দ্রের সাম্যরক্ষার জন্ম এবং কিছু উন্নতিসাধনের জন্ম আমি জমির মৃল্যের নিরিখে ট্যাক্স ধার্যের প্রস্তাব করিলাম কিন্তু সঙ্গের প্রকলন। আমার মনে হয়, ইনি জিলা ম্যাজিট্রেট। তিনি বলিলেন যে, এই ব্যবস্থা ভূমি সংক্রান্ত আইন-কান্থনের বিরোধী। অবশ্য এই শ্রেণার ট্যাক্সের ফলে সিভিল লাইনের বাংলাের মালিকদিগের ট্যাক্স বাড়িয়া যাইত সন্দেহ নাই। কিন্তু চুঙি মাশুল বা অন্থরূপ ট্যাক্স গভর্গমেন্ট সর্বনাই সমর্থন করিয়া থাকেন, তাহার ফলে ব্যবসায় ক্ষতিগ্রস্ত হয়। থাছ্যুল্য এবং অন্যান্ত পণ্যপ্রব্যের মূল্য বৃদ্ধি হয় এবং ইহার বোঝা গরীবের ঘাড়েই বেশী করিয়া পড়ে। এই সমাজনীতিবিক্ষ এবং অনিষ্টকর মাশুলই ভারতীয় মিউনিসিপালিটি-গুলির প্রধান অবলম্বন। কিন্তু এক্ষণে বৃহত্তর সহরগুলিতে ইহা ধীরে ধীরে বিলুপ্ত হইতেছে।

মিউনিসিপালিটির চেয়ারম্যানরূপে মামি তুই বিপাকের মধ্যে পড়িলাম।
একদিকে নৈর্ব্যক্তিক প্রভূষ্চালিত গভর্গমেন্ট যন্ত্র—পুরাতন গরুর গাড়ীর
মত কাঁচা কর্দমাক্ত রাস্তার নির্দিষ্ট রেখায় মন্থর গতিতে চলিয়াছে।
ক্রত চলিতেও ইহার আপত্তি, মোড় ঘূরিতে ততোধিক আপত্তি।
অন্তদিকে আমার সহকর্মী সদস্তদল—তাঁহারাও পরিচিত দাগের বাহিরে
যাইতে সমান অনিচ্ছুক। কাহারও কাহারও বড় বড় পরিকল্পনা ছিল এবং
তাঁহারা কান্তেও বেশ উৎসাহ দেখাইতেন। কিন্তু সমগ্রভাবে তাঁহাদের
কোন দ্রদৃষ্টি ছিল না। কোন পরিবর্ত্তন বা উন্নতির আগ্রহও ছিল না।
পুরাতন ধারাই ভাল, নৃতন পরীক্ষার ফল কি হইবে কে জানে।
এমন কি উৎসাহী আদর্শবাদীরা সমস্ত বাধা-ধরা দৈনন্দিন কান্তের
জালে জড়াইয়া ঠাণ্ডা হইয়া গেলেন। কিন্তু পক্ষপাতিত্ব কিশা নৃতন
লোক নিযুক্ত করিবার সময় সদস্তদের মধ্যে অত্যন্ত কর্মতৎপরতা দেখা

#### জওহরলাল নেহক

যাইত। কিন্তু তাঁহাদের এই উৎসাহের ফলে যে কুশলতা বাঞ্চিত তাহা নহে।

বংসরের পর বংসর সরকারী-সিদ্ধান্ত এবং সরকারী কর্মচারিবৃন্দ ও সংবাদপত্র মিউনিসিপালিটি ও লোকালবোর্ডের কার্য্যের সমালোচনা করিয়া থাকেন। ইহাতে এই সারমর্ম উদ্ধার করা হয় যে, গণতান্ত্রিক প্রতিষ্ঠান ভারতবর্ষের পক্ষে উপযোগী নহে। এইগুলির ক্রটি অবশ্র অনেক আছে কিন্তু যে ব্যবস্থার মধ্যে উহাদিগকে কার্য্য করিতে হয়, তাহা সংশোধনের দিকে মোটেই মনোযোগ দেওয়া হয় না। ব্যবস্থা গণতান্ত্রিকও নহে স্বেচ্ছাচারমূলকও নহে। ইহা মাঝামাঝি এমন একটি বস্ত যাহার মধ্যে উভয়ের অস্ত্রবিধাগুলি পূর্ণমাত্রায় বিভ্যমান। কেন্দ্রীয় গৃভর্ণমেণ্টের পর্য্যবেক্ষণ ও নিয়ন্ত্রণের কতকগুলি ক্ষমতা নিশ্চয়ই থাকা আবশুক; কিন্তু যদি কেন্দ্রীয় গভর্ণমেন্ট গণতান্ত্রিক এবং জনসাধারণের অভাব সম্পর্কে সচেতন হন, তাহা হইলেই গণতান্ত্রিক স্বায়ত্তশাসন প্রতিষ্ঠানের সহিত তাহার সামগ্রস্থ সম্ভবপর। কিন্তু যেথানে ইহার অভাব, দেখানে হয় ছুইয়ের মধ্যে বিরোধ বাধিবে, নয় কেন্দ্রীয় প্রভূত্বের সম্পূর্ণ বশ্যতা স্বীকার করিতে হইবে। কেন্দ্রীয় প্রভূত্ব দায়িত্ব গ্রহণ করেন না অথচ ক্ষমতা পরিচালনা করিয়া থাকেন। এই অসম্ভোষজনক অবস্থায় জনসাধারণের আয়ত্তে কোন বাস্তব ক্ষমতা আসিতে পারে না। এমন কি মিউনিসিপাল বোর্ডের সদস্তরা পর্যান্ত নির্বাচক মণ্ডলী অপেক্ষা কর্তু পক্ষের মুখ চাহিয়াই কার্যা করেন। জনসাধারণও প্রায়শঃই বোর্ডের প্রতি উদাসীন। প্রকৃত সমাজকল্যাণকর প্রশ্ন বোর্ডের দৈনন্দিন কার্য্যের এলাকার বাহিরে বলিয়া কদাচিৎ উহা বোর্ডে উঠিয়া থাকে এবং যে প্রতিষ্ঠানের প্রধান কান্ধ ট্যাক্স আদায় করা, তাহার প্রতি জনসাধারণ প্রসন্ন হইতে পারে না।

স্বায়ন্তশাসনমূলক প্রতিষ্ঠানগুলির ভোটাধিকারও সীমাবদ্ধ; ভোটারের বোগ্যতার নিরিথ আরও নিম এবং বিস্তৃত হওয়া উচিত। বোদাইয়ের মত বৃহৎ সহরের কর্পোরেশনের ভোটাধিকার অতিশয় সদীর্গ বিলয়া আমার ধারণা। কিছুদিন পূর্বে ভোটাধিকার বিস্তৃত করিবার একটি প্রস্তাব কর্পোরেশনেই বক্জিত হয়। অধিকাংশ সদস্যই বর্ত্তমান ব্যবস্থাতেই সম্ভষ্ট এবং ভোটাধিকার প্রসারিত করিয়া নিজেদের অবস্থা অনিশ্চিত করিতে চাহেন না।

কারণ যাহাই হউক, আমাদের দেশের মিউনিসিপালিটিগুলি সাফল্য ও যোগ্যতার নিদর্শন না হইলেও অক্সান্ত গণতান্ত্রিক ও

# মিউনিসিপালিটর কাজ

উন্নতিশীল দেশের মিউনিসিপালিটির সহিত ইহার তুলনা চলিতে পারে। এইগুলি সাধারণতঃ ঘুরথোর নহে, তবে অকর্মণা। এবং এইগুলির প্রধান ঘুর্মলতা আন্তিতবাংসন্য এবং কোন বিষয় সত্যদৃষ্টিতে দেখিবার অক্ষমতা ইহ। স্বাভাবিক। কেননা গণ্ডপ্রকে সার্থক করিতে হইলে, চাই স্থগঠিত জনমত এবং দায়িত্বাধ। তাহার পরিবর্ধে আমাদের চারিদিকে এক সর্প্রবাপী প্রভূত্বের আবেষ্টনী এবং গণ্ডপ্রের অনুক্র আবহাওয়ার অভাব। এদেশে জনসাধারণকে কোন শিক্ষা দিবার বাবস্থা নাই এবং প্রকৃত অবস্থা ব্রাহিয়া দিয়া জনমত গঠন করিবার কোন চেষ্টা নাই। ফলে জনসাধারণের দৃষ্টি ব্যক্তিগত, সাম্প্রদামিক অথবা অক্যান্ত কুলু বিষয়ে সাধারণতঃ আকৃষ্ট থাকে।

্মিউনিসিপ্যালিটি হইতে রাজনীতি দূরে সরাইয়। রাথিবার জয় গভর্ণমেন্ট সততই আগ্রহশীল। জাতীয় অন্দোলনের প্রতি সহাহুভৃতি-সম্পন্ন প্রস্তাব দেখিলেই তাঁহার। ক্রকুটি করেন, জাতীয়তার অহকুল কোন পাঠ্যপুত্তক মিউনিসিপাল স্কুলে পড়িতে দেওয়া হয় না, এমনকি জাতীয় নেতাদের চিত্রও সেথানে রাখিতে দেওয়া হয় না। মিউনিসিপালিটির ক্ষমতা কাড়িয়া লওয়া হইবে এই ভয় দেখাইয়া জাতীয় পতাকা অপসারিত করা হয়।)কিছুকাল হইল সমন্ত প্রা**দেশি**ক গভর্ণমেন্ট একযোগে কংগ্রেসপম্বীদিগকে মিউনিসিপাল কর্পোরেশন ও বোর্ডগুলির চাকুরী হইতে তাড়াইবার চেষ্টা করিতেছেন, সাধারণতঃ এই উদ্দেশ্য সিদ্ধ করিতে শিক্ষা ও অন্তান্ত ব্যাপারে গভর্ণমেণ্টের সাহাযা বন্ধ করিবার ভীতি প্রদর্শনই যথেষ্ট। কিন্তু কোন কোন ক্ষেত্রে, বিশেষভাবে কলিকাতা কর্পোরেশনের জন্য এই আইন করা হইয়াছে, যাহারা গভর্ণমেন্ট-বিরোধী রাজনৈতিক অন্দোলনে কিম্বা আইন অমান্ত আন্দোলনে যোগ দিয়াছে, তাহাদিগকে চাকুরী দেওয়া হইবে না। উদ্দেশ্য সম্পূর্ণ রাজনৈতিক, ইহার মধ্যে অযোগ্যতা কিমা অক্ষমতার কোন প্রশ্ন নাই। এই সামাত্ত কয়েকটি দৃষ্টাস্ত হইতেই বুঝা যাইবে যে, মিউনিসিপালিটি ও জিলাবোর্ডগুলিতে গণতম্ব ও কতটুকু সাধীনতা বহিয়াছে। রাজনৈতিক প্রতিছন্দীদিগকে মিউনিসিপালিটি বা ঐ চাকুরী হইতে (অবশ্য তাহারা প্রত্যক্ষ শরকারী চাকুরী প্রার্থী হয় না) বঞ্চিত করার চেষ্টা স**ম্বন্ধে কিঞ্চিৎ** আলোচনা প্রয়োজন। হিসাব করিয়া দেখা গিয়াছে, গত পনর বংসরে প্রায় তিন লক্ষ লোক কারাগারে গিয়াছে। রাজনীতি ছাড়িয়া দিলেও এই তিন লক্ষ লোকের মধ্যে বহু শক্তিমান আদর্শবাদী, সমাজের প্রতি

# **জওহরলাল নেহরু**

কর্ত্তব্যপরায়ণ ও নিংস্বার্থ ব্যক্তি আছেন। ইহাদের শক্তি কর্মতংশরতা ও সেবার আদর্শের প্রতি অহুরাগ আছে। অতএব জনহিতকর অথবা অহুরূপ বিভাগে এই উৎকৃষ্ট শ্রেণী হইতেই কর্মটারী সংগ্রহ করা কর্ত্তব্য। কিন্তু গভর্গমেন্ট এই সকল লোককে বাহিরে রাথিবার জন্ত সর্বতোভাবে চেন্টা করিয়াছেন, এমনকি আইন পাশ করিয়া ইহাদিগকে এবং ইহাদের প্রতি সহামুভ্তি-সম্পন্ন ব্যক্তিদিগকে শান্তি দিবার ব্যবস্থা করিয়ার্ছেন। গভর্গমেন্ট পোষাকুকুরের বংশবৃদ্ধিরই অহুরাগী এবং তাহাতেই উৎসাহ দিয়া থাকেন। তারপর স্বায়ন্ত্রশাসন বিভাগীয় প্রতিষ্ঠানগুলিকে অযোগ্যতার অপবাদ দিয়া থাকেন। এই সকল প্রতিষ্ঠানগুলিকে অযোগ্যতার অপবাদ দিয়া থাকেন। এই সকল প্রতিষ্ঠানে রাজনীতির সহিত সম্পর্ক থাকিবে না একথা যদিও মুধে বলা হয়, তথাপি গভর্গমেন্টের পছন্দমত রাজনীতিতে উৎসাহ দিবার দৃষ্টান্তের অভাব নাই। বোর্ডের স্থূলের শিক্ষকগণকে চাকুরীর ভয় দেখাইয়া গ্রামে গ্রামে গভর্গমেন্টের পক্ষে প্রচারকার্য্যের জন্তু কার্য্যন্তর বাধ্য করা হইয়াছিল।

গত পনর বংসর কংগ্রেসকর্মীর। বছ বিদ্নের সমুধীন হইয়াছেন, গুরুদায়িত্ব ক্ষদ্ধে লইয়াছেন এবং সর্ব্বোপরি তাঁহার। কিছু সাফল্যের সহিতই এক শক্তিমান, আত্মরক্ষায় স্তদক্ষ গভর্গমেণ্টের সহিত যুদ্ধ করিয়াছেন। এই কঠিন ভূমিতে শিক্ষা লাভ করিয়া তাঁহার। পাইয়াছেন আত্মপ্রতায় কর্মকুশলতা এবং আত্মরক্ষায় শক্তি। অতিমাজায় প্রভূত্বপরায়ণ শাসনতয়ের ফলে ভারতবাসী যে পৌরুষ ও অক্তান্ত গুণ হারাইয়া ফেলিতেছিল, ইহা তাঁহারা পুনরায় ফিরাইয়া পাইয়াছেন। অবশ্র অক্তান্ত গণ-আন্দোলনের মতেই কংগ্রেসের আন্দোলনের মধ্যেও নির্ব্বোধ অকর্মণা তৃশ্চরিত্র প্রভৃতি অনেক অবাস্থনীয় ব্যক্তি প্রবেশ করিয়াছিল। তথাপি আমি নিংসন্দেহে বলিতে পারি যে, গড়ে একজন কংগ্রেসকর্মী সমগুণবিশিষ্ট কোন ব্যক্তি অপেক্ষা অধিকতর কুশলকর্মা এবং শক্তিমান।

এই ব্যাপারের আর একটা দিক আছে, যাহ। গভর্ণমেন্ট এবং তাহার পরামর্শদাতারা বৃঝিতে পারেন না। কংগ্রেসকর্মীদিগকে সমস্ত চাকুরী অথবা জীবিকার্জ্জনের অক্সান্ত উপাণ হইতে বঞ্চিত করার চেষ্টাকে প্রকৃত বিপ্লবীরা অভ্যর্থনাই করিয়া থাকে। সাধারণ কংগ্রেসকর্মীরা বৈপ্লবিক মনোভাবাপন্ন নহেন বলিয়া অথ্যাতি আছে। তাহারা কিছুকালের জন্ম অর্ধ্ধবিক কাজকর্মো লিপ্ত থাকিয়া অবশেষে পুনরায় সাধারণ দৈনন্দিন জীবন্যাত্রায় প্রবৃত্ত হন। নিজের ব্যবসায়

# মিউনিসিপালিটির কাজ

বৃত্তি অথবা স্থানীয় রাজনীতির জটিল জালে জড়াইয়া পড়েন। বৃহত্তর সমস্থা তাঁহাদের মন হইতে ক্রমে মৃছিয়া যায় এবং বৈপ্লবিক অবেগ শাস্ত হইয়া আলে। মাংসপেশাতে মেদ দেখা দেয়, নিরাপদ জীবনের প্রতি মমত্ব বৃদ্ধি পায়। মধ্যশ্রেণীর কত্মীদের এই অনিবার্ধ্য প্রবণতার ফলে অগ্রগামী এবং বৈপ্লবিক মনোবৃত্তিবিশিষ্ট কংগ্রেসকত্মীরা তাঁহাদের সহকত্মীদিগকে আইনসভা অথব। মিউনিসিপালিটি প্রভৃতির নিয়মতান্ত্রিক আবর্ত্ত হইতে কিম্বা সারাক্ষণের জন্ম চাকুরীগ্রহণ হইতে নিরুত্ত করিতে বেগ পাইয়া থাকেন। যাহা হউক এইবার গভর্ণমেন্ট আমাদের সাহায্যার্থ অগ্রসর হইয়াছেন এবং কংগ্রেসকত্মীদিগের পক্ষে চাকুরী পাওয়া কঠিন করিয়া তুলিয়াছেন। ইহার ফলে তাঁহাদের মধ্যে বৈপ্লবিক উৎসাহ আরও কিছু কাল থাকিবে—এমনকি বাড়িতেও পারে।

এক বংশর কিম্বা আরও অধিককাল মিউনিসিপালিটির কান্ধ করিয়া
দেখিলাম আমার কর্ম-শক্তিকে সার্থকতার সহিত প্রয়োগ করিতে
পারিতেছি না। বড়জার আমি কাজের মধ্যে কিছু গতিবেগও কিছু
কুশলতা সঞ্চার করিতে পারি, কিন্তু কোন গুরুতর পরিবর্তন
সাধন করিতে পারি না। আমি চেয়ারম্যানের পদে ইন্তফা দিতে
চাহিয়াছিলাম কিন্তু বোর্ডের সদস্থাণ আমায় পীড়াপীড়ি করিতে লাগিলেন।
তাঁহাদের প্রত্যেকের নিকট হইতে আমি এত দয়াও সৌছন্থ পাইয়াছি যে,
আমার পক্ষে অম্বরোধ এড়ান কঠিন হইল। যাহা হউক দ্বিতীয়বর্ষের
শেষে আমি পদত্যাগ করিলাম।

১৯২৫ সাল। শরংকালে আমার পত্নীর কঠিন পীড়া হইল এবং কয়েকমাস ধরিয়া তিনি লক্ষৌর হাসপাতালে শয়াশায়ী রহিলেন। সেবার কানপুরে কংগ্রেসের অধিবেশন হইল। কতকটা উন্মনা ভাবে আমাকে এলাহাবাদ, কানপুর ও লক্ষৌর মধ্যে ছুটাছুটি করিতে হইল। আমি তথনও কংগ্রেসের সাধারণ সম্পাদক)।

চিকিৎসকগণ আমার স্থীকে স্থইজারল্যাণ্ডে লইয়া গিয়া চিকিৎসার পরামর্শ দিলেন। আমি কোন ছুতায় ভারতবর্ধের বাহিরে ঘাইবার জন্ম ব্যগ্র হইয়াছিলাম, কাজেই প্রস্তাবটি আমার ভাল লাগিল। আমার মন সমস্থায় আচ্ছয়, কোন পথ স্পষ্টয়পে দেখিতেছিলাম না। ভাবিলাম, হয় ত ভারতবর্ধ হইতে দ্রে সরিয়া গেলে উয়ততর পটভূমিকার উপর সমন্ত বস্তু ভাল করিয়া দেখিতে পারিব, এবং আমার মনের অক্কার কোণগুলিও আলোকিত হইয়া উঠিবে।

১৯২৬-এর মার্চ্চ মাসের প্রথমভাগে আমি স্ত্রী ও ক্যাসহ বোদাই

#### ज अर्जनान जिस्क

ছইতে ভিনিদ্ যাত্রা করিলাম। ঐ জাহাজে আমার ভগ্নী এবং ভগ্নীপতি রণজিৎ পণ্ডিতও ছিলেন। আমাদের বিলাত যাত্রার কথা উঠিবার বহুপুর্বেই তাঁহারা ইউরোপ ভ্রমণের সম্বন্ধ করিয়াছিলেন।

23

# ইউরোপে

তের বংসর পর পুনরায় ইউরোপে চলিয়াছি। যুদ্ধে বিদ্রোহে এই কয় বংসরে কি অভ্তপূর্ব্ব পরিবর্ত্তন হইয়াছে! মহাযুদ্ধের মধ্যেই পরিচিত প্রাচীন জগতের মৃত্যু হইয়াছে। নবীন জগং আমার জন্ম অপেক্ষা করিতেছে। আমি ইউরোপে ছয় সাত মাস, বড়জোর এই বংসরের শেষ পর্যন্ত থাকিবার সঙ্কল্প করিয়াছিলাম, কিন্তু কাণ্যতঃ আমাদের এক বংসর নয় মাস থাকিতে হইল।

এই সময়টা দেহ ও মনের পরিপূর্ণ বিশ্রাম ও শান্তিতে কাটিয়াছে। আমরা অধিকাংশ সময় স্বইজারল্যাণ্ডে জেনেভায় এবং মন্টানার পার্বতা স্বাস্থাবাসে কাটাইয়াছি। ১৯২৬-এর গ্রীমকালে আমার কনিষ্ঠা ভয়ী রুক্ষা ভারতবর্ব হইতে আসিয়া আমাদের দলে যোগ দিল, এবং অবশিষ্ট সময় আয়াদের সঙ্গেই ইউরোপে ছিল। বেশীর ভাগ সময় আমার স্থীকে ছাড়িয়া বাইতে না পারায় আমি কেবলমাত্র অল্প সময়ের জন্তা কয়েকটি স্থান দেখিতে সমর্থ হইয়াছিলাম। পরে আমার স্থী কিকিং স্বস্থ বোধ করিলে আমরা ইংলও ফ্রান্স ও জার্মানীতে কিছু ল্লমণ করিয়াছি। তুয়ার-শৈলমালা-বেষ্টিত আমাদের এই পার্বতা আবাসে আমি ভারতবর্ষ ও ইউরোপ হইতে নিজেকে বিভিন্ন মনে করিতাম। স্বদেশের ঘটনাবলী বহুদ্রে সরিয়া গিয়াছে, আমি দূর হইতে প্রহার মত সংবাদ পাঠ এবং ঘটনাগুলি লক্ষ্য করিতেছি, কথন বা নৃতন ইউরোপের প্রতি দৃষ্টিপাত করিয়া ইহার রাজনীতি, অর্থনীতি, ইহার স্বাধীন সামাজিক জীবন ব্রিবার চেষ্টা করিতেছি। যথন জেনেভায় ছিলাম তথন স্বভাবতঃই রাষ্ট্রসঙ্গ এবং আন্তর্জ্জাতিক শ্রমিক প্রতিষ্ঠানের কার্য্যাবলী লক্ষ্য করিয়াছিলাম।

# ইউরোপে

কিছ শীতের প্রারম্ভের সহিত এদেশের শীতকালের থেলাধ্লায় মাতিয়া উঠিলাম। আগামী কয়েকমাস ইহাই আমার প্রধান কাজ হইয়া উঠিল। ইতিপূর্বে আমি বরফের উপর "স্ফেটিং" করিয়াছি, কিন্তু "স্কিইং" এক নৃতন অভিজ্ঞতা। ইহার অভিনবত্বে আমি মুগ্ধ হইলাম। ইহা শিখিতে অত্যন্ত কট হইল। অনেকবার আছাড় থাইলাম; তবুও সাহসের সহিত পুনঃ পুনঃ উত্তম করিয়া অবশেষে কৃতকার্য্য হইলাম। ইহাতে আমি অত্যন্ত আমোদ অফুভব করিতাম।

এখানে জীবন মোর্টের উপর অত্যন্ত বৈচিত্র্যাহীন। দিনে দিনে আমার স্থ্রী ক্রমশঃ শক্তি ও স্বাস্থ্য লাভ করিতে লাগিলেন। এখানে কদাচিং কোন ভারতবাসীর সহিত দেখা হইয়াছে। এই ক্ষুদ্র পার্বত্য নিবাসের অধিবাসিবৃন্দ ছাড়া অগ্ধলোকের সহিতই দেখা হইত। কিন্তু পৌনে ঘূই বংসরের মধ্যে ইউরোপে আমাদের সহিত কয়েকজন স্থপরিচিত নির্বাসিত এবং প্রাচীন বিপ্রবশন্থী ভারতীয়ের সঙ্গে সাক্ষাং হইয়াছে।

তথন জেনেভার একটি বাড়ীর: উপর তলায় খ্যামজী কৃষ্ণবর্মা তাঁহার পীড়িতা পত্নীকে লইয়া বাদ করিতেন। এই বৃদ্ধা দম্পতির কোন সদী ছিল না। সারাক্ষণের জন্ম ভৃত্যাদিও ছিল না। তাঁহাদের ঘরগুলি স্তাত্দেতে ধ্লিমলিন ও হুর্গদ্ধপূর্ণ। স্তামজীর অর্থ ছিল প্রচুর, কিন্তু তিনি ব্যয়কুঠ ছিলেন। এমন কি তিনি কয়েকটি পয়সা বাঁচাইবার জন্ম টামে না উঠিয়া হাটিয়া যাইতেন। প্রত্যেক নবাগতকেই তিনি সন্দেহের দৃষ্টিতে দেখিতেন। এবং উপযুক্ত প্রমাণ না পাওয়া পর্যান্ত মনে করিতেন, এই ব্যক্তি হয় তাঁহার টাকার লোভেই আসিয়াছে, নয় ব্রিটিশের গুপ্তচর। তাঁহার পকেট তাঁহার সম্পাদিত প্রাচীন কাগন্ধ "ইণ্ডিয়ানু স্যোশিওলজিষ্টে" বোঝাই থাকিত। তিনি ঐগুলি টানিয়া বাহির করিয়া তাঁহার বার চৌদ্দ বংসর পূর্বের লেখা কোন প্রবন্ধ অত্যন্ত উৎসাহের সহিত পাঠ করিতেন। তিনি পুরাতন গল্প করিতে ভালবাদিতেন। হামষ্টার্ডে ইণ্ডিয়া হাউদের গল্প করিতেন, ব্রিটিশ গভর্ণমেণ্ট তাঁহার পেছনে যে সকল গোয়েন্দা লাগাইয়াছিলেন, কেমন করিয়া তিনি তাহাদের চিনিগা ফেলিতেন এবং তাহাদের বেকুব বানাইতেন সেই সব গল্প করিতেন। তাঁহার ঘরের দেয়ালে বহু তাক এবং সেগুলি ধূলিমলিন ও অয়ত্বরক্ষিত পুরাতন পুঁথিপুন্তকে বোঝাই। মেঝের উপরও বই ও ধবরের কাপজের ছড়াছড়ি। দেগুলি হয় ত মাদের পর মাদ কেহ নাড়াচাড়া করে নাই। মোটের উপর চারিদিকে বিষণ্ণ নিজ্জনতা—যেন ধ্বংসের স্তৃপ, জীবন এখানে যেন অবাঞ্চনীয় অতিথি-অন্ধকার নিস্তন্ধ বারান্দার উপর দিয়া হাটিবার

#### জওহরলাল নেহরু

সময় মনে হয়, যেন প্রত্যেক আন্ধকোণে মৃত্যুর ছায়া ঘনাইয়া রহিয়াছে। এই বাড়ী হইতে বাহির হইলে মৃক্ত বায়ুতে আসিয়া হাঁপ ছাড়িয়া বাঁচা বায়।

শ্রামজী তাঁহার টাকাকড়ির একটা বিলি ব্যবস্থার জন্ম ইচ্ছুক হইয়াছিলেন। কোন জনহিতকর কার্যো, বিশেষভাবে ভারতীয় ছাত্রদের বিদেশে শিক্ষার জন্ম একটা স্থায়ী ধনভাপ্তার স্থাপনের তাঁহার ইচ্ছা ছিল। তিনি আমাকে একজন অছি নিযুক্ত করিতে চাহিলেন। কিন্তু আমি এই দায়িত্ব গ্রহণ করিবার কোন আগ্রহ দেখাইলাম না। তাঁহার আর্থিক ব্যাপারের সহিত্ত ক্রড়িত হইবার কিছুমাত্র ইচ্ছাপ্ত আমার ছিল না; তাহা ছাড়াপ্ত আমি যদি এ বিষয়ে অতিরিক্ত আগ্রহ দেখাই, তাহা হইলে তিনি তৎক্ষণাং সন্দেহ করিবেন, তাঁহার টাকার উপর আমার লোভ আছে। কেহ জানিত না তাঁহার কত টাকা আছে। জার্মাণীর "মার্কের" দাম পড়িয়া যাওয়ায় তাঁহার গুক্তর ক্ষতি হইয়াছে এইরপ একটা গুজব শুনিয়াছিলাম।

সময় সময় অনেক খ্যাতনামা ভারতীয় জেনেভায় আসিতেন। রাষ্ট্রসজ্জে যে সব সরকারী চাকুরীয়া শ্রেণীর ভারতীয় আসিতেন, শ্রামজী তাঁহাদের ছায়াও মাড়াইতেন না। কিন্তু আন্তর্জ্জাতিক শ্রমিক সভায় অনেক বে-সরকারী এমন কি বিখ্যাত কংগ্রেসপন্থী ভারতীয় আসিতেন, শ্রামজী তাঁহাদের সহিত দেখা করিতে চেষ্টা করিতেন। কিন্তু এই সকল ভদ্রলোক তাঁহাকে দেখিলে অত্যন্ত ঘাবড়াইয়া যাইতেন এবং অস্বান্তন্দ্যের সহিত প্রকাশ্রভাবে তাঁহার সহিত যেলামেশা এড়াইয়া চলিতেন। পারতপক্ষে গোপনে ছাড়াদেখা করিতে চাহিতেন না। তাঁহার সহিত মেলামেশা অনেকেই খ্বানিরাপদ মনে করিতেন না।

কাজেই সন্তানসন্ততি আত্মীয় বন্ধুহীন এমন কি প্রায় মমুগ্রসংসর্গ বজ্জিত ভাবে শ্রামজী ও তাঁহার পত্নী নিংশদ জীবন যাপন করিতেন। তিনি যেন অতীতের শ্বতিচিহ্ন, তাঁহার দিন ফুরাইবার পরও যেন বাঁচিয়া আছেন। বর্ত্তমানের সহিত তাঁহার কোন সম্পর্ক নাই এবং জগং যেন তাঁহাকে বিশ্বত হইয়াছে। এখনও তাঁহার চক্তে দেই পূর্কেকাব অগ্নি জ্বলিত এবং আমার ও তাঁহার মধ্যে সাদৃশ্যের অভাব সত্তেও আমি তাঁহার প্রতিশ্বনা ও সহামুভ্তি প্রদর্শন না করিয়া পারিলাম না।

সম্প্রতি সংবাদপত্তে তাঁহার মৃত্যু সংবাদ পাঠ করিয়াছি এবং **তাঁহার** অল্পদিন পরেই তাঁহার আজীবনের প্রধান সন্ধিনী সেই মহিয়সী গুজরাটী মহিলারও মৃত্যু সংবাদ পাইয়াছি। সংবাদে প্রকাশ যে, তিনি বিদেশে ভারতীয় মহিলাদের শিক্ষার জন্ম প্রচুর টাকা দান করিয়া গিয়াছেন।

#### **ইউরোপে**

আর একজন বিখ্যাত ব্যক্তি—খাহার নাম আমি বছকাল যাবৎ জানি, সেই রাজা মহেন্দ্রপ্রতাপের সহিত স্থইজারল্যাণ্ডে স্মামার প্রথম সাক্ষাৎ ঘটিল। তাঁহাকে তথন দেখিলাম (সম্ভবতঃ এখনও) একজন সদানন্দময় আশাবাদী, বান্তবের সহিত সম্পূর্ণ সম্পর্কহীন হইয়া তিনি এক ভাবরাজ্যে বাস করিতেছেন। তাঁহাকে দেখিয়া আমি প্রথমতঃ অবাক হইলাম। তাঁহার পোষাক পরিচ্ছদ তিব্বতের মালভূমি অথবা সাইবেরিয়ার উপযুক্ত; কিন্তু গ্রীমকালে এই মন্ত্রোর মত স্থানের সম্পূর্ণ অমুপযুক্ত। তাঁহার পোবাক অর্দ্ধ সামরিক, পায়ে রুশীয় বুট জুতা এবং তাঁহার সর্বাবে কাগজপত্র ও ফটো বোঝাই বড় বড় পকেট। তাহার মধ্যে জার্মাণ চ্যান্সেলার বেথ্ম্যান হলওয়েগের লেখা একখানা চিঠি, কাইজারের নিজের নাম দন্তথত করা একখানা ছবি, তিকতের দালাইলামার নিকট হইতে প্রাপ্ত একখানি স্থন্দর রেশমী कां भए ज्या क्यां भव वर चराश मिलन मखाराक, हवि तरिग्राहि। এই সকল পকেটের বিচিত্র কাগজপত্র দেখিয়া আ**ন্চর্ব্য হইলাম**ণ তিনি বলিলেন, একবার চীনদেশে মূল্যবান কাগজ্পতা সহ তাঁহার একটি হাঁত বাক্স হারাইয়া গিয়াছিল, সেই হইতে তিনি কাগজগুলি সর্বদা কাছে রাখাই সন্ধৃত মনে করেন। এতগুলি পকেটের কারণ তাহাই।

মহেদ্রপ্রতাপ তাঁহার জাপান, চীন, তিবত ও আফগানিস্থানের ভ্রমণ ও অপূর্ব্ব অভিজ্ঞতার অনেক ভাল ভাল গল্প বলিতে পারেন। তাঁহার বৈচিত্রাময় জীবন-কাহিনী উপন্থাসের ন্থায় মনোহর। বর্ত্তমানে তিনি "ক্যাপিনেদ সোদাইটি" বা স্থেদকারক দমিতি লইয়া মাতিয়া আছেন। এই সমিতির প্রতিষ্ঠাতা তিনি স্বয়ং এবং ইহার বাণী হইল "স্থী হও"। তাঁহার এই সমিতি ল্যাট্ভিয়ায় (অথবা লিথ্য়ানিয়ায় ?) সর্ব্বাধিক সাফল্য লাভ করিয়াছে।

তাঁহার প্রচারকার্য্যের ধারা এইরূপ, মাসে মাসে তিনি তাঁহার বাণী পোষ্টকার্ডে ছাপাইয়া জেনেভায় বিভিন্ন সভাসমিতি উপলক্ষে সমবেত সদস্যদের মাঝে বিতরণ করেন। তাঁহার মৃদ্রিত বাণীর নীচে তিনি নানা ছাদে এক বিশেষ ভঙ্গীতে নিজের নাম দম্ভখত করেন। "মহেদ্রপ্রতাপের" আগুক্ষর মাত্র ব্যবহার করেন এবং তাহার সহিত তাঁহার প্রিয় বিভিন্ন দেশের নাম যোগ করিয়া নিজেকে তাহার প্রতিনিধি রূপে বর্ণনা করেন। তিনি যে আন্তর্জাতিক এবং বিশ্বভাত্তে বিশাসী, তাহাও বর্ণনা করিবার জন্ম স্কর্বশেষে লেখেন "মানবজাতির ভৃত্য"। মহেন্দ্রপ্রতাপের সব কথার উপর গুরুত্ব আরোপ করা কঠিন। তিনি যেন কোন মধ্যযুগীয় উপন্যাসের নায়ক। যেন বিংশ শতাব্দীতে কোণা হইতে ছিট্টকাইয়া এক

#### ज उर्जनान (नर्ज

ডন্কুইক্সোট আসিয়াছেন। কিন্তু তিনি সম্পূর্ণরূপে সরল এবং **তাঁ**হার আবেগ অকুত্রিম।

প্যারীতে আমরা উগ্রন্থভাবা এবং ভয়ঙ্করী মাদাম কামার সহিত সাক্ষাৎ করিয়াছিলাম। তিনি সোজাস্থজি আসিয়া মৃথের দিকে তীব্র দৃষ্টিতে চাহিয়াই পরিচয় জিজ্ঞাসা করেন। উত্তর দিলেও কোন ফল হয় না (সম্ভবতঃ তিনি বন্ধ কালা); কেননা কোন প্রমাণেই তাঁহার নিজের বন্ধমূল ধারণা তিনি ত্যাগ করেন না।

ইতালীতে কিয়ৎকালের জন্ম আমার মৌলবী ওবেইছ্ল্ল্যার সহিত দেখা হইয়াছিল। তিনি চালাক-চতুর এবং প্রাচীন ধরণের রাজনৈতিক কলকৌশলে স্থপটু; কিন্তু আধুনিক ভাবধারার সহিত তাঁহার কোন পরিচয় নাই। তিনি আমাকে ভাবতীয় যুক্তরাষ্ট্রের (ইউনাইটেড রিপাব্লিকস্ অব্ ইণ্ডিয়া) একটা পরিকল্পনা দেখাইয়া বলিলেন, ইহা দ্বারাই সাম্প্রদায়িক সমস্যার সমাধান হওয়া সন্তব । তিনি আমাকে ইন্তাম্বুলে (কন্ট্রান্টিনোপল) তাঁহার খতীত কাব্যকলাপের কথা বলিলেন। আমার নিকট সেগুলি থুব গুরুতর বলিয়া মনে হয় নাই এবং সেগুলি আমি অল্পকাল পরেই ভূলিয়া গিয়াছিলাম। কয়েক মাস পরেই লালাজীর সহিত তাঁহার সাক্ষাং হইয়াছিল এবং তাঁহার নিকটও তিনি এসব গল্প করেন। লালাজী তাঁহার কথায় অত্যন্ত মুশ্ধ হন। সেই সকল গল্পই নানা অযৌক্তিক ও আশ্চর্যান্ধপে পল্লবিত হইয়া সেই বংসরের ভারতীয় আইন সভার নির্বাচনে ব্যবহৃত হইয়াছিল। পরে মৌলবী ওবেইছ্ল্ল্যা হেজাজে যান। তাহার পর আর কয়েক বংসর আমি তাঁহার কোন সংবাদ পাই নাই।

সম্পূর্ণ পৃথক চরিত্রের আর একজন মৌলনী—বরকতুল্লার সহিত আমার বার্লিনে প্রথম সাক্ষাং হয়। এই হাসিথূদী বৃদ্ধ মহা উৎসাহী এবং অত্যন্ত মিশুক প্রকৃতির। তিনি সাদাসিদে, থুব বেশী বৃদ্ধিমান নহেন কিন্তু সমসাময়িক জগতের নবীন ভাবধার। বৃঝিবার জন্ম সর্বনাই চেষ্টিত। আমরা স্কৃতীর্লাইঙে থাকিতেই ১৯২৭ সালে সানক্রান্সিস্কোতে তাঁহার মৃত্যু সংবাদে আমি অত্যন্ত ব্যথিত ইইয়াছিলাম।

বার্লিনে আরও অনেক ভারতীয় ছিলেন। যুদ্ধের সময় ইহাদের একটি দল ছিল; কিন্তু সে দল বহুদিন পূর্বেই ভাদিয়; গিয়াছে। তাঁহাদের নিজেদের মধ্যে কলহ উপস্থিত হওয়ায় তাঁহার। প্রত্যেকে অপরকে বিশ্বাসঘাতক বলিয়া সন্দেহ করিতেন এবং এই কারণে তাঁহারা বিচ্ছিন্ন হইয়া পড়েন। সর্ব্বেই রাজনৈতিক নির্বাসিতের ভাগ্যে এইরূপ ঘটয়া থাকে। বার্লিনে এই সকল ভারতীয় মধ্যশ্রেণীয় বৃত্তি অবলম্বন করিয়া বসবাস করিতেছেন।

# ইউরোপে

মহাযুদ্ধের পর জার্মাণীতে ইহাদের কথনও কাজ জোটে, কখনও জোটে না। যাহাই হউক, তাঁহাদের আর বৈপ্লবিক আগ্রহ নাই। এমন বিং, তাঁহারা রাজনীতি এড়াইয়া চলেন।

যুদ্ধের সময় এই ভারতীয় পুরাতন দলের কাহিনী অত্যম্ভ কৌতৃহলপ্রদ। ১৯১৪ সালের সেই চিরশ্বরণীয় গ্রীম্মকালে ইহারা জার্মাণীর বিভিন্ন বিশ্ববিতালয়ের ছাত্র ছিলেন। তাঁহারা জার্মাণ ছাত্রদের সহিত একই জীবন যাপন করিতেন, তাঁহাদের সন্ধীত গাহিতেন, তাঁহাদের পেলাধ্লায় যোগ দিতেন, ডাঁহাদের সহিত বীয়র মগু পান করিতেন এবং জার্মাণ সভ্যতা ও সংস্কৃতির প্রতি সহামুভূতি ও শ্রদ্ধাপ্রকাশ করিতেন। যুদ্ধের সহিত তাঁহাদের কোন প্রত্যক্ষ যোগ ছিল না; কিন্তু সমগ্র জার্মাণব্যাপী জাতীয় ভাবের তীব্র উচ্ছাসের স্রোতে ঠাহারা ভাসিয়া গেলেন। তাঁহারা আসলে জার্মাণীর পক্ষপাতী ছিলেন না, তাঁহাদের মনের ভাব ছিল ব্রিটিশ-বিরোধী; এবং ভারতীয় জাতীয়ভাবে অন্প্রপ্রাণিত হইয়া তাঁহারা ব্রিটনের শক্রদের প্রতি অমুকুল হইয়াছিলেন। যুদ্ধের অব্যবহিত পরেই বৈপ্রবিক মনোবৃত্তি সম্পন্ন ক্তিপন্ন ভারতীয় স্বইজারল্যাও হইতে জার্মাণীতে আসিয়াছিলেন। ইহারা একটি সমিতি গঠন করিয়া আমেরিকার যুক্তরাষ্ট্র হইতে হরদয়ালকে ভাকিয়া পাঠাইলেন। কয়েক মাস পরে হরদয়াল আসিলেন এবং ইতিমধ্যে সমিতি বেশ শক্তিশালী হইয়া উঠিল। ভারতীয়দের ব্রিটশ-বিরোধী মনোভাবকে নিজেদের স্থবিধান্তনক কাজে লাগাইবার জন্ম জার্মাণ গভর্ণমেন্টই এই সমিতিকে শক্তিশালী করিয়া তুলিলেন। ভারতীয়েরা এই আন্তর্জাতিক অবস্থার স্বযোগে কেবলমাত্র জার্মাণীর স্থবিধার জন্ম কাজ না করিয়া নিজেদের জাতীয় স্থবিধাও অম্বেষণ করিতে লাগিলেন। যদিও এই ব্যাপারে তাঁহাদের নিজম্ব বিশেষ স্বাধীনতা ছিল না, তবুও জার্মাণ কর্ত্তপক্ষের গরজ দেখিয়া একটা বিধিব্যবস্থা করিবার জন্ম তাঁহারা চেষ্টা করিতে লাগিলেন। তাঁহারা জার্মাণীর নিকট ভারতের স্বাধীনতা সম্বন্ধে প্রতিশ্রুতি এবং পাকা কথা চাহিলেন। জার্মাণ পররাষ্ট্র বিভাগের সহিত তাঁহাদের একটা সন্ধি হইয়া গেল। স্থির হইল, জয়লাভিন্ন "«পর জার্মাণী ভারতের স্বাধীনতা মানিয়া লইবে এবং (আরও কতকগুলি ছোটপাট সর্ভে) ভারতীয়েরা ইহার বিনিময়ে যুদ্ধের সময় জার্মাণীকে সাহায্য করিবার জন্ম প্রতিশ্রুতি দিলেন। এই ভারতীয় সমিতির সহিত জার্মাণ কর্তৃপক্ষ সম্মানজনক ব্যবহার করিতে লাগিলেন এবং সমিতির সদস্তরা বৈদেশিক রাষ্ট্রদুতের মধ্যাদা পাইতে লাগিলেন।

অনভিজ্ঞ যুবকদল গঠিত এই সমিতির অপ্রত্যাশিত সম্মান ও প্রতিষ্ঠায়

#### জওহরলাল নেহর

জনেকেরই মাথা গরম হইয়া উঠিল। তাঁহারা মনে করিতে লাগিলেন, তাঁহারা যেন ঐতিহাসিক ঘটনার নায়করূপে এক যুগাস্তরকারী মহৎ উদ্দেশ্য সাধনে ব্রতী হইয়াছেন। ইহাদের জনেকে জসমসাহসিক কার্য্য করিয়াছেন, জনেকের জীবন বিপন্ন হইয়াছে, জল্লের জন্ম মৃত্যুর কর্বল হইতে ত্রাণ পাইয়াছেন। কিন্তু যুদ্ধের শেষের দিকে ইহাদের গুরুও কমিয়া গেল এবং পরে কেহ ইহাদের প্রায় গ্রাহ্ট করিত না। আমেরিকা হইতে আগত হরদ্যাল জনেক পূর্বেই পরিত্যক্ত হইলেন। সমিতির সহিত তাঁহার বনিবনাও হইল না। সমিতি এবং জার্মাণ গভর্ণমেন্ট তাঁহাকে বিশ্বাসের অযোগ্য মনে করিয়া পরিত্যাগ করিলেন। বছকাল পরে আমি ১৯২৬-২৭ সালে ইউরোপে গিয়া দেখিয়া আশ্চ্যা হইয়াছি যে, তথনও ইউরোপ প্রবাসী ভারতীয়েরা হরদ্যালের প্রতি কি পরিমাণ বিরক্তি ও ঘূণা পোষণ করেন। তিনি তথন স্বইডেনে ছিলেন। আমার সহিত তাঁহার দেখা হয় নাই।

যুদ্ধ শেষ হইল। সঙ্গে সঙ্গে বার্লিনের ভারতীয় কমিটিরও পরমায়ু ফুরাইল। আশাভঙ্গজনিত মনোবেদনায় তাঁহাদের জীবন হর্কাই ইইয়া উঠিল। বৃহৎ পণ বাথিয়া দ্যুক্তলীড়ার তাঁহারা হারিয়া গেলেন। যুদ্ধের সময় তাঁহাদের গুরুত্ব এবং তুংসাহসী কার্যাকলাপের অবসানে দৈনন্দিন বৈচিত্রাহীন জীবন ছাড়া আর কিছুই রহিল না। কিন্তু নিরাপদভাবে তাহা নির্কাহ করাও কঠিন হইয়া উঠিল। তাহাদের পঞ্চে ভারতে ফিরিয়া আসাও কঠিন, অগুদিকে যুদ্ধের পর প্রাজিত জার্মাণীতে বাস করাও সহজ নহে। জীবন সংগ্রাম অত্যন্ত কঠিন। কয়েকজনকে বিটিশ গভর্ণমেন্ট ভারতে ফিরিতে দিলেন, বাদবাকী আর সকলকেই জার্মাণীতে বাধ্য হইয়া থাকিতে হইল। তাঁহাদের অবস্থা অতি শোচনীয়। তাহারা দৃশ্রতঃ কোন রাষ্ট্রেরই নাগরিক নহেন। তাঁহাদের বৈধ ছাড়পত্র নাই। জার্মাণীর বাহিরে জ্মণ করা তাঁগাদের পক্ষে প্রায় অসম্ভব। জার্মাণীতে বাস করাও নানা কারণে বিশ্ববহল এবং তাহাও স্থানীয় পুলিশের দ্যার উপর নির্ভর করে। জীবনের এই তুংগ কঠি, প্রতিদিনের ছন্ডিন্তা এবং আহার বাসস্থানের জন্যও অবিরত উৎকণ্ঠা, ইহাই তাহাদের ভাগ্য হইল।

১৯৩৩-এর পর তাঁহারা যদি নাংসী নীতি অবলম্বন না করিয়া থাকেন তাহা হইলে নাংসীরাজ্যে তাঁহানের অবস্থা আরও শোচনীয় হইয়াছে। "নরভিক্" শ্রেণীর আর্যা নহে, বিশেষতঃ এসিয়াবাসী বিদেশীরা বর্ত্তমান জার্মাণীতে অবাস্থনীয় ব্যক্তি। ভাল ব্যবহার করিলে লোকে তাঁহাদিগকে সহু করে মাত্র। হিট্লার ভারতে ব্রিটিশ সাম্রাজ্যবাদী শাসন সমর্থন

# ইউরোপে

করিয়া স্পষ্টভাবে অভিমত ঘোষণা করিয়াছেন, কেন না, তিনি বিটনের সদিচ্ছা লাভ করিতে চাহেন। যে সকল ভারতবাসীর উপর ব্রিটশ গভর্ণমেন্ট অসম্ভষ্ট তাঁহাদিগকে নিশ্চয়ই তিনি উৎসাহ দিবেন না।

পূর্ব্বোক্ত ভারতীয় সমিতির বিশিষ্ট সদস্য চম্পকর্মণ পিল্লের সহিত আমাদের বার্লিনে সাক্ষাং হইয়াছিল। তিনি মত্যন্ত আড়ম্বরপ্রিয় ছিলেন এবং যুবক ভারতীয় ছাত্রেরা তাঁহাকে এক অশ্রন্ধাপূর্ণ উপাধি দিয়ছিলেন। তিনি জাতীয়তাবাদ ছাড়া আর কিছুই বুঝিতেন না। সামাজিক বা অর্থনৈতিক দিক হইতে কোন প্রশ্ন আলোচনা করিতে অত্যন্ত অনিচ্ছা প্রকাশ করিতেন। জার্মাণ জাতীয়তাবাদী "লৌহশিরস্ত্রাণ" দলের সহিত তিনি বেশ ভাব করিয়া লইয়াছিলেন। জার্মাণীতে যে কয়জন ভারতীয়কে নাংসীরা পছন্দ করিতেন, তিনি তাঁহাদের একজন ছিলেন। কয়েকমাস পূর্বের জেলে থাকিতেই বার্লিনে তাঁহার মৃত্যুসংবাদ আমি পাঠ করি।

ভারতের এক বিখ্যাত বংশের সন্থান বীরেন্দ্রনাথ চট্টোপাধ্যায় ছিলেন এক সম্পূর্ণ স্বতন্ত্র ধরণের মানুষ। তাঁহাকে সকলে আদর করিয়া "চট্টো" বলিয়া ডাকিত। তাহার যোগ্যতা, কর্মকুশলতা এবং চরিত্রমাধূর্য্য অমুপম। তিনি সর্বাদাই অভাবগ্রস্থ, তাঁহার বসন জীর্ণ, এনন কি এক সন্ধ্যা থাওয়া জোটাও মাঝে মাঝে কঠিন হইত। কিন্তু তথাপি তিনি লঘুচিত্র এবং পরিহাসরসিক ছিলেন। আমার কয়েক বংসর পূর্ব্বে তিনি ইংলণ্ডে শিক্ষালাভার্থ গিয়াছিলেন। আমি যথন হ্যারোতে পড়ি তথন তিনি অন্ধকোর্ডে ছিলেন। তিনি আর ভারতবর্ষে ফিরেন নাই। মাঝে মাঝে তাঁহার চিত্ত দেশের জন্ম ব্যাকুল হইত এবং ফিরিয়া আসিবার জন্ম তিনি চেষ্টা করিতেন। তাঁহার পারিবারিক জীবনের সমন্ত বন্ধনই ছিন্ন হইয়াছে এবং ভারতে ফিরিয়া আসিলে তিনি নিজেকে নিংসন্ধ ও অস্থ্যী বোধ করিতেন ইহাও নিশ্চিত। কিন্তু দীর্ঘাল বর্ষের পর বর্ষ বিভিন্ন দেশে ভ্রমণ করিয়াও স্থানশের প্রতি টান সমানই রহিয়া গিয়াছে, কোন নির্বাদিতই মানসিক বিষাদ হইতে পরিত্রাণ পায় না। মাৎসিনি ইহাকে বলিতেন আত্মার ক্ষয়রোগ।

বিদেশে আমি যে সকল ভারতীয় রাজনৈতিক নির্বাসিতের সহিত পরিচিত হইয়াছি, তাঁহাদেব বেশীর ভাগের মধ্যেই আমি বিশেষ কোন বিশেষত্ব দেখি নাই। তাঁহাদের স্বার্থতাগের প্রতি আমি শ্রদ্ধাসম্পন্ন এবং তাঁহাদের বর্ত্তমান তৃঃথ, দৈল, বিদ্ধ, বাধার প্রতি আমার আন্তরিক সহামুভ্তি রহিয়াছে। তাঁহারা সারা জগতে ছড়াইয়া আছেন, আমার সহিত আন্ত কয়েকজনেরই দেখা হইয়াছে। খ্যাতিমান ত্ই-চারি জন ছাড়া

#### ज ওহরলাল নেহর

বাদবাকী অন্তান্ত অনেকে যে ভারতবর্ধের সেবায় আত্মোৎসর্গ করিয়াছিলেন, সেই ভারতবর্ধই তাঁহাদিগকে সম্পূর্ণরূপে বিশ্বত হইয়াছে। যে কয়েকজনের সহিত আমার দেখা হইয়াছিল তাহার মধ্যে মাত্র ছাই জনের বৃদ্ধির দীপ্তিই আমার মনে রেখাপাত করিয়াছে। এক বীরেক্স চট্টোপাধ্যায়, অপর মানবেক্সনাথ রায়। রায়ের সহিত মস্কোতে আমার মাত্র আধ ঘন্টা আলাপ হয়। তিনি তখন কয়্সনিষ্ঠ দলের একজন নেতা ছিলেন। পরে তাঁহার কয়্যনিজয়্ গোঁড়া কমিন্টার্ণ মার্কা কয়্যনিজয়্ হইতে শ্বতম্ব হইয়া য়য়। আমার বিশ্বাস, চট্টো প্রাপ্রি কয়্যনিষ্ট ছিলেন না, কিন্তু তাঁহার কয়্যনিজমের দিকে ঝোক ছিল। রায় বর্ত্তমানে তিন বংসর হইল ভারতীয় কারাগারে আছেন।

ইউরোপে আরও অনেক ভারতীয় ভাসিয়া বেড়াইতেছেন। ইহার। বৈপ্লবিক ভাষায় কথা বলেন, অসমসাহসিক ও অবাস্তব প্রস্তাব করেন, এবং আশ্চর্যা প্রশ্ন জিজ্ঞাসা করিয়া থাকেন। দেখিলে মনে হয়, তাঁহাদের উপর ব্রিটিশ গোয়েন্দাবিভাগের ছাপ পড়িয়াছে।

আমরা অনেক ইউরোপীয়ান ও আমেরিকানের সহিতও দেখা করিয়াছি। জেনেভা হইতে ভেলেনিউভের ওরা ভিলায় আমরা কয়েকবার (প্রথমবার গান্ধিজীর পরিচয়-পত্র সহ ) তীর্থযাত্রীর মত রোমাঁ। রোলাঁার দর্শন লাভ করিয়াছি: যুবক জার্মাণ কবি ও নাট্যকার আণ্ট টোলারের স্থতি (নাৎসী আমলে তিনি আর জার্মাণ নহেন) এবং নিউ ইয়র্ক সিভিল লিবার্টি ইউনিয়নের রোজার বন্ড্রাইনের স্মৃতি ভূলিবার নহে। জেনেভাতে স্থলেথক আমেরিকা প্রবাসী ধনগোপাল মুখাজ্জীর সহিতও আমার বন্ধুত্ব হইয়াছিল। ইউরোপ যাইবার পূর্বে ভারতে আমার দহিত অক্সফোর্ড গ্রুপ আন্দোলনের ফ্রান্ক বাক্ম্যানের সহিত দেখা হইয়াছিল ৷ তিনি তাঁহাদের আন্দোলন সম্পর্কে কতকগুলি রচনা আমাকে দিয়াছিলেন, আমি সেগুলি পড়িয়া আশ্চর্য্য হইয়া-ছিলাম। অকস্মাৎ দীক্ষা গ্রহণ, নিজের অতীত সম্পর্কে অকপট স্বীকারোক্তি এবং একপ্রকার ধর্মসংলিষ্ট পুনকথানবাদী আবহাওয়ার সহিত আধুনিক যুগের স্বাধীন বৃদ্ধির সামঞ্জন্ত কি করিয়া হয় আমার ধারণায় আসিল না। বৃদ্ধিমান ব্যক্তিরা কি ভাবে এই আশ্চর্য্য ভাবাবেঞ্ অধীর হইয়া পড়েন, আমি বুঝিতে পারিলাম না। আমার কৌতৃহল বাড়িল। জেনেভায় ফ্রান্ক বাক্ম্যানের সহিত আবার সাক্ষাং হইল। তিনি আমাকে রুমানিয়ার কোন স্থানে তাঁহাদের এক আন্তর্জাতিক সম্মেলনে আহ্বান করিলেন। তৃংধের কথা এই নৃতন ভাববাতিকতার প্রত্যক্ষ অভিজ্ঞতা লাভের স্থযোগ আমার ঘটিল না। আমার কৌতৃহল অতৃপ্ত রহিয়া গেল এবং অক্সফোর্ড গ্রুপ আন্দোলনের পরিপুষ্টির কথা আমি যতই পাঠ করি ততই আশ্রেয় হই।

# ভারতে রাজনৈতিক বিতর্ক

আমাদের স্বইজারল্যাণ্ডে আগমনের কিছুদিন পরেই ইংলণ্ডে সাধারণ ধর্মঘট আরম্ভ হইল। আমি অত্যন্ত চঞ্চল হইয়া পড়িলাম। আমার স্বাভাবিক সহামুভূতি ছিল ধর্মঘটীদিগের প্রতি। অল্পদিন পরে ধর্মঘট ভাদিয়া পড়িয়াছে এই সংবাদে আমি অত্যন্ত মন্মাহত হইলাম। কয়েক মাস পরে আমি ইংলতে গিয়া কিছু দিন ছিলাম। ধনির শ্রমিকদের ্ধশ্মঘট তথনও চলিতেছিল। রাত্রে লণ্ডন সহর অদ্ধ-আলোকিত হইত। ডার্কিদায়ারের নিকটবর্ত্তী খনি অঞ্চলে আমি অবস্থা দেখিতে গিয়াছিলাম। আমি দেখিলাম আবালকৃদ্ধবনিতার শুক্ষ মুখে বেদনার চিহ্ন, ভাহাদের সর্বাবে শ্রীহীনতার ছাপ। তদপেক্ষাও মন্মান্তিক দৃশ্র উদযাটিত হইল স্থানীয় বিচার আদালতে, সেখানে ধর্মঘটী ও তাহাদের স্ত্রীদের বিচার চলিতেছিল। কয়লার থনির ডাইরেক্টার এবং ম্যানেজারেরাই এখানে ম্যান্ধিষ্ট্রেট এবং তাঁহারাই কৃদ্র কৃদ্র অপরাধে জরুরী আইন অমুসারে বিচার করিয়া ধর্মঘটীদের দণ্ড দিতেছিলেন। একটি বিচার দেথিয়া আমি ক্রন্ধ হইলাম। তিনটি কি চারটি স্ত্রীলোককে তাহাদের কোলে সন্তানসহ কাঠগড়ায় হাজির করা হইল। তাহাদের অপরাধ—তাহারা ধর্মঘটবিরোধী শ্রমিকদের ব্যক্ষ করিয়াছে। এই অল্পবয়স্কা (তাহাদের সন্থানগুলিও) জীর্ণমলিনবসনা এবং পুষ্টিকর খাত্যের অভাবে শীর্ণ। দীর্ঘকালব্যাপী ধর্মঘটের বেদনা ও অভাব অনটনের প্রতিচ্ছবি তাহাদের অবয়বে ফুটিয়া উঠিয়াছে। যে সকল ধর্মঘটবিরোধী শ্রমিক তাহাদের মুখের গ্রাস কাড়িয়া লইতেছে, তাহাদের প্রতি ইহাদের বিরক্তি ও তিক্ততা স্বাভাবিক।

শ্রেণী হিসাবে বিচার-বৈলক্ষণ্যের সংবাদ প্রায়ই পাঠ করা যায় এবং ভারতে ত ইহা সচরাচর ঘটনা। কিন্তু ইংলণ্ডে যে তাহার কলকমিলন দৃষ্টান্ত দেখিব এ প্রত্যাশা আমার ছিল না। আমি মর্মাহত হইলাম। আমি আশ্র্যায় হইয়া আরও দেখিলাম সর্ব্যাই ধর্মঘটীরা যেন ভয়ে আড়ষ্ট। আমি স্পষ্ট ব্বিতে পারিলাম যে, পুলিশ ও কর্ত্পক্ষের কঠোর নীতি তাহাদিগকে ভীত করিয়া রাথিয়াছে এবং সকল প্রকার অস্তায়

#### ज उर्जनाम (नर्ज

ব্যবহারই তাহারা নীরবে সহু করিতেছে। দীর্ঘকাল ধর্মঘটের পর তাহারা প্রাস্ত ক্লাস্ত, তাহাদের সকল তালিয়া পড়িবার উপক্রম হইয়াছে। অফান্ত ট্রেড্ ইউনিয়নের শ্রমিকেরা বহুপ্র্বেই তাহাদিগকে ত্যাগ করিয়াছে। তথাপি দরিত্র ভারতীয় শ্রমিকদের সহিত ইহাদের আকাশ পাতাল ব্যবধান। এততেও ব্রিটিশ খনি-শ্রমিকদের সজ্মশক্তি তথনও প্রবল, জাতীয়, এমন কি আন্তর্জাতিক সহাম্ভৃতি তাহাদের পক্ষে। ট্রেড্ ইউনিয়ন্ আন্দোলনের সাহায়ে প্রচারকার্যা এবং অ্যান্ত নানাবিধ সহায়তা তাহারা লাভ করিতেছে। ভারতীয় শ্রমিকেরা এ সকল স্ববিধা পায় না। তথাপি চোধে মুখে ভীতির ছাপের দিক দিয়া উভয়ের আশ্চর্যা সাদৃশ্য।

এই বংসর ভারতবর্ধে ব্যবস্থা পরিষদ ও প্রাদেশিক আইন সভার তৃতীয় বার্ষিক নির্বাচনের ব্যাপার চলিতেছিল। এ সম্বন্ধে আমার বিশেষ কৌতৃহল ছিল না। কিন্তু তীব্র বাদপ্রতিবাদের থবর স্বইজারল্যাণ্ডেও আমার নিকট পৌছিত। আমি শুনিলাম, ভূতপূর্ব্ব স্বরাজ্য দল এবং অধুনা কংগ্রেস দলের বিক্লমতা করিবার জন্ম পণ্ডিত মদনমোহন মালব্য এবং লালা লাজপং রায় এক নৃতন দল গঠন করিয়াছেন। ইহারা হইলেন জাতীয় দল। আমি তথনও ব্বিতে পারি নাই, এখনও জানি না নীতিগত কি পার্থক্যের ফলে এই নৃতন দল পুরাতন হইতে বিচ্ছিন্ন হইয়াছিলেন। অবশ্য ইদানীং আইন সভার দলগুলির মধ্যে নীতিগত কোন পার্থক্য নাই, ইহা একই কথার হেরফের মাত্র। সর্ব্বাত্রে স্বরাজ্য দলই কাউন্সিলের মধ্যে সংগ্রামশীল শক্তি লইয়া প্রবেশ করিয়াছিলেন এবং ইহারাই অন্যান্ত দল অপেক্ষা নরমপন্থী বলিয়া বিবেচিত হইতেন। কিন্তু এই পার্থক্য নীতিগত নহে, কেহ একটু বেশী চরম, কেহ একটু কম।

ন্তন জাতীয়দল অনেকাংশে নরমপন্থী এবং স্বরাদ্যা দল অপেক্ষা নিঃসন্দেহে দক্ষিণমার্গী। হিন্দু মহাসভার সহিত ঘনিষ্ঠ সহযোগিত। রক্ষা করিয়া ইহারা কার্য্য করিতেছিলেন এবং ইহা সম্পূর্ণভাবে একটি হিন্দু দল। পণ্ডিড মালব্যের এই দলের নেতৃত্বের কারণ সহজেই ব্রা যায়, কেন না, শুইহা তাঁহার নিজের মতবাদেরই অভিব্যক্তি। যদিও তিনি পুরাতন সাহচর্য্য রক্ষা করিয়া কংগ্রেসের মধ্যেই ছিলেন তথাপি তাঁহার মানসিক দৃষ্টিভঙ্গী মডারেটগণ হইতে বিশেষ পৃথক ছিল না। তিনি অসহযোগ অথবা কংগ্রেসের প্রত্যক্ষ সক্ষর্যমূলক কার্য্যপ্রণালীর প্রতি প্রসন্ন ছিলেন না এবং কংগ্রেসের নৃতন কার্য্যপ্রণালী গঠনে যোগ দেন নাই। যদিও তিনি কংগ্রেসে শ্রদ্ধা ও সাদর অভ্যর্থনা লাভ করিতেন ক্ষর্থাপি নৃতন কংগ্রেসের মধ্যে তিনি ছিলেন না। তিনি কংগ্রেসের কার্য্যকরী সমিতির সদস্য হন নাই। তিনি কংগ্রেসের

# ভারতে রাজনৈতিক বিভর্ক

নির্দেশ, বিশেষভাবে আইন সভা সম্পর্কিত নীতি কথনও মানিয়া লন নাই। তিনি হিন্দু মহাসভারও একজন জনপ্রিয় নেতা এবং সাম্প্রদায়িক ব্যাপারে কংগ্রেসের নীতির সহিত তাঁহার পার্থকা ছিল। কংগ্রেসের ফুচনা হইতে তিনি ইহার সৃহিত সংশ্লিষ্ট বলিয়া এই প্রতিষ্ঠানের উপর তাহার আবেগময় অমুরাগ ছিল। স্বাধীনতা আন্দোলনের আদর্শবাদও তাঁহাকে আকর্ষণ করিত এবং তিনি জানিতেন যে. কংগ্রেস ব্যতীত অন্ত কোন প্রতিষ্ঠানই সম্পর্কে কোন উল্লেখযোগ্য কার্য্য করিতেছে না। এই সকল কারণে তাঁহার হাদয় সর্বাদাই কংগ্রেসপন্থীদের দিকে ধাবিত হইত, বিশেষতঃ সংগ্রামের মুহুর্ত্তে তিনি কংগ্রেসের পার্শে আসিয়া দাঁড়াইতেন কিন্তু তাঁহার মন্তিছ থাকিত অন্য দলের সহিত। ইহার অপরিহার্যা ফলস্বরূপ তাঁহাকে ক্রমাগত নিজের মনের সহিত যুদ্ধ করিতে হয় এবং কখনও বা তিনি একই কালে তুই বিপরীত मित्क हिल्तात (हेशे करत्न। **छो**हात करल जनमाधातरणत तृष्टि पूनाहेशा যায়। কিন্তু জাতীয়তাবাদ একটি আশ্চর্যা ধোঁয়াটে পদার্থ এবং মালবাজী সামাজিক ৪ অর্থনৈতিক পরিবর্তনের সহিত সম্পর্কহীন নিছক জাতীয়তাবাদী মাত্র। তিনি কি সামাজিক কি অর্থনৈতিক সকল দিক দিঘাই প্রাচীন সনাতনী শিক্ষা, সংস্কৃতির সমর্থক, এবং ভারতীয় দেশীয় নুপতি, বড় জমিদার এবং তালুকদারগণ তাঁহাকে একজন সহদয় বন্ধরপে গহণ করেন। তিনি কেবলমাত্র একটি পরিবর্ত্তন চাহেন এবং সমস্ত অন্তর দিয়া সেই পরিবর্ত্তন কামনা করেন—ভারতে বৈদেশিক কর্তত্তের অবসান হউক। তাঁহার যৌবনের শিক্ষা ও অধায়ন এখনও তাঁহার মনের উপর অসামান্য প্রভাব বিস্তার করিয়া আছে। তিনি তিন চার সহস্র বংসরের পুরাতন হিন্দু সংস্কৃতি ও বর্ণাপ্রমধর্মের ভিত্তির উপর দাড়াইয়া, টি এইচ গ্রীন, জন ই য়াট মিল, মাড়ষ্টোন ও মর্লির চিন্তাধারায় অফুপ্রাণিত উনবিংশ শতান্দীর চশমা দিয়া মহাযুদ্ধের পরবর্ত্তী তীব্র গতিশীল এবং বৈপ্লবিক আবেগময় বিংশশতাব্দীকে নিরীক্ষণ করেন। বহুবিধ স্ববিরোধিতার ইহা আশ্চর্যা সম্মেলন; কিন্তু এই সকল বিরোধিতার নিরসন করিবার স্বকীয় শক্তির উপর তাঁহার বিশ্বয়কর বিশ্বাস আছে। তিনি যৌবনের প্রারম্ভ হইতে বহু জনহিতকর কার্য্য করিয়াছেন. বারাণদী হিন্দু বিশ্ববিভালয়ের মত স্থবহুং প্রতিষ্ঠান তাঁহার সাফল্যের নিদর্শন। তাঁহার অকপট চরিত্র, সতত কম্মপ্রবণতা, অপূর্বে বাগ্মিতা, অমাহিক ব্যবহার, শ্রন্ধা-উদ্রেককারী ব্যক্তিত্বের ফলে ভারতীয় জনসাধারণের. বিশেষভাবে হিন্দুদিগের নিকট তিনি প্রিয় হইয়াছেন। তাঁহার সহিত বাঁহাদের মতভেদ আছে, বাঁহারা তাঁহার বাজনীতির অহুগামী নহেন, তাঁহারাও তাঁহাকে শ্রদ্ধার সহিত ভালবাসিয়া থাকেন। তাঁহার বয়:ক্রম্

## ज्यस्त्रमान (मर्क

আবং স্থাবিকালের জনসেবার ফলে বর্তমান ভারতের রাজনীতিকেত্রে তিনি সকলের বয়োজ্যেষ্ঠ এবং অভিজ্ঞতম ব্যক্তি। কিন্তু তব্ধ যেন মনে হয়, তিনি আজিকার দিনের লোক নহেন, বর্তমান জগতের সহিত্ত তাঁহার যোগস্ত্র ছিল্ল হইয়াছে। তাঁহার কথা সকলেই শ্রদ্ধাবনত শিরে শ্রবণ করে কিন্তু তাঁহার ভাষা ও ভাব আজিকার দিনে অনেকের নিকটেই তুর্বোধ্য।

অতএব মালব্যজী যে শ্বরাজা দলে যোগদান করিলেন না ইহা শ্বাভাবিক। প্রথমতঃ এই দলের অগ্রগামী রাজনীতির বাধা, দ্বিতীয়তঃ তাঁহার পক্ষেকংগ্রেসের নিয়মণৃঙ্খলার সম্পূর্ণ আহুগতা শ্বীকার করা কঠিন। রাজনীতি এবং সাম্প্রদায়িকতার দিক দিয়া তিনি একটু নর্মপন্থা এবং বিস্তৃত্তর পরিধি চাহিয়াছিলেন। স্থাপয়িতা ও নেতাহিসাবে তিনি নৃতন্দলের মধ্যে তাহাই পাইয়াছিলেন।

কিন্তু যদিও লালা লাজপং রায় দক্ষিণপন্থী এবং সাম্প্রদায়িকতার দিকে বুঁ কিয়াছিলেন তথাপি তাঁহার এই নৃতন দলে যোগদানের কারণ অহ্মান করা কঠিন। গ্রীম্মকালে আমার সহিত জেনেভায় লালাঙ্কীর সহিত সাক্ষাং হইয়াছিল। তাঁহার সহিত কথাবার্তা হইতে বুঝিতে পারি নাই যে, তিনি কংগ্রেস দলের বিরুদ্ধে দগুর্যমান হইবেন। ইহা কেমন করিয়া ঘটিয়াছিল তাহা এখনও আমার নিকট তুর্ব্বোধা। নির্বাচন যুক্তের সময় তিনি এমন কতকগুলি অভিযোগ আনিয়াছিলেন যাহা হইতে তাঁহার মানসিক ক্রিয়া প্রতিক্রিয়া কতকটা অন্থমান করা যায়। কংগ্রেসের নেতারা ভারতের বাহিরের লোকের সহিত ষড়মন্ত্রে লিপ্র আছেন তিনি এই অপবাদ দিয়াছিলেন। তিনি আরও অভিযোগ আনিয়াছিলেন যে, তাঁহারা কাবুলে একটি কংগ্রেসের শাখা প্রতিষ্ঠানের ষড়মন্ত্র করিতেছেন। কিন্তু পুনঃ পুনঃ অন্থরোধ সত্বেও তিনি তাঁহার মহিযোগগুলি বিন্তুত বিবরণ দিয়া প্রমাণ করিতে চেষ্টা করেন নাই।

আমার মনে আছে, স্থইজারলাতে বিদ্যা ভারতীয় সংবাদপত্রে লালাজীর অভিযোগগুলি পাঠ করিয় আমি বিশ্বয়ে অভিত্ত হইয়াছিলাম। কংগ্রেদের সম্পাদক হিসাবে আমি আমাদের প্রতিষ্ঠানের সকল থবরই জানি। কাব্ল কমিটকে শাথারূপে গ্রহণ করিবার প্রস্তাবের দায়িত্ব আমারই এবং দেশবরু দাশও এ ব্যাপারে অগ্রণী ছিলেন। অভিযোগের বিষয়গুলি পুছারুপুছারূপে আমি তথনও জানিতাম না, এথনও জানি না। তবে সাধারণভাবে এগুলি বিচার করিয়া আমি বলিতে পারি যে, কংগ্রেসের দিক দিয়া দেখিলে এগুলি ভিত্তিহান। আমি জানি না, কে লালাজীর

মনে ঐক্সণ প্রাক্ত ধরিণী জ্বনাইকা দিয়াছিলেন। হয় ত কতকগুলি গুজৰ তিনি বিশাস করিয়াছিলেন অথবা যে মৌলবী ওবেইছুল্লার কথায় আমি কোন গুৰুত আরোণ করি নাই তিনি হয় ত তাঁহার ঘারাই প্রভাবান্তিত হইয়াছিলেন। কিন্তু নির্বাচন এক অভূত দৃশ্য। ইহাতে সাধারণ ভদ্রতার আদর্শ ওলটু পালট হইয়া যায় এবং বিসদৃশ কচিবিকার উপস্থিত হয়। ইহা আমি যতই দেখিতেছি ততই আশ্র্চী হইতেছি এবং সম্পূর্ণরূপে গণতন্ত্রবিরোধী এক বিত্যপ্র আমার মধ্যে ব্যক্তিত ইইতেছে।

কিন্তু ব্যক্তিত্বের কথা ছাড়িয়া দিলেও ক্রমবর্দ্ধিত সাম্প্রদানিক মনোমালিন্তের আবহাওয়ায় জাতীয়দল অথবা অন্তর্রপ কোন দলের সৃষ্টি व्यनिवार्य। এकपिएक मुनलमानएमव नःशानविष्ठं हिन्म-छौछि, व्यन्नपिएक মুসলমানদের ভয়প্রদর্শনে (হিন্দুদের মতে) হিন্দুদের বিক্ষোভ। অনেক হিন্দু ভাবিতে লাগিলেন যে, মুসলমানেরা জোর করিয়া আদায় করিবার মনোভাব দেখাইতেছেন এবং অন্ত পক্ষে যোগ দিব এই ভয় দেখাইয়া বিশেষ স্থবিধার किकित थुँ कि एउ एक । इंशत करल मुगलमान मान्यमायिक ठात विरत्नाधी হিন্দু সাম্প্রদায়িকতা এবং হিন্দু জাতীয়তার প্রতিনিধিম্বরূপ হিন্দু মহাসভা প্রবল হইয়া উঠিল। মহাসভার আক্রমণমূলক কার্যাপদ্ধতির প্রতিক্রিয়ায় মুসলমান সাম্প্রদায়িকতা পরিপুষ্ট হইতে লাগিল এবং ক্রিয়া প্রতিক্রিয়ায় দেশের সাম্প্রদায়িক উত্তাপ বন্ধিত হইতে লাগিল। সমস্থা দাঁড়াইল, (मनवाात्री मःथा। गतिष्ठ मध्यमात्र এवः এक वृद्दः मःथा। निष्ठ मध्यमात्र লইয়া। কিন্তু দেশের সকল অংশের অবস্থা সমান নহে। পাঞ্চাব ও দিদ্ধদেশে হিন্ ও শিথের সংখ্যালঘিষ্ঠ ও মুসলমানেরা সংখ্যাগরিষ্ঠ সম্প্রদায়। এখানে সংখ্যালঘির সম্প্রদায়ত্তনি ভারতের অক্তান্ত অংশের ম্দলমানদের মত্ট বৃহৎ সংখ্যাগ্রিষ্ঠ সম্প্রদায় কর্ত্তক নির্য্যাতিত হুটবার ভয় করিতে লাগিল। অথবা সতা কথা বলিলে বলিতে হয়, প্রত্যেক দলের মধাশ্রেণীর চাকুরীপ্রাণীর দল একে অপরের মুখের গ্রাস কাড়িয়া লইবে এই ভং করিতে লাগিল এবং কায়েমী স্বার্থের মালিকগণ্ড আমল পরিবর্ত্তনজনিত ক্ষতির আশস্কায় আতন্ধিত হইয়া উঠিল।

সাম্প্রদায়িকতার অভ্যাথানে স্বরাদ্ধ্য দল ক্ষতিগ্রস্ত হইল। অনেক মুসলমান সদস্য থসিয়া পড়িয়া সাম্প্রদায়িক প্রতিষ্ঠানে যোগ দিলেন। কতক হিন্দু সদস্যও জাতীয় দলে চিন্ধিয়া গেলেন। মালবাজী ও লালা লাজপং রায়ের মিলিত শক্তি হিন্দু নির্বাচকমণ্ডলীর উপর প্রভাব বিস্তার করিল এবং সাম্প্রদায়িকতার কেন্দ্রভূমি পাঞ্চাবে লালাজীর অসামান্ত প্রভাব ছিল। স্বরাদ্ধ্য দল্ অথবা কংগ্রাসের পক্ষ হইতে নির্বাচন সংগ্রামের

### জওহরলাল নেহরু

দায়িজের অধিকাংশই পড়িল আমার পিতার স্বন্ধে। তাঁহার দায়িজের অংশ যিনি গ্রহণ করিতে পারিতেন সেই দাশ মহাশয় তথন পরলোকে। পিতা সংগ্রামপ্রিয় ছিলেন এবং কথনও পশ্চাৎপদ হইতেন না। এবং বাধা যতই প্রবল হইল তিনি ততই অধিকতর উৎসাহে নির্বাচনমুন্ধে সমন্ত শক্তি নিয়োগ করিলেন। তিনি কঠিন আঘাত পাইলেন, প্রতিঘাত করিতেও ইহস্ততঃ করিলেন না। উভয় দলের সংঘর্ষের মধ্যে শালীনতার চিহ্নও রহিল না এবং এই নির্বাচন এক তিক্ত শ্বৃতি রাথিয়া গেল।

জাতীয় দল অনেকাংশে সাফল্য লাভ ক্রিলেন। কিন্তু এই সাফল্যের ফলে ব্যবস্থা পরিষদের মধ্যে রাজনৈতিক উগ্র মত প্রশমিত হইল। ক্লিক্ণমার্গীরাই বেশী শক্তি লাভ করিলেন। স্বরাজ্য দলও ছিল কংগ্রেসের দক্ষিণমার্গীদল। এবং দলের শক্তিবৃদ্ধি করিতে গিয়া ইহারা এমন সব অবাঞ্চনীয় লোককে দলে প্রবেশ করিতে দিলেন, যাহারা দলের যোগ্যতা ও কুশলতার অপহৃব ঘটাইল। জাতীয় দলেরও অবস্থা প্রায় একই প্রকার, তবে তাহারা ক্লারও এক স্তর নীচে নামিয়া গেলেন এবং রাজনীতির সহিত সম্পর্কহীন, খেতাবধারী, জমিদার ও ব্যবসায়ীরা এই দলে ভীড় জ্মাইলেন।

১৯২৬-এর শেষভাগে এক কলস্কমলিন কুকীর্ত্তির সংবাদে সমস্ত ভারতবর্ষ ঘণায় ও লজ্জায় শিহ্রিয়া উঠিল। সাম্প্রদায়িক বিদ্বেষ বৃদ্ধির শোচনীয় অধাগতি এই ঘটনায় পরিক্ষৃট হইয়া উঠিল। রোগশ্যাশায়ী স্বামী প্রদানন এক ধর্মান্ধ কর্তৃক নিহত হইলেন। যে ব্যক্তি শুর্বাসৈন্তের উদ্যুত্ত রাইফেল ও সঙ্গীনের সন্মুথে অনারত বক্ষ প্রসারিত করিয়া ধরিয়াছিলেন, তাঁহার এই শোচনীয় পরিণতি! আট বংসর পূর্বের আর্য্য সমাজের এই নেতা দিল্লীর জুমা মন্জিদের বক্তৃতা মক হইতে হিন্দু-মুসলমান মিলিত বিশাল জনতাকে ঐক্যু ও ভারতের স্বাধীনতার বাণী শুনাইয়াছিলেন এবং উংসাহ উদ্দীপনায় জনতা হিন্দু-মুসলমানের জয় ধ্বনি করিয়াছিল। তাহারা রাক্ষপথে সেই মিলনের জয়ধ্বনি নিজেদের দেহের রক্তে লিপিয়া দিয়াছিল। আজ তিনি তাঁহার একজন স্বদেশবাসী কর্তৃক নিহত হইলেন! সে মনে করিল এই হত্যা ঘার। সেধর্মায়মাদিত কার্যাই করিল এবং সে ইহার ঘারা 'বেহেন্ত' লাভ করিবে।

বে সাহস মহং উদ্দেশ্যের জন্ম দৈহিক যন্ত্রণা, এমন কি মৃত্যুবরণ করিতে পারে, আমি সর্ব্রদাই সেই সাহসের অন্তরাগী। আমার বিখাস, অনেকেই ইহার প্রশংসা করেন। স্বামী শ্রন্ধানন্দের মধ্যে এক পরমাশ্চধ্য নিভীকতা ছিল। সন্নাসীর গৈরিকে আরত তাঁহার দীর্ঘ সমূলত দেহ

### ভারতে রাজনৈতিক বিভর্ক

বংয়াধিক্যেও যাহা ঋজু, তাঁহার দীপ্ত চকু, যাহাতে সময় সময় অপরের দৌর্বলা দেখিলে ক্রোধ ও বিরক্তির ছায়া জাগিয়া উঠে—এই চিত্র আমার মানসপটে কত সম্জ্জ্বল এবং ঘ্রিয়া ফিরিয়া কতবার তাহা আমার মনে পড়ে!

### ২৩

## ক্রমেলস-এ নির্য্যাতিত সম্মেলন

১৯২৬-এর শেষ ভাগে বার্লিন থাকাকালীন আমি গুনিতে পাইলাম যে, শীঘ্রই ক্রসেল্সে নির্য্যাতিত জাতিগুলির এক কংগ্রেসের বৈঠক বসিবে। প্রস্তাবটি আমার ভাল লাগিল। ক্রন্তেল্স্ কংগ্রেসে ভারতীয় রাষ্ট্র মহাসভার পক্ষ হইতে সরকারী ভাবে প্রতিনিধি প্রেরণ করা উচিত এই মর্মে আমি ভারতে পত্র লিখিলাম। আমার প্রস্তাব মঞ্র হইল এবং আমি ভারতীয় কংগ্রেসের প্রতিনিধি নিযুক্ত হইলাম।

১৯২৭-এর ফেব্রুয়ারী মানের প্রথম ভাগে ক্রেল্ম্-এ কংগ্রেসের অধিবেশন হইয়াছিল। ইহার প্রবর্ত্তক কে আমি জানি না। এই কালে সর্কমেশের রাজনৈতিক, নির্বাসিত ও চরমপদ্বীদের আকর্ষণের কেন্দ্র ছিল বালিন। এ বিষয়ে বালিন প্রায় পারীর সমকক হইয়া উঠিতেছিল। ক্যুনিইয়াও এগানে শক্তিশালী হইয়া উঠিয়াছিল। নির্বাতিত জাতিসমূহ নিজেদের মধ্যে এবং বামপদ্বী শ্রমিকদের সহিত মিলিত হইয়া এক সাধারণ উদ্দেশ্যে কায়্য করিবার কথা তথন আলোচিত হইতেছিল। স্বাধীনতার মানিকার মান্ত্রের্মিকার কায়াজ্যবাদরূপী এক সাধারণ ব্যবস্থার বিরুদ্ধে। অতএব সকলের মিলিত-ভাবে কায়্যপদ্ধতি স্থির এবং সম্ভব হইলে একত্রে কায়্য করাই উচিত, এই শ্রেণীর কথা আনেকেই ভাবিতেছিলেন। ইংলণ্ড, হললা, ইতালী প্রভৃতি শক্তি যাহাদের উপনিবেশিক সামাজ্য আছে, তাহারা এই শ্রেণীর উভামের স্বভাবতই বিরোধিতা করিবেন। কিন্তু যুদ্ধের পর জার্মাণীর কোন উপনিবেশ না থাকায়, জার্মাণ গভর্গমেণ্ট অন্যান্ত্র উপনিবেশ ও পরাধীন দেশগুলির এই শ্রেণীর আন্দোলনের প্রতি এক সদম্ব নিরপেক্ষতা দেখাইতেন। এই কারণেই বালিন সর্কদেশের অসম্ভই ও স্বগ্রামী দলের কেন্দ্রভূমি হইয়াছিল। (ইহাদের মধ্যে চীনের কু-মিন-টাং-

### ष अश्त्रमान (नश्त्र

এর বামপন্থীরাই খুব বেশী অগ্রগামী এবং সকলের দৃষ্টি আকর্ষণ করিয়াছিলেন; তথন চীনে কু-মিন-টাং-এর তুর্বার অভিযানের সন্মুথে প্রাচীন সামস্কতান্ত্রিক ব্যবস্থা ভালিয়া পড়িতেছিল।) এমন কি, সাম্রাজ্ঞাবাদী-শক্তিগুলি তাহাদের আক্রমণশীল অভ্যাস ও স্পর্দ্ধাবাক্য সংযত করিয়া এই অভিনব দৃশ্য দেখিতেছিল। মনে ইইতে লাগিল যেন চীনের ঐক্য ও স্বাধীনতার সমস্রার সমাধান আর অধিক দ্রে নহে। কু-মিন্-টাং-এর সাফল্যের বার্তা সর্ব্বত্র ছড়াইয়া পড়িল। ইহারা জানিতেন, সন্মুথেও বাধা আছে প্রচুর। এই কারণে শক্তিবৃন্ধির জন্ম ইহারা আন্তর্জ্ঞাতিক প্রচারকার্য্যে রত হইয়াছিলেন। সন্তবতঃ এই দলের বামপন্থীরাই বিদেশের ক্যানিষ্ট কিম্বা ক্যানিষ্টভাবাপন্নদের সহিত সহযোগিতা করিয়া এই আন্দোলনের প্রতি ঝোঁক দিয়াছিলেন। স্বদেশে দলের মধ্যে নিজেদের শক্তিবৃদ্ধি এবং বাহিরে চীনের জাতীয় মর্য্যাদা বৃদ্ধি এই উভয়বিধ লক্ষ্য তাঁহাদের ছিল। দলের মধ্যে তথনও ভেদ দেখা দেয় নাই। তুই কিম্বা ততোধিক প্রতিহন্দী কিম্বা পরম্পর বিরোধীদল তথনও স্পষ্ট হয় নাই, বাহুতঃ তাঁহারা সাধারণ শক্রর বিরুদ্ধে ঐক্যবদ্ধ ছিলেন।

( কু-মিন্-টাং-এর ইউরোপীয় প্রতিনিধিরা) নির্ঘাতিত জাতিসমূহের কংগ্রেসের প্রভাব সাদরে গ্রহণ করিলেন। (সম্ভবতঃ ইহারাই আরও কতিপয় ব্যক্তির সহিত মিলিত হইয়া এই কংগ্রেসের ব্যবস্থা করেন। স্ট্রচনা হইতেই এই প্রভাবের পশ্চাতে কয়েকজন ক্য়ানিই অথবা অফুরূপ মতাবলম্বী ব্যক্তি ছিলেন। তবে ক্য়ানিইরা কথনও ম্থ্য অংশ গ্রহণ করেন নাই। আমেরিকার যুক্তরাষ্ট্রের অর্থনৈতিক সামাজ্ঞাবাদ দারা পীড়িত লাটিন আমেরিকা হইতেই সাহায্য এবং কার্যাকরী সমর্থন আসিল। তথা মেফ্রিকোর সভাপতি ছিলেন চরমপন্থী। তাঁহারাও যুক্তরাষ্ট্রবিরোধী লাটিন আমেরিকান দলের পুরোভাগে আসিবার জন্ম আগ্রহশীল ছিলেন। অতএব মেফ্রিকো ক্রসেল্য কংগ্রেস সম্বন্ধে অত্যন্ত আগ্রহ প্রদর্শন করিতে লাগিলেন। স্থানীয় গভর্গমেন্ট সরকারীভাবে যোগ দিতে না পারিলেও তাহাদের পক্ষ হইতে একজন বিখ্যাত বাজনীতিবিশারদ দর্শকরূপে উপস্থিত ছিলেন।

( জাতা, ইন্দো-চীন, প্যালেষ্টাইন, নিরিয়া, মিশর, উত্তর আফ্রিকার আরবগণ এবং আফ্রিকার নিগ্রোগণের জাতীয় সম্মেলনের পক্ষ হইতে প্রতিনিধিগণ ক্রুদেল্দ্-এ উপস্থিত ছিলেন। ইহা ছাড়া, বহু চরমপন্থী শ্রমিকসজ্যের প্রতিনিধি এবং ইউরোপীয় শ্রমিক সংঘর্ষে দীর্ঘকালে নেতৃত্ব করিয়াছেন এমন কয়েকজন খ্যাতনামা ব্যক্তিও সম্মেলনে উপস্থিত ছিলেন। (অনেক

### ক্রসেল্স্-এ নির্য্যাতিত সম্মেলন

কম্নিইও প্রতিনিধিরপে আলোচনায় বিশেষভাবে যোগ দিয়াছিলেন। কিন্তু তাঁহারা কম্যনিষ্টরূপে নহে, শ্রমিকসঙ্ঘ বা অমুরূপ প্রতিষ্ঠানের প্রতিনিধি রূপেই আসিয়াছিলেন। )

জর্জ ল্যান্সবেরী সভাপতি নির্বাচিত হইয়াছিলেন এবং তাঁহাব অভিভাষণ বেশ আবেগময় হইয়াছিল। এই বফুতা হইতে প্রমাণ হইল যে, কংগ্রেষ্ক ততটা চরমপন্থী নহে এবং কম্যুনিজ্ঞম্ প্রচারের কৌশলমাত্রও নহে। কিন্তু মোটের উপর সম্মেলন কম্যুনিষ্টদের প্রতি বন্ধুভাবাপন্নই ছিল। যদিও কতকগুলি ব্যাপারে মতের ঐক্য সম্ভবপর হয় নাই তথাপি সম্মিলিত-ভাবে কাধ্য করিবার ভূমির অভাব ছিল না।

সামাজ্যবাদ-বিরোধী স্থায়ী প্রতিষ্ঠানের সভাপতি হইতে মিং ল্যান্সবেরী স্বীকৃত হইলেন। কিন্তু তাহার এই হঠকারিতার জন্ত পরে তিনি অমৃতপ্ত হইয়াছিলেন। সন্তবতঃ ব্রিটিশ শ্রমিকদলের সহকর্মীরাও তাঁহার এই কার্য্যের অমৃমোদন করে নাই। শ্রমিকদল তখন "হিছ ন্যাজ্ঞেস্টিস্ অপোজিসন্" হইতে "হিজ্ ম্যাজ্ঞেস্টিস্ গভর্গমেন্টে"রূপে ফুটিবার উপক্রম করিতেছেন। এবং ভবিদ্যং মন্ত্রীদের পক্ষে বৈপ্লবিক রাজনীতি লইয়া আলোচনা নিরাপদ নহে। সময় নাই এই অজুহাত দেখাইয়া তিনি সভাপতির পদত্যাগ করিলেন। এমন কি সজ্মের সদস্তপদও ত্যাগ করিলেন। ত্ই তিন মাস পূর্ব্বে বাঁহার বক্তৃতা শুনিয়া মৃশ্ব হইয়াছি, তাঁহার ন্যায় ব্যক্তির এই আক্ষ্মিক মত পরিবর্ত্তনে আমি ব্যথিত হইলাম।

যাহা হউক অনেক প্যাতনামা ব্যক্তি সাম্রাজ্যবাদ-বিরোধী সজ্যের
পৃষ্ঠপোষক হইলেন। ইহাদের মধ্যে আইনষ্টাইন, মাদাম সান ইয়াৎ
সেন এবং আমার মনে হয় রোমাঁটা রোলাটাও ছিলেন। কিন্তু পরে
প্যালেষ্টাইনে আরব ও ইহুদী কলহে সজ্যের আরব প্রীতিম্লক
কার্য্যকলাপের সহিত একমত না হইতে পারিয়া কয়েকমাস পরে
আইনষ্টাইন পদত্যাগ করেন।

ক্রেনেল্স্ কংগ্রেস এবং পর পর বিভিন্ন স্থানে অক্ষ্রিত সজ্যের কমিটির অধিবৈশন হইতে আমি প্রাধীন দেশ ও উপনিবেশগুলির সমস্তা সম্পর্কে অনেক জ্ঞানসঞ্চয় করিলাম।) পাশ্চাত্য শ্রমিকজগতের আভ্যন্তরীণ সংঘর্ষ ও সংঘাত ইহার মধ্য দিয়া আমি অধিকতর স্পষ্টভাবে দেখিতে পারিলাম। ইতিপ্রেও আমি কিছু কিছু জানিতাম এবং পুঁথি-পুস্তকেও কিছু পাঠ করিয়াছিলাম। কিছু আমার জ্ঞানের পশ্চাতে কোন বাস্তব অভিজ্ঞতা বা ব্যক্তিগত যোগাযোগ ছিল না। এখন এই যোগাযোগের ফলে কোন সমস্তার সমুখীন হইলেই আমি ব্রিতে পারি, কোন্ অন্তর্নিহিত সংঘাতের ইহা

#### অওহরলাল নেহর

প্রতিছবি। শ্রমিকজগতে দ্বিতীয় আন্তর্জাতিক অপেকা ভূতীয় আন্তর্জাতিকের প্রতি আমার সহায়ভৃতি ছিল। যুদ্ধের পর হইতে দিতীয় আন্তর্জাতিকের কার্য্যকলাপ দেখিয়া আমি বিতৃষ্ণ ও বিরক্ত হইয়াছিলাম। ইহার সর্ব্বপ্রধান সমর্থক ব্রিটিশ শ্রমিকদের আচরণ 🌬 ব্যবহার সম্পর্কে ভারতে আমরা অনেক ব্যক্তিগত অভিঞ্চতাও সঞ্চয় করিয়াছিলাম। এই কারণে সদিচ্ছা লইয়া আমি অনিবার্যারূপে কম্যনিজম্-এর দিকে ঝুঁকিলাম। ইহার আর যে দোষই থাক্ অস্ততঃ ইহার ভণ্ডামি নাই এবং ইহা সাম্রাজ্যবাদী নহে। ইহা মতবাদের অমুবর্ত্তন নহে, কেন না, কম্যানিজম্-এর স্ক্ষতত্ত্ব সম্বন্ধে আমি বিশেষ কিছু জানিতাম না। আমি অত্যন্ত সীমাবদ্ধরূপে ইহার মোটাম্টি অবয়বের সহিত পরিচিত ছিলাম। ইহা এবং ফশিয়ার অভৃতপূর্ব পরিবর্তনের প্রতি আমি আরু ইইলাম। কিন্তু ক্ম্যুনিইদের মতবাদের গোড়ামী, আক্রমণশীল ও কিয়ংপরিমাণে স্থলকচির কাষ্যপ্রণালী এবং কাহারও দহিত মতে না মিলিলেই তাহাকে জাহাল্লামে ঠেলিয়। দিবার অভ্যাস দেখিয়া আমি মাঝে মাঝে বিরক্ত হইতাম।) আমার মধ্যে এই প্রতিক্রিয়াকে তাহারা নিশ্চয়ই আমার বুজোয়া পদ্ধতিতে শিক্ষা ও লালনপালনের ফল বলিয়া অভিহিত করিবে।

আমাদের সাম্রাজ্যবাদ-বিরোধী সক্তের সভাগুলিতে ছোটখাট তর্কবিতর্কে আমি সাধারণতঃ য্যাংলো আমেরিকান সমস্তদের পক্ষ অবলম্বন করিয়া বদিতাম। ইহা আশ্চর্য্য মনে হইতে পারে, কিন্তু আমাদের মধ্যে দৃষ্টিভন্দীর কতকটা সাদৃশ্য ছিল। অথবা অতিশয়োক্তিতে ভরা এবং আলঙ্কারিক আড়ম্বরপূর্ণ ভাষায় বচিত প্রস্তাবগুলি যথন প্রায় ঘোষণাপত্তের ন্তায় হইয়া উঠিত তথন আমর। দশিলিত ভাবে উহার প্রতিবাদ করিতাম। আমরা সংক্ষিপ ও দরল প্রস্তাবের পক্ষপাতী ছিলাম, কিছ ইউরোপের প্রচলিত নীতি ঠিক ইহার বিপরীত। কথনও বা ক**ম্ানিটদের** সহিত অন্তান্তের মতভেদ উপস্থিত হইত কিন্তু আমরা সহজেই আপোষ করিয়া ফেলিতাম। পরে আম্বা দেশে ফিরিয়া আসায় আর এই সব সভায় যোগ দিতে পারি নাই। ইসাম্রাজ্যবাধী শক্তিগুলির বৈদেশিক ও ঔপনিবেশিক বিভাগগুলি ক্রসেন্দ্ কংগ্রেদ দেখিয়া আতত্বপ্রস্ত হইয়াছিল 🕟 ব্রিটিশ পররাষ্ট্র বিভাগের খ্যাতনামা লেখক আনগুর তাঁহার একখানি পুস্তকে এ বিষয়ে রোমাঞ্চকর এবং হাজোদীপক বর্ণনা দিয়াছেন। কংগ্রেসের মধ্যেও বছ আন্তর্জাতিক গুপ্তচর ছিল, বিভিন্ন গোয়ে**ন্দাবিভাগ হইভেঁও অনেকে** প্রতিনিধি হটয়া আসিয়াছিলেন। একটি কৌতুককর দৃষ্টাস্কের কথা

## क्रत्मम्न्-এ मिर्याडिङ मत्मनन

আমার মনে আছে। আমার একজন আমেরিকান বন্ধু পাারী থাকা-কালীন ফরাসী গুপ্তচর বিভাগের একজন ফরাসী ভস্রলোক তাঁহার দহিত দেখা করিতে আসেন। কতকগুলি বিষয়ে থবর লইবার জন্ম বন্ধুভাবেই তিনি দেখা করিতে আসিয়াছিলেন। কাজের কথা শেব হইলে তিনি আমেরিকান ভস্রলোকটিকে জিজ্ঞাসা করিলেন যে, তিনি তাঁহাকে চিনিজ্ঞে পারেন কি না? পূর্বের তাঁহার সহিত যে দেখা হইয়াছিল তাহা কি স্মরণ আছে? আমেরিকান ভস্তলোক অনেকক্ষণ চাহিয়া থাকিয়া স্বীকার করিলেন যে, কোন কথাই আমার স্মরণ হইতেছে না। তথন গুপ্তচরটি বলিলেন যে, তিনি হাতে ও মুখে কাল রং মাথিয়া নিগ্রো প্রতিনিধিরূপে ক্রেলেন্ ক্রেসে যোগ দিয়াছিলেন এবং সেইখানে তাঁহার সহিত সাক্ষাৎ হইয়াছিল।

কোলনে সাম্রাক্সবাদ-বিরোধী সঙ্ঘের এক সভায় আমি ধোগ দিয়াছিলাম। সভার পর অদ্রবর্ত্তী ভূসেলডফের্, স্থাক্যোভ্যানজ্ঞিটি সভায় যোগদানের জন্ম আমাদের আহ্বান করা হইল। এই সভা হইতে আমরা ফিরিতেছি এমন সময় পুলিশ আমাদের ছাড়পত্র দেখিতে ক্লাহিল। অনেকেরই সক্ষে ছাড়পত্র ছিল, কিন্তু আমি কয়েক ঘণ্টার জন্ম ভূসেল্ডফের্য থাইতেছি মনে করিয়া ছাড়পত্রটি কোলনের হোটেলে ফেলিয়া আসিয়াছিলাম। আমাকে পুলিশ ষ্টেসনে লইয়া যাপ্তয়া হইল। সৌভাগাক্রমে এক ইংরাজদম্পতিও আমার সঙ্গে ছিলেন। সম্ভবতঃ ইংহারাও কোলনে পাসপোর্ট ফেলিয়া আসিয়াছিলেন। টেলিফোনে থৌজ্ববর করার পর এক ঘণ্টা পরে পুলিশের বড় কর্ত্তা সৌজ্বন্দুলবরে আমাদিগকে মুক্তি দিলেন।

পরবর্তীকালে সাম্রাজ্যবাদ-বিরোধী-সঙ্ঘ নিজের বৈশিষ্ট্য বজায় রাথিয়াও অনেকটা ক্ম্যনিজম্-এর দিকে ঝুঁকিয়া পড়িয়াছিল। আমার সহিত কেবলমাত্র চিঠিপত্রে ইহার সহিত সুস্পর্ক ছিল। ১৯৩১ সালে কংগ্রেসের সহিত গভর্ণমেন্টের দিল্লী-চুক্তিতে আমি স্বাক্ষর করায় সঙ্ঘ আমার উপর অতাস্ত কুদ্ধ হইলেন এবং আমার টিকি, মালা, পৈতা কাড়িয়া লইয়া জাতিচ্যুত করিলেন। সাদা কথায়, একটি প্রস্তাব করিয়া আমাকে সঙ্ঘ হইতে বহিষ্কৃত করা হইল। একথা স্বীকার করিতে আমার দ্বিধা নাই যে, সঙ্গের পক্ষে বিরক্তির কারণ ঘটিয়াছিল। তথাপি ইহারা আমাকে কৈফিয়ৎ দিবার স্থ্যোগ দিতে পারিতেন। ১৯২৭-এর গ্রীয়কালে পিতা ইউরোপে আলিকোন, আমি ভিনিসে গিয়া তাঁহার সহিত সাক্ষাৎ করিলাম। তাহার পর্ম কয়েকমাস আমরা এক সক্ষেই ছিলাম। নিভেম্বর

### ज ওহরলাল নেহর

মানে সোভিয়েটের দশমবার্ষিক শ্বতি উৎসব উপলক্ষে আমরা সকলে—
পিতা, আমার স্থী ও ছোট ভগ্নী মধ্যো যাত্রা করিলাম। শেষমূহুর্তে
ইহা ঠিক হইল এবং মস্কোতে আমরা মাত্র তিন চার দিন ছিলাম।
তব্ও আমরা স্থী হইলাম, কেন না এই চোখের দেখাটুকুরও দাম আছে।
নৃতন কশিয়া সম্পর্কে জানলাভ করার পক্ষে ইহা কিছুই নহে। তব্ও
কশিয়া সম্পর্কে কিছু পাঠ করিবার সময় ইহা হইতে সাহায্য পাই।
পিতার নিকট সোভিয়েট এবং যৌথ ধারণাগুলি সম্পূর্ণরূপে নৃতন।
তিনি তাঁহার বাবহারশাস্ত্র ও নিয়মতান্ত্রিকতার কাঠামো হইতে সহজে
বাহির হইয়া কিছু দেখিতে পারেন না। তথাপু মস্কোতে তিনি যাহা
দেখিয়াছিলেন তাহাতে মুশ্ধ হইয়াছিলেন।

আমরা মস্কো থাকিতেই সাইমন কমিশনের কথা প্রথম ঘোষণা করা হইল।
মস্কোরই একখানা খবরের কাগজে ঐ সংবাদ আমরা প্রথম পাঠ করি।
কয়েকদিন পরে লগুনে স্থার জন সাইমনের সহযোগীরপে পিঁতা একটি আপীলের
মামলায় প্রিভি কাউন্সিলে উপস্থিত হইয়াছিলেন। ইহা একটি পুরাতন
জয়িদারীঘটিত মামলা। বহুবর্ষপূর্বে ইহার স্টেনায় আমি এই মামলার
ভার গ্রহণ করিয়াছিলাম। এ সম্বন্ধে আমার আর কোন স্বার্থ ছিল না
কিন্তু স্থার জন সাইমনের অন্থরোধে পিতার সহিত একবার তাহার চেম্বারে
পরামর্শ করিতে গিয়াছিলাম। ১৯২৭ সাল শেষ হইয়া আদিল। আমরা
ইউরোপে অনর্থক অনেক সময় নই করিলাম। পিতা ইউরোপে না
আদিলে হয় ত আমরা পূর্বেই কিরিয়া য়াইতাম। ফিরিবার পথে দক্ষিণপূর্বে
ইউরোপ, তুরস্ক এবং মিশরে কিছুকাল কাটাইবার ইচ্ছা ছিল কিন্তু আর
সময় করিয়া উঠিতে পারিলাম না। বছদিনের সময় মাদাজ কংগ্রেসের
অধিবেশনে যোগ দিবার জন্ম আমি তাড়াতাড়ি ফিরিবার সক্ষম করিলাম।
ডিসেম্বর মাসের প্রথম ভাগে আমি স্তা, ভয়্লী ও কন্যাসহ মার্সাই হইতে
কলম্বানামী জাহাজে উঠিলাম। পিতা আরও তিন মাসের জন্ম ইউরোপে
রহিয়া গেলেন।

## ভারতে প্রত্যাবর্ত্তন এবং রাজনীতিতে যোগদান

মানসিক ও শারীরিক পরিপূর্ণ স্বাস্থ্য লইয়া আমি ইউরোপ হইতে ফিরিয়া আসিলাম। আমার স্ত্রী সম্পূর্ণ আরোগ্য লাভ না করিলেও জাঁহার স্বাস্থ্য অনেকটা ভাল হইয়াছিল। এজন্ত তাঁহার সম্বন্ধে আমার বিশেষ উৎকণ্ঠা রহিল না। ইতিপূর্বের দ্বিধা-সংশয়ে আমার মনের মধ্যে যে অবস্থা ছিল তাহা দ্র হট্ট্যা গেল, আমি নৃতন শক্তি ও উদ্দীপনা অমুভব করিতে লাগিলাম। (আমার দৃষ্টি অনেক প্রসারিত হইগাছে এবং জাতীয়তাবাদ আমার নিকট অত্যন্ত সন্ধীর্ণ ও অসম্পূর্ণ নীতি বলিয়া মনে হইল। ঝুজুনৈতিক স্বাধীনতা, পর শাসন হইতে মুক্তি নিশ্চয়ই বড় কথা, কিন্তু উহার উষ্ট্র প্রকৃত পথে অগ্রসর হওয়া আবশুক। সামাজিক স্বাধীনতা এবং রাষ্ট্র ও সমাজকে সমাজতান্ত্রিক ভিত্তির উপর প্রতিষ্ঠা করা ব্যতীত কি দেশ কি বাজিবিশেষ, কোনটাই সমাক পরিপুষ্টি লাভ করিতে পারে না।) আমি অন্নভব করিলাম। যে, জগতের ঘটনাপ্রবাহ সম্বন্ধে আমার পরিষ্কার ধারণা জনিয়াছে এবং দ্রুত পরিবর্ত্তনশীল জগতের সমস্তাগুলি আমি অধিকতর আয়ত্তের মধ্যে আনিতে পারিয়াছি। আমার অধ্যয়ন কেবল সমসাময়িক ঘটনা ও রাজনীতির মধ্যেই আবদ্ধ ছিল না, বিজ্ঞান ও সংস্কৃতিমূলক অক্যান্ত বিষয়ও অধ্যয়ন করিয়াছি। ইউরোপ ও আমেরিকায় যে রাজনৈতিক, অর্থনৈতিক ও সংস্কৃতিমূলক পরিবর্ত্তন চলিয়াছে তাহা মৃগ্ধনেত্রে দেখিবার বস্ত। সোভিয়েট ক্রশিয়ায় কোন কোন অবাস্থনীয় ব্যাপার থাকিলেও আমাকে বিশেষ ভাবে আকর্ষণ করিল। মনে হইল, ইহা জগতের সম্মুখে এক নৃতন আশার বাণী প্রচার করিতেছে। বিংশ দশকের মধ্যভাগে ইউরোপ আত্মন্থ হইবার চেষ্টা করিতেছে—বৃহৎ অর্থসঙ্কট তথনও উপস্থিত হয় নাই। আমি এই ধারণা লইয়া ফিরিয়া আদিলাম যে, আত্মন্থ হইবার চেষ্টা বাঞ্চ ব্যাপার মাত্র, ভিতরে ভিতরে ইউরোপে ও সমগ্র জগতে ভূমিকম্প ও ভয়াবহ পরিবর্ত্তনের সম্ভাবনা অদূর ভবিশ্বতের জন্ম অপেক্ষা করিতেছে।

্ জগতের এই সকল ঘটনার ঘাত-প্রতিঘাত সম্পর্কে আমাদের খদেশবাসীকে স্থানিক্ষত করিয়া ভবিশ্বতের সম্ভাবনার জন্ম প্রস্তুত রাখাই আমাদের

### অওহরলাল নেহক

শত্তি কর্ত্তব্য বলিয়া মনে হইল। এই প্রস্তুত করা বহুলাংশে হুম্পার্ট মতবাদের ভিত্তির উপর প্রতিষ্ঠিত আদর্শ প্রচারের উপর নির্জ্তর বরে। রাজনৈতিক স্বাধীনতাই প্রধান লক্ষ্য হওয়া উচিত ইহা নিঃসন্দেহ। অম্পান্ট ও জাটল উপনিবেশিক স্বায়ন্ত-শাসনের প্রস্তাব হইতে সম্পূর্ণরূপে পূথক আমাদের রাজনৈতিক লক্ষ্য ম্পান্ট করিয়া বুঝা উচিত। তাহার পর সামাজিক সক্ষ্যুও নির্দিষ্ট করিতে হইবে। কিন্তু এখনই কংগ্রেসের নিকট এই পথে চলিবার দাবী উপস্থিত করা আমার নিকট অত্যাধিক প্রত্যাশা বলিয়া মনে হইল। কংগ্রেসী রাজনীতি জাতীয়তাবাদের মধ্যেই সীমাবদ্ধ এবং ইহা অক্যভাবে চিন্তা করিতে অনভান্ত, তথাপি নৃতন স্ক্রনা করিতে হইবে। কংগ্রেসের বাহিরে শ্রমিক মহলে ও যুবকদের মধ্যে এই আদর্শ প্রচার করা যাইতে পারে। এই উদ্দেশ্যে আমি কংগ্রেসের অফিস সংক্রান্ত কার্য্য হইতে মৃক্তি চাহিলাম। কয়েক মাস পল্লী অঞ্লে থাকিয়া জনসাধারণের অবস্থা সম্পর্কে জ্ঞান লাভ করিব এইরপ একটা ইচ্ছা আমার ছিল। কিন্তু তাহা হইল না, ঘটনাচক্রে আমি কংগ্রেসী রাজনীতির আবর্ষ্তে ভাসিয়া গেলাম।

মাদ্রাজে উপস্থিত হইয়াই আমি এক ঘৃণিপাকের মধ্যে পড়িয়া গেলাম। পূর্ণস্বাধীনতার প্রস্তাব সহ এক গোছা প্রস্তাব আমি ওয়াকিং কমিটির দরবারে পেশ করিলাম। যুদ্ধের আশহা, সাম্রাজ্যবাদ-বিরোধী সভ্যের সহিত যোগ স্থাপন প্রভৃতি সমন্ত প্রস্তাবই কার্য্যকরী সমিতির সরকারী প্রস্তাব রূপে গৃহীত হইল। আমাকেই ঐগুলি কংগ্রেসের প্রকাশ অধিবেশনে উপস্থিত করিতে হইল। ঐগুলি বিনা প্রতিবাদে গৃহীত হইল দেখিয়া আমি আশ্চর্য্য হইলাম। এমন কি, মিসেন আনি বেশান্ত পর্যন্ত স্বাধীনতার প্রস্তাব সমর্থন করিলেন। চারিদিক হইতে এত সমর্থন পাওয়া আনন্দের কথা সন্দেহ নাই। কিন্তু আমি অত্যন্ত অস্বাচ্ছন্য বোধ করিতে লাগিলাম। মনে হইল, হয় প্রস্তাবগুলিকেই ব্রিতে কেহ চেটা করিলেন না, না হয় ভূল ব্রিলেন। কংগ্রেসের পরে ষথন স্বাধীনতা প্রস্তাব লইয়া বাদাহ্রবাদ উপস্থিত হইল, তথনই ইহা ব্রিলাম।

সাধারণতঃ কংগ্রেসে যে শ্রেণীর প্রস্তাব উপস্থাপিত হয় আমার প্রস্তাবগুলি অনেকাংশে তাহা হইতে পৃথক ছিল। এগুলির দৃষ্টিভঙ্গী ছিল নৃতন। অনেক কংগ্রেসপন্থীই এগুলি পছন করিলেন, অনেকের নিকট ইহা ভাল লাগিল না। কিন্তু কেহই বিশেষ প্রতিবাদ করিলেন না। সম্ভবতঃ তাঁহারা মনে করিলেন, এই প্রস্তাবগুলি পাণ্ডিত্যপূর্ণ গবেষণামাত্র এবং ইহাতে কোন ক্ষতিবৃদ্ধি হইবে না। অতএব ঐগুলি তাড়াতাড়ি পাশ

## ভারতে প্রভ্যাবর্ত্তর

করিয়া দিয়া অন্ত শুক্তর বিষয়ের আলোচনায় প্রস্তুত হওয়াই ঐশুলি এড়ানর প্রকৃষ্ট পরা। স্বাধীনতা প্রস্তাব লইয়া মাদ্রাজে বিশেষ কিছু চাঞ্চলা স্বষ্টি হয় নাই, কিন্তু ড্ই-এক বংসর পরেই উহা কংগ্রেসে মুখ্য হইয়া উঠিল এবং পূর্ণ স্বাধীনতার আদর্শ লইয়া এক উদ্বেল জ্বারাবেশ জাগ্রত হইল।

গান্ধিজী মাদ্রাঞ্চ কংগ্রেসে উপস্থিত ছিলেন। কিন্তু তিনি কোন আলোচনায় যোগ দেন নাই। কার্য্যকরী সমিতির সদস্ত হইলেও তিনি উহার অধিবেশনে যোগ দেন নাই। বরাজ্য দলের উদ্ভবের পর হইতে তিনি কংগ্রেসের প্রতি এইরপ অনাস্তিই প্রদর্শন করিয়া আসিতেছেন। কিন্তু সর্ব্বদাই তাঁহার পরামর্শ লওয়া হইত এবং তাঁহার অগোচরে কোনপ্রধান কাজ হইত না। আমি যে সকল প্রতাব উপস্থিত করিয়াছিলাম, সেগুলি তিনি অহুমোদন করিলেন কি নার্ব্বিতে পারিলাম না। আমার মনে হইল, প্রস্তাবগুলির মতামত না হউক, বলিবার ভঙ্গী তাঁহার ভাল লাগে নাই। অবশ্র পরেও তিনি ঐগুলির কোন সমালোচনা করেন নাই। পিতা তথন ইউরোপে ছিলেন, অতএব তাঁহার মতামত জানা গেল না।

সাইমন কমিশনের নিন্দা ও উহা বর্জন করিবার একটি প্রস্তাব কংগ্রেসের এই অধিবেশনেই উপস্থিত হইল এবং উহার আলোচনা প্রসঙ্গে স্বাধীনতা প্রস্তাবটিকে যে কেহই বিশেষ গুরুষ দেন নাই, তাহা বুঝা গেল। এই প্রস্তাবের পরিশিষ্ট হিসাবে ভারতের শাসনতম্ব রচনার জন্ম এক সর্বাদল সন্মিলনীর প্রস্তাব হইল। ঐ প্রস্তাবে স্বাধীনতা বাহাদের ধারণার মধ্যে নাই, সেই মভারেটদের সহযোগিতা কামনা করা হইল। অবচ তাহারা বড়জার একপ্রকার স্বায়ন্তশাসন পর্যান্ত অগ্রসর হইতে পারেন।

আমি আবার কংগ্রেসের সম্পাদক হইলাম। এই বংসরের সভাপতির ব্যক্তিগত অভিপ্রায় অহুসারে ইহা ঘটিল। ডাঃ আর্নসারী আমার দীর্ঘকালের প্রিয় বন্ধু, তাঁহাকে এড়ান কঠিন। এবং আমার নির্দেশে যে সকল প্রস্থাব গৃহীত হইয়াছে, তাহাকে কার্য্যকরী করিতে হইলেও আমার সহযোগিতা আবশ্রক। কিন্তু সর্বাদল সন্মিলনীর প্রস্তাবগুলির গুরুত্ব অনেকাংশে কমিয়া গেল। সর্বাদল সন্মিলনীর মধ্যস্থতায় এবং অন্তান্ত কারণে মডারেটদের দিকে ঝুকিয়া কংগ্রেস নরমপন্ধী হইয়া উঠিতে পারে, এই আশহা হইতেই আমি বিশেষভাবে সম্পাদকের পদ গ্রহণ করিতে স্বীকৃত হইলাম। কংগ্রেস তথন দোটানায় পড়িয়া দোল ধাইতেছিল। মডারেটীয় নীতির দিকে কংগ্রেস ঝুকিয়া

### ज्ञहत्रनान दम्

না পড়ে এবং স্বাধীনতা লাভের লক্ষ্য মাহাতে কংগ্রেস ধরিয়া থাকে, স্বামি সেজন্ম যথাসাধ্য চেষ্টা করিতে লাগিলাম।

জাতীয় রাষ্ট্র-মহাসভার অধিবেশনের সহিত আমুষদ্দিক আরও অনেক সভাসমিতি হইয়া থাকে। মাদ্রাজে এই বংসর প্রথম (এবং শেষ) রিপাবলিক্যান কনফারেন্সের অধিবেশন হইয়াছিল। আমাকে সভাপতির পদ গ্রহণ করার জন্ম আহ্বান করা হইল। আমি নিজেকে বিপ্লাবলিক্যান বলিয়াই মনে করি, প্রস্তাবটি আমার ভাল লাগিল। किन এই সম্মেলনের উদ্যোক্তাদের আমি চিনি না, তাহার উপর হঠাৎ ব্যাঙের ছাতার মত গজাইয়া ওঠা এই শ্রেণীর ব্যাপারের সহিত জড়াইয়া পড়িতে আমার ইচ্ছা ছিল না। ইতস্ততঃ করিয়া অবশেষে আমি সভাপতি হুইতে স্বীকৃত হুইলাম; কিন্তু এজন্ত আমাকে পরে অহুতাপ করিতে হুইয়াছে। অক্যান্য অনেক সমিতির মত রিপাবলিক্যান কন্ফারেন্সের স্থতিকাগারেই মৃত্যু হইল। এই সমেলনে গৃহীত প্রস্তাবগুলি পাইবার জন্ম আমি কয়েকমাস নিক্ষল চেষ্টা করিলাম। আমাদের দেশে এমন অনেক লোক আছে, যাহারা উৎসাহের সহিত নৃতন কাল স্থক করে, কিন্তু কিছুকাল পরেই তাহা ছাড়িয়া অন্ত কিছু নৃতনের সন্ধানে বাহির হয়। আমরা কোন কাজে ধৈর্ঘ্যের সহিত লাগিয়া থাকিতে পারি না বলিয়া যে অপবাদ আছে, তাহা অনেকাংশে সত্য।

মান্ত্রাজ কংগ্রেস অবসান হইবার পূর্ব্বেই দিল্লী হইতে হাকিম আজমল ধার মৃত্যুসংবাদ আসিল। তিনি কংগ্রেসের প্রাক্তন সভাপতি এবং অগ্রতম প্রবীণ রাজনৈতিক ছিলেন। কংগ্রেসের নেতৃমণ্ডলীতে তিনি অনুগ্রসাধারণ স্থান অধিকার করিয়াছিলেন। তিনি সম্পূর্ণরূপে প্রাচীন রক্ষণশীলতার মধ্যে লালিত পালিত হইয়াছিলেন। তাঁহার মধ্যে কোন আধুনিকতা ছিল না। দিল্লীর মোগল আমলের শিক্ষাসভ্যতায় তিনি ভরপুর ছিলেন। তাঁহার অতিরিক্ত শিষ্টাচার, মন্থর কথা বলিবার ভঙ্গী এবং নিরাভরণ রিসকতায় সকলেই আনন্দিত ইইতেন। তাঁহার আচরণ ছিল প্রাচীনকালের অভিজাতদের মত। তাঁহার অবয়বেও মোগল স্মাটদের প্রতিক্বতির ছাপ ছিল। এই শ্রেণীর মান্ত্র্য সচরাচর রাজনীতির বন্ধুর পথে পদার্পণ করেন না। আধুনিক "এজিটেটর"দের জালায় অন্থির হইয়া ইংরাজগণ যে সকল পুরাতন ধরণের মান্ত্র্যের জন্ম বিলাপ করেন তিনি ছিলেন সেই শ্রেণীর মান্ত্র্য। প্রথম জীবনে হাকিম সাহেব রাজনীতির দিকে ঘেঁসেন নাই। তিনি এক বৃহৎ চিকিৎসক পরিবারের কর্ত্তা ছিলেন এবং তাঁহার বছবিস্কৃত চিকিৎসা ব্যবসায়েই ভূবিয়া থাকিতেন। যুদ্ধের শেষের দিকে তাঁহার পুরাতন বন্ধু ও

### ভারতে প্রভ্যাবর্ত্তন

সহকারী ভাজার আনসারীর প্রভাবে তিনি কংগ্রেসের দিকে আরুষ্ট হন। পরে পাঞ্চাবে সামরিক আইন ও খিলাকত সমস্তায় বিচলিত হইয়া তিনি গানী নিদিষ্ট অসহযোগ পদ্ধতি অমুমোদন করিয়াছিলেন। তিনি কংগ্রেসের মধ্যে প্রাচীন ও নবীনের মধ্যে যোগস্ত্রস্থ কপে ছিলেন। তাঁহার দৃষ্টাস্তে অনেক প্রাচীনপদী জাতীয় আন্দোলনের সমর্থক হইয়াছিলেন। এইভাবে উভয়দিকের সামঞ্জন্ত বিধান করিয়া তিনি জাতীয়দলের অগ্রগামিগণের শক্তি বৃদ্ধি করিয়াছিলেন। তাঁহার দৃষ্টাস্তে হিন্দুম্সলমানের সম্পর্ক ঘনিষ্ঠ হইয়াছিল। তিনি উভয় সম্প্রদায়েরই সমান শ্রদ্ধার পাত্র ছিলেন। গান্ধিজীও তাঁহাকে একজন বিশ্বন্ত বন্ধু রূপে গ্রহণ করিয়াছিলেন, এবং হিন্দুম্সলমান ব্যাপারে হাকিম সাহেবের পরামর্শই তিনি চূড়ান্থভাবে গ্রহণ করিতেন। আমার পিতা ও হাকিমজীর মধ্যে সংস্কৃতিগত ঐক্য থাকায় তাঁহাদের মধ্যে এক স্বাভাবিক প্রীতির বন্ধন ছিল।

প্রায় এক বংসর পূর্ব্বে হিন্দু মহাসভার কোন কোন নেতা আমাকে এই অপবাদ দিয়াছিলেন যে, পারদীক সংস্কৃতির ভিত্তিতে আমার শিক্ষার দোষে হিন্দু মনোভাব সম্পর্কে আমার অজ্ঞতা গভীর। আমার মধ্যে কি সংস্কৃতি আছে, অথবা আদৌ আছে কি না, বলা আমার পক্ষে কিছু শক্ত। ত্র্ভাগ্যক্রমে পারশীক ভাষা আমি একেবারেই জানি না। তবে আমার পিতা ভারতীয় ও পারশীক সংস্কৃতির মিশ্র আবহাওয়ায় বদ্ধিত হইয়াছিলেন, ইহা সতা। প্রাচীন দিল্লী দরবার হইতে সমগ্র উত্তর ভারতই ইহা উত্তরাধিকারস্থতে পাইয়াছে। এমন কি, এই অধ্পতনের যুগেও দিল্লী ও লক্ষো এই সংস্কৃতির হুই প্রধান কেন্দ্র। কাশ্মীরী ব্রাহ্মণদের পারিপাশ্বিক অবস্থার সহিত সামঞ্জ বিধানের আশ্চর্যা দক্ষতা ছিল। তাঁহারা যথন ভারতের সমতলক্ষেত্রে অবতরণ করেন তথন ভারতীয়-পারসীক সংস্কৃতিরই প্রাধান্ত ছিল। তাঁহারা উহা গ্রহণ করিয়াছিলেন এবং তাঁহানের মধ্যে অনেকে পার্সী ও উদ্ভাষায় পণ্ডিত বলিয়া খ্যাতিমান হইয়াছিলেন। তারপর যথন ব্রিটিশ যুগ আসিল তথন তাঁহারা পূর্বের মতই অতি জ্বত ইংরাজী ভাষা ও ইউরোপীয়ান সভ্যতা ও সংস্কৃতি আয়ুত্ত করিতে লাগিলেন। এথনও ভারতে পারদীক ভাষায় অনেক স্থপণ্ডিত রহিয়াছেন— স্থার তেজবাহাত্বর সঞ্জ এবং রাজা নরেন্দ্রনাথ এই ঘুই জনের নাম উল্লেখ করা যাইতে পারে।

এই কারণে পিতা ও হাকিম সাহেবের মধ্যে অনেক ঐক্য ছিল, এমন কি, অতীতকালে উভয় পরিবারের মধ্যে যে ঘনিষ্ঠতা ছিল তাহার প্রমাণ্ড তাহার। পাইয়াছিলেন। তাঁহাদের বন্ধুত্ব প্রগাঢ় হইয়াছিল এবং তাঁহার।

#### জওহরলাল নেহক

পরস্পরকে 'ভাই সাহেব' বলিয়া সংখাধন করিতেন। তাঁহাদের পারস্পরিক স্নেহবন্ধনের মধ্যে রাজনীতির স্থান অতি অল্পই ছিল। পারিবারিক জীবনে হাকিমজী অতিমাত্রায় রক্ষণশীল ছিলেন। তিনি ও তাঁহার পরিবার্বর্গ কিছুতেই প্রাচীন অভ্যাস বর্জন করিতেঁ পারিতেন না। তাঁহার পরিবারের মত পর্দাপ্রথার কড়াকড়ি আমি আর কোথাও দে। খ নাই। অথচ হাকিমজী নিজে বিশাস করিতেন, স্থী-স্বাধীনতা ব্যতীত কোন জাতির উন্নতি অসম্ভব। স্বাধীনতা আন্দোলনে তুকী-নারীয়া যোগ দেওয়ায় তিনি আমার নিকট তাঁহাদের ভ্য়সী প্রশংসা করিয়াছিলেন এবং বলিয়াছিলেন যে, তুকীর নারীদের জন্মই কামাল পাশা সাফল্য লাভ করিয়াছেন।

হাকিম আজমল থার মৃত্যুতে কংগ্রেস প্রচণ্ড আঘাত পাইল এবং কংগ্রেসের একজন শক্তিশালী সমর্থকের অভাব ঘটিল। ইহার পর দিলীতে গেলেই আমরা একটা অভাব বোধ করিয়া থাকি, কেন না, দিলীর সহিত হাকিমজী এবং তাঁহার বিল্লীমারন মহল্লার বাড়ীর শ্বৃতি অবিচ্ছেম্মভাবে জড়িত।

১৯২৮ সালে রাজনীতির দিক দিয়া দেশে প্রচুর কাজ চলিল।
সর্বত্রই নৃতন উৎসাহ ও নৃতন উদ্দীপনা এবং জনসাধারণের মধ্যে
অগ্রগতির আকাজ্রদা পরিলক্ষিত হইল। সম্ভবতঃ আমার অরুপদ্ধিতির
সময়্ব ধীরে ধারে এই পরিবর্ত্তন আসিয়াছে। আনি ফিরিয়া আসিয়া ইহা লক্ষ্য
করিলাম। ১৯২৬-এর প্রথম ভাগে ভারতবর্ষ ছিল নিজ্জীব ও অবসন্ধ, সম্ভবতঃ
তথনও সে ১৯১৯-২২-এর পরের অবসাদ কাটাইয়া উঠিতে পারে নাই।
কিন্তু ১৯২৮-এর ভারতবর্ষ সতেজ স্ক্রিয় এবং অবক্লদ্ধ শক্তির চেতনায়
জাগ্রত। কারখানার শ্রমিক, ক্লম্বক, ময়াশ্রেণীর মুবক এবং সাধারণভাবে
শিক্ষিত সম্প্রদায়—সকলের মধ্যেই এই নবচেতনার লক্ষণ স্পরিক্ষ্ট।

ৈ ট্রেড ইউনিয়ন (শ্রমিক) আন্দোলন বিশেষ বিস্তৃতিলাভ করিয়াছিল এবং সাত কি আট বংসর পূর্বে স্থাপিত নিখিল ভারত ট্রেড্ ইউনিয়ন কংগ্রেস ইতিমধ্যে এক শক্তিশালী প্রতিনিধিন্দক প্রতিষ্ঠানে পরিণত হইয়াছে। ইহার শাখাপ্রশাখা ত বাড়িয়াছেই, উপ্রস্তু ইহার মতবাদ ক্রমশ: সংগ্রামশীল ও চরম হইয়া উঠিতেছে। প্রায়ই ধর্মঘট লাগিয়া আছে এবং শ্রেণীস্বার্থবাধ জাগ্রত হইতেছে। বঙ্গুলির এবং রেলওয়ে শ্রমিকরাই সর্বাপেকা অধিকতর সক্ষবদ্ধ হইয়াছিল। এবং ইহাদের মধ্যে সর্বাপেকা শক্তিশালীছিল বোষাই গিরনী কামগার ইউনিয়ন ও জি, আই, পি, রেলওয়ে ইউনিয়ন। শ্রমিক সঞ্জের পরিপুষ্টির সঙ্গে সংশ্ অপরিহার্য্যরূপে তাহার মধ্যে পাশ্রাত্ত হইতে আভ্যন্তরীণ কলহ ও ধবংসের বীজও আসিল। ভারতে ট্রেড্ ইউনিয়ন

### ভারতে প্রভ্যাবর্ত্তন

আন্দোলন প্রতিষ্ঠালাভ না করিতে করিতেই ইহার মধ্যে দল ভাষাভাষি বিছেদ প্রতিযোগিতা এবং শক্রতার আশহা উপস্থিত হইল। ইহাদের মধ্যে একদল ছিল দিতীয় আন্তর্জ্জাতিকের ভক্ত, একদল তৃতীয় আন্তর্জ্জাতিকের অন্তর্গাগী, একদল সংস্কারমূলক নরমপন্থী, অপরদল খোলাখুলি বৈপ্লবিক ও আমূল পরিবর্ত্তনকামী। এই তৃই দলের মাঝারি অনেক রকম মত্তের লোক এবং স্ববিধাবাদীরাও ছিল। তৃতাগ্যক্রমে সকল গণপ্রতিষ্ঠানেই ইহাদের প্রাতৃত্তিব ঘটে।

কৃষক সম্প্রদায়েও চাঞ্চল্য দেখা দিল। যুক্তপ্রদেশের অযোধ্যা অঞ্চলে ঘন ঘন ক্ষকদের প্রতিবাদ সভা হইতে লাগিল। নৃতন অযোধ্যা প্রক্রাম্য আইনে রায়তদের জীবনস্থা ও অন্যান্ত যে সকল অধিকার দিবার কথাছিল, তাহার ফলে কার্যান্ত: ক্ষকদের অবস্থার কোন উন্নতি হইল না। গুজরাটে ভূমিকর বৃদ্ধি লইয়া গভর্গমেণ্টের সহিত ক্ষকদের সংঘর্ষ ব্যাপকভাবে দেখা দিল। গুজরাটে গভর্গমেণ্টের সহিত ক্ষকদের প্রত্যক্ষ সম্পর্ক। এই সংঘর্ষ সরদার বল্লভভাই পাটেলের নেতৃত্বে বারদোলী সত্যাগ্রহরূপে দেখা দিল। এই আন্দোলনের পরিচালন-নৈপুণ্য ভারতবর্ষ প্রশংসমান দৃষ্টিতে দেখিতে লাগিল। বারদোলী ক্ষকেরা অনেকাংশে সাফল্যাভ করিল। এই আন্দোলনে ভারতীয় ক্ষকদের মনে যে নৃতন আশার সঞ্চার হইল, স্ব্রাপেক্ষা বড় সাফল্য তাহাই। ক্ষকদের দৃষ্টিতে বারদোলী আশা, সভ্যশক্তি এবং সাফল্যের প্রতীক হইয়া উঠিল।

১৯২৮-এর ভারতবর্ষে যুব আন্দোলন একটা বিশিষ্ট স্থান অধিকার করিয়াছিল। দেশের সর্বত যুবক সমিতি প্রতিষ্ঠিত হইয়াছিল এবং প্রায়ই নানা স্থানে সম্মেলন হইত। ) এই সকল যুবক সমিতির মধ্যে নানা স্তরভেদ ছিল। ধর্ম হইতে বৈপ্লবিক মতবাদ ও পদ্ধতি পর্যাস্ত এক এক দলে আলোচিত হইত। ইহাদের উদ্ভব ও কার্যাপদ্ধতির পার্থকা সত্ত্বেও যুবক সম্মেলনগুলিতে সর্বত্রই বর্ত্তমান সময়ের অর্থ নৈতিক ও সামাজিক সমস্থাগুলি আলোচিত হইত এবং বর্ত্তমান ব্যবস্থার আমূল পরিবর্ত্তনের আগ্রহ বিশেষ-ভাবে দেখা যাইত।

কিবল রাজনীতির দিক দিয়া দেখিতে গেলে, এই বংসরে সাইমন কমিশন বয়কট এবং সর্বাদল সন্মিলনীই প্রধান ঘটনা। কংগ্রেসের বয়কট আন্দোলনে মডারেটগণ যোগ দেওয়ায় ইহা আশ্চর্য্য সাফল্যলাভ করিল। কমিশন যেখানেই উপস্থিত হইতেন সেইখানেই বিরূপ অভ্যর্থনার জন্ম সমবেত জ্বনুতা "গো ব্যাক্ সাইমন" (সাইমন ফিরিয়া যাও) বলিয়া চীংকার করিত। ইহার ফলে ভারতের সাধারণ লোকের মধ্যে শুর জন

### ज अर्जनान (नर्ज

শাই ের নাম স্থপরিচিত হইয়া উঠিল এবং ইংরাজী ভাষার ছুইটি শব্দ তাহা িশিখিল। ক্রমাগত ঐ চীংকার শুনিয়া কমিশনের সদক্ষরা নিশ্চয়ই বিরক্তি প করিতেন। তাঁহারা যথন নয়া দিল্লীর ওয়েষ্টার্প হোটেলে ছিলেন, তথন ে অন্ধকারে ঐ শব্দ ভাসিয়া আসিত, এইরপ একটা গ্রহ্ম শুনিয়াছিলাম। রাত্তেও তাঁহাদিগকে লক্ষ্য করিয়া এরপ বিদ্রপাত্মক ধ্বনির ফলে তাঁহারা নিশ্চয়ই অত্যন্ত অস্বন্ধিবোধ করিতেন। কিন্তু আসনলে সামাজ্যের নৃতন রাজধানীর পরিত্যক্ত প্রান্তর্বাসী শৃগালদলের চীংকারকেই তাঁহারা জনতার ধিকার বলিয়া ভ্রম করিয়াছিলেন।

ব্রহ্মভিল। শ্রর প্রকাশত ব্যাহার বাং বিশেষ কঠিন ছিল না। )গণতাম্বিক পার্লামেন্টায় পদ্ধতির শাসনতন্ত্র যে কেই সহছেই রচনা করিতে পাবে। (কিন্তু প্রধান বিদ্ধ অর্থাৎ একমাত্র বিদ্ধ দেখা দিল, সম্প্রদায় বা সংখ্যালঘিষ্ঠদের সমস্যা লইয়া।) সম্মেলনে চরম সাম্প্রদায়িক প্রতিষ্ঠানের প্রতিনিধিরাও ছিলেন: সকলকে সম্মত করান স্বকঠিন হইয়া উঠিল। ইহা যেন সেই পুরাতন ও নিফল এক্য সম্মেলনের পুনরাভিনয়। (পিতা বসম্বকালে ইউরোপ ইইতে ফিরিয়া উৎসাহের সহিত্র সম্মেলনে যোগ দিলেন। অবশেষে অন্যপথ না পাইয়া পিতার সভাপতিত্বে একটি ক্ষুদ্র কমিটি গঠিত ইইল। শাসনতন্ত্র রচনা এবং সাম্প্রদায়িক সমস্যা সমাধানের ভার এই কমিটির উপর অপিত ইইল। এই কমিটি, নেহক কমিটি )এবং ইহার প্রকাশিত সিদ্ধান্ত নেহক রিপোট রপে স্থারিলিত ইইয়ভিল। শ্রের তেজবাহাত্র স্প্রস্থ এই কমিটির সদস্য ছিলেন এবং রিপোটের অংশবিশেষ তাঁহারই রচনা।

আমি এই কমিটির সদশ্য ছিলাম না, তবে কংগ্রেসের সম্পাদক হিসাবে আমাকে অনেক কিছুই করিতে হইত। কিন্তু বেথানে আসল সমস্যা—ক্ষমতা ও অধিকার—সেথানে কাগজে কলাম শাসনতন্ত্র রচনা নিজল পণ্ডশ্রম মাত্র, ইহা ভাবিয়া আমি অত্যন্ত বিএত হইতাম। তাহার উপর কমিটি, ঔপনিবেশিক স্বায়ন্ত্রশাসন, এমন কি, কার্যতে: তাহা হইতেও অনেক কম লক্ষ্য স্থির করিয়াছিলেন, আমার উহা ভাল বোধ হয় নাই। (তবে যদি সাম্প্রদায়িক সমস্রার মীমাংসা হয়, এই আশায় আমি কমিটির গুরুত্ব অন্থভব করিয়াছিলাম ) চুক্তি বা পারম্পরিক সমতি দ্বারা এই সমস্রার মীমাংসা আমি কথনও প্রত্যাশা করি নাই। সামাজিক ও অর্থনৈতিক অবস্থাকে ভিত্তিরূপে গ্রহণ না করিলে কোন মীমাংসাই সম্ভবপর নহে। তবে যদি অধিকাংশ ব্যক্তি নাময়িক ভাবেও কোন চুক্তিতে আবদ্ধ হন, তাহা হইলে বর্ত্তমান অসম্ভোষ অনেকাংশে দ্রীভূত হইবে এবং অন্তান্ত সমস্রাপ্তলির প্রতি দৃষ্টি

### ভারতে প্রভ্যাবর্তন

'দিবার অবসর পাওয়া বাইবে, এই কারণে কমিটির কাব্দে বাধা না দিয়া আমি
যথাসাধক্ত সাহায্য করিতে লাগিলাম।)

ব্যাপারের মীমাংসা হইলেই সব চুকিয়া যায়। ইহার মধ্যে পাঞ্চাবের মীমাংসা হইলেই সব চুকিয়া যায়। ইহার মধ্যে পাঞ্চাবের হিন্দু-মুসলমান-শিখ এই ত্রিধা বিভক্ত সমস্তাই হইল প্রধান। কমিটি এক অভিনব উপায়ে এই সমস্তার বিচার করিলেন; তাঁহারা সমগ্রভাবে পাঞ্চাবকে গ্রহণ না করিয়া পূর্ব (হিন্দুপ্রধান), পশ্চিম (মুসলমানপ্রধান) ও উত্তর-পূর্ব (শিখপ্রধান)—এই ভাবে ভাগ করিয়া সংখ্যামুপাতে তাঁহাদের সিদ্ধান্ত প্রকংশ করিলেন। কিন্তু সমস্তই বার্থ হইল। পরস্পরের প্রতিভয় ও অবিশাস রহিয়াই গেল; আর যত্টুকু অগ্রসর হইলে সমস্তা সমাধান হয়, কোন পক্ষই তত্টুকু অগ্রসর হইলেন না।

কমিটির ি.পার্ট বিবে6না করিবার জন্ম লক্ষ্ণে-এ সর্বাদল সন্দেলন আছত ইছল। আমাদের মধ্যে মনেকে আবার এক দোটানার পড়িলাম। মামরা সাম্প্রদায়িক সমস্যা সমাধানের প্রতিবন্ধকতা করিতে চাহি না, কিন্তু অন্ম দিকে পারীনতার আদর্শে জলাঞ্জলি দেওয়াও আমাদের পক্ষে কঠিন। আমরা সম্মেলনের নিকট প্রার্থনা করিলাম এ সম্পর্কে প্রত্যেক দলের স্বতন্ত্রভাবে কাজ করিবার স্বাধীনতা স্বীকার করা হউক।) অর্থাৎ কংগ্রেস্থ তাহার স্বাধীনতার আদর্শ অক্ষ্ণ রাখুক, অন্যান্থ মডারেটদল উপনিবেশিক স্বায়ন্ত্রশাসনই আদর্শন্তরে কছন। (কিন্তু পিতা রিপোর্ট হইতে একচুলও নড়িতে চাহিলেন না, অবস্থাধীনে ঠাহার পক্ষে উহা সম্ভবও ছিল না। তথন আমরা 'ইণ্ডিদেনভেট লীগ'-এর পক্ষ হইতে (সম্মেলনে আমাদের সংখ্যা কম ছিল না) এই মর্ম্মে বিবৃতি দিলাম যে, স্বাধীনতার আদর্শ অপেক্ষা হীন যে সকল সিদ্ধান্ত হইবে, আমরা তাহার সহিত কোন সম্পর্ক রাথিব না, তবে ইহা স্পষ্ট করিয়া বলিতে চাই যে, আমরা সম্মেলনের কার্যো কোন বাধা দিব না, সাম্প্রদায়িক সমস্যা সমাধানের চেষ্টায় বিম্ব উৎপাদনের ইছা আমাদের আদে নাই।

\* এইরপে প্রধান সমস্যায় এই শ্রেণীর মনোভাব অবশ্য বিশেষ কার্য্যকরী নয়। ইহা অনেকটা নিক্রিয় অবস্থা। আমাদের মনোভাবের কার্য্যকারিতা দেখাইবার জন্ম আমরা সেইদিনই "ইণ্ডিপেণ্ডেন্স্ লীগ অফ ইণ্ডিয়া" প্রতিষ্ঠা করিলাম।

প্রস্তাবিত শাসনতম্বে মূল অধিকার সম্পর্কিত ব্যবস্থায় অযোধ্যার তালুকদারদের অন্থরোধে সর্কাদল সম্মেলন, তাঁহাদের তালুকের উপর কায়েমী-ব্যব্দ স্থীকার করিয়া লইয়া একটি ধারা জুড়িয়া দিলেন। ইহাতে আমি

### कछर्त्रणांग निर्क

অত্যন্ত মর্মাহত হইলাম। অবশ্য সমন্ত শাসন্তন্ত্রই ব্যক্তিগত সম্পত্তির নিরাপত্তার ভিত্তির উপর রচিত হইয়াছিল। কিন্তু তথাপি এই সক্লল বৃহৎ অর্দ্ধ-সামস্থতাপ্ত্রিক জমিদারীগুলির উপর ব্যক্তিগত অধিকার অব্যাহত ভাবে শাসনতত্ত্বে স্বীকার করিয়া লওয়া হইল, ইহা আমার নিকট অসহ বলিয়া বোধ হইল। স্পষ্ট বুঝা গেল যে, কংগ্রেসের নেতারা ( অকংগ্রেসীরা ত বটেই) তাঁহাদের দলের অগ্রগামী অংশ অপেক্ষা বড় বড় ভূমাধিকারীদের সাহচর্যাই কামনা করেন। আমাদের অধিকাংশ নেতার সহিত আমাদের ব্যবধনি যে কত বেশী তাহা স্পষ্টই বুঝা গেল। এবং এই অবস্থায় আমার শক্ষে কংগ্রেসের সাধারণ সম্পাদক হিসাবে কাজ্র করা অযৌক্তিক মনে হইল। "ইণ্ডিপেণ্ডেন্দ্ লীগের" অন্ততম স্থাপয়িত। বলিয়া আমি পদত্যাক করিতে উন্নত হইলাম। কিন্তু কার্যাকরী সমিতি ইহাতে সমত হইলেন না। তাঁহারা আমাকে এবং স্থভাষ বস্তুকে (ইনিও একই কারণে পদত্যাগ করিতে চাহিয়াছিলেন) বলিলেন যে, আমরা লীগের কাজ চালাইলেও তাহার সহিত কংগ্রেস-কার্য্যের কোন সংঘর্ষের সম্ভাবন। নাই। অবশ্র কংগ্রেস ইতিপূর্ব্বেই স্বাধীনতার প্রস্তাব গ্রহণ করিয়াছিলেন। এথাকিং কমিটির অন্থরোধে আমি আবার স্বীকৃত হইলাম। আমাকে বুঝাইয়া পদত্যাগ-পত্ত প্রত্যাহার করান কত দোজা তাহা ভাবিয়া আর্চর্যা হই। অনেকবার এইরপ ঘটনা ঘটিয়াছে। আসলে কোন পক্ষই বিচ্ছেদের পক্ষপাতী ছিলেন না। এবং আমরা নানা ছলনায় বিচ্ছেদকে এড়াইয়া গিয়াছি।

গান্ধিজী সর্বাদল সম্মেলন অথবা কমিটি মিটিং-এ কোন অংশ গ্রহণ করেন নাই। এমন কি, লক্ষ্ণে সম্মেলনেও তিনি উপস্থিত ছিলেন না।

ইতিমধ্যে সাইমন কমিশন ইতন্ততঃ ঘুরিতেছিলেন এবং তাঁহাদের
পশ্চাতে ক্লঞ্পতাকা ও বিপুল জনতার "গো-বাাক" ধ্বনি সমানভাবেই
চলিয়াছে। স্থানে স্থানে পুলিশের সহিত জনতার ছোটগাট সংঘর্ষ
বাধিতেছিল। লাহোরে এই ঘটনা চরমে উঠিল এবং সহসা সে সংবাদে
সমগ্র দেশ বিক্ষম হইয়া উঠিল। সাইমন কমিশন-বিরোধী—সহস্র সহস্র
নরনারীর জনতার পুরোভাগে রাস্তার ধারে লালা লাজপং রায় দাড়াইয়া
ছিলেন। জনৈক ঘ্বক ইংরাজ পুলিশ কর্মচারী সকলের সম্মুথে তাঁহাকে
প্রহার করে এবং তাঁহার বক্ষে বেটন্ দিয়া আঘাত করে। লালাজী ত
নহেনই, জনতাও কোন হিংসামূলক উপায় অবলম্বন করে নাই। এমন কি,
তিনি এবং তাঁহার বহু সঙ্গী শাস্তভাবে দাড়াইয়া থাকিলেও পুলিশ কর্জ্ক
ভীষণভাবে প্রহত হইলেন। যদিও আমাদের মিছিলগুলি সর্বতোভাকে
শাস্তিপূর্ণ, তথাপি রাজপথে মিছিল পরিচালনকালে পুলিশের সহিত সংঘর্ষক্র

### ভারতে প্রভাবর্ত্তন

আশ্বা সর্বাদাই থাকে। লালাজী ইহা জানিতেন এবং দেজক যথেষ্ট সাবধানতা অবলম্বন কৰি মছিলেন। তথাপি অনাবশুক পাশবিক উপায়ে এই লাশ্বনার বিবরণ ভানয়া ভানতবর্ষের বিশাল জনসভা বিক্তম হইল। তথনও আমরা পুলিশের লাঠি চালনায় অভ্যন্ত হইয়া উঠি নাই। এবং আমাদের আব্যাভিমানের তীক্ষতা তথনও পুন: পুন: পাশবিক অভ্যাচারে ভোঁতা হইয়া যায় নাই। আমাদের একজন সর্বভান্ত নেতা এবং পাঞ্জাবের প্রধানতম ও জনপ্রিয় নেতার প্রতি এই শ্রেণীর দানবীয় ব্যবহারে সমগ্র দেশে, বিশেষ ভাবে উত্তর ভারতে, এক নিন্তার ক্রোধ ছড়াইয়া পড়িল। আমরা কত অসহায়, কত নীচ যে আমাদের সর্বজন-শ্রজেয় নেতাকেও রক্ষা করিতে পারি না!

লালাজী দীর্ঘকাল হৃদ্-রোগে ভূগিতেছিলেন, তাহার উপর বৃকের এই আঘাতে তাঁহ'র দৈহিক অবস্থা সঙ্গীন হইয়া উঠিল। সম্ভবতঃ একজন স্বস্থকায় যুবকের পক্ষে এই আঘাত তেমন মারাত্মক হইত না। কিন্তু লালাজী যুবকও নহেন. স্বস্থকায়ও নহেন। কয়েক সপ্তাহ পরে তাঁহার মৃত্যুর সহিত এই আঘাতের সম্পর্ক কতথানি তাহা বলা কঠিন। কিন্তু চিকিৎসকেরা বলিয়াছিলেন, ইহার ফলে তাঁহার মৃত্যু নিকটবন্তী হইয়াছিল। কিন্তু আমার মতে দৈহিক আঘাতের সহিত মানসিক যন্ত্রণায় লালাজী অধিকতর মর্মবেদনা অমৃত্ব করিয়াছিলেন। ব্যক্তিগত অপমান অপেক্ষা এই প্রহারকে জাতীয় অবমাননা বলিয়া গ্রহণ করিয়া তিনি অত্যন্ত তিক্ত ও ক্রুদ্ধ হইয়াছিলেন।

এই জাতীয় অবমাননা ভারতবর্ধের বুকে তুর্বহ বোঝার মত চাপিয়া বিসল। তাহার পরেই লালাজীর মৃত্যুসংবাদ অপরিহার্যারপে ঐ প্রহারের বেদনার সহিত যুক্ত হইয়া তৃঃথকে ক্রোধ ও ঘণায় পরিণত করিল। ইহা পূর্ণভাবে হৃদয়ক্ষম করিলেই আমরা পরবর্ত্তী ঘটনাগুলির মর্ম্মগ্রহণে সক্ষম হইব। ভগং সিং-এর আবির্ভাব এবং উত্তর ভারতে তাঁহার সহসা বিম্ময়কর জনপ্রিয়তা আমরা দেথিয়াছি। অন্থনিহিত মূল কারণগুলি এবং ঘটনা-পরম্পরা বৃদ্ধিবার চেষ্টা না করিয়া কোন কার্য্য অথবা বাক্তির নিন্দা করা অতি সহজ। তগং সিংকে পূর্বে কেহ জানিত না, তাঁহার জনপ্রিয়তার কারণ হিংসামূলক কার্য্য অথবা "টেরোরিজম্"-এর জন্ম নহে। টেরোরিষ্টরা গত ক্রিশ বংসর ধরিয়া কোন না ক্যোন আকারে ভারতবর্ধে আছে। কিন্তু বাঙ্গলাদেশে প্রথম স্চনার কথা ছাড়িয়া দিলে আর কেহ ভগং সিং-এর শতাংশের এক অংশও জনপ্রিয়তা লাভ করিতে পারে নাই। ইহা প্রত্যক্ষ সত্য, ইহাকে অস্বীকার না করিয়া স্বীকারই করিতে হয়, এবং আরও একটি বিষয় মনে রাখিতে হইবে যে, মাঝে মাঝে টেরোরিজম্ মাপা চাড়া দিয়া উঠিলেও

### च अर्जनांन (नर्ज

ইহাতে ভারতীয় যুবক সাধারণের আর কোন বান্তব আকর্ষণ ছিল না। পনর বংশরের অপ্রান্ত অহিংসা প্রচারের ফলে ভারতবর্ষের অবস্থার অনেক পরিবর্ত্তন হইয়াছে, এবং রাজনৈতিক অস্ত্র হিসাবে টেরোরিজম্-এর প্রতি জনসাধারণ অধিকতর উদাসীন, এমন কি, বি**রুদ্ধ মনোভাবাপর**। সাধার**ণতঃ** যে সকল শ্রেণী হইতে টেরোরিষ্ট সংগ্রহ করা হয় সেই নিম্ন-মধ্যশ্রেণী এবং শিক্ষিতসম্প্রদায়, হিংসামূলক উপায়ের বিরুদ্ধে কংগ্রেসের প্রবল প্রচারকার্য্য দারা প্রভাবায়িত হইয়াছেন। এই দলের অধীন কম্মীরা, যাহারা বৈপ্লবিক কার্যাশদ্ধতির বিষয় চিন্তা করেন, তাঁহারাও এখন সম্প্র্রপে ব্কিতেছেন যে, টেরোরিজম্ দারা বিপ্লব আসিতে পারে না; "টেরোরিজম্" এক জরাজীর্ণ নিক্ষল উপায় মাত্র এবং উহা প্রক্লত বৈপ্লবিক কার্য্যপদ্ধতির পথে বিশ্বস্বরূপ। ভারতে ও অক্তান্ত স্থানে "টেরোরিজম্" আজকাল মরণোনুথ। ইহা অবশ্যই গভর্ণমেণ্টের দমননীতির ফল নহে। দমননীতি বড়জোর উহাকে চাপিয়া রাথিতে কিষা নিক্রিয় করিয়া রাথিতে পারে কিন্তু উৎথাত করিতে পারে না। জাগতিক ঘটনাপ্রবাহের মৃলকারণ হইতেই "টেরোরিজম" মরিতেছে। "টেরোরিজম্" সাধারণতঃ কোন দেশের বৈপ্লবিক আগ্রহের শৈশবকাল স্চনা করে। এই স্তর উত্তীর্ণ হওয়ার সঙ্গে সঙ্গেই প্রধান বাহলক্ষণ হিসাবে "টেরোরিজম"ও অন্তর্হিত হয়। স্থানীয় কারণ অথবা ব্যক্তিগত আক্রোশ হইতে মাঝে মাঝে ইহা ঘটিতে পারে। কিন্তু ভারতব্য নিঃসন্দেহে সেই শুর অতিক্রম করিয়াছে এবং আক্সিক ঘটনার অভিব্যক্তিও যে ক্রমশঃ বিলুপ্ত হইবে তাহাতে সন্দেহ নাই। কিন্তু ইহার অর্থ এই নহে যে, ভারতের সম**ত** অধিবাসী হিংসামূলক উপায়ের উপর বিশ্বাস হারাইয়াছে। ব্যক্তিগত হিংসামূলক কার্য্য বা টেরোরিজমের উপর আস্থা অনেকেরই নাই, কিন্তু অধিকাংশ লোক ভাবেন যে, এমন এক সময় আসিবে যথন স্বাধীনতার জন্ম সশস্ত্র সঙ্ঘবদ্ধ সংঘর্ষের প্রয়োজন হইবে, যেমন অন্যান্ত দেশে হইয়াছে। অবশ্ অত্যকার দিনে ইহা কথার কথা মাত্র, কালই তাহার একমাত্র পরীক্ষক, তবে টেরোরিষ্টদের পদ্ধতির সহিত ইহার কোন সম্পর্ক নাই। অতএব ভগং সিং তাঁহার হিংসামূলক কার্য্যের জন্ম জনপ্রিয় হন নাই, সেই মুহুর্ত্তে তিনি লালা লাজপং রায়ের এবং জাতীয় সম্মান রক্ষা করিয়াছেন, জনসাধারণ ইহাই মনে করিতে লাগিল। লোকের নিকট তিনি একটি প্রতীকরূপে প্রতিভাত হইলেন। তাঁহার কাজ লোকে ভুলিয়া গেল। এবং কয়েকমাসের মধ্যে পাঞ্চাবের প্রতি পল্পী-নগর এবং কিয়দংশে উত্তর ভারতের অবশিষ্ট অঞ্চলেও তাঁহার নাম ধানিত প্রতিধানিত হইতে লাগিল। জাঁহার নামে অসংখ্য সঙ্গীত রচিত হইল এবং তিনি আশ্রুষ্য জনপ্রিয়তা লাভ করিলেন।

দাইমন কমিশন উপলক্ষ্যে প্রহারের কিছু পরে লালা :লাঞ্চপৎ রায় দিল্লীতে নি: ভা: রাষ্ট্রীয় সমিতির একটি অধিবেশনে বোগ দেন। তাঁহার দেহে তথনও আঘাতের চিহ্ন ছিল এবং তিনি তথনও ভূগিতেছিলেন। नको नर्समन मत्पनत्तत्र भद्र এই अधिरतभात कान ना कान आकारत স্বাধীনতার প্রশ্ন উঠিয়াছিল। আমার ঠিক ভাল করিয়া মনে নাই. তবে শারণ হয় ঐ বিষয়ে আমি বলিয়াছিলাম যে, এমন একটা সময় चानिग्राह्य यथेन करश्यमतक पूर्विति अक्टी वाहिया नहेर्छ हहेरव। রাজনৈতিক ও সামাজিক ব্যবস্থার আমূল পরিবর্ত্তনমূলক বৈপ্লবিক দৃষ্টিভঙ্গী অথবা সংস্থারকামীর উদ্দেশ্য ও উপায়-এই ছুই পক। এই বক্তৃতার कान शुक्रव हिन ना, इस छ आभि देश जुनियार पार्टेटाम। किन्न नानाजी ইহার কোন কোন অংশ সমালোচনা করায় উহা মনে আছে। তিনি चार्यामिशक गावधान कतिया विनालन त्य. चामता त्यन विधिन अभिकम्लात নিকট কিছু প্রত্যাশা না করি, অন্ততঃ আমার নিকট এই সাবধান-বাণীর কোন প্রয়োজন ছিল না, কেন না, আমি কোন দিনই ব্রিটিশ শ্রমিকদলের সরকারী নেতাদের অমুরাগী নহি। তাঁহারা যদি ভারতের স্বাধীনতা সংগ্রাম সমর্থন করিতেন কিম্বা সাম্রাজ্যবাদ-বিরোধী কার্য্য অথবা সমাজতন্ত্রবাদ প্রবর্ত্তনের চেষ্টা করিতেন, তাহা হইলেই আমি আশ্চর্য্য হইতাম।

লাহোরে ফিরিয়া গিয়া লালাজী আমার বক্তৃতার বিভিন্ন বিষয় লইয়া তাঁহার সাপ্তাহিক পত্রিকা 'দি পীপল'-এ ধারাবাহিক প্রবন্ধ লিখিতে প্রবৃত্ত হইলেন। কেবল প্রথম প্রবন্ধটি প্রকাশিত হইয়াছিল, দিতীয় প্রবন্ধ প্রকাশের পূর্কেই তাঁহার মৃত্যু হয়। সম্ভবতঃ ইহাই তাঁহার অসমাপ্ত সর্কশেষ প্রবন্ধ এবং আমি বিষাদময় আগ্রহের সহিত উহা পাঠ করিয়াছিলাম।

## যিষ্টি সঞ্চালনের অভিজ্ঞতা

লালা লাজপং রায়ের লাঞ্চনা ও তাঁহার মৃত্যুর পর, সাইমন কমিশন যেখানেই যাইতে লাগিলেন, বিরূপ অভার্থনা অধিকতর প্রবল হইল। লক্ষো-এ কমিশন আসিবার পূর্ব হইতেই স্থানীয় কংগ্রেস কমিটি "অভার্থনার" জন্ম প্রস্তুত হইতে লাগিল। কয়েকদিন পূর্ব হইতেই বড় বড় মিছিল, সভা প্রভৃতি হইতে লাগিল, প্রচারকার্য্য ও বিরূপ অভার্থনার মহলা চলিতে লাগিল। আমি লক্ষো-এ গিয়া এই সকল ব্যাপারে যোগ দিলাম। আমাদের প্রাথমিক উদ্যোগ-পর্ব স্থশুছাল ও শান্তিপূর্ণ হইলেও কর্তৃপক্ষ যে ব্যতিব্যস্ত হইয়া পড়িয়ছেন তাহা বৃঝা গেল। তাঁহারা বাধা দিতে লাগিলেন এবং কতকগুলি অঞ্চলে মিছিল নিষদ্ধ করিয়া দিলেন। এই সম্পর্কে আমার জীবনে এক নৃতন অভিজ্ঞতা লাভ হইল, আমার দেহে প্রথম পুলিশের লাঠি ও বেটনের আঘাত অমুভব করিলাম।

যানবাহন যাতায়াতের বাধার অজুহাত দেখাইয়া শোভাযাত্রা নিষিদ্ধ হইয়াছিল। আমরা স্থির করিলাম, এ সম্বন্ধে অভিযোগের কারণ না ঘটাইয়া অপেক্ষাকৃত জনবিরল রাস্তা দিয়া এক এক দলে যোল জন করিয়া সভাস্থলে যাইব। সুন্মভাবে দেখিতে গেলে, ইহাও আদেশ ভঙ্গের মধ্যে পড়ে: কেন না, পতাকাসহ যোল জনকে একটি মিছিল ধরিয়া লওয়া ষাইতে পারে। আমি প্রথম যোল জনকে লইয়া অগ্রসর হইলাম, আমার পশ্চাতে গোবিন্দবল্পভ পন্থ দিতীয় দল লইয়া আসিতে লাগিলেন। রান্তা দিয়া আমি দল লইয়া ছুই শত গুজ অগ্রসর হইয়াছি, এমন সময় পশ্চাতে অশ্বপদধ্বনি শুনিতে পাইলাম! আমরা পিছনে চাহিয়া দেখি প্রায় পঁচিশ জন অধারোহী পুলিশ আমাদের দিকে অতি ক্রত ঘোড়া চালাইয়া আসিতেছে। অশ্বারোহী পুলিশ আনাদের উপর পড়িয়া সেই ষোল জনের ক্ষত্র মিছিল ছত্রভক করিয়া দিল। তারপর তাহারা বড় বড় বেটন ও লাঠি দিয়া স্বেচ্ছাদেবকদিগকে প্রহার করিতে লাগিল। আত্মরক্ষার সহজাত প্রবৃত্তি চালিত হইয়া স্বেচ্চাসেবকগণের কেহ রাস্তার ফুটপাতে উঠিল, কেহ বা ছোট ছোট দোকানে আশ্রয় লইল। পুলিশ তাহাদের পিছনে পিছনে গিয়া প্রহার করিতে লাগিল। যখন দেখিলাম, ঘোড়াগুলি

### ষষ্টি সঞ্চালনের অভিজ্ঞতা

আমাদের উপর আদিয়া পড়িতেছে, তথন আমার মনেও আত্মরকার ইচ্ছা জাগ্রত হইল। ইহা অত্যন্ত নিরাখপ্রদ দৃখ্য। কিন্তু আমার মুনে এক ভাবান্তর ঘটিল; আমার পশ্চাতের স্বেচ্ছাসেবকদের উপর চোট निष्न, প্রথম আক্রমণে আমি অটল রহিলাম। সহসা আমি দেখিলাম রাস্তার মধ্যে আমি একা দাঁড়াইয়া আছি; আমার চারিদিকে পুলিশেরা স্বেক্টাসেবকদিগকে প্রহার করিতেছে। একরপ অজ্ঞাতসারে আনি একটু গা-ঢাকা দিবার জন্ম রাস্তার পাশের দিকে ধীরে ধীরে অগ্রসর হইলাম। পরমূহুর্তেই থামিয়া মনে মনে বিচার করিয়া বৃঝিলাম, আমার পকে ইহা অত্যন্ত অশোভনীয়। ইহা কয়েক নিমেষের ব্যাপার মাত্র, কিন্তু সেই মানসিক ঘদের কথা আমার স্পষ্ট মনে আছে, সম্ভবতঃ কাপুরুষের মত ব্যবহারের বিরুদ্ধে আমার জাগ্রত আত্মাভিমানই রুথিয়া দাঁড়াইল। তথাপি কাপুরুষতা ও সাহদের মধ্যে ব্যবধান অতি সামান্ত, আমি যে কোন দিকে ঝুঁকিতে পারিতাম। এই চকিত সিদ্ধান্তের সঙ্গে সঙ্গেই চক্ মেলিয়া দেখি, একজন অখারোহী পুলিশ একটি নৃতন দীর্ঘ বেটন ঘুরাইতে ঘুরাইতে আমার দিকে আদিতেছে। আমি তাহাকে দমুথে অগ্রসর হইতে বলিয়া মাথা ঘুরাইয়া লইলাম—আবার মাথা ও মুথ রক্ষা করিবার এক অনিবার্ঘ্য আবেগ। সে আমার পৃষ্ঠদেশে ছইবার কঠিন আঘাত করিল। আমার মাথা ঘুরিয়া গেল, সমন্ত দেহ কাঁপিতে লাগিল কিন্তু তবুও যে আমি দোজ। দাড়াইয়া আছি ইহাতেই বিশ্বিত আনন্দে चाञ्च इहेनाम। चन्नकन भरतहे भूनिन मतिया शिया चामारमत भथरताध করিয়া দাঁড়াইল। আমাদের স্বেচ্ছাদেবকেরা পুনরায় একত্রিত হইল, অনেকেরই দেহ রক্তাক্ত, কাহারও বা মাথা ফাটিয়াছে; এমন সময় পন্থ ও তাঁহার দল আসিয়া আমাদের সহিত যোগ দিলেন। তাঁহারাও প্রহত इडेयाहितन। आमता नकत्न भूनित्नत्र नम्पूर्व विनया পড़िनाम, नम्पात পূর্ক পর্য্যন্ত আমরা এক ঘন্টা কি কিছু বেশী সময় বসিয়া রহিলাম। একদিকে বড় বড় সরকারী কর্মচারীরা আসিয়া দাড়াইলেন, অন্তদিকে সংবাদ পাইয়া ক্রমে বৃহং জনতা জড় হইল। অবশেষে সরকারী কর্মচারীরা আমাদিগকে যাইতে দিতে সমত হইলেন। যে অস্থারোহী পুলিশদল আমাদের উপর চড়াও হইয়া প্রহার করিয়াছিল, তাহারা আগে আগে আমাদের রক্ষীদলের মত চলিতে লাগিল, পশ্চাতে আমরা শশ্রসর হইলাম। এই তুচ্ছ ঘটনা বিস্তৃত ভাবে বর্ণনা করিবার কারণ—ইহা আমার মনের মধ্যে কিছু রেথাপাত করিয়াছিল। য**ষ্টি সঞ্চালনের সন্মুখীন হও**য়ার এবং প্রহার সঞ্ করিবার শারীরিক শক্তির অমুভূতিতে আমার চিত্তে যে সম্ভোষ জন্মিল

### अंश्रहत्रमान निर्म

ভাহাতেই আমি দৈহিক বেদনা ভ্লিয়া গেলাম। এবং আমি আঁচর্ব্য হইলাম যে, ঘটনার সময় এমন কি প্রত্তীত হইবার কালেও, আমার মন বেশ স্বচ্ছ ছিল এবং আমি সচেতনভাবে আমার মনোভাব বিশ্লেষণ করিতে সক্ষম হইয়াছিলাম। এই প্রাথমিক মহলার পরদিন প্রভাতে অধিকতর পরীক্ষার শ্লমুখীন হইতে অধিকতর দৃঢ়তা লাভ করিলাম। আগামী প্রভাতে গাইমন কমিশন আগিভেছে এবং আমাদের বৃহং মিছিল এবং বিরূপ অভ্যর্থনার জন্ম প্রস্তুত হইতে হইবে।

পিতা তথন এলাহাবাদে ছিলেন। আমার আশকা হইল যে, প্রভাতে সংবাদপত্রে আমার প্রহারের বিবরণ পাঠ করিয়া তিনি এবং পরিবারবর্গ বিচলিত হইবেন। সেজত সন্ধ্যার পর টেলিফোনযোগে তাঁহাকে জানাইলাম যে, আমরা সকলে ভালই আছি, কোন চিস্তার কারণ নাই। কিন্তু তথাপি তিনি ছন্টিস্তাগ্রস্ত হইলেন, শাস্ত হইয়া থাকা অসম্ভব ব্ঝিয়া তিনি মধ্য রাত্রিতে লক্ষো যাত্রার সকল্প করিলেন। তথন শেষ টেণ ছাড়িয়া গিয়াছে দেখিয়া তিনি মোটর যোগেই রওনা হইলেন। রান্তায় কিছু বাধা বিদ্ব পাইয়া তিনি ১৪৬ মাইল অতিক্রম করিয়া শ্রান্তক্রান্তভাবে ভোর পাচটায় লক্ষো পৌছাইলেন।

তখন আমরা মিছিল করিয়া টেশনে যাওয়ার উল্ভোগ করিতেছি। আমরা যাহা পারিতাম না, পূর্বদিনের সন্ধার ঘটনায় তাহাই হইয়াছিল, অর্থাৎ উত্তেজিত জনতা সুর্য্যোদয়ের পূর্বেই দলে দলে ষ্টেশনের দিকে চলিতে লাগিল। নগরের নানা মহলা হইতে অগণিত ছোট ছোট মিছিল বাহির হইল এবং কংগ্রেদ আফিস হইতে চার্ক্ক জন করিয়া এক এক সারিতে কয়েক সহস্র লোকের প্রধান মিছিল। অগ্রসর হইল। আমরা এই প্রধান মিছিলে ছিলাম। ষ্টেশনের নিকটবর্ত্তী হইবা মাজ পুলিশ আমাদিগকে আটক করিল। তথন ষ্টেশনের সম্মুথে প্রায় অর্দ্ধ বর্গ মাইল পরিমিত খোলা জায়গা ছিল, (এখন এখানে নৃতন ষ্টেশন নির্মিত হইয়াছে ) আমরা সেইখানে গিয়া দারি দিয়া দাঁডাইলাম। সেই ময়দানে আমাদের মিছিল গাড়া দাড়াইয়া রহিল, আমরা অগ্রসর হইবার কোন চেষ্টা করিলাম না। অনেক পদাতিক ও অখারোহী পুলিশ ও সৈক্তদলও চারিদিকে মোতায়েন ছিল। বহু উৎস্থক দর্শকও আসিয়া मग्रनान ভतिया स्मिनिन। महमा आमत्रा प्रिथनाम त्य, मृत्त काहात्रा त्यन জনতা ঠেলিয়া আসিতেছে। দেখিলাম পর পর ছুই-তিন শ্রেণীতে বিভক্ত অধারোহী পুলিশ বা সৈত্তদল আমাদের দিকে ছুটিয়া আসিতেছে এবং সম্পের জনতা দলিত মথিত হইয়া ময়দানে লুটোপুটি খাইতেছে।

# ৰষ্টি সঞ্চালনের অভিজ্ঞতা

স্থারোহী সৈরুদলের এই আক্রমণের দৃত দেখিতে স্থার, কি**ছ সভর্কিত** আক্রমণে বিশ্বিত নিরীহ দর্শক্দিগকে অবপদতলে দলিত করার সভ সকরণ দৃশ্য খুব কমই আছে। যাহারা পকাতে পড়িয়া ফাই*তে*ছে তাহালের মধ্যে কেহ বা উথানশক্তি রহিত, কেহ বা যন্ত্রণার পড়াইতেছে। সুমন্ত ময়দান যেন যুদ্ধক্ষেত্রের রূপ ধারণ করিল। কিন্তু এই দৃষ্ঠ দেখিয়া চিন্তা করিবার অবসর আর মিলিল না। অধারোহীরা ক্রতবেগে আসিয়া পড়িল। তাহাদের প্রথম শ্রেণীর সহিত আমাদের ঘন-সন্নিবিষ্ট শোভাষাত্রার সংঘর্ষ হইল, আমরা আমাদের ভমি ত্যাগ করিলাম না, সোজা দাঁড়াইয়া রহিলাম। শেষ মুহুর্ত্তে সহসা সংযতরশ্মি অশ্বগুলি পিছনের পায়ের উপর ভর দিয়া দাঁড়াইল, তাহাদের সমুবের পা'গুলি আমাদের মাধার উপর শৃত্যে কাঁপিতে লাগিল। তার পর লাঠি ও বেটন দিয়া অখারোহী ও পদাতিক পুলিশ আমাদিগকে প্রহার করিলে লাগিল। এই প্রচণ্ড প্রহারে পূর্ব দিনের সন্ধাার আমার স্পষ্ট ধারণা আর কিছু রহিল না, আমার কেবল এইটুকুই मत्न त्रिल, आमारक এইशान्तर मांज़ारेया शांकिए रहेत्, किन्नुएडरे পিছনে হটিব না। প্রহারের ফলে আমি চক্ষে অন্ধকার দেখিলাম। এক অবক্ষ ক্রোধে প্রতিঘাত করিবার বাসনা জাগিল, ঘোড়া হইতে আমার সম্পৃত্ত পুলিশ অফিসারকে টানিয়া নামাইয়া আমি অবলীলাক্রমে তাহারই অবে আরোহণ করিতে পারি। কিন্তু দীর্ঘকালের শিক্ষা ও নিয়মান্থরক্তির ফলে আমি সংয্ম রক্ষা করিলাম এবং আঘাত হইতে আমার মৃথমণ্ডল রকা করা ছাড়া আমি হস্ত সঞালন করি নাই এবং আমি আরও জানিতাম त्व, आमारमत्र भक्क इहेर्ड विम्माख आक्रमरात्र ভाव दिशाहर अनीवर्षन স্মারম্ভ হইত এবং সেই পৈশাচিক বিদোগান্ত ঘটনায় আমাদের বছলোক গুলীর আঘাতে প্রাণ হারাইত।

মনে হইতে লাগিল যেন দীর্ঘকাল অতিবাহিত হইয়াছে। কিন্তু কার্যান্ত ক্ষেক মিনিট পরেই আমাদের প্রথম শ্রেণী শৃত্বলা রক্ষা করিয়া ধীরে ধীরে পিছু হটিতে লাগিল। ইহার ফলে আমি অন্তান্ত সকল হইতে বিচ্ছিন্ন হইয়া খোলা জায়গায় পড়িলাম। ফলে আরও লাঠির আঘাত পড়িতে লাগিল এবং সহসা বিরক্তির সহিত অন্থতন করিলাম, আমাকে কাহারাযেন মাটি হইতে শৃত্যে তুলিয়া পিছন দিক্ষেলইয়া গেল। আমার কয়েকজন যুবক বন্ধু আমার উপর আক্রমণের প্রকোপ অত্যধিক দেখিয়া আমাকে এইভাবে রক্ষা করিবার ব্যবস্থা করিল।

আমাদের মিছিলকারীরা প্রায় একশত ফুট হটিয়া গিয়া পুনরায় শ্রেণীবদ্ধ হইয়া দাঁড়াইল। পুলিশও সরিয়া গিয়া প্রায় পঞ্চাশ ফুট ভদ্ধাতে শ্রেণীবদ্ধ হইয়া দাঁড়াইয়া রহিল। আমরা এই ভাবে মুখোমুখি দাঁড়াইয়া রহিলাম

28

### ष अञ्चलांग (मञ्जू

কিন্তু এই গোলমালের আমূল কারণ বাঁহারা সেই সাইমন কমিশন ষ্টেশন হুইতে প্রায় এক মাইল দ্রে গোপনে অবতরণ করিলেন, কিন্তু তথাপি তাঁহারা কৃষ্ণপতাকাধারীদের হাত হুইতে অব্যাহতি পাইলেন না। কিছুক্ষণ পর আমরা মিছিল সহ কংগ্রেস আফিসে ফিরিয়া গেলাম। সেথান হুইতে ঘে বাহার গন্তব্য স্থানে চলিয়া গেল। আমি পিতার নিকট গেলাম। তিনি উৎক্তিত ভাবে আমাদের প্রতীক্ষা করিতেছিলেন।

উত্তেজনার অবসানে আমি সর্বাঙ্গে বেদনা ও অত্যন্ত ক্লান্তি অমূভব ক্রিলাম। আমার প্রতি অহ বিষাইয়া উঠিল। আমার শরীরের নানা স্থানে থেত্লান আঘাত এবং প্রহারের চিহ্ন। কিন্তু সৌভাগ্যক্রমে আমার কোন মর্মস্থানে আঘাত লাগে নাই। কিন্তু আমার অনেক ত্রাগা সঙ্গী গুরুতর আঘাত পাইয়াছিলেন। আমার পার্ষে দণ্ডায়মান ছয় ফুটের অধিক উচু গোবিন্দ বন্ধত পছই প্রহারকারীদের দৃষ্টি বিশেষভাবে আকর্ষণ করিয়াছিলেন। এবং তিনি এত গুরুতর্ব্ধপে প্রস্তুত হইয়াছিলেন যে, দীর্ঘকাল তিনি মেরুদণ্ড সোজা কিম্বা সাধারণ কাজকর্ম করিতে পারেন নাই। আমার সহ্য করিবার শক্তি এবং নিজের শরীর সম্পর্কে অহন্ধারের জোরে এ যাত্রা বাঁচিয়া গেলাম। কিন্তু প্রহার অপেক্ষাও এ সকল পুলিশের, বিশেষভাবে আক্রমণকারী উচ্চতর কর্মচারীদের অনেকগুলি মুখ আমার ম্বরণে আছে। আদল বেপরোয়া প্রহার চালাইয়াছিল ইউরোপীয়ান সার্জ্জেন্টরা, ভারতীয় কনেষ্টবলেরা অনেকটা মৃত্ভাবে আক্রমণ করিয়াছিল। দেই মৃথগুলিতে দ্বণাব ও রক্তলোলুপতার উন্মত্ততা ফুটিয়া উঠিয়াছিল। লেশমাত্র সহায়ভূতি বা মনুষাবের চিহ্নও ছিল না ৷ সম্ভবতঃ তথন আমাদের মুগগুলি দেখিলেও মুণারই উদ্রেক হইত। কার্যাতঃ যদিও আমরা নিশ্রিষ ছিলাম, তাই বলিয়া আমাদের প্রতিপক্ষের প্রতি আমাদের হৃদয়ে নিশ্চয়ই প্রেমের আবেগ উছলিয়া উঠে নাই কিম্বা আমাদিগকে স্থলরও দেথাইতেছিল না। অথচ चामारमुत প्रतुष्भारतत विकृष्म कान अভियोग नाहे, कान विषय नाहे. কোন ব্যক্তিগত কলহের কারণও নাই। সাময়িকভাবে আমরা যেন এক আশ্চর্যা শক্তি ঘারা অভিভূত হইয়া ইতন্ততঃ বিক্ষিপ্ত হইতে লাগিলাম. আমাদের হৃদয় ও মনকে যেন ইহা স্বলে চাপিয়া ধরিল। এবং আমাদের হুদয়ে বছ বিমিশ্র ভাবের উল্লেক করিয়া ইহা যেন আমাদিশকে তাহার হাতের অন্ধ যন্ত্র করিয়া তুলিল। অন্ধেরই মত আমরা সংঘর্ষে মাতিলাম, কিন্তু কেন এই সংঘর্ষ, আমরা কোথায় চলিয়াছি কিছুই ব্ঝিতে পারিলাম না। ঘটনার উত্তেজনায় আমরা যেন মন্ত্রমুগ্ধ হইলাম, কিন্তু ইহা অবসানের অব্যবহিত পরেই প্রশ্ন জাগিল—ইহার পরিণাম কি ? ইহার পরিণতি কোধায় ?

## ট্রেড্ ইউনিয়ন কংগ্রেস

এই বংসর দেশের রাষ্ট্রীয় ব্যাপারের মধ্যে সাইমন কমিশন বয়কট্ ও সর্বাদল সম্মেলন প্রধানভাবে সকলের দৃষ্টি আকর্ষণ করিল। কিন্তু আমার নিজের কার্য্যপ্রণালী বেশীর ভাগ অক্যাক্ত দিকে নিয়োজিত হইয়াছিল। কংগ্রেসের সাধারণ সম্পাদক হিসাবে আমি কংগ্রেসের প্রতিষ্ঠানগুলি শক্তিশালী ক্রিয়া তুলিতে চেষ্টা করিতে লাগিলাম এবং সামাজিক ও অর্থ নৈতিক পরিবর্ত্তন-গুলির প্রতি দেশবাসীর দৃষ্টি বিশেষভাবে আকর্ষণ করিবার দিকে ঝেঁ।ক দিলাম। সর্বাদল সম্মেলন আমাদের খুব নীচু করিবার জন্ম চেষ্টা করিতেছে দেখিয়া মাদ্রাজের স্বাধীনতা প্রস্তাবটির প্রতি কংগ্রেসপন্থীদের লক্ষ্য যাহাতে স্থির থাকে, দেই উদ্দেশ্যও আমার ছিল। এই সকল কারণে নানা স্থানে ভ্রমণ করিয়া আমি অনেক বিশিষ্ট সভায় বকুতা দারা প্রচারকার্য্য করিতে ১৯২৮ সালে আমি পাঞ্চাব, মালাবার, দিল্লী ও যুক্ত প্রদেশের চারিটি প্রানেশিক সম্মেলনে সভাপতিত্ব ক।রয়াছি। এই বংসর বাঙ্গলার যুবক সম্মেলনে এবং বোদাই-এর ছাত্রসম্মেলনে আমাকে সভাপতিত্ব করিতে इडेग्नाट्य। मात्य मात्य पुक अर्पारगत भन्नी अक्टल এवः कर्मािट कात्रथानात শ্রমিকদের নিকটও আমাকে বক্তৃতা করিতে হইয়াছে। বকুতার বিষয়বস্ত একই ছিল, কেবল স্থানীয় অবস্থা এবং শ্রোতাদের লক্ষা করিয়া বলিবার ভঙ্গী পরিবর্ত্তন করিয়া লইতাম। সর্ব্বত্রই আমি রাজনৈতিক স্বাধীনতার সহিত সামাজিক স্বাধীনতার কথাও বলিতাম এবং এই শেষোক্ত উদ্দেশ্য দিদ্ধির জন্মই রাজনৈতিক স্বাধীনতার প্রয়োজন, ইহা বলিতাম। সমাজতান্ত্রিক মতবাদ প্রচার করাই আমার উদ্দেশ্য ছিল। অত্যস্ত महीर्ग অর্থে হইলেও যাহাদের অধিকাংশ জাতীয় আন্দোলনের মেক্লণ্ড, সেই সকল কংগ্রেসকর্মী ও শিক্ষিত জনগণের মধ্যে উহা প্রচারে আমি অধিকতর আগ্রহ দেখাইতাম। আমাদের জাতীয়তাবাদীরা বক্ততা-কালে অতীত মহিমা কীর্ত্তন করিতেন, বিদেশী শাসনে আমাদের আধ্যান্ত্রিক ও আর্থিক ক্ষতির কথা বলিতেন, জনসাধারণের চু:খচুর্দ্দশার কথা বলিতেন, चामारमत উপর পরশাসনের অপমানের কথা ব্যাইতেন, জাতীয় মর্ব্যাদা উদ্ধারের জন্ম আমাদের স্বাধীনতা আবশুক এবং ইহার জন্ম দেশমাত্তকার

### च अर्जनाम जिस्क

বেদীমূলে আছোৎসর্গ করিতে হইবে, এই শ্রেণীর কথা বলিতেন। এই সকল পরিচিত কথায় প্রত্যেক ভারতবাসীর হৃদয় উদ্বেলিত হইত। এবং একজন জাতীয়তাবাদী হিসাবে এই সকল কথায় আমার চিত্তেও আবেক উপস্থিত হইত। (কিন্তু আমি কথনও প্রাচীন ভারত অথবা অশু কোন প্রাচীনের অন্ধ অন্থরাগী ছিলাম না) কিন্তু ইহার মধ্যে যদিও কিছু সতা ছিল কিন্তু পুন: পুন: ঐ একই কথার পুনরাবৃত্তি করিতে করিতে উহা কিয়ৎপরিমাণে জীর্ণ হইয়া পড়িতেছিল। এবং সকলের মূথে একই রূপ কথার প্রতিধ্বনির ফলে আমাদের সংঘর্ষের মর্শ্রকথা ও অন্থান্ত সমস্থা আলোচনা করিবার স্থ্যোগ ইইত না। ইহাতে কেবল ভাবাবেগ উথলিয়া উঠিত, চিন্তা জাগ্রত হইত না।

ভারতে সমাজতন্ত্রবাদের প্রথম প্রচারক আমি নহি, বস্তুতঃ আমি অনেকের পশ্চতে ছিলাম এবং অতিকষ্টে এক এক পদবিক্ষেপে অগ্রসর হইতেছিলাম। তথন অক্যান্ত সকলে জলস্ত উল্লাপিণ্ডের ন্যায় ক্রত গতিতে অগ্রসর হইতেছিলেন। শ্রমিকদের ট্রেড্ ইউনিয়ন আন্দোলন এবং যুবক সমিতিগুলির অধিকাংশই মতবাদের দিক দিয়া নিশ্চিতই সমাজতান্ত্রিক। আমি যথন ১৯২৭-এর ডিসেম্বরে ভারতে প্রত্যাবর্ত্তন করি তথন চারিদিকে এক প্রকার অস্পষ্ট সমাজতন্ত্রবাদের কথা হাওয়ায় ভাসিতেছে। এবং তাহার পূর্বে অনেকে ব্যক্তিগতভাবে সমাজতান্ত্রিক ছিলেন। অধিকাংশ যদিও কল্পনারাজ্যে বিহার করিতেন তথাপি তাহারা ক্রমশঃ মার্কস্ মতবাদের দারা প্রভাবান্থিত হইতেছিলেন। মৃষ্টিমেয় ব্যক্তি নিজেদের পুরাপুরি মার্কস্-পন্থী মনে করিতেন। সোভিয়েট ইউনিয়নের উন্পতি এবং বিশেষভাবে পঞ্চবার্ষিক পরিকল্পনার ফলে ইউরোপ আমেরিকার মতই ভারতেও এই ভাব শিকড় গাড়িতেছিল।

সমাজতন্ত্রী কর্মীরূপে আমার কিছু থ্যাতি রটিয়াছিল, তাহার কারণ গোমি একজন বিশিষ্ট কংগ্রেস কর্মী এবং কংগ্রেসের দায়িত্বপূর্ণ পদে অধিষ্ঠিত ছিলাম। আরও অনেক খ্যাতনামা কংগ্রেসকর্মীও আমার মতই চিস্তা করিতেছিলেন। যুক্ত প্রাদেশিক কংগ্রেস কমিটিতে ইহা বিশেষভাবে দেখা পিয়াছিল, এমন কি, আমর: ১৯২৬ সালেই একটি মোলায়েম সমাজতান্ত্রিক কার্য্যপদ্ধতি প্রণয়ন করিয়াছিলাম। জমিদার ও তালুকদার অধ্যুষিত প্রদেশে ভূমির প্রশ্নই প্রধান। আমরা ঘোষণা করিলাম, ভূমি-সংক্রাম্ত বর্ত্তমান ব্যবস্থা রহিত করিতে হইবে এবং কৃষক ও রাষ্ট্রের মধ্যে কোন মধ্যস্বরভোগী থাকিবে না। অত্যন্ত সাবধানতার সহিত এ সকল কথা আমাদের বলিতে হইত, কেন না, তথনও লোকে এই শ্রেণীর কথা ভানিতে অভ্যন্ত হইয়া উঠে নাই।

# क्षेत्र रेडिनियम करद्वान

১৯২৯ সালে যুক্ত প্রাদেশিক কংগ্রেশ কমিটি আরও কিছু ব্রুক্তর হিয়া এক সমাজতান্ত্রিক আদর্শে বিচিত প্রভাব নিঃ তাঃ রাষ্ট্রীয় সমিতিতে উপস্থিত করিল। গ্রীমকালে উহার বোগাই অধিবেশনে গুক্ত প্রেলের প্রভাবটির ভূমিকাটুকু গৃহী ও হওয়ায় সমাজতন্ত্রবাদের মূলনীতি সীকৃত হইল, তবে যুক্ত প্রদেশ-নিদিষ্ট কার্যাপদ্ধতি এহণ করা সম্প্রিত প্রভাব পরবর্ত্তী কালের জন্ম স্থাতি রাগা হইল। অনেকে নিঃ ভাঃ রাষ্ট্রীয় সমিতি ও যুক্ত প্রাদেশিক কংগ্রেদ কমিটির এই প্রভাবের কথা ভূলিয়া গিয়া মনে করেন, সমাজতন্ত্রবাদ তুই-এক বংসর হইল কংগ্রেদে আলোচিত হইতেছে। অবশ্য নিঃ ভাঃ রাষ্ট্রীয় সমিতি বিশেষ বিবেচনা না করিয়াই ঐ প্রভাব গ্রহণ করিয়াছিলেন এবং সম্ভবতঃ সদস্যগণ কি করিলেন, তাহা ব্রিতেই পারেন নাই।

'ইণ্ডিপেনডেণ্ট লীগ'-এর যুক্ত প্রাদেশিক শাখা (এই প্রদেশের প্রধান কংগ্রেদ কম্মীদের লইয়াই গঠিত) দর্বতোভাবে দমাজতান্ত্রিক ছিল; বিভিন্ন মতাবলম্বী গঠিত কংগ্রেস কমিটি অপেক্ষা মতবাদের দিক দিয়া ইহা অনেক বেশী অগ্রগামী ছিল। 'ইণ্ডিপেন্ডেণ্ট লীগের' অন্তম লক্ষ্য ছিল সামাজিক স্বাধীনতা। আমরা এই লীগকে সমস্ত ভারতে এক শক্তি-শালী প্রতিষ্ঠানে পরিণত করিয়া স্বাধীনতা ও সমাজতন্ত্রবাদের অহুকুলে প্রচারকার্য্য করার সঙ্কল্প করিয়াছিলাম। কিন্তু ছর্ভাগ্যক্রমে লীপের कांगात्कज युक्त अरमानत वाहिरत विरमय विङ्ठिनां कतिन ना। पार्य সমর্থনের অভাব ইহার কারণ নহে। আমাদের অধিকাংশ সদস্তই কংগ্রেদেরও বিশিষ্ট কর্মী ছিলেন এবং কংগ্রেস মতবাদের দিক দিয়া স্বাধীনতা প্রস্তাব গ্রহণ করায় তাঁহারা কংগ্রেস প্রতিষ্ঠানের মধ্য দিয়াই দর্বদা কাজ করিতেন। আর একটি কারণ এই যে, লীগের প্রাথমিক স্থাপয়িতাদের মধ্যে অনেকে পরে প্রতিষ্ঠানের পরিপুষ্টি ও বিকাশের দিকে ততটা মনোযোগ দিলেন না। তাঁহারা ইহাকে কংগ্রেসের কাধ্যকরী সমিতির উপর চাপ দিবার এবং কায়্যকরী সমিতির নির্বাচনের উপর প্রভাব বিষ্ণার করিবার অন্ত হিসাবে দেখিতে লাগিলেন। এই সকল কারণে লীগ শিথিল হইয়া পড়িল এবং ক্রমে কংগ্রেস প্রবল ও সংগ্রামশীল হইয়া উঠায় অধিকাংশ অগ্রগামী কর্মীই ঐ দিকে ঝুঁকিলেন, ফলে লীগ তুর্বল হইয়া পড়িল। ১৯৩০-এ নিরুপদ্রব প্রতিরোধ আন্দোলনের সঙ্গে সঙ্গে শীগ কংগ্রেসের মধ্যে আত্মসমর্পণ করিয়া বিলুপ্ত হইল।

১৯২৮-এর শেষার্দ্ধে এবং ১৯২৯-এ আমি গ্রেফ্তার হইব, এই **গুরুব পুনঃ** পুন: উঠিয়াছিল। সংবাদপত্তেও এই আশঙ্কা ব্যক্ত হইত এবং বন্ধু-বাদ্ধবদের

#### জওহরলাল নেহরু

নিকট হইতেও এ বিষয়ে সাবধানবাণী-সমন্বিত অনেক পত্র পাইতাম। আমার গ্রেফ্তার যে আসন্ন, অনেকে নিশ্চিত রূপে সন্ধান পাইয়াই তাহা আমাকে জানাইতেন। এই সকল লেখার প্রভাবে আমার মনেও এক অনিশ্চিত ভাবের উদয় হইল এবং আমিও প্রস্তুত হইয়াই থাকিতাম। জেলে যাওয়াটা জীবনের একটা স্থায়ী ব্যাপার নহে; ইহা ভাবিয়া ভবিষাতের জন্ম আমি বিশেষ চিন্তা করিতাম না। এই অনিশ্চিত অবস্থার মধ্যে আক্ষিক পরিবর্ত্তন এবং জেলে যাওয়া অনেক ভাল। মোটের উপর আমি নিজেকে পূর্বে হইতে প্রস্তুত রাখিবার যথেষ্ট সময় পাইয়াছিলাম, (আমার পরিবারবর্গও ইহার জন্ম প্রস্তুত ছিলেন) এবং আহ্বান আসিলে আমি উহা সহজেই গ্রহণ করিতে পারিব। কাজেই এই শ্রেণীর গুজবে আমার লাভই হইল, ইহার ফলে প্রত্যেকটি দিন এক প্রকার উত্তেজনার মধ্যে কাটিত; একটি দিনের স্বাধীনতাও কত মূল্যবান, যেন একটি দিন লাভ হইল। কিন্তু কার্য্যতঃ ১৯২৮ এবং ১৯২৯ অতিক্রম করিয়া ১৯৩০-এর এপ্রিল মাসে আমি গ্রেফ্তার হইয়াছিলাম। ইহার পর হইতে কারার বাহিরে আমার **कौ**वत्नत्र कान वास्त्रव मला हिल ना ; अज्ञिनित्नत्र क्रम्म वाहित्त आंत्रियां अ নিজের গৃহে অপরিচিত অতিথির মত কাটাইয়াছি, লক্ষ্যহীনভাবে ভ্রমণ क्रियाहि। कान कि इटेरव जानिजाम ना এवः मर्खपाटे कांबागारवर আহ্বানের জন্ম উৎকর্ণ হইয়া থাকিতাম।

১৯২৮-এর শেষভাগে কলিকাতায় কংগ্রেসের অধিবেশন আদল্ল হইল।
নির্মাচিত সভাপতি ছিলেন আমার পিতা। তিনি সর্বদল সম্পেলন এবং
তাহার রিপোর্ট লইয়া অত্যন্ত ব্যস্ত এবং উহা কংগ্রেসে পাশ করাইয়া
লইবার জন্ম উদ্গ্রীব। তিনি জানিতেন মে, উহাতে আমার সম্পতি নাই,
কারণ স্বাধীনতা সম্পর্কে কোন আপোষ রফা আমার পক্ষে অসম্ভব;
ইহাতে তিনি বিরক্ত হইয়াছিলেন। আমরা এই বিষয়ে বড় একটা তর্ক
করিতাম না, কিন্তু উভয়ের মানসিক সংঘর্ষ উভয়েই অন্তভ্রব করিতাম, তৃই
পৃথক পথে প্রস্থানের আবেগ অন্তভ্রব করিতাম। মতভেদ ইহার পূর্ব্বেও
বহু বার ঘটিয়াছে এবং গুরুতর মতভেদ হেতু আমরা তৃই পৃথক রাজনৈতিক
দলে যোগ দিয়াছি, কিন্তু ইহার পূর্বে কিন্তা পরবর্ত্তীকালে এত অধিক
মন ক্যাক্ষি ক্থনও হয় নাই। ইহাতে আমরা উভয়েই অত্যন্ত অন্থবী
হইয়াছিলাম। কলিকাতায় আনিয়া অবস্থা এমন দাড়াইল য়ে, পিতা জানাইয়া
দিলেন, কংগ্রেসে যদি তাঁহার মতায়বায়ী কার্য্য না হয়,—অর্থাং সর্বাদলসম্মেলনের রিপোর্টের উপরু রচিত প্রস্তাব যদি অধিকাংশের ভোটে গৃহীত
না হয়, তাহা হইলে তিনি কংগ্রেসের সভাপতিত্ব করিবেন না। তাঁহার

## ब्रिंड रेडेनियम करवान

পক্ষে ইহা সম্পূর্ণ যুক্তিসঙ্গত ও নিয়মতান্ত্রিক পথ। তাঁহার প্রতিপক্ষ এতথানির জন্ম প্রস্তুত ছিলেন না বলিয়া হতবৃদ্ধি হইলেন। কংগ্রেস ও অন্তত্র ইছা প্রায়ই দেখিতে পাওয়া যায় যে, সমালোচনা করিব, নিন্দা করিব व्यथिक माथिक श्राहरणत (तमा भिकाहेश गृहित। मत्मत मत्भा व्याना थात्क त्य সমালোচনার ফলে প্রতিপক্ষ আমাদের স্থবিধান্তনকভাবে পথ পরিবর্ত্তন করিয়া লইবে, আমাদের হাতে হাল ছাড়িয়া দিবে না। ভারত গভ-থিমণ্টের ব্যবস্থার মত, বেথানে আমাদের হাতে কোন দায়িত্ব দেওয়া হয় নাই, শাসন পরিষদ যেখানে অনপদর্শায় ও স্বৈরাচারী এবং যেখানে কেবলমাত্র সমালোচনার পথ খোলা, (অবশ্য কাষ্যের কথা স্বতন্ত্র) দেখানে সমালোচনা নেতিবাচক হইতে বাধা। কিন্তু ইহা সত্ত্বেও যদি নেতিবাচক সমালোচনাকেও কার্যাকবী করিতে হয়, তাহা হইলেও মনের দিক দিয়া নিজেকে এমন করিয়া প্রস্তুত রাখিতে হইবে যে, স্থযোগ উপস্থিত হইলেই গভর্ণমেন্টের সকল বিভাগেব— শাসন ও সামরিক, আভাস্থরীণ ও আন্তর্জাতিক—দায়িত্ব ও নিয়ন্ত্রণ ক্ষমতা গ্রহণ করিতে কোন দিধা থাকিবে না। কিন্তু আংশিক নিয়ন্ত্রণের আকাজ্ঞা, ( যেমন আমাদের মভারেটগণ সমর-বিজ্ঞান সম্বন্ধে বলিয়া থাকেন) নিজেদের অক্ষমতা স্বীকারেরই নামান্তর এবং তাহাতে সমালোচনার কোন জোর থাকে না।

সমালোচনা ও নিন্দা অথচ তাহার স্বাভাবিক পরিণামের দায়িও গ্রহণের বেলায় পিছাইয়া পড়া গান্ধিজীর সমালোচকদের মধ্যেও দেখা গিয়াছে। কংগ্রেসের মধ্যে একদল লোক আছেন যাহারা তাঁহার কার্য্যপ্রণালী পছন্দ করেন না এবং উহ। তীব্রভাবে সমালোচনা করিয়া থাকেন, তাঁহারাও গান্ধিজীকে কংগ্রেস হইতে তাড়াইয়া দিতে প্রস্তুত নহেন। এই মনোভাব খুব ফুর্কোধ্য নহে; কিন্তু ইহা কোন পক্ষের প্রতিই স্থ্বিচার নহে।

কলিকাতা কংগ্রেসেও এই প্রকারের বিদ্ধ উপস্থিত হইল। উভয় পক্ষে কথাবার্ত্তা হইয়া একটা আপোষ-প্রস্তাব খাড়া করা হইল বটে, কিন্তু তাহাও ভাঙ্গ্নিয়া গেল। সমস্ত ব্যাপারটাই বিশৃঙ্ধল হইয়া উঠিল—কোন দিকেই কিছু ব্যা গেল না। অবশেষে কংগ্রেসের মূল প্রস্তাব এইভাবে রচনা করা হইল যে, কংগ্রেস সর্বাল সম্মেলনের প্রস্তাব গ্রহণ করিয়া ব্রিটিশ গভর্ণমেন্টকে জানাইয়া দিবেন যে, এক বংসরের মধ্যে ঐ শাসনতম্ন গৃহীত না হইলে কংগ্রেস পুনরায় স্বাধীনতা আন্দোলন আরম্ভ করিবে। ইহা এক বংসরের সময় দিয়া এক সৌজ্ঞপূর্ণ চরমপত্রের মত। সর্বাদল সম্মেলনের রিপোর্টে পূর্ণ ঔপনিবেশিক স্বায়ন্তশাসনও চাওয়া হয় নাই, অতএব এই প্রস্তাবে কংগ্রেসকে যে স্বাধীনতার আদর্শ হইতে অনেকথানি নামিয়া আসিতে হইল তাহাতে সন্দেহ নাই।

### অওহরলাল নেহরু

ভথাপি এই প্রস্তাব দ্রদ্শিতার পরিচায়ক, কেন না, ইহার ফলে সকলেরই অবাহ্ণনীয় ভেদ নিবারিত হইল এবং ঐক্যবদ্ধ কংগ্রেস ১৯৩০-এর সংগ্রামের জন্ম প্রস্তুত হইতে লাগিল। ব্রিটিশ গভর্ণমেন্ট যে এক বংসরের মধ্যে সর্ব্বৃদ্ধল সম্মেলনের প্রস্তাব গ্রহণ করিবেন না, ইহা স্পষ্টই বুঝা গেল। সংঘর্ষ অনিবার্য্য হইয়া উঠিল এবং দেশের যেরূপ অবস্থা তাহাতে বুঝা গেল, মহাত্মা গান্ধীর নেতৃত্ব ব্যতীত ইহা কৃতকার্য্য হইবে না।

আমি কংগ্রেসের প্রকাশ্য অধিবেশনে ঐ প্রস্তাবের প্রতিবাদ করিলাম; আমার প্রতিবাদ অবশ্য দিধা সঙ্কৃচিত হইয়ছিল। তথাপি আমি পুনরায় সাধারণ সম্পাদক নির্বাচিত হইলাম। যাহাই ঘটুক না কেন, সম্পাদকের পদে আমি পাকেচক্রে আঠার মত লাগিয়া থাকি। কংগ্রেসী মহলে আমি মেন বিখ্যাত 'ভিকার অফ্রে'র ভূমিকা অভিনয় করিতেছি। যে কোন সভাপতিই কংগ্রেসের সিংহাসনে উপবেশন করুন না কেন, আমাকে ঠিক সম্পাদকের পদে বিদিয়া প্রতিষ্ঠান চালাইবার কার্যাভার গ্রহণ করিতেই হইবে।

কলিকাতায় কংগ্রেসের অধিবেশনের কয়েকদিন পূর্ব্বে, ঝরিয়ায় (কয়লা খনি অঞ্চলে ) নিঃ ভাঃ ট্রেড ইউনিয়ন কংগ্রেদের অধিবেশন হয়। প্রথম তুই দিন আমি ইহার অধিবেশনে যোগদান করিয়া কলিকাতা চলিয়া যাই, ইহাই আমার প্রথম ট্রেড্ ইউনিয়ন কংগ্রেসে যোগদান। যদিও আমি क्रयकरानत मर्था मीर्घकान এवः किছूकान अभिकरानत मर्था काञ्ज कतिया कियः পরিমাণে জনপ্রিয়তা লাভ করিয়াছিলাম, তথাপি আমি টেড ইউনিয়ন चात्मानत्तत वाहित्तके छिनाम। चामि त्मिनाम, विश्वविकत्मत সংস্কারকদের পুরাতন বিবাদ একই রূপ রহিয়াছে। কোন আন্তর্জাতিক প্রতিষ্ঠানের সহিত যুক্ত হওয়া, সাম্রাজ্যবাদ-বিরোধী সভ্য, প্যান প্যাসিফিক ইউনিয়ন এবং জেনেভার আন্তর্জাতিক শ্রমিক সম্মেলনে প্রতিনিধি প্রেরণ— এইগুলিই মতভেদের মুগা বিষয় ছিল। ইহা ছাড়াও কংগ্রেসের উভয় দলের মলনীতি সম্পর্কে দষ্টি-ভঙ্গীর যথেষ্ট পার্থকা ছিল। পুরাতন ট্রেড ইউনিয়ন পন্থীরা রাজনীতি ক্ষেত্রে মড়ারেট, এবং তাঁহারা শ্রমিক আন্দোলনের মধ্যে রাজনৈতিক উদ্দেশ্যের যোগাযোগ স্থাপনে সন্দিগটিত। তাঁহারা অতি-সাবধানে শ্রমিকস্থলভ উপায়ে শ্রমিকদের অবস্থার উন্নতিসাধনে বিশাসী। এই দলের নেতা এন, এম, যোশী, ইনি অনেকবার জেনেভায় শ্রমিক সম্মেলনে গিয়াছেন। অন্ত দল অধিকতর সংগ্রামশীল, রাজনৈতিক কার্য্যে বিশাসী এবং প্রকাশভাবে বৈপ্লবিক মতবাদ প্রচার করিয়া থাকেন। ইহাদের উপর ক্যানিষ্ট অথবা ক্যানিষ্টভাবাপন্ন ব্যক্তিদের কর্তৃত্ব না থাকিলেও ইহারা বছল পরিমাণে উহাদের দারা প্রভাবাদিত। বোদাই-এর কাপডের কলের

### টেড ইউনিয়ন কংগ্রেস

শ্রমিকদল ইহাদের হাতে ছিল এবং ইহাদের নেতৃত্বে চালিত বোষাই-এ কাপড়ের কলে ধর্মঘট আংশিক সাফলা লাভ করিয়াছিল। গিরনী কামগার ইউনিয়ন নামক এক নৃতন শক্তিশালী শ্রমিকসঙ্ঘ বোষাই-এর শ্রমিক মহলে প্রাধান্ত লাভ করিয়াছিল। জি, আই, পি রেলওয়ে ইউনিয়নের উপরও এই অগ্রগামী দলের যথেষ্ট প্রভাব ছিল।

স্চনা হইতেই ট্রেড ইউনিয়ন কংগেদের কার্যাকরী সমিতি এবং আফিস, এন, এম, যোশী ও তাঁহার ঘনিষ্ঠ সহক্ষীদ্ধের দারা নিয়ন্ত্রিত হইত এবং যোশীই এই আন্দোলনের স্রষ্টা। অগুগামী দল শ্রমিক মহলে শক্তিশালী হইলেও, উপর হইতে নিয়ন্ত্রিত কার্যাপ্রণালীর উপর তাহাদের কোন প্রভাব ছিল না। এই অসম্ভোষজনক অবস্থা, শ্রমিকদের মনোভাব ও উদ্দেশ্য বাক্ত করিবার প্রতিকুল। ইহার ফলে অসম্ভোষ ও কলহ লাগিয়াই থাকিত। এবং অগ্রগামীদল ট্রেড ইউনিয়ন কংগ্রেসের ক্ষমতা হস্তগত করিতে চেষ্টা করিতেন। অক্ত দিকে ইহা লইয়া বেশী বাড়াবাড়ি করিতে গেলে ছুই দলে বিভক্ত হইয়া পডিবার আশ্বাও ছিল। ভারতে শ্রমিক আন্দোলন তগনও যৌবনে পদার্পণ করে নাই: ইহার অনেক দৌর্বল্য ছিল এবং অ-শ্রমিক নেতারাই ইছা পরিচালন করিতেন। এই অবস্থায় বাহিরের লোকেরা শ্রমিক আন্দোলনের স্বযোগে স্বার্থসিদ্ধির চেষ্টা করিবে ইহা স্বাভাবিক এবং ভারতে শ্রমিক কংগ্রেস ও ইউনিয়নে তাহাই দেখা ঘাইত। এন, এম, যোশী অবভা দীৰ্ঘকাল শ্ৰমিক আন্দোলনে লিপ্ত থাকিয়া স্বীয় যোগ্যতা ও কুশনতা প্ৰমাণ করিয়াছেন, এমন কি ধাঁহারা তাঁহাকে রাজনীতিক্ষেত্রে অন্প্রদর ও মডারেট বলিয়া মনে করেন, তাঁহারাও ভারতীয় শ্রমিক আন্দোলনে তাঁহার সেবার মহত্ত স্বীকার করেন। অক্যান্ত কয়েকজন মডারেট ও অগ্রগামী ব্যক্তির मचरम ७ डेश वना याहेर् भारत।

ঝরিয়াতে আমার সহাকুভূতি অগ্রগামীদলের সহিতই ছিল, কিন্তু আমি নবাগত এবং ইহাদের গৃহদ্বন্ধের মধ্যে প্রবেশের আমার বিন্দুমাত্র ইচ্ছা ছিল না বলিয়া আমি নিরপেক্ষ রহিলাম। আমার ঝরিয়া তাাগের পর টি, উ, সি'র নৃতন নির্বাচন হইয়াছিল। আমি কলিকাতায় আসিয়া শুনিলাম, আমাকে আগামী বর্ষের জন্ম সভাপতি নির্বাচিত করা হইয়াছে। মডারেট দল হইতেই আমার নাম প্রস্তাব করা হইয়াছিল, সম্ভবতঃ তাঁহারা মনে করিয়াছিলেন, অগ্রগামী দলের প্রস্তাবিত অন্ততম প্রার্থী যিনি একজন থাঁটি শ্রমিক (রেলক্ষ্মী,) তাঁহাকে পরাজিত করিছে হইলে আমার নাম কাজেলাগিবে। যদি আমি সেদিন ঝরিয়ায় উপস্থিত থাকিতাম, তাহা হইলে নিশ্রম্বই শ্রমিক প্রার্থীর অমুকুলে স্বীয় নাম প্রত্যাহার করিতাম।

### ज्ञा अर्जनांग (नर्ज

একজন অ-শ্রমিক ও নবাগতকে সহসা একেবারে সভাপতির পদে বরণ করা আমার নিকট অত্যস্ত অশোভনীয় বলিয়া মনে হইয়াছিল। ভারতে শ্রমিক আন্দোলনের শৈশব ও দৌর্কল্যের ইহাও একটি প্রমাণ।

১৯২৮-এ মে বৃত্ত শ্রমিক-চাঞ্চল্য ও ধর্মঘট ইইয়াছিল, ১৯২৯-এও তাহার জের চলিয়াছে। হতদন্তি অথচ সংগ্রামশীল বোষাই-এর কাপড়ের কলের শ্রমিকেরাই ধর্মঘটে অগ্রণী হইয়াছিল। বাঙ্গলার পাটকলগুলিতেও ব্যাপক ধর্মঘট হইয়াছিল। জামসেদপুরের লোহার কারখানার, সম্ভবতঃ রেলেও ধর্মঘট চলিতেছিল। জামসেদপুরের টিন-প্লেট ওয়ার্কসে কয়েকমাস ধরিয়া দীর্যকালস্থায়ী ধর্মঘট সাহসের সহিত পরিচালিত হইতেছিল। জনসাধারণের সহাত্মভৃতি সরেও শক্তিশালী মালিক কোম্পানী (বর্মা অয়েল কোম্পানীর সহিত সংশ্লিষ্ট) শ্রমিকদিগকে দলিত ও ছত্রভঙ্গ করিয়া দিয়াছিল।

তুই বংসর ধরিয়া শ্রমিকদের মধ্যে অশান্তি চলিল এবং তাহার ফলে তাহাদের অবস্থা আরও থারাপ হইল। মহাযুদ্ধের পর ভারতবর্ষে কল-কারথানার প্রভৃত প্রসার ও উন্নতি হইয়ছিল এবং প্রচুর লাভ হইয়ছিল। পাঁচ-ছয় বংসর ধরিয়া পাটের কল ও কাপড়ের কলে শতকরা ১০০০টাকা হইতে ১৫০০টাকা পর্যান্ত লাভ হইয়াছে। এই অসম্ভব হারে লাভের অন্ধের সবটাই মালিক অথবা অংশীলারদের পকেটে গিয়াছে, অথচ শ্রমিকদের অবস্থা পূর্ববংই ছিল। বেতনের হার যেমন কিঞ্চিৎ বাড়িয়াছিল, তেমনই আবার স্রব্যান্ত্যান্ত বাড়িয়াছিল। যথন এই ভাবে ছ হু করিয়া লক্ষ্ণ লক্ষ্ণ টাকা উপার্জিত হইতেছিল, তথন দরিদ্র শ্রমিকেরা জরাজীর্ণ কুটীরে বাস করিতেছিল, নারীদের লজ্জানিবারণের উপযোগা বন্ত্রও ছিল না। বোম্বাই শ্রমিকদের অপেক্ষাও কলিকাতার প্রাসাদমাল। হইতে অনতিদূরবর্ত্তী পাটকলের শ্রমিকদের অবস্থা অধিকতর শোচনীয় ছিল। অর্জনমা শ্রীহীনা নারীয়া উদরান্ত্রের তাড়নায় উদয়ান্ত শ্রম করিত, এবং তাহাদের শ্রমে ডাঙিও প্রাসগো এবং কিয়দংশে ভারতীয় পকেটে ঐশ্বর্যার স্রোতধারা অবিরাম প্রবাহিত থাকিত।

স্থানি কলকারথানা উত্তমরূপে চলিলেও শ্রমিকদের অবস্থা পূর্ববংই ছিল এবং তাহারা বিশেষ লাভবান হয় নাই। কিন্তু স্থানিকে অবসানে, যথন মোটা হারে লাভ করা কঠিন হুইয়া উঠিল, তথন সমস্ত ভার গিয়া পড়িল শ্রমিকদের উপর। পুরাতন লাভের কথা সকলে ভূলিয়া গেল, কেন না, তাহা থরচ হুইয়া গিয়াছে। প্রচুর লাভ না হুইলে কলকারথানা চলিবে কিরূপে? অতএব কারথানার শ্রমিক মহলে অসন্তোষ ও আশান্তি দেখা দিল, বোশ্বাই-এর ব্যাপক ধর্মহেট দেখিয়া গৃভর্ণমেন্ট ও মালিকগণ

## क्षेष इंडेनियन करद्यान

শিক্ষিত হইলেন। সক্ষ ও মতনাদের দিক দিয়া শ্রমিক আন্দোলন, শ্রেণীস্বার্থসচেতন সংগ্রামশীল ও ভংগর হইয়া উঠিল। রাজনৈতিক আন্দোলনও
ক্ষত বিস্তারলাভ করিতেছিল, যদিও উভয় আন্দোলনই পাশাপাশি
চলিতেছিল, তথাপি একের সহিত অপরেয় সম্পর্ক ছিল না। গভর্গনেন্ট
ইহার ভবিয়াং ভাবিয়া কিঞিং উংক্ষিত হইয়া উঠিলেন।

১৯২৯-এর মার্চ্চ মানে গ্রথমেণ্ট অন্নগামী দলের ক্ষেকজন বিশিষ্ট কর্মীকে গ্রেপ্তার করিয়া সভ্যবদ্ধ শ্রমিক আন্দোলনকে সহসা আঘাত করিলেন। বোষাই শিরণী কামগার ইউনিয়নের নেতারা এবং বাজলা, যুক্ত প্রদেশ ও পাঞ্জাবের শ্রমিক নেতারা গ্রেফ্ তার হইলেন। ইহাদের মধ্যে কেহ ক্যানিষ্ট, কেহ বা ক্যানিষ্টভাবাপন্ন এবং অক্যান্ত অনেক সাধারণ ট্রেড ইউনিয়নিষ্ট ছিলেন। ইহাই বিখ্যাত মীরাট ষড়যন্ত্র মামলার ফ্চনা। এই মামলা সাড়ে চারি বংসর ধরিয়া চলিয়াছিল।

মীরাটের আসামীদিগকে আদালতে সমর্থন করিবার জন্য একটি কমিটি গঠিত হইল। আমার পিতা ঐ সমিতির সভাপতি এবং ডাঃ আনসারী, আমি ও অন্যান্ত অনেকে সভ্য হইলান। আমাদের কাজ অত্যন্ত কঠিন হইল। টাকা সংগ্রহ করা সহজ হইল না, কেন না, বুঝা গেল—খনী ব্যক্তিরা কম্নিটি, সোম্যালিট এবং শ্রমিক আন্দোলনকারীদের প্রতি বিশেষ সহায়ভ্তিসম্পন্ন নহেন। আইনজীবীরা উপাধ্যান-ক্ষিত্ত পুরাপুরি এক পাউও নরমাংস না পাইলে কাজ করিবেন না বলিয়া কব্ল জ্বাব দিলেন। আমাদের কমিটিতে আমার পিতা এবং অন্যান্ত বিধ্যাত আইনজ্ঞ ছিলেন। প্রামর্শ এবং অন্যান্ত নির্দেশের জন্য তাঁহারা সর্বাদা প্রস্তুত ছিলেন। ইহাতে আমাদের এক প্রসাও ব্যয় হইত না। কিন্তু মাদের পর মাস মীরাটে বিসিয়া কাজ করা তাঁহাদের পক্ষে সম্ভবপর ছিল না। অন্যান্ত যে সকল আইনজীবীর নিকট আমরা উপস্থিত হইলাম, তাঁহারা এই মামলাকে ষতটা সন্তব অর্থ উপার্জনের যন্ত্র স্বন্ধপ দেখিতে লাগিলেন।

মীরাট মামলা ছাড়াও আমি এম, এন, রায়ের মামলা ও অস্তান্ত কয়েকটি
মামলার তদ্বির সমিতির সদস্য ছিলাম। সর্ব্বেকই আমি আমার সমব্যবসায়ীদের
লোভ দেখিয়া বিশ্মিত হইয়াছি। ১৯১৯-এ পাঞ্জাব সামরিক আইন সংক্রান্ত
ব্যাপারে আমি প্রথম আমন্ত্রিত হই। একজন বিখ্যাত নেতৃস্থানীয়
আইনজীবী তাঁহার প্রা ফী, অর্থাৎ প্রভৃত অর্থ দাবী করিয়াছিলেন। সামরিক
আইনের হতভাগ্য আসামীদের মধ্যে একজন তাঁহার সমব্যবসায়ীও ছিলেন
এবং অক্তান্ত অনেককে ধার করিয়া, সম্পত্তি বিক্রয় করিয়া তাঁহাকে
মন্ত্রী দিতে হইয়াছিল। আমার সর্বশেষ অভিক্রতা অধিকতর বেদনাবহ।

### অওহরলাল নেহর

আমরা দরিক্রতম শ্রমিকদের নিকট পয়সায় আধলায় যে অর্থ সংগ্রহ করিতাম তাহা মোটা অঙ্কের চেক লিথিয়া আইনজীবীদের দিতে হইত। ইহা অত্যস্থ বিশ্বয়কর। অথচ এ সমস্ত আয়োজনই নিফল। কি রাজনৈতিক কি শ্রমিক-ঘটিত মামলায় আমরা যতই আত্মপক্ষ সমর্থন করি না কেন ফল প্রায় সমানই হয়। মীরাট মামলার মত ব্যাপারে নানা কারণে আত্মপক্ষ সমর্থন অনিবার্যারূপে আবশ্যক হইয়াছিল।

মীরাট মামলা তদ্বির সমিতি আসামীদিগকে লইয়। অত্যন্ত বিব্রত হুইয়'ছিলেন। তাঁহাদের মধ্যে বিভিন্ন শ্রেণীর লোক ছিলেন এবং এক এক জনের পক্ষ সমর্থন-প্রণালী এক এক প্রকার এবং তাঁহাদের মধ্যেও কোনও ক্রক্য ছিল না। কয়েক মাদের মধ্যেই আমরা কমিটি তুলিয়া দিলাম এবং ব্যক্তিগতভাবে সাহায্য করিতে লাগিলাম। ক্রমে রাজনৈতিক ঘটনাবলী ঘনাইয়া উঠিল এবং ১৯৩০-এ আমাদের সকলেই কারাগারে উপনীত হুইলাম।

### 29

# ঝটিকার পূর্ব্বাভাষ

১৯২৯-এ লাহোরে কংগ্রেসের অধিবেশন। দশ বংসর পরে পাঞ্চাবে পুনরায় কংগ্রেস ফিরিয়া আসিল। জনসাধারণের চিত্তে পূর্পম্বতি জাগ্রত হইল। জালিয়ানওয়ালাবাগ, সামরিক আইন ও তাহার লাহ্বনা, অমৃতসর কংগ্রেস এবং তাহার পর অসহযোগ আন্দোলনের হচনা। এই সময়ের মধ্যে অনেক কিছুই ঘটিয়াছে—ভারতে বহু পরিবর্ত্তন হইয়াছে কিন্তু তব্ও সৌসাদৃশ্যের অভাব নাই। রাজনৈতিক এসন্তোস বাড়িতেছিল, সংঘর্ষ আসম্ম ইইয়া উঠিতেছিল। সমগ্র দেশের উপর সম্বটের ক্লফ্ছায়া ঘনাইয়া উঠিতেছিল।

আইন সভার চক্রে ঘ্ণায়মান মৃষ্টিমের ব্যক্তি ব্যক্তীত দেশের লোক ব্যবস্থা পরিষদ অথবা প্রাদেশিক আইন সভাগুলির প্রতি বীতস্পৃহ হইয়া উঠিতেছিল। গ্রণমেণ্টের প্রভুত্বকানী ও স্বৈরাচারী প্রকৃতির উপর এই আইন সভার জরাজীর্ণ শক্তিছা আবরণ নিক্ষেপ করিয়া তাঁহারা কোনও মতে কাজ চালাইয়া যাইতেছিলেন এবং ইহাকেই কতকগুলি কোক ভারতের পার্লামেণ্ট বলিয়া সাস্থনা লাভ করিত এবং সদস্করণে

## রটিকার পূর্ব্বাভাষ

ভাতা গ্রহণ করিত। ১৯২৮-এ সাইমন কমিশনের সহিত সহযোগিতা করিতে অস্বীকৃতিমূলক প্রস্তাব গৃহীত হওয়ায় ব্যবস্থা পরিষদ তাহার সর্বশেষ কৃতিত প্রদর্শন করিয়াছিল।

পরে ব্যবস্থা পরিষদের সভাপতির সহিত গভর্ণমেটের বিরোধ বাধিল। পরিষদের স্বরান্ধী সভাপতি বিঠলভাই পাটেল তাঁহার স্বাধীনতাপ্রিয়ভার জন্ম গবর্ণমেন্টের পক্ষে কণ্টক হইয়া উঠিলেন এবং তাঁহার করিবার আয়োজন হইল। এই ঘটনার প্রতি জনসাধারণ একবার চোথ মেলিয়া চাহিল মাত্র। কিন্তু মোটের উপর বাহিরের ঘটনাবলী জনমনকে বিশেষভাবে আরুষ্ট করিয়া রাথিয়াছিল। আমার পিতার কাউন্সিল-মোহ সম্পূর্ণরূপে ভাঙ্গিয়া গিয়াছিল। তিনি প্রায়ই বর্ত্তমান অবস্থায় আইন সভাগুলির কোনই সার্থকতা নাই। যে-কোন স্বযোগে তিনি উহা হইতে বাহির হইয়া আসিবার চেষ্টায় ছিলেন: তাঁহার নিয়মতান্ত্রিকতায় অভ্যন্ত মন এবং আইনজীবীস্থলভ কার্য্যপ্রণালীর উপর অমুবাগ সত্ত্বেও তিনি অত্যন্ত হৃংথের সহিত এই সিদ্ধান্তে উপনীত হইগাছিলেন যে, ভারতবর্ষে নিয়নতান্ত্রিক কার্যাপদ্ধতি নিফল ও মূলাহীন। তিনি তাঁহার আইনজ্ঞ মনকে এই বলিয়া প্রবোধ দিতেন, ভারতবর্ষে বস্তুতঃ নিয়মতম্ব বলিয়া কিছু নাই এবং যেখানে ব্যক্তি বা প্রভুর দল যাত্রকরের টুপির মধ্য হইতে থরগোদ বাহির করিবার মত অপ্রত্যাশিতভাবে অভিনান্স বাহির করিতে পারেন, সেখানে আইন প্রণয়নেরও কোন বৈধ নীতির মভাব। প্রবৃত্তি ও সংস্কারের দিক দিয়া তিনি বৈপ্লবিক ছিলেন না; যদি ভারতবর্ষে বুর্জ্জায়া-গণতন্ত্রের মত কোন শাসনপদ্ধতি থাকিত, তাহা হইলে তিনি নিঃসন্দেহে তাহার প্রধান সমর্থক হইতেন। কিন্তু বর্ত্তমান ব্যবস্থায় এক নকল পার্লামেন্টের কৌতুকাভিনয় লইয়া ভারতবর্ষে নিয়মতান্ত্রিক আন্দোলনের প্রতি তিনি ক্রমশঃ অধিকতর বিরক্ত হইয়া উঠিতে नाशितन।

কলিকাতা কংগ্রেসে আপোষ প্রস্তাবে যদিও গান্ধিজী হস্তক্ষেপ করিয়াছিলেন, তথাপি তিনি রাজনীতি হইতে দ্রেই ছিলেন। অবশু তিনি ঘটনাবলীর পরিণতি লক্ষ্য করিতেছিলেন এবং কংগ্রেস নেতারাও প্রায়শঃই তাঁহার পরামর্শ গ্রহণ করিতেন। কয়েক বংসর ধরিয়া তিনি প্রধানতঃ খাদি প্রচারেই ব্রতী ছিলেন। তিনি পর্যায়ক্রমে প্রত্যেক প্রদেশে, প্রত্যেক জিলায়, প্রত্যেক উল্লেখযোগ্য সহরে, এমন কি, খদ্র পল্লী অঞ্চলেও ভ্রমণ করিয়াছিলেন। তিনি যেখানেই যাইতেন, স্বর্হং জনতা সমবেত হইত। এই জন্ম পূর্ব্ব হইতে শৃষ্মলা রক্ষার ব্যবস্থা হইত, যাহাতে তাঁহার কার্যাপ্রণালী

#### ज्ञहत्रनान (नर्ज

স্থনিয়ন্ত্রিভভাবে নির্বাহ হয়। এইরপে বহুবার ভারতবর্ষ ভ্রমণ করিয়া উত্তর ও দক্ষিণ, পূর্বাঞ্চলের গিরিমালা হইতে পশ্চিম সমুদ্রের তীর পর্যান্ত এই বিশাল দেশের প্রত্যেক অংশের পরিচয় তিনি লাভ করিয়াছিলেন। অন্ত কোন মান্ত্র তাঁহার মত ভারতবর্ষ ভ্রমণ করিয়াছে কিনা আমি জানি না।

অতীতকালে অনেক কৌতূহলী বিখ্যাত ভ্ৰমণকারী তীর্থধাত্তীর আবেগ লইয়া দেশ পর্যাটন করিয়াছেন; কিন্তু তখন যানবাহন ছিল মন্থর এবং আজিকার দিনে রেল বা মোটরে এক বংসরে যাহা দেখা সম্ভব তথন সারাজীবনেও তাহা দেখা সম্ভব হইত না। গান্ধিজী রেলে ও মোটরে ভ্রমণ করিতেন, তবে পদব্রজেও তিনি বহু ভ্রমণ করিয়াছেন। ইহার ফলে ভারতবর্ষ এবং ভারতবাসী সম্পর্কে তাঁহার অভিজ্ঞতা অনন্যসাধারণ এবং এইভাবে লক্ষ লক্ষ নরনারীর সহিত তিনি ব্যক্তিগতভাবে মিলিয়াছেন। তিনিও তাঁহাদের চিনিয়াছেন, তাঁহারাও তাঁহাকে চিনিয়াছে। (১৯২৯-এ থাদি প্রচার উপলক্ষে তিনি কয়েক সপ্তাহের জন্ম যুক্ত প্রদেশে ছিলেন।) তথন প্রচণ্ড গ্রীশ্বকাল। আমি কয়েকবার তাঁহার সাক্ষী হইয়াছিলাম এবং অল্প কয়েক দিন করিয়া তাঁহার সহিত ছিলাম। পূর্ব্বে অভিজ্ঞতা সত্ত্বেও বৃহৎ জনতা দেখিয়া আমি বিশ্বিত না হইয়া পারি নাই, বিশেষভাবে আমাদের পূর্বাঞ্চলে গোরক্ষপুর প্রভৃতি জেলায় জনস্রোত দেখিয়া দলে দলে পঙ্গপালের মত মনে হইত। भन्नी **अ**कटल त्यां हेरत या हेरात मगर आयता करतक माहेल भरत भरतह मन হইতে বিশ সহস্র জনতার সমুখীন হইতাম এবং ঐ াদবদের প্রধান সভায় লক্ষাধিক লোক সমবেত হইত। বড় বড় কয়েকটি বুহুং সহর ব্যতীত কোথাও বৈত্যতিক "লাউড স্পীকারের" ব্যবস্থা ছিল না এবং এই স্থবৃহৎ জনতার পক্ষে আমাদের কথা শোনা অসম্ভব ছিল। সম্ভবতঃ তাহারা বক্ততা শুনিতে আসিত না, মহাত্মাজীর দর্শন লাভেই সম্ভুষ্ট হইত। অতিরিক্ত শ্রম না হয় এজন্য গান্ধিজী সাধারণতঃ অতি সংক্ষেপে বক্তৃতা করিতেন: অন্তথা দিনের পর দিন, ঘটার পর ঘটা এই-ভাবে কাজ করা কঠিন।

তাঁহার যুক্ত প্রদেশ ভ্রমণের সব সময় আমি তাঁহার সহিত ছিলাম না।
আমাকে তাঁহার বিশেষ প্রয়োজনও ছিল মা। কাজেই তাঁহার দলের
সংখ্যা বৃদ্ধি করা আমি সঙ্গত বিবেচনা করি নাই। জনতায় আমার
আপত্তি ছিল না; কিন্তু তাই বলিয়া ঠেলাঠেলি, গুঁতাগুঁতি, অপরের
পায়ের তলায় পড়িয়া আহত হওয়া প্রভৃতি—যাহ গান্ধিজীর সঙ্গীদের
অনিবার্য্য নিয়তি—তাহার প্রতি আমি কোন আকর্ষণ অমুভব করিতাম
নী। আমার হাতে অন্য কাজ ছিল এবং রাজনৈতিক অবস্থার ক্রত

## ৰটিকার পূৰ্ব্বাভাষ

পরিণতির ফলে তুলনায় থাদির কাজ আমার নিকট অতি সামাল্র বোধ হইয়াছিল এবং সারাক্ষণ খাদির কাজে নিজেকে নিয়োজিত করিবার ইচ্ছাও আমার ছিল না। গান্ধিজীর এই শ্রেণীর অ-রাজনৈতিক কাজে লিপ্ত থাকায় মাঝে মাঝে আমার রাগ হইত।) তাঁহার মনের মধ্যে কি আছে, আমি কিছুতেই বুঝিতে পারিতাম না। এই সময়ে তিনি থাদির জন্ম অর্থ সংগ্রহ করিতেন এবং প্রায়ই বলিতেন যে, "দ্বিদ্র নারায়ণ" সেবার জন্ম অর্থের আবশ্রক। ইহার অর্থ-কুটার শিল্পের মধ্য দিয়া কর্মসৃষ্টি তাঁহার উদ্দেশ্য। কিন্তু ঐ শব্দটির মধ্যে দারিদ্রাকে মহিমান্তিত করিবার একটি ভাব আছে. যেন স্বিশ্বর বিশেষভাবে দরিত্রদের প্রভু এবং দরিত্ররাই তাঁহার বিশেষ প্রিয়। আমার মনে হয়, সর্বত্তই ধর্মভাবের এই সাধারণ মনোভাব আছে। কিন্তু আমার পক্ষে ইহা অসহ। আমার মতে, দারিদ্রা অত্যন্ত ঘূণাই। উহার সহিত যুদ্ধ করিয়া উহাকে উন্মূলিত করাই কর্ত্তব্য, উহাকে প্রশ্রয় দেওয়া উচিত নহে ৷ কেন না, এই মনোভাব হইতে লোকে দারিদ্রাকে আক্রমণ না ক্রিয়া যে ব্যবস্থা হইতে দারিদ্রোর উৎপত্তি হয়, লোক তাহা সমর্থন করে 🎙বং যাহারা দারিদ্যের প্রতি যুদ্ধবিমুখ, তাহারা দারিদ্যের একটা সঙ্গত, শোভন ব্যাখ্যা দিতে চেষ্টা করে। তাহারা অভাবপূর্ণ জগৎ চিন্তা করিতেই অভ্যন্ত, ইহজগতেই জীবনের সর্বপ্রকার প্রয়োজন প্রচররূপে পাওয়া যায়, তাহা ধারণা করিতে পারে না, ইহাদেব মতে জগতে চিরকাল ধনী এবং দরিদ্র থাকিবে।

এই বিষয় লইয়া মাঝে মাঝে আমার গান্ধিজীর সহিত আলোচনা হইয়াছে। তিনি জোরের সহিত বলেন যে, ধনীরা তাহাদের ধন দরিপ্রদের পক্ষ হইতে অছি শ্বরূপ রক্ষা করিতেছে, ইহাই মনে করিবে। ইহা অতি প্রাচীন মত। ইউরোপীয় মধ্যযুগে এবং ভারতবর্ষে ইহা সচরাচর শোনা যায়। আমি অকপটে শীকার করি, আমি ইহা বুঝিতে সম্পূর্ণরূপে অক্ষম যে, কেমন করিয়া একজন ব্যক্তি ধারণা করিতে পারে, এই উপায়ে সামাজিক সমস্থার সমাধান:সম্ভবপর।

আমি পূর্বেই বলিয়াছি, ব্যবস্থা পরিষদ প্রায় ঘুমাইয়া পড়িয়াছিল, অতি অল্প লোকই ইহার নীরস কার্যপ্রণালী লক্ষ্য করিত। সহসা একদিন কঠিন জাগরণ আসিল, ভগং সিং এবং বি কে দত্ত দর্শকের আসন হইতে সভার মেঝেয় তুইটি বোমা নিক্ষেপ করিল। কেহ গুরুতর আহত হন নাই, সম্ভবতঃ বোমা নিক্ষেপের সে উদ্দেশুও ছিল না। অপরাধীরা পরে স্বীকার করিয়াছিল যে, কাহাকেও আহত করার ইচ্ছা তাহাদের ছিল না, একটা গোলমাল ও উত্তেজনা সৃষ্টিই তাহাদের লক্ষ্য ছিল।

### ज ওহরলাল নেহর

তাহারা ব্যবস্থা পরিষদ এবং বাহিরেও চাঞ্চল্য স্বাষ্ট করিয়াছিল। টেরোরিষ্টদের অক্সান্ত কাজ এরপ নিরাপদ ছিল না। লালা লাজপং রায়কে আঘাতকারী বলিয়া বর্ণিত একজন যুবক ইংরাজ পুলিশ কর্মচারীকে লাহোরে গুলী করিয়া হত্যা করা হয়। বাঙ্গালা ও অক্যান্ত স্থানেও টেরোরিষ্ট কার্যপ্রপালীর পুনরারজ্ঞের স্ফনা দেখা গিয়াছিল। কতকগুলি ষড়মন্ত্রের মামলা দায়ের হইল এবং বিনা বিচারে বন্দী ও অস্তরীণের সংখ্যা ক্রতে বৃদ্ধি পাইতে লাগিল।

লাহোর ষড়য়য় মামলায় আদালতের মধ্যে পুলিশ কতকগুলি অভ্তপুর্ব দৃশ্যের অবতারণা করিল, যাহার ফলে জনসাধারণের দৃষ্টি বিশেষভাবে এই মামলার উপর পতিত হইল। আদালতে এবং কারাগারে এই শ্রেণীর ঘুর্ব্যবহারের প্রতিবাদস্বরূপ অধিকাংশ বন্দী অনশন-ত্রত গ্রহণ করিল। ইহার স্কুচনার কারণ আমি ভূলিয়া গিয়াছি। কিন্তু পরিণামে ইহা কয়েদীদের প্রতি ব্যবহার, বিশেষতঃ রাজনৈতিক বন্দীদের প্রতি ব্যবহারের সমস্থায় শ্বর্যবিসিত হইয়াছিল। সপ্তাহের পর সপ্তাহ অনশন চলিতে লাগিল এবং দেশে য়পেষ্ট চাঞ্চল্যের স্কৃষ্টি হইল। অভিযুক্তদের শারীরিক ঘুর্ব্বলতার জন্ম তাহাদিগকে আদালতে লইয়া য়াওয়া সম্ভব হইল না এবং পুনঃ পুনঃ মর্মিলা স্থগিত রাথিতে হইল। ফলে, ভারত গভর্ণমেন্ট এক আইন করিয়া দিলেন যে, আদালতে অভিযুক্ত এবং তাহাদের উকীলদের অমুপস্থিতিতে তাহাদের বিচার চলিতে পারিবে। অন্থ দিকে কারাগারের ব্যবহার সম্পর্কেও তাঁহারা বিবেচনা করিতে লাগিলেন।

অনশন ধর্মঘটের এক মাস পর আমি একবার লাহোরে গিয়াছিলাম। জেলে গিয়া কয়েকজন বন্দীর সহিত আমাকে সাক্ষাং করার অভ্যতি দেওয়া হইল; এই স্থোগ আমি গ্রহণ করিলাম। এই প্রথম আমি ভগং সিং, ষতীন দাস এবং আরও কয়েকজনকে দেখিলাম। ইহারা অত্যস্ত ত্র্মল এবং শয়াশায়ী হইয়া পড়িয়াছিল। ইহাদের সহিত বেশীক্ষণ কথাবাজা বলা সম্ভব নহে। ভগং সিংয়ের ম্থমণ্ডল কমনীয়, বৃদ্ধি দীপ্ত এবং বিশেষভাবে প্রশাস্ত মনে হইল। তাহার মুখে কোন ক্রোধের চিহ্ন ছিল না। তাহার ব্যবহার ও কথাবাজা অত্যস্ত ভদ্র। অবশাস্ত মানর মনে হয় এক মাস উপবাসের পর সকলকেই এইরপ শাস্ত দেখায়। যতীন দাস অধিকতর নম্ম, কুমারী কল্লার মত কোমল ও শাস্ত। যথন আমি তাহাকে দেখি, তথন তাহার অত্যন্ত যম্বণা ছিল। ইহার কিছুদিন পরেই একম্টি দিন উপবাসের ফলে তাহার মৃত্যু হয়়।

ভগং निংয়ের কথায় মনে হইল, ১৯০৭ সালে লালা লাজপৎ রায়ের

# ৰটিকার পূৰ্বাভাষ

সহিত নির্মাসিত তাহার খ্রতাত স্থার অজিং সিংহকে সে একবার দেখিতে চাহে, অস্ততঃপক্ষে তাহার সংবাদ চাহে। তিনি দীর্ঘকাল বিদেশে নির্মাসিত। তিনি দক্ষিণ আফ্রিকার বসবাস করিতেছেন এমনি একটা গুজব ছিল বটে, কিন্তু আমি তাহার কোন সংবাদ পাই নাই; তিনি মৃত্ কি জীবিত, আমি জানি না।

यछीन नारमत मृত्युट दननवानि ठाकना एष्टि इटेन। टेटात फल রাজনৈতিক বন্দীদের প্রতি ব্যবহারের প্রশ্ন মুখ্য হইয়া উঠিল এবং গবর্ণমেন্ট ইহার অনুসন্ধানের জন্ম একটি কমিটি নিযুক্ত করিল। এই কমিটির সিদ্ধান্তের ফলে বন্দীদিগকে তিন শ্রেণাতে বিভক্ত করা হইল। কিন্তু রাজনৈতিক বন্দীদের বিশেষ কোন শ্রেণী করা হইল না। এই সকল নৃতন নিয়মের ফলে আশা করা গিয়াছিল যে, অবস্থার কিছু উন্নতি হইবে, কিন্ত কাৰ্য্যতঃ অল্প পাৰ্থক্যই হইয়াছে—যেমন ছিল তেমনি অসম্প্রেষজনকই রহিয়াছে। ক্রমে গ্রীম, বর্ষা গত হইয়া শর্ৎকালের উদয় হইল। প্রাদেশিক কংগ্রেদ কমিটিগুলি লাহোর কংগ্রেদের সভাপতি নির্দ্ধাচনে ব্যস্ত इटेलन। এই निकांচনের প্রণালী অত্যন্ত দীর্ঘ এবং ইহাতে আগন্ত হইতে অক্টোবর পর্যান্ত সময় লাগিল। ১৯২৯ সালে সকলে একবাক্যে গান্ধিজীকেই সমর্থন করিতে লাগিল। গান্ধিজীকে দ্বিতীয়বার কংগ্রেসের সভাপতিরূপে পাইবার এই আগ্রহ নিশ্চয়ই তাঁহাকে কংগ্রেসে অধিকতর সম্মানিত পদ मिवात ज्ञ नरह; किन ना कराक वर्मत धतियां ठिनि करराधरमत महा मुजाभिक भारत व्यक्तिक व्याह्म । याहा इडेक, मकत्वत धात्रमा इडेन त्य, সঙ্ঘর্ষ আসন্ন এবং কাষ্যতঃ তাঁহাকেই ইহার নেতৃত্ব করিতে হইবে। কাজেই এবার অন্ততঃ নামেও তিনি কংগ্রেসের সভাপতি হউন। ইহা ছাড়া, তিনি ব্যতীত সভাপতি পদের যোগ্য ব্যক্তি অন্ত কেহ ছিলেন

অতএব, প্রাদেশিক কমিটিগুলি গান্ধিজীকেই সভাপতি পদে মনোনীত করিলেন। কিন্তু তিনি রাজী হইলেন না। তাঁহার আপত্তি তাঁত্র হইলেও যুক্তি তর্ক দ্বারা বুঝাইলে তিনি পুনর্বিবেচনা করিবেন, এইরূপ আশা হইল। চূড়াস্ত সিন্ধান্তের জন্ত লক্ষোয়ে নিঃ ভাঃ রাষ্ট্রীয় সমিতির অধিবেশন হইল এবং আমাদের ধারণা ছিল যে, তিনি রাজী হইবেন। কিন্তু তিনি কিছুতেই রাজী হইলেন না এবং শেষ মৃহুর্ত্তে আমার নাম উপস্থিত করিলেন। তাঁহার চূড়াস্ত আপত্তিতে সকলেই অবাক হইলেন এবং এই সঙ্কটে পতিত হইয়৷ কিঞ্চিৎ বিরক্তও হইলেন। অন্ত লোকের অভাবে অবশেষে বাধ্য হইয়া তাঁহার৷ আমাকেই নির্বাচিত করিলেন।

#### ज ওহরলাল নেহর

এই নির্বাচনে আমি যত বিরক্ত ও অপমানিত বোধ করিলাম, পূর্বের্ব করণও তাহা করি নাই। আমি যে এই সন্মান সম্পর্কে সচেতন নহি এমন নহে; ইহা এক মহৎ সন্মান। সাধারণভাবে নির্বাচিত হইলে আমি আনন্দিত হইজাম। কিন্তু সিংহদ্বার দিয়া প্রবেশ না করিয়া, এমন কি সন্মুখের কোন দার দিয়া প্রবেশ না করিয়া পশ্চাৎ দ্বার দিয়া হতভম্ব দর্শকর্দের সন্মুখে আমি অপ্রত্যাশিতভাবে উপস্থিত হইলাম। তাহারা যথাসম্ভব ভব্যতা রক্ষা করিয়া তিক্ত ঔষধের মত আমাকে গলাধংকরণ করিলেন। আমার আত্মাভিমান আহত হইল এবং এই সন্মান ফিরাইয়া দিবার তীত্র আকাজ্জা জন্মিল। কিন্তু সৌভাগ্যক্রমে আমি এইরূপ নাটকীয় দৃশ্ছের অবতারণা না করিয়া আত্মসন্থরণ করিলাম এবং ভারাক্রান্ত স্কুদ্রে সরিয়া গেলাম।

সম্ভবতঃ, এই সিদ্ধান্তে আমার পিতাই সর্ব্বাপেক্ষা স্থা ইইয়াছিলেন।
আমার রাজনীতি তাঁহার সম্পূর্ণ ভাল না লাগিলেও আমাকে তিনি
অতিরিক্ত ভালবাসিতেন এবং আমার কল্যাণে স্থা ইইতেন। তিনি
মাঝে মাঝে আমার সমালোচনা করিতেন এবং কর্কশ কথাও বলিতেন;
কিন্তু অপরে তাঁহার সম্মূথে আমার নিন্দা করিলে তাঁহাকে তুই চক্ষে
দেখিতে পারিতেন না।

আমার নির্বাচন একদিকে যেমন বৃহৎ সম্মান, অন্তদিকে তেমনি গভীর দায়িত্ব। পিতার অব্যবহিত পরেই পুত্রের সভাপতি পদ লাভ এক অভিনব ঘটনা। অনেকে বলেন যে, আমিই কংগ্রেসের সর্বাকনিষ্ঠ সভাপতি—তথন আমার বয়স চল্লিশ বংসর। কিন্তু ইহা সত্য নহে। আমার মনে হয়, গোথ লের বয়সও এইরূপ ছিল এবং মৌলানা আবুল কালাম আজাদ (যদিও আমা অপেক্ষা বয়সে কিছু বড়) যথন সভাপতি হইয়াছিলেন তথন তাঁহার বয়স সম্ভবতঃ চল্লিশের নীচে ছিল। গোথ লের বয়স যথন জিংশ-দশকের মধ্যে তথনই তিনি একজন প্রবীন রাজনীতিক্ত বলিয়া বিবেচিত হইতেন এবং আবুল কালাম আজাদ তাঁহার পান্তিত্যের অন্তর্বপ শ্রদ্ধাভাজন ব্যক্তির মত অবয়ব গড়িয়া তুলিয়াছিলেন। রাজনীতির পণ্ডিত বলিয়া আমার কোন খ্যাতি ছিল না এবং আমি একজন মহা পণ্ডিত ব্যক্তি এ অপবাদ কেইই আমাকে দেয় নাই। যদিও আমার চুল পাকিয়াছে, এবং আমার অবয়বের পরিবর্ত্তন হইয়াছে, তথাপি বয়স্ক ব্যক্তি বলিয়া অপবাদের হাত হইতে এ যাবৎ নিষ্কৃতি পাইয়া আদিতেছি।

লাহোর কংগ্রেস নিকটবর্ত্তী হইল। ইতিমধ্যে ঘটনারান্ধি যেন তাহার আভ্যন্তরীণ শক্তিতে সমুধে দৃঢ় পদবিক্ষেপে অগ্রসর হইতেছে। যে ষ্তই

# ৰটিকার পূৰ্বাভাষ

সাহসিকতা দেখাক না কেন, ইহার উপর কাহারও হাত ছিল না। বেন এক বৃহৎ যন্ত্র অন্ধগতিতে চলিয়াছে এবং আমরা তাহার কুদ্র কুদ্র চাকা মাত্র।

নিয়তির এই হুর্জার গতি রোধ করিবার জন্তই সম্ভবতঃ বুটিশ গভর্ণমেন্ট এক পদ অগ্রসর হইলেন এবং বড়লাট লর্ড আরুইন গোল টেবিল বৈঠকের বার্ত্তা ঘোষণা করিলেন। এই ঘোষণা-বাণী অতি কৌশার্মপূর্ণ ভাষার আবরণে প্রকাশিত হইল। ইহার অর্থ অনেক কিছু হইতে পারে অথবা কিছুই নহে এবং আমাদের নিকট ইহা অনিশ্চিত বলিয়াই প্রতিভাত इटेल। এমন कि, यनि এই ঘোষণার মধ্যে সার পদার্থ কিছু থাকে, তাহা আমাদের প্রত্যাশা হইতে অনেক কম। বড়লাটের ঘোষণার অব্যবহিত পরেই অশোভনীয় বাস্ততার সহিত দিল্লীতে এক "নেতৃ-সম্মেলনের" আয়োজন হইল। বিভিন্ন দলের ব্যক্তিরাই ইহাতে আহুত হইলেন। গান্ধিজী গেলেন, আমার পিতাও গেলেন; বিঠলভাই প্যাটেল (তখনও ব্যবস্থা পরিষদের সভাপতি ) সেখানে উপস্থিত ছিলেন। স্থার তেজ বাহাতুর এবং অক্যান্ত নভাবেট নেতারাও উপস্থিত হইলেন। একটি সম্মিলিত প্রস্তাব অথবা ইস্তাহার রচনা হইল এবং কতক ওলি সর্ত্তে বড় লাটের ঘোষণা-পত্র গ্রহণ করা হইল। তবে ইহা উল্লেখ থাকিল যে, ঐগুলি জরুরী এবং উহা পূর্ণ করিতে হইবে। যদি গভর্ণমেন্ট ঐ গুলি গ্রহণ করেন, তবে সহযোগিত। করা হইবে। এই সর্ত্তুলি \*অতি বাস্তব এবং দৃঢ় ছিল এবং ইহার ফলে বর্ত্তমান অবস্থার পরিবর্ত্তন হইতে পারিত।

মভারেট এবং অক্তান্ত অগ্রগামী দলের প্রতিনিধিবর্গকে এই প্রস্তাবে সম্মত করান নিশ্চয়ই একটা সাফল্য। কিন্তু কংগ্রেসের দিক দিয়া ইহা অনেকাংশে অবতরণ; কিন্তু সমিলিত ঐক্যমতের দিক দিয়া ইহা উদ্ধে অবরোহণ। কিন্তু ইহার মধ্যেও ধ্বংসের বীক্ষ ছিল। এই সর্ভগুলিকে লইয়া অস্ততঃ ত্ই পৃথক দৃষ্টিতে বিচার চলিল। কংগ্রেসপন্থীদের দৃষ্টিতে ইহা অত্যাবশ্যক এবং অপরিহার্য্য—যাহার কমে সহযোগিতা চলিতে পারে না। কেন না, ইহাই তাহাদের স্ক্রিয় প্রয়োজন। পরবর্তী কার্য্যকরী

সর্ত্তপ্রি এই—(>) পূর্ণ উপনিবেশিক স্বায়ন্তশাসনের ভিত্তির উপর প্রস্তাবিত বৈঠকের আলোচনা হইবে; (২) বৈঠকে কংগ্রেসের প্রতিনিধি সংখ্যাই অধিক সংখ্যক হইবে; (৬) সমস্ত রাজনৈতিক বন্দীদিগকে মুক্তি দিতে হইবে; (৪) এখন হইতেই বর্ত্তমান অবস্থার সন্থিত ব্যাসন্তব্য করিয়া ভারত গবর্ণমেন্ট উপনিবেশিক গ্রণমেন্টের খারায় কার্যপ্রশালী পরিচালন করিতে থাকিবেন।

## ज्युर्त्तमान दमर्त

সমিতির সভায় ইহা পরিষ্কার করিয়া ব্যাখ্যা করা হইল এবং আরও স্থির হইল যে, মাত্র আগামী কংগ্রেসের অধিবেশন পর্যন্ত এই সর্ত্তপ্তিল বলবান থাকিবে। মড়ারেটগণের মতে ঐ সর্ত্তপ্তিল হইল সর্ব্বোচ্চ কাম্য কিছ সহযোগিতা অস্বীকার করিয়া ঐ গুলির দাবী করা উচিত নহে। ঐ সর্ভ্তপ্তিকে তাহারা নিতান্ত প্রয়োজনীয় বলিলেন, কিন্তু ঠিক সর্ত্ত হিসাবে দেখিলেন না।

পরে দেখা গেল, যদিও উহার একটি সর্ত্তও পূরণ হয় নাই এবং অক্যান্ত সহস্র সহস্র ব্যক্তির সহিত আমরা কারাগারে নিক্ষিপ্ত হইলাম, তবুও আমাদের মভারেট ও রেম্পন্সিভিষ্ট বন্ধুরা—শাহারা আমাদের সহিত একত্তে ঘোষণা-পত্রে স্বাক্ষর করিয়াছিলেন—তাঁহারা আমাদের কারাধাক্ষদের সহিত পূর্ণ সহযোগিতা করিতে লাগিলেন। ইহা যে ঘটিবে, আমাদের অধিকাংশের মনেই এ আশঙ্কা ছিল; তথাপি কেহই এতটা প্রত্যাশা করি নাই। সম্মিলিত কার্যাপদ্ধতির আশাতেই কংগ্রেসপন্থীরা নিজেদের এতথানি নত করিয়াছিলেন এবং তেমনি মডারেটরাও বৃটিশ গভর্ণমেন্টের সহিত নির্বিচার ও নির্বিবেক সহযোগিতা করিবার রিপু দমন করিবেন, ইহাই কথা ছিল। কংগ্রেদের সৈত্য-দামন্তবৃন্দকে সম্খবদ্ধ রাথিবার প্রাণপণ চেষ্টায় আমাদের মধ্যে কেহ কেহ এই আপোষ প্রস্তাবের সম্পর্কে তীব্র আপত্তি প্রকাশ করিয়াছিলাম। একটা বৃহৎ সংঘর্ষের সম্মুখে আমরা কিছুতেই কংগ্রেসে ভেদ স্বাষ্টি হইতে দিতে পারি না এবং আমাদের প্রদত্ত সর্ভগুলি গবর্ণমেণ্ট গ্রহণ করিবেন না, ইহা স্পষ্টই বুঝা গেল। ইহাতে আমাদের व्यवस्था गक्तिगानी इटेन এवः व्यामता महरखंटे कः त्थारमत मिक्कि भर्दी एनत আমাদের সহিত টানিয়া লইয়া চলিলাম। আর কয়েক সপ্তাহ মাত্র বাকী. ডিসেম্বর এবং লাহোর কংগ্রেস অদুববর্দ্ধী।

তথাপি সমিলিত ইন্ডাহার আমাদের অনেকের নিকট তিক্ত বটকার মত মনে হইতে লাগিল। স্বাধীনতার দাবী পরিত্যাগ করা—এমন কি কল্পনায় কিয়া অল্প সময়ের জন্যুও— সত্যন্ত ভূল এবং মারাত্মক। তাহার অর্থ এই দাঁড়ায় বে, লাভের আশায় উহা একটা কোশল মাত্র, স্বাধীনতা যে আমাদের নিকট অপরিহার্য্য, উহা ব্রাতীত আমরা যে কিছুতেই স্থী হইব না এমন ব্যাপার নহে। অতএব, আমি ইতন্ততঃ করিতে লাগিলাম এবং ইন্ডাহারে দন্তগৎ করিতে অস্বীকার করিলাম। (স্থভাষ বস্থ দৃঢ়তার সহিত স্বাক্ষর করিতে অস্বীকার করিলেন) কিন্ধু আমার পক্ষে ইহা নৃতন কথা নহে; বলিয়া কহিয়া আমাকে রাজী করিয়া নাম দন্তগৎ লওয়া হইল। তাহার পরেও অত্যন্ত অশান্তি লইয়া আমি

# **ৰচিকার পূ**ৰ্কাভাব

চলিয়া আসিলাম এবং স্থির চরিলাম, পরদিন কংগ্রেসের সভাপতির পদ হইতে অবসর গ্রহণ করিব এই মর্ম্মে গাদ্ধিজীর নিকট একখানি পত্র দিলাম। যদিও আমি যথেষ্ট বিচলিত স্ইয়াছিলাম, তথাপি আমি যে এই কাজ দৃঢ় সঙ্করের সহিত করিয়াছিলাম, এমন মনে স্থ না। গাদ্ধিজীর নিকট হইতে একখানি মধুর পত্র এবং তিন দিন চিন্তা করিয়া আমি শান্ত হইলাম।

লাহোর কংগ্রেসের অব্যবহিত পূর্ব্বে আপোষের জন্ম আর একবার সর্বশেষ চেষ্টা করা হইল। বড়লাট লর্ড আফ্রইনের সহিত সাক্ষাংকারের ব্যবস্থা হইল। কাহার মধ্যস্থতায় এই সাক্ষাংকারের ব্যবস্থা হইরাছিল আমি জানি না, কিন্তু আমার মতে বিঠলভাই প্যাটেলই প্রধান উদ্যোক্তা ছিলেন। সাক্ষাংকারের সময় কংগ্রেসের পক্ষ হইতে গান্ধিজ্ঞী এবং আমার পিতা উপস্থিত ছিলেন এবং মনে হয়, মিঃ জিল্লা, শুর তেজ বাহাত্বর সপ্র এবং সভাপতি প্যাটেলও উপস্থিত ছিলেন। সাক্ষাংকারে কোনও ফল হইল না, কোন সাধারণ ভূমি নির্দিষ্ট হইল না এবং গ্রবর্গনেণ্ট ও কংগ্রেসে—এই ত্ই প্রধান পক্ষ পরস্পের হইতে বহুদ্রে প্রতিভাত হইলেন। অতএব, কংগ্রেসের পক্ষে অগ্রসর হওয়া ছাড়া গতান্তরে রহিল না। কলিকাতার প্রস্তাবাহ্যায়ী বর্ষ শেষ হইয়া আসিল; কংগ্রেসের চ্ড়ান্থ লক্ষ্যরূপে স্বাধীনতার আদর্শন ঘোষণা করিয়া উহা লাভের জন্ম সংঘর্ষ চালাইবার আবশ্রক উপায় অবলম্বন করিতে হইবে।

লাহোর কংগ্রেসের এই কয় সপ্তাহ পূর্ব্বে ক্ষেত্রাস্তরে আমাকে আর একটি গুরুতর কান্ধ করিতে হইল। নাগপুরে নিখিল ভারত ট্রেড ইউনিয়ন কংগ্রেসের অধিবেশনে এই বংসরের নিদ্দিষ্ট সভাপতিরূপে আমাকেই সভাপতিত্ব করিতে হইল। কয়েক সপ্তাহের ব্যবধানে একই ব্যক্তির পক্ষে জাতীয় কংগ্রেসে ও ট্রেড ইউনিয়ন কংগ্রেসে যুগপং সভাপতিত্ব করা এক অন্যাসাধারণ ঘটনা। আমার আশা ছিল যে, যোগস্ত্ররূপে আমি এই উভয় প্রতিষ্ঠানকে অধিকতর ঘনিষ্ঠ করিব—জ্বাতীয় কংগ্রেস অধিকতর সমাজতান্ত্রিক এবং মধিকতর গণ-প্রতিষ্ঠানে পরিশ্বত হইবে এবং জাতীয় সংঘর্ষের জন্য শ্রমিকদিগকে সংঘর্ষ করিয়া তলিবে।

কিন্তু সম্ভবত: এ আশা নিফল, কেন না, জাতীয়তাবাদ নিজেকে বিসর্জন দিয়াই সমাজতান্ত্রিক বা সর্বহারাদের দিকে অগ্রসর হইতে পারে। জাতীয় কংগ্রেসের দৃষ্টিভঙ্গী বুর্জ্জোয়া হইলেও ইহাই দেশের বৈপ্লবিক শক্তির প্রতিনিধি। অতএব শ্রমিকশক্তি নিজেদের মতবাদ ও স্বাতস্ক্র্য

## ज अहत्रमान (महक्र

সর্বতোভাবে রক্ষা করিয়াও ইহার সহিত সহযোগিতা ও ইহাকে সাহায্য করিছে পারে। আমি আশা করিয়াছিলাম যে, প্রত্যক্ষ সংঘর্ষমূলক কার্য্যপদ্ধতির গতিপথে কংগ্রেস অধিকতর চরম মতবাদ গ্রহণ করিয়া সামাজিক ও অর্থনৈতিক সমস্থাগুলির সম্মুখীন হইবে। গত কয়েক বৎসরে কংগ্রেস রুষক ও পল্লীর দিকে অগ্রসর হইতেছিল। যদি এই গতি অব্যাহত থাকে তাহা হইলে একদিন কংগ্রেস বিরাট রুষক প্রতিষ্ঠানে পরিণত হইবে, কিম্বা অস্ততঃপক্ষে রুষকেরাও কংগ্রেস প্রতিষ্ঠা লাভ করিবে। আমাদের যুক্ত-প্রদেশের বহু জিলা কংগ্রেস কমিটির অধিকাংশ সদস্তই রুষক; অবশ্য নেতৃত্ব মধ্যশ্রেণীর বৃদ্ধিজীবীদের হাতেই রহিয়াছে।

জাতীয় কংগ্রেস ও শ্রমিক কংগ্রেসের সম্পর্ক পল্লী ও নগরের 
অবিরত বিরোধের ছারা প্রভাবান্বিত হইবার সম্ভাবনা বিগুমান। কিন্তু
ইহার সম্ভাবনা স্থান্ত্রগাহত। বর্ত্তমানে নগরী হইতে মধ্যশ্রেণীর
লোকেরাই জাতীয় কংগ্রেস নিয়ন্ত্রণ করিয়া থাকেন এবং যে পর্যন্ত 
জাতীয় স্বাধীনতার সমাধান না হইতেছে ততদিন রাষ্ট্রক্ষেত্রে জাতীয়তাবাদের প্রাধান্ত থাকিবে এবং দেশের চিত্তে জাতীয় ভাবই প্রবল
শক্তিরপে কার্য্য করিবে। তথাপি আমি কংগ্রেসের সহিত সংঘবদ্ধ
শ্রমিকশক্তির ঘনিষ্ঠতার পক্ষপাতী ছিলাম। এমন কি আমরা
শ্রমিক কংগ্রেসের প্রাদেশিক শাথা হইতে আমাদের প্রাদেশিক কংগ্রেস
কমিটিতে প্রতিনিধি পাঠাইতে অন্পরোধ করিয়াছিলাম। অনেক কংগ্রেসপন্থী শ্রমিক আন্দোলনে বিশিষ্ট স্থান গ্রহণ করিয়াছিলেন।

শ্রমিক দলের অগ্রগামী অংশ কংগ্রেস হইতে দূরে থাকিতেই ভালবাসিতেন। তাঁহারা কংগ্রেস নেতাদের অবিখাস কবিতেন এবং শ্রমিকদের দিক হইতে তাঁহাদের মত্বাদকে বুর্জ্জোয়া ও প্রগতিবিরোধী বলিতেন। কংগ্রেস যে জাতীয়তাবাদী প্রতিষ্ঠান, তাহার নামেই সেপ্রমাণ রহিয়াছে।

ভারতে শ্রমিকদের অবস্থা তদন্ত করিবার জন্ম নিযুক্ত রয়াল কমিশন, অর্থাৎ—ছইট্লী কমিশন লইয়া ১৯২৯ সালে শ্রমিকমহলে অত্যস্ত বাক্বিতগুণ হইয়াছিল। বামপদ্বীরা কমিশন বয়কট করিতে চাহিলেন। দক্ষিণপদ্বীরা সহযোগিতার পক্ষপাতী হইলেন। ইহার মধ্যে ব্যক্তিগত ব্যাপারও ছিল, কেন না দক্ষিণপদ্বী নেতাদের কমিশনের সদস্থপদ গ্রহণ করিবার জন্ম আহ্বান করা হইয়াছিল। অন্যান্ম ব্যাপারের মত এ ক্ষেত্রেও আমার সহায়ভুতি ছিল বামপদ্বীদের দিকে, বিশেষতঃ

## বটিকার পূর্বাভাব

জাতীয় কংগ্রেসও বর্জননীতিই গ্রহণ করিয়াছিলেন। যথন আমরা প্রত্যক সংঘর্ষমূলক কার্যাপদ্ধতি অবলম্বন করিতে যাইতেছি, তথন সরকারী কমিশনের সহযোগিতা করা হাস্তকর বলিয়াই মনে হইল।

নাগপুর শ্রমিক কংগ্রেদে হুইট্লী কমিশন বয়কট করার প্রশ্নই মুখ্য হইয়া উঠিল এবং এই বিষয়ে ও মত্তাত্ত বিষয়ে বামপদ্বীরাই জয়লাভ করিলেন। এই কংগ্রেসে আমি উল্লেখযোগ্য কোন কাল করি নাই। শ্রমিক আন্দোলনে আমি নবাগত এবং এখনও আমি ইহার আঁটঘাট বুঝিয়া উঠিতে পারি নাই বলিয়া সংকাচ অত্নভব করিলাম: সাধারণতঃ আমি অগ্রগামানেলের মহাকুলে মত প্রকাশ করিলেও কোন দলের সহিত যোগ দিয়া কান্ধ করিতে বিরত থাকিলাম এবং সভাপতির আসন হইতে নির্দেশ দিবার পরিবর্ত্তে আমি নিরপেক্ষ বক্তার ভূমিকা গ্রহণ করিলাম। আমি নিজ্ঞিয় দর্শকরপে দেখিলাম, শ্রমিক কংগ্রেস দিধাবিভক্ত হুইল এবং এক নৃত্ন মডারেট প্রতিষ্ঠান গঠিত হুইল। ব্যক্তিগতভাবে আমি দক্ষিণপন্থীদের নৃতন প্রতিষ্ঠান অযৌক্তিক বলিয়াই মনে করিলাম। কিন্তু বামপন্থী কয়েকজন নেতার জিদ এবং অপরকে বহিদ্ধৃত করিবার কৌশলের ফলেই ইহা সম্ভব হইল। এই উভয় পক্ষের কলহের মধ্যে মধ্যপদ্বীরা নিরুপায় হইয়া পড়িলেন। সম্ভবতঃ যোগ্য নেতা থাকিলে উভয় পক্ষকেই সংযক্ত করিয়া ঐ বিচ্ছেদ নিবারণ করিতে পারিতেন এবং যদি বিচ্ছেদও হইত তাহা হইলেও তাহা পরবর্তী শোচনীয় ঘটনাবলীতে প্র্যাবসিত হইত না।

ইহার ফলে শ্রমিক আন্দোলন যে প্রচণ্ড আঘাত পাইল, অত্যাপি তাহা সে কাটাইয়া উঠিতে পাছৰ নাই। গভর্ণমেণ্ট তথন অগ্রগামী দলের বিরুদ্ধে সংগ্রাম ঘোষণা করিয়াছেন এবং মীরাট মাদলা তাহার প্রথম ফল। সরকারী দমননীতি চলিল এবং মালিকেরাও সেই স্থযোগে নিজেদের ঘর সামলাইতে লাগিল। ১৯২৯-৩০-এর শীতকালে জগদ্বাপী অর্থস্কট দেখা দিল; ইহাতে ব্যাহত হইয়া এবং চারিদিক হইতে আক্রান্ত হইয়া টেড্ ইউনিয়নগুলি তুর্বল হইয়া পড়িল। শ্রমিকেরা অসহায় দর্শকের মত নিজেদের অবস্থার ক্রমাবনতি লক্ষ্য করিতে লাগিল। আগামী ত্ই-এক বংসরের মধ্যে শ্রমিক কংগ্রেস আরও বিচ্ছিন্ন হইল, একদল ক্মানিষ্ট বাহিরে চলিয়া গেল। এইরূপে তিনটি শ্রমিক প্রতিষ্ঠান দেখা দিল; মডারেট দল, মূল শ্রমিক কংগ্রেস ও ক্মানিষ্ট দল। কার্যাতঃ তিন দলই শক্তিহীন ও তুর্বল হইয়া পড়িল; এবং ইহাদের আত্মকলহের ফলে শ্রমিক সাধারণও বিরক্ত হইয়া উঠিল। ১৯৩০ হইতে আমি

#### ज्ञ अर्जनान (नर्ज

ইহার বাহিরে ছিলাম। কেন না ইহার পর অধিকাংশ সময় আমাকে কারাগারেই কাটাইতে হইয়াছে। আমার সংক্ষিপ্ত ও সাময়িক কারাম্জির সময় শুনিতে পাইতাম যে বিরোধ-মীমাংসার চেষ্টা হইডেছে। কিছ তাহা সফল হয় নাই।\* মডারেট ইউনিয়নগুলির সহিত রেলওয়ে শ্রমিকেরা যোগ দেওয়ায় উহা শক্তিশালী হইয়াছিল। অক্যান্ত দল অপেক্ষা এই দলের আরও হুয়োগ ছিল যে, গভর্ণমেণ্ট এই দলকে গ্রাহ্ম করিতেন এবং জেনেভার শ্রমিক সম্মেলনে এই দলের প্রস্থাবগুলি গ্রহণ করিতেন। জেনেভা যাইবার লোভে অনেক শ্রমিক নেতা স্ব স্ব ইউনিয়ন সহ এই দলে:যোগ দিয়াছিলেন।

পরবর্ত্তী চেট্টায় শ্রমিক ইউনিয়নগুলির মধ্যে এক্য স্থাপনের চেট্টা অধিকভয় কার্য্যকরী ইইয়াছিল এবং বর্ত্তমানে সকল দলই নহবোগিতার সহিত কার্য্য করিতেছে।

# স্বাধীনতা এবং তাহার পর

লাহোর কংগ্রেসের শ্বৃতি আমার চিত্তপটে উজ্জলব্ধপে জঙ্কিত রহিয়াছে। ইহা স্বাভাবিক। এথানে আমিই নায়কের ভূমিকায় অবতীর্ণ হইয়াছিলাম এবং সাময়িকভাবে রক্ষমঞ্চের কেন্দ্রন্থল আমিই অধিকার করিয়াছিলাম। ঐ কর্মব্যস্ত দিন কয়েকটির অপূর্ব্ব ভাবোন্মাদনা মাঝে মাঝে মনে পড়ে। লাহোরের অধিবাসীরা আমার অভ্যর্থনার জ্ঞু যে বিপুল আয়োজন করিয়াছিলেন, তাহার সমারোহ আন্তরিকতা আনন্দোচ্ছাদ আমি জীবনে ভূলিব না। আমি জানি, আমার ব্যক্তিত্বের জন্ম নহে, একটি আদর্শের প্রতীককে লক্ষ্য করিয়াই এই উৎসাহের উন্মাদনা; তথাপি কণকালের জন্ম অগণিত নরনারীর দৃষ্টিতে ও হারে সেই প্রতীকরপে গৃহীত হওয়া ব্যক্তির পক্ষেও কম কথা নহে। আসার মন আনন্দে আত্মহারা হইয়াছিল। কিন্তু যে বৃহৎ সম্প্রা স্মুখে, তাহার নিকট আমার ব্যক্তিগত মনোভাব অতি তুচ্ছ। গুরুষ ও গান্তীয়ভরা পারিপার্থিক আবহাওয়ায় যেন বজ্র ও বিদ্বাৎ স্তম্ভিত হইয়া আছে। এবার আমাদের সিদ্ধান্ত কেবল সমালোচনা নহে, প্রতিবাদ নহে, মত প্রকাশ নহে, এখন হইতে প্রত্যক্ষ সংঘর্ষের যে আহ্বান ধ্বনিত হইবে, তাহার ফলে সমস্ত দেশ আলোড়িত এবং লক্ষ লক্ষ নরনারীর জীবনে বিশাল বিপর্যায় উপস্থিত হইবে।

দ্র ভবিশ্বতে আমাদের ও দেশের ভাগ্যে কি আছে, কেহই ভবিশ্বদাণী করিতে পারে না। কিন্তু অদ্র ভবিশ্বং স্পষ্ট—সেধানে সংঘর্ষ এবং নিজেদের প্রিয়জনের তৃঃথভোগ। এই চিন্তায় আমাদের উৎসাহের উচ্ছােস প্রশাম্ভ হইল এবং আমাদের গুরুদায়িত্ব সম্পর্কে আমরা সচেতন হইয়া উঠিলাম। আমাদের প্রত্যেকটি ভোট হইবে <u>আরাম, আয়েস, পারিবারিক স্বথশান্তি ও বন্ধু সম্মেলনের বিদায় অভিনদ্দন এবং</u> নিঃসৃদ্ধ দিবার্মিরি, দৈহিক ও মানসিক যন্ত্রণার আমন্ত্রণালি ।

পূর্ণ স্বাধীন্তার মূল প্রস্তাব এবং স্বাধীনতা সংঘর্ষের কার্যপ্রপালী প্রায় সর্ব্ববাদীশমতরূপে গৃহীত হইল, কয়েক সহস্রের মধ্যে একশতেরও কম ব্যক্তি বির্দ্ধন্ধ ভোট দিয়াছিলেন। মূল প্রস্তাবের একটি অংশ লইয়া একটি

#### জওহরলাল নেহরু

সংশোধিত প্রস্তাবে প্রক্লত ভোট গ্রহণ করা হইয়াছিল। সংশোধক প্রস্তাবের পক্ষে ও বিপক্ষে ভোটসংখ্যা গণনা ও ঘোষণার পর উহা পরিত্যক্ত হইল। পরিশেষে ৩১শে ডিসেম্বর মধ্যরাত্রে পুরাতন বর্ষ শেষে, নব বর্ষারম্ভের মৃহূর্দ্তে, মূল প্রস্তাব গৃহীত হইয়াছে বলিয়া ঘোষণা করা হইল। ইহা যেন কাকতালীয়বং; কেন না কলিকাতা কংগ্রেসনির্দিষ্ট এক বংসর মৃময় ঠিক সেই মৃহূর্ত্তেই শেষ হইল এবং নৃতন সিদ্ধান্ত গ্রহণ করিয়া সংঘর্ষের আয়োজন আরম্ভ হইল। কর্মচক্র ঘূলিতে লাগিল; কিন্তু কখন, কি ভাবে, কোথায় আরম্ভ, তাহা আমরা অন্ধকারে তখনও ব্রিয়া উঠিতে পারিলাম না। সংঘর্ষের কার্যক্রম নির্দেশ করিবার ভার নিং ভাং রাষ্ট্রীয় সমিতির উপর অর্পিত হইল কিন্তু আমরা সকলেই ব্রিলাম, গান্ধিজীর উপরই সমস্ত নির্ভর করিতেছে।

লাহোর কংগ্রেসে পার্শ্বরী সীমান্ত প্রদেশ হইতে বহুসংখ্যক ব্যক্তি যোগদান করিয়াছিল। এই প্রদেশ হইতে অল্পবিন্তর প্রতিনিধি কংগ্রেসে যোগ দিতেন এবং কয়েক বংসর ধরিয়া থা আছল গফুর থা কংগ্রেসে আসিয়া আলোচনায় যোগ দিতেছিলেন। লাহোরেই প্রথম সীমান্ত প্রদেশের বহু যুবক নিখিল ভারতীয় রাজনীতির সংস্পর্শে আসিলেন। তাঁহাদের নবীন ও সতেজ মনে ইহা বেখাপাত করিল এবং স্বাধীনতা-সংগ্রামে সমন্ত ভারতবর্ষের সহিত ঐক্যবোধ এবং উৎসাহ লইয়া তাঁহারা ফিরিয়া গেলেন। ইহারা সরল ও কর্মকুশল; অক্যান্ত প্রদেশের লোক অপেক্ষা ইহারা কথাবার্ছা বাগবিত্তওা কম করেন। তাঁহারা ফিরিয়া গিয়া নৃতন ভাব প্রচার এবং জনসাধারণকে সংঘবদ্ধ করিতে প্রবৃত্ত হইলেন। তাঁহারা সাফল্যলাভ করিলেন। ভারতীয় স্বাধীনতা-সংগ্রামের নবাগত সৈনিকরপে সীমান্তের নবনারীরা ১৯৩০-এর সংঘর্ষে অন্যান্থারণ নৈপুয়া ও দক্ষতা প্রদর্শন করিয়াছিলেন।

লাহোর কংগ্রেসের অব্যবহিত পরেই মামার পিতা কংগ্রেসের নির্দেশাস্থসারে ব্যবস্থা পরিষদ ও প্রাদেশিক আইন সভাগুলির সদস্থপদে কংগ্রেসী সদস্যদিগকে ইন্তফা দিতে আহ্বান করিলেন। প্রায় সকলেই এই নির্দ্দেশাস্থসারে কার্য্য করিলেন, অতি অল্পসংখ্যক ব্যক্তিই নির্ব্বাচন-প্রতিশ্রুতি ভঙ্ক করিয়া পদত্যাগ করিতে অস্বীকার করিলেন।

ভবিশ্বং তথনও অনিশ্চিত। কংগ্রেসে উৎসাহ ও উদ্দীপনা সত্ত্বেও, দেশ কি ভাবে সাড়া দিবে সে সম্বন্ধে কাহারও কোন ধারণা ছিল না। আমরা ত তরী ডুবাইয়া দিয়া সম্মুধে চলিয়াছি, কিন্তু কোন্ অপরিচিত্ত

## স্বাধীনতা এবং ভাছার পর

অন্ধানা রাজ্যে, কে জানে! সংগ্রামের স্থচনার জ্বন্থ এবং দেশবাসীর মনোভাব ব্ঝিবার জ্বন্থ ২৬শে জাত্ময়ারী স্বাধীনতা দিবস নির্দিষ্ট হইল। স্থির হইল, ঐ দিবস দেশের সর্ব্বিত্র পূর্ণ শ্রাজ্য সঙ্কল্প গৃহীত হইবে।

আমাদের কার্য্যপদ্ধতি সম্পর্কে সন্দেহ সত্ত্বেও আশা ও উংনাহ লইয়া আমরা ঘটনার গতি নিরীক্ষণ করিতে লাগিলাম। জাহুয়ারী মাদের প্রথমভাগে আমি এলাহাবাদেই ছিলাম, পিতা বাহিরে ছিলেন্! এই সময় প্রতি বংসর মাঘ মেলা হয়, এ বংসর কুম্ভমেল। ছিল। লক্ষ লক নরনারী জলস্রোতের মত এলাহাবাদে—তীর্থযাত্রীদের ভাষায় পবিত্র প্রয়াগতীর্থে—আসিতে লাগিল। ইহাদের অধিকাংশই কৃষক, তাহা ছাডা শ্রমিক, দোকানদার, শিল্পী, ধনী, ব্যবসায়ী, বিভিন্ন বুত্তিজীবী—এককথায়, হিন্দু-ভারতের সর্ক:শ্রণীর সমাবেশ। অবিরত জনস্রোত যাইতেছে, আসিতেছে; দেখিতে দেখিতে আমি উন্মনা হইয়া ভাবিতাম— নিরুপদ্রব প্রতিরোধ অর্থাৎ শান্তিপূর্ণ প্রত্যক্ষ সংঘর্ষের আহ্বানে ইহারা কিরূপ সাড়া দিবে ! ইহাদের মধ্যে কয়জন লাহোর সিদ্ধান্ত জানে বা জানিবার আগ্রহ রাথে ? সহস্র সহস্র বংসর ধরিয়া অগণিত নরনারী ভারতের নানা প্রান্ত হইতে পবিত্র গঙ্গানীরে যে বিশ্বাস লইয়া অবগাহন করিতে আসিতেছে, তাহার কি আশ্র্যা শক্তি! এই অসামাত্ত শক্তির কিয়দংশ কি তাহারা নিজেদের রাজনৈতিক ও অর্থনৈতিক উন্নতির জন্ম নিয়োজিত করিতে পারে না? অথবা ইহাদের মন ধর্মের অন্তশাসন ও পরম্পরাগত আচারের জালে এমন ভাবে জড়াইয়া গিয়াছে যে সেখানে অন্ত চিন্তার ঠাই নাই!

অবশ্য আমি জানি, এ সকল চিন্তা তাহাদের চিত্তে উদয় হইতেছে এবং বহুযুগের প্রশাস্ত বারিধি উদ্বেলিত হইতেছে। এই সকল অস্পষ্ট ধারণা ও আশা আকাজ্রার ক্রিয়া প্রতিক্রিয়া হইতেই জনসাধারণ চঞ্চল হইয়া উঠিয়াছে এবং তাহারই ফলে গত দ্বাদশ বংসরের আলোড়নে ভারতবর্ষ ক্রত পরিবর্ত্তিত হইতেছে। নিশ্চয়ই ঐ সকল চিন্তা তাহাদের মনে আছে এবং তাহার পশ্চাতে স্পন্নী শক্তিও কার্য্য করিতেছে। তবুও সন্দেহ জাগে, প্রশ্ন উঠে; সহসা উত্তর খুজিয়া পাই না। এই সকল নৃতন ভাব কতটা বিস্তৃতি লাভ করিয়াছে? ইহাদের শক্তি কত, সংঘবদ্ধভাবে কার্য্য করিবার সামর্থ্য এবং সহুশক্তি কতথানি?

আমাদের বাড়ীতেও যাত্রীর ভীড় হইতে লাগিল। আমাদেব বাড়ীর অনতিদুরে ভরম্বাক্ত আশ্রম—অতি প্রাচীনকালের বিভায়তন। তীর্থযাত্রীরা

### अ अर्जनान (नर्ज

এই আশ্রম দেখিবার অবসরে প্রভাত হইতে সন্ধ্যা পর্যান্ত আমাদের বাড়ীতেও আসিত। আমার মনে হয়, তাহারা বিখ্যাত যে সকল ব্যক্তির নাম ভনিয়াছে, তাহাদের এবং কৌতূহলের বশবর্ত্তী হইয়া বিশেষভাবে আমার পিতাকে দেখিতে আদিত। ইহাদের মধ্যে অনেকেই রাজনীতির থেঁ।জ খবর রাখিত। ইহায়। কংগ্রেসের সিদ্ধান্তের কথা, ভবিশ্বং কার্য্যপ্রণালীর কথা জিজ্ঞাসা করিত। অনেকেই অর্থনৈতিক পীড়ন অমুভব করিতেছিল, তাহার! কি করিতে হইবে জানিবার আগ্রহ প্রকাশ করিত। আমাদের রাজনৈতিক ধ্বনিগুলি তাহাদের স্থপরিচিত এবং আমাদের বাড়ী অহোরাত্র দেই সকল চীংকারে প্রতিধ্বনিত হইত। সকাল হইতে আমি পচিশ, পঞ্চাশ অথবা একশ জনকে কিছু কিছু বলিতাম, এক দলের পর অপর দল; প্রভ্যেক দলের সম্মুথে কিছু বলা অসম্ভব হইয়া উঠিত। অবশেষে নীরবে প্রত্যেক নবাগত দলকে অভিবাদন ছাড়া আর কিছুই করিতে পারিতাম না। কিন্ত ইহারও সীমা আছে, অবশেষে আমি লুকাইয়া থাকিতে চেষ্টা করিতাম। কিন্তু নিফল চেষ্টা। জয়ধ্বনি ক্রমশঃ গ্রামে গ্রামে উঠিয়া উচ্চতর হইত, দর্শনার্থীরা বারানা ভরিয়া ফেলিত; প্রত্যেক দরজা জানালায় দশ-বার জোড়া তৃষিত চক্ষ্ উনুথ হইয়া থাকিত। এই অবস্থায় কথা বলা, থাওয়াদাওয়া করা, এমন कि, क्लान काछ कताई कठिन। इंश क्वितन मक्ष्ठ नरह, এक वित्रक्तिकत ঝকমারী। কিন্তু তথাপি তাহার। উজ্জ্ল ম্বেহার্ড দৃষ্টি মেলিয়। চাহিয়া থাকে ! পুরুষাত্মক্রমে বছকাল দারিদ্রা ও ছঃথে পিষ্ট হইয়াও, ইহাদের হৃদয় হইতে কুতজ্ঞতা ও প্রেম উথলিয়া উঠিতেছে; ইহারা সহাত্বভৃতি ও আদর ছাড়া কোন প্রতিদান চাহে না। এই অপরিমিত ভক্তি ভালবাসার সম্মুথে হানয় গ্রাপনা হইতেই সম্ভ্রমভরে নত হইয়া পডে।

এই সময় আমাদের এক প্রিয় বান্ধবী আমাদের আলয়ে আতিথ্য গ্রহণ করিয়াছিলেন, কিন্তু তাঁহার সহিত বসিয়া একটু আলাপ করিবারও সময় পাইতাম না। প্রতি চার পাঁচ মিনিট অন্তর আমাকে বাহিরে গিয়া জনতাকে ত্ই-চার কথা বলিতে হইত—আর জয়ধ্বনি ত সব সময় লাগিয়াই আছে। আমার বান্ধবী আমার এই অবস্থা দেখিয়া কৌতুক অন্তর্ভব করিতে লাগিলেন এবং ভাবিলেন, জনসাধারণের উপর আমার অসামান্ত প্রভাব। আসলে পিতার জন্ত ইহারা আসিতেছিল এবং পিতার অন্তপস্থিতির ফলেই আমাকে এই সঙ্গীতের সমুখীন হইতে হইতেছে। তিনি সহসা আমার দিকে চাহিয়া প্রশ্ন করিলেন, এই

## স্বাধীনতা এবং তাহার পর

বীরপূজা তোমার কেমন লাগিতেছে ? তোমার মনে কি অহন্ধার হইতেছে না ? আমি উত্তর দিতে ইতত্ততঃ করিতেছি দেখিরা তিনি সম্ভবতঃ ভাবিলেন, একান্ত ব্যক্তিগত প্রশ্ন বলিয়া অমি বিবৃত বোধ করিতেছি। তিনি ক্ষমা চাহিলেন। কিন্তু ভিনি আমাকে মোটেই বিবৃত করেন নাই। এরপ প্রশ্নের উত্তর দেওয়া কঠিন। আমার মন দূর-দ্রান্ত্রের চলিয়া গেল এবং নিজের মনোভাব আমি বিশ্লেষণ করিতে লাগিলাম। সত্যই আমার মনে বিমিশ্র ভাবের উদ্রেক হইয়াছিল।

ইহা সত্য যে, ঘটনাচক্রে আমি সাধারণের মধ্যে অনক্সনাধারণ জনপ্রিয়তা লাভ করিয়াছি। শিক্ষিত ব্যক্তিরা আমার অন্তরাগী: যুবক যুবতীদের নিকট আমি একজন বীর; তাহাদের দৃষ্টিতে আমার চারিদিকে 'রোমান্সের' পরিমণ্ডল। আমার নামে সঙ্গীত রচিত হইয়াছিল এবং হাস্থকর বীরত্ব-কাহিনী চারিদিকে ছড়াইয়া পড়িয়াছিল। এমন কি, আমার প্রতিপক্ষরা পর্যন্ত আমার প্রশংসা করিতেন এবং সহুদয় মুক্কীর মত আমার যোগ্যতা ও আয়ুবিশ্বাসের প্রশংসা করিতেন।

হয় মহা সাধু, নয় হৃদয়হীন দানব, ইহাতে অক্ষত ও অবিচলিত থাকিতে পারে; আমি ছুইয়ের কোনটাই নহি। ইহা আমার মস্তিঙ্গে উন্নাদনা সঞ্চার করিত এবং শক্তি ও আত্মবিশ্বাস জাগাইয়া তুলিত। আমি কাজে কর্মে (নিজেকে পরের দৃষ্টিতে দেখা সব সমন্ত্রই কঠিন) একটু 'ভিক্টের'-ধরণের প্রভূত্বপ্রমাসী হইয়া পড়িতেছি (আমার কল্পনা) বলিয়া মনে হইত। অথচ আমার অহত্কার দৃশ্যতঃ বাড়িয়াছিল, এমন भरत इस ना। आभात निरक्षत भक्ति महस्य आभात स्लेष्ट धात्रणा आह्य। এবং তাহা লইয়া আমি অনাবশুক বিনয় প্রকাশ করি না কিন্তু তাহা এমন কিছু অসাধারণ নহে এবং আমার তুর্বলতাগুলি সম্বন্ধেও আমি সর্বাদা সচেতন। আত্মাত্মসন্ধানের অভ্যাসের ফলেই সম্ভবতঃ আমার মাথা ঠিক থাকে এবং নিজের সম্বন্ধে অনেক ঘটনা আমি অনাসক্তের গ্রহণ করিতে পারি। জনসাধারণের কার্য্যে অভিজ্ঞতা হইতে আমি দেথিয়াছি জনপ্রিয়তা অবাঞ্দীয় লোকের হাতের পুতৃল মাত্র; নিশ্চয়ই কোন গুণ বা বৃদ্ধির নিদর্শন নহে। আমার অজ্ঞিত গুণের জন্তু, না, আমার হর্বলতাগুলির জন্ত আমি জনপ্রিয়! কেন আমার এই জনপ্রিয়তা ?

আমার বৃদ্ধি বা পাণ্ডিত্যের কোন বিশেষত্ব নাই এবং বৃদ্ধি বা পাণ্ডিত্য থাকিলেই যে জনপ্রিয় হওয়া যায়, এমন নহে। তথাকথিত ত্যাগের জন্মই যে আমি জনপ্রিয় তাহাও নহে। আমাদের সমসাময়িক

### जिख्यान जिस्क

কালেই ভারতবর্ষের শত সহস্র নরনারী কত বেশী ছংথ কট বরণ করিয়াছে, এমন কি আত্মত্যাগের শেষ দীমা পর্যন্ত গিয়াছে। আমার বীর্থ্যাতি সম্পূর্ণরূপেই ভূয়া, আমি নিজের মধ্যে বীর্ত্বের কোন চিহ্নই , দেখি না। এবং সাধারণতঃ বীরোচিত ভাবভঙ্গী এবং জীবনে বীর্ব্বের নাটকীয় আদবকায়দা আমার নিকট অত্যন্ত তুচ্ছ লঘুতা বলিয়াই মনে হয়। আর 'রোমান্দা'? সম্ভবতঃ আমি সর্বাধিক রোমান্দ-হীন ব্যক্তি। অবশ্য আমার দৈহিক ও মানসিক সাহদ আছে সত্য, কিন্তু তাহার ভিত্তি, সম্ভবতঃ ব্যক্তিগত, দলগত এবং জাতীয়তার অহন্ধার এবং ভয় দেখাইয়া বা জোর করিয়া কাজ করিতে বাধ্য হওয়ার প্রতি আমার অনিচ্ছা।

কিন্ত ইহাও আমার প্রশ্নের সত্তর নহে। তথন আমি অন্ত দিকে অনুসন্ধানে প্রবৃত্ত হইলাম। আমি দেখিলাম, আমার ও আমার পিতার সম্বন্ধে এই কাহিনীটি প্রচলিত আছে যে, আমরা প্রতি সপ্তাহে ভারত হইতে পারীর ধোবা বাড়ীতে কাপড় কাচিতে পাঠাইতাম। আমরা বারস্বার ইহার প্রতিবাদ করিয়াছি, কিন্তু কাহিনী মরে নাই। ইহা অপেক্ষা অসম্ভব ও অভুত কিছু কল্পনা করা যাইতে পারে কি-না জানি না। তবে যদি কেহ এত মূর্থ থাকে যে, এই শ্রেণীর বৈঠকী গাল-গল্প করিয়া অনাবশ্যক বাহাত্রী লয়, তাহা হইলে আমার মতে তাহাকে মূর্থোত্তম উপাধি দিয়া পুরস্কার দেওয়া উচিত।

এইরপ আর একটি গল্প পুন: পুন: প্রতিবাদ সত্ত্বেও এখনও চলিতেছে। স্কুলে, ইংলণ্ডের যুবরাজ নাকি আমার সহপাঠী ছিলেন। ১৯২১ সালে আমি যখন জেলে ছিলাম, তখন যুবরাজ ভারতে আসিয়া আমার সহিত দেখা করিতে চাহিয়াছিলেন, এমন একটা কথাও রটনা আছে। কিন্তু কার্য্যতঃ আমি তাঁহার সহপাঠীত ছিলামই না, এমন কি, তাঁহার সহিত আমার কখনও দেখা করার বা কথা বলার স্থ্যোগই হয় নাই।

একথা বলা আমার উদ্দেশ্য নহে যে, আমার যেটুকু খ্যাতি ব। জনপ্রিয়তা আছে, তাহার ভিত্তি এই শ্রেণীর কাহিনী। হয় ত তাহার ভিত্তি আরও দৃঢ়; কিন্তু উপরে এই শ্রেণীর আহাম্মকীর রং আছে; নতুবা এরপ গল্প স্বষ্টি হইত না। যাহাই হউক, অভিজ্ঞাত সমাজে মেলামেশা, অলস বিলাসের প্রাচুর্য্যের মধ্যে জীবন যাপন এবং পরে ঐগুলি সর্ব্বতোভাবে ত্যাগ;—এই ত্যাগের দ্বারা সহজেই ভারতীয় চিত্ত জন্ম করা যায়! কিন্তু খ্যাতির এই শ্রেণীর ভিত্তির উপর আমার অন্ত্রাগ নাই।

## স্বাধীনতা এবং তাহার পর

নেতিবাচক গুণ অপেকা ইতিবাচক কিয়াশাল গুণেরই আমি পক্ষপাতী।
ত্যাগের জন্মই ত্যাগ ও আত্মোংসর্গ, আমার ভাল লাগে না। অন্তদিক হইতে আমি ত্যাগ ও সংযমের উপকারিতা স্বীকার করি।
মানসিক ও আত্মোন্ধতি সাধনের জন্ম উহা অবশ্রক। বাায়ামবীর তাহার দেহ সবল ও ক্ষু রাখিবার জন্ম যেমন সাদাসিদে ও নিয়মিত জীবন যাপন করিয়া থাকে, ইহা কতকটা সেই শ্রেণার। ফাহারা ত্ঃসাধ্য সাধনে প্রবৃত্ত হয় তাহাদের কঠিন আঘাত সন্থ করিয়াও উদ্যমের সহিত কাজ করার শক্তি আবশ্রক। কিন্তু সন্ম্যাসীর মত জীবনকে অস্বীকার, আনন্দ ও ইন্দ্রিয়ের বিষয়াম্ভূতি সম্পর্কে আতঙ্ক ও কঠোরতার প্রতি আমার আকর্ষণ নাই, উহা আমার ভালও লাগে না। যাহন আমার কামনার বস্তু, তাহা কগনও ইচ্ছা করিয়া ত্যাগ করি নাই; কিন্তু কাম্য বস্তুরও পরিবর্ত্তন আছে।

কিন্তু ইহাতেও আমার বান্ধবীর প্রশ্নের উত্তর অসম্পূর্ণ রহিয়া গেল; জনতার এই বারপূজা দেখিয়া আমি গর্জ বোধ করি কি-না? আমার ইহা ভাল লাগে না, দূরে পলাইয়া যাইতে ইচ্ছা হয়; তবু ইহাতে আমি অভ্যন্ত হইয়া উঠিয়াছি। এই সম্মান না পাইলে অভাবও বোধ হয়। কোন দিকেই পূর্ণ তৃপ্তি পাই না; তবে মোটের উপর জনতা আমার মনের গভীর ফাঁক পূর্ণ করিয়াছে। আমি জনতাকে নৃগ্ধ করিয়া ইচ্ছামত অপুলী হেলনে চালিত করিতে পারি; এই ধারণা হইতে তাহাদের মন ও হৃদয়ের উপর আমার প্রভূতবোধ জাগ্রত হইয়াছে; এবং ইহাতে আমার শক্তিলাভের আকাক্ষা কতকাংশে চরিতার্থ হয়। অন্তদিকে তাহারাও আমার উপর স্কলভাবে অত্যাচার করে। আমার প্রতি তাহাদের বিশ্বাস, নির্ভরতা ও ভালবাসায় আমার মর্শ্বন্থল আলোড়িত হইয়া উঠে এবং উদ্বেলিত ভাবাবেগ তাহাদের প্রতি উচ্ছুসিতভাবে ছুটিয়া যায়। আমি ব্যক্তি-স্বাতন্ত্র্যবাদী; কিন্তু সময় সময় আমার বাক্তিত্বের বাঁধ গুলিয়া ধ্বসিয়া পড়ে, মনে হয়, আত্মরক্ষা অপেক্ষা ইহাদের দহিত মিলিত হইয়া অভিশপ্ত জীবন যাপন করাও শ্রেয়। কিন্তু ব্যবধান একেবারে বিলুপ্ত হয় না, দূর হইতে অমুসন্ধিৎস্থ দৃষ্টি লইয়া আমি যে দৃশ্ত দেখি, ভাহার মর্ম সম্যক ব্রিতে পারি না।

আত্মাভিমান অনেকটা মেদ রোগের মত; অজ্ঞাতসারে ইহা স্তরে স্তরে বৃদ্ধি পায় এবং প্রাত্যহিক বৃদ্ধি কেহ বৃদ্ধিতেও পারে না। সৌভাগ্যক্রমে এই উন্মন্ত জগতের কঠিন আঘাতে ইহা নত হয়; কখনও বা একেবারেই ধরাশায়ী হয় এবং অধুনা ভারতবর্ষে আমাদের জক্ত

## অওহরলাল নেহক

এইরূপ কঠিন আঘাতের অভাব নাই। আমাদের পক্ষে জীবনের এই শিক্ষাগার অতি কঠিন স্থান, আর দুঃখ অতি নির্মাম শিক্ষক।

আমার আরও দৌভাগ্য যে আমার পরিজনবর্গ বন্ধু ও সহকর্মীরা ব আমাকে যথাস্থানে রাথিয়াই ব্যবহার করিতেন এবং আমার মাথা গরম করিয়া দিতেন না। জ্নসভা, অভার্থনা সভা, মিউনিসিপালিটি, লোকাল-বোর্ড ও অমুরূপ প্রতিষ্ঠান হইতে অভিনন্দনপত্র দান প্রভৃতি ব্যাপারে আমার মন্তিদ্ধ ক্লান্ত এবং রসবোধ শুকাইয়া ওঠে। আলম্বারিক ভাষায় অসম্ভব অতিশয়োক্তি শুনিয়া এবং চারিদিকে ভদ্রমহোদয়গণের গম্ভীর ও অমায়িক মৃত্তি দেখিয়া আমার পক্ষে হাসি চাপিয়া রাখা দায় হইয়া উঠিত, জিভ বাহির করিয়া ভ্যাংচাইলে অথবা সভাস্থলে ডিগ্রাজী থাইলে এই সকল সভা ভবা ভদ্রমহোদয়গণের কি অবস্থা হয়, তাহা দেখিয়া আমোদ উপভোগের ইচ্ছা হইত। সৌভাগ্যক্রমে আমার খ্যাতি এবং ভারতের রাষ্ট্রীয় আন্দোলনে আমার দায়িত্ব করিয়া এই সকল উন্মন্ত আকাজ্জা আনি দমন করিয়া বাহিরে শিষ্ট ব্যবহার করিতাম। কিন্তু সব সময় পারিতাম না। জনবছল সভায় বিশেষতঃ শোভাযাত্রায় সময় সময় সহ করিতে আমি উষ্ণ হইয়া উঠি। আমাদের সন্মানের জন্ম নির্দিষ্ট শোভাযাত্রা হইতে আমি অলক্ষ্যে সরিয়া জনতার ভীড়ে মিশিয়া পড়ি, আমার স্ত্রী অপর কেহ আমার স্থলে গাড়ীতে কিম্ব। মোটরে বসিয়া শোভাযাতার সৃহিত গুমুন করেন।

সদা সর্ব্বদাই নিজের মনের ভাব চাপিয়া রাথিয়া সাধারণের সম্পুথে অমায়িক হওয়ার ত্থে অনেক, ফলে সভাসমিতিতে মৃথভাব প্রায়ই বিরক্তিপূর্ণ ও গন্তীর দেথায়। সম্ভবতঃ এই কারণে কোন হিন্দু মাসিক পত্রিকায় আমার সম্বন্ধে লেখা হইয়াছিল মে, আমি দেখিতে অনেকটা হিন্দু বিধবার মত। প্রাচীন ধরণের হিন্দু বিধবারের প্রতি আমার যথেষ্ট শ্রদ্ধান সম্ভেও এই মন্থবের আমি আহত হইয়াছিলাম। লেথক সম্ভবতঃ আমাকে প্রশংসা করিবার জন্মই তাঁহার মন্মত কতকগুলি গুণ আমাতে আরোপ করিতে চাহিয়াছিলেন, অর্থাৎ আমি যেন তাগে ও আত্মবিলোপের প্রতীক এবং হাস্তলেশহীন কর্ত্তব্যপরায়ণতার আদর্শ। কিন্তু আমার বিশ্বাস, আমার এবং আমার মনে হয় হিন্দু বিধবাদেরও অনেক ব্যক্তিস্বাতন্ত্রাদীপ্ত গুণ, কর্মপ্রবণতা ও হাস্তপরিহাসের শক্তি আছে। গান্ধিনী একবার একজনকে বলিয়াছিলেন, যদি তাঁহার হাস্তপরিহাসের শক্তি না থাকিত, তাহা হইলে তিনি আত্মহত্যা বা ঐরূপ কিছু করিতেন। আমার অতদূর যাইবার ইচ্ছা

## স্বাদীনতা এবং ভাহার পর

না থাকিলেও একথা বলিতে পারি যে, যদি লোকে হাস্তপরিহাস ও লঘু আমোদ না করিত, তাহা হইলে আমার নিকট জীবন নীরস ও অসহ হইয়া উঠিত সন্দেহ নাই।

আমার জনপ্রিয়তা এবং আলঙ্কারিক ভাষায় শন্ধাড়ম্বরপূর্ণ অভিনন্দন-পত্র (অভিনন্দনে অত্যুক্তি ও অভিশয়েক্তি করা ভারতের প্রথা) গুলি লইয়া আমার পরিবারবর্গ ও অন্তরন্ধ বন্ধুরা মাঝে মাঝে পরিহাস করিয়া তুমুল হাস্পরোল তুলিতেন। আমাদের জাতীয় আন্দোলনের ভাষায় সচরাচর ব্যবহৃত বড় বড় বুলি ও বিশেষণ এবং উপাধিগুলি, অভিনন্দন-পত্র হইতে বাছিয়া লইয়া আমার স্ত্রী, ভগ্নীরা এবং অক্যান্ত সকলে ব্যঙ্গ তাচ্ছিল্যের স্থরে পরিহাস করিতেন। প্রায়ই আমাকে 'ভারত-ভূষণ' 'ত্যাগমুত্তি' প্রভৃতি উপাধিতে ভূষিত করা হইত, সভার ক্লান্তির শেষে ঐ গুলি লইয়া বাড়ীতে হাস্থ পরিহাসে আমার হৃদয়ের ভার লঘু হইয়া যাইত, এমন কি, আমার ছোট মেয়েটি পর্যান্ত এই ব্যাপারে যোগ দিত। কেবল আমার মাতা ঐগুলি শ্রন্ধার সহিত বিশ্বাস করিবার জন্ত জিদ করিতেন এবং তাঁহার আদরের পুত্রকে লইয়া এইরূপ রঙ্গ পরিহাস তিনি সন্থ করিতেন না। পিতা আমোদ বোধ করিতেন। আমার প্রতি তাঁহার সহায়ভূতি ও স্থগভীর স্বেহ প্রকাশ করিবার এক প্রশান্ত ভঙ্গী ছিল।

কিন্তু জনতার জয়ধ্বনি, বিরস ও ক্লান্তিকর অভিনন্দন-সভা প্রভৃতি, তর্ক যুক্তি, রাজনীতির ধূলি ধূম আমাকে বাহির হইতে স্পর্ণ করিত মাত্র—ইহা কদাচিং তীত্র ও তীক্ষ হইত। প্রকৃত দ্বন্দ চলিত আমার মনে—আদর্শের সংঘাত, কামনা ও আফুগত্যের সংঘাত, সচেতন অন্তঃপ্রকৃতির সহিত বাহ্য পারিপাশ্বিক অবস্থার বিরামহীন সংগ্রাম, এবং তাহার মধ্যে অন্তরের অত্প্র ক্ষা। আমার মনের মধ্যে যেন একটা যুদ্ধক্ষেত্র এবং বিভিন্ন শক্তি পরস্পারকে পরাহত করিয়া প্রভৃত্ব স্থাপনপ্রয়াসী। ইহা হইতে পরিত্রাণের জন্ম মন উন্মৃথ হইত; সামগ্ধশ্ম ও সমন্বয়ের জন্ম আমি উদ্গ্রীব হইতাম এবং এই চেষ্টার ফলেই নিজকে কর্ম্মের মধ্যে ত্বাইয়া দিতাম। কর্মক্ষেত্রে কিছু শান্তি পাই। বাহিরের সংগ্রামে, ভিতরের সংগ্র্য কতকটা প্রশমিত হয়।

নিস্তব্ধ কারাগৃহে বসিয়া কেন এ সকল কথা লিখিতেছি? কি বাহিরে, কি কারাগারে, ঈলিতের আকাজ্জা সমানই রহিয়াছে: শাস্তি ও মানসিক আরাম লাভের আশায় আমি আমার অতীত মনোভাব ও অভিজ্ঞতা লিখিতে বাসয়াছি!

# আইন অমান্সের সূচনা

১৯০০-এর ২৬শে জাত্মারী স্বাধীনতা দিবস আসিল। বিত্যুৎচমকের মত জামরা দেশের আগ্রহ ও উদ্দীপনা দেখিতে পাইলাম। সর্ব্বত্র বৃহৎ জনতা নিশুদ্ধ গান্তীর্যুপূর্ণ, স্বাধীনতার সঙ্গল্পবাক্য \* উচ্চারণ করিতেছে, সে এক মহান দৃষ্ঠ। সেথানে কোন বক্তৃতা নাই, অফুরোধ উপরোধ নাই। এই অফুষ্ঠান হইতে গান্ধিজী প্রেরণা লাভ করিলেন এবং দেশের নাড়ীর গতি সম্পর্কে অভিজ্ঞতা হইতে তিনি বৃঝিলেন, কার্য্য করার সময় উপস্থিত। রঙ্গমঞ্চে ঘটনার ক্রত সমাবেশে মহানাট্য জমিয়া উঠিল।

আইন অমান্ত আন্দোলনের স্ট্রনায় দেশের আকাশ রোমাঞ্চিত।
মনে পড়িল ১৯২১-২২-এর আন্দোলন এবং চাওরী-চাওরার পর তাহার
আকন্মিক পরিসমাপ্তি! দেশ এখন অধিকতর সংহত ও শৃঙ্খলাবদ্ধ এবং
এই শ্রেণীর সংঘর্ষ সম্পর্কে ধারণাও পূর্ব্বাপেক্ষা অধিকতর স্পষ্ট। সংঘর্ষের
কৌশল সম্পর্কে সকলের একটা মোটামুটি ধারণা থাকিলেও গান্ধিজী
প্রত্যেককে অহিংসার মর্ম্মকথা অধিকতর পূর্ণভাবে উপলব্ধি করিবার জ্বন্ত
আগ্রহ প্রকাশ করিলেন। কিন্তু দশ বংসর পূর্ব্বের কথা অনেকেরই মনে
পড়িল। এত সাবধানতা সন্ত্বেও যে স্বাভাবিকভাবে অথবা কোন
বড়মন্ত্রের ফলে কোথাও হিংসামূলক কার্য্যের অনুষ্ঠান হইবে না, তাহার
নিশ্চয়তা কি? যদি এইরূপ ঘটনা ঘটে, তবে আমাদের আইন অমান্ত
আন্দোলনের কি হইবে? পূর্ব্বের মত আবার কি আকন্মিকভাবে
আন্দোলন স্থগিত থাকিবে? এরূপ সন্ভাবনা কত নৈরাশুজনক।

গান্ধিজী সম্ভবতঃ তাঁহার স্বকীয় ভাবে এই প্রশ্ন চিন্তা করিতেছিলেন এবং তাঁহার সাময়িক কথাবার্তা হইতে তিনি যে এই সমস্থা লইয়া বিব্রত তাহাও বুঝিতাম; তাঁহার মনোভাব আমার ভাষায় লিখিতেছি।

তাঁহার মতে, কোন অভায়ের প্রতিকার অথবা কল্যাণ-সাধনের জন্ত অহিংসাই একমাত্র সত্যপথ এবং সম্যকভাবে প্রযুক্ত হইলে ইহা অব্যর্থ। তাহা হইলে প্রশ্ন উঠে, ইহার পরিচালন ও সাফল্যের জন্ত বিশেষ অঞ্কুল

পরিশিষ্ট ক্রষ্টব্য।

## আইন অমাজ্যের সূচনা

ক্ষেত্র আবশ্রক। কিছু যদি বাহিরের অবস্থা ইহার অন্ত্র্কুল না হয় তাহা হইলে কি ইহা প্রয়োগ করা উচিত নহে ? ইহার উত্তরে এই সিদ্ধান্ত করিতে হয় যে, সমস্ত ক্ষেত্রই অহিংস উপায় প্রয়োগের শোগ্য নহে এবং ইহা সর্বজনীন বা অব্যর্থ উপায়ক নহে। কিছু গান্ধিজী এই সিদ্ধান্ত কিছুতেই গ্রহণ করেন না। তাঁহার দৃঢ় বিশ্বাস, ইহা সর্বত্র সমানভাবে প্রযোজ্য এবং ইহা অব্যর্থ। অতএব প্রতিকৃল অবস্থা, এমন কি, হিংসাপূর্ণ সংঘর্ষের মধ্যেও এই উপায়ে কার্য্য করা যাইতে পারে। অবস্থাবিশেষে ইহার প্রয়োগকৌশলের অদল-বদল হইতে পারে; কিন্তু ইহা প্রত্যাহার করিলে তাহা ব্যর্থতা স্বীকারেরই নামান্তর মাত্র।

সম্ভবত: এইভাবে তিনি চিন্তা করিয়াছিলেন, কিন্তু আমি তাহা নিশ্চিত করিয়া বলিতে পারি না। তিনি আমাদিগকে এইটুকু ব্ঝিবার অবসর দিলেন যে, তাঁহার মতের কিঞ্চিং পরিবর্ত্তন হইয়াছে এবং স্থানবিশেষে আকস্মিক হিংসার জন্ম আইন অমান্য আন্দোলন প্রত্যাহার করিবার প্রয়োজন নাই। এই আখাসে আমরা অনেকে সন্তুই হইয়াছিলাম। কিন্তু স্ক্রাপেক্ষা বৃহং প্রশ্ন—কেমন করিয়া? আমরা কি ভাবে আরম্ভ করিব? কি উপায়ে ইহা কার্য্যকরী অবস্থার উপযোগী এবং জনপ্রিয় হইবে? সেইঙ্কিত দিলেন,—মহান্মা!

সহসা লবণ শব্দটি অপূর্ব্ব রহস্ত ও শক্তিতে মণ্ডিত হইল। লবণকরকে আক্রমণ করিতে হইবে, লবণ আইন ভঙ্গ করিতে হইবে। আমরা হতভঙ্গ হইলাম। জাতীয় সংঘর্ষের সহিত অতি সাধারণ লবণের সম্পর্ক বৃষিয়া উঠিতে পারিলাম মা। গান্ধিজী 'এগার দফা দাবী' ঘোষণা করায় আরও বিশ্বয় বাড়িয়া গেল। যদিও প্রস্তাবগুলি ভাল সন্দেহ নাই, তথাপি যথন আমরা পূর্ণ স্বাধীনতার কথা বলিতেছি, তথন রাজনৈতিক ও সামাজিক সংস্কারমূলক কতকগুলি প্রস্তাবের স্বার্থকতা কি? পূর্ণ স্বাধীনতা বলিতে আমরা ঘাহা বৃষ্ধি, গান্ধিজীও কি তাহাই বৃষ্ধেন, অথবা আমাদের বলিবার ভাষা স্বতন্ত্র ? ঘটনার রথচক্র চলিতে লাগিল, তর্ক করার অবসর রহিল না। ভারতে রাজনৈতিক ঘটনা-প্রবাহ আমাদের চক্র সম্মুথে আবর্ত্তিত হইতে লাগিল; কিছ তথনও আমরা বৃষ্ধিতে পারি নাই, জগদ্বাপী এক ভয়াবহ অর্থসন্কটে ও ব্যবসা-বাণিজ্যের মন্দা ঘনাইয়া আসিতেছে। নগরবাসীরা ইহাতে প্রাচুর্য্যের দিন ফিরিয়া আসিতেছে মনে করিয়া আনন্দিত হইল, কিছ পন্ধীবাসী কৃষক ও রায়তের। শস্তমূল্য হ্রাসের সম্ভাবনায় প্রমাদ গণিল।

তারপর গান্ধিজীর সহিত বড়লাটের পত্রবিনিময় হইল এবং স্বর্মতী আন্ত্রম হইতে ডাণ্ডী অভিযান আরম্ভ হইল। দিনের পর দিন এই

#### অওহরলাল নেহক

ভীর্ষাত্রীদের অগ্রসর জনসাধারণ উৎস্ক দৃষ্টিতে দেখিতে লাগিল এবং দেশব্যাপী উৎসাহানল প্রদীপ্ত হইতে লাগিল। আসদ্ধ আন্দোলন পরিচালনার চূড়াস্ক ব্যবস্থা করিবার জন্ম আহম্মদাবাদে নিঃ ভাঃ রাষ্ট্রীয় সমিতির অধিবেশন বসিল। আন্দোলনের নেতা অন্থপস্থিত, তিনি ভীর্ষাত্রীদের লইয়া সম্ক্রতীরে চলিয়াছেন এবং ফিরিয়া আসিতে অস্থীকৃত হইলেন। সকলে গ্রেফ্ তার হইবার সম্ভাবনায় সভায় স্থির হইল, কমিটির সমস্ত ক্ষমতা সভাপতির থাকিবে, তিনি কার্য্যকরী সমিতির শৃশ্মপদে অপরকে মনোনীত করিবেন এবং তিনি স্বয়ং গ্রেফ্ তার হইলে পরবর্ত্তী সভাপতি মনোনীত করিয়া যাইবেন, তাঁহারও অন্থরপ ক্ষমতা থাকিবে। প্রাদেশিক ও স্থানীয় কংগ্রেসকমিটিগুলিকেও অন্থরপ ক্ষমতা দেওয়া হইল।

এইভাবে তথাকথিত 'ডিক্টেটরদের' রাজত্ব চলিল এবং ইহারা कः धारमञ्ज भक्ष इटेरा चारमानन भित्रानन कतिराज नाभिरानन। ভারত সচিব, বড়লাট ও গভর্ণরগণ ছুই হাত উর্দ্ধে তুলিয়া শঙ্কিড তারস্বরে ঘোষণা করিতে লাগিলেন, কংগ্রেসের কি ভয়রুর ও শোচনীয় অধংপতন হইয়াছে, ইহা ডিক্টেটরিত্বে বিশাস করে। অথচ তাঁহারা নিজেরাও ডিক্টেরীর অম্বরক্ত ভক্ত। এমন কি, ভারতের মডারেট সংবাদপত্র-গুলিও আমাদিগকে গণতন্ত্রের তত্তকথা গুনাইতে লাগিলেন। আমরা নীরবে (কেন না কারাগারে) বিশ্বয়ের সহিত ঐ সকল উপদেশ শুনিতে লাগিলাম। নিম্নজ্জ ভণ্ডামীর চূড়ান্ত নিদর্শন! সমস্ত প্রকার ব্যক্তি-স্বাধীনতা দমন করিয়া অভিন্তান্সীয় আইন দ্বারা ডিক্টেটরী নীতিতে বলপূর্বক ভারতবর্ষকে শাসন করা হইতেছে অথচ আমাদের শাসকবর্গই মোলায়েম গণতন্ত্রের দোহাই দিতেছেন! এমন কি, সাধারণ অবস্থাতেই ভারতে গণতত্ত্বের ছায়া কোথায় ? ব্রিটিশ গভর্ণনেন্টের পক্ষে প্রভুত্ব ও কায়েমী স্বার্থ রক্ষা করা এবং তাঁহাদের প্রভূত্ব সম্পর্কে যাহারা প্রশ্ন করে, তাহাদের দমন করা স্বাভাবিক, কিন্তু এই দকল ব্যবস্থাকে গণ্তান্ত্রিক উপায় বলিয়া তাঁহারা যে দাবী করেন, তাহা ভবিয়াছংশধরদের চিম্ভা ও প্রশংসার জন্ম লিপিবদ্ধ করিয়া রাখা কর্ত্তব্য।

এমন অবস্থা শীঘ্রই আসিবে, যথন কংগ্রেসের পক্ষে স্থাভাবিক ভাবে কার্য্য করা সম্ভবপর হইবে না। ইহাকে বে-আইনী প্রতিষ্ঠান বলিয়া ঘোষণা করা হইবে; কোন পরামর্শ বা কার্য্যের জন্য কমিটির গোপনে ব্যতীত মিলিত হওয়া অসম্ভব হইবে। আমরা গোপনতার পক্ষপাতী ছিলাম না। আমরা জনসাধারণের উপর প্রভাব প্রতিপত্তি রক্ষার জন্য প্রকাশ্য সংঘর্ষই স্থির করিয়াছিলাম। গোপন উপায়ে বেশী দূর অগ্রসর হওয়া সম্ভবপর

# আইন অমাজের সূচনা

हिन ना। क्टिसेय कः धारमज, श्रामिक ও जिना कः धारमज श्रधान व्यथान नत-नातीता व्यनिकित्वास्य व्यक्षात रहेतन हेहा निकित्व। তथन मः पर्व পরিচালন করিবে কাহারা? আমাদের সমুখে একটি পথ খোলা ছিল। যুদ্ধরত সৈতদলের কেহ অক্ষম বা আহত হইলে যেমন নৃতন লোক তাহাদের স্থান পূরণ কবে; আমাদেরও সেই রকম ব্যবস্থা করিতে হইবে, যুদ্ধক্ষেত্রে বসিয়া আমরা কমিটির সভা করিতে পারি না। ঐরপ করিয়াও দেখিয়াছি, তাহার উদ্দেশ্য ও ফল এই দাঁড়ায় যে, সকলে মিলিয়া গ্রেফ্তার হইতে হয়। সৈত্তদলের পশ্চাদ্ভাগে নিরাপদ স্থানে বসিয়া শামরিক কর্তারা অথবা ততোধিক নিরাপদ স্থানে অসামরিক মন্ত্রিমণ্ডল বিসিয়া পরামর্শ ও পরিচালনা করিতেছেন, আমাদের এ স্থবিধাও ছিল না। আমাদের যুদ্ধের নীতি অনুসারে দেনাপতি ও সচিবমণ্ডলীই থাকেন পুরোভাগে এবং এদ্বের প্রারম্ভে তাঁহারাই সর্বাগ্রে গ্রেফ্তার হন। এক্ষেত্রে আমর। 'ডিক্টেটর'দের কতথানি ক্ষমতা দিয়াছিলাম ? তাঁহারা সংগ্রাম পরিচালনায় জাতীয় দৃঢ়সঙ্করের প্রতীকরপে পরিণত হইবার সন্মান লাভ করিতেন। কিন্তু কার্য্যতঃ তাঁহাদের ডিক্টেটরী ক্ষমতা নিজেদের কারাগারে প্রেরণ করিবার ক্ষমতাতেই পর্যাবসিত हिल। यथान বহি:শক্তির প্রভাবে কমিটির সভা অসম্ভব হইত, সেইখানেই কমিটির প্রতিনিধিরপে 'ডিক্টের' কার্য্য করিতেন; কিন্তু যথন যেখানে কমিটির অধিবেশন সম্ভবপর হইত, সেখানে ডিক্টেটরের কোন কর্তৃত্ব থাকিত না। তাঁহাদের মূলনীতি বা সমস্থায় হন্তক্ষেপ করিবার কোন ক্ষমতা ছিল না; আন্দোলন পরিচালনের ছোটখাট ব্যাপারগুলিই 'ভিক্টেটরেরা' নিয়ন্ত্রণ করিতে পারিতেন। কংগ্রেসের 'ডিক্টেটরশিপ' কার্য্যতঃ যাইবার সোপান মাত্র ছিল; এবং দিনের পর দিন এই ভাবে একজনের স্থান অপরে গ্রহণ করিত।

অতএব এইভাবে ব্যবস্থা করিয়া আমরা আহাম্মদাবাদে নিঃ ভাং রাষ্ট্রীয় সমিতির সহকর্মীদের নিকট বিদায় লইলাম। কে জানে, কবে কোথায় কাহার সহিত কি ভাবে দেখা হইবে, হয়ত বা আমরা আর একত্র মিলিবই না। আমরা তাড়াতাড়ি নিজ নিজ স্থানে ফিরিয়া আদিয়া নিঃ ভাঃ রাষ্ট্রীয় সমিতির নির্দ্দেশাস্থায়ী স্থানীয় ব্যবস্থা করিতে লাগিলাম এবং সরোজিনী নাইভুর ভাষায় জেলে যাইবার জন্ম দাঁতন হাতে করিয়া বিদিয়া রহিলাম।

ফিরিবার পথে আমি ও পিতা গান্ধিজীর সহিত দেখা করিলাম। জামুসারে তিনি ও তাঁহার দলবলের সহিত আমরা কয়েক ঘণ্টা ছিলাম।

### छ अङ्ग्रलान (नर्ज

ভিনি লবণসমূদ্র লক্ষ্য করিয়া তাঁহার পরবর্ত্তী গস্তব্যস্থলে যাত্রা করিলেন। এবারের মত তাঁহার সহিত এই শেষ দেখা! যষ্টিহন্তে সকলের পুরোভাগে তিনি দৃঢ় পদক্ষেপে অগ্রসর হইতেছেন—তাঁহার মুখমওল নির্ভীক প্রশাস্ত। কি মহিমময় দৃশ্র !

জাম্পারে গান্ধিজীর সহিত পরামর্শ করিয়া আমার পিতা স্থির করিলেন তাঁহার এলাহাবাদের ভবন দেশের নামে উৎসর্গ করিবেন এবং উহার নৃতন নাম রাখিবেন স্বরাজ ভবন। এলাহাবাদে ফিরিয়া আসিয়াই তিনি এই সঙ্কল্প ঘোষণা করিলেন এবং কংগ্রেস কর্ম্মীদিগের হাতে উহা অর্পণ করিলেন। এই বৃহৎ ভবনের একাংশে হাসপাতাল স্থাপিত হইল। তখন তিনি আইনতঃ এই কার্য্য করিয়া যাইতে পারেন নাই, দেড়বংসর পরে আমি তাঁহার অভিপ্রায়ামুযায়ী উপযুক্ত দলিল সম্পাদন করিয়া অছিদের হাতে উহা অর্পণ করিয়াছি।

এপ্রিল আসিল, গান্ধিজী ক্রমশঃ সমৃদ্রের নিকটবর্ত্তী হইতেছেন, আমরা লবণ আইন ভাঙ্গিয়া আইন অমান্তের জন্ত আদেশের প্রতীক্ষা করিতেছি। এই কয়মাস আমাদের স্বেচ্ছাসেবকেরা কুচকাওয়াজ করিতেছিল এবং কমলা ও কৃষ্ণা (আমার স্ত্রী ও ভগ্নী) এজন্ত প্রুষরের পোষাক পরিয়া ইহাদের দলে যোগ দিয়াছিল। স্বেচ্ছাসেবকদের হাতে কোনও অস্ত্র, এমন কি কোন লাঠিও ছিল না। যাহাতে তাহারা অধিকতর কার্য্যকৃশল হয় এবং বৃহৎ জনতা নিয়ন্ত্রিত করিতে পারে, শিক্ষাদানের তাহাই উদ্দেশ্ত ছিল। ৬ই এপ্রিল জাতীয় সপ্তাহের প্রথম দিবদ, সত্যাগ্রহ হইতে জালিয়ানওয়ালাবাগ—১৯১৯-এর সেই স্কৃতি স্বরণ করিয়া বাৎসরিক অনুষ্ঠান হইয়া থাকে। গান্ধিজী এ দিবস ডাণ্ডির বেলাভূমিতে লবণ আইন ভঙ্ক করিলেন। তিন-চারি দিন পরে সমস্ত কংগ্রেস প্রতিষ্ঠানগুলিকে স্ব স্থ এলাকায় ঐরপ করিবার নির্দ্দেশ দিয়া আইন অমান্ত আন্দোলন আরম্ভ করিতে বলা হইল।

মনে হইল যেন বাঁধ ভাঙ্গিয়া অকুসাং বন্থার জল আসিয়াছে। দেশের সর্ব্বরে, প্রতি পল্লী-নগরীতে লবণ তৈয়ারীর কথা আলোচিত হইতে লাগিল, এবং লবণ তৈয়ারীর নানারপ অন্তুত উপায় আবিষ্কৃত হইতে লাগিল। আমরা এ বিষয়ে অল্লই জানিতাম, পুঁথিপত্র খুঁজিয়া কিছু আবিষ্কার করা গেল। লবণ তৈয়ারীর নিয়ম ছাপাইয়া বিজ্ঞাপন প্রচার করা হইল। আমরা হাঁড়ি কড়াই সংগ্রহ করিয়া অনেক কটে লবণের মত একরকম পদার্থ তৈয়ারী করিলাম। ভাহাতেই কত আনন্দ। এবং উহাই উচ্চ মূল্যে কেরী করিয়া বিক্রয় হইতে লাগিল। লবণ ভাল হউক মন্দ হউক, কিছু

## আইন অমাজ্যের সূচনা

याग्र जारम ना, निन्मनीय नवन जारेन उन कड़ारे अधान कथा। आभारमञ्ज नवन ধারাপ হইলেও উদ্দেশ্য সিদ্ধ হইয়াছিল। লবণ তৈয়ারী দাবানলের মত চারিদিকে ছড়াইয়া পড়িল, জুনসাধারণের উৎসাহে⊹ অন্ত রহিল না। গান্ধিজী যথন প্রথম এই প্রস্তাব করেন, তথন তাঁহার কার্যাকারিতা সম্বন্ধে প্রশ্ন করিয়াছিলাম বলিয়া লজ্জা ও কুণ্ঠা অমূভব করিলাম। এই মহুষাটির জনসাধারণকে উদ্বন্ধ করিয়া শৃত্থলিতভাবে কার্ণ্যে নিয়োগ করিবার কি আশ্র্যা শক্তি, আমর। বিশ্বিত হইয়া তাহাই ভাবিতে লাগিলাম। ১৪ই এপ্রিল আমি গ্রেফ্তার হইলাম। মধ্যপ্রদেশের রামপুরে একটি সম্মেলনে যোগদিবার জন্য ঐ দিবস আমি যাতা করিয়াছিলাম। ঐ দিনই কারাগারের মধ্যে আমার বিচার হইল, ল্বণ আইন ভঙ্গ করাব জন্ম আমি ছয় মাদ কারাণতে দণ্ডিত হইলাম। গ্রেফ্তারের কথা পূর্বব হইতেই অন্তমান করিয়া আমি (নি: ভা: রাষ্ট্রীয় সমিতির প্রদত্ত ক্ষমতাত্মনারে) গান্ধিজীকে আমার অতুপস্থিতিকালে কংগ্রেসের সভাপতি মনোনীত করিয়াছিলাম। তিনি প্রত্যাপ্যান করিতে পারেন, এই আশস্কায় পিতাকে দ্বিতীয় স্থানে মনোনীত করিয়াছিলাম। আমার প্রত্যাশাই সতা হইল, গান্ধিজী অস্বীকার করায় পিতাই কংগ্রেসের অস্বায়ী সভাপতি হইলেন। তাঁহার স্বাস্থ্য ভাল ছিল না,তথাপি প্রথম ক্যমাস তিনি অসীম উৎসাহে কাখ্য করিতে লাগিলেন। উ:হার দৃঢ় নির্দেশ এবং শৃশ্বলা রক্ষার সাবধানতার ফলে আন্দোলন বছল পরিমাণে উপক্বত হইল। चात्मानत्तत्र नाज इटेन वर्षे ; किन्न छाटात्र व्यवसिंह भातीतिक मिक छ স্বাস্থ্য একেবারে নিংশেষিত হইয়া গেল।

প্রতিদিন কি উৎসাহ কি উত্তেজনা, কত রোমাঞ্চকর সংবাদ—মিছিল ও যান্ট প্রহার, গুলীবর্ধণ, বিখ্যাত নেতাদের গ্রেফ্তারে হরতাল, তাহার উপর পেশোয়ার দিবস, গাড়োয়ালী দিবস প্রভৃতি অফুষ্ঠান! সামবিকভাবে বিদেশীবস্ত্র ও সর্কবিধ ব্রিটিশ পণা বর্জন সম্পূর্ণরূপে সাফল্য লাভ করিল। যথন আমি সংবাদ পাইলাম যে, আমার বৃদ্ধা জননী ও আমার ভগ্নিগণ প্রতপ্ত গ্রীম মধ্যাহে বিদেশী বস্ত্রের দোকানের সম্মূথে দাঁড়াইয়া পিকেটিং করিতেছেন, তথন আমি বিচলিত হইলাম। কমলাও ইহা করিয়াছেন; কিন্তু তিনি আরপ্ত অধিক কিছু করিয়াছেন। তিনি এলাহাবাদ সহর ও জিলার আন্দোলনের মধ্যে ঝাঁপাইয়া পড়িলেন, তাঁহার শক্তি ও দৃঢ়তা দেখিয়া বিশ্বিত হইলাম। তাঁহার সহিত আমার দীর্ঘকালের পরিচমেওইহা বুঝিতে পারি নাই। তিনি নিজের রোগের কথা ভূলিলেন, আকাশের রৌম্র মাথায় করিয়া উদয়ান্ত ছুটাছুটি করিতেন এবং কর্শনিয়্রণ

## অওহরলাল নেহর

করিবার আকর্য্য শক্তি দেখাইয়াছিলেন। জেলে এই সকল কথা আমার কানে আসিত। পরে পিতা যথন কারাগারে আমার সহিত মিলিত , হইলেন তথন তাঁহার নিকট সব কথা শুনিলাম। তিনি কমলার কাজকর্ম, বিশেষভাবে সজ্মনিয়ম্বণকৌশলের ভূয়নী প্রশংসা করিলেন। কিন্তু তিনি আমার মাতা ও অক্যান্ত মেয়েদের রৌদ্রে ছুটাছুটি করা পছল করিতেন না। তবে সাময়িক ধমক দেওয়া ছাড়া তিনি বড় একটা বাধা দেন নাই।

সকলের চেয়ে বড সংবাদ ২৩শে এপ্রিলের পেশোয়ারের এবং পরে সমস্ক সীমান্ত প্রদেশের ঘটনাবলী। ভারতের অন্ত যে কোনও স্থানে ُ 🕉 শিন্সানের গুলীবধণের সমূধে স্বশৃত্বল এবং শান্তিপূর্ণ সাহসিকতার দৃষ্টান্তে সমগ্র দেশে এইরূপ উত্তেজনার স্থার হইত। সীমান্ত প্রদেশে এই ঘটনার আরও একটা বিশেষ দিক আছে। পাঠানদের সাহসী বলিয়া খ্যাতি আছে বটে; কিন্তু তাহারা শান্ত ও নিরীহ বলিয়া খ্যাতি নাই। এই পাঠানেরাই ভারতবর্ষের সম্মুথে এক অমুপম দৃষ্টান্ত স্থাপন করিল। এবং এই সীমান্ত প্রদেশেই সেই ইতিহাস-শ্বরণীয় ঘটনা ঘটিয়াছে যাহাতে গাডোয়ালী সৈনিকেরা নিরম্ব জনতার উপর গুলীবর্ষণ করিতে অস্বীকার করিয়াছিল। সৈনিকেরা সাধারণতঃ নিরস্ত জনতার উপর গুলীবর্ষণ করিতে ঘুণা বোধ করে, এবং নিঃসন্দেহে জনতার প্রতি সহামুভতিবশতঃই তাহারা উহা অস্বীকার করিয়াছিল। সৈনিকের পক্ষে তাহার উদ্ধতন কর্মচারীর আদেশ পালনে অস্বীকৃতি কেবলমাত্র সহামুভূতির জন্মই गाधात्रपटः मञ्चय नत्र, ভावी পরিণাম कि मে তাহা উত্তমরূপেই জানে। मखरठः दृष्टिग-मञ्जि অবসানপ্রায়, এই ভান্ত ধারণা হইতেই গাড়োয়ালীরা (অক্সান্ত স্থলেও আরও কয়েকটি সৈলদল এইরূপ অবাধ্যতা করিয়াছিল, কিছু সে থবর রটে নাই। এরপ করিয়াছিল। অন্তরপ ধারণা মনে বন্ধমূল হইলেই দৈনিকেরা নিজেদের সহামুভৃতি ও অভিপ্রায় অমুযায়ী কার্য্য করিতে সাহসী হয়।

সম্ভবতঃ, কয়েকদিন অথবা সপ্তাহ ধরিয়া জনসাধারণের মধ্যে বিহ্বল উত্তেজনা এবং আইন অমান্ত আন্দোলনের ফলে কতকগুলি ব্যক্তি মনে করিতেছিল যে, ব্রিটিশ শাসনের শেষ দিন সমাগত এবং ভারতীয় সৈম্ভদলের একাংশের উপর ইহার প্রভাব বিস্পিত হইয়াছিল।, কিন্তু অক্সকালের মধ্যেই যখন ব্রা গেল, অদ্রক্তরিয়্যতে এরপ ফোন ঘটনা ঘটবার সম্ভাবনা নাই, তথন সৈক্তদলে আর অবাধ্যতা দেখা যায় নাই। সৈক্তদল যাহাতে এরপ অবস্থার মধ্যে গিয়া না পড়ে, তজ্জন্ত সাবধানতাও অবলম্বন করা হইয়াছিল।

# व्यादेन व्यादश्चत मृहना

এইকালে যে সকল আশ্চর্যা ঘটনা ঘটিয়াছিল, তাহার মধ্যে নারীদের
দলে দলে জাতীয় সংঘর্ষে যোগদান এক উল্লেখযোগ্য ঘটনা। তাঁহারা
দলে দলে অস্তঃপুর হইতে বাহির হইয়া আসিলেন; বাহিরের কাজে
অনভ্যন্ত হইলেও তাঁহারা মহোৎসাহে কার্য্যে প্রবৃত্ত হইলেন। বিদেশী
বস্ত্র ও আবগারী দোকানে পিকেটিং করা তাঁহারা একচেটিয়া করিয়া
লইলেন। প্রত্যেক সহরে দলে দলে নারী মিছিল করিতে লাগিলেন
এবং সাধারণতঃ পুরুষ অপেকা নারীরা অধিক দৃঢ্ভা প্রদর্শন করিতেন।
অনেক মহিলা প্রাদেশিক ও স্থানীয় কংগ্রেসের 'ভিক্টের' হইয়াছিলেন।

লবণ আইন ভক্ষের সহিত নিরুপদ্রব প্রতিরোধ মন্ত্রান্ত ক্ষেত্রেও প্রসারিত হইল। বড়লাট কতকগুলি নিষেধাত্মক অভিন্তান্স জারী করিয়া ইহার স্থবিধা করিয়া দিলেন। অভিন্তান্স ও নিষেধের সংখ্যা যত বাড়িতে লাগিল, ঐগুলি অমান্ত করিবার স্থযোগও ততই বাড়িল। যে সমস্ত কাজ বন্ধ করিবার জন্ত অভিন্তান্স, সেইগুলি করাই নিরুপদ্রব প্রতিরোধের লক্ষ্য হইয়া উঠিল। কংগ্রেস ও জনসাধারণই আগু বাড়াইয়া কাজ করিতে লাগিল, এবং গভর্গমেণ্ট যথন দেখিলেন, অভিন্তান্স কার্য্যকরী হইতেছে না, তথন নৃতন অভিন্তান্স জারী করিতে লাগিলেন। কংগ্রেসের কার্য্যকরী সমিতির বহু সদস্ত বন্দী হইলেন; কিন্তু নৃতন সদস্তরা কাজ চালাইয়া যাইতে লাগিলেন। প্রত্যেক নৃতন অভিন্তান্স জারীর সঙ্গে সংশ্বে কার্য্যকরী সমিতিও কি ভাবে উহার সন্মুখীন হইতে হইবে সে সম্বন্ধে নির্দেশ দিতেন। একমাত্র সংবাদপত্র ব্যতীত, এই সকল নির্দেশ অভি আন্তর্যা ঐক্যার সহিত সমগ্র দেশে অক্ষরে অক্ষরে পালিত হইত।

যথন সংবাদপত্র নিয়ন্ত্রণের জন্ম জামীনের টাকা দাবী করিয়া অভিন্যান্স জারী হইল, তথন কার্য্যকরী সমিতি জাতীয়তাবাদী সংবাদপত্রগুলিকে জামীনের টাকা না দিয়া প্রচার বন্ধ করিতে নির্দেশ দিলেন। সংবাদপত্রগুলিকে পরিচালকদের পক্ষে এই নির্দেশ পালন করা অতি কঠিন ইইয়া উঠিল, কেন না তখন দেশবাসী সংবাদ জানিবার জন্ম অধিকতর ব্যাকুল। কতকগুলি মভারেট কাগজ ছাড়া অধিকাংশ কাগজ বন্ধ ইইল; ফলে নানা প্রকার গুজব দেশে ছড়াইয়া পড়িতে লাগিল। কিন্তু এভাবে বেশী দিন চলিল না, মডারেট কাগজগুলি এই স্লখোগে দাঁও মারিয়া লাইতেছে দেখিয়া তাঁহারা বিরক্ত ইইলেন। ফলে পুনরায় জাতীয়তাবাদী কাগজগুলি আযুপ্রকাশ করিল!

৫ই মে গান্ধিজী গ্রেফ্তার হইলেন। পশ্চিম উপকৃলে অধিকতর উৎসাহের সহিত লবণগোলা আক্রমণ ও লবণ সংগ্রহের কাজ চলিতে

#### জওহরলাল নেহর

লাগিল। লবণ আইন অমাক্সারীদের উপর এইকালে পুলিশ-বর্ষরতার কতকগুলি বেদনাবহ ঘটনা ঘটিয়াছিল। বোষাই আন্দোলনের কেন্দ্রভূমি , হইয়া উঠিল এবং বড় বড় হরতাল, মিছিল এবং লাঠিচালনা চলিতে লাগিল। লাঠির আনাতে আহতদের চিকিৎসার জক্ত কয়েকটি হাসপাতাল স্থাপিত হইল। বোষাই বৃহৎ সহর বলিয়া এথানের ঘটনাগুলি বছল প্রচারলাভ করিয়াছিল। ছোটখাট সহর এবং পল্লীঅঞ্চলের ঘটনাগুলি মোটেই প্রচারিত হয় নাই।

জুন মাদের শেষভাগে পিতা আমার মাতা ও কমলাকে লইয়া বোষাই-এ গিয়াছিলেন। তাঁহারা বিপুলভাবে সম্বর্দ্ধিত হন; তাঁহাদের জবস্থিতিকালে কয়েকবার প্রচণ্ড লাঠিচালনা হইয়াছিল। অবশ্য বোম্বাই-এ ইহা সচরাচর ঘটনা হইয়া উঠিয়াছিল। ইহার পনর দিন পর, পুলিশ পথরোধ করায় বিশাল জনতাসহ কাধ্যকরী সমিতির সদস্যগণ এবং মালব্যজী সমন্ত রাত্রি পুলিশের সমুখে পথে বসিয়া ছিলেন।

বোষাই হইতে ফিরিবার পর ৩০শে জুন পিতা বন্দী হইলেন; তাঁহার সহিত সৈদ্দ মান্দকেও গ্রেফ্তার করা হইল। তাঁহারা বে-আইনীঘোষিত কংগ্রেসের অস্থায়ী সভাপতি ও সম্পাদকরূপে গ্রেফ্তার ইইলেন। তাঁহাদের ছয় মাস কারাদণ্ড হইল। স্থনতার উপর গুলী চালাইবার আদেশ পাইলে পুলিশ বা সৈনিকের কর্ত্তর্য কি, সে সম্বন্ধে এক বির্তি প্রচার করাই সম্ভবতঃ পিতার গ্রেফ্তারের কারণ। এই বির্তি ভারতে ব্রিটিশ আইন মোতাবেক সম্পূর্ণ বৈধভাবেই রচিত হইয়াছিল। কিন্তু তথাপি উহা বিপজ্জনক ও আপত্তিকর বিবেচিত হইয়াছিল।

বোষাই-এ পিতাকে অত্যধিক পরিশ্রম করিতে হইয়াছিল। দকাল হইতে গভীর রাত্রি পর্যন্ত তিনি কর্মরত থাকিতেন; প্রত্যেক জরুরী দিদ্ধান্তে তাঁহাকেই দায়ির গ্রহণ করিতে হইত। তাঁহার শরীর পূর্ব্ব হইতেই অস্ত্র ছিল, অধিকতর অবসাদ লইয়া ফিরিয়া আদিয়া তিনি চিকিংসকগণের পরামর্শে পূর্ণ বিশ্রামলাভের, জন্তু মুসৌরী যাত্রার আয়োজন করিয়াছিলেন। কিন্তু যাত্রার পূর্ব্ব দিন তিনি মুসৌরীর পরিবর্ত্তে, নৈনী দেন্টাল জেলে আমাদের ব্যারাকে উপনীত হইলেন।

# रेननी (जिंदन

শাত বংশর পর আমি পুনরায় কারাগারে ফিরিয়া আদিলাম; কারাজীবনের পূর্বন্ধতি অনেকাংশে অস্পষ্ট হইয়া গিয়াছে। এ প্রদেশে নৈনী সেন্টাল জেল অক্তম রহং কারাগার। এথানে আমি নিঃসঙ্গ কারাবাসের এক অভিনব অভিজ্ঞতা লাভ করিলাম। জেলের রহং প্রাচীরের মধ্যে একশত হইতে ২৩০০ শত কয়েদী হইতে আমাকে পূথক করিয়া এক ক্লু স্থানে রাখা হইল। পনর ফিট উচু রভাকারে ঘেরা স্থান—পরিধি প্রায় একশত ফিট হইবে। ইহার মধ্যস্থলে এক বিবর্ণ, কুংসিত, চারিটি সেল-ওয়ালা দালান। আমাকে পাশাপাশি ত্ইটি সেল দেওয়া হইল—একটি বাসের, অপরটি লানাগাররূপে বাবহার করিবার জন্ত। অপর তুইটি সেল কিছুকাল থালি ছিল।

বাহিরের কর্মব্যবস্থা ও উত্তেজনার পর এথানে আসিয়া আমি নিংসঙ্গ ও অবসর বোধ করিতে লাগিলাম। আমি পরিশ্রান্ত ছিলাম, প্রথম তুই-তিন দিন থুব নিদ্রা গেলাম। তথন গ্রীম্মকাল আরম্ভ হইয়াছে, আমি বাহিরে শয়ন করিবার অমুমতি পাইলাম— সেলের বাহিরে প্রাচীর ও দালানের মধ্যবতী সন্ধীর্ণ স্থানে শয়নের ব্যবস্থা হইল। আমার थाउँथानि गरू कतिया निकल पिया वाँथिया एम अया इहेल, कि जानि जामि यिन छेटा नहेग्रा भनाटेग्रा यांटे अथवा यादार्क आमि म्बन्यान हेभकाटेवात মই হিসাবে উহা ব্যবহার করিতে না পারি সেইজ্লুই এই সাবধানতা অবলম্বিত হইয়াছিল। সারারাত্রি নানাবিধ চীংকার চলিত। প্রধান প্রাচীর পাহারা দিত, সেই সকল কয়েদী পাহারাদারেরা পরস্পরকে লক্ষ্য করিয়া সাঙ্কেতিক চীৎকার করিত, তাহাদের তীত্র প্রতাবর দীর্ঘ হইতে দীর্ঘতর হইয়া দ্রাগত বায়ুর মর্মারধ্বনির মত বোধ হইত। वाातात्क करमनी-त्महेता, जाशात्मत जिथाय निर्मिष्ठ करमनीत्मत ही कात করিয়া অবিরত গণনা করিত এবং মাঝে মাঝে উচ্চকণ্ঠে প্রচার করিত, সব ঠিক আছে। জেলকর্মচারীরাও রাত্রে কয়েকবার করিয়া ঘুরিতেন, আমার ব্যারাক্ষেও আসিতেন এবং ওয়ার্ডারদের সহিত উচ্চৈঃস্বরে সংবাদ আদান-প্রদান করিতেন। অস্তান্ত স্থান হইতে আমার সেল দূরে ছিল

### जिख्यमान निर्क

বলিয়া এই সকল স্বর অস্পষ্টভাবে শুনিতাম এবং প্রথম প্রথম উহার অর্থ বৃঝিতাম না। কখনও কখনও মনে হইড, যেন আমি কোন অরণ্যের পার্শে রহিয়াছি এবং ক্লয়কেরা চীৎকার করিয়া শস্তক্ষেত্র হইডে বন্তপশু তাড়াইডেছে অথবা আমি যেন অরণ্যের মধ্যে রহিয়াছি এবং বন্ত জন্ধরা সকলে মিলিয়া তাহাদের নৈশ ঐক্যতান জুড়িয়া দিয়াছে।

চতুক্ষোণ অপেক্ষা বৃত্তাকার আবেষ্টনীর মধ্যেই বন্দীজীবন অধিকতর 
দুর্বহ—ইহা আমার কল্পনা না সত্য ঘটনা—আমি বিশ্বিত হইয়া ভাবি।
প্রান্থিত কোণের ও অবকাশের অভাব নিরানন্দ আরও বাড়াইয়া তোলে।
দিবাভাগে প্রাচীর আকাশকে অস্তরাল করিয়া রাথে,—অতি সঙ্কার্ম অংশ দৃষ্টিগোচর হয়। তৃষিত দৃষ্টি মেলিয়া আমি দেখি,—'অতি ক্ষুম্র নীল বস্ত্রাবাস, বন্দীরা যাহাকে আকাশ বলে,—তাহার মধ্যে রূপালী পাল 
তুলিয়া মেঘথগুগুলি ভাসিয়া যাইতেছে।' রাত্রে এই প্রাচীর আমাকে
আরও ঘিরিয়া ফেলে, মনে হয় যেন আমি এক কৃপের তলদেশে বসিয়া
আছি। এখান হইতে তারকাথচিত আকাশের যে অংশ আমি দেখি
তাহা আমার নিকট আর বান্তব থাকে না। গ্রহতারকার ক্রমিম মানচিত্রের 
অংশ বলিয়া মনে হয়।

আমার ব্যারাক ও আবেইনীকে জেলের লোকের। বলিত কুতাঘর।
ইহা পুরাতন নাম, আমার সহিত ইহার কোন সংশ্রব নাই। ভয়কর
চরিত্রের আসামীদের স্বতম্ব করিয়া রাখিবার জয়ই ইহা বিশেষভাবে
নির্মিত হইয়াছিল। পরে ইহা রাজনৈতিক বন্দী, অন্তরীণদিগকে জেলখানায়
স্বতম্বভাবে রাখিবার জয় ব্যবহৃত হইতেছে। প্রাচীরের সম্মুথে কিছু দ্রে
গম্বুজের মত একটা ইমারং দেখিয়া আমি প্রথমে বিরক্ত হইয়াছিলাম।
জিনিষটা দেখিতে একটা বৃহং খাচার মত এবং তাহার মধ্যে কতকগুলি
মান্থ অবিরত চক্রাকারে ঘুরিতেছে। পরে বুঝিতে পারিলাম যে, উহা
জল তুলিবার পাম্প, এক এক সঙ্গে ফোল জন করিয়া লোক লাগাইয়া জল
তোলা হয়। মান্থযের থেমন সবই অভ্যাস হইয়া য়য়, আমিও তেমনই
ইহাতে অভ্যন্ত হইয়া উঠিলাম। তথাপি সর্কাদাই আমার মনে হইত,
মান্থযের শ্রমশক্তিকে এ ভাবে কাজে লাগান নির্ব্দ্বিক্তা ও বর্ষরতা মাত্র।
উহার দিকে তাকাইলেই আমার চিড়িয়াখানার কথা মনে পড়িত।

কিছুদিন আমাকে আবেষ্টনীর বাহিরে ব্যায়ামের জন্ম বা অন্য কোনও কারণে যাইতে দেওয়া হইত না। পরে অতি প্রত্যুবে অন্ধকার থাকিতে আমাকে আধ ঘণ্টার জন্ম বাহিরে মূল প্রাচীরের নিকট হাঁটিতে বা দৌড়াইতে দেওয়া হইত। এই ব্যবস্থার কারণ যে অন্য অন্য কয়েদীরা যেন আমাকে

## देनमी दनदन

দেখিতে না পায় বা আমার সংস্পর্ণে না আসে। বাহিরের পোলা হাওয়ায় ব্যায়াম করিবার এই সামাশ্র সময়টুকু আমি যথাসম্ভব সন্থাবহার করিতাম। আমি দৌড়াইতাম এবং ক্রমশঃ পাল্লাবৃদ্ধি করিয়া দুই মাইলের উপর দৌড়াইতাম।

আমি প্রভাতে চারিটা, এমন কি সাড়ে তিনটার সময় শ্যা ত্যাণ করিতাম। তথনও বেশ অন্ধকার থাকিত। আমাকে যে আলো দেওয় হইত তাহা পাঠ করিবার জন্ম পর্যাপ্ত নয় বলিয়া সকাল সকাল শুইয়া পড়িতাম। শেষরাত্রে ঘুম ভাকিয়া যাইত। তারা দেখিতে আমার ভাল লাগিত, পরিচিত কোনও তারকামগুলের অবস্থিতি দেখিয়া আমি মোটাম্টি সময় ঠিক করিতাম। আমার শয়া হইতে আমি প্রাচীরের উপরে সর্বদাই প্রবতারা দেখিতে পারিতাম—ইহা দেখিলেই আমার মন জুড়াইত। গতিশীল তারকামগুলীর মধ্যে প্রবনক্রটি মনে হইত যেন আনন্দের চিরস্থির অমান প্রতীক।

এক মাস আমার কেই সঙ্গী ছিল না। তবে আমাকে একাকী থাকিতে ইইত না। ওয়ার্ডার ছিল, কয়েদী-ওভারশিয়ার ছিল, এবং আমার রাল্লা এবং অন্যান্ত কাজের জন্য একজন কয়েদীও ছিল। দীর্ঘ কারাদগুপ্রাপ্ত কয়েদী-মেট্রা মাঝে মাঝে কাজকর্ম উপলক্ষে যাতায়াত করিত। যাবজ্জীবন কারাদগু বলিতে বিশ বংসর বা তাহার কম সময় ব্ঝায়। কিন্তু এই জেলে এমন অনেককে দেখিলাম, যাহারা বিশ বংসরেরও অধিক কাল রহিয়াছে। নৈনীতে আমি একটি শ্বরণীয় ব্যাপার দেখিয়াছিলাম। প্রত্যেক কয়েদীর কাধের কাছে কাপড়ের সহিত আটকানো একখানি ছোট কাঠের চাক্তি থাকে, তাহার মধ্যে তাহাদের নম্বর, কারাদগুরে সংক্ষিপ্ত বিবরণ, এবং মৃক্তির তারিথ লেখা থাকে। একজন কয়েদীর কাঠের চাক্তিতে আমি দেখিলাম, মৃক্তির তারিথ ১৯৯৬ সাল! ১৯৩০ সালেই কয়েক বংসর তাহার জেলথাটা শেষ হইয়াছে, লোকটি মধ্যবয়সী। সম্ভবতঃ তাহার বিক্লমে কতকন্তিল কারাদণ্ডের বিধান হইয়াছে এবং সেইগুলি পর পর যোগ দিয়া ৭৫ বংসর হইয়াছে।

এই 'লাইফারেরা' বংসরের পর বংসর ধরিয়া শিশু, নারী, এমন কি, পশুপ্রাণীরও মৃথ দেখিতে পায় না। বহির্জগতের সহিত তাহাদের যোগ ছিল্ল হইয়া যায় এবং মাছ্যের সঙ্গ পায় না। তাহারা বিসিয়া বসিয়া ভাবে; ভয়, প্রতিহিংসা ও ম্বণাসঞ্জাত ক্রুদ্ধ চিস্তারাশি তাহাদের মনকে আচ্ছয় করিয়া রাখে—জগতে যে ভাল আছে, দয়া আছে, আনন্দ আছে, ইহা তাহারা

## ज्ञ अङ्ग्रमान म्बर्क

ভূলিয়া যায়। কেবলমাত্র মন্দের মধ্যে তাহারা বাস করে। ক্রমে তাহাদের
য়পার উপ্রতাও কমিয়া আসে, এবং জীবন ক্রমে প্রাণহীন যয়বং
নিয়মায়বিত্তিতায় পরিণত হয়। পরচালিত গতিতে তাহাদের দিন অতিবাহিত
হয়। একজনের সহিত অপরের কোনও পার্থক্য থাকে না এবং
একমাত্র ভয় ছাড়া তাহাদের আর কোন অয়ভৃতি থাকে না। নির্দিষ্ট
সময়ে কয়েদীদের দেহ মাপা হয়, ওজন করা হয়, কিন্তু মন ও আয়াকে ত
ওজন করা যায় না। তাহা অবয়দ্ধ আবেগের মধ্যে নিয়্যাতনের নিষ্ট্র
পারিপাশ্বিকতার মধ্যে ক্রমে জীর্ণ হইয়া যায়। লোকে য়ত্যুদভের বিয়দ্ধে
য়্কি দিয়া থাকে, তাহাদের য়্তিগুলি শুনিতে আমার ভালও লাগে।
কিন্তু কারাগারে যথন দেখি, দীর্ঘকাল মায়য় একই বেদনা বহন করিতেছে,
তখন আনার মনে হয় য়ে, মায়য়বকে এরপ অল্লে অল্লে হত্যা করা অপেকা
য়ৃত্যুদও অনেক ভাল। একদিন একজন লাইফার' আসিয়া আমাকে
জিজ্ঞাসা করিয়াছিল 'আমাদের কি হইবে? স্বরাজ হইলে কি আমরা
এই নরকের বাহিরে যাইতে পারিব?'

এই 'লাইফার' কাহারা? ইহারা অধিকাংশই ডাকাতি মামলার আদামী; পঞ্চাশ হইতে একশ জন একদঙ্গে কারাদণ্ডে দণ্ডিত হইয়াছে। ইহাদের মধ্যে কেহ কেহ অপরাধী হইতে পারে, কিন্তু অধিকাংশই অপরাধী কিনা সে বিষয়ে আমার সন্দেহ আছে। এই শ্রেণীর মামলায় লোককে জড়াইয়া ফেলা অতি সহজ। একজন রাজসাক্ষীর (এপ্রভার) সাক্ষ্য এবং একটু সনাক্তকরণই যথেষ্ট। আজকাল ডাকাতির সংখ্যা বৃদ্ধি পাইতেছে, সঙ্গে সঙ্গে বংসর বংসর জেলের লোকসংখ্যাও বাড়িতেছে। লোকে খাইতে না পারিলে কি করিবে জুজু এবং ম্যাজিষ্ট্রেটেরা অপরাধ বৃদ্ধির কথা রটনা করিতে মুথর হইয়া উঠেন; কিন্তু দৃশুমান অর্থনৈতিক কারণগুলি সম্বন্ধ অন্ধ।

তারপর ক্বকেরা আছে। হয় ত জমির অধিকার লইয়া দান্ধা করিয়াছে, বেপরোয়া লাঠি চালাইয়াছে, হয় ত কেহ মরিয়াছে এবং তাহার ফলে অনেকের যাবজ্জীবন অথবা দীর্ঘ কারাদণ্ড। এমনও ঘটিয়াছে যে, এক পরিবারের সমস্ত পুরুষকেই জীলোকদিগকে ভাগ্যের হাতে সঁপিয়া দিয়া কারাগারে চলিয়া আসিতে হইয়াছে। ইহাদের একজনও অপরাধপ্রবণ শ্রেণীর মত নহে। এই সকল হন্দর যুবক সাধারণ গ্রামবাসী অপেক্ষা কি শারীরিক কি মানসিক সকল দিক দিয়াই উন্নত। ইহাদিগকে কিছু শিক্ষা, বিষয়াস্তরে নিয়োগ করিবার চেষ্টা অথবা কোন বৃত্তি শিক্ষা দিলে ইহারা দেশের সম্পদরূপে গণ্য হইতে পারে।

অবশ্য ভারতীয় কারাগারে অপরাধে অভ্যন্ত, পরপীড়ক, সমাজের শক্র, ভয়বর চরিত্রের কয়েদীও আছে। কিন্তু জেলখানায় আমি দেখিয়া আশ্চর্য্য হুই, এমন বহু সংখ্যক বালক, যুবক ও প্রৌঢ় আছে াহাদিগকে আমি নির্বিচারে বিখাস করিতে পারি। আমি জানি না, আসল অপবাধী এবং এই শ্রেণীর বন্দীর মধ্যে গড়পড়তা হার কত । এবং সম্ভবতঃ কারাবিভাগের কাহারও মনে এরপ পার্থকোর কথা উদ্বও হয় নাই। নিউ ইয়র্কের সিংসিং কারাগারের ওয়ার্ডেন্ লুইদ্, ই, লজ্ এ বিষয়ে অনেক উল্লেখযোগ্য তথ্য লিপিবদ্ধ করিয়াছেন। তাঁহার মতে তাঁহার জেলথানার জনসংখ্যার শতকরা পঞ্চাশ জনই অপরাধপ্রবণ নহে। শতকরা পাঁচিশ জন ঘটনাচক্রে ও অবস্থাধীনে অপরাধ করিয়াছে। অবশিষ্ট পাঁচিশ জনের অন্ততঃ অর্দ্ধেক সংখ্যক নিশ্চিতরূপে . সমাজের পক্ষে বিপজ্জনক। সফলেই জানেন যে, পল্লীঅঞ্চল অণেক্ষা আধুনিক সভাতার কেন্দ্র বৃহৎ নগরগুলিতে অপরাধপ্রবণতার প্রাবল্য অধিক। আমেরিকা সভ্যবদ্ধ দস্তাবৃত্তির জন্ম বিখ্যাত। এবং এই শ্রেণীর ভয়ত্বর চরিত্র অপরাধীদের আবাসস্থলরূপে সিং সিং জেলও বিশেষ খ্যাতি লাভ করিয়াছে। তথাপি এই জেলের ওয়ার্ডেনের মতে মাত্র শতকরা সাড়ে বার জন কয়েদী প্রকৃত প্রস্তাবে মন। সামার মতে ভারতীয় জেলে এই হার আরও কম, ইহা নিঃসন্দেহে বলা যাইতে পারে। আরও ভাল অর্থনৈতিক ব্যবস্থা, অধিকতর কর্মপ্রাপ্তির ব্যবস্থা এবং শিক্ষা বিস্তার कतिरत आभारतत (कनशाना छनि मृग्र इरेग्रा यारेख भारत। अवश रेराक সাফলামণ্ডিত করিতে হইলে বর্তুমান সমাজ-ব্যবস্থার আমূল পরিবর্ত্তন আবশ্যক, কিন্তু ইহার পরিবর্ত্তে ব্রিটিশ গভর্ণমেণ্ট পুলিশের সংখ্যাবৃদ্ধি এবং জেলখানাগুলির বিস্তার সাধন করিতেছেন। ভারতবর্ষে কারাদত্তে দণ্ডিত ব্যক্তিদের সংখ্যা অত্যন্ত অধিক। নিথিল-ভারত-কয়েদী-সাহাযা-সমিতির সম্পাদক অধুনা যে বিবৃতি দিয়াছেন তাহাতে দেখা যায় যে, ১৯৩৩ সালে একমাত্র বোম্বাই প্রদেশেই একলক্ষ আটাশ হাজার বাজি কারাগারে গিয়াছিল। ঐ বংসর বাঙ্গলা দেশে কারাদতে দণ্ডিতের সংখ্যা একলক চবিশ হান্ধার।\* অত্যাত্য প্রদেশের সংখ্যা আমি পাই নাই। তবে पृष्टे अर्पात्मत करमतीत मःथा। यनि आध जिन नक रम, जारा रहेरन ममर्थ. ভারতে সম্ভবতঃ দণ্ডিতের সংখ্যা দশ লক্ষ হইবে। এই সংখ্যার মধ্যে অবশ্য স্থায়ী বাসিন্দাদের হিসাব ধরা হয় নাই। কয়েদীদের একটা বড় অংশ অল্পকালের জন্ম কারাদণ্ডে দণ্ডিত হইয়া থাকে। জেলের স্থায়ী বাসিন্দাদের সংখ্যা তুলনায় কম হইলেও সংখ্যায় বড় কম নহে। ভারতের

८डेप्न्यान-->>ই छित्रचत्र, >>७8।

## जउर्त्रमाम म्बर्क

কয়েকটি প্রধান প্রদেশে কারা বিভাগ জগতের মধ্যে সর্ব্বস্থ্য কথিত হয়। হয় ত বা উহাদের মধ্যে যুক্ত প্রদেশও এই সন্দেহজনক সম্মানের অন্ততম অধিকারী। এবং এই প্রদেশের কারা-শাসনবিভাগ পূর্ব্বের মতই এখনও বছল পরিমাণে পশ্চাংপদ ও প্রতিক্রিয়াশীল। কয়েদীকে কথনও মার্ম্বর বালিয়া বিবেচনা করা হয় না। কিছা তাহার যে ব্যক্তিছ আছে ইহাও গণনার মধ্যে আনা হয় না; কাজেই তাহার মানসিক উন্নতি বিধানের কোন ব্যবস্থা নাই। কিন্তু যুক্ত-প্রদেশের কারাবিভাগ কয়েদীদিগকে বন্ধ করিয়া রাখিবার ব্যবস্থায় সকলের সেরা। এই কড়াকড়ির মধ্যে অল্লোকই পলাইতে চেষ্টা করে এবং প্রতি দশ হাজারে এক জনসক্ষম হয় কি না সন্দেহ।

পনর বা তদ্ধি বয়স্ক বহুতর বালক কয়েদী, জেলের অন্ততম বিধাদময় দৃষ্ট। অধিকাংশই বৃদ্ধিমান বালক এবং স্থযোগ পাইলে ইহারা অনায়াসে ভাল হইতে পারে। অধুনা ইহাদিগকে প্রাথমিক লেখাপড়া শিথাইবার ব্যবস্থা হইয়াছে বটে, কিন্তু জেলের অন্যান্ত ব্যবস্থার মত ইহাও অত্যন্ত অসম্পূর্ণ এবং নিফল। ইহারা থেলাধূলার স্থযোগ থুব কমই পায়, কোনপ্রকার সংবাদপত্রও পড়িতে পায় না, বইও পড়িতে দেওয়া হয় না। বার ঘণ্টা বা তাহারও অধিক কাল সমস্ত বন্দীকে তালা দিয়া আটক রাখা হয় —দীর্ঘ অপরাহে এবং এই সময়ে তাহাদের কিছুই করিবার থাকে না।

তিন মাস অন্তর একবার আত্মীয় স্বন্ধনের সহিত দেখা করিতে বা পত্রাদি দেওয়া হয়—এইরপ দীর্ঘকাল বিলম্ন অত্যন্ত নিষ্ঠ্র ব্যবস্থা। এমন কি, অনেক কয়েদী ইহারও প্রবিধা হইতে বঞ্চিত হয়। তাহারা যদি নিরক্ষর হয় (অধিকাংশই নিরক্ষর) তাহা হইলে পত্র লিথাইবার জন্ত কোন জেল কর্মচারীর উপর নির্ভর করিতে হয়, ইহারা সাধারণতঃ কাজ না বাড়াইবার জন্ত কৌশলে ইহা এড়াইয়া থাকে। পত্র লেথা হইলেও ঠিকানা ভাল করিয়া লেথা হয় না বলিয়া অনেক পত্র পৌছায় না। দেখা জনা করা আরও কঠিন। কোন জেল কর্মচারীকে কিছু দিয়া সক্তই না করিতে পারিলে এ প্রযোগ অনেকের অদৃষ্টেই জ্যোটে না। কয়েদীরা প্রায়ই এক জেল হইতে অন্ত জেলে বদ্লী হয়, তাহাদের আত্মীয়বর্গ কোন থোঁজ পায় না। আমি এমন অনেক কয়েদীকে জানি, বহু বর্ষ পরিবারবর্গের সহিত যাহাদের যোগস্ত্র ছিন্ন হইয়াছে এবং তাহাদের কি হইয়াছে তাহাও জানে না। তিন মাস বা তাহার পর যথন দেখাজনা হয়,—তাহাও এক আকর্ষ্য ব্যাপার। একদল কয়েদী এবং তাহাদের সহিত সাক্ষাৎকারীদের তারের বেড়ার ছই পাশে দাঁড় করান হয় এবং সকলে একসঙ্গে টীৎকার

## देनमी (जरन

করিয়া কথা বলিতে থাকে। এক সঙ্গে এতগুলি লোকের যুগপৎ দেখা করার ব্যবস্থায়—হাদয়ের আদান প্রদানের স্থবিধা থাকে না।

অতি অব্নসংখ্যক কয়েদী (ইউরোপীয়ান ছাড়া হাজার করা একজনের বেশীনহে) ভাল থাতা, ঘন ঘন সাক্ষাংকার বা পত্র লেখার বিশেষ স্থিবা পায়। রাজনৈতিক নিরুপদ্রব প্রতিরোধ আন্দোলনের সময় যখন হাজার হাজার রাজনৈতিক বন্দীতে জেলখানা ভরিয়া যায়, তখন ঐ সংখ্যা কিছু বৃদ্ধি পায়। রাজনৈতিক বন্দীদের কি শ্রী কি পুরুষ, শতকরা প্রানক্ষই জনকেই সাধারণ কয়েদীর মত ব্যবহার করা হইয়া থাকে, এবং কোন বিশেষ স্থিধা দেওয়া হয় না।

বৈপ্লবিক কার্য্যের অপরাধে যে সকল ব্যক্তি দীর্ঘ কারাদণ্ড অথবা यावब्बीवन कातामर् पिछ् रहेग्राष्ट्र, जाशामिश्ररक मीर्घकान निक्कन काताभरह রাথা হয়। সামার বিখাস, যুক্তপ্রদেশে এই শ্রেণীর বন্দীকে সাধারণতঃই নিজ্জন 'দেলে' আবদ্ধ রাখা হয়। কিন্তু নিয়মানুষায়ী, কারাবিধি ভঙ্ক कतिवात विरमय माखियक्रभ निर्द्धन कात्रामुख्य वावश कता श्रेया थाक । কিন্তু এই সকল বন্দী, যাহাদের অধিকাংশই তরুণবয়স্ক,—তাহাদিগকেও এভাবে বন্দী থাকিতে হয়; অথচ জেলথানায় তাহাদের আচরণ আদর্শ-স্থানীয় ২ইতে পারিত। এইরূপে আদালত প্রদত্ত শাস্তির সহিত ছেল কর্ত্তপক্ষ একাস্ত অংগক্তিকভাবে আর এক ভয়াবহ শান্তি যোগ করিয়া দেন। ইহা আশ্চর্যা, কোন কারাবিধির সহিত ইহার সামঞ্জস্ত নাই। নির্জ্জন কারাবাস, অল্পদিনের জন্মও অত্যন্ত বেদনাজনক ব্যাপার: ইহাকে বংসরের পর বংসর চালাইলে তাহা এক দারুণ নিষ্ঠরতা হইয়া পড়ে, हेहार्छ शीरत शीरत मानिमक व्यवनिक हेहरू थारक, करम भागन हहेवात উপক্রম হয়, মুথে এক নৈরাশ্রময় শৃক্ততার ভাব ফুটিয়া উঠে; দৃষ্টি ভীত পশুর মত হয়। ইহা ধাপে ধাপে মানুষের তেজ ও বীধ্যকে হত্যা করা, জীবস্ত জীবদেহে ছুরিকাচালনার তায় ইহা আত্মার উপর অবিরত मञ्ज बाघाछ। इंदा काठाइया উঠिলেও, मासूष बन्नाजाविक श्रेया পড़ে, সমাজজীবনের সহিত সে আর সামঞ্জস্ত স্থাপন করিতে পারে না। এই ব্যক্তি কোন কাজ বা অপরাধের জন্ম দায়ী কি না? এ চিরস্তন প্রশ্ন ত আছেই। ভারতে পুলিশের পদ্ধতি সকলেই সন্দেহের দৃষ্টিতে দেখিয়া থাকে: রাজনৈতিক ব্যাপারে উহা আরও অধিক।

ইউরোপীয়ান অথবা ইউরেশিয়ান কয়েদীদের অপরাধ যাহাই হউক এবং সামাজিক মধ্যাদা যাহাই হউক, নির্কিচারে সকলেই উচ্চশ্রেণীর কয়েদী হয় এবং ভাল থাছ, কম কাজ, অধিকতর ঘন ঘন দেখাশুনা ও

#### জওহরলাল নেহর

চিঠিপত্র পাইয়া থাকে। সপ্তাহে একবার করিয়া পাদ্রীদের সহিত দেখাশুনার ফলে তাহারা বাহিরের ঘটনাবলীর সহিত যোগ রাখিতে পারে। পাদ্রীরা তাহাদের বিদেশী সচিত্র পত্রিকা বা ব্যঙ্গ কৌতুকের কাগজ আনিয়া দেন এবং প্রয়োজন মত পরিবারবর্গের নিকট সংবাদাদি দিয়া থাকেন।

ইউরোপীয়ান করেদীদের বিশেষ স্থবিধার জন্ম কেহ তাহাদের দ্ব্র্যার করে না, কেননা তাহারা সংখ্যায় অতি অল্প। কিন্তু স্ত্রীপুরুষনির্ব্যিশ্বেষে অন্যায় বন্দীদের প্রতি ব্যবহারে মানবোচিত মানদণ্ডের অভাব দেখিয়া চিত্ত পীড়িত হয়। কোন কয়েদীকেই ব্যক্তিবিশেষ মান্থ্য হিসাবে বিবেচনা করা হয় না এবং তাহাদের সহিত সেভাবে ব্যবহারও করা হয় না । রাষ্ট্রের শাসন্যন্ত্রের ত্র্বহ দমননীতির অমান্থ্যিক দিক কত কদর্যা, তাহা কারাগারে অাসিলে দেখা যায়। এই চিন্তাহীন ক্রন্ফেপহীন যয় অবিরাম গতিতে যাহাকে পাইতেছে, তাহাকেই পিট করিতেছে—এই য়য়্রটিকে অব্যাহত রাখিবার উদ্দেশ্য লইয়াই কারাবিধিগুলি রচিত। আত্মমর্য্যাদাজ্ঞানসম্পন্ন নরনারীরা এই হদম্বীন যয়ের রাজত্বের মধ্যে সত্ত পীড়া ও মনোবেদনা অন্থত্ব করে। আমি দেখিয়াছি, এই নিরানন্দ নিষ্ঠ্র ব্যবস্থায় দীর্ঘকাল দণ্ডিত কয়েদী সময় সময় ভাঙ্গিয়া পড়ে এবং অসহয়ে ক্ষ্ম শিশুর ব্যবস্থায় দীর্ঘকাল দণ্ডিত কয়েদী সময় সময় ভাঙ্গিয়া পড়ে এবং অসহয়ে ক্ষ্ম শিশুর মত ক্রন্দন করে। যাহাতে তাহাদের মুথে একটু হাসি, আনন্দ দীপ্তির বা কৃতজ্ঞতার চিহ্ন ফুটিয়া উঠিতে পারে, এমন সামান্য সহায়ভূতির বাণী, একটু উৎসাহ এই কারাগারে কত ত্ত্বাভ।

তব্ও কয়েদীদের নিজেদের মধ্যে দয়া-দাক্ষিণ্য ও বয়ুত্বের অনেক মর্দ্মস্পশী দৃষ্টান্ত দেখিতে পাওয়া যায়। একবার একজন "পেশাদার" অদ্ধ কয়েদী তের বংসর পর মৃতিলাভ করে। দীঘকাল পরে সে বাহিরে যাইতেছে, সেই বয়ুহীন বহিজ্গতে তাহার কোন আশ্রম নাই। তাহার সহ-কয়েদীরা তাহাকে সাহায্য করিবার জন্ম বাস্তে হইল; কিন্তু তাহাদের সাধ্যই কতটুকু! একজন তাহাকে জেল কার্যালয়ে জমা দেওয়া সাউটি দান করিল, আর একজন তুই চারিখানা কাপড় দিল। তৃতীয় ব্যক্তি সেইদিন প্রভাতেই একজোড়া নৃতন 'স্থাগ্রল' পাইয়াছিল এবং গর্কের সহিত আমাকে দেখাইয়াছিল। জেলে ইহা এক ত্মেজ্রভ সম্পদ। যথন সে দেখিল, তাহার বহুবর্ষের এই অন্ধ সন্ধী ন্য়পদে বাহিরে যাইতেছে; সে স্বেচ্ছায় তাহার নৃতন 'স্থাগ্রাল' জোড়া তাহাকে দিয়া দিল। আমার তথন মনে হইল, বহিজ্বগত অপেক্ষা এই কারাগারে দয়া-দাক্ষিণ্য অনেক বেশা।

১৯৩০ সাল বহু নাটকীয় এবং প্রাণপ্রদ, জীবনপ্রদ ঘটনাপ্রবাহে পরিপূর্ণ। সমগ্র জাতিকে উৎসাহে অমুপ্রাণিত করিয়া তুলিতে গান্ধিজীর আশ্চর্য্য

## देनमी (जटन

শক্তি কি বিশ্বয়াবহ! ইহার মধ্যে যেন থাছু আছে; মনে পড়িল, গোখ্লে একবার তাঁহার সম্বন্ধে বলিয়াছিলেন যে, তিনি ধ্লি হইতেও বীর স্পৃষ্টি করিতে পারেন। জাতীয় মহৎ উদ্দেশ্য সিদ্ধির ওপায়স্বরূপ শান্তিপূর্ণ নিরূপত্রব প্রতিরোধনীতির কার্য্যকারিতায় যেন সকলের আস্থা জন্মিল, দেশের চিত্তে আত্মবিশ্বাস দৃঢ়তর হইল, শক্র মিত্র সকলেই একথা স্বীকার করিলেন। যাহারা আন্দোলনে যোগ দিয়াছিল, তাহারা আশ্চর্য্য উন্মাদনায় বিভার হইল—এই উন্মাদনা কারাগারেও দেখা গেল। সাধারণ কয়েদীরাও বলিতে লাগিল, "স্বরাজ আসিতেছে।" উহার জন্ম তাহারা প্রার্থপর স্থবিধার আশা লইয়া প্রতীক্ষা করিতে লাগিল। ওয়ার্ডারের গল্প শুনিয়া আসিয়া স্বরাজ অন্ববর্ত্তী বলিয়া মনে করিত—জেলের ছোটখাট কণ্মচারীরাও একটু চঞ্চল হইয়া পড়িল।

আমরা কারাগারে কোন দৈনিক পত্রিকা পাইতাম না, একখানি হিন্দী সাপ্তাহিক পত্রিকা আসিত,—তাহাতে যতটুকু সংবাদ পাইতাম, তাহাই আমাদের কল্পনাকে দীপ্ত করিয়া তুলিত। প্রত্যুহ যি সঞ্চালন, কথন বা গুলীবর্ষণ, শোলাপুরে সামরিক আইন এবং জাতীয় পতাকা বহনের জন্ম দশ বংসর কারাদণ্ড। আমাদের জনসাধারণ, বিশেষতঃ নারীরা সমগ্র দেশে যে ভাবে কার্য্য করিতেছে, তাহাতে আমরা গর্ম্ব বোধ করিতাম। আমার মাতা, প্রী ও ভগ্নী এবং সম্পর্কিতা ভগ্নী ও বাদ্ধরীদের কার্য্যকলাপে আমি অধিকতর সম্পোষ লাভ করিতাম। যদিও আমি কারাগারে তাহাদের সহিত বিচ্ছিন্ন হইয়া আছি তথাপি আমরা যেন অধিকতর ঘনিষ্ঠ হইতেছি; এক মহং উদ্দেশ্যের কর্মস্ত্র যেন আমাদিগকে নৃতন স্নেহবন্ধনে আবদ্ধ করিল। পরিবার বৃহত্তম গোষ্টার মধ্যে যেন মিলিয়া গেল। অথচ পুরাতন স্নেহ মমতা টান সমানই রহিয়া গেল। নিজের শারীরিক অস্ক্রতা অগ্রাহ্ম করিয়া কমলা অস্ততঃ কিছুকালের জন্ম যে ভাবে কার্য্য করিতেছিল, সে সংবাদে আমার বিশ্বয়ের সীমা রহিল না।

আমি কারাগারে অনেকটা নিশ্চিন্তে কাল্যাপন করিতেছি অথচ বাহিরে অনেকে কত বিদ্ন বিপদের সম্থীন হইয়া বহু কট্ট সহু করিতেছে, এই চিন্তা আমার নিকট তুর্বহ হইয়া উঠিল। বাহিরে যাইবার জন্ত আমার প্রাণ ব্যাকুল, অথচ উপায় নাই। অবশেষে আমি কারার মধ্যেই কঠোর জীবন যাপন করিতে লাগিলাম। আমি প্রতাহ তিন ঘণ্টাকাল আমার নিজের চরকায় স্থতা কাটিতাম এবং জেলকর্ত্পক্ষের অনুমতি লইয়া আরও ২০০ ঘণ্টা কাল "নেওয়ার" (চওড়া ফিতা) বুনিতাম। এই কাজগুলি আমার ভাল লাগিত। ইহাতে অতিরিক্ত পরিশ্রমণ্ড হইত না, বিশেষ মনোযোগ্ণ

### ज ও इत्रनाग दसद्त

দিতে হইত না অথচ মনের উত্তেজনা অনেকটা প্রশাস্ত হইত। আমি পড়াশুনা খ্ব বেশী করিতাম। সময়ান্তরে ঝাড়ু দেওয়া, নিজের কাপড়-চোপড় কাচা প্রভৃতিও করিতাম। আমি ইচ্ছা করিয়াই শারীরিক পরিশ্রম করিতাম, কেন না আমার কারাদণ্ড বিনাশ্রম ছিল।

বাহিরের ঘটনাবলীর চিম্ভা এবং জেলের নিত্য নৈমিত্তিক কাজ, ইহা লইয়াই নৈনী জেলে আমার দিন কাটিতে লাগিল। ভারতীয় কারাব্যবস্থা পর্যাবেক্ষণ করিতে করিতে আমার মনে হইল, ইহা যেন ভারতে ব্রিটিশ গভর্ণমেন্টের মত। শাসন্যন্ত্রে যোগাতা ও কুশলতার অভাব নাই, দেশের উপর গভর্ণমেটের ক্ষমতা ইহা অক্ষ রাখিতেছে, অব্বচ দেশের মাত্রযগুলির সম্বন্ধে প্রায় কোন চৈতন্তই নাই। বাহির হুইতে দেখিলে জেলখানার কাজকর্ম বেশ যোগাতার সহিত নিয়ন্ত্রিত হইতেছে বলিয়া মনে হয়। এবং কতকাংশে ইহা সত্যও বটে: কিছ ষে সকল হতভাগা এখানে আসে, তাহাদের উন্নতির জন্ম সাহায্য করা যে জেলের প্রধান উদ্দেশ্য, সেকথা কেহ ভাবে বলিয়া মনে হয় না। জব্দ কর, পিষিয়া ফেল-এই ভাব দর্বত্র বিরাজিত। যেন তাহারা যথন বাহিরে ষাইবে, তথন কাহারও যেন তেজ বীর্ঘ্য অবশিষ্ট না থাকে। কি ভাবে কারাবাবস্থা নিয়ন্ত্রিত হয়, কয়েদীদিগকে সংযত করা ও শান্তি দেওয়া হয় ? প্রধানত: কয়েদীদিগের দারাই তাহাদিগকে শাসনে রাথা হয়। কতকগুলি কয়েদীকে কয়েদী মেট প্রভৃতি কবিয়া দেওয়া হয় এবং কতক ভয়ে এবং কতক পুরস্থার পাইবার আশায়, মেয়াদ কম হইবার আশায় কর্ত্তপক্ষের সহিত সহযোগিতা করে। বেতনভোগী বাহিরের ওয়ার্ডারের সংখ্যা অত্যন্ত কম। জেলের ভিতরে সাধারণতঃ মেটরাই পাহারা দিয়া থাকে। ইহা ছাড়া, জেলখানায় গোয়েন্দাগিরি প্রবলভাবে চলিয়া থাকে। কয়েদীদিগকে পরস্পরের উপর নজর রাখিতে উৎসাহ দেওয়া হয়, যাহাতে কয়েদীরা দলবন্ধ হইয়া কাজ না করিতে পারে সেজতা সতর্ক দৃষ্টি রাখা হয়। এই ভাবে তাহাদের মধ্যে ভেদ রক্ষা করিলে তাহাদের সংযত রাখা যাইতে পারে; অতএব, ইহার অর্থ সহজেই বুঝা যায়।

বাহিরে আমাদের দেশের গভর্ণমেন্টেও এই ব্যবস্থাই ব্যাপক ও বৃহত্তররূপে দেখিতে পাই, তবে দেখানে তাহা কিঞ্চিং আবৃত। এখানে কয়েদী মেট ও কয়েদী ওয়ার্ডারদের নাম স্বতম্ব। ইহাদের বড় বড় উপাধি আছে, ইহাদের তক্মা চাপরাসও বেশ জাঁকজমকপূর্ণ। এবং তাহার পশ্চাতে কারাগারের মতই অস্ত্রধারী রক্ষীদল প্রস্তুত হইয়াই আছে।

আধুনিক রাষ্ট্রে জেলখানাগুলির প্রয়োজনীয়তা কত অপরিহার্যা!

## देमनी दलदन

অস্ততঃপক্ষে কয়েদী চিস্তা করিতে থাকে যে, গভর্ণমেন্টের বহুতর বিভাগ ও অক্টাক্ত দায়িত্ব, পুলিশ কি সৈত্যদল, কারাগারের ার্যপ্রণালীর তুলনায় নিতান্ত বাহ্ন ব্যাপার মাত্র। যে দলের হাতে গভর্ণমেন্টের পরিচালন-ক্ষমতা থাকে, সেই দলের ইচ্ছা অপরের উপর প্রয়োগ করিবার পীড়নমূলক যন্ত্রই হইল রাষ্ট্র—এই মার্কসীয় মতবাদের যাথার্থ্য কারাগারে বসিয়াই বৃঝিতে পারা যায়।

আমার ব্যারাকে আমি এক মাস একাকীই ছিলাম। তারপর নর্মদাপ্রসাদ সিংহকে সন্ধীরূপে পাইয়া অনেকটা শান্তি পাইলাম। আড়াই মান পরে ১৯৩০ সালের জুন মাসের শেষদিন আমাদের ক্ষুদ্র আবেষ্টনীর মধ্যে সহসা হুড়াছুড়ি পড়িয়া গেল। অপ্রত্যাশিত ভাবে অতি প্রত্যুবে আমার পিতা ও ডাঃ সৈয়দ মামৃদ সেখানে আসিলেন। তাঁহারা উভয়েই আনন্দভবনে অতি প্রত্যুবে শ্যায় থাকিতেই গ্রেফ্তার হইয়াছিলেন।

# এরোডায় আপোষের কথাবার্ত্তা

আমার পিতার গ্রেফ্তারের দক্ষে সঙ্গেই অথবা অব্যবহিত পরেই কংগ্রেসের কার্যাকরী সমিতিকে বে-আইনী বলিয়া ঘোষিত করা হইল। ইহার ফলে বাহিরে এক নৃতন অবস্থার উদ্ভব হইল—অধিবেশন হইলেই সমন্ত সদস্য একসঙ্গে ধরা পড়িতেন। পূর্ব্বপ্রাপ্ত ক্ষমতামুসারে অস্থায়ী সভাপতিরা স্থলাভিষিক্ত সদস্য মনোনীত করিতেন। এইভাবে অনেক নারী অস্থায়ী সদস্য হইয়াছিলেন। কমলাও তাঁহাদের অন্যতম।

জেনে আসিবার সময় পিতার স্বাস্থ্য অত্যন্ত থারাপ ছিল এবং যে অবস্থায় তাঁহাকে রাথা হইল, তাহাতে তিনি অত্যন্ত অস্বাচ্ছন্দ্য অমুভব করিতে লাগিলেন। ইহা অবশ্য গভর্গমেন্টের ইচ্ছাক্বত নহে। কেন না, তাঁহার স্বাচ্ছন্দ্য বিধানের জন্ম তাঁহারা সাধ্যমত চেষ্টা করিতে প্রস্তুত ছিলেন। কিন্তু নৈনী জেলে বেশী কিছু করিবার উপায় ছিল না। আমার ব্যারাকে চারিটি ক্ষুত্র সেলে চারজনের পক্ষে স্থানের অত্যন্ত অকুলান হইল। জেল-ম্পার আসিয়া প্রস্থাব করিলেন যে, পিতাকে জেলের অন্য অংশে লইয়া গেলে তিনি অপেক্ষাক্কত থোলা জায়গায় থাকিতে পারিবেন। কিন্তু আমরা একত্রে থাকিতেই ভাল বোধ করিলাম। তাহা হইলে আমরা তাঁহার সেবা-শুশ্রুষা করিতে পারিব।

তথন বর্গা আরম্ভ হইয়াছে। আমাদের ভাদ দিয়া মাঝে মাঝেই নানাস্থানে টপ টপ করিয়া জল পড়ে। সেলের অভ্যন্তরভাগ শুদ্ধ রাথা কঠিন। রাত্রে পিতার বিছানা লইয়া সমস্থায় পড়িতে হইত। বৃষ্টি বাঁচাইবার জন্ম সেল-সংলগ্ন ক্ষুদ্র বারান্দায় (১০×৫ ফুট) তাঁহার থাট পাতা হইত। কথনও কথনও তাঁহাব জর হইত। অবশেষে জেল কর্তৃপক্ষ একটি অতিরিক্ত বারান্দা তৈরী করিতে মনস্থ করিলেন। আমাদের সেল-সংলগ্ন এই প্রশন্ত স্থান্দর বারান্দাটি তৈয়ারী হওয়ায় আমাদের অনেক স্থবিধা হইল। কিন্তু ইহাতে পিতার পক্ষে বিশেষ লাভ হয় নাই, কেন না বারান্দা তৈয়ারী হওয়ার অল্পদিন পর তাঁহাকে মৃক্তি দেওয়া হইল।

ভার তেজ বাহাত্র সপ্র ও মি: এম আর জ্য়াকর কংগ্রেসের সহিত গভর্ণমেন্টের শাস্তি স্থাপনের জন্ম চেষ্টা করিতেছেন, জুলাই মাসের শেষ

## এরোডায় আপোবের কথাবার্ত্তা

ভাগে ইহা লইয়া তুমুল আলোচনা চলিতে লাগিল। আমার পিতাকে দয়া করিয়া যে দৈনিক সংবাদপত্র দেওয়া হইত, তাহাতেই আমরা ইহা পড়িতাম। সংবাদপত্তে প্রকাশিত বড়লাট লর্ড আরুইন ও স্প্রু-জয়াকরের প্রকাশিত পত্রাবলী হইতে আমশ বৃঝিতে পারিলাম যে, তথাকথিত "শাস্তিদ্তেরা" গান্ধিজীর দহিত দাক্ষ<sup>ে</sup> করিয়াছিলেন। আমরা ব্ঝিতে পারিলাম না যে কেন তাঁহারা এই কার্য্যে ব্রতী হইলেন অথবা তাঁহাদের উদ্দেশ্য কি। পরে আমর। তাঁহাদের নিকট শুনিয়াছিলাম যে, গ্রেফ্তারের ক্ষেক্দিন পূর্বে বোম্বাইয়ে পিতা যে বিবৃতি \* দিয়াছিলেন, তাহাতেই তাঁহার। উৎসাহিত হইয়া এই কার্য্য করিয়াছিলেন। লণ্ডন "ভেলী হেরাল্ড"-এর প্রতিনিধি মিঃ শ্লোকম্ব (তথন ভারতে ছিলেন) আমার পিতার সহিত আলাপ-আলোচনার পর ঐ বিবৃতির মুসাবিদা করেন এবং পিতা উহা অম্বস্থাদন করিয়াছিলেন। ঐ বিবৃতিতে ইহা উল্লেখ ছিল যে, গভৰ্মেণ্ট যদি কতকগুলি দর্ত্তে সম্মত হন, তাহা হইলে কংগ্রেস আইন অমান্ত আন্দোলন প্রত্যাহার করিতে পারেন এইরূপ সম্ভাবনা ইহা কতকাংশে অস্পষ্ট ও প্রাক্ষামূলক প্রস্তাব মাত্র এবং উহাতে এ কথাও স্পষ্ট ছিল যে, এমন কি গান্ধিজী এবং আমার সহিত পরামর্শ না করিয়া পিতা ঐ অস্পষ্ট সর্ভগুলি সম্পর্কে কোন কথাই বলিতে পারিবেন না। সে বংসর আমি কংগ্রেসের সভাপতি, অতএব, আমাকে গণনা করিতেই হয়। গ্রেফ তারের পর নৈনী জেলে পিতা আমাকে এ কথা বলিয়াছিলেন এবং ইহাও বলিয়াছিলেন যে, তাড়াতাড়িতে এরপ

১৯০০-এর ২৫শে জুন তারিবে পণ্ডিত মতিনাল নেহরু অনুমোদিত বিবৃতি—

"পোলটেবিল বৈঠক স্বাধীনভাবে যে সকল প্রস্তাব উপস্থিত করিবেন এবং ব্রিটশ পার্লামেন্ট
ঐ প্রস্তাবগুলি কি ভাবে গ্রহণ করিবেন, সে সম্বন্ধে কোন পূর্ব্ব ধারণা না করিয়াও, যদি
ব্রিটিশ প্রস্তামন্ট ও ভারত প্রত্তিশিল কোন বিশেষ অবস্থায় ব্যক্তিগতভাবে এরূপ আধাস
দেন যে, তাঁহারা ভারতে পূর্ণ দায়িহণীল শাসনতক্র সমর্থন করিবেন,—অবশ্য ভারতের সহিত
ব্রিটেনের দীর্ঘকালের সম্বন্ধ এবং ভারতের বর্ত্তমান অবস্থার ক্ষয়্য প্রয়োজনমত পারম্পরিক
আপোব যাহা পরে পোলটেবিল কর্ক স্থির হইবে—তাহা হইলে পণ্ডিত মতিলাল নেহরু
ব্যক্তিগত ভাবে দে প্রতিশ্রুতি গ্রহণ করিতে প্রস্তুত আছেন অথবা দায়িত্বশীল কোন
তৃতীয়পক্ষের মারক্ষৎ যদি সেরূপ প্রতিশ্রুতি মি: গান্ধী বা পণ্ডিত ক্ষওহরলাল নেহরুর নিকট
আসে, তাহার দায়িত্বও তিনি গ্রহণ করিবেন। যদি সেরূপ প্রতিশ্রুতি আসে এবং গৃহীত হয়,
তাহা হইলে আপোবের সন্তাবনা হইতে পারে—যাহাতে একদিকে আইন অমান্ত আন্দোলন
প্রত্যাহাত হইবে, অন্তদিকে গভর্গনেন্ট বর্ত্তমান দমননীতি প্রত্যাহার করিবেন এবং সমস্ত
রাজনৈতিক বন্দীকে ছাড়িরা দিবেন। পরে পারম্পরিক সন্তামুসারে কংগ্রেস গোল টেবিল
বৈঠকে যোগ দিতে পারেন।"

#### জওহরলাল নেহক

আম্পট্ট বিবৃত্তি দেওয়াতে তিনি মৃ:খিত, কেননা উহাতে ভূল ধারণা উদ্ভব হইবার সম্ভাবনা রহিয়াছে। কার্য্যতঃ হইয়াছিলও তাহাই। তবে যে সকল লোক সম্পূর্ণ স্বতন্ত্রভাবে চিস্তা করে, তাহারা অতি-নির্দিষ্ট ও সরল বিবৃতির মধ্যেও খুঁৎ বাহির করিয়া থাকে।

স্থার তেজ বাহাত্র সপ্র এবং মি: জয়াকর ২৭শে জুলাই সহসা নৈনী জেলে গান্ধিজীর পত্রসহ আসিয়া আমাদের সহিত দেখা করিলেন। সেদিন এবং তার পরদিন তাঁহাদের সহিত আমাদের দীর্ঘ আলোচনা হইল। পিতার জরভাব ছিল, তিনি অত্যন্ত ক্লান্তিবোধ করিলেন। আমরা ঘুরাইয়া ফিরাইয়া তর্ক করিলাম, আলোচনা করিলাম, কিন্তু রাজনৈতিক দৃষ্টিভঙ্গীর পার্থক্যের জন্ত, পরস্পরের ভাষা ও চিন্তা অল্পই ব্রিতে পারিলাম; তবে ইহা ব্রিলাম, বর্ত্তমান অবস্থা যেরূপ তাহাতে কংগ্রেসের ও গভর্ণমেন্টের মধ্যে শান্তিস্থাপনের সন্তাবনা অতি অল্প। আমরা কাষ্যকরী সমিতির সদস্তগণ বিশেষভাবে গান্ধিজীর সহিত পরামর্শ না করিয়া কোন প্রস্তাব করিতে অস্বীকার করিলাম এবং এই মর্মে গান্ধিজীর নিকট পত্র লিখিলাম।

এগার দিন পর ডাঃ দপ্র পুনরায় বড়লাটের উত্তর লইয়া আমাদের সহিত দেখা করিতে আসিলেন। আমাদের এরোডা যাওয়ার প্রস্তাবে (পুণার যে জেলে গান্ধিজী ছিলেন ) বড়লাট আপত্তি করেন নাই। তবে সন্দার বন্ধভভাই পাটেল, মৌলানা আবুল কালাম আজাদ প্রভৃতি যে সকল সদস্য তথনও বাহিরে থাকিয়া আন্দোলন পরিচালনা করিতেছিলেন, তাঁহাদের সহিত সাক্ষাতের প্রস্তাবে সপরিষদ বড়লাট সন্মত হন নাই। এই অবস্থায় আমরা এরোডা যাইতে সমত কিনা, ডাঃ দপ্র জানিতে চাহিলেন। আমরা বলিলাম, গান্ধিজীর সহিত যে কোন সময়ে দেখা করিতে আমাদের কোন আপত্তি নাই, কিন্তু আমাদের অন্তান্ত সহকল্মীদের সহিত আলোচনা ব্যতীত কোন চূড়ান্ত সিদ্ধান্তের সন্তাবনা নাই। **म्हिन ( अथवा ) छाहात भृक्तिन ) मः वाएभा**क आमता प्रार्थिनाम, বোম্বাই-এ অতি প্রচণ্ড লাঠিচালন। হইয়া গিয়াছে এবং মালবাজী, বল্লভভাই প্যাটেল, তাসাদ্ত সেরওয়াণী ও অক্সাক্ত স্থায়ী অস্থায়ী কার্য্যকরী সমিতির সদস্তরা গ্রেফ্তার হইয়াছে। আমরা ডাঃ সপ্রুকে বলিলাম, এই সকল ঘটনা মোটেই অন্তক্ল নহে, তিনি যাহাতে আমাদের মনোভাব বড়লাটকে ব্ঝাইয়া বলেন, সে অমুরোধও আমরা করিলাম। ডা: সঞ্জ বলিলেন, যথাসম্ভব শীঘ্র আমাদের গান্ধিজীর সহিত দেখা করায় কোন অনিষ্ট হইবে না। আমরা পূর্বে হইতেই তাঁহাকে

### এরোডায় আপোষের কথাবার্ত্তা

বলিয়াছিলাম যে, যদি আমাদের এরোভা ষাইতেই হয়, তাহা হইলে নৈনী জেলে আমাদের সঙ্গী এবং কংগ্রেসের সম্পাদক ডাঃ সৈয়দ মামুদও আমাদের সঙ্গে যাইবেন।

তুই দিন পর ১০ই আগষ্ট আমি. মামুদ ও পিতা—এই তিন জন স্পোটাল টেনে নৈনী হইতে পুণা বাত্রা করিলাম। আমাদের গাড়ী অবশ্রুই বড় বড় ষ্টেশনে থামে নাই—ছোটথাট ষ্টেশনে মধ্যে মধ্যে গাড়ী থামিত। তবুও সংবাদ ছড়াইয়া পড়িয়াছিল, গাড়ী থামুক আর নাই থামুক, প্রত্যেক ষ্টেশনে জনতার ভীড় হইত। ১১ই তারিথ আমরা গভীর রাত্রে পুণার নিকটবর্ত্তী কিরকীতে পৌছিয়াছিলাম।

আমরা প্রত্যাশ। করিয়াছিলান, আমাদিগকে গান্ধিজীর ব্যারাকে রাখা হইবে, অন্ততঃ সম্বর্হ জাঁহার সহিত দেখা করিতে দেওয়া হইবে। এরোডা জেলের অধাক্ষ সেই ব্যবস্থাই করিয়াছিলেন, কিন্তু শেষ মুহুর্ত্তে আমাদের সহিত যে পুলিশ কর্মচারী আসিয়াছিলেন, তাহার মারফৎ সংবাদ পাইয়া এই ব্যবস্থার পরিবর্ত্তন কবা হয়। কারাধাক্ষ লে: কর্ণেল मार्टिन बामार्तित निकृष्टे अथ कथा छात्रितन नाः किछ পिতात अरकोशन প্রশ্নে আমরা বঝিতে পারিলাম যে, সঞ্জ-জয়াকরের উপস্থিতি বাতীত আমাদিগকে গান্ধিজীর সহিত দেখা ( অন্ততঃ প্রথম বার ) করিতে দেওয়ার অভিপ্রায় নাই। পূর্বের দেপা হইলে আমাদের মনোভাব দৃঢ় হইতে পারে এবং আমরা ঐক্যমত দৃঢ়তার সহিত বাক্ত করিতে <sup>`</sup> আশঙ্ক। করা হইরাছিল। সে রাত্রি এবং পরদিন দিবারাত্রি আমাদের প্রক বাারাকে রাথা হইল, পিতা মহা বিরক্ত হইলেন। যাঁহার স্হিত দেখা করিবার জন্ত আমরা নৈনী হইতে আসিলাম, সেই গান্ধিজীর সহিত দেখা করিতে দেওয়া হইতেছে না, অথচ আশায় আশায় হইতেছে, ইহা অত্যন্ত ক্লেশকর। ১৩ই তারিথ মধ্যাহ্নের পূর্বের আমাদিগকে জানান হইল, সাার তেজ্বাহাতুর ও মি: জয়াকর অসিয়াছেন এবং গান্ধিজীও তাঁহাদের সহিত জেলের অফিস ঘরে বসিয়া প্রতীক্ষা कतिर्ভेटिक, आमानिश्रके प्रतिथार यशिवात ज्ञा आख्वान कता देशन। পিতা প্রথমে যাইতে অস্বীকার করিলেন। তার পর অনেক কৈফিয়ৎ ও क्रमाश्रार्थनात পর তিনি এই সর্ত্তে যাইতে সম্মত হইলেন যে, তিনি প্রথম নির্জ্জনে গান্ধিজীর সহিত সাক্ষাং করিবেন। বল্লভভাই প্যাটেল ও জন্মরামদাস দৌলতরামকে এরোডাতেই আনা হইয়াছিল, मरतािकनी नार्रेष्ठ् अरताि । ज्वाति नातीरात क्र निर्मिष्ठे अरा हिलन ; আমাদের সন্মিলিত অমুরোধে তাঁহাদিগকেও আমাদের সন্মিলনে যোগ দিতে

#### ज उर्जनान निर्क

দেওয়া হইল। সেই দিন সন্ধ্যায় আমাকে, পিতাকে ও মামূদকে গান্ধিজীর ব্যারাকে লইয়া যাওয়া হইল, অবশিষ্ট কয়দিন আমরা তাঁহার সহিতই ছিলাম। বল্লভভাই ও জয়রামদাসকেও ঐ কয়দিন পরামর্শের জহা আমাদের নিকট রাখা হইয়াছিল।

১৩ই, ১৪ই ও ১৫ই আগষ্ট, এই তিন দিন সঞ্চ-জয়াকরের সহিত আলোচনা করিবার পর আমরা আমাদের মতামত লিপিবদ্ধ করিয়া পত্র বিনিময় করিলাম, ঐ পত্রে আমরা যে সকল নিম্নতম সর্ত্তে আইন অফান্ত আলোলন প্রত্যাহার এবং গভর্গমেণ্টের সহিত সহযোগিতা করিতে পারি, তাহা লিথিয়া দিলাম। এই সকল পত্র পরে সংবাদপত্রে প্রকাশিত হইয়াছিল।\*

এই দকল বৈঠক ও আলোচনায় পিতা অত্যন্ত কাতর হইয়া পড়িলেন। ১৬ই তারিথ সহসা তাঁহার প্রবল জর হইল। ইহাতে আমাদের ফিরিতে বিলম্ব ইইল। ১৯শে তারিথ রাত্রে আমরা পুনরায় ম্পেশাল টেনে নৈনী যাত্রা করিলাম। পিতার যাহাতে পথে কোন ক্লেশ না হয়, সেজন্ত বোদাই গভর্ণমেণ্ট যথোচিত বাবস্থা করিয়াছিলেন, এরোডা জেলেও তাঁহার বিশেষ যত্ন লেওয়া হইত। আমরা যে রাত্রে এরোডা জেলে উপস্থিত হই, সেদিনের একটি কৌতুককর ঘটনার কথা মনে আছে। কারাধাক্ষ কর্ণেল মার্টিন পিতাকে জিজ্ঞাসা করিলেন, কি শ্রেণীর থাত তিনি পছন্দ করেন? পিতা তাঁহাকে বলিলেন, তিনি সাধারণতঃ লঘু পথ্যই গ্রহণ করেন। তারপর তিনি প্রভাতে শ্যায় চা হইতে নৈশভোজন প্র্যান্ত পাছোর খুঁটি নাটি তালিকা দিতে লাগিলেন । (নৈনী জেলে বাড়ী হইতে পিতার থাগ আসিত)। পিতা সরলভাবে তাঁহার লঘু পথোর যে তালিকা দিলেন, তাহা গুরুতর বোধ হইল। লণ্ডনের রিটজ বা শুভয় হোটেলে ইহা অবশাই অতি সাধারণ ও লঘু খাভা বলিয়া বিবেচিত হয়, পিতারও অবভা তাহাই ধারণা। কিন্তু এরোডা জেলে ইহা আশ্চর্যা, তুল্ল'ভ এবং অতিরিক্ত বিবেচিত হুইল। পিতার বছতর ব্যয়বছল ফর্দ্ধ শুনিতে শুনিতে কর্ণেল মার্টিনের মুখভাব লক্ষ্য করিয়া আমি ও মামুদ অত্যন্ত কৌতৃক বোধ করিতে লাগিলাম। কেন না, বছকাল ধরিয়া তিনি ভারতের সর্বশ্রেষ্ঠ ও খ্যাতনামা নেতার রক্ষণাবেক্ষণ করিতেছেন; তাঁহার জন্ম ছাগলের হুধ, পেজুর ও কচিং কমলালেবু ব্যতীত আর কিছুর দরকার হয় নাই। কিছু 'পৃথক ধরণের নেতার সহিত তাঁহার এই প্রথম পরিচয়।

<sup>\*</sup> পরিশিষ্ট **জ**ষ্টবা ৷

## এরোডায় আপোষের কথাবার্ত্তা

পুণা হইতে নৈনীতে ফিরিবার পথেও বড় বড় ষ্টেশনে গাড়ী ন। থামাইয়া ছোট ছোট ষ্টেশনে গাড়ী থামিতে লাগিল। এবার জনতা আরও বেশী মনে হইল; প্রায় প্রত্যেক ষ্টেশনে, বিশেষভাবে হারদা, ইটারসি এবং সোহাগপুরে ষ্টেশন গ্লাটফর্ম এমন কি রেললাইনের উপর জনতা ভীড় করিয়াছিল। অল্লের জন্ম কোন দুর্ঘটনা ঘটে নাই।

পিতার শারীরিক অবস্থা ক্রমশঃ মন্দ হইতে লাগিল। তাঁহার নিজের চিকিৎসকগণ এবং প্রাদেশিক গভর্নেটের চিকিৎসকগণ তাঁহাকে দেখিতে লাগিলেন। স্পট্টই বুঝা গেল, জেলপানায় তাঁহার উপযুক্ত চিকিৎসা অসম্ভব। তাঁহার অস্থের জন্ম কারাম্ক্তি হওয়া উচিত, সংবাদপত্রে জনৈক বন্ধুর এইরূপ মন্তব্য দেখিয়া তিনি অত্যন্ত বিরক্ত হইলেন; তাঁহার মনে হইল, জনসাধারণ ভাবিবে যে, প্রস্তাবটি তাঁহারই ইচ্ছাক্রমে প্রকাশিত হইয়াছে। এমন কি, তিনি লর্ড আরুইনকে তার্যোগে জানাইলেন যে, কারাম্ক্তির অন্থাহ তিনি চাহেন না। কিন্তু দিনে দিনে তাঁহার অবস্থা থারাপ হইতে লাগিল, তাঁহার ওজন কমিয়া গেল; শ্রীর অত্যন্ত শীর্ণ হইতে লাগিল। দশ সপ্তাহ কারাগারে থাকিয়া তিনি ৮ই সেপ্টেম্বর মৃক্তিলাভ করিলেন।

পিতা চলিয়া গেলে আমাদের ব্যারাক প্রাণহীন ও শৃত্যময় মনে হইতে লাগিল। আমি, নর্মদাপ্রসাদ ও মামৃদ তিনজনই আনন্দের সহিত সারাক্ষণ তাঁহার সেবায় নিযুক্ত থাকিতাম। তাঁহার ছোটগাট কাজগুলি করিয়া কত আনন্দ হইত! আমি নেওয়ার বুনা ছাড়িয়া দিয়াছিলাম, চরকা অল্পই কাটিতাম, পড়াশুনাও বেশী করিতাম না। তাঁহার প্রস্থানের পর আমরা ভারাক্রাস্ত হৃদয় লইয়া পুনরায় পুরাতন নিয়মে কাজ করিতে লাগিলাম। পিতার মৃক্তির পর দৈনিক সংবাদপত্রও বন্ধ হইয়া গেল। চার কি পাঁচ দিন পর আমার ভয়ীপতি রণজিং পণ্ডিত গ্রেফ্তার হুইয়া আমাদের ব্যারাকে আদিলেন।

ছয় মাস কারাদণ্ড শেষ হওয়ায় ১১ই অক্টোবর আমি জেল হইতে মৃক্তি পাইলাম। বাহিরে তথন সংঘর্ষ তীব্রভাবে চলিতেছে, আমার এই স্বাধীনতা ক্ষণস্থায়ী। 'শাস্তিদ্ত' সঞ্জ-জ্যাকরের চেষ্টা ব্যর্থ হইয়াছিল। আমার কারামৃক্তির দিনই আরও তুই কি ততোধিক অর্ডিন্যান্স জারী হইল। কারার বাহিরে আসিয়া আমি আনন্দিত হইলাম এবং যে ক্যুদিন বাহিরে থাকি যথাস্ম্ভব কাজ করিবার সকল্প করিলাম।

কমলা তথন এলাহাবাদে কংগ্রেসের কাজ লইয়া ব্যস্ত ছিল। পিতা মুসোরীতে চিকিৎসাধীন ছিলেন, আমার মাতা ও ভগ্নী তাঁহার সহিত

#### ज ওহরলাল নেহক

ছিলেন। আমি দেড় দিন এলাহাবাদে কংগ্রেসের কাজকর্মের ব্যবস্থা করিয়া কমলাকে লইয়া মুসৌরী যাত্রা করিলাম। পদ্ধী অঞ্চলে থাজনা ও ট্যাক্স বন্ধ আন্দোলন আরম্ভ করা হইবে কিনা আমরা তথন এই বিষয় চিস্তা করিতেছিলাম। থাজনা আদায়ের নির্দিষ্ট সময় তথন নিকটবর্তী; কিন্তু যাহাই হউক, ফুষিপণ্যের মূল্য অসম্ভব হারে কমিয়া যাওয়ায় থাজনা আদায় করা কঠিন হইবে। এই সময় ভারতবর্ষেও জগতের বাজারের মন্দা প্রত্যক্ষ হইয়া উঠিয়াছে।

আইন অমান্ত আন্দোলনের অংশরূপেই হউক বা পৃথক আন্দোলনরূপেই হউক, ট্যাক্সবন্ধ আন্দোলনের ইহাই উপযুক্ত অবসর। এই বৎসরের আয় হইতে কি জমিদার কি প্রজা কাহারও পক্ষে পুরা থাজনা আদায় দেওয়া অসম্ভব। জমিদারদের সাধারণতঃ কিছু সংস্থান আছে, তাহাদের পক্ষে ঝণ পাওয়াও সহজ। কিন্তু প্রজারা অধিকাংশই হতদরিদ্র, কোন সঞ্চয় সঞ্চিত তাহাদের নাই। যে কোন গণতান্ত্রিক দেশে, যেথানে ক্ষকেরা সভ্যবন্ধ ও প্রভাবশালী, সেথানে বর্ত্তমান অবস্থায় তাহাদের নিকট হইতে থাজনা আদায় করা অসম্ভব হইত। কিন্তু ভারতবর্ষে ক্ষকদের প্রভাব প্রতিপত্তি প্রায় কিছুই নাই। কোন কোন অঞ্লো কংগ্রেদের সহায়তায় ক্ষবিল একটু সভ্যবন্ধ; অবশ্য অবস্থা সহ্ করিতে না পারিয়া যদি ক্ষকেরা ক্ষিপ্ত হইয়া উঠে, এ আশকা শুসর্ব্বদাই আছে। তবে ইহারা বংশাস্ক্রমিক অপ্রতিবাদে সমস্ত ত্ংগ নীরবে সহ্ করিতেই অভ্যন্ত।

গুজরাট এবং অন্থান্ত অঞ্চলে থাজনাবদ্ধ আন্দোলন চলিতেছিল, তবে তাহা আইন অমান্ত আন্দোলনের অংশরূপে রাজনৈতিক আন্দোলনরপেই পরিচালিত হইতেছিল। দেখানে রায়তারী প্রথা প্রচলিত এবং তাহারা গভর্গমেন্টকে থাজনা দিয়া থাকে। তাহারা থাজনা না দিলে গভর্গমেন্ট প্রত্যক্ষভাবে ক্ষতিগ্রস্ত হন। কিন্তু যুক্তপ্রদেশে জমিদারী ও তালুকদারী প্রথা প্রচলিত; গভর্গমেন্ট ও কুহকের মধ্যে বহু মধ্যস্বস্থভোগী বিভ্যমান। এখানে প্রজারা থাজনা না দিলে মুগ্যভাবে জমিদারেরা বিপদ্ম হন। অতএব, এক্ষেত্রে শ্রেণীর প্রশ্ন স্বতঃই আদে। কিন্তু কংগ্রেস নিছক জাতীয়তাবাদী প্রতিষ্ঠান; ইহার মধ্যে অনেক মাঝারি এবং কয়েকজন বড় জমিদারও আছেন। শ্রেণীস্বার্থের প্রশ্ন উঠে কিন্তা জমিদারেরা বিরক্ত হন এমন কিছু করিতে কংগ্রেসের নেতারা সর্ব্বদাই ভীত; এই কারণে আইন অমান্ত আন্দোলনের প্রথম ছয়্ম মান্স অতিবাহিত হওয়া সত্ত্বও তাহারা পদ্ধী অঞ্চলে থাজনা বন্ধ আন্দোলন ঘোষণা করিলেন না।

## এরোডার আপোবের কথাবার্ত্তা

আমার মতে তথন উহার উপযুক্ত অবসর ছিল সন্দেহ নাই। যে কোন ভাবেই হউক, শ্রেণীক্ষার্থের কথা তুলিতে সামার নিজের কোন ভয় ছিল না; তবে আমি ইহা মানিতে বাধ্য বে, তথন কংগ্রেসের নিয়ম যেরপ তাহাতে উহা শ্রেণীসংঘর্ষ অফুমোদন করিতে পারে না। অবশ্য কংগ্রেস জমিদার ও প্রজা উভয়কেই থাজনা দিতে নিষেধ করিতে পারে। জমিদারেরা সম্ভবতঃ গভর্গমেণ্ট দাবী করিলেই থাজনা চুকাইয়া দিবেন; কিন্তু সে দোষ তাঁহাদেরই হইবে।

অক্টোবরে যথন আমি জেল হইতে বাহিরে আদিলাম তথন রাজনৈতিক ও অর্থনৈতিক পরিস্থিতি দেখিয়া আমি নিঃসন্দেহ ব্রিলাম, থাজনাবদ্ধ আন্দোলনের ইহাই, উপযুক্ত অবসর। কৃষকদের অর্থন্ট প্রায় চরমে উঠিয়াছে। আমাদের রাজনৈতিক নিরুপদ্রব প্রতিরোধ আন্দোলন যদিও সর্বত্ত প্রাদমে চলিতেছিল, তথাপি উহা একঘেরে হইয়া উঠিয়াছিল। তথনও লোকে অল্লাধিক দলে দলে জেলে যাইতেছিল বটে, কিন্তু সেউংসাহ-উদ্দাপনা আর ছিল না। নগরবাসীও মধ্যশ্রেণীর লোকেরা পুনঃ পুনঃ হরতাল ও মিছিলে অনেকটা ক্লান্ত হইয়া পড়িয়াছিল। ইহাকে চাক্লা করিয়া তুলিবার জন্ম নৃতন কিছু চাই, নৃতন মামুষ চাই। একমাত্র কৃষক সম্প্রদায় ছাড়া আর কোথায় তাহা পাওরা যাইবে? এইথানেই সমষ্টিবল সঞ্চিত রহিয়াছে। এইথানেই জনসাধারণের স্বার্থের ভিত্তিতে বিরাট গণ-আন্দোলন জাগ্রত করা যাইতে পারে এবং আমার মতে উহার ঘারাই অতি গুরুতর সামাজিক প্রশ্নগুলিও স্মাধানের অমুকুল অবস্থার সৃষ্টি হইবে।

আমি এলাহাবাদে যে দেড় দিন ছিলাম, এই বিষয় লইয়া সহকর্মীদের সহিত আলোচনা করিলাম। সময় সংক্ষিপ্ত হইলেও প্রাদেশিক কংগ্রেস কমিটির কার্য্যকরীসভা আহ্ত হইল। অনেক তর্কবিতর্কের পর আমরা স্থির করিলাম, থাজনা বন্ধ আন্দোলন আরম্ভ করিতে হইবে; তবে আমরা প্রদেশের কোন অংশে উহা ঘোষণা করিলাম না, প্রত্যেক জিলার উপর ভার দেওয়া হইল। কার্য্যকরী সমিতি শ্রেণীসংঘর্ষ বাঁচাইবার জন্ম জমিদার ও প্রজা উভয়কেই সমানভাবে আহ্বান করিলেন। অবশ্য আমরা জানিতাম যে, প্রজারাই ইহাতে বেশী সাড়া দিবে।

এই সিদ্ধান্তের পর আমাদের এলাহাবাদ জিলাই প্রথম আন্দোলন আরম্ভ করিতে প্রস্তুত হইল। নৃতন আন্দোলনে শক্তিসঞ্চার করিবার জন্ম আমরা প্রতিনিধি স্থানীয় কৃষকদের লইয়া একটি সম্মেলনের ব্যবস্থা করিলাম। কারামৃক্তির প্রথম দিনই আমি যতথানি কাজ করিলাম, তাহাতে স্থী

#### ज ওহরলাল নেহর

হইলাম। ইহার সহিত এলাহাবাদে এক বৃহৎ জনসভা আহ্বান করিয়া আমি বক্তৃতা করিলাম। এই বক্তৃতার জগু আমার পুনরায় কারাদণ্ড হইল।

সে যাহা হউকু, ১৩ই অক্টোবর আমি কমলাকে লইয়া মুসৌরী গেলাম এবং পিতার সহিত তিন দিন অবস্থান করিলাম। তাঁহাকে অনেকটা ভাল বোধ হইল, এ যাত্রা তিনি সারিয়া উঠিবেন, ইহা ভাবিয়া আমি আনন্দিত হইলাম। পরিবার বর্গের সহিত তিনটি দিন যে আনন্দে কাটিল, তাহা আমার শ্বরণ আছে। আমার কলা ইন্দিরা ও তিনটি ছোট ভাগিনেয়ী সেখানে ছিল। আমি শিশুদের লইয়া খেলা করিতাম। কখনও আমরা মিছিল করিয়া বীরদর্পে বাড়ীর চারিদিকে ঘুরিতাম; সর্ব্বকনিষ্ঠা (৩৪ বংসর বয়স্ক) জাতীয় পতাকা হন্তে আগে চলিত, পাছে পাছে আমরা চলিতাম এবং "ঝাণ্ডা উচা রহে হামারা" গানটি গাহিতাম। এই তিন দিনই পিতার সহিত আমার স্ব্বশেষ একত্র অবস্থান। তারপর যখন চরম রোগ তাঁহাকে আমার নিকট হুইতে ছিনাইয়া লইয়া গেল, তখন একবার দেখিয়াছিলাম মাত্র।

আমার পুনরায় গ্রেফ্তার অন্থমান করিয়া এবং সম্ভবতঃ আমাকে আরও কিছুকাল নিকটে দেখিবার জন্ম পিতা সহসা এলাহাবাদে প্রত্যাবর্ত্তনের সঙ্কল্প করিলেন। এলাহাবাদে ১৯শে তারিথ কৃষক সম্মেলনে যোগ দিবার জন্ম আমি ও কমলা ১৭ই তারিথ মুসৌরী হইতে যাত্রা করিলাম। পিতা অন্যান্য সকলকে লইয়া তাহার প্রদিন এলাহাবাদ বাত্রা করিলেন।

ফিরিবার পথে আমি ও কমলা উভয়েই কিছু উত্তেজনা অহুত্ব করিয়াছিলাম। আমর। দেরাহ্ন ছাড়িতেছি, এমন সময় আমার উপর ১৪৪ ধারা জারী করা হইল। লক্ষো-এ আমরা কয়েক ঘণ্টা ছিলাম, এথানে আসিয়া শুনিলাম আর একটি ১৪৪ ধারার নোটশ অপেকা করিতেছে, কিছু বৃহৎ ও ঘনসন্নিবিপ্ত জনতা ভেদ করিয়া পুলিশ কর্মচারীটি আমার নিকট পৌছিতে পারিলেন না। স্থানীয় মিউনিসিপালিটি আমাকে একথানি মানপত্ত প্রদান করিলেন। তারপর আমর। মোটর গাড়ীতে এলাহাবাদ যাত্রা করিলাম; পথে স্থানে স্থানে গাড়ী থামাইয়া কৃষকসভায় বক্তা করিতে হইল। আমরা ১৮ই তারিথ রাত্রে এলাহাবাদে পৌছিলাম।

১৯শে তারিথ সকালবেলা আমার উপর আর একথানি ১৪৪ ধারার নোটশ জারি হইল। বুঝিলাম, গভর্ণমেণ্ট আমার পিছু লইয়াছেন এবং আমার সময় ঘনাইয়া আসিয়াছে। আমি পুনরায় গ্রেফ্তার হওয়ার পূর্বে কিষাণ কনফারেন্দে যোগ :দেওয়ার জন্ম বাস্ত হইয়া পড়িলাম। আমরা কেবল প্রতিনিধিদের সভা আহ্বান করিয়াছিলাম। বাহিরের লোকদিগকে এখানে প্রবেশ করিতে দেওয়া হয় নাই। এলাহাবাদ জিলার প্রতিনিধিস্থানীয় প্রায়

## এরোডায় আপোষের কথাবার্ত্তা

বোল শত ব্যক্তি সভায় উপস্থিত ছিলেন। আমাদের জিলায় থাজনাবন্ধ আন্দোলন আরম্ভ করিবার প্রস্থাব উৎসাহের সহিত প্রেলনে গৃহীত হইল। আমাদের বিশিষ্ট কর্মীরা কিছু ইতন্তত: করিলেন। অনেকের মনেই ইহার সাফল্য সম্পর্কে সন্দেহ উপস্থিত হইল। বড় জনিদারেরা গৃভর্গমেশ্টর পৃষ্ঠপোষকভায় প্রজাদিগকে ভীত করিয়া তুলিবেন। তাহার: সেই আঘাত সহ্ম করিতে পারিবে কিনা সন্দেহ। কিন্তু বিভিন্ন শ্রেণীর সেই ঘোল শত রুষক প্রতিনিধির মনে কোনও সংশয় বা সন্দেহ ছিল না। অন্তত: তাহারা তাহা প্রকাশ করে নাই। আমি কন্ফারেন্সে এক বক্তৃতা করিলাম। তাহার ফলে আমি ১৪৪ ধারা ভঙ্গ করিলাম কিনা, বৃঝিতে পারিলাম না। কেন না উক্ত নোটিশে আমাকে সাধারণে বক্তৃতা করিতে নিষেধ করা হইয়াছিল।

সেখান হইতে আমি ষ্টেশনে পিতা ও অক্টান্ত পরিবারমণ্ডলীকে আনিতে গেলাম। ট্রেন দেরীতে আসিল এবং তাঁহাদের আগমনের অব্যবহিত পরেই আমি রুষক ও নাগরিকদের এক মিলিত জনসভায় যোগ দিতে চলিয়া গেলাম। সভার শেষে অত্যন্ত ক্লান্তদেহে রাত্রি ৮টার সময় আমি ও কমলা বাড়ীতে ফিরিতেছিলাম। পিতা ফিরিবার পর আমরা কথা বলার কোনও স্থযোগই পাই নাই। আমি জানি, তিনি আমার জন্ম অপেক্ষা করিতেছিলেন এমং আমিও তাঁহার সহিত আলাপ করিবার জন্ম ব্যথ্য হইয়াছিলাম। কিন্তু ফিরিবার পথে আমাদের বাড়ীর নিকট আমাদের গাড়ীখানা থামাইয়া ফেলা হইল এবং আমাকে গ্রেফ্ তার করিয়া তথনই যম্না নদীর উপর দিয়া নৈনীতে আমার প্রাতন বাসস্থানে-লইয়া যাওয়া হইল। কমলা একাকী আননভবনে প্রতীক্ষামান পরিবারবর্গকে সংবাদ দিতে চলিয়া গেল এবং আমি যথন নৈনী জেলের বৃহৎ সিংহছার দিয়া প্রায়া প্রবেশ করিলাম, তথন চং ডংকরিয়া ঘড়িতে ৯টা বাজিয়া উঠিল।

# যুক্ত প্রদেশে করবন্ধ আন্দোলন

আট দিন অমুপস্থিতির পর আমি পুনরায় নৈনীতে ফিরিয়া সেই পুরাতন ব্যারাকে সৈয়দ মামৃদ, নর্মদাপ্রসাদ এবং রণজিং পগুতের সহিত মিলিত হইলাম। কয়েকদিন পরে জেলের মধ্যেই আমার বিচার হইল। মৃক্তির পরদিন আমি এলাহাবাদে যে বক্তৃতা দিয়াছিলাম তাহার ভিত্তিতে কয়েকটি অভিযোগ উপস্থিত করা হইল। বলাবাছলা, আমি আত্মপক্ষ সমর্থন করিলাম না। কেবলমাত্র আদালতের সম্মুথে একটি সংক্ষিপ্ত বিবৃতি দিলাম। আমাকে সিভিসানীয় ১২৪ (ক) ধারায় ১৮ মাস সম্রম কারাদণ্ড ও ৫০০ টাকা জরিমানা করা হইল, ১৮৮২ সালের লবণ আইন অমুসারে ছয় মাস কারাদণ্ড ও এক শত টাকা জরিমানা করা হইল এবং ১৯৩০-এর ৬নং অভিনাল (কি বিষয় তাহা আমি ভূলিয়া গিয়াছি) অমুসারে আরও ছয় মাস কারাদণ্ড এবং এক শত টাকা জরিমানা হইল। শেষোক্ত কারাদণ্ড গৃইটি একসঙ্গে চলিবে। মোটমাট আমার ত্ই বংসর সম্রম কারাদণ্ড হইল এবং জরিমানার টাকা না দিলে আরও পাঁচ মাস কারাদণ্ড ভোগ করিতে হইবে। এইবার লইয়া আমার পাঁচ বার কারাদণ্ড হইল।

আমার গ্রেক্তার ও কারাদণ্ডের ফলে আইন অমান্ত আন্দোলনে সাম্মিকভাবে কিছু শক্তিসঞ্চার হইল ও কিছু উৎসাহ লক্ষ্য করা গেল। পিতার জন্তই ইহা সম্ভব হইয়াছিল। যথন কমলা গিয়া তাঁহার নিকট আমার গ্রেফ তারের সংবাদ ব্যক্ত করিল তপন তিনি আহত হইলেন। তৎক্ষণাৎ তিনি উঠিয়া শাড়াইয়া সম্মুথের টেবিলে করাঘাত করিয়া বলিলেন যে, তিনি এভাবে রোগশন্যায় পড়িয়া থাকিবেন না। তিনি ভাল হইবেন এবং মান্থযের মত কাজ্ম করিবেন, এমন তুর্ব্বলভাবে রোগের নিকট আত্মসমর্পণ করিবেন না। এ সকল্প সাহসিক, কিছ ত্রভাগাক্রমে ইচ্ছাশক্তি যত প্রবলই হউক না কেন, যে রোগ তাঁহার অন্থিমজ্জায় প্রবেশ করিয়া ধীরে ধীরে তাঁহাকে জীর্ণ করিতেছে, তাহাকে পরাহত করা তাঁহার সাধ্যায়ন্ত নহে। কিন্তু ক্যেকদিন আশ্বর্ঘ পরিবর্ত্তন দেখা গেল। লোকে তাহাকে দেখিয়া বিশ্বিত হইল। তিনি যথন

## यूक श्राप्त कत्रवक आत्मानन

এরোডা জেলে ছিলেন তথন হইতে কয়েকমাস ধরিয়া তাঁহার পুতুর সহিত রক্ত পড়িতেছিল। তাঁহার এই সঙ্কল্পের পর সহসা বন্ধ হইয়া গেল। কয়েকদিন আর রক্ত পড়িল না: তিনি ইহাতে খুদি হইলেন এবং জেলে আমার সহিত দেখা করিতে আসিয়া পর্কের সহিত এই ঘটনা বলিলেন। কিন্তু তুর্ভাগ্যক্রমে ইহা ক্ষণস্থায়ী হইল, কয়েক দিন পরেই বেশীমাত্রায় রক্ত পড়িতে লাগিল এবং তাঁহার রোগ পুনরায় মাথা চাড়া দিয়া উঠিল। কিন্তু ঐ অল্পকালেই তিনি তাঁহার পুরাতন শক্তি লইয়া নিথিল ভারতীয় আইন অমাত্ত আন্দোলনে এক নৃতন বেগ সঞ্চার করিলেন। বিভিন্ন প্রদেশের কম্মীরা আসিয়া তাঁহার সহিত প্রাম্<sup>র্ন</sup> করিলেন এবং তিনি সর্ব্বত্ত প্রয়োজন মত উপদেশাদি প্রেরণ করিতে লাগিলেন। তিনি একটি বিশেষ দিন নিদিষ্ট করিলেন (নভেম্র মাসে, উহা আমার জন্মদিন)। যে বকুতার জন্ম আমার কারাদণ্ড হইয়াছে, ঐ বক্ততাটি ভারতের সর্বত্র জনসভায় ঐদিন পঠিত হইবে স্থির হইল। নির্দিষ্ট দিনে বহুস্থানে লাঠি চলিল, জোর করিয়া নিছিল ও সভা ভাঙ্গিয়া দেওয়া হইল এবং কেবলমাত্র ঐদিনে দেশের দর্মত্র প্রায় পাঁচ হাজার লোক গ্রেফ্তার হইল। জন্মদিনের কি চমংকার অনুষ্ঠান!

পীড়িত পিতার পক্ষে এই ভাবে দায়িত্ব লইয়া শক্তিক্ষয় করা অতান্ত অন্যায়। আমি তাঁহাকে সম্পূর্ণ বিশ্রাম লইবার প্রার্থনা জানাইলাম। কিন্তু আমি জানিতাম, ভারতে থাকিয়া তাঁহার পক্ষে এরপ বিশ্রাম অসম্ভব। আন্দোলনের গতির সহিত তাঁহার মনও সর্বাদা আলোড়িত থাকিবে এবং লোকেও উপদেশের জন্ম তাঁহার নিকট উপস্থিত হইবে। আমি সেই জন্ম তাঁহাকে রেক্স্ন, সিক্ষাপুর এবং জাভা এভৃতি অঞ্চলে ছোটথাট সম্ম যাত্রার পরামর্শ দিলাম। তিনিও প্রস্তাবটি পছন্দ করিলেন। ঠিক হইল, সম্মুখ্যাত্রায় একজন ডাক্তার বন্ধু তাঁহার সঙ্গে থাকিবেন। এই উদ্দেশ্য লইয়া তিনি কলিকাতায় গেলেন এবং সেথানে তাঁহার অবস্থা আরও থারাপ হইল, তিনি আর অগ্রসর হইতে পারিলেন না। কলিকাতার উপকণ্ঠে দক্ষিণেশ্বরে তিনি কয়েক সপ্তাহ অবস্থান করিলেন, পরিবারস্থ সকলে আসিয়া তাঁহার সহিত মিলিত হইলেন। কেবল কমলা কংগ্রেসের কাজের জন্ম এলাহাবাদে রহিয়া গেলেন।

থাজনাবন্ধ আন্দোলনের সহিত আমার সংশ্রবের জন্মই আমাকে পুনরায় তাড়াতাড়ি গ্রেফ্তার করা হইল। কিন্তু কার্য্যতঃ কিষাণ সন্মেলনের অব্যবহিত পরেই, কৃষক প্রতিনিধিরা এলাহাবাদে থাকিতে থাকিতেই আমাকে গ্রেফ্তার করার ফলে আন্দোলন যেরূপ সাফল্য লাভ করিল,

#### अश्वत्रमान (नर्क

জার কিছুত্তেই তেমন হইতে পারিত না। ইহার ফলে ওাঁহাদের উৎসাহ
হৃদ্ধি হইল এবং সম্মেলনের সিদ্ধান্তের কথা তাহারা জিলার প্রত্যেক গ্রামে
প্রচার করিতে লাগিল। তুই দিনের মধ্যেই জিলার সকলে জানিল,,
ধাজনাবদ্ধ আন্দোলন আরম্ভ হইয়াছে, এবং সর্বব্রেই আনন্দের সহিত
ইহা সম্থিত হইল।

এইকালে আমরা কি করিতেছি, জনসাধারণের নিকট আমরা কি চাহি, এই সম্পর্কিত সংবাদ আদান-প্রদানের বিশেষ বাধা আমরা অমভব করিতে লাগিলাম। গভর্ণমেণ্ট কর্তৃক দণ্ডিত এবং কাগন্ধ বন্ধ হইবার ভয়ে কোন সংবাদপত্রই আমাদের সংবাদ প্রকাশ করিত না। ছাপাখানাগুলি আমাদের বিজ্ঞাপন নোটিশাদি ছাপিত না। চিঠি ও টেলিগ্রাম সেন্সর করা হইত এবং প্রায়ই বন্ধ করা হইত। লোক মারফং সংবাদ আদান-প্রদানই একমাত্র নির্ভরযোগ্য পদ্বা ছিল; কিন্তু তাহাতেও আমাদের সংবাদবাহীরা প্রায়ই গ্রেফ্তার হইত। এই উপায় অতান্ত ব্যয়বহুল এবং ইহাতে শৃঙ্খলাবদ্ধ বহু ব্যবস্থার প্রয়োজন। তবুও এই ব্যবস্থা অনেকাংশে সফল হইল। প্রাদেশিক কেন্দ্র ও জিলা কেন্দ্রের সহিত প্রধান কেন্দ্রের সর্বাদা যোগরক্ষা করা সম্ভব হইয়াছিল। সহরে সংবাদ প্রচার করা বিশেষ কঠিন নয়। সাইক্লোষ্টাইল যন্ত্রে মুদ্রিত বহু সাপ্তাহিক ও দৈনিক পত্রিকা বে-আইনীভাবে প্রচারিত হইত এবং লোকে তাহা আগ্রহসহকারে পাঠ করিত। নগরে ঢোলসহরং ঘারা আমাদের ঘোষণা-পত্রগুলি প্রচারিত হইত এবং প্রায়ই ঢুলিকে গ্রেফ্ তার করা হইত। ইহা কেহ গ্রাছের মধ্যেই আনিত না; কেন না, লোকে গ্রেফ তার হইতেই চাহে, পলাইতে চাহে না। কিন্তু নাগরিক উপায়গুলি পল্লী অঞ্চলে প্রয়োগ করা চলে না। দূত প্রেরণ করিয়া অথবা বে-আইনী নোটিশ বিলি করিয়া প্রধান প্রধান পল্লীকেন্দ্রের সহিত কতকটা যোগ রাখা সম্ভব হইলেও वावश थूव मरखायक्रमक हिल मा। पृत शारम मरवाम ह्राइशा পড़िত मित्री श्रेज।

কিন্তু এলাহাবাদে কিষাণ কন্দারেন্দের প্র এই অন্থবিধা অনেক্টা
দ্র হইল। জিলার প্রায় প্রত্যেক প্রধান গ্রাম হইতেই ক্ষক প্রতিনিধি
আসিয়াছিল, তাঁহারা ক্ষকদের সম্পর্কিত নৃতন প্রস্তাব এবং তাহার জন্তু
আমার গ্রেফ্তারের সংবাদ লইয়া জিলার সর্ব্বত্ত ছড়াইয়া দিল। অর্থাৎ
থাজনাবদ্ধ আন্দোলনের যোল শত উৎসাহী প্রচারকারী এক দিনেই সমস্ত প্রান্তে সংবাদ প্রচার করিল। আন্দোলনের প্রাথমিক সাফল্য দেখা গেল।
সর্ব্বত্ত ব্র্বা গেল যে, বল প্রয়োগ না করিলে কেইই স্বেচ্ছায় খাজনা দিবে

#### युक्त श्रीरमण कत्रवक्त आरम्मानन

না। অবশ্য কি জমিদার কি শাসকবর্গ বল প্রয়োগ করিয়া ভয় দেখাইতে আরম্ভ করিলে তাহারা সহু করিতে পারিবে কি না, তাহা কাহারও পক্ষে বলা কঠিন।

আমরা জমিদার ও প্রক্ষা উভয়কেই থাজনা বন্ধ করিতে বলিয়াছিলাম। মতবাদের দিক দিয়া ইহা শ্রেণী-আন্দোলন নহে, কিন্তু কার্যাতঃ জমিদারের। স্ব স্ব রাজস্ব দিলেন, এমন কি, জাতীয় আন্দোলনের প্রতি সহাত্ত্তিসম্পন্ন জমিদারেরাও তাহাই করিলেন। চাপও তাহাদের উপর বেশী এবং ক্ষতির मञ्जादना अधिक। यादा रुखेक, প্রজারা অটল রহিল এবং থাজনা দিল না। এবং আমাদের সংঘর্ষ কার্যকেত্রে থাজনা বন্ধের আন্দোলনে পর্যাবসিত इरेन। এनारावान किना रहेट हरा युक्त अरात्मत व्यात्र कराव्रकृति किनाव ছড়াইয়া পড়িল। অক্তান্ত জিলায় ইহা বিধিবদ্ধভাবে গৃহীত ও ঘোষিত ন্ হইলেও প্রজারা থাজনা দেওয়া বন্ধ করিল অথবা অধিকাংশ ক্ষেত্রে শস্ত্রমূল্য কমিয়া যাওয়ায় অক্ষমতাবশতঃই তাহারা থাজনা দিতে পারিল না। কিছ কয়েক মাস ধরিয়া কি জমিদার কি গভর্ণমেণ্ট কেহই অবাধ্য প্রজাদিগকে ভয় দেখাইবার কোনই চেষ্টা করিলেন না। তাঁহারা অত্যন্ত অবস্থার মধ্যে পড়িয়াছিলেন। একদিকে নিরুপদ্রব প্রতিরোধ-নীতি লইয়া त्राइटेन जिक मः घर्ष, अग्रामितक अर्थ रेनजिक मन्नात अग्रा भन्नी अक्षरण कृशकरानत ক্লেশ। এই দুইয়ের মিলিত মৃতি দেপিয়া গভর্ণমেণ্ট ক্লমক বিদ্রোহের আশ্বায় ভীত হইলেন। লণ্ডনে তথন গোলটেবিল বৈঠক চলিতেছিল. ভারতে অধিকতর অশান্তির সৃষ্টি করা অথবা গভর্ণমেন্টের 'প্রতাপ' দেখাইবার িবিশেষ আগ্রহ তাহাদের ছিল না।

যুক্ত প্রদেশে করবন্ধ আন্দোলনের এক প্রত্যক্ষ ফল দেখা গেল যে, ইহা আন্দোলনের কেন্দ্রকে সহর হইতে পল্লীতে লইয়া গেল এবং ইহা অধিকতর ব্যাপক ও দৃঢ়ভিত্তির উপর স্থাপিত হইল। যদিও আমাদের নগরবাসীরা বিরক্ত ও ক্লান্ত হইয়া উঠিয়াছিলেন এবং আমাদের মধ্যশ্রেণীর কর্মীরং নিজ্জীব হইয়া পড়িতেছিলেন, তথাপি যুক্ত প্রদেশের আন্দোলন শক্তিশালী, এমন কি, প্র্বাপেক্ষা অধিকতর শক্তিশালী হইয়া উঠিল। অক্যান্ত প্রদেশে আন্দোলনের সহর হইতে পল্লীতে, রাজনীতি হইতে অর্থনীতিতে পরিবর্ত্তিত গতি এতটা দেখা যায় নাই। তাহার ফলে নগর হইতেই আন্দোলন পরিচালিত হইতে লাগিল এবং মধ্যশ্রেণীর কর্মীদের ক্লান্তির জন্ম আন্দোলন অনেকাংশে শিথিল হইয়া পড়িল। এমন কি, যে বোদ্বাই সহর আন্দোলনের প্রথম হইতে প্রধান কেন্দ্রন্থপে কার্য্য করিতেছিল, তাহার উৎসাহ দীপ্তিও কমিয়া আসিল। কর্ম্বপক্ষের প্রতি অবজ্ঞা, গ্রেফ্ তার প্রভৃতি নানাস্থানে চলিতেছিল বটে, কিন্তু

#### ज अञ्जलांन (मञ्जू

ইহা ক্লব্রিম মনে হইতে লাগিল। সে জীবস্ত ভাব আর রহিল না। ইহা আভাবিক, কেন না, জনসাধারণকে কোন নিদিষ্ট বৈপ্লবিক উচ্চ-গ্রামে দীর্ঘকাল ধরিয়া রাখা কঠিন। সাধারণতঃ ইহা কয়েকদিনের ব্যাপার মাত্র। কিছু নিরুপত্রব প্রতিরোধ-নীতি কয়েকমাস ধরিয়া সমান উৎসাহে কার্য্য করিয়া আশ্চর্য্য শক্তি প্রদর্শন করিয়াছে। এমন কি, অপেক্ষাক্যত নিম্নগ্রামে ইহা অনিশ্চিত কালের জন্ম চালান যাইতে পারে।

গভর্ণমেন্টের দমননীতি প্রবল হইল। স্থানীয় কংগ্রেস কমিটি, যুবক সমিতি প্রভৃতি যাহা এতদিন আশ্চর্যাভাবে চলিতেছিল, তাহা বে-আইনী ঘোষণা করিয়া দমন করা হইল। রাজনৈতিক বন্দীদের প্রতি জেলখানার ব্যবহার আরও থারাপ হইল। কারামুক্তির অল্পদিন পরেই লোকে পুনরায় কারাদণ্ড লইয়া জেলে ফিরিয়া আদে, এই ব্যাপার দেখিয়া গভর্ণমেন্ট বিষম বিরক্ত হইলেন। শাস্তি সত্ত্বেও লোকের তেজ কমেনা; ইহাতে শাসকগণের আত্মাভিমান আহত হইতে লাগিল। ১৯৩০-এর নভেম্বর এবং ডিদেম্বর মাসের প্রথম ভাগে জেল-শৃঙ্খলা ভঙ্ক করার অপরাধের ছলনায় যুক্ত প্রদেশের জেলসমূহে কয়েকজন রাজনৈতিক বন্দীকে বেত্রদণ্ড দেওয়া হইল। নৈনী জেলে এই স্কল সংবাদ পাইয়া আমরা অত্যন্ত বিচলিত হইলাম। আমি নিজে বেত্রদণ্ডকে অত্যন্ত গহিত বলিয়া মনে করি, আমার মতে অতি চুর্বব ত্ত অপরাধীকেও এই দণ্ড দেওয়া উচিত নহে। কিছু ক্রমে ইহাতে এবং ভারতে ইহাপেক্ষাও শোচনীয় অনেক ব্যাপারে আমর। অভ্যন্ত হইয়া উঠিলাম। তথাপি যুবক ও অল্পবয়স্ক বালকদিগকে দামায় শৃঙ্খলাভঙ্গের অজুহাতে বেত্রদণ্ড দেওয়া বর্ববরতা মাত্র। আমাদের ব্যারাফের আমরা চারজন এ বিষয়ে গভর্ণমেণ্টের নিকট পত্র লিখিলাম। কিন্তু তুই সপ্তাহকাল অপেক্ষা করিয়াও কোন উত্তর পাইলাম না। বেত্রদণ্ডের প্রতিবাদ এবং যাহারা এই বর্ষার দণ্ড লাভ করিয়াছে, তাহাদের প্রতি সহামুভূতি প্রদর্শনের জন্ত একটা কিছু করা উচিত বলিয়া মনে হইল। আমরা তিনদিন বাহাত্তর ঘণ্টা পূর্ণ উপবাস করা স্থির করিলাম। দিনের সংখ্যার দিক দিয়া এই উপবাস কিছুই নহে, কিন্তু আমরা কেহই উপবাদে অভান্ত ছিলাম না, কাজেই আমরা কতদুর পর্যান্ত সহা করিতে পারিব বুঝিতে পারিলাম না। আমি ইতিপর্বের কথনও চব্বিশ ঘণ্টার বেশী উপবাস করি নাই।

উপবাদের দিন কয়টা ভালয় ভালয় কাটিল, যতটা ভয় পাইয়াছিলাম, ব্যাপারটা তত গুরুতর নহে। আমি নির্কোধের মত ঐ তিন দিনও দৌড় ঝাঁপ প্রভৃতি ব্যায়াম করিয়াছিলাম। আমি পূর্বে একটু অস্কৃষ্থ ছিলাম, কাজেই ইহার ফল ভাল হইল না। তিন দিনে আমাদের প্রত্যেকের

## युक्त अरमभ कत्रवक्त जारमानन

ওজন সাত-আট পাউও করিয়া কমিয়া গেল। ইহার পূর্ব্বে কয়েক মাসে নৈনী জেলে আমাদের প্রত্যেকের ওজন পনর হইতে ছাব্বিশ পাউও পর্যান্ত কমিয়াছিল।

আমাদের উপবাস ছাড়াও বাহিরে বেত্রদণ্ডের বিরুদ্ধে কিছু আন্দোলন হইয়াছিল এবং আমার বিশ্বাস, যুক্ত প্রদেশের গভর্গনেই ভবিষ্যতে বেত্রদণ্ড না দেওয়ার জন্ম কারাবিভাগের উপর আদেশ জারী করিয়াছিলেন। কিন্তু এই আদেশ দীর্ঘন্থায়ী হয় নাই। এক বংসরের কিছু পরেই যুক্ত প্রদেশ ও অন্তান্ত প্রদেশের জেলখানায় বেত্রদণ্ডের অপ্রতুল ছিল না।

্রতি শেণীর সাময়িক চাঞ্চল্যের কথা ছাড়িয়া দিলে জেলে আমরা আনেকটা শান্তিতেই বাস করিয়াছি। আবহাওয়া চমৎকার ছিল। এলাহাবাদে শীতকাল অতি মনোরম। আমাদের ব্যারাকে রণজিৎ পণ্ডিতের আগমনে আমাদের ভালই ২ইল। তিনি বাগান-রচনায় অভিজ্ঞ; অল্পদিনের মধেই আমাদের ব্যারাকের নীরস প্রাঙ্গণ বিবিধ ফুলে ও রঙ্গে ভরিয়া উঠিল। মন কি, তিনি সেই অপরিসর স্থানের মধ্যে একটি গল্ফ্ থেলিবার গ্ন তৈয়ারী করিলেন।

নৈনী জেলে আর একটি দৃশ্য আমাদের চিত্ত হরণ করিত; তাহা হইল এরোপ্লেন। পূর্বে ও পশ্চিমগামী আকাশপথের এলাহাবাদ অন্ততম দাঁটি। অষ্ট্রেলিয়া, যাভা, ফরাসী, ইন্দো-চীন প্রভৃতি দেশগামী বড় বড় বিমানপোত নৈনীতে একেবারে আমাদের ঠিক মাথার উপর দিয়া উড়িয়া থাইত। সর্বাপেকা বাটাভিয়া যাতারাতকারী ডাচ্ বিমানপোতগুলি দেখিতে মনোহর ছিল। যেদিন আমাদের ভাগ্য ভাল, সেদিন শীতের আকার প্রভূষে আমরা তারকামগুত আকাশে বিমানপোতের সাক্ষাৎ পাইতাম। উজ্জল আলোকিত পোতের সমুধ ও পশ্চান্তারে রক্তবর্ণ আলো ব্রনানপোত কত স্থন্দর দৃশ্য।

পণ্ডিত মদনমোহন মালব্যও অন্ত জেল হইতে বদ্লী হইয়া নৈনীতে আদিলেন। তাঁহাকে আমাদের ব্যারাক হইতে স্বতন্ত্র করিয়া রাখা হইল, কিন্তু প্রত্যহুই তাঁহার সহিত আমার দাক্ষাং হইত। বাহিরে তাঁহাকে ত না দেখিয়াছি, এখানে তাঁহাকে বিশেষভাবে দেখিতে পাইলাম। হাহার সক্ষ অত্যন্ত আনন্দের; তাঁহার জীবনের দীপ্তি ও সর্কবিষয়ে যাবনোচিত উৎসাহ লক্ষ্য করিবার বিষয়। এমন কি, তিনি রণজিতের সাহায্যে জার্মান ভাষা শিথিতে আরম্ভ করিলেন, তাঁহার শ্বতিশক্তি দেখিয়া আমরা অবাক হইলাম। তাঁহার নৈনী থাকা কালেই বেঅদণ্ডের সংবাদ

#### ज ওহরলাল নেহর

আসিয়াছিল, তিনি অত্যন্ত বিচলিত হইয়া প্রাদেশিক অস্থায়ী গভর্ণরের নিকট পত্র লিথিয়াছিলেন। কিছু পরেই তিনি পীড়িত হইয়া পড়িলেন। জেলের আবহাওয়ার ঠাণ্ডা তিনি সহ্থ করিতে পারিলেন না। তাঁহার পীড়া কঠিন হইয়া উঠায় তাঁহাকে সহরের হাসপাতালে স্থানান্তরিত করা হইল; এবং কারাদণ্ড শেষ হইবার পূর্বেই তাঁহাকে মৃক্তি দেওয়া হইল। সৌভাগ্যক্রমে তিনি হাসপাতালেই আরোগ্যলাভ করিয়াছিলেন।

নববর্ষেব প্রথমদিন ১৯৩১-এর ১লা জানুয়ারী সংবাদ পাইলাম, কমলা গ্রেফ্তার হইয়াছে। তিনি তাঁহার কারাক্ষ সহকর্মীদের সহিত মিলিত হইবার জন্ম অনেকদিন হইতেই অপেক্ষা করিতেছিলেন বলিয়া এই সংবাদে আমি হাই হইলাম। আমার স্ত্রী, ভগ্নী ও অন্যান্ত নারীরা যদি পুরুষ হইতেন, তাহা হইলে বহু পূর্কেই তাঁহারা গ্রেফ্তার হইতেন। তৎকালে গভর্গমেন্ট স্ত্রীলোকদিগকে গ্রেফ্তার করা যথাসম্ভব এড়াইয়া চলিতেন বলিয়াই ইহার। এতদিন ধরা পড়েন নাই। এথন তাঁহার আশা পূর্ণ হইল! আমি ভাবিলাম, তিনি নিশ্চয়ই আনন্দিতা হইয়াছেন। কিন্তু তাঁহার শারীরিক অবস্থা স্মরণ করিয়া আশক্ষা হইল, জেলথানায় তাঁহার বিশেষ কট হইবে।

তাঁহার গ্রেফ্তারের সময় একজন সাংবাদিক আসিয়া তাঁহার নিকট একটি 'বাণী' চাহিলেন। তিনি মৃহুর্ত্তের উত্তেজনায় আত্মহারা হইয়া যে কথা বলিলেন, তাহা তাঁহার চরিত্রের বৈশিষ্ট্যে অম্বরঞ্জিত। 'আজ আমি আনন্দে বিহ্বল এবং আমার স্বামীর পদান্ধ অম্পরণ করিতেছি বলিয়া গর্বিতা। আমি আশা করি, সকলে জাতীয় পতাকা উচ্চে তুলিয়া রাথিবে।' তিনি যদি একটু চিন্তা করিবার সময় পাইতেন, তাহা হইলে এমন কথা বলিতেন না, কেন না. তিনি পুরুষের অত্যাচার হইতে নারীকে রক্ষা করার একজন নেত্রী ছিলেন। কিন্তু সেই মৃহুর্ক্তে পতিব্রতা হিন্দুনারী তাঁহার মধ্যে জাগিয়া উঠিয়াছিল; এমন কি, পুরুষের অত্যাচারের কথাও তিনি ভূলিয়া গিয়াছিলেন।

কলিকাতায় আমার অস্থ পিতা কমলার গ্রেফ্তার ও কারাদণ্ডের সংবাদে অতিমাত্রায় বিচলিত হইয়া এলাহাবাদ ফিরিবার সকল্প করিলেন। তিনি তথনই আমার ভগ্নী কৃষ্ণাকে এলাহাবাদে পাঠাইয়া দিলেন; এবং কয়েক দিন পরে পরিবারবর্গ সহ স্বয়ং এলাহাবাদ যাত্রা করিলেন। ১২ই জাহয়ারী তিনি আমাকে নৈনীতে দেখিতে আসিলেন। ত্ই মাস পরে আমি তাঁহাকে দেখিলাম। আমার ব্যথিত চিত্তের বেদনা অতি কটে সংবরণ করিলাম।

## युक अरममं कत्रवक आरमानम

তাঁহার চেহারা দেখিয়া আমার মনে যে বিষাদের উদয় হইল, তাহা তিনি ব্ঝিতে পারিলেন না, তিনি বলিলেন, কলিকাতায় তিনি অনেকটা ভাল হইয়াছেন। তাঁহার মুখ ফুলিয়াছিল; কিন্তু তাঁহার ধারণা, ইহা সাময়িক কারণে ঘটিয়াছে।

তাঁহার সেই মুখখানি বারম্বার মনে পড়িতে লাগিল; উচা তাঁহার ম্বাভাবিক মুখ হইতে কত স্বতন্ত্র। জীবনে এই প্রথম আমার মনে তাঁহার জন্ত আশকা জাগিল—বিপদ সম্মুখে ঘনাইয়া আসিতেছে। আমি চিরদিন তাঁহাকে স্বাস্থ্য শক্তির প্রতীক বলিয়া মনে করিতাম, তাঁহাক মৃত্যু আমি চিন্তাই করিতে পারিতাম না। মৃত্যুর কথা লইয়া তিনি হাস্ত-পরিহাস করিতেন এবং আমাদিগকে বলিতেন, আমি আরও দীর্ঘকাল বাঁচিব। শেষদিকে তিনি যৌবনের কোন বন্ধুর মৃত্যুসংবাদ পাইলেই বিয়োগবাথায় নিজকে নিঃসঙ্গ বোধ করিতেন এবং উহা প্রত্যাদর অমঙ্গলের ইপিত বলিয়া মনে করিতেন, কিন্তু অল্পকালেই এই বিষাদ কাটিয়া যাইত, তাঁহার জীবনের প্রাচুয়্য উছলিয়া উঠিত। তাঁহার তেজস্বী ব্যক্তিম ও সকলের প্রতি মজস্ব স্বেহধারায় আমরা এমন ভূবিয়াছিলাম যে, তাঁহাকে বাদ দিয়া জগং ভাবিতেই পারিতাম না।

তাঁহার মৃথ শারণ করিয়া আমি উদ্বিগ্ন হইলাম, আমার মনে নানা অমঙ্গলের আভাষ ভাসিয়া উঠিল। তথাপি অদ্র ভবিষ্যতেই তাঁহার কোন বিপদ ঘটিতে পারে, ইহা ভাবিতে পারিলাম না। কোন অজ্ঞাত কারণে ঐকালে আমার শরীরও ভাল ছিল না।

এইকালে প্রথম গোল টেবিল বৈঠকের শেষ দৃশ্যের অভিনয় চলিতেছিল।
আমরা একটু কৌতুকের সহিত,—আমার আশকা হয়, ঘুণামিপ্রিত
কৌতুকের সহিত—সেই সকল নাটকীয় উচ্ছাস ও ভঙ্গী দেখিতেছিলাম।
এ সকল বক্তৃতা, বড় বড় কথা, স্থগন্তীর আলোচনা যেমন কৃত্রিম, তেমনই
নিফল। কিন্তু ইহার মধ্যে একটি বান্তব ঘটনা ছিল। যথন আমাদের
দেশে অগ্রি-পরীক্ষা চলিতেছে, অগণিত নরনারী প্রশংসার সহিত্ব কার্য্য
করিতেছেন, সেই সময় আমাদেরই কতিপয় স্বদেশবাসী এই সংগ্রামের
কথা ভূলিয়া গিয়া বিপক্ষে যোগ দিলেন। জাতীয়তার ছলনাময় আবরণে
স্ববিরোধী অর্থনৈতিক স্বার্থগুলি কি ভাবে কার্য্য করিতেছে, কায়েমী
স্বার্থবিশিষ্ট লোকেরা কি ভাবে ভবিষ্যতের জন্ম উহা রক্ষা করিবার
আশায় জাতীয়তাবাদের নাম উদ্ধারণ করিতেছেন, তাহা আমরা স্পষ্টভাবে
প্রত্যক্ষ করিলাম। ইহাদের অনেকে আমাদের সংঘর্ষের বিরোধিতা
করিয়াছিলেন; অনেকে নিরপেক্ষভাবে দুরে দাঁড়াইয়া সময় সময় আমাদের

#### ज अर्जनान (नर्ज

ভনাইতেন, 'যাহারা দূরে দাঁড়াইয়া প্রতীক্ষা করে, তাহারাও এক প্রকারে সাহায্য করিতেছে।' কিন্তু লণ্ডন যথন হাতছানি দিল, তথন তাঁহার। আর দাঁড়াইয়া থাকিতে পারিলেন না, নিজেদের স্বার্থ নিরাপদ করিতে এবং আরও কিছু ভাগ পাইবার আশায় গুটি গুটি গিয়া জমায়েৎ হইলেন। কংগ্রেস ক্রমেই বামপন্থী হট্যা উঠিতেছে এবং জনসাধারণের উপর তাহার প্রভাবও বাড়িতেছে, এই আশক্ষা অমুভব করিয়া লণ্ডনে সকলে একসঙ্গে সারি দিয়া দাঁড়াইলেন। যদি ভারতের রাজনৈতিক ব্যবস্থার কোন আমূল পরিবর্ত্তন হয়, তাহা হইলে গণ-প্রতিনিধিদের হাতে ক্ষমতা যাইবে, অন্ততঃপক্ষে তাহারা প্রভাবশালী হইয়া উঠিবে, এবং তাহারা সমস্ত সামাজিক ব্যবস্থা ওলট-পালট করিবার জন্ম এমন সব দাবী উপস্থিত করিবে, যাহার ফলে কায়েমী স্বার্থগুলি বিপন্ন হইয়া পড়িবে। এই আতক্ষজনক সম্ভাবনা মহুমান করিয়া ভারতীয় কায়েমী স্বার্থবিশিষ্ট ব্যক্তিরা পিছাইয়া গেলেন এবং কোন দরপ্রসারী রাজনৈতিক পরিবর্ত্তনের বিরোধিতা করিতে লাগিলেন। বর্ত্তমান সামাজিক কাঠামো রক্ষা ও কায়েমী স্থার্থরক্ষার জন্ম ব্রিটিশ কর্তত্ত থাকা আবশুক, এই ধারণা হইতে তাঁহারা ঔপনিবেশিক স্বায়ত্তশাসনের কথা বলিতে লাগিলেন। একবার একজন বিখ্যাত মডারেট নেতার সহিত আমার কথা হইয়াছিল। আমি বলিয়াছিলাম যে, গ্রেট ব্রিটেনের সহিত আপোষের একটা প্রধান সর্ত্ত এই হওয়া উচিত যে, ব্রিটিশ সৈক্ত সরাইয়া লইতে হইবে এবং ভারতীয় সৈলাদলকে ভারতীয় গণতান্ত্রিক নিয়ন্ত্রণের অধীনে স্থাপন করিতে হইবে। তিনি অত্যন্ত বিরক্ত হইয়াছিলেন, এবং বলিয়াছিলেন, গভর্ণমেন্ট এমন প্রস্তাবে রাজী হন, তাহা হইলে তিনি দর্মান্ত:করণে তাহার বিরোধিতা করিবেন। যে কোন প্রকার জাতীয় স্বাধীনতার উহাই मल कथा। किन्न वर्जमान अवसाय डेटा अमन्नव विनया नरह, अवाक्षनीय विनिष्ठा किन कारहन ना। अवश हैहां ভावा याहेरक বহিঃশক্রর আক্রমণের আশক্ষায় তিনি আমাদিগকে রক্ষা ব্রিটিশ সৈন্তের অবস্থিতি চাহেন। এইরূপ বহিরাক্রমণের আশস্কা থাকুক আর নাই থাকুক, যে ভারতীয়ের মধ্যে একটু তেজও স্ববশিষ্ট আছে তাহার নিকট বিদেশীর আশ্রয় ভিকার চিন্তা কি মর্মান্তিক রূপে অপমানজনক। কিন্ধু আমার মতে ব্রিটিশ বাহুবল ভারতে রাথিবার আগ্রহের অস্তরালে অভিপ্রায় অন্তর্ম। ভারতীয়দের হন্ত হইতেই ভারতীয় কায়েমী স্বার্থ রক্ষা করিবার জন্ম, থাটি গণতম হইতে রক্ষা পাওয়ার জন্ত এবং জনসাধারণের বিদ্রোহ দমনের জন্মই ভারতে ব্রিটিশের অবস্থিতি আবশ্রক।

## युक्त अरममं कत्रवन आरमानन

এই কারণেই গোল টেবিল বৈঠকের ভারতীয় প্রতিনিধিরা—কেবল প্রগতিবিরোধী ও সাম্প্রদায়িকতাবাদীরাই নহেন.—বাঁহারা নিজেদের প্রগতিবাদী ও জাতীয়তাবাদী বলেন, তাঁহারাও নিজেদের সহিত বিটিশ গভর্ণমেন্টের স্বার্থের ঐক্য আবিদ্ধার করিলেন। ন্যাসনালিজ্ম বা জাতীয়তাবাদের সংজ্ঞা ব্যাপক ও বহু প্রকারের। ভারতে স্বাধীনতার সংঘর্ষে কারাগারে যাইতেছে তাহারাও জাতীয়তাবাদী,—আবার যাঁহারা আমাদের কারাধ্যক্ষদের সহিত কর্মদূন করিয়া এক সাধারণ পদ্ধতির কথা আলোচনা করিতেছেন, তাঁহারাও জাতীয়তাবাদী। ইহা ছাড়াও আমাদের দেশে আর একশ্রেণীর সাহসী জাতীয়তাবাদী আছেন. বাঁহারা অনুর্গল বক্তুতা করেন, স্কুল দিক দিয়া স্থদেশী আন্দোলনে উৎসাহ দেন, বলেন উহাই স্বরাজের মর্মকথা এবং তাঁহাদের স্বদেশবাসীকে ত্যাগ স্বীকার করিয়াও স্থদেশীর পোষকতা করিতে বলেন। সৌভাগ্যক্রমে এই আন্দোলনে তাঁহাদের কোনই ক্ষতি স্বীকার করিতে হয় না। ইহাতে তাঁহাদের ব্যবসায় ফাঁপিয়া উঠে এবং লাভের অঙ্ক বাডিয়া যায়। যুপুন বহুলোক জ্বেলে যায়, লাঠার আঘাত দহু করে, তথন তাঁহারা নিরাপদে কোষাগারে বসিয়া পয়সা গণিয়া তোলেন। পরে যথন উগ্র জাতীয়তাবাদ বিল্পদক্ষল হইয়া উঠে, তথন তাঁহাদের বক্তৃতাব স্থর নরম হয়, তাঁহারা 'চরমপদীদের' নিন্দা করেন এবং অন্তপক্ষের সহিত চৃক্তি ও আপোষ করেন।

কার্য্যতঃ গোল টেবিল বৈঠকে কি হইল না হইল, তাহা আমরা গ্রাহ্যও করি নাই। উহা বহুদ্রের অম্পষ্ট ও ক্রিম ব্যাপার মাত্র—আসল সংঘর্ষ আমাদের পল্লী ও নগরে। আমাদের সংঘর্ষ সহজে জয়ী হইবে, এরপ কোন অসম্ভব প্রত্যাশাও আমাদের মনে ছিল না। সমুপের বিপদ সম্বন্ধেও আমাদের ম্পষ্ট ধারণা ছিল, কিন্তু ১৯৩০-এর ঘটনাবলীতে জাতীয় সাহস ও শৌর্যার উপর আমাদের বিশ্বাস জন্মিল এবং সেই বিশ্বাস লইয়াই আমরা ভবিশ্বতের সম্মুখীন হইলাম।

ভিসেম্বর কি জামুয়ারী মাদের প্রথম ভাগে একটি ঘটনায় আমরা অভ্যন্ত ব্যথিত হইলাম। মিঃ শ্রীনিবাদ শাস্ত্রী এভিনবরায় (মনে হয়; এথানে তাঁহাকে 'ফ্রিডম অফ্ দি সিটি' উপহার দেওয়া হইয়াছিল) একটি বক্তৃতায়, ভারতে হাহারা আইন অমাগ্র আন্দোলনে কারাবরণ করিতেছে, তাহাদের প্রতি ঘণাস্চক উক্তি করিয়াছিলেন। সেই বক্তৃতা এবং যে উদ্দেশ্যে সেই বক্তৃতা করা হইয়াছিল, তাহাতে আমরা মর্মাহত হইলাম। কেন না, রাজনৈতিক মতভেদ সত্তেও আমরা মিঃ শাস্ত্রীকে শ্রদ্ধা করিয়া থাকি।

#### জওহরলাল নেহর

ু গোল টেবিল বৈঠকের উপসংহারে মিঃ রামজে ম্যাকভোনাল্ড তাঁহার স্বভাবসিদ্ধ ভ্রাতৃপ্রীতির উচ্ছাদে ভরা এক বক্তৃতা করিলেন। এই বক্তৃতার মধ্যে পরোক্ষভাবে কংগ্রেদকে অন্তায় কার্য্য হইতে বিরত হইয়া স্থী ও তৃপ্ত বৈঠকী দলের সহিত মিলিত হইবার একটা ইঙ্গিত ছিল। ঠিক এই সময় ১৯৬১-এর জামুয়ারী মাসের মধ্যভাগে এলাহাবাদে কংগ্রেসের কার্য্যকরী সমিতির এক বৈঠক হয়; ইহাতে অন্তান্ত বিষয়ের সহিত ঐ বক্তৃতার অমুরোধও আলোচিত হইয়াছিল। আমি তথন নৈনী জেলে ছিলাম এবং আমার কারাম্ক্তির পর ঐ অধিবেশনের বিবরণী পাঠ করিয়াছিলাম। পিতা তখন দদ্য কলিকাতা হইতে ফিরিয়াছেন। তিনি অস্কুতা সত্ত্বেও জিদ করিলেন, তাঁহার শয্যাপার্যে বসিয়া সদস্যদিগকে ঐ বিষয় আলোচনা করিতে হইবে। কে একজন প্রস্তাব করিলেন, মি: ম্যাকডোনাল্ডের ইঙ্গিত গ্রহণ করিয়া আইন অমান্ত আন্দোলন বন্ধ করা উচিত। এই প্রস্তাবে পিতা উত্তেজিত হইয়া শয়ার উপর উঠিয়া বসিলেন এবং বলিলেন, যে পর্যন্ত না জাতীয় উদেশ সিদ্ধ হয়, ততদিন তিনি কিছুতেই আপোষ করিবেন না, যদি আর কেহ নাথাকে, তাহা হইলে তিনি একাই আন্দোলন পরিচালন করিবেন। এই উত্তেজনা তাঁহার পক্ষে অত্যন্ত মন্দ, তাঁহার জরের উত্তাপ বাড়িয়া গেল ; চিকিৎসক্গণ তাঁহাকে একাকী রাখিয়া সদস্তগণকে অনেক কণ্টে অন্তত্ত্ৰ লইয়া গেলেন।

বিশেষভাবে পিতার নির্দেশে কার্য্যকরী সমিতি আপোষের বিরুদ্ধে একটি প্রস্তাব গ্রহণ করিলেন। এই প্রস্তাব প্রকাশের পূর্কেই শুদ্ধ ভেজ বাহাতুর সপ্র্রু এবং মিঃ শ্রীনিবাস শাস্ত্রীর নিকট হইতে পিতার নিকট একথানি তার আসিল। উহাতে তাঁহার মধ্যস্থতায় কংগ্রেসকে অন্থরোধ করা হইয়াছে যে; তাঁহাদের সহিত আলোচনার পূর্কে যেন কোন সিদ্ধান্ত করা না হয়। তথন সদস্রেরা অধিকাংশই স্ব স্থ স্থানের প্রতনা হইয়া গিয়াছেন। উত্তরে তাঁহাদিগকে জানান হইল যে, কার্য্যকরী সমিতি ইতিপূর্কেই একটি প্রস্তাব গ্রহণ করিয়াছেন। তবে সপ্র্রু ও শাস্ত্রী উপস্থিত হইলে এবং তাঁহাদের সহিত আলোচনার পূর্কে উহা সংবাদপত্রে প্রকাশিত হইবে না।

জেলের মধ্যে আমরা এই ব্যাপারের কিছুই জানিতাম না। তবে একটা কিছু হইতেছে জানিয়া বরং একটু চিস্তিত হইয়াছিলাম। আমরা তথন আগতপ্রায় ২৬শে জান্ত্যারী—স্বাধীনতা দিবসের প্রথম বার্ষিক অমুষ্ঠানের কথাই চিস্তা করিতেছিলাম। পরে আমরা জানিতে পারিলাম যে, দেশের সর্বাত্ত সভাসমিতি হইয়াছে এবং পূর্বের স্বাধীনতা-সকল সহ

## পিতৃ-বিয়োগ

একটি 'শারক প্রভাব'\* গৃহীত হইয়াছে। এই অহুষ্ঠান এক শারণীয় ঘটনা, কেন না, সংবাদপত্র ও ছাপাথানার সহায়তা পাওয়া যায় নাই, ডাক ও তার বিভাগের মারফতেও কাজ করা সম্ভব হয় নাই। তথাপি একই প্রভাব বিভিন্ন প্রাদেশিক ভাষায় একই সময় দেশের সমস্ত পল্লী-নগরে প্রকাশ জনসভায় গৃহীত হইয়াছিল। অবশ্য অধিকাংশ সভাই নিষেধাজ্ঞা অমান্ত করিয়া হইয়াছিল এবং প্লিশও বলপ্র্বক উহাদের ভালিয়া দিতে চেষ্টার ক্রটি করে নাই।

২৬শে জাহ্যারী নৈনী জেলে বসিয়া আমরা বিগত বংসর এবং আগামী বংসরের কথা ভাবিতেছিলাম, এমন সময় দ্বিপ্রহরের পূর্ব্বেই অকস্মাৎ আমাকে সংবাদ দেওয়া হইল যে, আমার পিতার অবস্থা সন্ধীন এবং আমাকে এথনই বাড়ী যাইতে হইবে। অন্তসন্ধানে জানিলাম যে আমাকে ছাড়িয়া দেওয়া হইতেছে। রণজিৎও আমার সন্ধী হইল।

সেই দিন সন্ধ্যাবেলা সমগ্র ভারতে বিভিন্ন জেলথানা হইতে অনেককে ছাড়িয়া দেওয়া হইল। ইহারা সকলেই কংগ্রেস কার্য্যকরী সমিতির মূল সদস্ত অথবা স্থলাভিষিক্ত সদস্ত। গভর্গমেন্ট আমাদিগকে অবস্থা বিবেচনা করিবার জন্ম স্থোগ দিলেন। অতএব যে ভাবেই হউক আমি সেদিন অপরাহে মুক্তি লাভ করিতামই। পিতার অবস্থার জন্ম কয়েক ঘণ্টা পুর্বের মুক্তি পাইলাম মাত্র। কমলাও মাত্র ছাব্দিশ দিন কারাগারে থাকার পর লক্ষ্ণো জেল হইতে মুক্তি লাভ করিলেন। তিনিও কার্য্যকরী সমিতির স্থলাভিষিক্ত সদস্ত ছিলেন।

#### 99

# পিতৃ-বিয়োগ

তুই সপ্তাহ পর পিতাকে দেখিলাম। ১২ই জাফুয়ারী নৈনী জেলে তিনি যখন আমাকে দেখিতে গিয়াছিলেন তখন তাঁহার মুখ দেখিয়া আমি ব্যথিত হইয়াছিলাম। ইতিমধ্যে তাঁহার অবস্থা আরও খারাপ হইয়াছে, মুখ আরও ফুলিয়াছে। কথা বলিতে তাঁহার কট হয় এবং মনও মাঝে মাঝে আচ্ছন্ন বলিয়া মনে হয়। কিন্তু তাঁহার প্রবল ইচ্ছাশক্তি কোনমতে দেহ ও মনের কাজ চালাইয়া লইতেছিল।

তিনি আমাকে ও রণজিৎকে দেখিয়া স্থা হইলেন। ছই-এক দিন পর

পরিশিষ্ট ক্রষ্টব্য।

#### ज उर्वान निर्म

রণজ্বিংকে (সে কার্যাকরী সমিতির সদস্যতালিকাভুক্ত নহে বলিয়া) নৈনী জেলে ফিরাইয়া লওয়া হইল।

ইহাতে পিতা অত্যন্ত ব্যতিবান্ত হইলেন। তিনি বারে বারে, অভিযোগ করিতে লাগিলেন যে, ভারতের নানা দেশ হইতে লোক তাঁহাকে দেখিতে আসিতেছে অথচ তাঁহার নিজের জামাতাকে কেন দ্রে রাখা হইবে। ডাক্ডারেরা ইহাতে অত্যন্ত চিন্তিত হইয়া পড়িলেন এবং ব্ঝিলেন যে ইহাতে পিতার স্বাস্থ্য অধিকতর মন্দ হইবে। তিন-চার দিন পর যুক্ত প্রদেশের গভর্গমেন্ট রণজিংকে মৃক্তি দিলেন। আমার ধারণা ডাক্ডারদের অক্যরোধেই ইহা সম্ভব হইল।

২৬শে জাত্মযারী—যেদিন আমি মৃক্তি পাইলাম সেই দিনই গান্ধিজীও এরোডা জেল হইতে মৃক্তি লাভ করিলেন। তাঁহাকে এলাহাবাদে পাইবার জন্য আমি ব্যাকুল হইলাম এবং পিতার নিকট এই সংবাদ দেওয়ায় তিনিও গান্ধিজীর দর্শনলাভের জন্য ব্যাকুলতা প্রকাশ করিলেন। মৃক্তির পরদিবদ বোম্বাই সহরে এক বিশাল জনসভায় গান্ধিজী অভার্থিত হইলেন। অত বড় সভা বোম্বাইতে কথনও ইতিপূর্বেকে কেহ দেখে নাই। ঐদিনই বোম্বাই হইতে যাত্রা করিয়া তিনি গভীর রাত্রে এলাহাবাদে উপস্থিত হইলেন। পিতা তাঁহার আগমন প্রতীক্ষায় জাগিয়া রহিলেন। এবং তাঁহাকে দেখিয়া এবং তাঁহার কয়েকটি কথা শুনিয়া পিতা শান্ধি বোধ করিলেন। আমার মাতাও গান্ধিজীর আগমনে আশা-ভরসা পাইলেন।

কার্য্যকরী সমিতির সকল প্রকার সদস্যগণের মৃক্তির পর সভার অধিবেশনের নির্দেশের জন্ম তাহারা অপেক্ষা করিতেছিলেন। অনেকে পিতার জন্ম বাস্ত হইরা অবিলম্বে এলাহাবাদে আসিতে চাহিতেছিলেন। এই সকল কারণে এলাহাবাদেই সভার অধিবেশন স্থির হইল। তুই দিনের মধ্যেই প্রায় চল্লিশ জন আসিয়া পৌছিলেন, আমাদের বাড়ীর পার্যবর্ত্তী স্বরাজভবনে সভা আরম্ভ হইল। আমি মাঝে মাঝে এই সভায় যোগ দিয়াছি বটে কিন্তু মানসিক ত্শিচস্তা ও উদ্লান্তভাবের জন্ম আলোচনায় যোগ দিতে পারি নাই। কি কি কিষয়ে সিদ্ধান্ত হইয়াছিল তাহাও এখন আমার ভাল করিয়া মনে নাই। বোধ হয় তাঁহারা আইন অমান্ত আন্দোলন চালাইয়া যাইবার অনুক্লেই মত দিয়াছিলেন।

্যে সকল পুরাতন বন্ধু এবং সহকর্মী আসিয়াছিলেন তাঁহারা প্রায় সকলেই সভ কারামুক্ত এবং পুনরায় হয়ত শীদ্রই কারাগারে ফিরিয়া যাইবেন। তাঁহারা পিতার সহিত সাক্ষাং করিতে চাহিলেন, অর্থাৎ

# পিতৃ-বিয়োগ

শেষবার দেখা অথবা চিরবিদায় লইবার জন্ম উদ্গ্রীব হইলেন। তাঁহার। সকালে ও সন্ধ্যায় হুই-তিন জন করিয়া এক এক দলে আসিতেন এবং পিতা একথানি ইজিচেয়ারে বিদয়া তাঁহাদের অভার্থনা করিবার জন্য জিদ করিতেন। তাহাই হইল, তিনি উঠিয়া বদিলেন। কিন্তু তাঁহার মুখ ভাবলেশহীন, কেন না, মুখ ফুলিয়া উঠায় তাহাতে কোন ভাবের চিহ্ন ফুটিত না। একজনের পর একজন পুরাতন বন্ধু ও দহক্মী আসিতে লাগিলেন, চিনিবা মাত্র তাঁহার চক্ষু দীপ্ত হইল। তিনি যুক্তকরে মস্তক ক্ষমৎ নত করিয়া নমস্কার করিতে লাগিলেন। যদিও বেশী কথা বলার সাধ্য তাঁহার ছিল না, তবুও কাহারও দহিত ছই-চারিটি কথা বলিলেন। তাহাতেও তাঁহার অভ্যন্ত রসিক্তার অভাব ছিল না। তিনি মরণাহত বুদ্ধ সিংহের মত বসিয়া আছেন, তাঁহার দৈহিক শক্তি একেবারে বিলুপ্ত হইয়াছে, তথাপি সেই সিংহ-গ্রীব পুরুষ আপন গরিমায় অটল। আমি তাঁহার দিকে চাহিনা থাকিতাম, বিস্মিত হইয়া ভাবিতাম এখন তাঁহার মন্তিকে কি চিন্তা থেলিতেছে; তিনি কি আমাদের আন্দোলনের বিষয় আর ভাবেন না? তিনি যেন নিজের সহিত যুদ্ধ করিতেছেন, ঘটনাস্ত্রগুলি তিনি সাজাইয়া গুছাইয়া ধরিতে যান কিন্তু তাঁহার শিথিল মৃষ্টি হইতে তাহা থসিয়া পড়ে। জীবনের শেষ পর্যান্ত হতাশ না হইয়া তিনি দেহের সহিত যুদ্ধ করিয়াছেন, কথনও বা আমাদের সহিত পরিষ্ণারভাবে কথা বলিয়াছেন। এমন কি, যখন তাঁহার কণ্ঠরোধ হইয়া কথা বলিবার শক্তি বিলুপ্ত হইল তখনও তিনি কাগজে লিথিয়া আমাদিগকে মনোভাব জানাইতেন।

আমাদের ঘরের পাশেই কাষ্যকরী সমিতির অধিবেশনে তিনি কোনও কৌতৃহল প্রদর্শন করিলেন না। পনর দিন পূর্ব্বে ইহা ঘটিলে তিনি কতই না উত্তেজিত হইতেন। কিন্তু এখন তিনি ব্ঝিলেন যে, এই সকল ঘটনা হইতে তিনি অনেক দ্রে সরিয়া গিয়াছেন। একদিন তিনি গান্ধিজীকে বলিলেন, 'মহাত্মাজী, আমি শীঘই চলিয়া ঘাইতেছি, আমি স্বরাজ চক্ষে দেখিব না, কিন্তু আমার বিশাস আপনি স্বরাজ লাভ করিবেন এবং শীঘই উহা পাইবেন।'

অস্থান্য নগর ও প্রদেশ হইতে সমাগত ব্যক্তিরা চলিয়া গেলেন। গান্ধিজী ও কয়েকজন ঘনিষ্ঠ বন্ধু এবং নিকটাত্মীয়েরা রহিলেন, আর রহিলেন তিন জন বিখ্যাত চিকিৎসক। ইহারা পিতার প্রাতন বন্ধু। ইহাদের সম্বন্ধে পিতা বলিতেন যে তাঁহাদের হস্তেই তিনি স্বীয় দেহ সমর্পণ করিয়াছেন—ভাঃ আন্দারী, বিধানচন্দ্র রায় এবং জীবরাজ মেহ্তা। ৪ঠা

#### ज ওহরলাল নেহর

কেব্রারী প্রভাতে তাঁহার অবস্থা একটু ভাল বোধ হইল। এই স্বনোগে আমরা তাঁহাকে লক্ষ্ণে স্থানাস্তরিত করিবার ব্যবস্থা করিলাম। কেন না, এলাহাবাদে এক্স্-রে চিকিংসার ভাল ব্যবস্থা ছিল না। সেই দিনই মোটর গাড়ী করিয়া আমরা তাঁহাকে লইয়া যাত্রা করিলাম। গান্ধিজী ও এক বৃহৎ দল আমাদের পশ্চাতে আসিতে লাগিলেন। আমরা খ্ব ধীরে চলিতেছিলাম তথাপি তিনি ক্লান্ত হইয়া পড়িলেন। পরদিন তাঁহার ক্লান্তি না থাকিলেও কতকগুলি মন্দ উপসর্গ দেখা দিল। তার পরদিন ৬ই কেব্রুগারী প্রভাতে আমি তাঁহার শক্ষাপার্দের বিদয়া আছি, সমন্ত রাত্রি তিনি বন্ধণা ও অশান্তিতে কাটাইয়াছেন, সহসা আমি লক্ষ্য করিলাম তাঁহার ম্থ প্রশান্ত হইয়া উঠিতে লাগিল, জীবনমৃদ্দের শেষ রশ্মি যেন মিলাইয়া গেল। আমি ভাবিলাম তিনি নিদ্রিত হইলেন। আমি একটু আবহুই হইলাম কিন্তু আমার মাতার পর্যবেক্ষণ-শক্তি তীক্ষ্ণ। তিনি চীৎকার করিয়া উঠিলেন, আমি মৃত্রভাবে তাঁহাকে সান্থনা দিয়া বলিলাম, পিতা দুমাইতেছেন, তাঁহাকে বিরক্ত করিও না। কিন্তু সেই ঘুমই তাঁহার শেষ ঘুম, যাহা আর কথনও ভাক্ষেনা।

আমরা দেইদিনই তাঁহার দেহ লইয়া মোটর গাড়ীতে এলাহাবাদ যাত্রা করিলাম। গাড়ীতে আমি ও পিতার প্রিয় ভূত্য রহিলাম, রণজিং গাড়ী চালাইতে লাগিল। আমাদের গাড়ীর পিছনের গাড়ীতে মাকে লইয়া গান্ধিজী আদিতে লাগিলেন, তংপশ্চাতে অক্যান্ত গাড়ী। দমস্ত দিন আমি আবিষ্টবং রহিলাম, কি যে ঘটিল কিছুই ব্ঝিতে পারিলাম না—পরবর্তী কাজকর্ম এবং বৃহং জনতার মধ্যে কিছু ভাবা আমার পক্ষে অসম্ভব ছিল। তুংসংবাদ শুনিয়া সমবেত বিরাট জনতা ভেদ করিয়। ক্রত লক্ষো হইতে এলাহাবাদ যাত্রা—জাতীয় পতাকায় আবৃত দেহের পার্যে আমি বিদিয়া, গাড়ীর উপর জাতীয় পতাকা উদ্ভীন; এলাহাবাদে আগমন, তাঁহার শ্বৃতির প্রতি সমান প্রদর্শনের জন্ম দূর দুরান্তর হইতে সমাগত বৃহং জনসমন্তি।

বাড়ীতে শাস্ত্রীয় ক্রিয়াকাণ্ডের পর শ্বযাত্রা গঞ্চাতীর অভিমুখে চলিল, পশ্চাতে চলিল বিশাল জনতা। শীতের সন্ধ্যায় নদীতীরে অন্ধকার নামিয়া আদিল, চিতাগ্লি প্রজনিত হইল। যে দেহ আমাদের সর্বস্থ ছিল, যাহা ভারতের কোটি কোটি নরনারীর প্রিয় ছিল, তাহা দেখিতে দেখিতে অগ্লিশিখা ভস্মীভূত করিয়া ফেলিল। গান্ধিজী আবেগময়ী ভাষায় জনতাকে লক্ষ্য করিয়া কিছু বলিলেন, ভারপর আমরা সকলে নীরবে গৃহে ফিরিয়া আদিলান। সেই শ্রীহীন শৃগ্যতার উদ্ধে আকাশে তারকারাজি ফুটিয়া উঠিয়াছে।

# পিজু-বিয়োগ

আমার মাতা ও আমার নিকট সহস্র সহস্র সমবেদনাজ্ঞাপক তার ও পত্র আসিতে লাগিল। লর্ড এবং লেডী আরুইন মাতার নিকট সৌজ্ঞপূর্ণ সহবেদনাজ্ঞাপক পত্র লিখিলেন। দেশের চারিদিক হইতে অজ্ঞা সহামুভূতি ও কল্যাণকামনায় আমাদের তৃঃখ অনেকাংশে প্রশমিত হইল। কিছু সর্ব্বোপরি গান্ধিজীর উপস্থিতির ফলেই আমার মাতা এই শোকাশেগ সহ্ করিতে পারিলেন এবং আমরা জীবনের এই সঙ্কটেশ মৃহুর্ত্তে বললাভ করিলাম।

তিনি যে চলিয়া গিয়াছেন এ কথা আমি ভাবিতেই পারি না। তিন মাদ পর সিংহলের নিউয়ারা ইলিয়া নামক স্থানে আমি প্রী ও কল্পাসহ কিছুদিন ছিলাম। স্থানটি আমার ভাল লাগিল, সহসা মনে পড়িল এখানকার জলহাওয়া পিতার পক্ষেও ভাল হইবে। তাঁহাকে এখানে আনিলে কেমন হয়? আমি তাঁহাকে এলাহাবাদে তার করিভে উভত হইয়াছিলাম।

দিংহল হইতে এলাহাবাদে ফিরিয়া আমি একদিন একথানি আন্চর্য্য পত্র পাইলাম। থামের উপর পিতার হস্তান্ধরে নাম ঠিকানা লেখা, এবং পত্রথানির সর্ব্বান্ধে বিভিন্ন পোষ্টাফিদের ছাপ। আমি আন্চর্য্য হইয়া পত্রথানি থূলিয়া দেখি, ১৯২৬-এর ২৮শে ফেব্রুয়ারী তারিথে পিতাই আমাকে ঐ পত্র লিখিয়াছিলেন। ১৯৩১-এর গ্রীম্মকালে অর্থাৎ সাড়ে পাচ বংসর পরে সেই পত্র আমার হাতে আসিল! ১৯২৬-এ আমার ও কমলার ইউরোপ থাত্রার প্রাক্তালে পিতা ঐ পত্রথানি লিখিয়াছিলেন, উহাতে বোদ্বাই-এর ইটালীয়ান লয়েড প্রমারের ঠিকানা ছিল। উহা সময়মত আমাদের হাতে না আসায় বহুস্থান ঘূরিয়াছে; বহু পোষ্টাফিদের খোপের মধ্যে অনেকদিন বিশ্রাম করিয়াছে, তারপর হয়ত কোন উৎসাহী কর্মচারী উহা আমার নিকট ফেরৎ পাঠাইয়াছেন। আন্চর্য্য এই, উহা আশিস-লিপি।

# **मिल्ली-**চুক্তি

আমার পিতার যে দিন মৃত্যু হয়, সেই দিন ঠিক সেই সময়ে গোল টেবিল বৈঠকের একদল ভারতীয় প্রতিনিধি বোষাই বন্দরে অবতরণ করিলেন। ক্সর তেজবাহাত্বর সঞ্চ ও মি: শ্রীনিবাস শাস্ত্রী এবং আরও কয়েকজন (আমার ভাল মনে নাই) সোজা এলাহাবাদ চলিয়া আদিলেন। গান্ধিজী ও কার্য্যকরী সমিতির কয়েকজন সদস্য তথন এলাহাবাদে ছিলেন। আমাদের বাড়ীতে কয়েকটি ঘরোয়া বৈঠকে গোল টেবিল বৈঠকে কতদ্র কি হইয়াছে, তাহা আলোচনা হইল। আরছে একটি ঘটনা ঘটিল। মি: শাস্ত্রী স্বতঃপ্রবৃত্ত হইয়া এডিনবরায় য়াহা বলিয়াছিলেন, সে জ্ন্যু ত্থেপ্রকাশ করিলেন। তিনি আরও বলিলেন যে তিনি সর্ব্বদাই পারিপার্শ্বিক অবস্থা দারা প্রভাবান্বিত হন এবং তাঁহার 'উচ্ছুসিত বাগাড়ম্বরের' বাধ থাকেনা।

প্রতিনিধিরা গোলটেবিল বৈঠক সম্বন্ধে এমন নৃত্ন কিছু বলিতে পারিলেন না, যাহা আমরা পূর্ব্ব হইতে জানিতাম না। তাঁহারা আমাদিগকে যবনিকার অন্তরালে নানা ষড়যন্ত্রের কথা বলিলেন, অমৃক লর্ড অথবা অমৃক শুর ব্যক্তিগতভাবে কি কি বলিয়াছেন, তাহাও আমরা শুনিলাম। আমাদের মডারেট বন্ধুরা দর্বদাই মূলনীতি কিম্বা ভারতের বান্তব অবস্থা অপেকা বড় বড় সরকারী কর্মচারীদের ব্যক্তিগত কথাবার্ত্তা গর্মগুজবকে বেশী গুরুত্ব দিয়া থাকেন। মডাবেট নেতাদের সহিত ঘরোয়া আলোচনায় কোন কিছু মীমাংসা হইল না এবং গোল টেবিল বৈঠকের সিদ্ধান্তগুরি যে মূল্যহীন, আমাদের দেই পূর্ব্ব ধারণাই অধিকতর বন্ধমূল হইল। একজন প্রস্তাব করিলেন, কে তাহা ভূলিয়া গিয়াছি, যে, গান্ধিজী বড়লাটের নিকট পত্র লিথিয়া সাক্ষাং প্রার্থনা কর্মন এবং ধোলাখুলি ভাবে সব বিষয় আলোচনা কর্মন। তিনি সম্মৃত হইলেন বটে, কিন্তু ব্যা গেল, ফল সম্বন্ধে বেশী আশান্বিত হইলেন না। নিজের ভূমি ত্যাগ করিয়াও প্রতিপক্ষের সহিত সাক্ষাং ও যে কোন বিষয় আলোচনা করা তাঁহার চিরাচরিত নীতি। নিজের দাবীর সত্যতা সম্পর্কে তিনি নিঃসন্দেহ বলিয়া

# দিলী-চুক্তি

অপর পক্ষকে তাহা ব্রাইবার জন্ম তিনি সততই প্রস্তুত। সম্ভবতঃ তাঁহার লক্ষ্য কেবল মাহুষের বৃদ্ধি নহে, তিনি হৃদয়ের পরিবর্ত্তনে বিশ্বাসী; ক্রোধ ও অবিশ্বাসের বাধা অতিক্রম করিয়া তিনি অপরের শুভেচ্ছা ও সংপ্রবৃত্তির নিকট আবেদন উপস্থিত করেন। তিনি বিশ্বাস করেন, এই পরিবর্ত্তন সাধনের ঘারাই নিজের মত অপরকে ব্রান সহজ। যদি তাহা সম্ভব না হয়, তাহা হইলেও বিক্রমতার উপ্রত, কমিয়া য়য় এবং সংঘর্ষের মধ্যে তীব্রতা থাকে না। ব্যক্তিগত জীবনে তিনি এই উপায়ে তাঁহার অনেক বিক্রম্বাদীকে নিরম্ব করিয়া কেবলমাত্র ব্যক্তিষের প্রভাবে জয়লাভ করিয়াছেন। অনেক সমালোচক ও নিন্দুক তাঁহার বিশাল ব্যক্তিষ্বের সংস্পর্শে থাকিয়া তাঁহার গুণামুরাগী হইয়াছেন এবং তাহার পরও সমালোচনা করিলে দে সমালোচনা আর বন্ধ থাকিত না।

নিজের এই শক্তি সম্পর্কে সচেতন গান্ধিজী সর্বাদাই ভিন্নমতাবলম্বীদের সহিত সাক্ষাতের স্থযোগ পাইলে আনন্দিত হন। কিন্তু ছোটখাট ব্যাপার লইয়া ব্যক্তিবিশেষের সহিত ব্ঝাপড়া কবা এক কথা, আর নৈর্ব্যক্তিক, বিজয়ী সাম্রাজ্যবাদের প্রতীক ব্রিটিশ গভর্ণমেন্টের বিরুদ্ধে দাঁড়ান আর এক কথা। ইহা অমুভব করিয়াই গান্ধিজী লর্ড আরুইনের সহিত সাক্ষাৎ সম্পর্কে বেশী আশান্বিত হন নাই। আইন অমান্ত আন্দোলন ড্খনও চলিতেছিল; তবে গভর্গমেন্টের সহিত আপোষ প্রস্তাব আলোচনা হুইতেছিল বলিয়া তাহার গতিবেগ মন্দীভূত হুইয়াছিল।

অল্প সময়ের মধ্যেই সাক্ষাতের ব্যবস্থা হইল, গান্ধিজী দিল্লী চলিয়া গেলেন; আমাদিগকে বলিয়া গেলেন যে, যদি বড়লাটের সহিত আলোচনায় কোন সাময়িক আপোষের অবস্থা উপস্থিত হয়, তাহা হইলে তিনি কার্য্যকরী সমিতির সদস্যদিগকে ডাকিয়া পাঠাইবেন। কয়েকদিন পরেই আমরা দিল্লী হইতে আহ্বান পাইলাম। স্থদীর্ঘ ও ক্লান্তিজনক আলোচনায় আমরা দিল্লীতে তিন সপ্তাহ অতিবাহিত করিলাম। গান্ধিজী প্রায়ই লর্ড আক্রইনের সহিত দেখা করিতে লাগিলেন, মাঝে মাঝে তিন-চার দিন আলোচনা বন্ধ থাকিত। সম্ভবতঃ ভারত গভর্গমেন্ট ঐ সময় লগুনে ভারত সচিবের দপ্তরের সহিত কথাবার্তা চালাইতেন। কথনও বা অতি সামায়্য বিষয় কি একটি শব্দ লইয়া মতভেদের ফলে কথাবার্তা অগ্রসর হইত না। আইন অমায়্য আন্দোলন 'স্থাতি' রাখা ঐরপ একটি শব্দ। গান্ধিজী এই কথাটা প্রথম হইতে স্পষ্ট করিয়া লইয়াছিলেন যে, নিরুপক্রব প্রতিরোধ নীতি চ্ড়াস্কভাবে বন্ধ বা প্রত্যাহার করা যাইতে পারে না, কেন না, জনসাধারণের হস্তে ইহাই একমাত্র অন্ত। তবে অবশ্বাই ইহা

२५२

#### জওহরলাল নেহরু

শ্বৃতি রাথা যাইতে পারে। লর্ড আরুইন এই শন্দটিতে আপত্তি করিলেন, গান্ধিজী রাজী হইলেন না। অবশেষে 'আপাততঃ প্রত্যাহার' শন্দটি গৃহীত হইল। বিদেশী বস্ত্রের দোকান এবং আবগারী দোকানে পিকেটিং সম্বন্ধে দীর্ঘ আলোচনা হইল। অধিকাংশ সময়ই চুক্তির সর্ভগুলি আলোচনায় বাঃ হইল। কিন্তু মূল বিষয়ে বিশেষ কোন কথা হইল না। সম্ভবতঃ মনে করা হইয়াছিল যে, চুক্তি হইয়া গেলে এবং সংঘর্ষ বন্ধ হইলে অধিকতর অনুকূল আবহাওয়ায় ঐ সব বিষয় আলোচনা করা যাইবে। আমরা ইহাকে যুদ্ধ-বিরতির সন্ধি রূপেই দেখিলাম। যাহার ফলে আসল ব্যাপারগুলি পরে আলোচিত হইতে পারিবে।

এই কালে দিল্লীতে নানা শ্রেণীর ব্যক্তি আসিয়াছিলেন। অনেক বিদেশী সাংবাদিকও উপস্থিত ছিলেন। ইহাদের অধিকাংশ আমেরিকান। ইহারা আমাদের নীরবতা দেখিয়া বিরক্ত হইতেন এবং বলিতেন যে, গান্ধী-আঞ্চইন কথাবার্ত্তা সম্পর্কে তাঁহারা আমাদের অপেক্ষা নয়াদিল্লীর দপ্তরখানা হইতে বেশী সংবাদ পাইয়া থাকেন। কথাটা সত্য। অনেক সম্প্রান্ত ব্যক্তসমন্ত হইয়া গান্ধিজীর নিকট শ্রন্ধানিবেদন করিতে আসিতেন, কেন না, মহাস্থাজীর যে তথন দিন ফিরিয়াছে। যাহারা গান্ধিজী ও কংগ্রেস হইতে দ্রে সরিয়া থাকিতেন, এমন কি, মাঝে মাঝে দিন্ধান্ত করিতেন, আন্ধ তাঁহারাই আদিয়া পূর্ব্বের ভূল সংশোধন করিতেছেন। এ এক কৌতৃককর দৃশ্র। কংগ্রেদ থেন ভাল কাজই করিয়াছে, এবং ভবিষাতে আরও কি করিবে কে জানে? যাহাই হউক, এখন কংগ্রেস ও জাহার নেতাদের সহিত সদ্ভাব রক্ষা করাই নিরাপদ। এক বংসর পরে ইহারা পুনরায় বদলাইলেন। কংগ্রেসের প্রতি এবং ইহাব সকল কাজের প্রতি জাহাদের তীব্র ঘুণা উচ্চ কর্তে ঘোষণা করিতে লাগিলেন। তাঁহারা যে কংগ্রেসের ব্রিসীমাতেও নাই তাহাও প্রচার করিতে ভূলিলেন না।

এমন কি, সাম্প্রদায়িকতাবাদীর। ও ঘটনা দেখিয়া উত্তেজিত হইলেন।
হয় ত ইছার পর তাঁহাদের আর গুরুত্ব থাকিবে না ভাবিয়া শক্তি
হইলেন। তাঁহাদের অনেকে মহাত্মার নিকট আসিয়া বলিতে লাগিলেন
যে, তাঁহারা সাম্প্রদায়িক সমস্তা মিটাইয়া ফেলিবার জন্ত সর্ব্বদাই প্রস্তুত।
তিনি যদি স্বয়ং এ বিষয়ে উদ্যোগী হন তাহা হইলে আপোষ মীমাংসার
কোন বিল্লই হইবে না।

ছোট-বড় সর্বশ্রেণীর মাত্র্য অবিশ্রান্ত স্রোতের মত ডাঃ আন্সারীর বাড়ীতে আসিতে লাগিল। এইগানে গান্ধিজী ও আমরা অধিকাংশই ছিলাম। আমরা অবসরকালে এই সকল ব্যক্তিকে কৌতুকের সহিত

# দিলী-চুক্তি

লক্ষ্য করিতাম এবং অনেক অভিজ্ঞতাও সঞ্চয় করিতাম। কয়েক বংসর ধরিয়া আমরা সহর ও পল্লীর গরীব লোক এবং জেলের বাসিন্দাদের সংস্পর্শে আসিয়াছি। গান্ধিজীর দর্শনার্থী গনী ভ্রমহোদয়গণের মধ্যে আমরা মানব-চরিত্রের আর একটি দিক দেখিলাম। হেখানে শক্তি ও সাকল্য সেই স্থানেই এই সকল ক্তি নত হইয়া সহাস্থ্য অভিবাদন জ্ঞাপন করেন। ইহাদের মধ্যে অনেকেই ভারতে বৃটিশ গভর্গমেন্টের অতি বিশ্বন্ত ন্তম্ভ। ইহা শুনিয়া আমরা স্থা হইলাম যে বৃঝি, ভারতে যে কোনও গভর্গমেন্টেরই তাঁহারা অন্তর্মন বিশ্বন্ত ন্তম্ভ হইতে পারেন।

এই সময়ে আমি নয়া দিলীতে প্রাতঃভ্রমণের সময় গান্ধিজীর সঙ্গী হইতাম। এই সময় ছাড়া তাঁহার শহিত কথা বলিবার অবসর ঘটিতনা। বাকী সমস্ত দিন টুকরা টুকরা করিয়া ব্যক্তি ও বিষয়ের জয়ত পূर्व इटें जिमिष्ठ इटेश थाकिछ। এমন कि, कान विप्तनी पर्ननाथी অথবা ব্যক্তিগত উপদেশপ্রাথী বন্ধুর জন্ম প্রাতঃভ্রমণেরও স্থবিধা হইয়া উঠিত না। আমরা অতীত, বর্ত্তমান এবং বিশেষভাবে ভবিষাতের অনেক ব্যাপার লইয়া আলোচনা করিতাম। আমার মনে আছে, কংগ্রেসের ভবিষ্যং সম্পর্কে তাঁহার ধারণা শুনিয়া আমি অবাক হইয়াছিলাম। স্বাধীনতা আদিবার দঙ্গে দঙ্গে অধুনাতন কংগ্রেদও স্বাভাবিকভাবে বিলুপ্ত হুইবে আমি এইরপ কল্পনা করিতাম। কিন্তু কাঁহার মতে কংগ্রেস চলিবে-কিন্তু একটি দর্ত্তে। কংগ্রেদ স্বেচ্ছায় এই ত্যাপ বরণ করিয়া লইবে যে, ইহার কোনও সদস্য রাষ্ট্রের অণীনে বেতন লইয়া চাকুরী স্বীকার করিবে না। যদি কেহ এরপ করিতে চাহে, তাহা হইলে তাহাতু কংগ্রেদ পরিত্যাগ করিতে হইবে। কিভাবে তিনি এই দিদ্ধান্তে উপনীত হইয়াছিলেন আমি এখন তাহা শ্বরণ করিতে পারিতেছি না, তবে ইহার অন্তরালে আদলে এই ভাব ছিল যে, কংগ্রেস যদি নিঃস্বার্থ বৃদ্ধি লইয়া মুক্ত থাকে, তাহা হইলে শাসন বিভাগ ও অন্তান্ত বিভাগের উপর নৈতিক চাপ দিতে পারিবে, যাহার ফলে এগুলি ফ্রায়পথ হইতে ভ্রষ্ট হইবে না।

কিন্তু এই আশ্চধ্য ভাবের আমি কোনও মশ্ম গ্রহণ করিতে পারিলাম না। বিশ্লেষণ করিতে গেলে প্রশ্নটি আরও জটিল হইয়া উঠে। আমার মনে হয় যে, যদি এরূপ কোনও সম্মেলন স্থাপন করা সম্ভবপর হয়, তাহা হইলে তাহাকে কোন না কোনও কায়েমী স্বার্থবাদী নিজের স্থবিধার জন্ম প্রয়োগ করিবে। ইহার কার্য্যকারিতা বাদ দিলেও ইহা হইতে গান্ধিজীর চিন্তাধারার মূল ভিত্তি কতক পরিমাণে ব্বিবার স্থবিধা হয়। কতকগুলি প্রানিদ্ধিষ্ট আদর্শ লইয়া রাষ্ট্রীয় ও অর্থনৈতিক ব্যবস্থা ঢালিয়া সাজিবার

#### ज ওহরলাল নেহর

জন্ম রাষ্ট্রের ক্ষমতা গ্রহণ করিবার উদ্দেশ্যেই দল গঠন করিবার যে আধুনিক ধারণা, গান্ধিজীর ধারণা তাহার বিপরীত। অথবা যাহারা এখনও অধিকসংখ্যক গাধার জন্ম সর্বাধিক গাজর দিবার (মিঃ আর, এইচ, টনি কথিত) মহৎ উদ্দেশ্য লইয়া দল গঠন করেন, ইহা তাহারও বিপরীত।

গণতন্ত্র সম্পর্কে গান্ধিজীর ধারণা দৃঢ় দার্শনিক ভিত্তির উপর প্রতিষ্ঠিত। সাধারণতঃ প্রতিনিধিত্ব, সংখ্যাগরিষ্ঠ অথবা জনসংখ্যার সহিত্ত ইহার কোনও সম্পর্ক নাই। ইহার ভিত্তি হইল ত্যাগ ও সেবা, ইহার শক্তি নৈতিক। সম্প্রতি এক বিবৃতিতে \* তিনি গণতন্ত্রীর সংজ্ঞা নির্দেশ করিয়াছেন। তিনি নিজেকে 'আজন্ম গণতন্ত্রী' বলিয়া দাবী করেন। 'যদি কেহ মহুষ্য জাতির দরিদ্রতমদের সহিত সম্পূর্ণ একাত্মবোধ করিতে পারে, তাহাদের অপেক্ষা উৎকৃষ্ট জীবনে প্রাল্ক না হয়, এবং নিজের শক্তি সামর্থ্য অহুসারে তাহাদের স্তরে থাকিবার জন্ম সচেতনভাবে চেষ্টা করে, তাহা হইলেই সে গণতন্ত্রী হইতে পারে; আমি ইহাই বলিতে চাই।' গণতন্ত্র সম্বন্ধে আলোচনা প্রসঙ্গে তিনি আরও বলিয়াছেন,—

'কংগ্রেস যে গণতান্ত্রিক প্রতিষ্ঠানরপে মর্য্যাদা ও প্রতিষ্ঠা লাভ করিয়াছে তাহার কারণ বাংসরিক অধিবেশনে সমাগত প্রতিনিধি ও দর্শকর্দন নহে।' পরস্ক তাহার ক্রমবন্ধিত সেবার দারাই উহা লাভ করিয়াছে। পাশ্চাত্য গণতন্ত্র যদি এখনও ব্যর্থ না হইয়া থাকে তব্ও ইহা এক মহাপরীক্ষার সন্মুখীন। প্রকৃত গণতন্ত্র-বিজ্ঞান আবিদ্ধার করিরা জগতের সন্মুথে তাহার সাফল্য প্রমাণ করিবার ভার ভারতবর্ষের উপরই অর্পিত।'

'গণতন্ত্র হইতে ঘূর্নীতি যে অপরিহার্যারূপে উদ্বৃত হইবে এমন কোন কথা নাই, অবশু বর্ত্তমানে ঐগুলি আছে নিঃসন্দেহ। সংখ্যার গুরুত্ব গণতন্ত্রের প্রকৃত মাপকাঠি নহে। অল্পসংখ্যক লোকও যদি জনসাধারণের আশা, আকাজ্রুমা এবং উদ্দেশ্যকে যথাযথ ভাবে বাক্ত করিতে পারে তবে তাহার সহিত গণতন্ত্রের কোন অসঙ্গতি নাই। আমার দৃঢ় বিশ্বাস, গণতন্ত্র কথনও বলপূর্বক প্রতিষ্ঠা করা যাইতে পারে না। গণতন্ত্রের আদর্শ কখনও বাহির হইতে বলপূর্বক চাণাইয়া দেওয়া যায় না, ইহা ভিতর হইতেই মূর্ত্ত হয়।' ইহা নিশ্চয়ই পাশ্চাত্য গণতন্ত্র নহে, তিনি নিজেও তাহা বলিয়াছেন। কিন্তু আশ্চর্যোর বিষয় কম্যুনিইদের গণতন্ত্রের ধারণার সহিত ইহার কিছু সাদৃশ্য আছে, কেন না, তাহাতেও কিঞ্চিৎ

<sup>\*</sup> ১৯৩8-এর ১৭ই সেপ্টেম্বর।

# দিল্লী-চুক্তি

দার্শনিকতার রেশ বিজ্ঞমান। জনসাধারণ জাত্মক আঁর নাই জাত্মক
মৃষ্টিমেয় কম্যনিষ্ট তাহাদের প্রকৃত অভাব ও আকাজ্জার প্রতিনিধিত্ব দাবী
করিতে পারে। জনসাধারণ তাঁহাদের নিকট এক: দার্শনিক অমুভূতি
মাত্র এবং এই কারণেই তাঁহারা প্রতিনিধিত্বের দাবী করেন। যাহা
হউক, এই সাদৃশ্য এত অল্প যে, ইহা আমাদিগকে অধিক দ্রে লইয়া যায় না।
দৃষ্টিভঙ্গী ও বিষয় বিচার করিবার প্রণালীর মধ্যে গুরুতর পার্থক্য বিজ্ঞমান।
কার্যাপদ্ধতি ও বাহুবল সম্পর্কে পার্থক্যও শার্রণীয়।

গান্ধিজী গণতন্ত্রী হউন আর নাই হউন, তিনি ভারতের ক্লযক-সাধারণের প্রতিনিধি, এই কোটি কোটি নর-নারীর চেতন ও অচেতন আকাজ্ঞার তিনিই ঘনীভূত মূর্ত্তি। তাঁহাকে প্রতিনিধি বলিলে ঠিক বলা হয় না,—তিনি বিশাল জনসজ্যের দৃষ্টিতে আদর্শের দেহধারী প্রতীক। অবশ্য তিনি সাধারণ ক্বমকের মত নহেন। তিনি তীক্ষ স্ক্র অমুভৃতিপ্রবণ স্কুর্ফচিস**ম্পন্ন** ও দুরদর্শী। মানবস্থলভ কোমলতা সত্ত্বেও তিনি কঠোর তপস্বী; ইন্দ্রিয় পরতন্ত্রতা ও বিষয়ভোগ স্পৃহাকে তিনি সংঘত করিয়া উহা উন্নততর অধ্যাত্ম সাধনায় নিয়োজিত করিয়াছেন। তাঁহার অবশু সাধারণ ব্যক্তিত্ব চুম্বকের মত সকলকে আকর্ষণ করে, মাতুষ স্বেচ্ছায় তাঁহার নিকট আত্ম-সমর্পণ করে, আহুগতা স্বীকার করে। এই সকল গুণ সাধারণ ক্বাকের দৃষ্টি লইয়াই তিনি ঘটনাপ্রবাহ লক্ষ্য করেন, জীবনের কতকগুলি ব্যাপারে ক্ববকদের মতই তাঁহার অন্ধ আমুরক্তি আছে। ভারতের অধিকাংশই ক্ববক এবং তিনি তাঁহার ভারতবর্ষকে উত্তমরূপে জানেন, উহার নাড়ীর প্রত্যেক চাঞ্চল্য তাঁহার অনুভৃতিতে প্রতিক্রিয়া সঞ্চার করে, প্রত্যেকটি ব্যাপারে তাঁহার অন্থ্যান ভ্রমহীন এবং সময় অন্তুক্ল বুঝিবামাত্র কাজ করিবার তাঁহার দক্ষতা অমুপম।

কেবল ব্রিটিশ গভর্গনেণ্টের দৃষ্টিতে নহে, অনেক ভারতবাসী এবং তাঁহার ঘনিষ্ঠ সহকর্মীদের দৃষ্টিতেও তিনি তুর্ব্বোধ্য প্রহেলিকা। অন্ত কোন দোষ জনিলে হয় ত কেহ তাঁহাকে আমলেই আনিত না; কিন্তু ভারতবর্ষ অবতারকল্প ধামিক পুরুষ, যিনি পাপম্ক্তি, অহিংসার কথা বলেন, তাহাকে গ্রহণ করিতে, বরণ করিতে পারে। ভারতের পুরাণসমূহ ঋষি মূনি তপস্থীদের কাহিনীতে পূর্ণ, যাঁহারা তপংপ্রভাবে বাহ্য জগতের ব্যাপার নিয়ন্ত্রণ করিয়াছেন, রাজ্য ও রাজা ভাঙ্গিয়াছেন, গড়িয়াছেন। গান্ধিজীর আশ্বর্য উৎসাহ ও অন্তর্নিহিত শক্তি দেখিয়া আমার বিশ্বয়ম্থ চিত্তে ঐ সকল পৌরাণিক কাহিনীর কথা উদয় হইত; মনে হইত যেন এক অফুরস্ত অধ্যাত্ম-শক্তির ভাগ্যর হইতে উহা উৎসারিত হইতেছে। জগতের সাধারণ ছাঁচে

### জওহরলাল নেহর

ভিনি গঠিত নহেন; তিনি স্বতন্ত্র, তিনি অমুপম; মাঝে মাঝে **তাঁহার দৃষ্টিতে** অজ্ঞানার আভাষ ফুটিয়া উঠে।

ভারতের নব-নাগরিক সভাতা ও কল-কারখানার আধুনিক জীবনের উপরও রুষক-ভারতের স্থাপ্ট ছাপ রহিয়ছে। যিনি স্বতন্ত্র ও বিশিষ্ট হইয়াও ভারতবর্ষেরই সন্তান তাঁহাকে এই নবীন ভারতও আদর্শ ও নেতার্মণে গ্রহণ করিয়াছে, তিনি বিশ্বতপ্রায় প্রাচীন শ্বতি জাগ্রত করিয়াছেন, ভারতবাসীর দৃষ্টির সন্মুথে ভারতের আত্মাকে উন্মুক্ত করিয়াছেন। বর্ত্তমানের ত্বঃখভারজর্জনিত ভারত যখন অতীত ও ভবিষ্যতের অম্পষ্ট স্থপ্প লইয়া নৈরাশ্রম্ক্র বিলাপের মাঝে সাস্থনা থ্লিতেছিল, তখন তিনি আসিয়া আশার বাণী শুনাইলেন, দেশ ও মনে শক্তি সঞ্চার করিলেন,—তাঁহার দৃষ্টিতে ভবিষ্যৎ রঙ্গীন হইয়া উঠিল। একদিকে অতীত, অক্যদিকে ভবিষ্যৎ; বর্ত্তমান এ ভারত ত্ইকেই একত্র করিবার চেষ্টা করিতে উন্মত হইল।

ভারতের এই ক্বফ-জীবনধারা হইতে আমরা অনেকেই বিচ্ছিন্ন হইয়া পড়িয়াছি; প্রাচীন ধারার চিন্তা, প্রথা, নিয়ম, ধর্ম আমাদের প্রকৃতিবিকৃদ্ধ হইয়া পড়িয়াছে। আমরা আমাদিগকে বলি আধুনিক; আমরা 'উন্নতিতে' বিশ্বাসী, বৈজ্ঞানিক কল-কার্থানার বিস্তার, জীবন্যাত্রার উন্নততর ব্যবস্থা, সমবায় ও যৌথভাবে কার্য্যনিয়ন্ত্রণে বিশ্বাসী। আমরা অনেকে রুষক-জীবনের क्रक्रंभौनाजारक श्रेगंजिविद्यांधी विनिधा ज्ञानि अवः अपनरकरे माम्यानिज्ञम. ক্যানিজ্ম-এর অন্থরাগী। আমরা কেমন করিয়া রাজনীতিক্ষেত্রে গান্ধিজীর সহিত মিলিত হইয়াছি এবং নানা ঘটনায় তাঁহার বিশ্বন্ত অত্মচরের মত কার্য্য कतिशाष्ट्रि । এ প্রশ্নের উত্তর দেওয়া কঠিন এবং যে গান্ধিজীকে জানে না, म कान छे छत्तरे मुख्ये रहेरव ना। वाक्तियुक वार्था कता यात्र ना. ইহার আশ্চর্যা শক্তি মাতুষকে মুগ্ধ করে। এবং এই শক্তি তাঁহার মধ্যে প্রচুর পরিমাণেই আছে। যাঁহারা তাঁহার নিকট আসিয়াছেন, তাঁহারা তাঁহার এক এক দিক গ্রহণ করিয়াছেন, তিনি মাস্থ্যকে আকর্ষণ করেন,— কিন্তু তাহা অন্ধ আহুরক্তি নহে, যুক্তি বিচার ঘারাই অনেকে তাঁহার নেতৃত্ব গ্রহণ করিয়াছেন। তাঁহারা গান্ধিজীর জীখন সম্পর্কে দার্শনিক ব্যাখ্যা বা তাঁহার অনেক আচরণ ও আদর্শ গ্রহণ করেন নাই। অনেক সময় তাঁহার। তাঁহাকে বৃঝিয়া উঠিতে পারেন না। কিন্তু তাঁহার নির্দেশিত কার্য্যপ্রণালীর योक्टिक्का महरक्र तुवा याग्र। भीग्कान कर्महीन, त्मक्रमशुरीन त्राक्रनीजित পর তিনি যথন তাঁহার নৈতিক বিভার দীপ্ত সাহসিক ও আসল কার্য্য পদ্ধতি উপস্থিত করিলেন, তথন তাহার আহ্বান সহক্রেই অনিবার্য্য হইয়া

# দিল্লী-চুক্তি

উঠিল এবং সকলে কি বৃদ্ধি কি ভাবাবেগের দিক দিয়া তাহা বরণ করিল। প্রত্যেক পদক্ষেপে তিনি তাঁহার কার্য্যপদ্ধতির অভান্ততা প্রতিপন্ন করিলেন এবং আমরা তাঁহার অধ্যাত্ম দর্শন গ্রহণ না ধরিয়াও অন্থগামী হইলাম। ভাব হইতে কার্য্যকে পৃথক করিয়া থেখা সম্ভবতঃ সম্যক্ষ দর্শন নহে, এবং উহার ফলে পরিণামে মানসিল সংঘাত ও ক্লেল উপস্থিত হয়। গান্ধিজী কর্মী পুরুষ এবং অবস্থান পরিবর্ত্তন সম্পর্কে সর্বাদা সচেতন, এই কারণে আমরা আশা করিয়াছিলাম, আমরা বাহা সত্য বলিয়া জানি, সেই দিকেই তিনি অগ্রসর হইবেন। যে ভাবেই হউক, তিনি যত দিন সত্যপথে চলিতেছেন, তত দিন ভবিষাতে বিচ্ছেদ ঘটিতে পারে, পূর্ব্ব হইতে এরপ ধারণ করা নির্বাদ্ধিতা মাত্র।

এই সকল হইতে ব্রা, যাইবে, আমাদের মনে কোন স্পষ্ট বা নিশ্চিত ধারণা ছিল না। আমারা অধিকতর যুক্তিবাদী হইলেও গান্ধিজী ভারতবর্ষকে আমাদের অপেক্ষা অনেক বেশী জানেন, এবং যিনি জনসাধারণের এমন অসামান্ত শ্রেমা, ভক্তিও অন্তরাগ লাভ করিয়াছেন, তাঁহার মধ্যে এমন কিছু আছে, যাহা জনসাধারণের আশা-আকাজ্যার দোলনায় অন্তরপ্তি। যদি আমারা তাঁহাকে ব্রাইতে পারি, তাহা হইলে জনসাধারণও আমাদের দলে আদিবে। মনে হইয়াছিল, তাঁহাকে ব্রান সম্ভবপর। কেন না, তাঁহার ক্ষকোচিত দৃষ্টিভঙ্গী সব্তেও তিনি আজ্ম বিদোহী। এই বিলবী এক বৃহৎ পরিবর্তন চাহেন, কোন ভয়েই তিনি স্তব্ধ হইবেন না।

আমাদের অলস ও অধংপতিত জনমণ্ডলীকে শৃদ্ধলাবদ্ধ করিয়া তিনি কি ভাবে কর্মে প্রবৃত্ত করিয়াছেন। বল প্রয়োগ করিয়া নহে, এহিকের কোন লোভ দেথাইয়া নহে। প্রশান্ত দৃষ্টি, মধুর বচন এবং সর্কোপরি ব্যক্তিগত দৃষ্টান্ত দ্বায়াই ইহা সম্ভব হইয়াছে। ভারতে সত্যাগ্রহের প্রথম স্ফ্রচনা কালে ১৯১৯-এ বোম্বাই-এর ওমর শোভানী তাঁহাকে বলিতেন, 'ক্রীতদাসগণের প্রিয়তম প্রভূ', ইহা আমার মনে আছে। তারপর অনেক কিছুই ঘটিয়াছে। আজ ওমর বাঁচিয়া নাই, সৌভাগ্যক্রমে ১৯৩১-এর স্ফ্রচনা হইতে আমরা আনন্দ ও গর্কের তাঁহাকে দেখিয়াছি। ১৯৩০ আমাদের জীবনের এক অপূর্ব্ব বংসর। গান্ধিজী তাঁহার ঐক্রজালিক স্পর্শে সমস্ত দেশে এক অভূত-পূর্ব্ব পরিবর্ত্তন আনিলেন। ব্রিটিশ গভর্গমেন্টের উপর আমরা জয়লাভ করিয়াছি, একথা ভাবিবার মত মুর্থ কেহ ছিল না। আমাদের গর্ব্ব ও গৌরবের সহিত গভর্গমেন্টের সম্পর্ক অতি অল্পই ছিল। এই আন্দোলনে আমাদের নারীরা, যুবকেরা, সন্তানসন্ততিরা যে ভাবে কাজ করিয়াছে, তাহা লইয়াই আমাদের গর্ব্ব ও গৌরব। ইহা আত্মার সমৃদ্ধি। যে কোন সময়ে,

# জওহরলাল নেহরু

যে কোন জাতির পক্ষে ইহা ত্ত্ত্ত সম্পদ, পরাধীন ও পদদলিত আমরা আমাদের নিকট ইহার মূল্য আরও বেশী।

ব্যক্তিগত ভাবে আমি চিরদিনই গান্ধিজীর অসামান্ত দয়া ও স্থবিবেচনা লাভ করিয়াছি; পিতার মৃত্যুর পর হইতে তিনি আমার প্রতি অধিকতর স্নেহলীল হইয়াছেন। তিনি আমার কথা সর্বনাই ধৈর্য্যের সহিত শুনেন এবং আমার ইচ্ছাপ্রণের জন্ত সর্বতোভাবে চেষ্টা করেন। ইহার ফলে আমি ভাবিতাম যে, আমি ও আমার সহকর্মীরা তাঁহাকে প্রভাবিত করিয়া ক্রমে সমাজতান্ত্রিক পথে আনিতে পারিব এবং তিনি নিজেও বলিয়াছিলেন য়ে, তাঁহার পক্ষে সম্ভবপর হইলে তিনি ধীরে ধীরে এ দিকে অগ্রসর হইবেন। আমার মনে হইয়ছিল য়ে, তিনি নিঃসন্দেহে সমাজতন্ত্রবাদের মূলনীতিগুলি গ্রহণ করিবেন, কেন না, আমার দৃষ্টিতে বর্ত্তমান ব্যবস্থার অবিচার, হিংসা, অপচয় ও তুংথের হাত হইতে মৃক্তির অন্ত পথ নাই। উপায় লইয়া তাহার মতভেদ হইতে পারে, কিন্তু আদর্শে তিনি একমত হইতেন। তথন এরপ ভাবিলেও এখন আমি স্পষ্টভাবে ব্রিয়াছি য়ে, গান্ধিজীর আদর্শের সহিত সমাজতান্ত্রিক আদর্শের মূলগত পার্থক্য বিত্যমান।

এইবার ১৯৩১-এর ফেব্রুয়ারী মাদে দিল্লীর কথায় ফিরিয়া আসা যাউক। গান্ধী-আরুইন আলোচনা চলিতেছে এমন সময় সহসা তাহা বন্ধ হইয়া গেল। কয়েক দিন ধরিয়া বড়লাট গান্ধিজীকে ডাকিয়া পাঠাইলেন না; মনে হইল কথাবার্তা ভাঙ্গিয়া গেল। কার্যাকরী সমিতির সদস্যরা দিল্লী ত্যাগ করিয়া স্ব স্থ প্রদেশে ফিরিবার জত্য প্রস্তুত হইলেন। প্রস্থানের পূর্বের আমরা ভবিষ্যং কাষ্য-পদ্ধতি ও আইন অমান্ত আন্দোলন ( যাহা তথনও জারী ছিল ) সম্বন্ধে পরামূর্শ করিবার জন্ম মিলিত হইলাম। আমরা বুঝিলাম, আপোষ আন্দোলন ভাঙ্গিয়া গেল, ইহা ঘোষণার পরেই আমরা আর একত্র মিলিত কুইয়া প্রামর্শ করিবার পাইব না। আমরা গ্রেফ্তার হওয়ার প্রত্যাশা করিতে লাগিলাম এবং আরও শুনিলাম, গভর্ণমেণ্ট প্রচণ্ডভাবে কংগ্রেসকে দমন করিতে ক্বতসঙ্কল হইয়াছেন, যে চণ্ডনীতি প্রদাপেক। অধিকতর ভীষণ হইবে। অতএব, আমরা সর্বশেষবার মিলিত হইলাম, এবং ভবিষ্যতে আন্দোলন পরিচালনার জন্ম কতকগুলি প্রস্তাব গ্রহণ করিলাম। এবারের একটু বৈশিষ্টা ছিল। পূর্বে নিয়ম ছিল যে, সভাপতি গ্রেফ্তারের পূর্ব্বে অস্থায়ী সভাপতি এবং কার্য্যকরী সমিতির সদস্তের শৃক্ত পদ মনোনয়ন षाता পূর্ণ করিবার ব্যবস্থা করিয়া যাইবেন। স্থলাভিষিক্ত কার্য্যকরী সমিতি প্রকৃত প্রস্থাবে কোন কার্য্যই করিতে পারে নাই। কোন

# मित्री-ठूकि

ব্যাপারে নৃতন কিছু নির্দ্ধানে করিবার অধিকার ইহার ছিল না।
সদস্তরা কেবল জেলে ষাইতে পারিতেন। ঘাহা হঠক, এইরূপ একজনের
পর একজন মনোনয়নের প্রথার বিপদও ছিল। ইহার জলে কংগ্রেসের
মর্য্যাদাহানিকর ব্যাপারও ঘটিতে পারিতে। এই আশক্ষা করিয়া দিলীতে
কার্য্যকরী সমিতি সিদ্ধান্ত করিলেন শে ভবিষ্যতে আর অস্থায়ী সভাপতি
ও স্থলাভিষিক্ত সদস্ত মনোনয়ন করা ইইবে না। যে সকল মূল সদস্ত কারাগারের বাহিরে থাকিবেন তাঁহারা সমিতির পূর্ণ ক্ষমতায় ক্ষমতাবান
হইয়া কার্য্য করিবেন। যথন সকলে ঘিলিয়া কারাগারে ঘাইবেন, তথন
সমিতির কোন কাজ থাকিবে না। তবে আমরা একটু আড়ম্বর করিয়া
বলিলাম যে, সে অবস্থায় কার্যকরী সমিতির ক্ষমতা দেশের প্রত্যেক নর
নারীর উপর ন্যন্ত ইইবে। আমরা সর্ব্বেশ্ধারণকে উৎসাহের সহিত
সংঘর্ষে প্রবৃত্ত হইতে আহ্বান করিলাম।

এই প্রস্তাবে সংঘর্ষ পরিচালকের সাহসিকতাপূর্ণ নির্দ্দেশ দেওয়া হইল এবং আপোষের সর্বপ্রকার পথ ইহাতে বন্ধ করা হইল। আমাদের কেন্দ্রীয় কার্য্যালয়ের সহিত দেশের অন্যান্ত অংশের যোগাযোগ রঞ্গা করা এবং নিয়মিতভাবে নির্দ্দেশাদি প্রদান করা ক্রমশঃ কঠিন হইয়া উঠিয়ছিল। আমাদের পুরুষ ও মহিলা কর্মীরা সকলেই স্থপরিচিত এবং তাঁহারা প্রকাশে কাজ করিতেন বলিয়া ইহা অনিবাধ্য ছিল। তাঁহানের গ্রেফ্ তারের সম্ভাবনা সর্বদাই থাকিত। ১৯৩০-এ গুপু সংবাদবাহীদল গঠন করিয়া নির্দেশ প্রচার, পরিদর্শন ও রিপোটাদি আনয়নের বাবস্থাদি হইয়াছিল। ইহাতে কাজ ভালই চলিয়াছিল এবং আমরা ব্রিয়াছিলাম যে, এইরূপে গুপুভাবে সংবাদ সংগ্রহের কাজ সাফল্যের সহিত পরিচালনা করা হাইতে পারে। কিন্তু আমাদের প্রকাশ্য আন্দোলনের সহিত ইহা কিয়ংপরিমাণে সামঞ্জন্মহীন। এবং গান্ধিজীও ইহার বিরোধী ছিলেন। কেন্দ্র হইতে নির্দেশের অভাবে কাজ চালাইবার দায়িত্ব আমরা স্থানীয় লোকের উপর অর্পন করিলাম। অন্যা তাঁহারা উপর হইতে নির্দ্দেশ পাইবার জন্য অপেকা করিবে অথবা কিছুই করিবে না। অবশ্য সম্ভব্যত নির্দ্দেশ দেওয়া যাইতে পারে।

এইভাবে একটি প্রস্তাব ও অক্যান্ত প্রস্তাব পাশ করিয়া আমরা যাত্রার জন্ম প্রস্তুত হইলাম। (পরবর্তী ঘটনাব এই সকল প্রস্তাব প্রকাশ করা হয় নাই।) এমন সময় লর্ড আরুইনের নিকট হইতে পুনরায় আহ্বান আসিল এবং আপোষ প্রস্তাব আলোচনা স্করু হইল।

৪ঠা মার্চ্চ মধ্যরাত্রি পর্য্যস্ত বড়লাটের বাড়ী হইতে গান্ধিজীর প্রত্যাগমনের আশায় আমরা অপেকা করিতে লাগিলাম। তিনি রাত্রি

#### জওহরলাল নেহরু

ত্ইটার সময় ফিরিয়া আসিলেন। এবং আমাদিগকে জাগাইয়া সংবাদ দেওয়া হইল যে, আপোষ প্রস্তাবগুলি নির্দ্ধারিত হইয়াছে। আমরা ধসরাখানি দেখিলাম। পূর্ব্বে আলোচনা-প্রসঙ্গে আমি অধিকাংশ ধারাগুলি জানিতাম কিন্তু তুই নম্বর ধারার \* রক্ষাকবচ ইত্যাদি দেখিয়া আমি অত্যন্ত মর্মাহত হইলাম। ইহার জন্য আমি প্রস্তুত ছিলাম না। আমি সে রাত্রের মত আর কিছু বলিলাম না, সকলেই স্ব স্বান্যায় ফিরিয়া গেলাম।

**खर्ग विल्वात विरम्य कि** इ. हिन ना । यादा दहेवात दहेबा शिवारह, আমাদের নেতা স্বয়ং কথা দিয়া আসিয়াছেন। এখন আমর। তাহার সহিত ভিন্নমত অবলম্বন কি করিয়া করিতে পারি? তাঁহাকে পরিত্যাগ कता ? जांशांत महिक विष्णित इख्या ? आमारानत अरेनका शांधना कता ? ইহাতে ব্যক্তিগত ভাবে কাহারও সম্ভোষ হইতে পারে কিন্তু তাহাতে চ্ডান্ত সিদ্ধান্তের কিছু আসিয়া যাইবে না। অন্ততঃ সাময়িক ভাবেও তথনকার মত আইন অমান্য আন্দোলন শেষ হইল। এবং কার্যাকরী স্মিতির পক্ষেও ইহা পরিচালনা করা সম্ভবপর নহে। কেন না, গভর্ণমেট ঘোষণা করিয়া দিবেন, মি: গান্ধী আপোষ করিতে সমত হইয়াছেন। আমি এবং আমাদের অন্তান্ত সহকর্মীরা আইন অমান্ত আন্দোলন স্থগিত রাখিয়া গভর্ণমেণ্টের সহিত সাময়িক আপোষে ইচ্ছুক ছিলাম। আমাদের সহকর্মীদিগকে পুনরায় কারাগারে প্রেরণ এবং যে সহস্র সহস্র ব্যক্তি জেলে রহিয়াছেন তাঁহাদিগকে সেইখানে রাথার নিমিত্তের ভাগী হওয়া কাহারও পক্ষে সহজ নহে। যদিও আমরা অনেকে নিজেদের কারাজীবনের উপযুক্ত করিয়া প্রস্তুত করিয়াছিলাম এবং উহার পীড়াদায়ক দৈনন্দিন কার্যাপদ্ধতি লইয়া হাস্তা পরিহাস করিতাম, তথাপি আমাদের জীবনের দিবারাত্রগুলি কাটাইবার জন্ত কারাগার নিশ্চরই মনোর্ম **স্থান নহে**। তাহা ছাড়া যে তিন স্থাহের অধিককাল ধরিয়া গান্ধিজী ও লর্ড আক্রইনের মধ্যে আপোষের কথাবার্ত্তা চলিতেভিল দেই সময় আসন্ন আপোষের প্রত্যাশাম সমগ্র দেশ অধীর হইয়া উঠিয়াছিল। কথাবার্তা ভাকিয়া গেলে

দিল্লী-চুজির ছই নথর সর্ত্ত (১৯০৫, ৫ই ৯।৮৮) 'শাসনতন্ত্র সম্পর্কিত ৫লে. হিন্ধ ম্যাজেন্টিজ গভর্ণমেণ্টের সম্মতিক্রমে, ভি নিয়ৎ আলোচনারে সীমা এই ভাবে নির্দিষ্ট ইইবে যে, গোল টেবিল বৈঠকে ভারতে নিয়মতান্ত্রিক গভর্পমেণ্টের যে খসড়া আলোচিত ইইলাছে, তাহাই পুনরান্ধ বিচার করা ইইবে। প্রভাবিত পরিকল্পনার ব্রুলাট্ট একটি অপরিহার্য্য অংশ ইইবে এবং ভারতের দায়িত্ব, সংরক্ষিত বিবর ও রক্ষাক্রচন্তলি ভারতের স্বার্থের দিক ইইতে নিরূপণ করা ইইবে। দৃষ্টান্ত থক্তপ বলা যায়, যথা—দেশরক্ষা, বৈদেশিক ব্যাপার, সংখ্যাল্থিপ্রদের অবস্থা, ভারতের শ্বণ এবং পূর্ব্ব প্রতিশ্রুতি পূরণ।'

# দিল্লী-চুক্তি

দেশে নৈরাশ্যের সঞ্চার হইত সন্দেহ নাই। এই কারণে আমরা (কার্যাকরী সমিতির সদস্যগণ) অস্থায়ী সন্ধির প্রস্তাবে (ইহা যে অস্থায়ী তাহা স্কম্পাষ্ট) সম্মতি দিলাম। কিন্তু সঙ্গে সঙ্গে আমরা ইহাও বলিলাম, এই সন্ধির নারা আমরা কোনও মূল নীতি প্রত্যাহার করিলাম না।

পরে বিভিন্ন বিষয় লইয়া যে তুমূল তর্কের তুফান উঠিয়াছিল ব্যক্তিগত-ভাবে আমি এগুলির প্রতি বিশেষ মনোখোগ দেই নাই। আমার তুইটি বিষয়ে বিশেষ লক্ষ্য ছিল। প্রথম কথা, আমাদের পূর্ণ স্বাধীনতা লাভের উদ্দেশ্যকে কিছুতেই খাট করা হইবে না, দ্বিতীয়তঃ, এই সন্ধির প্রভাব चामारमत युक्त প্রদেশের कृषक चान्मानरभत উপর कि ভাবে পতিত হইবে! चामारमंत्र कत्रवस चथवा शांकनावरसत चार्तमानन এ পर्गुष्ठ द्वन माकना লাভ করিয়াছিল এবং কোন কোন অঞ্চলে একেবারেই কিছু মাদায় হয় নাই। ক্লযকদের মেরুদণ্ড সোজা ছিল এবং সমগ্র জগতের ক্লযিকার্য্যের অবস্থা এবং ক্লমিপণোর মূলোর মন্দার দক্ষণ তাহাদের পক্ষে দেওয়া কঠিন ছিল। আমাদের করবন্ধ আন্দোলন একাধারে রাজনৈতিক ও অর্থনৈতিক। যদি গভণমেন্টের সহিত একটা সন্ধি হয় তাহা হইলে আইন অমান্য আন্দোলন প্রত্যাহত হইবে এবং করবন্ধ আন্দোলনের কোনও রাজনৈতিক ভিত্তি থাকিবে না। কিন্তু মূল্য হাস হওয়ায় অধিকাংশ ক্লয়কের পক্ষে দাবীর অন্তর্রপ অর্থ দিবার অক্ষমতার ফলে যে অর্থনৈতিক সম্পার উদ্ধ হইয়াছে, তাহার কি হইবে ? গান্ধিজী লও আরুইনের নিকট এই বিষয়টা স্পষ্ট করিয়া বলিয়াছিলেন। তিনি বলিয়াছিলেন যে, করবন্ধ আন্দোলন প্রত্যাহার করা হইলেও আমরা কৃষকদিগকে তাহাদের ক্ষমতার অতিরিক্ত থাজনা দিবার উপদেশ দিতে পারিব না। ব্যাপারটি প্রাদেশিক বলিয়া ভারত গভর্ণমেন্টের সহিত বিশদভাবে আলোচনা করা সম্ভব হয় নাই। আমাদিগকে এই আশ্বাস इहेन य, প্রাদেশিক গভর্ণমেণ্ট আনন্দের সহিত এ বিষয়ে আমাদের সঙ্গে পরামর্শ করিয়া কৃষকদের তুর্দ্দশা মোচনকল্পে সাধ্যমত চেষ্টা করিবেন। ইহা অনির্দিষ্ট আশ্বাস মাত্র। কিন্তু সে অবস্থায় ইহা অপেক্ষা নিদিষ্ট কোন প্রতিশ্রুতি পাওয়া কঠিন ছিল। কাজেই তথনকার মত এই বাাপারের এই খানেই শেষ হইল।

আমাদের স্বাধীনতা লাভের ও আমাদের উদ্দেশ্যের মৃথ্য প্রশ্নটি রহিয়া গেল। এবং আমি সন্ধির তৃই নং ধারাটিতে দেখিলাম যে, এই উদ্দেশ্যকেও থর্ব করা হইয়াছে। ইহারই জন্ম কি এক বৎসর কাল এত লোক এত তৃঃধ বরণ করিল? আমাদের গর্বিত উক্তি এবং

#### ज अञ्जलान (नर्ज

তুঃসাহসিক কার্য্যের কি এই পরিণাম ? কংগ্রেসের স্বাধীনতা প্রস্তাব ২৬শে জান্ত্র্যারীর সব্ধন্ন এবং তাহার পুনঃ পুনঃ উল্লেখের ফল কি ইহাই ? মার্চ্চ মান্সের সেই রাত্রিতে আমি শ্যায় শুইয়া চিন্তা করিতে লাগিলাম; কোনও মহার্য্য সম্পদ চিরদিনের মত হারাইয়া গেলে যেরূপ মনোভাব হয়, আমার স্কুদয়ও সেইরূপ শুক্ততায় পূর্ণ হইয়া উঠল।\*

30

# করাচী কংগ্রেস

গান্ধিন্দ্রী পরোক্ষভাবে আমার মানসিক চাঞ্চলার কথা জানিতে পারিলেন। পরদিন প্রভাতে প্রাত্ত্রমণে যাইবার সময় আমাকেও সঙ্গে যাইতে বলিলেন। আমাদের মধ্যে দীর্ঘকাল আলোচনা হইল। তিনি আমাকে বুঝাইবার চেট্টা করিলেন যে, কোন গুরুতর বিষয় অথবা মূলনীতি প্রত্যাহার করা হয় নাই। তিনি সন্ধির তুই নম্বর ধারাটিকে, 'ভারতের স্বার্থ' এই কথাটির উপর জার দিয়া এমনভাবে ব্যাখ্যা করিলেন যে, উহার সহিত আমাদের স্বাধীনতার দাবীর ঐক্যই রহিয়ছে। এই ব্যাখ্যা আমার নিকট কইকল্পনা বলিয়া মনে হইল; তাঁহার যুক্তিতর্ক আমি মানিয়া লইতে পারিলাম না, তবে তাঁহার কথায় আমার মন অনেকটা শান্ত হইল। আমি তাঁহাকে বলিলাম, চুক্তিনামার গুণাগুণ ছাড়িয়া দিলেও তাঁহার আকস্মিক কার্যগুলি দেখিয়া আমরা ভয় পাই। তাঁহার মধ্যে এমন এক অজ্ঞাত বস্তু আছে, যাহা চৌদ্দ বৎসরের ঘনিষ্ঠতাতেও আমি ব্রিতে পারিলাম না বলিয়া সর্ব্বদাই শন্ধিত থাকি। তিনি নিজের মধ্যে এই অক্সাত বস্তুর অন্তিত্ব স্বীকার করিলেন এবং বলিলেন যে, তিনি নিজেও ইহার জন্ম দায়ী নহেন, এবং ইহা যে তাঁহাকে কোথায় লইয়া যাইবে, তাহাও পূর্ব্ধ হইতে বলিতে পারেন না।

তৃই-এক দিন আমি সন্দেহ-দোলায় ত্লিতে লাগিলাম, কি করিব ব্ঝিয়া উঠিতে পারিলাম না। ঐ সদ্ধির বিক্ষতা করা অথবা উহা বন্ধ করার প্রশ্ন তথন আর উঠিতে পারে না। আমি বড় জোর কল্পনার দিক হইতে উহার সহিত সংশ্রব না রাধিতে পারি, কিন্তু বান্তব ঘটনারূপে উহা আমাকে মানিয়া লইতে হইবেই। ইহাতে আমার ব্যক্তিগত অহমিকা চরিতার্থ হইতে পারে;

<sup>\* &</sup>quot;बश्रु थनत्र मिक म्थतिङ क्तिश्रा खार्मि ना, निः चन भागनार्त्रहे खार्म।"

# করাচী কংগ্রেস

কিছ বৃহত্তর সমস্থার তাহাতে কি সাহায্য হইবে ? অতএব ইহ'কে সৌজন্তের সহিত মানিয়া লইয়া, গান্ধিজীর মতই অহুক্ল ব্যাখ্যা করাই ভাল নহে কি ? সন্ধির পরেই সংবাদপত্রের জন্ত তিনি যে বিবৃতি দিলেন, তাহাতে ঐ ব্যাখ্যার উপর জাের দিয়া বলিলেন যে, আমরা স্বাধীনতার দাবী একটুও বর্জ্জন করি নাই। যাহাতে তথন এবং ভবিশ্বতে কোন ভাল্ত ধারণার উদ্ভব নাহম, এজন্ত তিনি লর্ড আরুইনের নিকট গিয়া বিষয়টি পরিদ্ধার করিয়া বলিয়া আসিলেন। গান্ধিজী তাঁহাকে বলিলেন, যদি কংগ্রেস গোল টেবিল বৈঠকে কোন প্রতিনিধি প্রেরণ করে, তাহা হইলে এই ভিত্তির উপরই দাবী উপস্থিত করা যাইবে। লর্ড আরুইন অবশ্ব এই দাবা স্বীকার করিয়া লইতে পারেননা, তবে ইহা দাবী করিবার অধিকার কংগ্রেসের আছে, তিনি ইহা স্বীকার করিলেন।

মানসিক দ্বন্ধ ও বেদনা সত্ত্বেও আমি ঐ সদ্ধি অস্বীকার করিয়া উহার অন্তক্তল কার্য্য করিবার সঙ্কল্প করিলাম। কোন মধ্যপথ আমি খুঁজিয়া পাইলাম না।

লর্ড আরুইনের সহিত আলোচনা কালে, সন্ধির পূর্ব্বে ও পরে গান্ধিজী বহুবার আইন অমান্ত আন্দোলন ছাড়াও অন্তান্ত রাজনৈতিক বন্দীর মৃক্তির জন্ম অমুরোধ করিয়াছিলেন। আইন অমান্তের বন্দীদের মুক্তির কণা সন্ধিপত্রের মঞ্জেই ছিল। তাহা ছাড়া, কারাদণ্ডে দণ্ডিত অথবা বিনা বিচারে অপরাধ না জানিতে দিয়া আটক বন্দীও সহস্র সহস্র ছিল। অন্তরীণে আবদ্ধদের মধ্যে অনেকেই বহু বর্ষ আটক ছিলেন। ইহা লইয়া সমস্ত ভারতে, বিশেষভাবে বাদলা দেশে অত্যন্ত অসন্তোষের সঞ্চার হইয়াছিল। বিনা বিচারে আটক নীতির ফলে বান্ধলা দেশই বেশী বিত্রত হইয়াছে। পেন্ধুইন দ্বীপের বড় কর্ত্তার মতই (অথবা ডেকাস মামলায়?) ভারত গভর্ণমেণ্ট বিশ্বাস করিতেন যে, প্রমাণের অভাবই সর্বশ্রেষ্ঠ প্রমাণ। প্রমাণ যে নাই, ইহা থণ্ডন করা যায় না। গভর্ণনেন্টের অভিযোগ এই যে, অস্তরীণে আবদ্ধ ব্যক্তিরা অত্যন্ত উগ্র বিপ্লবী অথবা বৈপ্লবিক অপরাধপ্রবণ। সন্ধির অংশ স্বরূপ, গান্ধিজী এই মুক্তির দাবী করেন নাই। বাঙ্গলার আবহাওয়া স্বাভাবিক এবং রাজনৈতিক অসন্তোষ নিরাকরণের জন্ম তিনি উহা অত্যাবশ্রক বলিয়া উল্লেখ করিয়াছিলেন। কিন্তু গভর্ণমেণ্ট ইহাতে রাজী श्रेलन ना।

গান্ধিজীর বাাকুল অমুরোধ উপরোধেও গভর্ণমেন্ট ভগং সিংয়ের মৃত্যুদণ্ড মকুব করিতে রাজী হইলেন না। ইহার সহিত সন্ধির অবশুই কোন সম্বন্ধ ছিল না; কিন্তু এই বিষয়ে দেশব্যাপী যে মনোভাবের সৃষ্টি হইয়াছিল, তাহার

# अध्यक्तान जिस्क

জন্মই গান্ধিজী স্বতন্ত্রভাবে এই অনুরোধ উপস্থিত করিয়াছিলেন। কিছু তিনি নিরাশ হইলেন।

এই কালে একটি ঘটনায় ভারতীয় টেররিষ্ট দলের মনোভাব জানিবার আমার স্থবিধা হইয়াছিল। আমার কারামৃক্তির পরে, পিতার মৃত্যুর পূর্বে কিমা কয়েকদিন পর এই ঘটনা ঘটিয়াছিল। একজন অপরিচিত ব্যক্তি আমার সহিত দেখা করিবার জন্ম আমাদের বাড়ীতে আদিয়াছিলেন, শুনিলাম, তাহার নাম চক্রশেধর আজাদ। আমি তাঁহাকে পূর্বেক কখন দেখি নাই : শুনিয়াছিলাম, দশ বংসর পূর্বের, ১৯২১ সালে স্থল ত্যাগ করিয়া তিনি व्यमश्रां वात्मानत कात्रागमन कतिशाहितन। त्रथात जनमुख्ना उन করিবার অপরাধে এই পনর বংসরের বালককে বেত্রদণ্ড দেওয়া হয়। ইহার পর তিনি টেররিষ্ট দলে যোগদান করেন এবং উত্তর ভারতে ঐ দলের একজন প্রতিপত্তিশালী সদস্য হইয়া উঠেন। এই সকল কথা আমি গুনিয়াছিলাম, তবে এই শ্রেণীর গুজবে আমার বড় কৌতৃহল ছিল না। অতএব, তাঁহাকে দেখিয়া আমি আশ্চর্য্য হইলাম। আমাদের কারামুক্তির ফলে কংগ্রেদের সহিত গভর্ণমেন্টের আপোষের প্রত্যাশা সকলের সাঁনেই জাগিয়াছিল, এই কারণেই তিনি আমার সহিত দেখা করেন। তিনি জানিতে চাহিলেন, যদি আপোষ হয়, তাহা হইলে তাঁহার দলের লোকদের সেথানে কোন ঠাই হইবে কি-না ? তাহারা কি এমনইভাবে নির্বাসিত জীবন যাপন করিবে, প্রতাড়িত হইয়া এক স্থান হইতে অন্তত্ত ভ্রমণ করিবে, তাহাদের মন্তকের জন্য পুরস্কার ঘোষিত থাকিবে এবং সম্মুখে থাকিবে ফাঁসির সম্ভাবনা ? অথবা তাহাদিগকে শান্তিতে জীবনযাপনের স্বযোগ দেওয়া হইবে ? তিনি আমাকে বলিলেন, তিনি এবং তাঁহার অনেক সহকর্মী বুঝিতে পারিয়াছেন যে, কেবলমাত্র টেররিষ্ট কার্যাপদ্ধতি নিক্ষল, ইহার দারা কোন কল্যাণ হইবে না। অবশু, তিনি কেবলমাত্র শান্তিপূর্ণ উপায়ে ভারতবর্ষ স্বাধীনতা লাভ করিবে ইহা বিশ্বাদ করিতেও প্রস্তুত ছিলেন না। তাঁহার বিশ্বাস, ভবিষ্যতে ভাষণ সংঘর্ষ ঘটিতে পারে, তবে তাহা টেররিজম নহে। টেররিজম ঘারা ভারতবর্ণ স্বাধীন হইতে পারিবে না, একথাও তিনি দৃঢ়তার সহিত বলিলেন। কিন্তু তাঁহাকে শান্তিতে বসবাস করিতে না দিয়া যদি এই ভাবে তাড়াইয়া লওয়া চলিতে থাকে, তবে কি হইবে 

প তাহার মতে ইদানীং যে সকল টেররিষ্ট ঘটনা ঘটিয়াছে, তাহা নিছক আত্মরক্ষার জন্ম।

টেররিজমের উপর বিখাস ক্রমে অন্তর্হিত হইতেছে, আজাদের নিকট এই কথা শুনিয়া আমি আনন্দিত হইলাম, পরেও আমি ইহার প্রমাণ পাইয়াছি। দলের নীতি হিসাবে, টেররিজ্ম-এর কার্য্যতঃ কোন অন্তিত্ব নাই। ব্যক্তিগত বা আক্ষিক ঘটনার সম্ভবত: বিশেষ কারণ আছে। ইহা প্রতিশোধমূলক কার্যা অথবা ব্যক্তিগত বিক্নতির ফল; কোন সাধারণ বিশাসজ্ঞনিত কার্যা নহে। অবশ্য তাই বলিয়া পুরাতন টেররিষ্ট ও তাঁহাদের স্বিগণ অহিংসামন্ত্রে দীকা লইয়াছেন অথবা ব্রিটিশ শাসনের অন্ধরাগী হইয়া উঠিয়াছেন, এরূপ মনে করিবার কোন কারণ নাই। কিন্তু টেররিজম সম্বন্ধে তাঁহাদের পূর্ব্ব ধারণা আর নাই। আমার বোধ হয়, ইহাদের অনেকেই নিশ্চিতরূপে ফাসিন্ত মনোবৃত্তিসম্পন্ন।

আমার রাজনৈতিক কাথোর মতবাদ বৃশাইয়া দিয়া আমি চল্রশেণরকে স্থমতে আনমন করিবার চেষ্টা করিলান। কিন্তু তাঁহার মূল প্রশ্নের কোন উত্তর দিতে পারিলাম না, তিনি এখন কি করিবেন ? এমন কিছুই ঘটবার সম্ভাবনা নাই যাহাতে তিনি এবং তাঁহার মত ব্যক্তিরা শান্তি পাইতে পারেন। আমি কেবল তাঁহাকে অফুরোধ করিলাম যে, তিনি যেন তাঁহার দলের ব্যক্তিদিগকে ভবিশ্যতে হিংসামূলক কাণ্য হইতে বিরত রাখিবার চেষ্টা করেন, কেন না, তাহাতে তাঁহাদের দলেরও ক্ষতি, দেশের স্বার্থেরও ক্ষতি।

ত্ই-তিন সপ্তাহ পরে, যথন গান্ধী-আরুইন কথাবার্তা চলিতেছিল, তথন দিল্লীতে শুনিলাম যে, চন্দ্রশেথর আজাদ এলাহাবাদে পুলিশের গুলীতে নিহত হইয়াছেন। দিবাভাগে কোন উভানে তাঁহাকে দেখিতে পাইয়া পুলিশ বাহিনী চারিদিক ঘিরিয়া কেলে। তিনি একটি গাছের আড়ালে দাঁড়াইয়া আত্মরক্ষা করিতে থাকেন। উভয় পক্ষ হইতে গুলীব্ধণ চলিয়াছিল। নিহত হইবার পূর্বের তাঁহার গুলীতেও হই-একজন পুলিশ আহত হইয়াছিল।

সন্ধিপত্র গৃহীত হওয়ার পরই আমি দিল্লী ত্যাগ করিয়া লক্ষ্ণে যাত্রা করিলাম। আমর। অবিলম্বে আইন অমান্ত আন্দোলন বন্ধ করিবার ব্যবস্থা করিলাম; সমস্ত কংগ্রেস প্রতিষ্ঠান অপূর্ব্ব শৃঙ্খলার সাইত আমাদের নির্দেশ পালন করিল। আমাদের দলের অনেকেই অসস্তুই হইয়াছিলেন এবং অনেকে উগ্রপন্থী ছিলেন, তাঁহাদিগকে নিবৃত্ত করার মত কোন শক্তি আমাদের হাতে ছিল না। যদিও অনেকে সমালোচনা করিলেন, তথাপি বৃহৎ প্রতিষ্ঠানের প্রত্যেক ব্যক্তিই এই সন্ধি মানিয়া লইলেন। একজনও অবজ্ঞা করিয়াছেন, এমন সংবাদ আমি পাই নাই। আমাদের প্রদেশের কোন কোন অঞ্চলে তথন থাজনাবন্ধের আন্দোলন চলিতেছিল বলিয়া নৃতন ঘটনায় যে প্রতিক্রিয়ার উদ্ভব হইল, আমি তাহাই লক্ষ্য করিতে লাগিলাম। আমাদের প্রথম কাজ হইল, আইন অমান্ত আন্দোলনের প্রত্যেক বন্দীকে ছাড়য়া দেওয়ার ব্যবস্থা করা। দিনের পর দিন হাজার হাজার বন্দীকে মৃক্তি দেওয়া হইল। যাহাদের অপরাধ সম্পর্কে অনিশ্বয়তা আছে এরপ কয়েকজন মাত্র

#### জওহরলাল নেহর

জেলে রহিয়া গেল। অবশ্য সহত্র সহত্র অন্তরীণে আবদ্ধ এবং হিংসামূলক কার্যোর জন্ম দণ্ডিত ব্যক্তিরা মুক্তি পাইল না।

কারামুক্ত বন্দীরা যথন স্থ স্থানের উপস্থিত হইলেন তথন জনসাধারণ স্থতঃপ্রবৃত্ত হইয়া তাহাদিগকে সম্বৰ্দনা করিল। এই উপলক্ষে পুষ্পা, পল্লব, পতাকা দ্বারা গৃহসজ্জা, শোভাষাত্রা, সভা, বক্তৃতা ও মানপত্ত প্রদান ইত্যাদি হইত। ইহা স্বাভাবিক, কিন্তু পুলিশের লাঠি চালনা, বলপ্রয়োগে সভা ও শোভাষাত্রা ভাঙ্গিয়া দেওয়ার ব্যাপারের মধ্যে এই পরিবর্ত্তন অতি আক্ষিক, পুলিশ অস্বাক্তন্দ্য অহ্নত্ব করিতে লাগিল। এবং সম্ভবতঃ কারাপ্রত্যাগত ব্যক্তিদের মনেও একটু জ্বের অহন্ধার হইয়া—ছিল। অব্য ইহাতে জ্বম্গর্বের বিশেষ কোন কারণ ছিল না। তবে জ্বেল হইতে বাহির হইলে স্বভাবতঃই ফ্রির কারণ ঘটে, অব্য জ্বেল একেবারে উপবিষ্ট না হইলে এবং দলে দলে জ্বেল হইতে বাহির হুল আনন্দের ত কথাই নাই।

এই ঘটনা উল্লেখ করিবার কারণ এই যে, কয়েকমাস পরে 'এই জ্যোংসবে' গবর্ণর তীত্র আপত্তি প্রকাশ করিয়াছিলেন। এবং আমাদের বিরুদ্ধে ইহাও একটা অভিযোগরূপে উপস্থিত করা: হইয়াছিল। সর্বাদা প্রভূবের পরিমণ্ডলে বাস করিতে অভ্যন্ত গভর্ণমেন্ট সম্পর্কে সামরিক ধারণা পোষণকারী জনসাধারণের সহিত व्यथवा मन्भक्टीन भामकवरर्गत मृष्टित्व छारारमत धात्रभाखन मध्यामात কোনও দৌর্বল্য অত্যন্ত বেদনানায়ক। এবিষয়ে चा क्या इरेनाम (य, निमनात जुन मुक्त रहेर्क नम्जन स्कृत পর্যান্ত সর্বত্র সরকারী কর্মচারীরা জনসাধারণের এই ওদ্ধতা দেখিয়া ক্রোধে কম্পান্থিত হইতেছিলেন। যে সকল সংবাদপত্রে তাঁহাদের মত প্রতিধানিত হয়, তাঁহারা দেকথা ভূলিতে পারেন নাই। এবং দাড়ে তিন বংদর পরে এখনও তাঁহারা সেই ত্রংসাহসিক তুদ্দিনের কথা চিন্তা করিয়া শিহরিয়া উঠেন। তাঁহাদের মতে কংগ্রেসপন্থীরা যেন বুহুং জয়লাভ করিয়াছে এমনই ভাব দেখিয়া অহঙ্কত হইয়া উঠিয়াছিল। গভণমেণ্ট এবং তাঁহাদের সংবাদপত্রস্ক वक्रुगल्वत এই উद्या प्रिया आमारनत मृष्टि थूनिया रान। মানসিক অবস্থা এবং তাঁহারা কতথানি দমনও সম্ভ করিয়াছিলেন, তাহা আমরা দেখিতে পাইলাম। আমাদের দৈশুদামস্থদের কয়েকটি বক্ততা ও গোটাকয়েক শোভাষাত্রাই তাঁহাদের ধৈষ্যচ্যতি ঘটাইয়া स्मिनियाहिन, रेश এक आकर्षा पृथा।

कांधाजः, नाधात्र कराधानकचौरानत माधा ज नारहरे, नाजारानत माधा छ

# করাচী কংগ্রেস

বৃটিশ গভর্ণমেণ্টকে 'হারাইয়া দিয়াছি' এমন কোন মনোভাব ছিল না। কিন্তু আমাদের নিজেদের লোকের দাহদ ও আত্মোৎদর্গ দেখিয়া আমরা গর্কিত হইয়াছিলাম। ১৯৩০ সালে ,দশ যাহা করিয়াছে, তাহাতে আমরা গর্ব বোধ করিয়াছি, আমাদের আত্মপ্রত্যয় আত্মর্য্যাদা বাড়িয়াছে, এমন কি, আমাদের কনিষ্ঠতম স্বেচ্ছাদেবক পর্য্যস্ত এই গর্কে সোজা হইয়া মাথা উচু করিয়া চলিত। আমরা আরও ব্রিয়াছিলাম যে, এই বৃহৎ সংঘর্ষ সমগ্র জগতের দৃষ্টি আকর্ষণ করিয়াছে, ব্রিটিশ গভর্ণফেন্টের উপর অত্যধিক চাপ **দিয়াছে** এবং আমাদিগকে লক্ষ্যের নিকটবর্ত্তী করিয়াছে। কিন্তু ইহার সহিত গভণমেণ্টকে পরাজিত করিবার কথার কোন সংশ্রব ছিল না, বরং দিল্লী দদ্ধি করিয়া গভর্ণমেণ্ট যে স্থবিবেচনা প্রদর্শন করিয়াছিলেন, সে দছদ্ধে আমরা অনেকেই সম্যক্রপে সচেতন ছিলাম। चामारमंत्र भरधा याशाता विनर्णन रय, चामारमंत्र नका अथन वहमृत्त এবং সমুথে অধিকতর কঠোর সংঘর্ষ অপেক্ষা করিতেছে, তাহাদিগকৈ গভর্ণমেন্টের বন্ধুরা সংগ্রামলোলুপ এবং দিল্লীচুক্তিবিরোধী বলিয়া অভিযুক্ত করিতেন।

युक প্রদেশে আমাদিগকে কৃষক সমস্থার সমুখীন হইতে হইল। যতদ্র সম্ভব, ব্রিটিশ গভর্ণমেন্টের সহিত সহযোগিতা করিবার জন্ম আমরা অবিলয়ে যুক্ত প্রাদেশিক গভর্ণমেণ্টের সংখ্রবে আসিলাম। দীর্ঘকাল পরে—ছয় বৎসর সরকারী মহলে আমাদের কোন আনাগোনা ছিল না-ক্রমক সমস্যা লইয়া আমি কয়েকজন উচ্চকর্মচারীর সহিত দেখা করিলাম। আমাদের মধ্যে দীর্ঘ পত্রবিনিময়ও চলিতে লাগিল। প্রাদেশিক রাষ্ট্রীয় সমিতি গভর্ণমেন্টের সহিত কথাবার্তা চালাইবার মৃথপাত্র हिमार्य গোবিন্দবল্লভ পছকে নিযুক্ত করিলেন। পল্লী-অঞ্চলের হু:খ, ক্ষুষিপণ্যের মূল্য হ্রাস এবং চাহিদা অফুরূপ থাজনা দিবার সাধারণ কৃষকদের অক্ষমতা তাঁহারা স্বীকার করিলেন, প্রশ্ন হইল কি পরিমাণ খাজনা মাপ দেওয়া ঘাইতে পারে, এবং তাহার মীমাংসা সম্পূর্ণরূপে প্রাদেশিক গভর্ণমেন্টের উপরেই নির্ভর করে। সাধারণতঃ গভর্ণমেন্ট জমিদারের সহিতই বুঝাপড়া করিয়া থাকেন, প্রত্যক্ষভাবে প্রজাদের সহিত কিছু করেন না। অতএব থাজনা কমাইবার অথবা মাপ দিবার ভার প্রধানতঃ জমিদারের। যতদিন গভর্ণমেণ্ট তাঁহাদের দেয় রাজস্বের অংশবিশেষ মাপ না করিতেছেন ততদিন তাঁহারা ঐরপ করিতে রাজী হইলেন না। যাহাই ঘটুক, তাঁহারা স্বভাবত:ই রায়তদের খাজনা

#### ष अश्रमान त्नर्क

মাপ দিতে ইচ্ছুক ছিলেন না। কাজেই সমস্থার মীমাংসার ভার গভর্ণমেন্টের উপর নির্ভর করিতে লাগিল।

প্রাদেশিক রাষ্ট্রীয় সমিতি কৃষকদিগকে জানাইয়া দিলেন যে, থাজনাবজ্ব আন্দোলন প্রত্যাহার করা হইরাছে, এখন তাহারা সাধ্যমত থাজনাদিতে পারে। কিন্তু তাহারা কৃষকদের প্রতিনিধিরণে মোটারকম থাজনামকুবের দাবী করিলেন। দীর্ঘকাল গভর্ণমেণ্ট কিছুই করিলেন না, সম্ভবতঃ ছুটি অথবা বিশেষ কর্ত্তব্যের জন্ম গভর্ণর স্যার ম্যালকম হেলীর অন্থপস্থিতির জন্ম তাহারা বাধা অন্থভব করিতেছিলেন। ক্রত ও বহুদ্রপ্রসারী ব্যবস্থার তথন আবশ্যক ছিল। কিন্তু অন্থায়ী গভর্ণর ও তাঁহার সহযোগীরা ইতস্ততঃ করিয়া কিছুই করিলেন না এবং গ্রীম্মকালে স্যার ম্যালকম হেলীর প্রত্যাগমনের জন্ম অপেক্ষাকরিতে লাগিলেন। এই অনিশ্বিত অবস্থা ও বিলম্বের ফলে অবস্থা অধিকতর শোচনীয় হইল এবং প্রজাদের ছুদ্দশা বাড়িয়া গেল।

দিল্লী দদ্ধির অব্যবহিত পরেই আমার স্বাস্থ্য একটু ভাঙ্গিয়া পড়িল। জেলেই আমার শরীর থারাপ হইয়াছিল, ভারপর পিতার মৃত্যু এবং দিল্লীতে দীর্ঘকাল আলোচনার ক্লান্তি আমার দেহ সহ্থ করিতে পারিল না। তবু কোন প্রকারে একটু ভাল হইয়া করাচী কংগ্রেসের কাজ চালাইয়া লইলাম।

উত্তর-পশ্চিম ভারতের করাচী বন্দর অতাত তুর্গম স্থান; বিস্তৃত্ত মক্রুনি দ্বারা ইহা অবশিষ্ট ভারত হইতে প্রায় বিচ্ছিন্ন। তথাপি বছ দ্ববর্ত্তী স্থান হইতে অনেক লোক এগানে সমবেত হইয়াছিলেন এবং দেশের তৎকালীন মনোভাব করাচীতে সম্পষ্টরূপে অভিব্যক্ত হইয়াছিল। জাতীয় আন্দোলনের ক্রমবন্ধিত শক্তি দেখিয়া সকলেই সক্তই; কংগ্রেস স্পৃত্ধলার সহিত অসামাত্ত ত্যাগা স্বীকার করিয়াছে; ফ্থানিয়মে নির্দেশমত কার্য্য করিয়াছে, ইহাতে জনসাধারণের শক্তি ও সামর্থ্যের উপর সকলেরই বিখাস দৃঢ় হইয়াছে। সর্ব্যাহ কংগ্রেসের জন্ত গর্ব্ধ ও সংবত উৎসাহ লক্ষিত হইল। সম্মুথে বৃহৎ সমস্তা ও বিশ্বগুলির জন্ত গভীর দায়িম্বোধেরও অভাব ছিল না। আমাদের বক্তব্য ও প্রস্তাব লগুভাবে ব্যক্ত করা বা গ্রহণ করা সম্ভব নহে, কেন না, উহার প্রভাব ও প্রতিক্রিয়া সমস্ত জাতীয় কর্মপ্রণালী নিয়ন্ত্রিত করিবে। দিল্লী সন্ধি যদিও অধিকাংশ ব্যক্তি গ্রহণ করিয়াছিলেন, তথাপি জনমত উহার অন্তুক্ত ছিল না, এ জন্ত আমাদের কিছু অস্ববিধায় পড়িতে হইতে পারে বলিয়া আশক্ষ। ছিল। ইহার ফলে

# क्बांडी क्रद्धांज

দেশের মুখ্য সমস্থাগুলি একটু ঘোলাইয়া গিয়াছিল। তাহার উপর কংগ্রেসের প্রাক্তালে ভগং সিংহের ফাঁসি লইয়া এ নৃতন অসম্ভোষ দেখা গেল। এই অসম্ভোষের প্রাবল্য উত্তর ভারতেই লক্ষ্য করা গেল, এবং ক্রাচীতে (নিক্টবর্ত্তী বলিয়া) পঞ্জাব হইতে বহুসংখ্যক লোক উপস্থিত হইয়াছিলেন।

অন্তান্ত কংগ্রেস অপেক্ষাও করাচীতে গান্ধিজী ব্যক্তিগত ভাবে অধিকতর জয়লাভ করিলেন। সভাপতি ছিলেন শক্তিমান ও জনপ্রিয় গুজরাটের যশ্বী জননায়ক, সরদার বল্লভ ভাই প্যাটেল; কিন্তু এই রক্মকে মহায়াই প্রধান নায়ক। আবছল গফুর গাঁর নেতৃত্বে সীমান্ত প্রদেশ হইতে শক্তিশালী 'লালকুর্ত্তাদল' কংগ্রেসে যোগদান করিয়াছিলেন। লালকুর্ত্তাদল কংগ্রেসে সকলের প্রশংসা ও জয়৸নি লাভ করিলেন। ১৯৩০- এর এপ্রিল হইতে তাঁহারা ক্রোধের বহু কারণ সত্ত্বেও শান্তিপূর্ণ সাহসের সহিত কর্ত্তবাপালন করিয়া সারা ভারতের শ্রদ্ধা অর্জন করিয়াছিলেন। রেড্ শার্টি বা লালকুর্ত্তা নাম দেখিয়া অনেকে প্রান্তভাবে মনে করেন যে, ইহারা কম্নিট অথবা বামপন্থী শ্রমিকদল। তাহাদের আসল নাম হইল খুদাই বিদ্মদগার এবং ইহা কংগ্রেসের সহিত যুক্তভাবে কাজ করিত। (পরে ১৯৩১ হইতে ইহা কংগ্রেসের অন্তর্ভুক্ত হইয়াছিল।) তাহাদের প্রাচীনকালের পোষাক রক্তবর্ণ ছিল বলিয়া তাহাদের 'লালকুর্ত্তা' বলা হইত। তাহাদিগের কার্য্যতালিকায় জাতীয় ও সমাজ-সংস্কারের প্রস্তাব ছিল, কিন্তু কোন অর্থনৈতিক কার্য্যপদ্ধতি ছিল না।

করাচীতে মৃথ্য প্রস্তাব ছিল দিল্লী দক্ষি ও গোলটেবিল বৈঠক লইয়। কার্য্যকরী সমিতির রচিত ও নির্দ্ধারিত প্রস্তাবে আমি সায় দিলাম। কিন্তু গান্ধিজী যথন আমাকেই উহা প্রকাশ্য অধিবেশনে উপস্থিত করিতে বলিলেন, তথন আমি ইতন্ততঃ করিতে লাগিলাম। প্রস্তাবটি আমার মনমত নহে বলিয়া আমি প্রথমে অস্বীকার করিলাম, কিন্তু পরক্ষণেই মনে হইল, ইহা ত্র্ব্বলতা ও অব্যবস্থিতচিত্ততার পরিচায়ক; হয় আমাকে ইহা সমর্থন করিতে হইবে, নয় বিক্ষতা করিতে হইবে, দোটানায় পড়িয়া লোককে কল্পনা ও অনুমান করিবার স্থযোগ দেওয়া উচিত নহে। শেষ মৃহুর্ত্তে, কংগ্রেসে প্রস্তাব উপস্থিত করিবার কয়েক মিনিট পূর্ব্বে আমি রাজী হইলাম। সেই বৃহৎ জনমগুলীর সম্মুথে আমি সরলভাবে আমার মনোভাব ব্যক্ত করিলাম, যে কারণে এই প্রস্তাব আমি স্ব্বান্তঃকরণে গ্রহণ করিয়া তাহাদিগকে সমর্থন করিতে অনুরোধ করিতেছি, তাহাও বিললাম। মৃহুর্ত্তের উত্তেজনাপ্রস্ত আমার সেই বক্তৃতায়, কোন আল-

# ज्युहत्रमान त्नर्क

দারিক শব্দাতৃর্য ছিল না, ভাবিয়া চিস্তিয়াও কিছু বলি নাই। আমারু স্বাদয় হইতে স্বতঃউৎসারিত এই বক্তার ফল আমার পূর্ব হইতে প্রস্তুত করা বক্তৃতা অপেকা ভাল হইয়াছিল।

জারও কয়েকটি প্রস্তাবে আমি বকৃতা করিয়াছিলাম, তাহার মধ্যে ভগৎ সিংহ এবং মৌলিক অধিকার ও অর্থ নৈতিক কার্যাপদ্ধতি সম্পর্কিত প্রস্তাব, এই তৃইটি উল্লেখযোগ্য। শেয়োক্ত প্রস্তাবে আমি অধিকতর উৎসাহ প্রদর্শন করিয়াছিলাম, কেন না, ইহার বিষয়গুলিতে আমার সম্মতি ছিল, দ্বিতীয়তঃ ইহাতে কংগ্রেস এক অভিনব নীতি ও উদ্দেশ্য স্বীকার করিল। এতদিন কংগ্রেস গাঁটি জাতীয়তাবাদের আদর্শেই চলিয়াছে, ক্টীরশির ও স্বদেশীর উৎসাহ প্রদান ছাড়া অক্যান্য অর্থনৈতিক সমস্তাগুলিকে পরিহার করিয়াই চলিয়াছে। করাচী প্রস্তাবে কংগ্রেস সমাজতান্ত্রিক পথে প্রথম পদার্পন করিয়া একটু অগ্রসর হইল—প্রধান প্রধান ব্যবসায় ও লোকহিতকর ব্যবসায়গুলি জাতীয় সম্পত্তিতে পরিণত করা, ধনীদের ট্যাক্স বৃদ্ধি করিয়া গরীবদের ট্যাক্সের বোঝা লাঘ্য ইত্যাদি। জ্বশ্র ইহা মোটেই সোস্তালিজম নহে, যে কোন ধনতান্ত্রিক রাষ্ট্রও এই সকল ব্যবস্থা সহজেই গ্রহণ করিতে পারে।

এই মোলায়েম ও নিরস প্রস্তাবটিতে ভারত গভর্ণমেন্টের ধুরন্ধরগণের তৃশ্চিস্তা বাড়িয়া গেল। সম্ভবতঃ তাঁহারা তাঁহাদের স্বভাবসিদ্ধ দূরদৃষ্টির আদিয়া কংগ্রেদ নেতাদের বিগড়াইয়া দিতেছে। এক প্রকার রাজনৈতিক অন্ত:পুরবাসী, বহির্জাগং হইতে বিচ্ছিন্ন গোপনতার আবহাওয়ায় অভ্যন্ত শাসকগণের কৌতৃহলী মন সর্বাদাই রহস্থাময় কল্লিভ কাহিনী নির্বিচারে গ্রহণ করিয়া থাকে। তারপর এই কাহিনীগুলি এক রহস্তময় উপায়ে আরে আরে অমুগৃহীত সংবাদপত্রগুলিতে প্রকাশিত হইতে লাগিল। ভাহাতে এমন ইঙ্গিতও করা হইল যে, যবনিকা উদ্ভোলিত হইলে আরও অনেক কিছু ঘটনা প্রকাশিত হইতে পারে। এইভাবে মূল নীতি সম্পর্কিত করাচী প্রস্তাবকে অভ্যস্ত উপায়ে ঐ সকল কাহিনীর সহিত জড়িত করিতে দেখিয়া আমি সিদ্ধান্ত করিলাম যে, উহা সরকার পক্ষেরই মত। গল্প রটিয়াছিল যে, একজন রহস্তময় ব্যক্তি (ক্মানিষ্ট मरमद्र ) औ প্রস্তাব বা উহার অধিকাংশ ভাগ রচনা করিয়া করাচীতে আমার হাতে গুঁজিয়া দিয়াছিলেন। তাহার পর আমি মি: গান্ধীকে नाफ वनिया मिनाम त्य, इय देश গ্रহণ कक्रन, नहिल आमि मिल्ली চুক্তির বিরোধিতা করিব, এবং মি: গান্ধী আমাকে হাতে রথিবার

# করাচী কংগ্রেস

জন্ম উহা গ্রহণ করিলেন ও কংগ্রেসের শেষ দিন পরিশ্রাস্ত বিষয়-নির্ব্বাচন-সমিতিকে উহা গ্রহণ করিতে বাধ্য করিলেন।

সেই 'রহস্থময় ব্যক্তির' নাম যদিও ধোলাখুলি উল্লেখ করা হল নাই, কিন্তু বছ প্রকার ইদ্বিতের ন্ধ্য দিয়া কাহাকে লক্ষ করা হইতেছে তাহা আমি স্পষ্টই ব্ঝিতে পারিলাম। আমি স্বয়ং রহস্তপূর্ণভাবে বা ঘুরাইয়া ফিরাইয়া কথা বলিতে অভ্যন্ত নহি। অতএক আমি সোজাম্বজ্ব বলিতেছি যে, এম, এন, রায়কেই লক্ষ্য করা হইয়ছিল। কিন্তু ঐ নিরীহ করাচী প্রস্থাব সম্পর্কে এম, এন, রায় অথবা অন্ত কোন 'কম্যনিষ্ট মনোভাবাপয়' ব্যক্তির ধারণা কি তাহা জানিলে দিল্লী সিমলার বড়কর্ত্তাদের কিছু চোথ খুলিত। তাঁহারা শুনিয়া আশ্র্যাহ্ হইতেন যে, ঐ শ্রেণীর লোক প্রস্তাবটির প্রতি ঘুণাই প্রকাশ করিয়াছেন এবং তাঁহার মতে উহা বুর্জ্জোয়া সংস্কারপন্থী মনোবৃত্তির বিশেষ নিদর্শন।

মিঃ গান্ধী সম্বন্ধে এই কথা বলা যায় যে, আমি গত সতর বৎসর ধরিয়া তাঁহার সহিত ঘনিষ্ঠ পরিচয়ের সৌভাগ্য লাভ করিয়াছি। আমার পক্ষে তাঁহার উপর জাের জবরদন্তি করা এবং তাঁহার সহিত দর ক্যাক্ষি করার কথা কল্পনাতীত। আমরা পরস্পরের মত মানিয়া লইতে পারি, অথবা কোন বিশেষ ব্যাপারে ভিন্ন মতও অবলম্বন করিতে পারি, কিন্তু আমাদের পারস্পরিক আদান-প্রদানের মধ্যে কেনাবেচার মনাভাব আসিতে পারেনা।

এই শ্রেণীর প্রস্তাব কংগ্রেদে উপস্থিত করিবার কল্পনা অনেক দিন হইতেই ছিল। যুক্ত প্রদেশের কংগ্রেদ কমিটি কয়েক বংদর ধরিয়া এই বিষয়ে আন্দোলন করিতেছিলেন এবং একটি সমাজতান্ত্রিক প্রস্তাব নিঃ ভাঃ রাষ্ট্রীয় সমিতিকে গ্রহণ করাইবার জাল্য চেষ্টা করিতেছিলেন। ১৯২৯ সালে উহার মৃল নীতি নিঃ ভাঃ রাষ্ট্রীয় সমিতিকে কতকটা গ্রহণ করাইতে পারা গিয়াছিল। তাহার পর আইন অমান্ত আন্দোলন আসিল। ১৯৩১-এর ফেব্রুয়ারী ও মার্চ্চ মাদে দিল্লীতে গান্ধিজীর সহিত আমার প্রাতর্ত্রমণ কালীন আলাপ আলোচনায় আমি ঐ বিষয় তাঁহাকে জানাই এবং তিনিও অর্থনৈতিক ব্যাপার সম্পর্কিত একটি প্রস্তাব গ্রহণের অরুক্লে মত দেন। তিনি আমাকে ঐ প্রস্তাব করাচীতে উপস্থিত করিতে এবং উহা রচনা করিয়া তাঁহাকে দেখাইতে বলিলেন। আমি করাচীতে তাঁহাকে প্রস্তাবটি দেখাইলে তিনি উহার অনেক অদলবদল করিলেন। তিনি বলিলেন যে, কার্য্যকরী সমিতিতে প্রস্তাবটি উপস্থিত করিবার পূর্ব্বে আমাদের উভয়ের এক মত হওয়া উচিত। আমাকে কয়েকটি খসড়া প্রস্তাব রচনা করিতে হইল এবং আমরা অন্তান্ত কাজে ব্যস্ত

#### অওহরলাল নেহর

ছিলাম বলিয়া কয়েকদিন দেরী হইয়া গেল। অবশেষে গান্ধিনী ও আমি একমত হইয়া প্রস্তাবটি কার্য্যকরী সমিতির সম্মুথে এবং পরে বিষয়-নির্বাচনী সমিতিতে উপস্থিত করিলাম। ঐ সমিতির সম্মুথে ইহা এক অভিনব প্রস্তাব্য এবং অনেক সদস্থ যে বিশ্বিত ইইয়াছিলেন তাহা সত্য। যাহা হউক, ইহা সহজেই সমিতিতে ও কংগ্রেসে গৃহীত হইল এবং ইহার ব্যাখ্যা ও প্রয়োগবিধি সম্বন্ধে ব্যবস্থা করিবার জন্য নিঃ ভাঃ রাষ্ট্রীয় সমিতির উপর ভার দেওয়া হইল।

শথন আমি এই প্রস্তাবটি রচনা করিতেছিলাম তথন নানাশ্রেণীর লোক আমার তাঁবুতে আসিতেন। অনেকের সহিত আমি এ বিষয়ে পরামর্শ করিয়াছি। কিন্তু এম, এন, রায়ের সহিত ইহার কোন সংশ্রবই ছিল না। আমি ভাল করিয়াই জানি যে, তিনি এই প্রস্তাব দেখিলে হাসিতেন এবং ইহা অফুমোদন করিতেন না।

আমি করাচী যাত্রা করিবার কয়েকদিন পূর্ব্বে এম, এন, রায়ের সহিত এলাহাবাদে আমার সাক্ষাৎ হইয়াছিল। একদিন সন্ধায় তিনি অকস্মাৎ আমাদের বাড়ীতে উপস্থিত হইলেন। তিনি যে ভারতে আসিয়াছেন সে সম্বন্ধে আমার কোন ধারণা ছিল না। আমি তাঁহাকে দেখিবামাত্রই চিনিলাম। কেন না ১৯২৭ সালে মস্কোতে তাঁহার সহিত আমার দেখা হইয়াছিল। করাচীতেও তিনি আমার সহিত দেখা করেন, কিন্তু মিনিটের অধিক কাল তাঁহার সহিত আলাপ হয় নাই। অতীতে কয়েক বংসর ধরিয়া রায় আমার কার্যাপ্রণালীর নিন্দা করিয়া অনেক কিছুই লিখিয়াছিলেন এবং তাঁহার নিন্দায় আমি অনেক সময় আঘাত ও পাইয়াছি। তাঁহার ও আমার মধ্যে প্রচুর পার্থক্য দত্ত্বেও আমি তাঁহার প্রতি আকর্ষণ অন্তব করিয়া থাকি এবং পরে যথন তিনি গ্রেফ্তার হইয়া বিপদাপন্ন হইলেন তথন আমি তাঁহাকে যথাদাধ্য দাহায় ( অত্যন্ত অল্প ) করিতে চেষ্টা করিয়াছিলাম। তাঁহার তীক্ষ বৃদ্ধির ঔজ্জ্বল্য আমাকে আকর্ষণ করিয়াছিল। তাঁহার সর্বজন-পরিতাক্ত নিঃসঙ্গ একাকীত্বও আমাকে আকর্ষণ করিয়াছিল। বুটিশ গভর্ণমেণ্টের দীর্ঘ হস্ত তাঁহার দিকে প্রদারিত, জাতীয়তাবাদী ভারত তাঁহার প্রতি উদাসীন এবং বাঁহার। নিজেদের ক্মানিষ্ট বলিয়া পরিচয় দেন তাঁহাদের নিকট তিনি আদর্শের প্রতি বিশ্বাস্ঘাতকতার জন্ম নিন্দিত। আমি জানিতাম, তিনি দীর্ঘকাল ফশিয়ায় ছিলেন এবং কোমিণ্টাঙের সহিত ঘনিষ্ঠভাবে সংশ্লিষ্ট ছিলেন। পরে তিনি তাহাদের ছাড়িয়াছেন, অথবা সম্ভবতঃ তাহারাই তাঁহাকে ছাড়িয়াছে। কেন ইহা ঘটিল, আমি জানি না। তাঁহার বর্ত্তমান মত কি, গোঁড়া ক্ম্যানিষ্টদের সহিত তাঁহার মতভেদ কোথায়, সে বিষয়ে অস্পষ্ট ধারণা ছাড়া আমার ভাল জানা নাই।

# করাচী কংগ্রেস

কিন্তু দর্মজন-পরিত্যক্ত এই মামুষ্টির জন্ম আমি ব্যথিত হইয়াছিলাম। এবং আমার সাধারণ অভ্যাসের বিরুদ্ধেও আমি তাঁহার মামলা-পরিচালন কমিটিতে যোগ দিয়াছিলাম। সেই ১৯৩১ সালের গ্রীষ্মকালের পর হইতে তিন বংসর তিনি জেলে আছেন, অস্ত্রু দেহ লইয়া তাঁহাকে প্রকৃতপক্ষে নির্জনে দিন কাটাইতে হইতেছে।

করাচীতে কংগ্রেসের সর্বশেষ পাজ নৃতন কার্য্যকরী সমিতি নির্বাচন। নি: ভা: রাষ্ট্রীয় সমিতি কর্ত্তক ইহা নির্ব্বাচিত হয়। কিন্তু নি: ভা: রাষ্ট্রীয় সমিতি, সেই বংসরের নির্কাচিত সভাপতির মত-ই (গান্ধিজী ও অ্যান্ত সহক্ষীদের সহিত পরামর্শক্রমে) অমুমোদন করেন, ইহা প্রথায় পরিণ্ড হইয়াছিল। কিন্তু করাচীতে কার্যাকরী সমিতির নির্বাচন লইয়া এমন অবাঞ্চিত ব্যাপার ঘটিল, যাহ। পূর্ব্বে কেহ ধারণা করিতে পারেন নাই। কয়েকজন মৃদলমান দদশু এই নির্বাচনে, বিশেষভাবে একজনের (মৃদলমান) মনোনীত করা হয় নাই বলিয়া সম্ভবতঃ তাঁহার। অসম্ভষ্ট হইয়াছিলেন। মাত্র পনর জন সদস্য লইয়া যে নিখিল ভারতীয় কমিটি গঠিত, সেখানে সকল শ্রেণীর স্বার্থকে প্রতিনিধিক দেওয়া অসম্ভব। বর্ত্তমান আপত্তি ব্যক্তিগত ও পঞ্চাবের ঘরোয়া ব্যাপার মাত্র, যাহার সম্বন্ধে আমরা কিছু জানিতাম না। ইহার ফলে পঞ্জাবের প্রতিবাদকারীর। কংগ্রেস হইতে দূরে সরিয়া 'অর্হর দল' অথবা 'মজ্লিন-ই-মর্হরের' দহিত যোগদান করিলেন। পঞ্চাবের কয়েকজন কম্মী ও জনপ্রিয় মুসলমান কংগ্রেসপন্থী উহাতে যোগ দিলেন এবং অনেক পাঞ্জাবী মুদলমান উহার দদশু হইলেন। ইহা বিশেষভাবে নিম্ন মধ্যশ্রেণীর প্রতিষ্ঠান এবং নানাদিক দিয়া ইহার মুসলমান জনসাধারণের সহিত যোগ ছিল। এইরপে ইহা শক্তিশালী হইয়া উঠিল। মূলহীন অন্তিত্বহীন বৈঠকগানায় সীমাবদ্ধ উচ্চশ্রেণীর মুসলমানদের জরাজীর্ণ সাম্প্রদায়িক সভাগুলি অপেক: এই নবীন দল অধিকতর প্রতিষ্ঠালাভ করিল। অর্হর দলও অনিবার্যারপেই সাম্প্রদায়িকতার দিকে ঝুঁকিয়া পড়িল, কিন্তু মুসলমান জনসাধারণের দহিত ইহার যোগ থাকায় এক প্রকার অস্পষ্ট অর্গনৈতিক দৃষ্টিভঙ্গীও ইহাতে ছিল। এই দল দেশীয় রাজ্যে, বিশেষভাবে কাশ্মীর মৃদলমান আন্দোলনে বড় অংশ গ্রহণ করিয়াছিল; তবে ইহা বিশায় ও হুংথের কথা যে, অর্থ নৈতিক তুর্গতির সহিত সাম্প্রদায়িক ভেদনীতিও একত্রে মিশ্রিত করা হুইয়াছিল। অর্হর দলের কতিপয় নেতা কংগ্রেস ত্যাগ করায় পঞ্চাবে কংগ্রেস ক্ষতিগ্রস্ত হইয়াছিল, সন্দেহ নাই। কিন্তু করাচীতে আমরা ইহা অন্তুমান করিতে পারি নাই, কয়েকমাদ পরে ইহা বুঝিতে পারিয়াছিলাম। করাচীতে,

#### অওহরলাল নেহর

কার্য্যকরী সমিতির নির্বাচন লইয়া অসস্তোবই তাঁহাদের কংগ্রেস ত্যাদের কারণ নহে। উহাতে কেবল বুঝা গিয়াছিল যে, হাওয়া কোন্ দিকে বহিতেছে; প্রকৃত কারণ আরও গভীর!

আমরা করাচীতে থাকিতেই কাণপুর হইতে হিন্দু-মুসলমান দাকার সংবাদ আসল। তার পরেই সংবাদ পাওয়া গেল যে, গণেশশন্বর বিছার্থী যাহাদিগকে সাহায্য করিতে গিয়াছিলেন, সেই উন্মন্ত জনতা তাঁহাকে হত্যা করিয়াছে। এই শ্রেণীর দাকায় পাশবিক বর্বরতা প্রায়শঃই দেখা যায়, কিন্তু গণেশজীর মৃত্যুতে আমরা উহার ভীষণতা বিশেষভাবে উপলব্ধি করিলাম। তিনি এই কংগ্রেস শিবিরের সহস্র সহস্র বাক্তির পরিচিত ছিলেন এবং যুক্ত প্রদেশে তিনি আমাদের সকলেরই প্রিয় সহকর্মী ও বন্ধু ছিলেন। সাহসী ও উৎসাহী, দ্রদর্শী ও স্থবিজ্ঞ, নৈরাশ্রহীন, সদাকর্মারত, যশে নির্লোভ বিছার্থী সকলেরই প্রিয় ছিলেন। যৌবনের উৎসাহে তিনি আদর্শের সেবা করিতে গিয়া জীবন উৎসর্গ করিলেন, নির্বোধ হস্ত তাঁহাকে আঘাত করিয়া কাণপুর ও যুক্ত প্রদেশকে তাহাদের উজ্জ্বল মণিথণ্ড হইতে বঞ্চিত করিল। করাচীতে সংবাদ আসিবার পর যুক্ত প্রদেশের শিবিরে বিষাদের ছায়া ঘনাইয়া উঠিল। যেন গৌরবরবি অন্তমিত হইল। যিনি অকম্পিতভাবে মৃত্যুর সন্মুখীন ইইয়াছেন এবং সগৌরবে মৃত্যু বরণ করিয়াছেন, শোকের মধ্যেও তাঁহার জন্য গর্বের কারণ ছিল।

৩৬

# দক্ষিণ ভারতে বিশ্রাম

আমার চিকিৎসকগণ বিশ্রাম ও বায়ুপরিবর্তনের উপদেশ দিলেন। আমি এক মাসের জন্ত সিংহলে যাওয়া মনস্থ করিলাম: ভারতবর্ষ বিশাল দেশ কিন্তু ইহার কোন স্থানেই আমার মানসিক শাস্তির অবকাশ নাই। কেন না, যেখানেই আমি যাইব, রাজনৈতিক সহযোগীদের সহিত সাক্ষাৎ হইবে এবং একই সমস্তা সর্বাদা আমার পশ্চাতে লাগিয়া থাকিবে। সিংহল দ্বীপই ভারতের সর্বাপেক্ষা নিকটবর্তী স্থান, সেইজন্ত কমলা ও ইন্দিরাকে লইয়া আমি সিংহল যাত্রা করিলাম। ১৯২৭ সালে ইউরোপ হইতে ফিরিবার পর এই আমার প্রথম বিশ্রাম এবং জীবনে এই প্রথম স্থী ও কন্তার সহিত সমস্ত

# দক্ষিণ ভারতে বিশ্রাম

কার্য্য হইতে অবসর গ্রহণ করিয়া শান্তিতে বিশ্রাম করিবার সময় পাইলাম। জীবনে আর পুনরায় ইহা ঘটে নাই, ঘটিবে কি-না তাহাও জানি না।

নিউয়ারা ইলিয়ায় তুই সপ্তাহ ব্যতীত সিংহলেও আমরা বিশেষ বিশ্রাম করিতে পারি নাই। এখানেপ সকল শ্রেণীর লোকের আতিথেয়তা ও প্রীতিপূর্ণ ব্যবহারে আমরা অভিভূত হইলাম। এই সকল শুভেচ্ছা আনন্দর্লায়ক হইলেও সময় সময় বড় অস্থ্রিধায় পড়িতে হয়। নিউয়ারা ইলিয়ায় মজ্রেরা, চা-বাগানের শ্রমিকেরা এবং অস্থান্য অনেকে কয়েক মাইল দ্র হইতে প্রতাহ দল বাঁধিয়া আসিত এবং বয় ফুল, শাকসক্তী এবং গৃহে প্রস্তুত মাখন ইত্যাদি মনোহর উপহার দিয়া যাইত। আমরা পরস্পরের সহিত কথা কহিতে পারিতাম না, কেবল ম্থের দিকে চাহিয়া হাসিতাম। আমাদের ক্ষ্ম গৃহ এই সকল মূল্যবান উপহারে ভরিয়া উঠিতে লাগিল। তাহারা দরিদ্র, তব্ও এইগুলি সংগ্রহ করিত। আমরা ঐগুলি স্থানীয় হাসপাতালেও অনাধালয়ে পাঠাইয়া দিতাম।

আমরা অনেক ঐতিহাসিক ধ্বংসাবশেষ, বৌদ্ধ বিহার এবং মনোহর অরণারাজি দর্শন করিলাম, অফুরাধাপুরে বৃদ্ধদেবের এক প্রাচীন উপবিষ্ট মৃত্তি দেখিয়া আমি মৃত্ত্ব হুলাম। এক বৎসর পরে যথন আমি দেরাত্বন জেলে তথন সিংহল হইতে আমার এক বন্ধু এই মৃত্তির একথানি চিত্র প্রেরণ করেন। আমি আমার সেলের মধ্যে ছোট টেবিলের উপর উহা স্থাপন করিয়াছিলাম। বৃদ্ধমৃত্তির দৃঢ় ও প্রশান্ত অবয়ব আমার মনকে স্থিক্ব করিত, এবং নৈরাশ্রের মৃহত্তে ইহা আমাকে চিত্ত স্থির করিবার বল প্রদান করিত।

বৃদ্ধের প্রতি আমি চিরদিনই গভীরভাবে অন্থরাগী। ইহার কারণ বিশ্লেষণ করা কঠিন, তবে ইহা ধর্মান্থরাগ নহে। বৌদ্ধর্মের চারিদিকে কালে কালে যে সকল অন্থশাসন স্বষ্টি হইয়াছে তৎসম্পর্কেও আমার কোনও কোতৃহল নাই। ইহা মহান ব্যক্তিত্বের প্রতি আমার আকর্ষণ। এমনইভাবে যীশুথুষ্টের ব্যক্তিত্বের প্রতিও আমার আকর্ষণ আছে।

আমি রাজপথে এবং বিহারে বহু বৌদ্ধ ভিক্ষু দেখিয়াছি, সকলেই তাহাদিপকে শ্রদ্ধা করে। তাহাদের প্রায় সকলের মুখেই ধীর শাস্তির আভাষ, জগতের তৃঃখ, তৃশ্চিন্তার প্রতি এক অনাসন্তির ভাব। ইহাদের মুখমগুলে বৃদ্ধির দীপ্তি নাই, মানসিক তীত্র সংগ্রামের কোনও চিহ্ন নাই, ইহাদের জীবন যেন স্বচ্ছন্দগতি তটিনীর মত মুহভাবে মহাসমুদ্রে বহিয়া চলিয়াছে। আমি তাহাদিগকে ঈর্ধার দৃষ্টিতে দেখিতাম, এরপ প্রশাস্তির জন্ম আকাজ্রা হইত, কিন্তু আমি নিশ্চিতরূপেই জানি যে, আমার ভাগ্য

#### জওহরলাল নেহরু

ভিন্নরপ, ঝটকা ও উত্তাল তরন্ধমালার উপাদানে আমি গঠিত। আমার জন্ম এতটুকু শাস্তি নাই, বাহিরের মতই আমার অন্তরে ঝটিকা গর্জিয়া উঠে, তরন্ধমালা ত্লিতে থাকে। যদি দৈবক্রমে আমি নিরাপদ অন্তরার খুঁজিয়া পাই, যেথানে উন্মত্ত বায়ু প্রবেশ করিতে পারিবে না, তাহা হইলেই কি আমি আত্মতপ্ত ও স্থী হইব ?

किছूकालात जन निहाना गृहरकांग चि श्रीिकथान, निन्धिष छहेशा স্থপ্রবিলাসিতা, প্রকৃতির মোহময় যাত্মন্ত্রে ভূলিয়া থাকা ভাল লাগে। আমার মনোভাবের সহিত সিংহল যেন মিশিয়া গিয়াছিল। সৌন্দর্য্যে আমি মুগ্ধ হইলাম। আমাদের ছুটির মাস ফুরাইয়া গেল, অত্যন্ত তু:থের সহিত আমরা বিদায় লইলাম। সেই মনোরম ভূমির এবং অধিবাসিগণের কত শ্বতি এই কারাগারের দীঘ শৃত্যময় দিনগুলিতে ঘুরিয়া ঘুরিয়া মনে পড়ে। জাফ্নার একটি ক্ষুদ্র ঘটনার স্বৃতি মনে আছে। একটি বিভালয়ের শিক্ষক ও ছাত্রেরা আমাদের গাড়ী থামাইয়া কয়েকটি मुप्त वहरन अञ्चिनम्बन खानन कतिशाहित्तन। উদ্গ্রীব ও উজ্জ্বল মুথে বালকেরা দাঁড়াইয়া ছিল, তাহাদের মধ্য হইতে একজন অগ্রসর হইয়া আমার হন্ত ধারণ করিল, দে প্রশ্ন করিল না, তর্ক তুলিল না, আমার मुरथत निरक চাহিয়া কেবল বলিল,—'আমি টলিব না।' সেই কমনীয় কিশোর মুখ, উজ্জল চক্ষ্, দৃঢ়তাব্যঞ্জক ভঙ্গী আমার মনে মুদ্রিত রহিয়াছে। ঁদেকে, আমি জানি না, তাহার পরিচয়ও পরে খুঁজিয়া পাই নাই। কিন্তু আমার দৃঢ় বিশ্বাস, সে তাহার কথা রক্ষা করিবে এবং যথক জীবনের কঠিন সমস্তাগুলির সম্মুখীন হইবে তথন সে টলিবে না।

সিংহল হইতে আমরা ক্যাকুমারী হইমা দক্ষিণ ভারতে আসিলাম। তারপর ত্রিবাঙ্কুর, কোচিন, মালাবার, মহীশূর, হায়দ্রাবাদ প্রভৃতি দেখিলাম। এগুলি অধিকাংশই দেশীয় রাজ্য, কতকগুলি উন্নতিশীল, কতকগুলি এখনও বহুলাংশে পশ্চাংপদ। ত্রিবাঙ্কুর ও কোচিন শিক্ষার দিক দিয়া ব্রিটিশ ভারত হইতেও অগ্রসর। মহীশূর ব্যবসা-বাণিজ্যের দিক দিয়া অগ্রগামী। হায়দ্রাবাদ সামস্ততন্ত্রের নিথুত দৃষ্টান্ত। আমরা সর্ব্রেই কর্তৃপক্ষ ও জনসাধারণের নিকট হইতে সৌজ্যপূর্ণ, ব্যবহার ও অভ্যর্থনা পাইয়াছি। কিন্তু আমরা ব্রিতে পারিয়াছিলাম যে, কর্তৃপক্ষের বাহ্সসৌজ্যের অস্তরালে একট্ চিন্তাও ছিল, ব্রি-বা আমাদের সংস্পর্শে আসিয়া লোকে বিপজ্জনকভাবে চিন্তা করিতে আরম্ভ করে। মনে হইল, মহীশূর ও ত্রিবাঙ্কুরে তথন জনসাধারণকে কিছু ব্যক্তিস্বাধীনতা ও রাজনৈতিক কার্য্য করিবার স্থযোগ দেওয়া হইয়াছে। কিন্তু হায়দ্রাবাদে ইহা কিছুমাত্র নাই। এবং

# দক্ষিণ ভারতে বিশ্রাম

আমাদের চারিদিকে সৌজ্মপূর্ণ ব্যবহারের মধ্যেও অত্নত্তব, করিলাম যে, হায়দ্রাবাদ রুদ্ধকণ্ঠ, স্বাসপ্রস্থাস ফেলিতেও ভীত। পরে অবশ্য মহীশ্র ও ত্রিবান্থ্র গভর্ণমেণ্টও তাঁহাদের পূর্ব্বদত্ত ব্যক্তিস্বাধীনতা ও রাজনৈতিক কার্য্যের অধিকার প্রত্যাহার করিয়াছিলেন।

মহীশ্র রাজ্যের বাঙ্গালোরে রুগ্ৎ জনতার সম্মুথে আমি এক স্থ-উচ্চ লোহদণ্ডের উপর জাতীয় পতাকা উড্ডীন করিয়াছিলাম। আমার প্রস্থানের কিছুদিন পরেই সেই লোহদণ্ডটি টুক্রা টুক্রা করিয়া ভাঙ্গিয়া ফেলা হুইয়াছিল এবং মহীশূর গভর্গমেন্ট জাতীয় পতাকা উড্ডীন করা অপরাধ বলিয়া নির্দ্ধারণ করিয়াছেন। আমি যে পতাকা উড্ডীন করিরাছিলাম তাহার প্রতি তুর্বাবহার ও অপমানে আমি অত্যন্ত অপমানিত হুইয়াছিলাম।

ত্রিবাঙ্কুরে এখনও কংগ্রেস বে-আইনী প্রতিষ্ঠান বলিয়া ঘোষিত এবং কেহ কংগ্রেসের সদস্য হইতে পারে না। যদিও আইন অমান্য আন্দোলন প্রত্যাহ্বত হইবার পর ব্রিটিশ ভারতে ইহা বৈধ বলিয়া গণ্য হইয়াছে। এইরূপে মহীশুর ও ত্রিবাঙ্কুরে সাধারণ শান্তিপূর্ণ রাজনৈতিক কার্যাও দমন করা হইয়াছে এবং প্রপ্রপ্রদত্ত কিছু স্থবিধা পুনরায় কাড়িয়া লওয়া হইয়াছে। ইহারা পিছু হটিয়া চলিয়াছে। হায়দ্রাবাদের পক্ষে অবশ্য পিছু হটিবার কি স্থবিধা কাড়িয়া লইবার কোনও কথাই উঠে না। কেন না, ইহা কোন দিনই একপদও অগ্রসর হয় নাই কিম্বা কোনও ত্রিধা জনসাধারণকে দেয় নাই। হায়দ্রাবাদে রাজনৈতিক সভা বলিয়া কেহ কিছু জানে না, এমন কি, সামাজিক ও ধর্মবিষয়ক সম্মেলনগুলিও সন্দেহের দৃষ্টিতে দেখা হয় এবং ঐ গুলির জন্মও পূর্বে হইতে বিশেষ অনুমতি লইতে হয়। সংবাদপত্র বলিতে যাহা বুঝায় তাহার একথানিও এথানে নাই এবং ভারতের অক্যান্ত অঞ্চল হইতেও বহু সংবাদপত্র দৃষিতভাব আমদানী হইবার ভয়ে প্রবেশ করিতে দেওয়া হয় না। এই নিয়ম এত কঠোর য়ে, মভারেটগণ-পবিচালিত কাগজেরও প্রবেশাধিকার নাই। কোচিনে আমরা 'শ্বেতকায় ইল্দীদের' অঞ্ল এবং তাহাদের এক প্রাচীন উপাসনালয়ে প্রার্থনাদি দেখিলাম। এই কুদ্র সম্প্রদায় অতি প্রাচীন এবং অনন্তসাধারণ। ইহাদের সংখ্যা ক্রমেই হ্রাস পাইতেছে। আমরা শুনিলাম, কোচিনের যে অংশে ইহারা বাস করেন তাহার সহিত প্রাচীন জেরুজালেমের সাদৃখ্য আছে। ইহা যে প্রাচীন তাহা দেখিলেই বুঝা যায়।

মালাবারের কয়েকটি সহরে আমরা প্রাচীন সিরিয়ান খৃষ্টানদিগের সংখ্যাধিক্য লক্ষ্য করিলাম। খৃষ্টীয় প্রথম শতান্দীতেই ইউরোপ খৃষ্টান হুইবার বহু পূর্ব্বেই ভারতে খৃষ্ট ধর্ম আসিয়াছিল এবং দক্ষিণ ভারতে

#### জওহরলাল নেহক্ল

উহা স্প্রতিষ্ঠিত হইয়াছিল। অতি অল্প লোকেরই এ বিষয়ে ধারণা আছে। যদিও এই সকল খৃষ্টানের ধর্মগুরু এটিয়ং বা সিরিয়ার অস্তু কোনও স্থানে থাকেন, তথাপি ইহাদের খৃষ্টান ধর্ম কার্য্যতঃ লৌকিক ব্যাপার এবং। বাহিরের সঙ্গে কোন সম্পূর্কই নাই।

দক্ষিণ ভারতে নোষ্টারিয়ানদের একটি উপনিবেশ দেখিয়া আমি অত্যস্ত আকর্ষ্টা হইলাম। তাহাদের বিশপের নিকট শুনিলাম যে, ইহারা সংখ্যায় দশ সহত্র হইবে। আমার ধারণা ছিল, নোষ্টারিয়ানরা অক্যান্ত সম্প্রদায়ের সহিত অনেক দিন মিশিয়া গিয়াছে, ভারতে যে তাহাদের অন্তিত্ব আহে, আমার এ ধারণাও ছিল না। আমি শুনিলাম, এক সময় ভারতে তাহাদের সংখ্যা অনেক বেশী ছিল, এমন কি, উত্তর ভারতের কাশী পর্যান্ত তাহারা ছড়াইয়া পড়িয়াছিল।

আমর! শ্রীযুক্তা সরোজিনী নাইড় এবং তাঁহার কল্লাছয় পদ্মজা ও নীলমণির সহিত দেখা করিবার জন্তই হায়প্রাবাদ গিয়াছিলাম। তাঁহাদের গৃহে অবস্থানকালীন পর্দানদীন মহিলাদের একটি ছোট বৈঠক আহুত হয়। আমার স্ত্রীর সহিত সকলের পরিচয় করাইয়া দেওয়াই এই বৈঠকের উদ্দেশ্ত। কমলা এই বৈঠকে কিছু বলিয়াছিলেন। সম্ভবতঃ তিনি নারীজাতির স্বাধীনতা ও মহুষা রচিত আইন ও প্রথার বিহুদ্ধে বিস্রোহ (তাঁহার প্রিয় আলোচ্য বিষয়) সম্পর্কে বক্তৃতা করিতে গিয়া বলিয়াছিলেন, স্ত্রীলোকের পক্ষে কথনও পুক্ষমের অতিরক্ত বাধ্য হওয়া ভাল নয়। তুই কি তিন সপ্তাহ পর এই বক্তৃতার এক কৌতুককর পরিণতির সংবাদ পাইয়াছিলাম। একজন বিভ্রান্ত স্থামী হায়দ্রাবাদ হইতে কমলার নিকট পত্র লিগিয়া জানাইলেন য়ে, 'তিনি ঐ নগরে আসার পর হইতে আমার স্ত্রীর ব্যবহার অতি তুর্কোধ্য হইয়া উঠিয়াছে। তিনি আমার কথা শুনেন না, পূর্কের মত আমার ইচ্ছায়ুয়ায়ী কাজ করেন না বয়ং উন্টা তর্ক স্কুক্ষ করেন এবং সময় সয়য় অত্যন্ত উগ্রা হইয়া উঠেন।'

যে বোম্বাই হইতে সম্মুপথে সিংহল গিয়াছিলাম, সেই বোম্বাই-এ এই সাত সপ্তাহ পরে ফিরিয়া আসিলাম এবং তংক্ষণাৎ কংগ্রেসের রাজনীতিতে ঝাঁপাইয়া পড়িলাম। কার্য্যকরী সমিতির অধিবেশন হইতে লাগিল। ভারতের রাজনৈতিক ঘটনাবলীর দ্রুত পরিবর্ত্তন, যুক্ত প্রদেশের ক্লমক-অসন্তোষ, আব্দুল গফুর খাঁনের নেতৃত্বে সীমান্ত প্রদেশে লালকুর্ত্তা দলের অভ্তপূর্ব্ব বিস্তার, বাঙ্গলার কন্ধ অসন্তোষ অশান্তি ও প্রবল মানসিক উত্তেজনা, নিত্য বর্ত্তমান সাম্প্রদায়িক সমস্তা, ম্বানীয় ক্ষুত্র ক্লছ, কংগ্রেসকর্মী ও গভর্গমেন কর্মচারীদের মধ্যে নানা বিষয় লইয়া মততেদ এবং প্রস্পরের

# निकारलय मः धर्य

প্রতি দিল্লী-চুক্তি ভক করিবার অভিযোগ। আলোচনার বিষয়ের অভাব ছিল না। তার পর সেই পৌনংপুনিক প্রশ্ন, কংগ্রেস দ্বিতীয় গোল টেবিল বৈঠকে প্রতিনিধি প্রেরণ করিবে কি-না? মহাত্মার কি যাওয়া উচিত ?

જ

# সন্ধিকালের সংঘর্ষ

গোল টেবিল বৈঠকে যোগদান করিবার জন্ম গান্ধিজী লগুনে যাইবেন কি-ন।? পুন: পুন: এই প্রশ্ন উঠিতে লাগিল, কোন সন্তোষজনক সিদ্ধান্ত হইল না। শেষ মুহূর্ত্ত পর্যান্ত কি ঘটিবে, তাহা কার্য্যকরী সমিতি, এমন কি, গান্ধিজীও জানিতেন না। ঘটনারাজীর সংঘাতে অবস্থার নিত্য নৃতন পরিবর্ত্তন এবং আরও অনেক বিষয়ের উপর এই প্রশ্নের উত্তর নির্তর করে। অতি জটিল সমস্থাগুলিও এই প্রশ্নোত্তরের সহিত জড়িত ছিল।

ব্রিটিশ গভর্ণমেন্টের পক্ষ হইতে এবং তাঁহাদের বন্ধুগণ আমাদিগকে বারমার বলিতে লাগিলেন যে, গোল টেবিল বৈঠকে, শাসনতন্ত্রের কাঠামো टेज्यादी कदा रहेबाटइ; अधान अधान मीमाद्रिशाखनिख होना रहेबाटइ; এখন উহার মধ্যে যেখানে যাহা আঁকিতে হইবে তাহাই বাকী। কিন্তু কংগ্রেদের মনে এরপ ধারণা ছিল না, তাঁহাদের বিশাস প্রথম হইতে শেষ পর্যান্ত পুনরায় নৃতন করিয়া আঁকিতে হইবে। দিল্লী-সন্ধি অনুসারে যুক্তরাষ্ট্রের ভিত্তি ও কিছু কিছু রক্ষাকবচ স্বীকার করা হইয়াছে, ইহা সত্য, আমরা অনেকেই মনে করিতাম যে, ভারতের শাসনতম্বগত সমস্থার যুক্তরাষ্ট্রের चामर्भेंटे मर्कात्यर्ष्ट भौभारमा ; किन्ह जाहात वर्ष देश नत्र त्य, अध्य लाल টেবিল বৈঠক নির্দিষ্ট যুক্তরাষ্ট্রের পরিকল্পনা আমরা গ্রহণ করিব। রাজনৈতিক স্বাধীনতা ও সামাজিক পরিবর্ত্তনের সহিত যুক্তরাষ্ট্রের সম্পূর্ণ সন্ধৃতি রহিয়াছে। কিছু রক্ষাকবচগুলির সহিত উহার সঙ্গতি রক্ষা করা অতি কঠিন; কেন না, সাধারণভাবেই উহা রাষ্ট্রের স্বাধীনতাকে থর্ক করিবে, যদিও 'ভারতের স্বার্থের জন্তু' কথাটি জুড়িয়া দেওয়ায় কিছু স্থবিধা হইয়াছে, তথাপি সম্ভবতঃ উহা বিশেষ কার্য্যকরী হইবে না। যাহা হউক, করাচী কংগ্রেস স্পষ্ট নির্দ্ধেশ দিয়াছিল যে, নৃতন শাসনতত্ত্বে দেশরক্ষা, পররাষ্ট্রনীতি, রাজস্ব ও অর্থনৈতিক

#### জওহরলাল নেহর

ব্যবস্থার উপর পূর্ণ কর্ত্ত দিতে হইবে। ভারতের বৈদেশিক ঋণ (অধিকাংশই ব্রিটিশ) সমস্তা পরীকাও আলোচনার পর উহার দায়িত্ব গ্রহণ করা হইবে। এতদাতীত মৌলিক অধিকার সম্পক্তি **প্রস্তারে** ঈন্সিত রাজনৈতিক ও অর্থনৈতিক পরিবর্ত্তনের প্রস্তাব ছিল। এ সকলই গোল টেবিল বৈঠকের অনেক সিদ্ধান্ত ও ভারতের প্রচলিত শাসনব্যবস্থার স্থিত সামঞ্জুখুহীন। ব্রিটশ গভর্ণমেণ্ট ও কংগ্রেসের মতের ছম্ভর ব্যবধান ছিল , এই অবস্থায় উহার সংযোগদাধন সম্ভবপর নহে বলিয়াই অহমিত হইল। গোল টেবিল বৈঠকে কংগ্রেসের সহিত গভর্ণমেণ্টের ঐক্যমত इंहेर्ड भारत, अमन প্রত্যাশ। কংগ্রেসপদ্বীদের মনে প্রায় ছিল না। গান্ধিজীর মত আশাবাদীও অধিক প্রত্যাশার কিছু দেখিলেন না। কিছু তিনি নিরাশ হইলেন না, শেষ পর্যান্ত দেখিবার জন্ম প্রস্তুত হইলেন। আমরাও মনে করিলাম সফল হই আর নাই হই দিল্লী-সন্ধি অহুসারে আমাদিগকে চেষ্টা করিতে হইবে। কিন্তু এমন তুইটি প্রধান বিবেচ্য বিষয় দেখা দিল, যাহার ফলে আমাদের গোল টেবিল বৈঠকে যোগদানের বিদ্ন উপস্থিত হইতে পারে। আমাদের মতামত সম্প্রভাবে বৈঠকে উপস্থিত করিবার পূর্ব সাধীনতা পাইলে আমরা যাইতে পারি, প্রেই বৈঠকে উহা আলোচনা হইয়াছে এইরূপ অজুহাত বা অগ্যাগ্য কারণ দর্শাইয়া আমাদিগকে কোন প্রস্তাব উপস্থিত করিতে বাধা দেওয়া না হয়। ভারতের অবস্থাও এরূপ দাঁডাইতে পারে যে, আমাদের বৈচকে যাওয়া ঘটিয়া উঠিবে না। এমন ছইতে পারে যে, গভর্ণনেন্টের সহিত আমাদের সংঘর্ষ বাধিয়া উঠিবে এবং আমরা তীব্র দমননীতির সমুখীন হট্ব। यদি ঘরে আগুন লাগিয়া উঠে, তবে তাহা ভূলিয়া আমাদের প্রতিনিধি লণ্ডনে বদিয়া শাসনতম্ব লইয়া ভত্তালোচনায় ব্রতী থাকিবেন, ইহা অসম্ভব।

ভারতে অবস্থা অতি ক্রত মন্দ হইতে লাগিল। দেশের সর্ব্বের, বিশেষ-ভাবে বাঞ্চলা, যুক্ত-প্রদেশ ও সীনাও প্রদেশে ইহা প্রত্যক্ষ হইয়া উঠিল। বাঞ্চলায় দিল্লী-সন্ধির ফলে বিশেষ কোন পরিবর্ত্তনই হয় নাই; মন ক্ষাক্ষি ক্রমেই গুরুতর হইতে লাগিল। আইন অমান্ত আন্দোলনের অনেক বন্দীকে ছাড়িয়া দেওয়া হইল। কিন্তু সহস্র রাজনৈতিক বন্দীকে সামান্ত কারণে আইন অমান্ত আন্দোলনের বন্দা নহে বলিয়া ছাড়িয়া দেওয়া হইল না। অন্তর্ত্তীণে আবন্ধ ব্যক্তিরা বাহিরে নিন্দিষ্ট স্থানে অথবা বন্দীশালায় আটক রহিল। 'সিদিসানীয়' বক্তৃতা বা অন্তান্ত রাজনৈতিক কার্যোর জন্ত গ্রেফ্ ভার চলিতে লাগিল এবং দেখা গেল, গভর্গমেন্টের আক্রমণ সমানভাবেই চলিতেছে। টেরোরিজম্-এর অন্তিব্রের জন্ত বাঞ্চলার সমস্থা

# সন্ধিকালের সংঘর্য

কংগ্রেসের নিকট অধিকতর কঠিন হইয়া উঠিল। আইন অমান্ত আন্দোলন ও সাধারণ রাজনৈতিক কার্য্যের তুলনায়, গুরুত্ব ও বিভৃতির দিক দিয়া টেরোরিষ্ট কার্য্যপ্রণালী অতি তুক্ত। কিন্তু ইহা উল্টকণ্ঠে ঘোষিত হওয়ায় লোকের বেশী দৃষ্টি আকর্ষণ করিয়াছিল। এবং ইহার ফলে জন্তান্ত প্রদেশ অপেক্ষা এখানে কংগ্রেসের কার্য্য-পরিচালন করা বিশ্বসক্ত ছিল, কেন না, টেরোরিজম-এর আবহাওয়া, প্রত্যক্ষ সংঘর্ষমূলক শান্তিপূর্ণ কার্য্যপ্রণালীর প্রতিক্ল। ইহার ফলে গভর্গমেণ্ট দমননীতিকে তীত্র করিয়া তুলিলেন এবং তাহার আঘাত নিরপেক্ষভাবে টেরোরিষ্ট, অ-টেরোরিষ্ট সকলের উপরই পড়িতে লাগিল।

কংগ্রেসপন্থী, শ্রমিক ও রুষক কন্মী এবং যাহাদের কার্য্য গভর্ণমেণ্ট পছল করেন না, তাহাদের বিরুদ্ধে বিশেষ আইন ও অর্ডিক্যাপগুলি (টেরোরিষ্টদের উদ্দেশ্যে রচিত) প্রয়োগ না করিয়া আত্মসন্থরণ করা পুলিশ ও স্থানীয় কর্মচারীদের পক্ষে কঠিন হইল। যে সকল বন্দী দীর্ঘকাল যাবৎ বিনা অভিযোগে, বিচার বা দণ্ড ব্যতিরেকেও আটক আছেন, তাঁহাদের অপরাধ সম্ভবতঃ টেরোরিজম সংক্রান্ত নহে, অন্য প্রকার কার্য্যকরী রাজনৈতিক প্রচেষ্টার জন্মই তাঁহারা বন্দী। তাঁহাদিগকে কোন কিছু প্রমাণ বা অপ্রমাণ করিবার স্থবিধা দেওয়া হয় নাই, অথবা তাঁহাদের অপরাধ কি তাহাও জানিতে দেওয়া হয় নাই। তাঁহাদিগকে প্রকাশ্য আদালতে বিচারের জন্ম উপন্থিত করা হয় নাই, সম্ভবতঃ পুলিশ এমন সাক্ষ্য প্রমাণ সংগ্রহ করিতে পারে নাই, যাহার ফলে তাঁহাদের দণ্ড হইতে পারে। অথচ গভর্ণমেণ্টের বিরুদ্ধে অপরাধ দম্পকিত, ব্রিটিশ ভারতের আইনগুলি এত নিথুঁত ও সর্ব্বব্যাপী যে তাহার কবল হইতে মুক্তি পাওয়া কঠিন। এমন ঘটনাও ঘটে যে, কারাগার হইতে মুক্তি পাওয়ার সঙ্গে দক্ষেই পুলিশ তাহাকে ধরিয়া অস্তরীণে আবদ্ধ করে।

বাঙ্গলার এই জটিল সমস্থা লইয়া কংগ্রেসের কার্য্যকরী সমিতি নিজেদের অত্যস্ত অসহায় বোধ করিতে লাগিলেন। ইহা লইয়া তাঁছারা বিব্রত হইলেন, তাহার উপর বাঙ্গলা হইতে আরও অনেক বিষয় নানারপে তাঁহাদের সম্মুথে আসিতে লাগিল। তাঁহারা যথাসাধ্য চেষ্টা করিতে লাগিলেন। কিন্তু তাঁহারা জানিতেন যে, প্রকৃত সমস্থার তাঁহারা কিছুই করিতে পারিতেহেন না। অতএব তাঁহারা হুর্বলভাবে ঘটনার গতি নিরীক্ষণ করিতে লাগিলেন; তথন তাঁহাদের যে অবস্থা, তাহাতে তাঁহারা আর কি করিতে পারিতেন বলা কঠিন। কার্য্যকরীসমিতির এই মনোভাবে বাঙ্গলার চিত্তে অসন্তোবের সঞ্চার হইল এবং তাঁহারা মনে করিতে লাগিলেন,

# জওহরলাল মেহরু

কংগ্রেসের কর্তৃপক্ষ ও অন্তান্ত প্রদেশ বাদলার প্রতি উদাসীন। বিপদের সময় যেন বাদলাকে সকলে পরিত্যাগ করিয়াছে। এই ধারণা সম্পূর্ণরূপেই আন্তঃ সমস্ত ভারতের সহাত্বভূতি বাদলার প্রতি ছিল; কিন্তু তাহা কার্য্যে পরিণত করিবার পথ ছিল না। তাহা ছাড়া ভারতের অন্তান্ত প্রদেশেও নিজেদের বিদ্ব বিপদ ছিল।

যুক্ত প্রদেশে কৃষক সমস্তা অতি শোচনীয় হইয়া উঠিল। প্রাদেশিক গভর্ণমেন্ট সমস্থা লইয়া প্রথমতঃ গা ভাসান দিলেন, রাজস্ব ও থাজনা মাপের সিদ্ধান্তে বিলম্ব করিতে লাগিলেন, তারপর জোর করিয়া আদায इक इरेल। পार्रेकाती जार्य উচ্ছেদ ও ক্রোক চলিল। আমরা সিংহলে ছিলাম, তথন জোর করিয়া থাজনা আদায় লইয়া তুই-তিন জায়গায় হাঙ্গামা হইল। ইহা অত্যন্ত কৃদ্র ব্যাপার হইলেও হুর্ভাগাক্রমে একস্থলে তাহার ফলে জমিদার অথবা তাহার গোমস্থার মৃত্যু হইল। গান্ধিজী নৈনীতালে গিয়া (আমি তথন সিংহলে) যুক্ত প্রদেশের গভর্ণর শুর ম্যালক্ম হেলীর সহিত কৃষ্ক সম্শ্রার আলোচনা করিলেন, কিন্তু विराग कन रहेन ना। भुख्निया श्रेष्ठ शाखना पकूद घाषणा कतिरानन वर्षि, কিন্তু তাহা প্রত্যাশা অপেকা অনেক কম এবং ক্রমাগত ইহার বিরুদ্ধে প্রতিবাদ বাড়িতে লাগিল। জমিদার ও গভর্ণমেণ্ট একত্র হইয়া ক্লুষকদের উপর চাপ मिटि नाशितन, महस महस कृषकरक अपि हहेरि **উচ্ছে**দ कता हहेन, তাহাদের সামান্ত সম্পত্তি ক্রোক করা হইল, যে অবস্থা হইল, তাহা অক্ত **(मर्ट्स इंट्रेल এक वृद्ध कृषक विद्यादि प्रधाविमिछ इंट्रेड) आमात विश्वाम,** প্রধানত: কংগ্রেসের চেষ্টার ফলেই ক্বকেরা বলপ্রয়োগে বিরত ছিল। किन जाशामित विकास वनश्रामा ५ अवतमधीत अस हिन ना।

কৃষকদের অসস্তোষ ও তৃঃথ তৃর্দশার একটা ভাল দিকও ছিল। শস্তের মূল্য বহুল পরিমাণে হ্রাস হওয়ায় দরিদ্রশ্রেণীর ব্যক্তিরা এবং কৃষকেরা (ষাহাদের জ্বমি হইতে উচ্ছেদ করা হয় নাই) দীর্ঘকাল পর পেট ভরিয়া ছটি খাইতে পাইত।

বাকলার মতই সীমান্ত প্রদেশও দিল্লী-সন্ধির ফলে শান্তি পাইল না।
উভর পক্ষের মনোমালিত সর্বনাই প্রবল, কেন না, এখানে গভর্মেন্ট
সমর বিভাগীয় ব্যাপার; বহুতর বিশেষ আইন ও অভিন্তান্দের ছড়াছড়ি
এবং সামাত্ত অপরাধেও গুরুদণ্ড হয়। এই অবস্থার বিরুদ্ধে আন্দুল পর্চুর
ধা আন্দোলন করিতে লাগিলেন, ফলে তিনি গভর্গমেন্টের চকুশূল হইয়া
উঠিলেন। সেই ছয় ফিট তিন ইঞ্চি উচ্চ দীর্ঘ সমূলত পাঠান-পৌরুষের
মূর্ত্তি গ্রাম হইতে গ্রামান্তরে পদব্রক্তে ভ্রমণ করিতে লাগিলেন এবং স্ক্রেত্ত

# निकाटल मश्चर्य

লালকুর্ম্বা বাহিনীর কৈন্দ্র স্থাপন করিলেন। তিনি , তাঁহার কর্মীরা দেশের সর্ব্বত্র "খুনাই থিদমতগার"-এর শাখা-প্রশাখা প্রতিষ্ঠিত করিলেন। ইহাদের আন্দোলন সম্পূর্ণ শান্তিপূর্ণ, অস্প্রই অভিযোগ ছাডা একটিও বলপ্রয়োগের দৃষ্টান্ত কেহ দেখাইতে গারেন নাই। ইহারা শান্তিকামী হউক আর নাই হউক; যুদ্ধ ও হিংসার পারস্পর্য্য পাঠানদের আছে; তাহার উপর অতি নিকটেই তুর্দ্ধর্য পাঠান উপজাতিরা রহিয়াছে; কাজেই ভারতীয় জাতীয় আন্দোলনের সহিত যোগস্ত্র রক্ষা করিয়া এই স্থান্থলিত আন্দোলন দেখিয়া গভর্গমেন্ট বিচালত হইলেন। ইহাদের শান্তি ও অহিংসার আদর্শ গভর্গমেন্ট বিশাস করিয়াছিলেন, আমার এরপ মনে হয় না। যদি তাহারা বিশাসও করিতেন, তাহা হইলেও তাহারা প্রতিক্রিয়ার মুথে বিরক্ত ও ভীত হইতেন। এই আন্দোলনের বর্ত্তমান ও ভাবী শক্তির সম্ভাবনা দেখিয়া তাঁহাদের মাথা ঠিক রাখা কঠিন হইল।

এই বিরাট আন্দোলনের অবিসন্থাদী নেতা অবলুল গৃহুর খাঁ—"ফক্র-ই-আফগান," "ফক্র-ই-পাঠান," (পাঠান গৌরব) "গান্ধানই-সারহাদ" অর্থাৎ সীমান্ত গান্ধা নামে—সর্ব্বসাধারণের নিকট পরিচিত। বিল্লবিপদ ও গভর্গমেন্টের বিরোধিতায় অটল থাকিয়া তিনি ধীরতা ও অধ্যবসায়ের সহিত কার্য্য করিয়া সীমান্ত প্রদেশে অপূর্ব্ব জনপ্রিয়তা লাভ করিয়াছেন। রাজনীতিক বলিতে সচলাচর যাহা ব্যায় তিনি তাহা ছিলেন না, রাজনীতির ছলা-কলা তাহার অজ্ঞাত। দীর্ঘকায় সরল মান্ত্য, দেহ ও মন ছই-ই সরল, তিনি হুজুগ্ ও বাচালতা ছই-ই ঘণা করেন; তিনি ভারতের স্বাধীনতার সহিত সীমান্তপ্রদেশের স্বাধীনতা চাহেন; কিন্তু শাসনতন্ত্র-ছটিত আইনের জটল প্রশ্নের প্রতি উদাসীন। তবে কিছু লাভ করিতে হইলে কার্য্য আবশ্রক, তাই তিনি মহাত্মা গান্ধীর অনুগামী হইয়া শান্তিপূর্ণ উপায় গ্রহণ করিয়াছেন। কার্য্যের জন্ত সঙ্গ্য আবশ্রক, যুক্তিতর্ক নিয়মকাত্মন রচনা লইয়া মাথা না ঘামাইয়া তিনি সোজান্থজি সভ্য গঠন আরম্ভ করিয়া দিলেন এবং সাফল্য লাভ করিলেন।

গান্ধিজীর প্রতি তিনি বিশেষভাবে আরুষ্ট হইয়াছিলেন। প্রথম প্রথম তিনি স্বাভাবিক লজ্ঞা ও বিনয়বশতঃ কোন ব্যাপারেই সমূথে আসিতেন না এবং গান্ধিজী হইতে দূরে থাকিতেন। পরে নানা বিষয় আলোচনার মধ্য দিয়া তাঁহাদের পরিচয় ঘনিষ্ঠ হইয়া উঠে। আমাদের অনেকের অপেক্ষাও অধিকতর নিষ্ঠার সহিত এই পাঠান যে অহিংসার আদর্শ গ্রহণ করিলেন, ইহা অতীব বিশায়কর। এই আত্মবিশ্বাস বলেই তিনি পাঠানদিগকে উত্তেজনার কারণের সমূথেও শান্তিপূর্ণ থাকিতে শিক্ষা দিয়াছিলেন। ভবে

650

#### ज अश्त्रनान (मश्त्र

সীমান্ত প্রদেশের অধিবাসীরা হিংসা বা বলপ্রয়োগের ভাব একেবারেই ত্যাগ করিয়াছে একথা বলা হাস্থকর; অন্যান্ত প্রদেশের সাধারণ লোকদের সম্বন্ধেও এরপ কথা বলা হাস্থকর। জনতা ভাবাবেগেই চালিত হয়, উত্তেজনার মূহুর্তে তাহারা কি করিয়া বসিবে, তাহা কেহই বলিতে পারে না। তথাপি ১৯৩০-এ এবং পরে সীমান্তের অধিবাসীরা অতি আশ্চর্যা সংযম ও শৃশ্বলা দেখাইয়াছিল।

সরকারী কর্মচারীরা এবং আমাদের দেশের নিরীহ ভদ্রলোকেরা 'সীমান্ত-গান্ধীকে' দলিশ্ব দৃষ্টিতে দেখিতে লাগিলেন। তাঁহার মুথের কথা কেহই বিশ্বাস করিলেন না, একটা গভীর ষড়যন্ত্র কল্পনা করিতে লাগিলেন। কিন্তু গত কয়েক বংসর ধরিয়া তিনি এবং সীমান্তের সহকর্মীরা ভারতের অক্যান্ত প্রদেশের কংগ্রেসকর্মীদের ঘনিষ্ঠ সংস্পর্শে আসিয়াছেন; ফলে সকলের মধ্যে প্রীতি ও সহযোগিতার বন্ধন দৃঢ় হইয়াছে। কংগ্রেস মহলে আন্দুল গতুর থা স্থপরিচিত ও জনপ্রিয়। একজন ব্যক্তিবিশেষ সহকর্মীরূপে নহে, ভারতের দৃষ্টিতে তিনি আমাদের সহিত একই সংগ্রামে লিপ্ত এক সাহসী ও ত্র্ধর্ম জাতির শৌর্য ও ত্যাগের প্রতীকমৃত্তিরূপে প্রতিভাত।

আদুল গছুর থার কথা শুনিবার বহুপূর্বে আমি তাঁহার ল্রাতা ডাঃ থা সাহেবকে চিনিতাম। আমি যথন কেমব্রিজে, তিনি তথন লগুন দেণ্ট-টমাস হাসপাতালের ছাত্র। পরে যথন আমি ইনার টেম্পলে ব্যারিষ্টারীর থানা খাইতে স্কৃত্ব করিলাম, তথন তাঁহার সহিত আমার বন্ধুত্ব হয়। লগুনে প্রায় প্রতাহই আমরা মিলিত হইতাম। আমি ভারতে ফিরিবার পরও তিনি অনেক বংসর ইংলগু ছিলেন, যুদ্ধের সময় চিকিৎসকরপে কাজ করিয়াছিলেন। পরে নৈনী জেলে আমাদের পুনরায় সাক্ষাৎ হয়।

সীমান্তের 'লাল কুর্ত্তাদল' কংগ্রেসের সহিত সহযোগিতা করিলেও তাহাদের প্রতিষ্ঠান স্বতম্ব ছিল। কংগ্রেস ও তাহাদের মধ্যে আব্দুল গফুর বাঁ। ছিলেন যোগস্ত্র। সীমান্তের জননায়কদের সহিত পরামর্শ করিয়া কার্য্যকরী সমিতি ১৯৩১-এর গ্রীম্মকালে 'লাল কুর্ত্তাদল'কে কংগ্রেসের অঙ্গীভূত করিবার সিদ্ধান্ত করিলেন। তাহার পর হইতে 'লাল কুর্ত্তা' আন্দোলন কংগ্রেসের অংশর্মপে পরিগণিত হইল।

করাচী কংগ্রেসের পর গান্ধিজী সীমান্ত প্রদেশে যাইবার ইচ্ছা প্রকাশ করিলেন, কিন্তু গভর্ণমেণ্ট ইহাতে উৎসাহ প্রদর্শন করিলেন না; পরে কয়েকমাস ধরিয়া সরকারী কর্মচারীরা লাল কুর্স্তাদের কার্য্যকলাপ সম্বন্ধে ক্রমাগত যথন অভিযোগ করিতে লাগিলেন, তথনও গান্ধিজী বারম্বার সীমান্ত প্রদেশ প্রবেশের অভ্যমতি চাহিয়া ব্যর্থকাম হইলেন। আমাকেও সেখানে যাইতে দেওয়া হইল না। দিল্লী-সন্ধি অন্থ্যায়ী, গভর্ণমেণ্টের স্পষ্ট

# मिकारल मश्चर्य

অভিপ্রায়ের বিরুদ্ধে সীমান্ত প্রদেশে যাওয়া আনরা যুক্তিযুক্ত মনে করিলাম না।

এ সকল ছাড়াও সাম্প্রদায়িক সমস্তা কার্ন্যকরী সমিতির সম্মুখে এক প্রধান সমস্তা। যদিও ইহা নানা অন্তুত বেশে ও রূপে বারবার আবিভূতি रुय, তथानि रेरात मध्य नुजन किहूरे नारे। शानादिनिन देवर्रक रेरात মধ্যাদা কিছু বাড়িয়াছিল; ব্রিটিশ গভর্ণমেন্ট অক্যান্ত বিষয় অপেক্ষা ইহাকেই মুখ্য করিয়া সম্মুখে উপস্থিত করিয়াছিলেন। বৈঠকের সদস্যগণ সকলেই গভর্ণমেণ্ট কর্ত্তক মনোনীত। এই মনোনয়ন এমন ভাবে করা হইয়াছিল যে, সকলেই স্ব সম্প্রদায়ের কথা, বিশিষ্ট স্বার্থের কথা এবং সাধারণ বৃহত্তর স্বার্থের পরিবর্ত্তে পরস্পরের মতভেদের কথাই তারস্বরে ঘোষণা করিয়াছেন. গভর্ণমেন্ট কোন জাতীয়তাবাদী নুসলমানকে প্রতিনিধি মনোনীত করিতে নিতান্ত উগ্রভাবে সোজাম্বজি অস্বীকার করিয়াছিলেন। গান্ধিজী অমুভব করিলেন, যদি ব্রিটিশ গভর্ণমেণ্টের নির্দেশে বৈঠক প্রথম হইতেই সাম্প্রদায়িক সমস্থার জালে জড়াইয়া পড়ে, তাহা হইলে রাজনৈতিক ও অর্থনৈতিক সমস্তাগুলি লইয়া সম্যক আলোচনা সম্ভবপর হইবে না। এই অবস্থায় তাঁহার বৈঠকে যোগদান করার বিশেষ কোন ফল হইবে ন। তিনি কার্য্যকরী সমিতির সমুথে প্রস্তাব করিলেন যে, বিভিন্ন দলের মধ্যে পূর্ব্ব হইতে সাম্প্রদারিক সমস্থার সমাধান ও ব্যাপড়া হইলে তিনি লগুনে যাইতে পারেন। তিনি ঠিক সিদ্ধান্তই করিয়াছিলেন; কিন্তু কার্য্যকরী সমিতি বলিলেন, তিনি সাম্প্রদায়িক সমস্থার সমাধান করিতে পারেন নাই বলিয়া লণ্ডনে যাইবেন না এরপ হইতে পারে না, এখন তাঁহার অস্বীকার করা উচিত নহে। বিভিন্ন সম্প্রদায়ের প্রতিনিধিদের লইয়া সমাধানের একটা থসড়া তৈয়ারীর চেষ্টা হইল বটে, কিন্তু বিশেষ লাভ করা গেল না।

১৯৩১-এর গ্রীম্মকালে ঐ দকল প্রধান সমস্তা ছাড়াও অনেক ছোট থাট ব্যাপার লইয়া আমাদের বিত্রত হইতে হইল। দেশের নানাস্থান হইতে স্থানীয় কংগ্রেদ কমিটিগুলি আমাদিগকে ক্রমাগত সংবাদ দিতে লাগিলেন যে, স্থানীয় কর্মাচারীরা দিল্লী-চুক্তি ভঙ্গ করিতেছেন। ইহার মধ্যে প্রধান প্রধান ঘটনাগুলি বাছিয়া লইয়া আমরা গভর্ণমেন্টকে জানাইতে লাগিলাম। গভর্ণমেন্ট আবার কংগ্রেদপন্থীদের বিরুদ্ধে দন্ধি-বিরোধী কার্য্যের পান্টা অভিযোগ করিতে লাগিলেন। ঐরপ পরস্পারের দোষ প্রদর্শন চলিতে লাগিল, পরে উহা সংবাদপত্রে প্রচারিত হইয়াছিল। বলাবাছল্য, ইহাতে কংগ্রেদ ও গভর্ণমেন্টের সম্পর্কের কোন উন্নতি হইল না।

# জওহরলাল নেহর

কৃত্র কৃত্র ব্যাপার লইয়া এই কলহের বাছত: কোন গুরুত নাই। কিন্তু ইহার মূলে রহিয়াছে এক গভীর সংঘর্ষ, যাহার উপর ব্যক্তির কোন ছাত নাই। যাহার উৎপত্তি আমাদের জাতীয় আলোড়ন হইতে, প**ল্লীর** অর্থনৈতিক ব্যবস্থা বিপর্যয় হইতে; মূল ভিত্তিতে পরিবর্ত্তন না করিয়া তাহার নির্দন অধ্তব। আমাদের জাতীয় আন্দোলনের প্রথম স্কুচনা হয়, মধ্যশ্রেণীর আত্মবিকাশ ও আত্মপ্রতিষ্ঠার পথ থু জিবার আগ্রহ হইতে, তাহার পশ্চাতে ছিল রাজনৈতিক ও অর্থনৈতিক প্রেরণা। ইহা পরে নিমুম্ব্যশ্রেণীতে প্রসারিত হইয়া শক্তিশালী হইল। তারপর যেথানে ক্বা नातिचा उत्रमनौमाय (शीडियारङ, त्मरे जनमावात्रत्व मत्या रेरा ठाकना সৃষ্টি করিল। পল্লীর প্রাচীন আত্মতুপ্ত অর্থ নৈতিক ব্যবস্থা বছদিন লুপ্ত হইয়াছে। ক্ষিকার্যের পরিপূরক কুটির-শিল্প, যাহার ফলে জমির উপর এত চাপ পড়িত না, তাহা কতক পরিমাণে শাসননীতির জন্ম, বেশীর ভাগ আধুনিক যুগের কলকারথানার প্রতিযোগিতায় টিকিতে না পারিয়া বিলুপ্ত হইয়াছে। জনির উপর চাপ বাড়িয়াছে, কিন্তু দেই তুলনায় ভারতে কল-কারথানা গড়িয়া উঠে নাই বলিয়া অবস্থার বিশেষ তারতমা হয় নাই। আত্মরকার উপযুক্ত উপকরণহীন, চুর্কহ-ভার পীড়িত পল্লীগুলি জগতের পণ্যশালার আঘাতে ইতস্ততঃ বিকিপ্ত। সমান সর্বে ইহা প্রতিযোগিত। করিতে পারে না। পল্লীর উৎপাদন প্রণালী আদিম যুগের এবং ভূমিসংক্রান্ত প্রচলিত ব্যবস্থার ফলে তাহা এত কুদ্র কুদ্র খণ্ডে পরিণত হইয়াছে যে, কোন উন্নততর ব্যবস্থার প্রবর্ত্তন অসম্ভব। কাজেই ক্ষয়ির উপর নির্ভরশীল ব্যক্তিরা—জ্মিদার রায়তের অবস্থা (কয়েক বংসরের তেজী বাজার ছাড়িয়া मिला) मिन मिन <ाठनीय इटेटल्ड। अभिमात लाहात त्वांका त्रायलात ঘাড়ে চাপাইতেছেন এবং কৃষকদের জ্রমবর্দ্ধিত দারিদ্রা-ক্ষুদ্র ক্ষুদ্র তালুকদার, জোতদার ও রায়ত-স্কলকেই জাতীয় আন্দোলনের দিকে আকৃষ্ট করিতেছে। পল্লী-অঞ্চলের বহুদংগাক ভূমিহীন কৃষি-মজুরও ইহার প্রতি আরুষ্ট হইতেছে। এই সকল পল্লীবাদীরা 'জাতীয়তা' ও 'স্বরাজ্ঞ' বলিতে ভূমি-ব্যবস্থার পরিবর্ত্তন বুঝে ;—অর্থাৎ তাহাদের থাজনা ও ট্যাক্স কমিবে এবং ভূমিহীনেরা জমি ফিরিয়া পাইবে। অবশ্য, কি ক্লমক সম্প্রদায় কি জাতীয় মান্দোলনের মধ্যশ্রেণীর নেতাগণ, কাহারও মনে এই আকাজ্ঞার কোন স্পষ্ট ধারণা নাই।

১৯৩০-এর আইন অমান্ত আন্দোলনের সঙ্গে সঙ্গেই জগদ্যাপী কৃষি ও বাণিজ্য সন্ধট দেখা দিল। এই মন্দার প্রথম চোট পড়িল পল্লীবাসীদের উপর, তাহারা কংগ্রেস ও আইন অমান্তের দিকে ঝুঁকিল। তাহাদের

# সন্ধিকালে সংঘৰ্ষ

নিকট ইহা লগুন বা অগ্যন্ত বসিয়া সৃষ্ণ শাসনতন্ত্র রচনার সমস্থা নহে, তাহারা ভূমিব্যবস্থার আম্ল পরিবর্ত্তন (বিশেষতঃ জমিদারী অঞ্চলে) প্রত্যাশা করিতে লাগি।। জমিদারী প্রথার দিন গিয়াছে, ইহার আব্র নিজের পায়ে দাঁড়াইবার সামর্গ্য নাই। কিন্তু ব্রিটিশ গভর্ণমেন্ট বর্ত্তমান অবস্থায় ভূমিসংক্রান্ত ব্যবস্থার আমূল পরিবর্ত্তন করিতে সাহস পান না। যথন ক্রষি তদন্তের জন্ম রয়াল ক্মিশন নিযুক্ত হয়, তথন জমির স্বত্ব স্থামিত এবং ভোগদখলের ব্যবস্থা ইত্যাদি আলোচনা ও অনুসন্ধান করিবার ভার দেওয়া হয় নাই।

অতএব ভারতবর্ধে সংঘর্ষের সমস্ত কারণই বিদ্যমান এবং ইহাকে কোন মন্ত্রবলে অথবা আপোষ করিয়া উড়াইয়া দেওয়া যায় না। ভূমিসংক্রাপ্ত ব্যবস্থার পলিবর্ত্তন (অন্তান্ত জরুরী জাতীয় সমস্তা ছাড়াও) ব্যতীত এই সংঘর্ষ দূর হইবে না। ব্রিটিশ গভর্গমেন্টের মারফং ইহার সমাধানের কোন সন্তাবনাই নাই। সাময়িক ব্যবস্থায় কিয়ৎকালের জন্ম ঘূদিশার লাঘ্য হইতে পারে, তীব্র দমননীতির ফলে ভীতি উৎপাদন করিয়া ইহার বহিঃপ্রকাশ বন্ধ করা গাইতে পারে,—কিন্তু তাহাতে সমস্তা সমাধানের কোন স্থ্যিবা হয় না।

আমার ধারণা, অন্তান্ত গভর্ণমেন্টের মৃত্ই ব্রিটিশ গভর্ণমেন্টও মনে করেন, ভারতের অধিকাংশ অশান্তি উপদ্রবের জন্ম "এজিটেটর" বা আন্দোলনকারীরাই দায়ী। ইহার মত ভ্রান্ত ধারণা আর নাই। গত পুনুর বংসর ধরিয়া ভারত এমন একজন নেতা পাইয়াছে, যিনি কোট কোট লোকের ভালবাদা ও শ্রদ্ধালাভ করিয়াছেন এবং যিনি অনারাদে নিজের স্বতম্ব ইচ্ছা দারা ভারতবর্ষকে চালিত করিতে পারেন। তিনি ভারতের বর্ত্তমান ইতিহাস রচনা করিতেছেন, কিন্তু এই ইতিহাসে তাঁহা অপেকা যাহারা তাঁহার ইঙ্গিত প্রায় অন্ধভাবে গ্রহণ করিয়াচুছে, সেই জন্দাধারণের গুরুত্ব অধিক। জন্দাধারণই প্রধান অভিনেতা, ঐতিহাসিক প্রয়োজনের প্রেরণাই তাহাদিগের মধ্যে অগ্রগতি সঞ্চার করিয়াছে, তাহাদিগকে তাহাদের নেতার বিষাণধ্বনি শুনিবার জন্ম প্রস্তুত করিয়াছে। রাজনৈতিক ও সামাজিক চেতনার প্রট-ভূমিকায় ঐতিহাসিক ঘটনার স্মাবেশ না হইলে কোন নেতা কোন "এজিটেটর" তাহাদিগকে কর্মে প্রবৃত্ত করিতে পারিত না। নেতা হিদাবে গান্ধিজীর এক প্রধান 🖦 এই যে, তিনি জনসাধারণের নাড়ীর গতি উত্তমরূপে বুঝেন এবং জানেন যে, কখন কার্যা আরম্ভ করিবার স্থসময়।

১৯৩০-এ ভারতের জাতীয় নেতাদের অক্সাত্সারে আন্দোলন দেশের

#### ज्ञहत्रगाम (सङ्क्र

বিভিন্ন সামাজিক আন্দোলনের সহিত সামঞ্জ কলা করিয়াই আবিভূতি হইয়াছিল এবং সেই সকল শক্তির বান্তব অহভূতির ফলেই ইহা ইতিহাসের সহিত সমান তালে পা ফেলিয়া অগ্রসর হইয়াছিল। কংগ্রেসই জাতীয় আন্দোলনের প্রতিনিধিরূপে কার্য্য করিয়াছে এবং ইহার শক্তি-সামর্থ্যের স্বরূপ কংগ্রেসের বহুবর্দ্ধিত মর্য্যাদার মধ্যেই প্রতিফলিত হইয়াছে। জাতীয় আন্দোলনে বিভিন্ন শক্তির সমাবেশ স্পষ্ট দেখা যায় না, হিসাব করা যায় না, নির্দিষ্ট সংজ্ঞার মধ্যে প্রকাশ করা যায় না, তিথাপি ইহা সর্ব্জরই প্রকটিত। ক্রষক সম্প্রদায় কংগ্রেসের প্রতি সহামুভূতি সম্পন্ন হইয়া ইহার শক্তিবৃদ্ধি করিয়াছিল, নিমুমধ্যশ্রেণী ছিল কংগ্রেসের মেকদণ্ড এবং ইহার সৈক্তসামস্ত। এমন কি উচ্চশ্রেণীর বৃক্জোয়ারা নৃতন অবস্থায় পড়িয়া কংগ্রেসের সহিত বন্ধুতা রক্ষা করাই নিরাপদ মনে করিয়াছিলেন। ভারতের অধিকাংশ কাপড়ের কলওয়ালারাই কংগ্রেসের নির্দিষ্ট প্রতিশ্রুতিপত্রে স্বাক্ষর করিয়াছিলেন; কংগ্রেস অসম্ভন্ত হয় এমন কার্য্য করিতেন না।

যখন পণ্ডিতেরা লণ্ডনে গোলটেবিল বৈঠকে বিদয়া আইনের স্ক্র তর্কে ব্যাপৃত ছিলেন, তথন জনসাধারণের প্রক্রত প্রতিনিধিরণে কংগ্রেদ অলক্ষ্যে ধীরে ধীরে শক্তি দঞ্চয় করিতেছিল, কংগ্রেদের শক্তি দম্পর্কে এই ধারণা দিল্লী-দন্ধির পরেও বাড়িয়াছে, তাহার কারণ শৃত্যুগর্ভ আফ্যালনপূর্ণ বক্তৃতা নহে; ১৯৩০ এবং তাহার পরবর্ত্তী ঘটনাতেই তাহা সম্ভব হইয়াছিল। একমাত্র কংগ্রেদের নেতারাই দশ্বধের আগতপ্রায় বিদ্ন ও বিপদ দম্পর্কে সচেতন ছিলেন; এবং কোনটিই তাঁহারা ছোট করিয়া দেখেন নাই।

দেশের মধ্যে পাশাপাশি তুইটি কর্তৃত্ব স্থাপিত হইতে চলিয়াছে, এই অস্পষ্ট ধ্বরণায় গভর্গমেন্ট বিরক্তি বোধ করিতে লাগিলেন। এই ধারণার কোন বান্তব ভিত্তি ছিল না, কেন না বাহুবল সম্পূর্ণরূপে কর্তৃপক্ষের আয়ত্তে; তবে মনস্তত্বের দিক দিয়া ইহার অস্তিত্ব ছিল নিংসন্দেহ। প্রভ্রম্পবণ ও জনমতের নিকট দায়িত্বহীন গভর্গমেন্টের নিকট ইহা অসহ্য; এবং তাঁহাদের স্থায়বিক উত্তেজনা ইহাতে বাড়িয়া গেল ও পরে তাঁহারা যে কতকগুলি গ্রাম্য বক্তৃতা বা শোভাষাত্রার দোষ দিয়াছিলেন তাহা কথার কথা মাত্র। ফলে সংঘর্ষ অনিবার্য্য হইয়া উঠিল। কংগ্রেসও আর্হত্যা করিতে পারে না, গভর্গমেন্টও হৈত কর্তৃত্বের আবহাওয়া বরদান্ত করিতে না পারিয়া কংগ্রেসকে ধ্বংস করিতে উন্থত হইলেন। কিন্তু বিতীয় গোলটেবিল বৈঠকের জন্ম সংঘর্ষ মূলত্বী

# সন্ধিকালে সংঘৰ্ষ

রাথা হইল। যে কোন কারণেই হউক, ব্রিটিশ গভর্ণমেণ্ট গান্ধিজীকে লণ্ডনে লইয়া যাইবার জন্ম ব্যগ্র হইয়াছিলেন, ইহার বিব্ল হয় এমন কিছু কাজ তাঁহারা যথাসম্ভব এড়াইয়া চলিতে লাগিলেন।

ক্রমে বিরোধের ভাব বাড়িতে লাগিল, গভর্ণমেণ্ট যে ক্রমশঃ কঠিন हरेटिएहन रेश आमता त्थिए भारतियाम, मिली-मिलत अवावश्रि भरतरे লর্ড আরুইন ভারত ত্যাগ করিলেন, এবং লর্ড উইটলংডন বড লাট হইয়া আসিলেন। গুজব প্রচারিত হঠল, নৃতন বড়লাট অত্যস্ত কড়া ও শক্ত-লোক এবং তাঁহার পূর্ঝগামীর মত আপোষপ্রবণতা তাঁহার নাই। নীতির দিক হইতে না দেখিয়া ব্যক্তির দিক হইতে রাজনীতি চিস্তা করিবার মডারেটিয় অভ্যাদ, আমাদের অনেক রাজনীতিক উত্তরাধিকার-স্ত্রে পাইয়াছেন। তাঁহারা বুঝিতে পারেন না যে, ব্রিটিশ গ্ভর্নেটের প্রশস্ত সামাজ্যনীতি বড়লাটের ব্যক্তিগত মতের উপর নির্ভর করে না। বড়লাটের পরিবর্ত্তনে কোন পার্থক্য হয় নাই, হইতও না; ঘটনার গতিপথেই গভর্ণমেন্টের নীতি পরিবর্ত্তিত হইয়াছে। সিভিলিয়ন **তম্ব** কথনও এই দকল সন্ধি-চৃক্তি, কংগ্রেসের সহিত আদানপ্রদান অহুমোদন করেন নাই। কেন না তাঁহাদের শিক্ষা দীক্ষা, প্রভুত্বমূলক গভর্ণমেন্ট সম্পর্কিত ধারণা ইহার বিরোধী। তাঁহাদের ধারণা হইল যে, সমকক ভাবে ব্যবহার করিয়া তাঁহারা কংগ্রেস ও গান্ধিজীর প্রভাব ও মর্যাদা বাড়াইয়া দিয়াছেন, এখন তুই এক ধাপ নামাইয়া দিবার প্রয়োজন इरेग्नाइ । এই धात्रमा অতান্ত নির্কোধ : কিন্তু তাহা না হইলে ভারতীয় দিভিল দার্কিদের ধারণার মৌলিকতার খ্যাতি থাকে কি করিয়া। যে কোন কারণেই হউক, গভর্নেণ্ট খাড়া হইয়া কোমর বাঁধিলেন, এবং আমাদিগকে প্রাচীন আত্মপুরুষের ভাষায় যেন বলিতে লাগিলেন—দেখ আমার কনিষ্ঠান্দুলী আমার পিতার কটিদেশ অপেক্ষাও সূল: তিনি ভোমাদের চাবুক দিয়া শাসন করিতেন, আমি তোমাদের বৃশ্চিক দিয়া শিক্ষা দিব।

কিন্তু শাসন করিবার সময় তথনও আসে নাই। সম্ভব হইলে গোলটেবিল বৈঠকে কংগ্রেসের প্রতিনিধি পাঠাইতে হইবে। বড়লাট ও অক্যান্ত প্রধান কর্মচারীদের সহিত সাক্ষাং করিবার জন্ম গান্ধিজী তুইবার সিমলা গেলেন। তাঁহারা অনেক বিষয় আলোচনা করিলেন। বাঙ্গলার কথা ছাড়া, সীমান্তের লাল কুর্ত্তা-আলোলন ও যুক্ত প্রদেশের কৃষক সমস্থারও আলোচনা হইল—এই সকল ব্যাপারে গভর্ণমেণ্ট অত্যন্ত তুশিস্তাগ্রন্ত ছিলেন।

#### ज ওহরলাল নেহর

গান্ধিজীর আহ্বানে আমি সিমলায় গিয়া ভারত গভর্ণমেন্টের কয়েক জন প্রধান কমচারীর সহিত সাক্ষাৎ করিলাম। **আমার কথাবার্তা** पुक्त প্রদেশ লইয়াই সীমাবদ্ধ ছিল। কুদ্র ক্ষুদ্র অভিযোগ ও পাতী, অভিযোগের পশ্চাতে যে আসল বিরোধ, তাহা খোলাথুলি ভাবে আলোচিত হইল। কথাপ্রসঙ্গে শুনিলাম যে, ১৯৩১-এর ফেব্রুয়ারী মালে গভর্ণমেণ্ট অস্ততঃ তিন মাদের মধ্যেই আইন অমান্ত আন্দোলন ধ্বংস করিবার ব্যবস্থা করিয়াছিলেন। তাঁহারা দমননীতির যন্ত্র এমনভাবে সল্লিবেশ করিয়াছিলেন যে, কেবল ইঙ্গিত করিলেই হইত। কিন্তু বল প্রয়োগের পরিবর্ত্তে. আপোষে কথাবার্তা দারা কার্যাদিদ্ধিই তাঁহারা ভাল মনে পরস্পরের মধ্যে আলোচনার ব্যবস্থা করিলেন, যাহার ফলে দিল্লী-সন্ধি সম্ভবপর হইয়াছিল। চুক্তি না হইলে অন্তদিকে অঙ্গুলী সঞ্চালন করিতে তিলার্দ্ধ বিলম্ব হইত না। এই কথার মধ্যে এমন ইঞ্চিতও হয় ত ছিল ষে, যদি আমর বুঝিয়ানা চলি, তাহা হইলে অদুর ভবিগতেই দমননীতির কল চলিবে। এই সকল কথা অত্যন্ত দৌজগুপূর্ণ সরলতার সহিতই বলা इटेन ७वर यामता উভয়েই বুঝিলাম, আমাদিগকে বাদ দিলেও এবং আমর। যাহা বলি আর করি না কেন, সংঘর্ষ অনিবার্যা।

আর একজন উচ্চ কর্মচারী কংগ্রেসের প্রশংসা করিলেন। আমরা রাজনীতি ছাড়া অত্যাত্ত সমস্থাগুলি আলোচনা করিতেছি, এমন সময় তিনি বলিলেন, রাজনীতি ছাড়িয়া দিলেও কংগ্রেস ভারতের এক বৃহৎ কল্যাণ সাধন করিয়াছে। ভারতবাসীরা সংগঠনসূলক কাথো অপটু, সচরাচর এই অপবাদ তাহাদিগকে দেওয়া হয়; কিন্তু ১৯৩০ দালে কংগ্রেস বিপুল বাধাবিদ্নের মধ্যেও সজ্মবদ্ধ কার্য্যে অপ্র কুশলতা দেখাইয়াছে।

গান্ধিজীর প্রথমবার সিমলায় গিয়া আলোচনার ফলে গোলটেবিল বৈঠকে যোগদান করার কোন ছির সিদ্ধান্ত হইল না। আগষ্ট মাসের শেষ সপ্তাহে তিনি দ্বিতীয় বার সিমলায় গেলেন। যে কোন দিকেই হউক, একটা কিছু স্থির কর। আবশুক, কিন্তু ভারত ত্যাপ করিতে তথনও তাঁহার মন সরিতেছিল না। তিনি দেখিলেন, বাঙ্গলা, সীমান্ত প্রদেশ ও যুক্ত প্রদেশে বিবাদ ঘনাইয়া আসিতেছে। ভারতে শান্তির প্রতিশ্রুতি না পাইলে তিনি যাইতে চাহিলেন না। ক্ষেক্থানি চিঠির আদান-প্রদানের পর, অবশেষে গভর্গমেন্টের সহিত ব্যাপড়া হইল এবং ঐ মর্মে এক বিবৃতি প্রচারিত হইল। এই রফা একেবারে শেষ মৃহুর্ত্তে হইল। কোন প্রকারে তাড়াতাড়ি গান্ধিজী গোলটেবিল বৈঠকের প্রতিনিধিদের জন্ম নির্দিষ্ট জাহাত্র ধরিলেন। তথন শেষ ট্রেনও ছাড়িয়া গিয়াছিল,

# (गानए विन देवर्ठक

সিমলা হইতে কলিকাতা পর্যান্ত স্পেশ্যাল ট্রেনের ব্যবস্থা করা হইল এবং যোগাযোগ স্থাপনের জন্ম পথে মন্মান্ত ট্রেন থামাইয়া রাখা হইল।

আমি তাঁহার সহিত সিমলা হইতে বোদ্বাই গেলাম। আগষ্ট মাসের শোষে একদিন প্রভাতে আমি তাঁহাকে বিদায় অভিনন্দন জ্ঞাপন করিলাম; অর্থবপোত তাঁহাকে লইয়, আরব সন্দ্রের মধ্য দিয়া শোশ্চাত্য দেশে যাত্রা করিল। তুই বংস্বের মত আমাদের এই শেষ দেখা।

#### जेट

# (गानए) विन देवर्ठक

যিনি মিঃ গান্ধীকে ভারতে ও লওনের গোলটেবিল বৈঠকে ঘনিষ্ঠ ভাবে দেখিয়াছেন, এমন এব জন ইংরাজ সাংবাদিক সম্প্রতি একথানি পুস্তকে লিখিয়াছেন,—

"মূলতান জাহাজেই নেতৃবৃদ্ধ জানিতেন যে, কংগ্রেসের কার্যাকরী সমিতিতে মিঃ গাদ্ধাব বিরুদ্ধে যড়যন্ত্র রহিরাছে। তাঁহারা আরও জানিতেন যে, সময় উপস্থিত হইলেই কংগ্রেস তাঁহাকে তাড়াইয়া দিবে। কিন্তু কংগ্রেস মিঃ গাদ্ধীকে বাহির করিয়া দিলে সম্ভবতঃ তাঁহার সহিত আদ্ধিক সদক্ষও বাহির হইয়া যাইবে। এই আদ্ধাংশকেই স্তার তেজ বাহাত্বর সঞ্জ এবং মিঃ জয়াকর লিবারেল দলে ভিড়াইতে চাহিয়াছিলেন। তাঁহাদের ভাষায় মিঃ গাদ্ধী "বিভ্রান্তবৃদ্ধি," ইহা তাঁহারা গোপন করিতেন না। একজন "বিভ্রান্তবৃদ্ধি" নেতাকে হাত করা ভাল, কেন না তাঁহার সহিত কোটি কোটি "বিভ্রান্তবৃদ্ধি" অনুচরও পাওয়া যাইবে। "\*

\* শ্লেরনি বোলটনের "দি ট্রাঞ্চেডি অব গাখী" হইতে। উক্ত অংশ অ মি ঐ পুত্তকের সমালোচনা হইতে লইয়াছি; কেন না তখনও উহা আনার পড়িবার হবিধা হয় নাই। আমার বিশাস, ইহাতে গ্রন্থকার বা উদ্ধৃত অংশে উলিবিত ব্যক্তিদের প্রতি আসি কোন অবিগার করি নাই। •••••এই লেখা শেব হইবার পর আমি পুত্তকখান। পড়িরাছি। মিঃ বোলটনের অনেক বর্ণনা ও প্রতিপাস্ত বিষয় আমার মতে সম্পূর্ণ অগোক্তিক। কার্য্যকরী সমিতি দিল্লী-সন্ধির আলোচনাকালে এবং পরে কি করিয়াছিল না করিয়াছিল, তাহা লইয়া বিশেষভাবে এবং অক্তান্ত ব্যাপারের বর্ণনাতেও অনেক ভূল আছে। আর একটি কোতুককর বন্ধনা এই বে, মিঃ বল্লছছাই প্যাটেল, ১৯৩১-এ কংগ্রেদের সভাপতি পদ ও নেতৃত্বের জন্ত মিঃ গানীর

#### ज्ञहत्रमाम (नर्क

আমি জানি না, উদ্ধৃত বাক্যাংশের মধ্যে শুর তেজ বাহাত্র সঞ্জমি: জয়াকর অথবা ১৯৩১-এ গোলটেবিল বৈঠকে যাত্রী অক্সান্ত প্রতিনিধিদের
মতামত কতথানি আছে। ভারতীয় রাজনৈতিক ঘটনার সহিত সংশ্রবহীন,
বে কোন ব্যক্তি, তিনি সাংবাদিকই হউন আর নেতাই হউন, এই শ্রেণীর
বর্ণনা দিতে পারেন, তাহাতে বিশ্বয়ের কিছুই নাই। কিছু বিবরণটি
পড়িয়া আশ্চর্য্য হইয়াছিলাম। আমি পূর্ব্বে কখনও এরপ অভুত কথা
ঘুণাক্ষরেও শুনি নাই, যদিও তাহা বুঝা কঠিন নহে, কেন না পরে
অধিকাংশ সময়ই আমি কারাগারে ছিলাম।

প্রতিষ্থিত। করিয়াছিলেন। কিন্তু কার্য্যতঃ গত ১৫ বৎসর ধরিয়া কংগ্রেসে ( এবং সমর্ম্ম দেশেও ) মিঃ গান্ধীই সর্ব্যাপেকা শক্তিশালী, কংগ্রেসের কোন সভাপতিই সে স্থান পাইতেন না। তিনি সভাপতি সৃষ্টি করিতেন, তাঁহার নির্দেশেই নির্ব্যাচন হইত। বহবার তিনি সভাপতির পদ প্রত্যাব্যান করিয়াছেন এবং তাঁহার কোন সহকর্মী অথবা অমুগামীর নাম প্রস্তাব করিয়াছেন। তাঁহার জন্মই আমি কংগ্রেসের সভাপতি হইয়াছিলাম, তিনি স্বর্গ্ধ নির্বাচিত হইয়াও, তাঁহার পরিবর্গ্ধ আমাকেই নির্বাচিত করেন। সাধারণ অবহার নিং বরভভাই প্যাটেলের নির্বাচন হয় নাই। তথন আমরা দল্য কারাগার হইতে বাহিরে আদিয়াছি, অধিকাংশ কংগ্রেস কমিটি তবন বে-আইনী, কাজেই সাধারণভাবে কাজ চলিতে পারে না। সেই জন্ম কার্য্যকরী সমিতি কংগ্রেসের সভাপতি নির্বাচনের ভার লইয়াছিলেন। মিঃ বরভভাই প্যাটেল স্বর্গ্ণ এবং অন্থান্ত সমন্ত সদন্ত একবোগে মিঃ গান্ধীকে সভাপতি হইবার জন্ম অনুরোধ করিলেন। তিনি বদিও কার্যাতঃ কংগ্রেসের মাথা, তথাপি নামেও তিনি অস্ততঃ এই সঙ্কটের সমন্ত্র সভাপতি হউন, ইহা সকলের ইচ্ছা ছিল। তিমি রাজী হইলেন না এবং মিঃ বলভভাই প্যাটেলকে গ্রহণ করিবার জন্ম লিদ দেখাইলেন। আমার মনে আছে, এই সময় একজন ওাহাকে বলিয়াছিলেন বে, তিনি মুসোলিনীর মত একজনকে সাময়িকভাবে রাজা বা বড়কর্ত্তা করিয়া রাখিতে চাহেন।

পাদটীকায় মিঃ বোলটনের নানা শ্রেণীর ভূল বারণার আলোচনা সন্তবপর নহে। তাঁহার বারণা যে, পিতা কোন ইংরাজ রাবের সদস্ত না হইতে পারিয়াই রাজনৈতিক মত পরিবর্ত্তন করেন; তিনি চরমপত্নী ত হইলেনই, এমন কি, ইংরাজ সমাজের নিকটেও বেঁসিতেন না। বহুবার কণিত হইলেও, এই কাহিনী আগাগোড়া মিগ্যা। আসল ঘটনা অতি ভূচ্ছ, তবে রহস্ত নিরসনের জন্ম আমি উহা উল্লেখ করিতেছি। তিনি আইন ব্যবসায় আরম্ভ করিবার সময় এলাহাবাদ হাইকোর্টের প্রধান বিচারণতি স্তর জন এক্ষ'এর প্রিয়পাত্র হইয়াছিলেন। স্তর জন কাহাকে এলাহাবাদ (ইউরোপীয়ান) ক্লাবের সদস্ত হইতে বলিলেন এবং বয়ং তাঁহার নাম প্রস্তাব করিতে চাহিলেন। আমার পিতা তাঁহাকে এই সদয় উপদেশের জন্ম বস্তুরাদ দিয়া বলিলেন বে, ইহাতে পোলমাল হইতে পারে। অনেক ইংরাজ তিনি ভারতীয় বলিয়া আপত্তি করিবেন এবং তাঁহার বিশ্বজ্ব ভোট দিবেন। যে কোন সামরিক কর্মচারী হয় ত প্রোক্ষে তাঁহার নিন্দা করিবেন; এই অবস্থার তিনি নির্বাচনপ্রার্থী হইতে চাহেন না। স্তর জন তথন বলিলেন যে, তাঁহার নাম প্রস্তাব হইলে তিনি তাহা এলাহাবাদ বিভাগের

### शामदेविन देवक

কাহারা ষড়বন্ধকারী এবং তাহাদের উদ্দেশ্য কি ছিল ? কেহ কেহ বলিতেন আমি ও সভাপতি বল্লভভাই প্যাটেল কাৰ্য্যকরী সমিতিতে সর্ব্বাপেক্ষা উগ্রপন্থী ছিলাম। অতএব, আমার ধারণা, আমাদিগকেই ষ্ড্যন্ত্রের নেতারূপে গণনা করা হইয়া থাকিবে। সম্ভবতঃ সমগ্র ভারতে বল্লভভাই অপেকা গান্ধিজীর অধিক বিশ্বস্ত সহযোগী আর কেই নাই। শক্তিশালী ও অদমা কর্মী হইয়াও বল্পভভাই গান্ধিজীয় ব্যক্তিত্ব, আদর্শ ও কর্মনীতির একান্ত ভক্ত। আমি সে ভাবে গান্ধিজীর আদর্শ গ্রহণ না করিলেও দীর্ঘকাল তাঁহার সহিত ঘনিষ্ঠভাবে কাজ করিয়াছি; তাঁহার বিরুদ্ধে আমি ষড়যন্ত্রের চিন্তা পর্যান্ত করিতে পারি, এই ধারণা কত মিথ্যা। সমগ্র কার্য্যকরী সমিতি সম্পর্কেই এই কথা বলা চলে। এই সমিতি কার্যতঃ তাঁহার নিজের সৃষ্টি, তিনি সহকন্মীদের সহিত পরামর্শ করিয়া সদস্ত মনোনীত করিয়াছেন, নির্বাচন তাহার পরে আফুষ্ঠানিক ব্যাপাব মাত্র। এই সমিতির মেরুদণ্ড বাহারা, তাঁহারা বহু বংসর ধরিয়াই কার্য্যতঃ স্থায়ী সদস্তরপেই রহিয়াছেন। তাঁহাদের মধ্যে রাজনৈতিক মতভেদ ছিল. দষ্টিভন্দী ও বাক্তিগত মেজাজের পার্থকাও ছিল, কিন্তু দীর্ঘকাল ধবিয়া একই কর্মক্ষেত্রে একট দায়িত্ব স্বীকার করিয়া, একট বিম্নবিপদ বরণ করিয়া তাঁহারা পরস্পরের সহিত মিশিয়া গিয়াছেন। তাঁহার। পরস্পরের বন্ধু স্থা সহক্ষী এবং একে অন্তের প্রতি শ্রদ্ধাসম্পন্ন। তাঁহারা বিভিন্ন ব্যক্তির সমবায় নহেন, পরম্পর অঙ্গাঞ্চী সম্বন্ধে আবদ্ধ। অতএব, এথানে একের বিরুদ্ধে অপরের যড়ধন্ত্রের কথা ধারণারও অতীত। গান্ধিজীই সমিতির পরিচালক এবং দকলেই তাঁহার পরামর্শের অপেক। রাথেন। বহুবর্ষ ধরিয়া ইহাই हिन्दिल्ह : वद्गः ১৯৩०-এর আন্দোলনের সাফল্যে, ১৯৩১ সালে উহা আরও বেশী হইয়াছিল।

বিপেডিয়ার জেনারেলকে দিয়া সমর্থন করাইবেন। যাহা ছউক এবশেষে ব্যাপারটা চাপা পড়িল, আমার পিতার নাম প্রস্তাব করা হইল না, তিনি ইচ্চা করিয়া অপমানের দায়ির লইতে প্রস্তুত হইলেন না। এই ঘটনায় ইংরাজদের প্রতি তাঁহার মন তিক্ত হওয়া ত দ্রের কথা, শুর জন এবং পরে বছবর্ধ ধরিয়া অশাশ অনেক ইংরাজের সহিত তাঁহার ঘনিষ্ঠতা ও বজুত বৃদ্ধি হইয়াছিল। এই ঘটনা বিগত শতাকীর শেষ দশকে ঘটে, এবং তাহার পিটিশ বৎসর পর তিনি রাষ্ট্রক্তেরে অগ্রপামী ও অসহযোগী হন। তাঁহার এই পরিবর্তনও আক্মিক নহে। পাঞ্লাবের সামরিক আইন ও মহাস্মা গান্ধীর প্রভাবেই ইহা সম্ভবপর হইয়াছিল। ইহার পরেও তিনি ইচ্ছা করিয়া ইংরাজ সমাজের সংশ্রুব বঙ্কন করিতেন না। কিন্তু যেথানে ইংরাজগণ অধিকাংশই সরকারী কর্মচারী, সেথানে অসহযোগ ও আইন অমান্তের জন্ম সামাজিক মিলন সম্ভবপর হয় নাই।

### ज ওহরলাল নেহর

"উগ্রপদ্বীদের" তাঁহাকে কার্য্যকরী সমিতি হইতে "বহিছত" করিবার কি উদ্দেশ্য থাকিতে পারে ? তিনি সর্ব্ধাই আপোষ করার জন্ম অহকুল, অতএব ভারস্বরূপ, হয় ত এইরূপ ধারণা ছিল। কিন্তু তাঁহাকে বাদ দিলে আমাদের সংগ্রামের মূল্য কি, কোথায় থাকিত আইন অমান্য আর কোথায় থাকিত সত্যাগ্রহ ? এই আন্দোলনের তিনি জীবন্ত অংশ, অথবা তিনিই বিগ্রহরূপী আন্দোলন । আমাদের সংগ্রামের প্রত্যেক ব্যাপারই তাঁহার উপর নির্ভর করিয়াছে। অবশ্য জাতীয় আন্দোলন তাঁহার স্বৃষ্টি নহে, কোন ব্যক্তি-বিশেষের উপর তাহা নির্ভর করে না, তাহার মূল গভীর। কিন্তু বৃহৎ আন্দোলনের কোন এক বিশেষ প্রকাশ, যেমন নিরুপদ্রব প্রতিরোধ তাঁহারই স্বৃষ্টি। তাঁহার সহিত স্বতন্ত্র হওয়ার অর্থ বর্ত্তমান আন্দোলন বর্জন করিয়া আবার নৃত্তন ভিত্তির উপর তাহা গড়িয়া তোলা। এরূপ কাজ সব সময়েই কঠিন, ১৯৩১-এ কেহু একথা চিন্তাও করিতে পারিত না।

কোন কোন লোকের মতে আমরা ১৯০১-এ তাঁহাকে কংগ্রেস
ইংতে তাড়াইয়া দিবার ষড়যন্ত্র করিয়াছিলাম একথা ভাবিতেও কৌতুক
বোধ হয়। যাঁহাকে সামান্ত ইঙ্গিত করিলেই সরিয়া দাঁড়াইবেন, তাহার
জন্ত ষড়যন্ত্রের আবশুক কি! তিনি অবসর গ্রহণ করিবেন এমন প্রস্তাব
মাত্রেই কাযাকরী সমিতি, এমন কি, সমগ্র দেশ ক্ষ্ম হইয়া উঠে। তিনি
আমাদের আন্দোলনের সহিত এমন ভাবে ছড়িত যে, তিনি আমাদের
পরিত্যাগ করিবেন এ চিন্তা পর্যান্ত অসহনীয়। আমরা তাহাকে লগুনে
পাঠাইতে ইতন্ততঃ করিয়াছিলাম, কেন না তাঁহার অনুপস্থিতিতে সমস্ত
ভার আমাদের উপর পড়িত এবং আমরা তাহার পরিণাম ভাল বোধ
করি নাই। তাঁহার দ্বন্ধেই সমস্ত ভার নিক্ষেপে আমরা অভ্যন্ত হইয়া
উঠিয়াছিলাম। কার্যাকরী সমিতি এবং তাহার বাহিরে আমাদের অনেকের
সহিত গান্ধিজীর সম্পর্ক এরূপ যে, কোন ব্যাপারে তাঁহার নিকট সামগ্রিক
স্থিবিধা আদায় করা অপেক্ষা ব্যর্থ হওয়াই আমরা ভাল বিবেচনা
করিতাম।

গান্ধিজী "বিভান্তবৃদ্ধি" কি না দে বিচারের ভার আমরা মভারেট বন্ধুদেরই দিলাম। একথা সত্য যে, তাঁহার রাজনীতি অনেক সময়েই দার্শনিক এবং ব্রা কঠিন। কিন্তু তিনি যে কাজের মান্ত্য, তাঁহার সাহস যে অনক্তসাধারণ, একমাত্র তিনিই যে জাতির পক হইতে প্রতিশ্রুতি দিতে সক্ষম, ইহা বহুবার প্রমাণিত হ্ইয়াছে। এবং "বিভান্তবৃদ্ধির" যদি ইহাই কর্মপরিণত ফল হয়, তাহা হইলে মৃষ্টিমেয় ব্যক্তির মধ্যে যাহার আরম্ভ ও শেষ, কেবল আলোচনাতেই পর্যবৃদ্ধিত দেই "বান্তব

### (गानए विन देवर्क

রাজনীতির" সহিত তুলনায় নিশ্চয়ই উহা মন্দ নতে। তাঁহার কোটি অফুগামীও যে "বিভাস্তবৃদ্ধি" একথাও সতা, কেন না তাহারা রাজনীতিও বৃঝে না শাসনতন্ত্রও বৃঝে না; তাহারা দৈনন্দিন জীবনের প্রয়োজন অশন, বসন, মাচ্ছাদন জমি-জিরাতের দিক দিয়াই চিস্তা করিতে পারে।

থাতনামা বিদেশী দাংধাদিক, খাঁহার। মানবপ্রকৃতি পর্যাবেশণ করিতে নিপুন, তাঁহারা ভারতে আদিলেই ঘুলাইয়া যান, ইহা আমাব নিকট দর্বনাই আশ্চর্যাবোধ হয়। প্রাচ্য একেবারেই স্বতম্ব এবং দাধারণ মাপকাঠিতে তাহার বিচার হইতে পারে না; শৈশবের এই বদমূল ধারণাই কি ইহার কারণ ? অথবা ইংরাজেব ক্ষেত্রে ইহা কি দামাজ্যের বজ্রবন্ধন, যাহা তাঁহাদের দৃষ্টিকে নিয়ন্ত্রিত এবং মন্তক বিকৃত করিয়া ফেলে! যত ক্ষম্ভব কথাই হউক না কেন, কিছুমাত্র আশ্চর্যা না হইয়া তাঁহার। বিশ্বাদ করিয়া বদেন, কেন না রহস্তময় প্রাচ্যে দকলই সম্ভব। সময় সময় তাঁহাদের রচিত পুস্তকে সত্য বিবরণ লিথিবার দক্ষতার পরিচয় পাওয়া যায়, ক্ষোপক্থনের নি হুল বিবরণভ থাকে, কিন্তু মাঝে নাঝে অতি বিশ্বয়কর ভ্রান্থি উহার সহিত মিশাইয়া দেওয়া হয়।

১৯৩১-এ গান্ধিজীর ইউরোপ যাত্রার পরেই লণ্ডনের কোন সংবাদপত্তের পাারীর বিখ্যাত দংবাদদাতার রচিত একটি প্রন্ধ পড়িয়াছিলাম বলিয়া স্মরণ হয়। এই প্রবন্ধটি ভারতের বিষয় লইয়া রচিত, প্রসঙ্গতঃ লেথক একটি ঘটনার উল্লেখ করিয়াছেন। তাঁহার মতে, ১৯২১-এ অসহযোগ আন্দোলনের সময় যুগন যুবরাজ ভারতে আসিয়াছিলেন, তথন ঐ ঘটনা ষ্টিয়াছিল। তিনি লিখিতেছেন, কোন এক স্থানে (সম্ভবতঃ দিল্লী) মহাত্মা গান্ধী অপরের অজ্ঞাতসারে একান্ত নাটকীয় ভাবে সমুথে আসিয়া হাঁটু গাড়িয়া বসিলেন এবং যুবরাজের পদ্ভয় ধরিয়া রোদন করিতে করিতে তাঁহার নিকট এই নিরানন্দ দেশের জন্ত শান্তি ভিক্ষা চাহিলেন। আমরা কেহ, এমন কি গান্ধিজীও কথনও এই চমংকার গল্পটি শোনেন নাই। আমি উক্ত সাংবাদিক মহাশয়ের নিকট পত্র লিথিয়া দব জানাইলাম। পত্রোত্তরে তিনি তুংথপ্রকাশ ক্রিয়াছিলেন, কিন্তু লিখিয়াছিলেন যে, তিনি বিশ্বস্তুত্তে উহা অবগত হইয়াছেন। আমার নিকট আশ্চর্য্য এই যে, এমন একটা আজগুবী গল্প তিনি অফুসন্ধান না করিয়াই বিশ্বাস করিলেন, অথচ যিনি গান্ধী, কংগ্রেস, ভারতবর্ষ সম্বন্ধে কিছু জানেন, তিনি কিছুতেই ইহা বিশাস করিবেন না। তুর্ভাগ্যক্রমে একথা সত্য যে, অনেক ইংরাজ দীর্ঘকাল

#### जंखरत्नान मिर्क

ভারতে থাকিয়াও কংগ্রেস, গান্ধী অথবা এদেশ সম্বন্ধে কিছুই জানেন না। কেন্টারবেরীর আর্ক-বিশপ সহসা মুসোলিনীর মাথার উপর চড়িয়া বসিয়া পা দোলাইতে দোলাইতে আশীর্কাদ করিতে লাগিলেন, সেই কর্মিত গল্পের সহিত ঐ অবিশ্বাস্থ ও হাস্থকর গল্পটির তুলনা চলিতে পারে।

শহ্মতি সংবাদপত্রে অন্তপ্রকার একটি গল্প প্রচারিত হইয়াছে। গান্ধিজীর হাতে কোটি কোটি টাকা আছে, এগুলি তিনি গোপনে বকুদের নিকট গচ্ছিত রাথিয়াছেন; কংগ্রেস এই টাকার লোভে তাঁহার অন্তগত থাকে। কংগ্রেসের সর্বকাই ভয়, গান্ধিজী সদস্তপদ ত্যাগ করিলে এই টাকা হাতছাড়া হইবে। এই গল্পটিও হাস্তকর, কেন না তিনি কথনও নিজের হাতে বা বন্ধুদের কাছে টাকা গচ্ছিত রাথেন না, যাহা তিনি সংগ্রহ করেন, তাহা সাধারণ প্রতিষ্ঠানে দিয়া দেন। তাঁহার স্বাভাবিক 'বানিয়া' বৃদ্ধিবশতঃ তিনি সাবধানতা সহকারে হিসাব রাথেন এবং তাঁহার সংগৃহীত সমস্ত টাকার হিসাব, হিসাব-পরীক্ষকগণ কর্ত্বক পরীক্ষান্তে সাধারণে প্রচার করা হয়।

১৯২১ সালে কংগ্রেসের জন্ত যে এক কোটি টাকা সংগৃহীত হইয়াছিল, সেই স্মরণীয় কাহিনী হইতে এই শ্রেণীর গল্প প্রচারিত হইয়াছে। টাকার অন্ধটা শুনিতে বড়, কিন্তু সমস্ত ভারতের নানাকাজে ছড়াইয়া দিলে কিছুই নয়—জাতীয় বিশ্ববিষ্ঠালয় ও স্কুল, কুটির-শিল্পের উল্লভি, খদর প্রচার, অস্পৃষ্ঠতা বর্জন এবং অন্যান্ত গঠনমূলক কাজে ইহা বায় इडेग्राइ। অধিকাংশ টাকাই বিশেষ উদ্দেশ্যের জন্ম দেওয়া इडेग्नाছिল, তাহা এখনও বিশেষ কাজের রক্ষিত ধনভাগুাররূপে বাদবাকী টাকা স্থানীয় কমিটিগুলি কংগ্রেসের গঠনমূলক ও রাজনৈতিক কার্যো বায় করিয়াছে। অসহযোগ আন্দোলনে এবং পরবর্ত্তী কয়েক বংসরের কংগ্রেসের কাজে ইহা ব্যাঃ হইয়াছে। আমাদের এই দরিত দেশে গান্ধিজীর শিক্ষাগুণে আমরা অতি অল্ল থরচে রাজনৈতিক আন্দোলন চালাইয়া থাকি। আমাদের অধিকাংশ কাজই সকলে স্বেচ্ছায় করিয়া থাকেন; বেখানে অর্থ দেওয়া হয়, তাহা কায়ক্লেশে জীবনধারণ করিবার বেশী নহে। আমাদের ভাল ভাল কর্মীরা, যাহারা বিশ্ববিভালয়ের উচ্চশিক্ষিত যুবক এবং যাহাদের পরিবার প্রতিপালন করিতে হয়, তাহারাও ইংলণ্ডে বেকারেরা যে ভাতা পায়, তদপেকাও কম ভাতা লইয়া থাকেন। গত পনর বংসর কংগ্রেসের আন্দোলন যত অল্প ব্যয়ে চালান হইয়াছে, কোন দেশের রাজনৈতিক বা শ্রমিক আন্দোলন তত কম খরচে চলে কিনা সন্দেহ। কংগ্রেসের সমস্ত টাকার ঘথায়থ

### গোলটেবিল বৈঠক

হিসাব রাখা হয় এবং প্রতি বংসর পরীক্ষিত হিসাব প্রকাশ করা হয়। ইহার মধ্যে কিছু গোপন করা হয় না। তবে আইন অমান্ত আন্দোলনের সময় যথন কংগ্রেস বে-আইনী ঘোষিত হইয়াছিল, তথন ইহা সম্ভবপর হয় নাই।

গান্ধিজী কংগ্রেসের একমাত্র প্রতিনিধি হিসাবে গোলটেবিল বৈঠকে যোগ দিবার জন্ম লগুনে চলিয়া গেলেন। আমরা দীর্ঘ আলোচনার পর স্থির করিলাম যে, আর কোন প্রতিনিধি পাঠান হইবে না। এই সক্ষটের সময় বাঁহারা স্থকৌশলে কাক্ষ করিতে পারিবেন, তাঁহাদের ভারতে রাখারও আবশুক ছিল। লগুনে গোলটেবিল বৈঠক বসিলেও আসল কেন্দ্র ভারতে এবং এখানকার ঘটনা লগুনেও অনিবার্ঘা প্রতিক্রিয়া সৃষ্টি করিবে। কংগ্রেসের প্রতিষ্ঠানগুলি যথায়থ ভাবে রক্ষা করিয়া যাহাতে কোন অপ্রীতিকল ঘটনা না ঘটে, সে জন্ম আমরা সাবধানতা অবলম্বন করিলাম। অবশ্য একজন মাত্র প্রতিনিধি প্রেরণের ইহাই প্রধান কারণ নহে। যদি আমরা প্রয়োজন বৃঝিতাম, তাহা হইলে আমরা আরও প্রতিনিধি পাঠাইতমে। বিশেষ বিবেচনা করিয়াই আমরা তাহা করি নাই।

শাসনতন্ত্রের খুঁটিনাটি ব্যাপারগুলি আলোচনার জন্ম আমরা বৈঠকে প্রতিনিধি প্রেরণ করি নাই। শাথাপ্রশাথা নইয়া চিন্তা করার আমাদের অভিপ্রায় ছিল না, কেন না মূল বিষয়গুলি লইয়া ব্রিটশ গভর্ণমেণ্টের সহিত কোন বুঝাপড়া হইয়া গেলে এগুলি আলোচনা করার যথেষ্ট অবসর পাওয়া যাইবে। আসল প্রশ্ন, কতথানি ক্ষমতা গণতান্ত্রিক ভারতকে (म ७३। इटेरव: উহার মীমাংসা হইয়। গেলে যে কোন আইনজীবী বিস্তারিত ব্যাপারের থসড়া রচনা করিতে পারেন। মূল বিষয়গুলি সম্পর্কে কংগ্রেদের ধারণা অতিশয় স্পষ্ট ছিল, তর্ক ও আলোচনার ইহাতে বিশেষ অবকাশ ছিল না। কংগ্রেদের পক্ষের কথা বলিবার জন্ম আমাদের একজন প্রতিনিধি—আমাদের নেতাকে প্রেরণ করাই একমাত্র মর্যাদার পথ। তিনি আমাদের দাবীর অপরিহার্য্য যৌক্তিকতা দেখাইবেন এবং সম্ভব হইলে ব্রিটিশ গভর্ণমেন্টকে তাহা স্বীকার করাইতে চেষ্টা করিবেন। আমরা জানিতাম, ইহা স্থকঠিন কাজ, কিন্তু অবস্থামুসারে উহা ছাড়া অন্ত পথ ছিল না। আমাদের আদর্শ ও নীতি ঘাহা আমরা সকল করিয়া গ্রহণ করিয়াছি, এবং যেগুলি আমরা আন্তরিকভাবে বিশাস ক্রি, কোন অবস্থাতেই তাহা পরিত্যাগ করিতে পারি না। যদি কোন আশ্র্যা উপায়ে ঐ দকল মূলনীতির ভিত্তিতে আপোষ সম্ভব হয়, তাহা **इहेरल खर्निंहे** विषय श्वित कतिए कानहे दिश शहेरक हेरेदि ना :

### ज ওহরলাল निर्म

আমরা নিজেদের মধ্যে স্থির করিয়াছিলাম যে, যদি আপোষ কছক হয়, তাহা হইলে গান্ধিজী আমাদের কয়েকজনকে অথবা কার্যকরী সমিতির সমস্ত সদপ্রকে লণ্ডনে আহ্বান করিবেন, আমরা গিয়া বিস্তৃত আলোচনায় যোগ বিব। আমবা এই আহ্বানের জন্ম প্রস্তুত হইয়া রহিলাম; প্রয়োজন হইলে বিমান পথে গিয়াও আমরা দশ দিনের মধ্যে তাঁহার সহিত যোগ দিতে পারি।

আর যদি মূল বিষয়েই আপোষ না হয়, তাহা হইলে বিস্তারিত আলোচনার প্রশ্নই উঠে না; এবং বৈঠকে অধিকসংখ্যক কংগ্রেসের প্রতিনিধি প্রেরণের কথাও উঠে না। শ্রীযুক্তা সরোজিনী নাইডু বৈঠকে যোগ দিয়াছিলেন। তবে তিনি কংগ্রেসের প্রতিনিধিরূপে যান নাই। তিনি ভারতের স্থী-জাতির প্রতিনিধিরূপে আমন্ত্রিতা হইয়াছিলেন, এবং কার্যকেরী সমিতি তাঁহাকে যোগ দিবার অহুখতি দিয়াছিলেন।

যাহা হউক এই ব্যাপারে আমাদের ইচ্ছামত কাজ করিবার অভিপ্রায় বিটিশ গভর্গমেণ্টের ছিল না। মূল বিষয়গুলির আলোচনা স্থূগিত রাথিয়া তাঁহারা বৈচকে ক্ষুদ্র ক্ষুদ্র এবং অবান্তর বিষয়ের আলোচনার কৌশল অবলম্বন করিলেন। এমন কি, যথন কোন মূল প্রশ্ন উঠে, তথন গভর্গমেণ্ট কোন নিশ্চিত মত প্রকাশ করিতে অম্বীকার করেন; কেবল প্রতিশ্রুতি দেন যে, এ বিষয়ে পাকাপাকি ঠিক হইলে তাহার পর গভর্গমেণ্ট মত ব্যক্ত করিবেন। অবশ্য তাঁহাদের হাতে প্রধান অস্ব ছিল সাম্প্রদায়িক সমস্যা—এই অস্ব তাঁহারা ভালভাবেই প্রয়োগ করিয়াছেন। ইহাই সম্মেলনে স্ক্রাপেকা মুখ্য হইয়া উঠিয়াছিল।

বৈঠকের অধিকাংশ ভারতীয় সদস্যই অনেকে স্বেচ্ছায়, কেহ বা অনিচ্ছায় এই সরকারী কৌশলজালের মধ্যে পড়িলেন। বৈঠকে সকলে পরম্পর বিচ্ছিন্ন, অধিকাংশই "আপ্রেক ওয়ান্তে"—প্রকৃত প্রতিনিধি অল্প। তুই চার জন যোগা ও শ্রন্ধেয় বাক্তি ছিলেন, অধিকাংশ সম্পর্কে একথা বলা চলে না। মোটের উপর, ইহারা ভারতের রাজনৈতিক ও সামাজিক প্রগতিবিরোধী অংশের প্রতিনিধি। ইহারা এত পশ্চাদ্পদ ও প্রতিক্রিয়াশীল যে, ইহাদের মধ্যে অতি সাবধানী ও ধীরপ্রকৃতি ভারতীয় মডারেটদিগকেও উন্নতিশীল বলিয়া মনে হইত। যাহারা উন্নতিও আপ্রয়ের জন্ম ব্রিটিশ সামাজানীতির সহিত সমস্বার্থত্তের সম্বন্ধ, ভারতীয় সেই সকল বিভিন্ন কায়েমী স্বার্থের উহারা প্রতিনিধি। ইহা ছাড়া, সাম্প্রদায়িক দিক হইতে 'সংখ্যা গরিষ্ঠ' 'সংখ্যা লঘিষ্ঠ' ইত্যাদি দলের প্রতিনিধিও ছিল। এই সকল উচ্চ শ্রেণীর ঐক্যবিরোধী ব্যক্তিরা

# दमान टिविन देवर्ठक

কিছুতেই নিজেদের মধ্যে কোন আপোৰ রফা না করিতে দৃঢ়প্রতিজ্ঞ। ইহার৷ পুরাপুরি প্রতিক্রিয়াশীল; রাজনৈতিক অধিকার বর্জন করিয়াও সাম্প্রদায়িক স্থবিধালাভই ইহাদের একমাত্র লভা। অবশ্র ইহারা মুখে घाषणा कतिरा नार्शिन ११, जाशानत माध्यमाधिक मारी माखायक्रमक ভাবে পূর্ণ না ৷হইলে তাহার৷ আর এক দফা রাজনৈতিক স্বাধীনতা লাভ করিতে সমত হইবে না। ইহা এক অভ্তপূর্বে দৃগ্য । পরাধীন জাতির ষে কত অধঃপতন হইতে পারে, তাহারা কি ভাবে নিজেদের সাম্রাজ্য-নীতির দ্যুতক্রীড়ার পণ্যরূপে অবাধে ব্যবহার করিতে পারে, ইহা তাহার এক অতি শোচনীয় দৃষ্টান্ত। অবশ্য এই সকল হাইনেসগণ, লর্ডগণ, নাইটিগণ বা অন্থান্ত থেতাবধারীরা নিশ্চয়ই ভারতের প্রকৃত প্রতিনিধি নহেন। গোলটেবিল বৈঠকের এই সকল প্রতিনিধি সকলেই ব্রিটিশ গভর্ণমেণ্টের মনোনীত এবং তাঁহাদের স্বার্থের দিক হইতে গভর্ণমেণ্ট ভাল লোকই বাছিয়া লইয়াছিলেন। তথাপি ব্রিটশ কর্ত্তপক্ষ আমাদের এইভাবে ব্যবহার ও কাজে লাগাইতে পারেন, ইহা আমাদের চুর্বলতারই পরিচায়ক। কত সহজে তাহাদিগকে ভুলাইয়া পরস্পারের কাজ পণ্ড করিবার কাজে नागारेग्रा (म ७ग्रा गांग्रा! आमारमत উচ্চত্রেণী এখন সাম্রাজ্যবাদী শাসকদের মতবাদে আচ্চন্ন এবং তাঁহাদের ইন্ধিতেই চালিত হইয়া ্থাকে। তাঁহারা কি ইহা দেখিতে এবং বুঝিতে পারেন না? অথবা তাঁহারা স্পষ্টভাবে সব বুঝিয়াই গণতম্ব ও স্বাধীনতার ভয়েই উহা জ্ঞাতসারে গ্রহণ করেন ?

কায়েনী স্বার্থবাদীদের এই বৈঠকে, যেথানে সামাজ্যবাদী, সামস্থতন্ত্রী মৃলধনী বণিক, ধান্মিক, সাম্প্রদায়িকতাবাদী সকল শ্রেণীর সমাবেশ, সেখানে ব্রিটিশ ভারতীয় প্রতিনিধি দলের নেতৃত্ব আগা থার ক্রায় যোগ্যপাত্রেই অপিত হইয়ছিল। কেন না তাহাতে একাধারে কমবেশী ও সকল বিভিন্ন স্থাথের সমাবেশ আছে। আজীবন তিনি ব্রিটিশ সামাজ্যবাদ ও ব্রিটিশ শাসকশ্রেণীর সহিত ঘনিষ্ঠভাবে মিশিয়াছেন। তিনি অধিকাংশ কাল ইংলণ্ডেই বাস করেন, কাজেই আমাদের শাসকগণের স্থার্থ ও মত তিনি ভালভাবেই ব্যক্ত করিতে পারেন। গোলটেবিল বৈঠকে তিনি সামাজ্যবাদী ইংলণ্ডের একজন যোগ্য প্রতিনিধি হইতে পারিতেন; কিন্তু অদৃষ্টের এমনি নিষ্ঠ্র পরিহাস যে, তিনিই বেন ভারতের যথার্থ প্রতিনিধি।

বৈঠকে আমাদের বিরুদ্ধ পাল্লাই অতিমাত্রায় ভারী, উহাতে আমাদের প্রত্যাশার কিছুই রহিল না, দৈনন্দিন আলোচনার সংবাদে আমরা ক্রমশঃ

### ज अर्जनांन ज्यस्त

বিরক্ত হইয়া উঠিলাম। আমরা দেখিলাম, জাতীয় ও অর্থ নৈতিক সমস্তাগুলি লইয়া অসম্বন্ধ ও অক্ষম আলোচনার ভাণ. চুক্তি, ষড়য**ন্ত্র** ও প্রলোভন স্থাল বিস্তার, ব্রিটিশ রক্ষণশীল দলের অতিমাত্রায় প্রগতিবিরোধীদের সহিত আমাদের কতিপয় স্থাদেশবাসীর মিলন, সামাত্ত ব্যাপার লইয়া বিরামহীন আলোচনা, প্রক্লত কাজের কথা ইচ্ছা করিয়া স্থগিত রাথা, ব্রিটিশ সামাজ্যবাদ ও বৃহৎ কায়েমী স্বার্থের ইঙ্গিতে ক্রমাগত যন্ত্রের মত পরিচালিত হওয়া. পরস্পরের দোষদর্শন এবং মাঝে মাঝে খানাপিন। ও পরস্পরের গুণকীর্ত্তন। ইহা কেবল ব্যক্তিগত স্বার্থসিদ্ধির চেষ্টা—বড় চাকুরী, ছোট চাকুরী, চাকুরী ও আইন সভার আসন হিন্দু, মৃসলমান, শিথ, আাংলো-ইণ্ডিয়ান, ইউরোপীয়ান কে কত পাইবে তাহার ভাগাভাগি; কিন্তু সমস্তই উচ্চশ্রেণীর ভাগে পড়িবে. জনসাধারণের ইহাতে কিছুই নাই। স্থবিধাবাদীদের পোয়াবার, বিভিন্ন দল যেন ক্ষৃধিত নেক্ডের মত নৃতন শাসনতন্ত্রের মাংসথগু পাইবার জন্ম বিচর্ণ করিতেছে। স্বাধীনতার অর্থ ইহাদের নিকট ব্যক্তিগত স্বার্থসিদ্ধির ক্ষেত্র প্রসারিত করা, ইহার নাম "ভারতীয় করণ" অর্থাৎ সমর বিভাগ ও সিভিল সাঝিস ইত্যাদিতে অধিকসংখ্যায় ভারতীয়দের চাকুরীর ব্যবস্থা। স্বাধীনতার কথা, গণতান্ত্রিক ভারতের হত্তে ক্ষমতা অর্পণের কথা, ভারতীয় জনসাধারণের অতি মর্মান্তিক অর্থনৈতিক সমস্রাগুলি সমাধানের কথা কেহই চিস্তা করিলেন না। ইহার জন্মই কি ভারত এমন সাহসের সাহত সংগ্রাম করিয়াছে ? আদর্শবাদ ও আত্মোৎসর্গের নিশ্মল আলোক হইতে কি আমরা এই তম্পাবৃত রাজ্যে প্রবেশ করিব ?

দেই স্থরঞ্জিত জনপূর্ণ কক্ষে গান্ধিজী বসিয়া—নিঃসঙ্গ, একক। তাঁহার পোষাক অথবা পোষাকের একান্ত অভাব অন্যান্ত সকলের সহিত তাঁহার পার্থক্য ঘোষণা করিতেছিল; কিন্তু ঐ সকল উৎকৃষ্ট বেশভৃষা পরিহিত ব্যক্তিগণের সহিত চিন্তায় ও দৃষ্টিভঙ্গীতে তাঁহার পার্থক্য ছিল আরও বেশী। বৈঠকে তিনি এক অসম্ভব কঠিন অবস্থার মধ্যে পড়িলেন, আমরা দ্র হইতে বিশ্মিত হইয়া ভাবিতে লাগিলাম, তিনি সন্থ করিতেছেন কি করিয়া। কিন্তু তিনি ধৈর্যের সহিত কর্ত্তব্য পালন করিতে লাগিলেন এবং আপোষের স্থত্র আবিদ্ধারের জন্ত বারম্বার চেষ্টা করিতে লাগিলেন। তিনি তাঁহার স্বভাবসিদ্ধ একটি ইঙ্গিতে দেখাইয়া দিলেন যে, সাম্প্রদায়িকতা আসলে রাজনৈতিক প্রগতিবিরোধিতা মাত্র। ম্সলমান প্রতিনিধিদের পক্ষ হইতে যে সকল সাম্প্রদায়িক দাবী উপস্থিত করা হইয়াছিল, তাহার অনেকগুলিই তিনি ভাল মনে করেন নাই। তাঁহার ও তাঁহার সহকর্মী ম্পলিম জাতীয়তাবাদীদের ধারণা যে, ঐগুলি স্বাধীনতা ও গণতন্ত্রের

### (भानदछेविन देवर्ठक

বিরোধী। তথাপি তিনি প্রশ্ন না করিয়া তর্ক না করিয়া ঐশুলি সমগ্রভাবে গ্রহণ করিতে চাহিলেন, সর্ত্ত দিলেন ে, রাজনৈতিক ব্যাপারে অর্থাৎ স্বাধীনতার জন্ম মুসলমান প্রতিনিধিগণকে তাঁহার ও কংগ্রেসের সহিত যোগ দিতে হইবে।

তিনি নিজের দায়িজেই এই সর্প্ত দিলেন, কেন না তথন কংগ্রেসকে কোন প্রতিশ্রুতিতে থাবদ্ধ করা তাঁহার পক্ষে সম্ভব ছিল না। কিন্তু তিনি নিজে প্রতিশ্রুতি দিলেন যে, কংগ্রেসকে তিনি রাজী করাইতে পারিবেন। কংগ্রেসে তাঁহার অসামাত্ত প্রভাব ঘাহারা জানেন. তাঁহাদের মনে গান্ধিজী যে কংগ্রেসের অন্থমোদন লাভ করিতে পারিবেন, সে বিষয়ে কোন সন্দেহ ছিল না। কিন্তু গান্ধিজীর এই নুসর্প্ত গৃহীত হইল না, আগা থা ভারতের স্বাধীনতার দাবী করিবেন, ইহা কল্পনা করাও কঠিন। ইহা হইতে বুঝা গেল যে, বৈঠকে সাম্প্রদায়িকতাকে খুব বড় করিয়া তোলা হইলেও, সাম্প্রদায়িকতা প্রধান সমস্তা নহে। সাম্প্রদায়িকতার আবরণে রাজনৈতিক প্রগতিবিরোধীরাই সমন্ত প্রকার উন্নতির বাগা। ব্রিটিশ গভর্গমেন্ট সাব্যানতা সহকারে এই সকল প্রগতিবিরোধীদের বৈঠকের জন্ম বাছিয়া লইয়াছিলেন, এবং বৈঠকের কার্য্যপ্রণালী স্ক্রেশলে নিয়ন্ত্রণ করিয়া সাম্প্রদায়িক সমস্তাকেই প্রধান প্রশ্নে পরিণত করিয়াছিলেন। এই প্রশ্নের মীমাংসায় ঘাঁহারা কিছুতেই রাজী হইবেন না, তাঁহাদের সহিত আপোষ অসম্পর।

ব্রিটিশ গভর্ণনেন্টের এই চেষ্টা সফল হইল। ইহাতে প্রমাণিত হইল যে, সাম্রাজ্য রক্ষার জন্ম কেবল বাহুবলই নহে, পরম্পরাগত সাম্রাজ্য বাদের কৌশল ও কৃটনীতি দ্বারাও আরও বহুকাল তাঁহারা সাম্রাজ্য রক্ষা করিতে পারিবেন। ভারতের জনসাধারণ ব্যর্থকাম হইল। অবশ্য গোল-টেবিল বৈঠকে তাঁহাদের প্রকৃত প্রতিনিধিরা ছিলেন না এবং ইহা উদ্ভয় পুক্ষের বলাবলের পরীক্ষাও নহে। তাহারা ব্যর্থকাম হইল, কেন না তাহাদের দাবীর পশ্চাতে কোন মতবাদের দৃঢ়ভূমি ছিল না এবং ইহাদের বিভ্রান্ত ও পথভ্রন্থ করা অতি সহজ। উন্নতির পরিপন্থী কায়েমী স্বার্থগুলিকে সরাইয়া ফোলিবার মত শক্তি তাহাদের ছিল না বলিয়া তাহারা ব্যর্থকাম হইল। অতিরিক্ত ধর্মপ্রবণতার জন্ম সাম্প্রান্থ প্রবল করিয়া তোলা সহজ বলিয়া তাহারা ব্যর্থকাম হইল। অর্থাৎ তাহারা ব্যর্থকাম হইল। অর্থাৎ তাহারা ব্যর্থকাম হইল। অর্থাৎ তাহারা ব্যর্থকাম হইল। অর্থাৎ তাহারা ব্যর্থকাম হইল।

এই গোলটেবিল বৈঠকে সাফলা বা ব্যর্থতার কোন প্রশ্ন ছিল না। ইহাতে আশা করিবার অল্পই ছিল, তথাপি অগুদিক দিয়া এই বৈঠক

### जंश्यतान त्मर्ज

একটু খন্তন্ত্র ধরণের। আইন অমান্ত আন্দোলনের প্রতি সকলের দৃষ্টি ছিল বলিয়া প্রথম বৈঠকের প্রতি ভারতের বা অন্তান্ত দেশের দৃষ্টি আরুষ্ট হয় নাই। ১৯৩০-এ গোলটেবিল বৈঠকে ব্রিটিশ গভর্ণমেন্টের মনোনীত হইয়া য়হারা গিয়াছিলেন, তাঁহাদিগকে রুক্ষ পতাকার ও ধিকার-ধ্বনির বিরূপ বিদায়াভিনন্দন সহু করিতে হইয়াছিল। কিন্তু ১৯৩১ সালের ঘটনা শ্বতন্ত্র, কেন না কংগ্রেসের প্রতিনিধি এবং কোটি কোটি লোকের নেতা গান্ধিজী বৈঠকে যোগদান করিলেন। ইহাতে বৈঠকের মর্য্যাদা বুদ্ধি পাইল এবং ভারতবর্ষ আগ্রহ সহকারে ইহার কার্য্যকলাপ দেখিতে লাগিল। যে কোন কারণেই হউক না কেন, প্রত্যেক ব্যর্থতায় জারতের অখ্যাতি প্রতিধ্বনিত হইতে লাগিল। আমরা ব্রিতে পারিলাম, কেন গান্ধিজীকে বৈঠকে লইয়া যাইবার জন্ম ব্রিটিশ গভর্ণমেন্ট এতটা ব্যগ্র হইয়াছিলেন।

সমন্ত চক্রান্ত, স্থবিধাবাদ ও নিক্ষল কুটিল গতি লইয়া এই বৈঠক ভারতের পক্ষে কোন ব্যর্থতার নিদর্শন নহে। যাহাতে ব্যর্থ হয়, সেই ভাবেই ইহা গঠিত হইয়াছিল, এবং তাহার জন্ম ভারতবাসীকে কোন মতেই দায়ী করা যায় না। কিন্তু ভারতের প্রধান সমস্থাগুলি হইতে জগতের দৃষ্টি ফিরাইয়া লইতে ইহা কৃতকার্য্য হইল এবং ভারতেও ইহা আশাভঙ্ক, নৈরাশ্য এবং অপমান বোধ স্বৃষ্টি করিল। ইহার স্থযোগ লইয়া প্রগতিবিরোধী শক্তিগুলি পুনরায় মাথা তুলিয়া দাড়াইল।

দেশবাসীর সাফল্য ও ব্যথতা ভারতবর্ষের ঘটনার উপরই নির্ভর করে। স্থদ্র লগুনের কৌশলপূর্গ চাতুর্যো, শক্তিশালী জাতীয় আন্দোলন মিলাইয়া যাইবে না। মধ্যশ্রেণী ও রুষক সম্প্রদায়ের প্রাকৃত ও আশু অভাব-শুলি জাতীয়তাবাদের মধ্যেই প্রকাশিত এবং উহা ছারাই তাহারা সমস্তা সমাধান করিতে চাহে। এই আন্দোলন হয় সাফল্য লাভ করিবে অথবা ইহার প্রয়োজন শেষ হইলে ইহার স্থলে অন্য কোন আন্দোলন জনসাধারণকে উন্নতি ও স্বাধীনতার দিকে চালিত করিবে, অথবা সাময়িক ভাবে বলপূর্বাক ইহাকে দমন করা যাইতে পারে। ভারতে সেই সংঘর্ষ কিছুকাল পরেই উপস্থিত হইল, তাহার ফলে সামায়িক অবসাদ দেখা দিল। এই সংঘর্ষের উপর দ্বিতীয় গোলটেবিল বৈঠকের কোন প্রভাব না থাকিলেও, ইহা সংঘর্ষের পক্ষে প্রতিকৃল অবস্থা সৃষ্টি করিয়াছিল।

# যুক্ত-প্রদেশে ক্বফদের হুংখ-ছুদ্দশা

কংগ্রেসের অশুতম সাধারণ সম্পাদক এবং কার্য্যকরী সমিতির সাধারণ সদস্যরূপে নিখিল ভারতীয় রাজনীতির সহিত আমার সর্ব্বদাই যোগ ছিল; সময় সময় আমাকে নানা স্থানে যাইতে হইত, তবে যথাসম্ভব আমি ইহা এড়াইয়া চলিতাম। কাজের চাপ ও দায়িত্ব বৃদ্ধির সঙ্গে সঙ্গে কার্য্যকরী সমিতির অধিবেশনও দীর্ঘ ইইতে দীর্ঘতর হইতে লাগিল, এমন কি ক্রমাগত তুই সপ্তাহ পর্যন্ত অধিবেশন হইত। ইহার কাজ এখন আর সমালোচনাপ্র প্রত্যাব পাশ করা নহে; এক বৃহৎ ও বহুম্থী প্রতিষ্ঠানের বিবিধ গঠনমূলক কার্য্য নিয়ন্ত্বণ করা, দিনের পর দিন কঠিন ও জটিল সমস্যাগুলি সমাধান করা, যাহার একটু এদিক ওদিক হইলেই সংঘর্ষ দেশব্যাপী হইয়া উঠিতে পারে।

যুক্ত-প্রদেশের রুষক সমস্তাই কংগ্রেসের ও আমার প্রধান কাজ হইয়া উঠিল, যুক্ত-প্রদেশের কংগ্রেস কমিটি ১৫০শত সদস্ত লইয়া গঠিত, তুই তিন মাস পর ইহার অধিবেশন হইত। ইহার কার্য্যকরী সমিতিতে ১৫জন সদস্ত ছিলেন; ইহারা ঘন ঘন সভা করিতেন, রুষক আন্দোলনের ভার ইহাদেরই হাতে গুন্ত ছিল।

১৯৩০ সালের দ্বিতীয়ার্দ্ধে এই কার্য্যকরী সমিতি এক বিশেষ ক্লষক কমিটি নিয়ক্ত করিলেন। ইহা লক্ষ্য করিবার বিষয় যে কতিপয় জমিদারও আসিয়া কার্য্যকরী সমিতির সহিত যোগ দিলেন এবং তাঁহাদের অনুমোদন লইয়াই ক্লয়ক সমিতির কাজ চলিতে লাগিল। আমাদের প্রাদেশিক কংগ্রেসের সে বংসরের সভাপতি (অতএব কার্য্যকরী সমিতি ও ক্লয়ক কমিটিরও সভাপতি) তাসাদুক আহম্মদ থাঁ শেরোয়ানী একজন বিখ্যাত জমিদার বংশের সন্তান। সাধারণ সম্পাদক শ্রীপ্রকাশ এবং কয়েকজন প্রধান সদস্ত জমিদার অথবা জমিদারবংশীয়, অবশিষ্ট সদস্তগণ মধ্যশ্রেণীর রুভিজীবী। আমাদের প্রাদেশিক কার্য্যকরী সমিতিতে একজনও রায়ত অথবা গরীব ক্লয়কের প্রতিনিধি ছিল না। জিলা কমিটিতে অবশ্য ক্লয়করী সমিতি গঠন হইত, তথন তাহার সমস্ত সদস্তই মধ্যশ্রেণীর বুদ্ধিজীবী এবং জমিদার

### ज अर्जनांग (सर्ज

শ্রেণীর হইতেন। অতএব ইহাকে কোনমতেই চরমপন্থী বলা চলেনা; ক্লফসমস্তা লইয়া ত নহেই।

প্রাদেশিক ব্যাপারে আমি কার্যকরী সমিতি ও ক্লমক কমিটির একজন সদস্থমাত্র, তাহার বেশী কিছু নহি। আলোচনা ও অন্যান্ত কাজে আমি বিশেষভাবে যোগ দিতাম বটে, কিন্তু কথনও নেতার আসন গ্রহণ করি নাই। অবশু আমাদের প্রদেশে কেহই নেতার আসন গ্রহণ করিতেন না, আমরা সহযোগিতা ও একত্র কাজ করিতে বহুদিন হইল অভ্যন্ত। আমরা ব্যক্তি অপেকা প্রতিষ্ঠানকেই বড় করিয়া দেখিতাম। বাংসরিক সভাপতি সাময়িক ভাবে আমাদের প্রধান বা প্রতিনিধি হইতেন, তব্ও তাঁহার কোন বিশেষ ক্লমতা ছিল না।

আমি এলাহাবাদ জিলা কংগ্রেস কমিটিরও সদস্য ছিলাম। এই কমিটি
সভাপতি পুরুষোত্তমদাস ট্যাণ্ডনের নেতৃত্বে রুষক আন্দোলনে রুতিবের সহিত্
কাজ করিয়াছে। ১৯৩০ সালে এই কমিটিই যুক্ত-প্রদেশে করবন্ধ আন্দোলনে
প্রথম অগ্রনী হইয়াছিল। অবস্থা এলাহাবাদ জিলা অপেক্ষা অযোধ্যার
তালুকদারী অঞ্চলের অবস্থা রুষিপণ্যের মন্দার দরুণ অধিকতর শোচনীয়
হইয়াছিল,—তথাপি এলাহাবাদ হইতে আন্দোলন আরম্ভ হওয়ার কারণ,
এই জিলা অধিকতর সজ্ববদ্ধ এবং রাজনৈতিক ব্যাপারে অগ্রসর। এলাহাবাদ
সহর রাজনৈতিক আন্দোলনের কেন্দ্রভূমি, এখান হইতে প্রধান প্রধান
কর্মীরা প্রায়ই পল্লী অঞ্চলে যাইতেন।

১৯৩১-এর মার্চমানে দিল্লী-সন্ধির পরেই আমরা পল্লী অঞ্চলে কর্মীদিগকে পাঠাইয়া এবং মুদ্রিত ইন্ডাহার বিলি করিয়া ক্যকদের জানাইয়া দিলাম যে, আইন অমান্ত ও করবন্ধ আন্দোলন বন্ধ হইয়াছে। রাজনৈতিক কারণে ধাজনা দেওয়ার আর কোন বাধা নাই; আমরা তাহাদিগকে থাজনা দিবার উপদেশ দিলাম। তবে ইহাও জানাইলাম যে, দ্রব্যমূল্য অতিরিক্ত হারে হ্রাস পাওয়ার ফলে, তাহাদের থাজনাও মাপ পাওয়া উচিত; আমরা তাহাদের সহিত একযোগে এ দাবী করিব বলিয়া প্রন্তাব করিলাম। এমন কি, সাধারণ অবস্থাতেও থাজনা এক ত্র্বহ বোঝা, দ্রব্য মূল্য কমিয়া যাওয়ায় পূর্ণ থাজনা বা তাহার কাছাকাছি কিছু দেওয়া অসম্ভব। আমরা ক্ষকদের প্রতিনিধিদের লইয়া সম্মেলন আহ্বান করিলাম এবং আপোষ রফার আলোচনার ভিত্তি হিসাবে প্রস্তাব করিলাম—সাধারণভাবে অর্ক্ষেক, বিশেষ ক্ষেত্রে তাহা অপেক্ষাও কম থাজনা লওয়া হউক।

আমরা কৃষক সমস্থাকে আইন অমান্ত আন্দোলন হইতে পৃথক করিয়া রাথিবার চেষ্টা করিলাম। অস্ততঃ ১৯৩১ সালে আমরা রাজনীতি-বর্জ্জিত

# यूक्यारमरम क्वकरमन कुःथ-वृक्तमा

নিছক অর্থনৈতিক সমস্তারপেই উহা বুঝিতে ও বুঝাইতে চেষ্টা করিলাম। ইহা অবশ্য কঠিন, কেন না উভয়ের মধ্যে ঘনিষ্ঠ যোগ বিভয়ান, এবং ষভীতে ইহা একত্তই ছিল। কংগ্রেসের কর্মী হিসাবে আমাদের লক্ষ্য অবশ্রই রাজনৈতিক ছিল। আপাততঃ আমরা এক প্রকার ক্বক সমিতির মধ্য দিয়া काञ्ज कतिरा नाशिनाम ( অ-क्रयक এবং এমন कि जमिनातरमत নিয়ন্ত্রণে); কিন্তু রাজনীতি আমরা একেবারে বিসর্জন দিতে পাবি নাই, সে ইচ্ছাও ছিল না: কিন্তু গভর্ণমেণ্ট আমাদের প্রত্যেক কার্য্যের মধ্যেই রাজনৈতিক উদ্দেশ্য দেখিতে লাগিলেন। আমরা সমুগে ভবিয়তের আইন অমান্ত আন্দোলনের ছায়া দেখিতেছিলাম, এবং উহা যথন আসিয়া পড়িবে, তথন রাজনীতি ও অর্থনীতি পুনরায় একত্রে অগ্রসর হইবে, ইহা নিঃসন্দেহ।

এই শ্রেণীর বাধা সত্ত্বও আমরা দিল্লী-সন্ধির পর হইতে বরাবর ক্বমক সমস্তাকে রাজনৈতিক সংঘর্ষ হইতে পৃথক রাখিবার চেষ্টা করিয়াছি। দিল্লী-চুক্তিতে এই সমস্থার যে সমাধান হয় নাই, তাহা নভৰ্মেণ্ট ও জনসাধারণকে স্পষ্টভাবে উপ*ল*ক্কি করাইবার জন্মই আমরা উহ। করিয়াছি। দিল্লীতে আলোচনা কালে, আমার বিখাস, গান্ধিজী লর্ড আরুইনকে এই আখাস দিয়াছিলেন যে, যদি তিনি দ্বিতীয় গোলটেবিল বৈঠকে নাও যান, তাহা হইলেও বৈঠকের অধিবেশন কালে আইন অমান্ত আন্দোলন পুনরায় আরম্ভ করিবেন না। পক্ষাস্তরে, তিনি কংগ্রেসকেও গোলটেবিল বৈঠকের বিম্ন না ঘটাইয়া ফলাফলের জন্ম অপেক্ষা করিতে অন্তুরোধ করিয়াছিলেন। কিন্তু তথনই গান্ধিজী ইহা পরিষ্কার করিয়া বলিয়াছিলেন যে, যদি স্থানীয় কোন অর্থনৈতিক সংঘর্ষে প্রবৃত্ত হইতে আমাদের বাধ্য করা হয়, তাহার দহিত এই প্রতিশ্বতির দম্বন্ধ নাই। যুক্ত-প্রদেশের কৃষক সমস্তা তথন আমাদের সন্মুথে ছিল এবং সঙ্ঘবদ্ধভাবে কিছু কাজও হইয়াছিল, তবে কার্য্যতঃ সমস্ত ভারতেই রুষকগণের একই প্রকার হর্দশা হইয়াছিল। সিমলায় আলোচনা কালে গান্ধিজী এই প্রসঙ্গ পুনরায় উত্থাপন করেন,—উভয় পক্ষের প্রকাশিত পত্তেও ইহার উল্লেখ ছিল। \* ইউরোপ যাত্র।র প্রাকালে তিনি স্পষ্টভাবে বলিয়াছিলেন

व्यित्र यिः देशार्मन,

ধশ্যবাদ সহকারে নৃতন থসড়াসহ আপনার পত্তের প্রাপ্তি খীকার করিতেছি। আপনি বে সমস্ত সংশোধনের প্রস্তাব করিয়াছেন, স্তর কাওয়াসজী জাহান্দীর অমুগ্রহপূর্বক তাহা

<sup>\*</sup> ১৯৩১-এর ২৭শে আপত্তের দিমলা চুক্তিনামার এই পত্র তুইবানিও অবিচ্ছেদ্য অংশ:---সিমলা, ২৭শে আগষ্ট ১৯৩১

#### জওহরলাল নেহক

যে, গোলটেবিল বৈঠক অথবা রাজনৈতিক সমস্যা ছাড়াও, জনসাধারণের, বিশেষভাবে ক্লযকদের অর্থনৈতিক আন্দোলন, তাহাদের পক্ষ সমর্থন করা কংগ্রেসের পক্ষে প্রয়োজন হইতে পারে। এই শ্রেণীর সংঘর্ষে প্রশ্রম দেওয়া তাঁহার ইচ্ছা ছিল না। তিনি উহা পরিহার করিতেই চাহিয়াছিলেন। কিন্তু অপরিহার্য্য হইয়া উঠিলে দায়িও গ্রহণ ছাড়া গত্যন্তর কি। আমরা জনসাধারণকে পরিত্যাগ করিতে পারি না। তাঁহার কথা এই যে দিল্লী-সন্ধি সাধারণভাবে রাজনৈতিক নিরুপদ্রব প্রতিরোধেই প্রযোজা, এই শ্রেণীর আন্দোলনের বাধা নহে।

আমাকে ঞানাইয়া দিয়াছেন। আমি এবং আমার সহকর্মিণণ বিশেষ মনোযোগ সহকারে সংশোধিত গদড়াবানি বিবেচনা করিয়াছি। নিম্নলিখিত মন্তব্যের সহিত উক্ত ধদড়া আমরা এছণ করিতে প্রস্তুত আহি। যথা—

চতুর্থ নফায় পুভর্গ নফট যে সন্ত দিয়াছেন, তাহা কংগ্রেসের পক্ষ হইতে গ্রহণ করা আমার পক্ষে নম্ভব নছে। কারণ, আমাদের মনে হয় যে, যদি কোন ক্ষেত্রে চুক্তির সর্প্ত ভঙ্গ সম্প্রকিত কোন অভিযোগের প্রতিকার না হয়, তবে সে ক্ষেত্রে তদস্ত আবশুক কেন না দিল্লীর চক্তি যতদিন বলবৎ থাকিবে, নিরুপদ্রব প্রতিরোধ ততদিন স্থগিত থাকিবে। যদি একাণ্ট ভারত সরকার তথা প্রাদেশিক সরকারপণ তদন্ত মঞ্জর করিতে সম্মত না থাকেন, তবে আমার বা আমার সহক্ষীদের কোন আপত্তি নাই। কিন্তু তাহার ফল এই হইবে যে. এ পর্যান্ত অক্তান্ত বে সমস্ত বিষয়ের অবভারণা করা হটয়াছে, সে সমস্ত বিষয় ভদন্তের জন্য কংগ্রেম পীড়াপীড়ি করিবে না বটে, কিন্তু যদি কোন ক্ষেত্রে অভিযোগ এমন গুরুতর বলিয়া মনে হয় যে. তদন্তের অভাবে প্রতিকারের অভাববশতঃ কংগ্রেদকে প্রতিকার্থে খাত্মকামলক ব্যবস্থা অবলম্বন করিতেই হইবে, তাহা হইলে সে ক্ষেত্রে কংগ্রেস নিরুপত্তর প্রতিরোধ প্রসিত থাকা সত্ত্বেও সেরূপ ব্যবস্থা অবলম্বন করিতে পারিবে। বাছল। হইলেও আমি নিশ্চিতরূপে গভৰ্মেণ্টকে জানাইয়া রাখিতেছি যে, কংগ্রেস দর্ব্বদাই প্রভাক্ষ সংঘদ হইতে বির্ব্ত পাকিবার চেষ্টা করিবে এবং আলোচনা অমুরোধ প্রভৃতি দারা প্রতিকারের চেষ্টা করিবে। ভবিয়ন্তে কোন মতান্তর উপস্থিত না হইতে পারে এবং কংগ্রেশের বিরুদ্ধে বিশ্বাস্থাতকতার অভিযোগ না व्यामा गरिष्ठ পात्र, এই वर्ग्य अरे क्शारी वित्रा ताथा। यमि व्यामात्मत्र এই व्यादनाहमा সফল হয়, তাহা হইলে প্রতাবিত ইতাহার, এই চিটি এবং আপনার উত্তর একদকে প্রকাশিত হুইবে বলিয়া ধরিয়া লুইতে পারি। ভবদীয়

এম, কে, গান্ধী

দি গভর্মেন্ট অব ইণ্ডিয়া স্বরাষ্ট্র বিভাগ, দিমলা, ২৭শে আগই, ১৯০১

প্রিয় মি: পানী,

ক্ষেক্টি মন্তব্যনহ ধন্দা ইন্তাহারধানি এহণ করিয়া আপনি অস্ত তারিখে যে পত্ত লিখিয়াছেন, তব্দুস্ত আপনাকে ধন্তবাদ। কংগ্রেস এ পর্যন্ত যে সমস্ত অভিযোগ করিয়াছে,

## यू अदिनद्भ क्रयकदम्ब यूः ध-पूर्कमा

শামি ইহা উল্লেখ করিতেছি, কেন না যুক্ত-প্রদেশের কংএেদ किमिंग अ जाहात निजामत विकास भूनः भूनः এই অভিযোগ कता हहेबाए যে, তাঁহারা দিল্লী-সন্ধি ভঙ্গ করিয়া করবন্ধ অংনদোলন পুনরায় আরম্ভ করিয়াছেন। যাঁহাদের ্িরুদ্ধে এই অভিযোগ, তাঁহারা ইহার উদ্ভর দিতে পারিতেন। কিন্তু যথন তাঁহারা কারাফদ্ধ এবং সংবাদণত্র ও ছাপাথানার উপর কঠোর অফশাসন, তথনই স্থবিধা মত ঐ সকল অভিযোগ উপস্থিত করা হইয়াছিল। যুক্ত-প্রদেশের কমিটি ১৯৩১ সালে করবন্ধ चात्मानन करत्रहे नाहे, किन्ह तम कथा चानामा, चामि এहेर्कू वनित्ज চাই যে, আইন অমাত হইতে স্বতন্ত্র, অর্থনৈতিক উদ্দেশ্য লইয়া কোন আন্দোলন নিশ্চয়ই দিল্লী-সন্ধি ভঙ্গ করা নহে। ইহার যৌক্তিকতা ও অযৌক্তিকতার বিচার স্বতম্ব বিষয়, অর্থনৈতিক অসন্ভোষের প্রতিবিধানের জন্ম কারখানার শ্রমিকদের ধর্মঘট করিবার যতথানি অধিকার আছে, ক্ষকদেরও ঠিক ততথানি অধিকার রহিয়াছে। দিল্লী-সন্ধি হইতে সিমলা আলোচনা পর্যান্ত আমাদের মনোভাব এইরূপই ছিল এবং গভর্ণমেন্ট क्विन हेश एवं द्वियाहिलान **ाश नरह, हेश**क यर्थाहिल प्रशामा पिया ছिल्न ।

ে ত্রবস্থা পূর্ব্ব হইতেই বিদ্যমান ছিল, ১৯২৯ এবং তাহার পববর্ত্তী কৃষিপণাের মন্দা তাহাকে চরম করিয়া তুলিল। কয়েক বংসর পূর্ব্বে জগতে সক্ষত্র কৃষিপণাের দর চড়া ছিল, জগতের বাজারের সহিত একস্ত্রে গ্রেপিত ভারতের কৃষিজীবীরাও উহার অংশ পাইয়াছে। কিন্তু দ্রব্যমূল্য বৃদ্ধির সঙ্গে দাঙ্গে ভারতে গভর্গমেন্টের রাজস্ব ও জমিদারের থাজনাও বাড়িয়াছে,—কাজেই প্রকৃত চাষী এই চড়ার বাজারে বিশেষ লাভবান

তাহার তদন্তের জন্ম পীড়াপীড়ে করিবার অভিপ্রায় কংগ্রেসের নাই, তাহা সপরিষদ বড়লাট অবগত হইলেন। আপনি এ কপাও জানাইয়াছেন যে, মাহাতে কোন সংঘর্ষ না হয়, তজ্জম্ব কংগ্রেস সতত চেষ্টিত পাকিবে এবং আলোচনা ও অনুরোধ প্রভৃতি দ্বারা প্রতিকারের চেষ্টা করিবে। কংগ্রেসকে ভবিশ্বতে যদি কোন ব্যবস্থা করিতেই হয়, তাহা হইলে আপনি কংগ্রেসের কণা পূর্ব্ব হইতেই পরিকার করিয়া রাখিয়াছেন। আমি আপনাকে জানাইতেছি গে কোন প্রত্যক্ষ সংঘর্ষের আবশ্যক হইবে না বলিয়াই সপরিষদ বড়লাটের ধারণা। গভর্গমেন্টের সাধারণ নীতি স্বন্ধে, বড়লাট আপনাকে ১৯শে আগস্থ তারিখে যে পত্র লিধিয়াছেন, সেই পত্র দেখুন।

সরকারী ইস্তাহার, আপনার মদ্য তারিধের চিঠি এবং এই উত্তর গভর্ণমেন্ট একসঙ্গে প্রকাশ করিবেন।

> ভবদীয় এইচ, ডব্লিউ, ইমার্সন

### জওহরলাল নেহর

হইতে পারেন নাই। মোটের উপর কয়েকটি স্থবিধান্ধনক আঞ্চল ব্যতীত ভারতীয় কৃষিজীবীদের অবস্থা মন্দাই হইয়াছে। বর্তমান শতাবীর প্রথম তিশা বংসর সরকারী রাজস্ব অপেক্ষা জমিদারের থাজনা তুলনায় অনেক বেশী বাড়িয়াছে। এই বৃদ্ধির হার (যতদূর শারণ হয়) এক টাকায় পাঁচ টাকা; ইহাতে সরকারী রাজস্বও যেমন মোটা হারে বাড়িয়াছে, তেমনি জমিদারদের আয়ও অনেক বেশী বাড়িয়াছে; কৃষকদের অবস্থা পূর্বের মতই অনশনের কাছাকাছি। এমন কি যেখানে দ্রবাস্ন্যা কমিয়াছে, অথবা অনার্ষ্টি, বহ্যা, পঙ্গপাল, ঝড়, তুফান প্রভৃতি প্রাকৃতিক ছর্ত্যোগ ঘটিয়াছে, সেথানেও অত্যন্ত ইতন্ততঃ করিয়া সেই বংসরের জন্তা কিছু থাজনা মাপ করা হইয়াছে। ভাল বংসরে থাজনার হার অত্যন্ত বেশী, এবং অন্য সময়েও থাজনার হার এত বেশী যে, মহাজনের নিকট ধার না করিয়া পরিশোধের উপায় থাকিত না। এইভাবে কৃষি-ঋণ বাডিয়াছে।

জমিদার, তালুকদার, কৃষক-মালিক, রায়ত কৃষির উপর নির্ভরশীল সকল শ্রেণীই মহাজনের নিকট ঋণের দায়ে আবদ্ধ। বর্ত্তমান ব্যবস্থায় পলীর আদিম অর্থনৈতিক জীবনে এই মহাজন শ্রেণীর অন্তিত্ব অপরিহার্যা, এই মহাজন শ্রেণী অবস্থার পূর্ণ স্থযোগ গ্রহণ করিয়া জমির উপর এবং জমির সহিত সংশ্লিষ্ট ব্যক্তিদের উপর যথেষ্ট প্রভাব ও প্রতিপত্তি লাভ করিয়াছে। তাহাকে সংযত করিবার কোন ব্যবস্থাই নাই। আইন তাহার সহায়, সে তাহার ঋণপত্রে লিখিত সর্ত্ত অন্ধ্যায়ী তাহার প্রাপ্য 'অর্দ্ধসের মাংস' ঠিক বৃঝিয়া পায়। ক্রমে ছোট ছোট ছমিদার হইতে কৃষক পর্যান্ত সকলের জমি তাহার হাতে আসিতে থাকে; এইরূপে মহাজন বিপুল ভূ-সম্পত্তির মালিক চইয়া নিজেই বড় জমিদার-বাবু হইয়া বলে। যে কৃষক নিজের ছমি চাষ করিত, সে বেনিয়া জমিদার অথবা সাহুকারের ক্রীতদাসে ( ভূমিশুন্ত বর্গাদার ) পরিণত হয়। রায়তের অদৃষ্ট আরও মন্দ। সে হয় সাহুকারের ক্রীতদাস, নয় ক্রমবর্দ্ধিত ভূমিশৃত্য দিন মজুরের সংখ্যা বৃদ্ধি করে। যে মহাজন বা কুসীদজীবী এইরপে জমির মালিক হয়, তাহার সহিত জমি বা প্রজাদের কোন প্রাণগত যোগ নাই। সে সাধারণতঃ সহরে থাকিয়া স্থদী কারবার চালায়, থাজনাপত্র আদায়ের জন্ম গোমন্তা নিয়োগ করে; ইহারা যত্ত্বের মত নিষ্ঠ্র ও অমান্ত্র্যিক উপায়ে নিজেদের কর্ত্তব্য পালন করে।

ক্রমবর্দ্ধিত কৃষি ঋণ হইতেই বুঝা যায়, ভূমিশংক্রান্ত ব্যবস্থা কত যুক্তিবিক্লম, কত শিথিল, অধিকাংশ ব্যক্তিরই কোন সঞ্চয়, কোন

# यूक्क अटमटम क्यकरमत्र क्रःथ-क्रम्मा

সঞ্চিত অস্থাবর সম্পত্তি নাই, তুর্দিনে আত্মরক্ষার উপায় নাই, সর্ব্বদাই তাহারা অন্নাভাবের বিভীষিকার মধ্যে বান করে। তুর্যোগ বা আক্ষাক্রিক বিপদ হইতে তাহারা আত্মরক্ষা করিতে পারে না। সংক্রামক ব্যাধি দেখা দিলে দলে দলে মৃত্যুমূ.থ পতিত হয়। ১৯২৯-৩০-এ গভর্গমেণ্ট-নিয়োজিত ব্যাক্ষিং-তদন্ত কমিটি হিদাব করিয়া দেখিয়াছেন, ভারতে (ব্রহ্মদেশ সহ) মোট ক্রমি-ঋণের পরিমাণ ৮৬০ কোটি টাকা। ইহার মধ্যে ছমিদার, ক্রষক-মালিক ও রায়ত সকলের ঋণই পরা হইয়াছে, কিন্তু ইহার বড় অংশ হইল চাধীদের ঋণ। গভর্গমেণ্টের মুদ্রাবিনিময় বাট্রা-নীতি মহাজন শ্রেণীর পক্ষেই স্থবিধাজনক, ইহাও ঋণভার বৃদ্ধির সহায়তা করিয়াছে। টাকার বিনিময়হার এক শিলিং চার পেন্স না করিয়া এক শিলিং ছয়্ম পেন্স করায় (ভারতবাদীদের প্রতিবাদ সত্তেও ) ক্রষিঋণের পরিমাণ শতকরা ১২॥০ টাক। অর্থাৎ ১০৭ কোটি টাকা বাড়িয়াছে।\*

মহাযুদ্ধের পর সহসা স্বল্পস্থায়ী মূল্য বৃদ্ধি এবং পরে ক্রমাগত বাজার পড়িয়া বাওয়ায় কৃষকদের অবস্থা মন্দ হইতেছিল। ১৯২৯-এ জগন্ব্যাপী অর্থসকট তাহার উপর আসিয়া পড়ায় মহাসক্ষট দেখা দিল।

ক্বামি-পণের ম্লোর সহিত হারা-হারিস্ত্রে থাজনা ধার্য হউক, ১৯৩১ সালে যুক্তপ্রদেশে আমাদের প্রস্তাব হিল ইহাই। অর্থাৎ ১৯৩১ সালে ক্বামিপণোর যে মূলা, অতীতে এরপ মূল্য থাকাকালীন যে হারে থাজনা লওয়া হইত, বর্ত্তমানেও তাহাই লওয়া হউক। মোটাম্টি ভাবে ত্রিশ বংসর পূর্বে ১৯০১ সালে ঐ অবস্থা ছিল। ইহা মোটাম্টি হিসাব হইলেও, ইহার প্রয়োগ সহজ ছিল না; কেন না, দথলীস্ব্বিশিষ্ট, দথলীস্ব্বহীন, চুকানদার, দরচুকানদার প্রভৃতি নানাশ্রেণীতে রায়তগণ বিভক্ত। আর এক উপায় ছিল, এবং নিঃসন্দেহ

<sup>\*</sup> ভারতের কৃষি-ঝণের পরিমাণ ৮৬০ কোটি টাকা ধরা ইইয়াছে; আমার মতে ইই। অত্যন্ত কম করিয়া ধরা ইইয়াছে। প্রকৃত ঝণের পরিমাণ অনেক বেশী। যাহা ইউক, এই চার পাঁচ বৎদরে উহা আরও বাড়িয়াছে সন্দেহ নাই। প্রোব প্রদেশের ঝণের পরিমাণ, প্রাব ব্যাজিং-তদন্ত-কমিটির (১৯২৯) হিদাবে ১৩৫ কোটি টাকা। প্রাবের ঋণ-লাঘব আইন প্রশানে সিলেন্ট কমিটির (অক্টোবর, ১৯০৪) রিপোর্টে প্রকাশ, "প্রাবের ঋণ-লাঘব আইন প্রশান সিলেন্ট কমিটির (অক্টোবর, ১৯০৪) রিপোর্টে প্রকাশ, "প্রাবের ক্ষকদের ঝণের বোঝা অত্যন্ত বেশী, খ্ব কম করিয়া হিদাব ধরিলেও ২০০ কোটি টাকার কম হইবে না।" এই নৃত্ন হিদাবে, পূর্বের তদন্ত-কমিটি অপেকা শতকরা ৫০, টাকা বেশী ধরা হইয়াছে। এই বিশ্বত হার যদি অন্তান্ত প্রদেশ সম্বন্ধেও ধরিয়া লওয়া যায়, তাহা হইলে বর্তমানে (১৯০৪) ভারতের কৃষি-ঝণের পরিমাণ ১২০০ কোটি টাকারও অধিক দাঁড়াইবে।

#### অওহরলাল নেহরু

তাহাই সত্পায় যে, কৃষিকার্য্যের ব্যয় ও জীবনধারণোপযোগী মজুরী বাদ দিয়া প্রত্যেকের থাজনা দিবার ক্ষমতাহ্যায়ী ব্যবস্থা করা। যাহা হউক, এই শেষোক্ত উপায়েও জীবনযাত্রার ব্যয় যথাসম্ভব কম করিয়া ধরিলেও দেখা গিয়াছে যে, ভারতে অধিকাংশ জমি ও জমা মোটেই লাভজনক নহে; এবং আমরা ১৯৩১ সালে যুক্ত-প্রদেশেও ইহার বহুতর দৃষ্টাস্ত দেখাইয়াছি। অনেক রায়তের পক্ষেই সম্পত্তি বিক্রয় না করিয়া (যদি বিক্রয় করিবার কিছু থাকে) অথবা উচ্চহারে স্থদ কর্ল করিয়া ঋণ করা ব্যক্তীত থাজনা শোধ করিবার উপায় নাই।

যুক্ত-প্রদেশের কংগ্রেস কমিটির প্রাথমিক ও পরীক্ষামূলক প্রভাব ছিল যে, দখলীস্থাবিশিষ্ট রায়তদের থাজনা শতকরা পঞ্চাশ টাকা কম করা হউক এবং তদতিরিক্ত অধিকতর তুর্দ্দাপন্ন প্রজাদের থাজনা আরও কম লওয়া হউক। ১৯৩১ সালের মে মাসে যথন গান্ধিজী যুক্ত-প্রদেশে আসিয়া গভণর সার ম্যালকম হেলীর সহিত সাক্ষাৎ করিলেন, তথন তাহাদের মধ্যে মতভেদ ঘটল; তাহারা একমত হইতে পারিলেন না। ইহার পরই গান্ধিজী যুক্ত-প্রদেশের জমিদার ও প্রজাদের নিকট এক আবেদনপত্র প্রচার করিলেন, তিনি প্রজাদিগকে সাধ্যাস্থায়ী থাজনা দিবার অন্ধরোধ করিলেন। তিনি যে সংখ্যা নির্দেশ করিলেন, তাহা আমাদের পূর্বনিন্দিষ্ট হার অপেক্ষা অনেক বেশী। আমাদের প্রাদেশিক কমিটি গান্ধিজীর সংখ্যা মানিয়া লইলেন, কিন্তু তাহাতে বিশেষ স্থ্বিধা হইল না, কেন না, গভর্গমেন্ট রাজী হইলেন না।

প্রাদেশিক গভর্ণমেণ্টের অবস্থাও সদ্ধীন ছিল। ভূমিরাজস্বই তাঁহাদের প্রধান আয়, ইহা একেবারে ছাড়িয়া দিলে বা বহুল পরিমাণে কমাইয়া দিলে দেউলিয়া হইতে হয়। অন্তদিকে কৃষক-চাঞ্চল্য সম্পর্কে তাঁহাদের ভীতিও ছিল, যথাসম্ভব থাজনা মকুব করিয়া তাঁহারা কৃষকদিগকে শাস্ত করিতে প্রয়াসী হইলেন। কিন্তু তুইকূল রক্ষা করা যায় না। কৃষক ও রাষ্ট্রের মধ্যে আছেন জমিদারগণ, অর্থ নৈতিক দিক হইতে ইহারা অকর্মণা ও অপ্রয়োজনীয় পরগাছা। রাষ্ট্র ও কৃষকের হিতকল্পে ইহাদের ক্ষতি করিয়াও কিছু করা সম্ভব ছিল। কিন্তু রিটিশ গভর্ণমেণ্ট বর্ত্তমানে যে ভাবে গঠিত, তাহাতে রাজনৈতিক কারণে, এখনও যে অল্পমংখ্যক শ্রেণী তাঁহাদের হাতে আছে, তাহার অন্ততম এবং নির্ভর্মীল জমিদার শ্রেণীকে তাহারা স্বেহ্বঞ্চিত করিতে পারেন না।

অবশেষে প্রাদেশিক গভর্ণমেণ্ট জমিদার ও প্রজাদের থাজনা হ্রাসের ব্যবস্থা ঘোষণা করিলেন। এই ব্যবস্থা এত জটিল যে, সহজে কিছু

# युक्तथात्म कृषकरमत्र प्रःथ-पूर्वमा

বুঝিবার উপায় নাই। তবে প্রয়োজনের তুলনায় ইহা যে অনেক কম, তাহা স্পষ্টই বুঝা গেল। ইহার মধ্যে চলতি সালের খাজনার কথাই উল্লেখ ছিল, প্রজাদের বাকি বকেয়া গাজনা ও দেনার কথা উল্লেখ ছিল না। যদি প্রজারা চলতি বৎসরের প্রথম ছয় মাসের কিন্তীর টাকা দিতে না পারে, তাহা হইলে বাকী বকেয়া ও পুরাতন দেনা কিরপে শোধ দিবে। জমিদারদের প্রচলিত প্রথা এই যে, তাঁহারা বকেয়া খাজনা ওয়াশীল না করিয়। হাল খাজনা লয় না। প্রজাদের দিক হইতে এই নিয়ম অত্যন্ত বিপজ্জনক, কেন না, যে কোন সময়ে কিন্তী খেলাপের দায়ে তাহার জিমি নিলামে বিক্রয় হইতে পারে।

প্রাদেশিক কংগ্রেসের কার্য্যকরী সমিতি মহা অত্বিধার মধ্যে পড়িলেন।
আমরা ব্ঝিলাম যে রায়তদের প্রতি অবিচার করা হইল, কিন্তু আমরা
কোন প্রতিকার করিতে পারিলাম না। রায়তদিগকে থাজনা না দিবার
পরামর্শ দেওয়ার দায়িত্ব লইবার আমাদের ইচ্ছা ছিল না। আমরা তাহাদের
যথাসাধ্য থাজনা দিবার পরামর্শ দিতে লাগিলাম, এবং তাহাদের
হর্ভাগ্যের সহিত্ সহামুভ্তিজ্ঞাপন ও আশাভরসা দিতে লাগিলাম।
থাজনা মাপ দেওয়ার পরও তাহাদের নিকট সাধ্যের অতিরিক্ত নাবী
করা হইল।

আইনী ও বে-আইনী পীড়ন-যন্ত্র চলিতে আরম্ভ করিল। হাজার হাজার উচ্চেদের মামলা দায়ের হইল ; গরু, বাছুর, অস্থাবর সম্পত্তি কোক, জমিদারের গোমস্তাদের মারধর চলিতে লাগিল। অনেক রায়ত অংশতঃ থাজনা পরিশোধ করিল, তাহাদের মতে, তাহারা যথাসাধ্য দিতে কম্বর করিল না। সম্ভবতঃ কোন কোন স্থলে কেহ কেহ কিছু বেশী দিতে পারিত, কিন্তু অধিকাংশ প্রজার পক্ষেই ইহা অত্যন্ত বেশী। আংশিক থাজনা দিয়া তাহারা রেহাই পাইল না। আইনের জগদল পাথর গড়াইয়া চলিল, যাহাকে সম্মুথে পাইল তাহাকেই নির্মান্তাবে পিষ্ট করিল। আংশিক থাজনা দেওয়া সত্ত্বেও, উচ্ছেদের মামলাগুলি ডিক্রী হইতে লাগিল, গরু, বাছুর, ব্যক্তিগত অস্থাবর সম্পত্তি ক্রোক ও নীলামে বিক্রয় হইতে লাগিল। থাজনা না দিলেও রায়তদের অবস্থা ইহার চেয়ে মন্দ হইতে না। বরং তাহাদের ভালই হইত, কেননা অস্ততঃ ঐ পরিমাণ টাকা তাহারা বাঁচাইতে পারিত।

তাহার। দলে দলে আসিয়া আমাদের নিকট ছঃথের সহিত অহুযোগের হুরে বলিতে লাগিল, আমাদের কথামত থাজনা দিয়াও তাহাদের এই দশা হুইল। এক এলাহাবাদ জিলাতেই হাজার হাজার কৃষক জমি

#### ज्ञान (नर्क

হারাইল, আরও বছ সহস্র ক্ববকের নামে মামলা চলিতে লাগিল। জিলা কংগ্রেসের কার্যালয়ে সারাদিন উত্তেজিত জনতা ভীড় করিয়া থাকিত। আমার বাড়ীর অবস্থাও তদ্রপ—সময় সময় এই অবস্থা হইতে নিষ্কৃতির, জন্ম আমার পলায়ন করিবার, লুকাইয়া থাকিবার ইচ্ছা হইত। অনেক রায়ত আসিয়া শরীরে প্রহারের চিহ্ন দেখাইয়া বলিত, জমিদারের গোমন্তা, পাইকেরা মারিয়াছে। আমরা হাসপাতালে তাহাদের চিকিৎসার ব্যবস্থা করিতাম। তাহারাই বা কি করিবে? আমরাই বা কি করিব? আমরা অবস্থা বর্ণনা করিয়া প্রাদেশিক গভর্ণমেন্টের নিকট দীর্ঘ পত্র লিখিতে লাগিলাম। নৈনীতাল ও লক্ষোয়ে প্রাদেশিক গভর্ণমেন্টের সহিত কথাবার্তার আলান-প্রদানের জন্ম কংগ্রেস কমিটি গোবিন্দবল্লভ পদ্ধকে নিমুক্ত করিয়াছিলেন। তিনিও গভর্ণমেন্টের নিকট সর্বদা পত্র লিখিতে লাগিলেন। আমাদের সভাপতি তাসাদ্দুক, এ, কে, শেরোয়ানী এবং আমিও মাঝে মাঝে পত্র লিখিতাম।

জুন ও জুলাই মাসে বর্ষাকালে আর এক বিপদ উপস্থিত হইল।
এখন চাষ আবাদ ও বীজ বুনিবার সময়। যে সমস্ত প্রজাকে উচ্ছেদ
করা হইয়াছে, তাহারা অলসভাবে বসিয়া তাহাদের পতিত জমি
দেখিবে? ক্রয়কের পক্ষে ইহা কঠিন, ইহা তাহাদের প্রকৃতিবিক্ষা।
আইনতঃ উচ্ছেদ সাব্যস্ত হইলেও প্রকৃত প্রস্তাবে জমি বে-দথল হয়
নাই। আদালতের ডিক্রীর পর বিশেষ কিছু করা হয় নাই। এখন
যদি তাহারা জমিতে লাঙ্গল দেয়, তাহা ফৌজনারী আইনে অনধিকার
প্রবেশ হইবে, ছোটখাট দাঙ্গা হাঙ্গামাও হইতে পারে। অপরে আসিয়া
তাহার জমি চাষ করিবে, ইহা সহ্ করাও ক্রয়কের পক্ষে কঠিন।
ভাহারা আমাদের উপদেশ চাহিল। আমরা কি উপদেশ দিতে পারি ?

গ্রীম্মকালে আমি যথন গান্ধিজীর সহিত সিমলায় গিয়াছিলাম, তথন ভারত সরকারের একজন উচ্চপদস্থ কর্মচারীর নিকট এই অস্থবিধার কথা বলিয়াছিলাম এবং আমাদের মত অবস্থায় তিনি পড়িলে কি করিতেন, তাহাও জিজ্ঞাসা করিয়াছিলাম। তাঁহার উত্তরে আমার চৈতন্ত হইল। তিনি বলিলেন, যে রায়তকে জমি হইতে উচ্ছেদ করা হইয়াছে, সে এই প্রশ্ন করিলে আমি কোন উত্তরই দিতাম না। যদিও আইনতঃ সে উচ্ছেদ হইয়াছে, তথাপি তিনি তাহাকে এমন কথাও বলিতেন না যে, জমি চবিও না। সিমলার উচ্চশৃঙ্গে বসিয়া তাঁহার পক্ষে একথা বলা সহজ। কিন্তু ইহা ফাইলের উপর হকুম লেখা বা অন্ধ কিষয়া ফল বাহির করার মত ব্যাপার নহে। তিনি অথবা নৈনীতালের বড-

# युक्तश्राप्त क्रियकतम्त्र कुः थ-कृतिमा

কর্ত্তাগণ কথনও মাহুষের সংস্পর্ণে আদেন না, মান্ধের তৃঃধ-বেদনা তাঁহাদের চক্ষে পড়ে না।

সিমলায় আমাদিগকে বলা হইল যে, আমরা ক্রমকদিগকে একটি মাত্র উপদেশ দিতে পারি দে তাহাদের প্রা থাজনা দেওয়া কর্ত্তব্য, একান্ত নিরুপায় হইলে যথাসাধ্য দেওয়া উচিত। এককথায় আমাদিগকে জমিদারের গোমন্তার কাজ করিতে বলা হইল। কার্যাতঃ আমরাও তাহাদের যথাসাধ্য থাজনা দেওয়ার কথা বলিয়াছি। অবশু তাহাদিগকে আমরা গৃহপালিত পশু বিক্রেয় করিতে বা পুনরায় ঋণ করিতে নিষেধ করিয়াছিলাম; এবং ফল কি হইল, তাহাও দেখিলাম।

সে বারের প্রচণ্ড গ্রীমে আমাদের প্রান্তি ক্লান্তির অন্ত ছিল না। ভারতীয় কুষকদের তু:থ-তুর্ভাগ্য দহু করিবার এক আশ্চর্য্য শক্তি আছে। তুর্ভিক্ষ, वन्ना, वााधि, मড়क, िहतमातिरामात (প्रधा-এ नकरनत अधिकाः महे जाहारमत শ্বদ্ধে পড়ে; যথন আর সহু করিতে পারে না, তথন নীরবে, কাহাকেও দোষ না দিয়া হান্ধারে হাজারে মৃত্যু আলিন্ধন করে। তাহাদের সমুথে এই পথই খোলা আছে। মতীতের দৃঃখ-কষ্টের অভিজ্ঞতাব তুলনায় ১৯৩১ সালে নৃতন কিছু ঘটে নাই। কিন্তু যে কোন প্রকারেই হউক, এ বৎসর সে দেখিল যে, ইহা কোন ছর্ম্বোধ্য প্রাকৃতিক ছর্য্যোগ নহে যে নিফ্রপায় ভাবে সহু করিতে হইবে; এই তুর্দ্দশা মালুষের রচনা দেখিয়াই তাহারা ক্ষুৱ হইয়া উঠিয়াছিল। তাহাদের অভিনব রাজনৈতিক শিক্ষা ফলপ্রস্থ इंडेन। आभारमंत्र निकरिंख ১৯৩১-এর ঘটনাবলী অত্যন্ত বেদনাবহ; কেন না, ইহার জন্ম আমরাও অংশতঃ দায়ী-ক্রমকেরা কি আমাদের পরামশানুসারে কাজ করে নাই ? এবং আমি নিঃসন্দেহে বলিতে পারি যে, আমরা সদাসর্বদা সাহায়্য না করিলে অবস্থা আরও শোচনীয় হইত। আমরাই তাহাদের সঙ্খবদ্ধ করিয়া শক্তিশালী করিয়াছিলাম বলিয়াই তাহার। বার্দ্ধতহারে থাজনা মাপ পাইয়াছিল, অভাথা ইহা সম্ভব হইত না। জোরজুলুম ও অসদাবহার যাহা তাহারা পাইয়াছে, তাহা যতই মন হউক, এই হতভাগা লোকেদের নিকট তাহ। নৃতন নহে। কেবল প্রয়োগের তারতম্য ( বর্ত্তমানে ইহা আরও বেশী) এবং প্রচারের উপরই ইহা ানর্ভর করে। সাধারণতঃই গ্রামে জমিদারের গোমন্তার তুর্ব্যবহার ও পীড়ন সচরাচর ঘটনা, যদি হতভাগ্য ব্যক্তি মারা না যায়, তাহা হইলে অল্পলোকেই তাহা শুনিতে পায়। বর্ত্তমানে ইহার কিছু পরিবর্ত্তন হইয়াছে, কেন না আমানের সত্মবদ্ধতা এবং কৃষকদের নবজাগরণের ফলে সকল প্রকার ত্র্ব্যবহারের সংবাদই কংগ্রেসের কার্যালয়ে আদে।

### ख ও इत्रलांग निरुक्त

গ্রীম বৃদ্ধির সঙ্গে বলপূর্ব্বক থাজনা আদায়ের ব্যবস্থা শিথিল হইল, অত্যাচারও কমিল। ভূমি হইতে বঞ্চিত বহুসংখ্যক রায়তকে লইয়া আমরাবিরত হইয়া উঠিলাম। ইহাদের কি করা যায় ? অধিকাংশ জ্বমি পতিত পড়িয়াছিল বলিয়াই আমরা উহাদিগকে জমি ফিরাইয়া দিবার জ্বন্ত গভর্ণমেন্টকে পীড়াপীড়ি করিতে লাগিলাম। ভবিয়তের প্রশ্ন আরোজকরী। যে থাজনা মাপ হইয়াছে, তাহা অতীত কিন্তীর জ্বন্ত, ভবিয়তের কোন ব্যবস্থাই হয় নাই। অক্টোবর হইতে ন্তন কিন্তীর থাজনা আদায় আরম্ভ হইবে। তথন কি ঘটিবে ? আবার কি পূর্বের মতই পীড়নের মধ্য দিয়া যাইতে হইবে ? ইহা বিবেচনা করিবার জ্ব্য প্রাদেশিক গভর্ণমেন্ট সরকারী কর্মচারী ও কয়েকজন জমিদার লইয়া একটি কমিটি গঠন করিলেন। ক্ষকদের কোন প্রতিনিধি ইহাতে লওয়া হইল না। শেষ মৃহুর্ত্বে যথন কমিটির কাজ ক্বন্ধ হইয়াছে, তথন আমাদের পক্ষ হইতে গোবিন্দবল্পভ পম্বকে গভর্ণমেন্ট কমিটিতে যোগ দিবার অন্পরোধ করিলেন। তথন জক্বরী বিষয়গুলির আলোচনা শেষ হইয়া গিয়াছে, অতএব এত বিলম্বে কমিটিতে যোগ দেওয়া তিনি সঙ্গত বিবেচনা করিলেন না।

যুক্ত-প্রাদেশিক কংগ্রেস কমিটিও ক্ষিসম্পকিত অতীত ও বর্ত্তমান তথা সংগ্রহ করিয়া বর্ত্তমান অবস্থা নির্ণয়ের জন্ম একটি ছোট কমিটি নিযুক্ত করিলেন। এই কমিটি যুক্ত-প্রদেশে ক্ষ্যকদের বিস্তারিত অবস্থা বর্ণনা করিয়া এক স্থানীর্ঘ বিবরণী রচনা করিলেন; ক্ষ্যি-পণ্যের মূল্য ছাস হওয়ায় অবস্থা কতদ্র শোচনীয় হইয়াছে, তাহাও বিশ্লেষণ করিয়া দেখাইলেন। তাঁহাদের সিদ্ধান্তগুলি ব্যাপক। গোবিন্দবল্লভ পদ্ধ, রিফ আহম্মদ কিলোয়াই এবং বেক্ষটেশ নারাষণ তেওয়ারীর স্বাক্ষরিত এই বিবরণী পুস্তকাকারে প্রকাশিত হইল।

এই রিপোর্ট প্রকাশিত হইবার বহুপুর্বেই গান্ধিজী গোলটেবিল বৈঠকের জন্ম লণ্ডনে গিয়াছিলেন। প্রস্থানের পূর্বে তিনি ইতস্থতঃ করিয়াছিলেন, এবং ইহার অন্যতম কারণ যুক্ত-প্রদেশের ক্লয়ক সমস্যা। এমন কি, তিনি স্থির করিয়াছিলেন, যদি লণ্ডনে না যাওয়া হয়, তাহা হইলে তিনি যুক্ত-প্রদেশে আসিয়া এই জটিল সমস্যা সমাধানে আত্মনিয়োগ করিবেন। সিমলায় গভর্গমেণ্টের সহিত সর্ব্বশেষ আলোচনায় অন্যান্থ বিষয়ের সহিত যুক্তপ্রদেশের কথাও আলোচিত হইয়াছিল। তিনি ইংলণ্ডে প্রস্থানের পর, আমরা নিয়মিতভাবে তাঁহাকে সংবাদ দিতাম। প্রথম তুই মাস, আমি নিয়মিতক্রপে প্রতি সপ্তাহে, সাধারণ ও বিমান ভাকে তাঁহার নিকট পত্র দিতাম। শেষের দিকে শীঘ্রই তাঁহার প্রত্যাবর্ত্তন

# यूक्क अदिन क्यक दमन कुः थ-कुर्कमा

প্রত্যাশা করিয়া নিয়মিতভাবে পত্র দিতাম না। তিনি আমাদিগকে বলিয়া গিয়াছিলেন যে, তিনি তিন মাসের মড়েই ফিরিয়া আসিবেন। নভেম্বর মাসে তিনি না ফেরা পর্যান্ত ভারতে কোন সম্বর্ট উপস্থিত হইবে না আমরা এইরপ আশা করিয়াছিলাম। তাঁহার অন্তপস্থিতিতে গভর্নেটের সহিত কোন সংঘর্ষ না হয়, সেজ্যু আমরা সাবধান ছিলাম। ঘাহা হউক তাঁহার ফিরিবার বিলম্ব হইতে লাগিল এবং কৃষক সমস্ত্যাও অতি ক্রত সন্ধান ইইয়া উঠিল। আমরা তারবোগে বিস্তারিত সংবাদ তাঁহাকে জানাইলাম, এবং কর্ত্তব্য সম্পর্কে উপদেশ চাহিলাম। তিনি তারে উত্তর দিলেন যে, এবিষয়ে তিনি নিজেকে অসহায় বোধ করিতেছেন, এবং আমাদিগকে নিজেদের বিবেচনাচুযায়ী কাজ করিবার উপদেশ দিলেন।

প্রাদেশিক কংগ্রেস কর্তৃপক্ষ কার্য্যকরী সমিতিকেও সমন্ত অবস্থা জানাইলেন। আমি নিজে তাঁহাদিগকে প্রভ্যক্ষভাবে সংবাদ দিতে লাগিলাম। অবস্থার গুরুত্ব বিবেচনা করিয়া কার্য্যকরী সমিতি আমাদের প্রাদেশিক সভাপতি তাসাদ্দৃক শেরোয়ানী এবং এলাহাবাদ জিলার সভাপতি পুরুষোত্তমদাস ট্যাপ্তনের সহিত পরামর্শ করিতে লাগিলেন।

গভর্ণমেন্ট ক্লয়ি-কমিটির রিপোর্ট কতকগুলি মন্তব্যসহ শীঘ্রই প্রকাশিত হইল। জটিল ও অম্পষ্ট ব্যবস্থার ভার বহুল পরিমাণে স্থানীয় কর্মচারীদের উপর অর্পিত হইল। বিগত কিন্তি অপেক্ষা এবারে আরও কিছু বেশী थाजना मात्यत প্রস্তাব হইল। কিন্তু আমাদের মতে তাহা পর্যাপ্ত নহে। সরকারী ব্যবস্থার নীতি ও প্রয়োগ পদ্ধতি—এই উভয় ব্যাপারেই আমরা আপত্তি প্রকাশ করিলাম। সরকারী রিপোর্টে কেবল ভবিষ্যতের কথাই ধরা হইয়াছিল: বকেয়া খাজনা, দেনা এবং অগণিত ভূমিহীন ক্লযকের বিষয়, কুষকের কথার কোন উল্লেখ ছিল না। এখন আমরা কি করিব? গত বসস্ত ও গ্রীম্মকালে আমরা যে-ভাবে কৃষকদের যথাসাধ্য থাজনা দিবার উপদেশ দিয়াছি, তাহাই করিব? কিন্তু তাহার পরিণাম কি একই প্রকার হইবে না? আমরা পূর্ব-অভিজ্ঞতায় দেখিয়াছি যে, এরূপ নির্বোধ উপদেশের পুনরাবৃত্তি বাঞ্নীয় নহে। হয় ক্লমকেরা প্রাণপণে চেষ্টা করিয়া निर्फिष्ठ ও সংশোধিত দাবী অহুযায়ী পূরা থাজনা আদায় দিক, অশ্বতথা বর্ত্তমানে কিছুই না দিয়া ভবিষ্যতের জন্ম অপেক্ষা করুক। আংশিক খাজনা দিলে এদিক ওদিক কোনদিকই রক্ষা হয় না। রুধকেরা সর্বস্বাস্ত হয় এবং তাহাদের জমি হস্তাস্তরিত হইয়া যায়।

প্রাদেশিক কংগ্রেস কর্ত্তৃপক্ষ ধীরভাবে বিচার করিয়া দেখিলেন ধে সরকারী প্রস্তাবগুলি ঐ আকারে গ্রহণ করার পক্ষে অহুকূল নহে;

969

### জওহরলাল নেহর

তবে বিগত গ্রীমকাল অপেক্ষা এবার কিছু অধিক হারে থাজনা মাপের ব্যবস্থা হইয়াছে। সরকারী প্রস্তাবগুলি ক্বকদের পক্ষে অধিকত্র স্থবিধাজনক করিবার সম্ভাবনা ছিল বলিয়া আমরা গভর্ণমেন্টের নিকট অহুরোধ উপরোধ করিতে লাগিলাম। কিন্তু আশার বিশেষ লক্ষণ দেখিলাম না। এবং যে সংঘর্ষ আমরা এড়াইতে চাহি, তাহাই ক্রতগতিতে আমাদের সমুখীন হইতে লাগিল। কংগ্রেসের প্রতি প্রাদেশিক গভর্ণমেন্ট তথা ভারত গভর্ণমেন্টের মনোভাব ক্রমশঃ কঠিন হইতে কঠিনতর হইয়া উঠিল। আমাদের বড় বড় চিঠিগুলির উত্তরে অতি সংক্ষেপে স্থানীয় কর্মচারীদের নিকট জানাইবার নির্দেশ দেওয়া হইত। স্পষ্টই বুঝা গেল যে, গভর্ণমেণ্ট কোনমতেই আমাদিগকে উৎসাহ দিতে রাজী নহেন। কুষকদিগকে খাজনা মাপ দিবার দরুণ কংগ্রেসের প্রতিষ্ঠা বাড়িবার সম্ভাবনা আছে, ইহা গভণমেটের নিকট অসম্ভোষজনক সমস্তা হইয়া দাঁড়াইরাছিল। দীর্ঘকালের অভ্যাসবশতঃ তাঁহারা সরকারী মর্য্যাদার দিক দিয়া সকল বিষয় ভাবিতে অভাতঃ। জনসাধারণ থাজনা মাপের জন্ম কংগ্রেদকে বাহাতুরী দিবে, ইহা তাঁহাদের নিকট অদহ বোধ হইয়াছিল। এবং যাহাতে এরূপ ধারণার উদ্ভব না হয়, দেজন্য তাঁহারা যথাদাধ্য চেষ্টা করিয়াছিলেন।

ইতিমধ্যে দিল্লী ও অক্তাক্ত স্থান হইতে আমরা সংবাদ পাইতে লাগিলাম যে, ভারত গভর্ণমেণ্ট কংগ্রেদী আন্দোলনের বিরুদ্ধে ব্যাপকভাবে দমননীতি অবলম্বনের জন্ম প্রস্তুত হইতেছেন। একটা কনিষ্ঠাঙ্গুলীর সঙ্কেতে আমাদিগকে হৃশ্চিক হারা শাসন করিবার ব্যবস্থা আরম্ভ হইবে। সরকারী সম্বন্ধের বিস্তৃত বিবরণও আমরা পাইতে नाशिनाम। नटज्यत मारमत कान ममग्न, आमात मरन आह्न, छाः আন্দারী আমাকে (স্বতম্বভাবে কংগ্রেদের সভাপতি বল্লভভাই প্যাটেলকে) সংবাদ দিলেন যে, আমরা পূর্বের যে সকল সংবাদ পাইয়াছি, তাহা সত্য, সীমান্ত-প্রদেশে ও যুক্ত-প্রদেশে কি শ্রেণীর অভিতাস জারী रहेरत, **जाहांत्र** विञ्**ष विवत् जानाहै** त्वन। वाक्रनाहिन, आसात्र বিশাস ইতিমধ্যেই নৃতন অভিজ্ঞান পুরস্কারস্বরূপ পাইয়াছে কিংবা শীঘই পাইবে। ছই মাদ পরে যথন নৃতন অভিতাসওলি জারী इंग्रेन, তथन (एथा (गन (य, छा: आमातीत विवत् वर्त वर्त प्र**र्**ण । গোলটেবিল বৈঠকের অপ্রত্যাশিত দৈর্গ্যের দক্ষণ গভর্ণমেন্ট নৃতন অর্ডিক্তান্স প্রয়োগ করিতে বিলম্ব করিতেছিলেন। যথন গোলটেবিল বৈঠকের সদস্যগণ আশার কথায় পরস্পরের কর্ণে মধুবর্ষণ করিতে-

# यूक्कथरमरण क्यकरमत्र यूःथ-प्रक्रमा

ছিলেন, তথন ভারতে পাইকারী ভাবে দমন-নীতি প্রয়োগ গভর্ণনেট 
যুক্তিযুক্ত মনে করেন নাই। অতএব মনক্ষাক্ষি বাড়িতে লাগিল;
আমাদের ইচ্ছার বিক্ষেই ঘটনার গতি ্রিতে লাগিল। ইহার
অপরিহার্য্য গতি বেগ নিয়ন্ত্রিত করা আমাদের মত কুল ব্যক্তির
সাধ্যায়ত্ত ছিল না। আমাদের পক্ষে ইহার সম্মুখীন হইয়া ব্যক্তিগতভাবে
বা সম্মিনিতভাবে জীবন-নাট্যের এই বিয়োগাস্থক অভিনরের ভূমিকা
গ্রহণ করা ছাড়া গত্যন্তর ছিল না। কিন্তু আমরা প্রত্যাশা কলিতেছিলাম
যে, যবনিকা উত্তোলিত হইয়া অস্বের ঝঞ্চনা আরক্ষ হইবার পূর্বেই
গান্ধিজী আসিয়া সমন্ত দায়ির নিজের ক্ষেক্ষেই লইবেন, য্দ্ধ না শান্তি
তিনিই নিগম করিবেন। তাঁহার অনুপন্থিতিতে দায়ির ক্ষম্বেল লইবার শক্তি
আমাদের কাহারও ছিল না।

युक-अरमर गंडर्राय जात अकि अमन वावका ज्वनकन कतिरामन य পল্লী অঞ্চলে ভীতির সঞ্চার হইল। গাজনা মাপের যে সকল পরোয়ানা প্রজাদের মধ্যে বিলি করা হুইল, তাহাতে খাজনা মাপের পরিমাণ উল্লিখিত ছিল। এবং উহার সহিত এই ভাতিপূর্ণ দাবধানবাণী ছিল যে, একনাদের মধ্যে (কোথাও বা তাহারও কম সময় উল্লেখ ছিল) সম্পূর্ণ টাকা আদায় না দিলে গাজনা মাপ প্রত্যাহার করা হইবে এবং পরা টাকা আদায় कतिवात जग्र बार्रेन-मञ्जू উপाय व्यवस्था करा स्ट्रेटर । रेटात वर्ष ज्ञि হইতে উচ্ছেদ, অস্থাবর সম্পত্তি ক্রোক ইত্যাদি। সাধারণ বংসরে রায়তেরা ২৷৩ মাসে কিন্তিতে কিন্তিতে টাকা দিয়া থাসনা শোধ করে, কিন্তু এই ক্ষেত্রে দে সময়টুকুও দেওয়া হইল না। সমস্ত পল্লী অঞ্ল অকস্মাৎ সঙ্কটের মধ্যে পড়িল, প্রজারা পরোয়ানা হতে ইতন্ততঃ ছটাছুটি করিয়া প্রতিবাদ ও অভিযোগ করিতে লাগিল এবং পরামর্শ চাহিল। গভণমেণ্ট অথবা তাহাদের স্থানীয় কর্মচারীদের পক্ষে এই ভীতি প্রদর্শন—অত্যন্ত নির্কাদিতার কাজ হইয়াছিল। আমরা পরে শুনিলাম যে ইহার উপর বিশেষ গুরুত আরোগ করা হয় নাই। কিন্তু ইহার ফলে শান্তিপূর্ণ সমাধানের সন্তাবনা বহুল পরিমাণে হ্রাস হইল এবং ধাপে ধাপে অগ্রসর হইয়া ইহা সংঘর্ষকে অপরিহায়্য করিয়া তুলিল।

কি কৃষকগণ, কি কংগ্রেস অন্থত্ব করিল যে শীঘ্রই কার্যা স্থির করার প্রয়োজন, গান্ধিজীর প্রত্যাবর্ত্তনের আশায় আমরা ইতিকর্ত্তব্য নির্দ্ধারণ স্থগিত রাখিতে পারি না। আমরা কি করিব, কি উপদেশ দিব ? আমরা জানি যে এত অল্প সময়ের মধ্যে কৃষকদের পক্ষে দাবীর অন্থরূপ থাজনা দেওয়া সম্ভব নহে; এই অবস্থায় কি করিয়া আমরা তাহাদিগকে এরপ উপদেশ

### ज ও इत्रमाम (न इक्र

দেই ? এবং বকেয়া ধাজনারই বা কি হইবে ? যদি তাহারা দাবীর সম্পূর্ণ অথবা অধিকাংশ পরিশোধও করে তাহা হইলে তাহা বকেয়া বাকীতে জমা হইয়া তাহাদের উচ্ছেদের সম্ভাবনাও থাকিয়া যাইবে নাকি ?

এলাহাবাদ জিলা কংগ্রেস কমিটি শক্তিশালী কৃষকদের লইয়া বিরুদ্ধতায় প্রবৃত্ত হইল। ইহার: স্থির করিলেন যে ক্লযকদিগকে থাজনা আদায় দিবার উপদেশ দেওয়া যায় না। যাহা হউক, কথা উঠিল যে প্রাদেশিক কর্ত্তপক্ষ তথা নিখিল ভারত কার্যাকরী সমিতির সমতি ব্যতীত এরপ আক্রমণশীল উপায় অবলম্বন করা যায় না। অতএব জিলা ও প্রদেশের পক্ষ হইতে পুরুষোত্তমদাস টাওন ও তাসাদ ক শেরোয়ানী কার্যকরী সমিতির নিকট তাঁহাদের বক্তব্য পেশ করিলেন। সমস্যা কেবলমাত্র এলাহাবাদ জিলার মধ্যেই সীমাবন্ধ ছিল। ইহা সম্পূর্ণরূপে অর্থ নৈতিক প্রশ্ন হইলেও রাজনৈতিক অসন্তোষের দক্রণ ইহার পরিণাম বহুদ্র পর্যান্ত যাইতে পারে, ইহা আমরা অমুভব করিলাম! এলাহাবাদ জিলা কমিটি কি সাময়িক ভাবে কৃষক-দিগকে খাজনা প্রদান বন্ধ রাখিবার উপদেশ দিয়া স্থবিধাজনক সর্ত্তের জন্ত পুনরায় গভর্ণমেন্টের সহিত কথাবার্তা চালাইবে ? এই প্রশ্ন লইয়া আলোচনা আরম্ভ করিলাম, কিন্তু আমরা কি করিতে পারি ? কাধ্যকরী সমিতি গান্ধিজীর প্রত্যাবর্ত্তনের পূর্ব্বেই গভর্ণমেন্টের সহিত সংঘর্ষ নিবারণের জন্ত প্রাণপণে চেষ্টা করিতে লাগিলেন। অর্থ নৈতিক সমস্তা শ্রেণী সমস্তায় পরিণত না হইতে পারে সেদিকেও তাঁহাদের লক্ষ্য ছিল। কার্য্যকরী সমিতি রাজনৈতিক निक निया यथिष्ठे <u>अधिनत इं</u>टेलिंख न्यां जनीजित निक निया उर्छी छिलन ना। এবং রায়ত বনাম জমিদার প্রশ্ন উত্থাপন করা তাঁহার। অপছন্দ করিতেন।

আমার সমাজতান্ত্রিক মনোবৃত্তির জন্য অর্থ নৈতিক ও সামাজিক ব্যাপারে আমার পরামর্শ লওয়া তাঁহারা নিরাপদ মনে করিতেন না। কিন্তু কার্য্যকরী সমিতি যুক্ত-প্রদেশের সমস্তা সম্যকরূপে উপলব্ধি করুন, আমার এই ইচ্ছো ছিল। কেন না আমাদের মধ্যে অধিকতর চরমপন্থী এবং দক্ষিণপন্থী সদস্তেরাও নিজেদের ইচ্ছার বিরুদ্ধেই ঘটনাচক্রে কার্যাকরী ব্যবস্থা অবলম্বন করিতে বাধ্য হইতেছিলেন। কাজেই আমাদের কার্য্যকরী সমিতির সভায় শেরোয়ানীও আমাদের প্রদেশের অন্তান্তের উপস্থিতিতে আমি আনন্দিত হইলাম। শেরোয়ানী (আমাদের প্রাদেশিক সভাপতি) কোন মতেই উগ্রপন্থী ছিলেন না। কি রাজনীতি কি অর্থনীতি উভয় দিক হইতেই তিনি কংগ্রেসের দক্ষিণপন্থী ছিলেন। এবং বংসরের আরম্ভ হইতেই তিনি যুক্ত-প্রদেশের কংগ্রেস কমিটির রুষক আন্দোলনের বিরুদ্ধে ছিলেন। কিন্তু তিনি সভাপতি হইয়া যথন দায়িত্ব গ্রহণ করিলেন তথন বুঝিতে পারিলেন যে আমাদের

### युक्क अटमटम क्यक टमत्र वृक्ष्मा

সম্মূথে অন্ত কোন পথ ছিল না। পরবর্ত্তী প্রত্যেক কাজে প্রাদেশিক কমিটি তাঁহার ঘনিষ্ঠ সহযোগিত। লাভ করিয়াছে। এমন কি সভাপতি হিসাবে তিনিও কমিটিকে পরিচালিত করিয়াছিলেন।

তাসাদুক শেরোয়ানীর যুক্তিপূর্ণ মস্তব্যে কার্য্যকরী সমিতির সদস্ত্যগণ প্রভাবান্বিত হইলেন—আমিও এতথানি করিতে গারিতাম না। অনেক ইতস্ততঃ করিয়া যথন তাঁহারা আর অগ্রাহ্ম করিতে পারিলেন না তথন তাঁহারা প্রাদেশিক কমিটিকে যে কোন অঞ্লে থাজনা ও রাজস্ব প্রদান বন্ধ রাথিবার অহমতি দিলেন। কিন্তু সেই সঙ্গে তাঁহারা যুক্ত-প্রদেশের জনসাধারণকে সাধ্যমত এই উপায় অবলম্বন না করিয়া প্রাদেশিক গভণমেন্টের সহিত আলোচনা চালাইবার জন্ম তাহুরোধ করিলেন।

किছूकान এই আলোচনা চলিল, किछ विश्व कल ट्रेन ना। आমात বিশ্বাস এলাহাবাদ জিলায় থাজনা মাপের পরিমাণ কিছু বাড়িয়াছিল। সাধারণ অবস্থায় একটা আপোয়, অন্ততঃ পক্ষে প্রকাশ্য সংঘর্ষ নিবারণ সম্ভবপর হইত। নতভেদের কারণ অল্পই থাকিত। কিন্তু অবস্থা ছিল ভিন্নরপ। তুইপক্ষই—গভর্ণমেট ও কংগ্রেস—আগতপ্রায় অপরিহায় সম্ভাবনা চিম্ভা করিতেছিলেন; কাজেই আমাদের পারম্পরিক আলোচনার মধ্যে আন্তরিকতা ছিল না। উভয় পক্ষের আচরণের মধ্যেই কৌশলম্বারা স্ব স্থ ভূমি দৃঢ় করিবার প্রয়াস পরিলক্ষিত হইতে লাগিল। গভর্ণনেণ্ট গোপনে সম্পূর্ণরূপে প্রস্তুত হইয়াই ছিলেন। আমাদের শক্তি সম্পূর্ণরূপেই জনসাধারণের চরিত্রবল ও দৃঢ়তার উপর নির্ভর করে। এবং তাহা কোন গোপন উপায়ে গড়িয়া তোলা যায় ন।। কেহ কেহ—আমিও দেই অপরাধীদের একজন—দাধারণের বকৃতায় বলিতাম যে স্বাধানতার সংঘর্ষ শেষ হইতে এখনও বহু বাকী এবং আমাদিগকে অদূর ভবিশ্ততেই বহু পরীক্ষা ও বিশ্লের সমুখীন হইতে হইবে। আমরা জনসাধারণকে নিজেদের প্রস্তুত রাখিতে উপদেশ দিতাম বলিয়া আমাদিগকে যুদ্ধের গুজব সৃষ্টিকারী বলিয়া সমালোচনা করা হইয়াছে। কিন্তু কাষ্যতঃ আমাদের মধ্যশ্রেণীর কংগ্রেসকন্মীরা বাস্তব ঘটনার প্রতি ওদাসীতা প্রকাশ করিতেন ৷ এবং তাহারা আশা করিতেন যে, যে কোন প্রকারেই হউক সংঘর্ষ আর হইবে না। লগুনে গান্ধিজীর উপস্থিতির ফলে সংবাদ-পত্রের পাঠকশ্রেণীর মন বিষয়ান্তরে নিবিষ্ট হইয়াছিল। তথাপি **দেশের** শিক্ষিত সম্প্রদায়ের নিরপেক্ষতা সত্তেও ঘটনার গতি অগ্রসর হইল, বিশেষ ভাবে বান্ধলা, দীমান্ত প্রদেশ ও যুক্ত-প্রদেশে নভেম্বর মাদে অনেকেই বুঝিতে পারিলেন যে সঙ্কট ঘনাইয়া আসিতেছে।

#### ज्ञानान (नर्ज

ঘটনার গতি দেখিয়া যুক্ত-প্রাদেশিক কংগ্রেস কমিটি ভীত হইলেন এবং যদি সংঘর্ষ বাধিয়া উঠে সেজন্ত পূর্বে হইতেই কতকগুলি ঘরোয়া ব্যবস্থা করিলেন। এলাহাবাদ কংগ্রেস কমিটি কর্ত্তক এক ক্লমক সন্মিলনী আছত হইল। এই সম্মেলনে পারস্পরিক আলোচনার ভিত্তি স্বরূপ একটি প্রস্তাব এই ভাবে গ্রহণ করা হইল যে, অধিকতর স্থবিধাজনক সর্ত্ত না পাইলে তাঁহারা ক্লমকদিগকে थाकना दा ताक्ष स्व ताथिवात উপদেশ দিবেন। এই প্রস্তাবে প্রাদেশিক গভর্ণমেন্ট মহাবিরক্ত হইলেন এবং ইহাতে সন্ধির সর্ত্ত ভঙ্গ করা হইয়াছে এই অজুহাত দেখাইয়া আমাদের সহিত আর কোন আলাপ আলোচনায় অসমত হইলেন। এদিকে উহাই আবার প্রতিক্রিয়া মৃথে ঝটিকার পূর্ব্বাভাষ মনে করিয়া প্রাদেশিক কংগ্রেস নিজেদের ব্যবস্থা করিতে লাগিলেন। এলাহাবাদে আর একটি রুষক সম্মেলনে পূর্ব্বাপেক্ষা দৃঢ় ও মিলিত ভাবে আর একটি প্রস্থাব গ্রহণ করিয়া কৃষকদিগকে অধিকতর স্থবিধাজনক সর্ত্ত না পাইলে থাজনা বন্ধ রাখিবার উপদেশ দেওয়া হইল। কিন্তু এ পর্যান্ত "থাজনা বন্ধ" আন্দোলন করা হয় নাই, বরং" গ্রায়্ থাজনা" প্রদানের আন্দোলন করা হইয়াছিল। এবং আমরা কথাবার্তা চালাইবার্ট প্রস্থাব করিতেছিলাম, ষ্দিও প্রতিপক্ষ জাঁক দেখাইয়া চলিয়া গিয়াছিলেন। এলাহাবাদ প্রস্তাবে যদিও জমিদার এবং প্রজা সকলের কথাই সমান ভাবে উল্লেখ ছিল, কিন্তু আমরা জানিতাম কার্য্যতঃ ইহা রায়ত এবং ছোট জমিদারেরাই মান্ত করিবে।

১৯৩১-এ নভেম্বর মাদের শেষে এবং ডিদেম্বরের প্রারম্ভে যুক্ত-প্রদেশের অবস্থা এইরূপ ছিল। ইতিমধ্যে বাঙ্গলা ও দীমান্তপ্রদেশের ঘটনা দঙ্গীন হইয়া উঠিল, এবং বাঙ্গলায় এক নৃতন, ভয়য়র দর্বগ্রাদী অভিনাম জারী করা হইল। শান্তির পরিবর্ত্তে এই য়ুদ্ধের আভাষ দেপিয়া দর্বত্ত এই প্রশ্ন উঠিতে লাগিল, গান্ধিজী কথন ফিরিবেন? যে আক্রমণের জন্ম গভর্গমেন্ট পূর্ব্ব হইতেই প্রস্তুত হইয়া আছেন, তাহ। আরম্ভ হইবার পূর্বেই কি তিনিফিরিয়া আদিতে দক্ষম হইবেন? অথবা তিনি ফিরিয়া আদিয়া দেপিবেন যে তাঁহার সহকর্মীরা কারাগারে এবং দংগ্রাম আরম্ভ হইয়া গিয়াছে? আমরা সংবাদ পাইলাম, তিনি বাত্রা করিয়াছেন এবং বংসরের শেষ দপ্তাহে বোম্বাই উপস্থিত হইবেন। আমরা প্রত্যেক কংগ্রেসের প্রত্যেক বিশিষ্ট কর্মী কি কেন্দ্রীয় আফিসে কি প্রদেশে তাঁহার প্রত্যাগমন পর্যান্ত সংঘর্ষ এড়াইতে চেষ্টা করিতে লাগিলাম। এমন কি সংঘর্ষ আরম্ভ করিতে হইলেও তাঁহার পরামর্শ ও নির্দেশের জন্ম তাঁহার দহিত আমাদের সাক্ষাং হওয়া আবিশ্যক। এই অসম প্রতিযোগিতায় আমরা নিজেদের অসহায় বোধ করিতে লাগিলাম। আরম্ভ করিবার দায়িত্ব ব্রিটিশ গভর্ণমেন্টের হাতে।

# সন্ধির অবসান

যুক্ত-প্রদেশের কাজ লইয়া ব্যস্ত থাকা সত্ত্বেও দীর্গকাল যাবং অক্সান্ত অসম্ভোবের কেন্দ্র, বাঙ্গলা ও সীমান্ত প্রদেশে যাইবার জন্ত আমি উৎকন্তিত ছিলাম। প্রত্যক্ষভাবে অবস্থা পর্য্যবেক্ষণ করা এবং পুরাতন বন্ধুদের সহিত মিলিত হওয়ার আগ্রহও ছিল, অনেকের সহিত তুই বংসর সাক্ষাতের স্ক্রোগ পাই নাই। সর্ব্বোপরি, ঐ প্রদেশদ্বয়ের জনসাধারণের সাহস ও জাতীয় সংগ্রামে তাঁহাদের ত্যাগস্থীকঃরের শক্তির প্রতি আমার হৃদয়ের শক্তা নিবেদন করিতেও আমি উন্থ হইয়াছিলাম। সাম্যিকভাবে সীমান্ত প্রদেশে প্রবেশের উপায় ছিল না, কোন খ্যাতনামা কংগ্রেসপন্থীর তথায় গমন ভারত গভর্গমেণ্ট অন্থমোদন করিতেন না; এই আপত্তি অগ্রাহ্ করিয়া কলহ স্বান্ত প্রভ্রায় আমাদের ছিল না।

বাঙ্গলার অবস্থা অতি শোচনীয় হইয়া পড়িয়াছিল। এই প্রদেশের প্রতি আমার গভীর আকর্ষণ সত্তেও আমি ইতস্ততঃ করিতে লাগিলাম। আমি অত্তব করিলাম. দেখানে গিয়া নিজেকে অসহায়ই মনে করিব এবং হয়ত কোন উপকারেই লাগিব না। এই প্রদেশে কংগ্রেসপন্থীদের ছই দলের দীর্ঘয়ী শোচনীয় কলহের দরুণ, বাহিরের কংগ্রেসপন্থীরা ভয়ে দ্বে সরিয়া থাকিতেন, পাছে কোন পক্ষের সহিত জড়াইয়া পড়েন। ইহা উট পাথীর আত্মগোপনের নিক্ষল চেষ্টার মত ত্র্বল নীতি। বাঙ্গলাকে আশ্বাস ও সান্থনা দেওয়াও হয় না, তাহার সমস্যাগুলি সমাধানেরও স্ববিধা হয় না। গান্ধিজী লওনে যাওয়ার কিছুক।ল পরেই ছইটি ঘটনায় সহসা বাঙ্গলার প্রতি সারা ভারতের দৃষ্টি আক্ষিত হইল। ঘটনা তুইটি হিজলী ও চটুগামে ঘটিয়াছিল।

হিজলীতে বিনা বিচারে আটক ব্যক্তিদের একটি বিশেষ বন্দিশালা ছিল। সরকারীভাবে ঘোষণা করা হইল যে, বন্দিশালার ভিতরে দাঙ্গা হাঙ্গামা হইয়া গিয়াছে; বন্দীরা সিপাহীদিগকে আক্রমণ করায় তাহারা গুলি করিতে বাধ্য হইয়াছে। ফলে একজন নিহত ও অনেকে আহত হইয়াছে। স্থানীয় সরকারী অন্নসন্ধান সমিতি অব্যবহিত পরেই ঘটনার তদন্ত করিয়া গুলিবর্ষণ ও তাহার ফলাফলের নিন্দা হইতে কারারক্ষীদের

#### জওহরলাল নেহর

অব্যাহতি দিলেন। কিন্তু দাঙ্গার বর্ণনার মধ্যে অনেক কৌতৃহলজনক ব্যাপার ছিল, ক্রমে তুই একটি করিয়া ঘটনা প্রকাশ পাইতে লাগিল, যাহা সরকারী বির্তির বিপরীত এবং পূর্ণ তদন্তের জক্য তীব্র দাবী উত্থাপিত হইল। ভারতে সাধারণ সরকারী প্রথার ব্যতিক্রম করিয়া, বাঙ্গলা-সরকার বিচার বিভাগের উচ্চপদস্থ ব্যক্তিদের লইয়া এক তদন্ত-কমিটি গঠন করিলেন। ইহা সম্পূর্ণ সরকারী কমিটি; এই কমিটি সাক্ষ্য প্রমাণ গ্রহণ করিয়া ঘটনার পুছায়পুছারূপে বিচার করিলেন এবং ইহাদের সিদ্ধান্ত বন্দিশালার কর্মচারীদের বিরুদ্ধে গেল। তাহাদের মতে বন্দিশালার রক্ষীদেরই দোষ অনেক বেশী এবং গুলি করা অত্যন্ত অযোজিক হইয়াছে। কাছেই পূর্ব প্রচারিত সরকারী ইতাহার একেবারেই মিথা প্রমাণিত হইল।

হিজলীর ঘটনার মধ্যে অত্যাশ্চর্য্য কিছুই ছিল না। তুর্ভাগ্যক্রমে এই শ্রেণীর ঘটনা অথবা তুর্ঘটনা ভারতে বিরল নহে। প্রায়ই সংবাদপত্রে 'জেলে হাঙ্গামার' কথা পাঠ করা যায়। সশস্ত্র ওয়ার্ভার ও প্রহরীরা কি আশ্চর্যা বীরত্বের সহিত নিরস্ত্র ও অসহায় কয়েদীদের দমন করিয়া ফেলে, তাহার বিবরণও উহাতে থাকে। হিজলীতে অভিনবত্ব এই যে, সরকারী কমিটিই গভর্গমেন্ট ইন্তাহারের একদেশদর্শিতা, এমন কি, ঘটনার মিথাা বিবৃত্তির কথা উদ্ঘাটন করিলেন। অতীত্তেও এই সকল সরকারী ইন্তাহারে লোকে বিশেষ গুরুত্ব আরোপ করিত না, এ ক্ষেত্রে ত হাতে নাতে ধরা পড়িয়া গেল।

হিজনীর ঘটনার পরেও সমস্ত ভারতবর্ষে জেলে অনেক "ঘটনা" ঘটিয়াছে। কোথাও গুলি চলিয়াছে অথবা জেল কর্মচারীরা অন্তবিধ্বল প্রয়োগ করিয়াছে। বিশ্বয়ের বিষয় এই যে এই শ্রেণীর "জেল দাঙ্গায়" কেবল মাত্র কয়েদীরাই আহত হয়। সরকারী প্রচারিত ইন্ডাহারে কয়েদীদের অনেক অপকার্যোর কথা উল্লেখ করিয়া তাহাদিগকে দোষী সাব্যস্ত করা হয় এবং কারাকর্মচারীর নিলোঘিতা প্রতিপন্ন হয়। তদস্তের দাবী সরাসরি অন্বীকার করা হয়, এবং বিভাগীয় তদস্তই যথেষ্ট বলিয়া বিবেচিত হয়। হিজলীর ঘটনা হইতে গভর্ণমেন্ট এই শিক্ষা লাভ করিলেন যে, সমাক ও নিরপেক্ষ তদস্তের ব্যবস্থা অত্যন্ত বিপজ্জনক, এবং অভিযোক্তা স্বয়ংই স্ক্রেন্ত্র বিচারক। হিজলীর দৃষ্টান্ত ইইতে জনসাধারণের এই শিক্ষালাভ করা উচিত যে সরকারী ইন্ডাহারগুলিতে প্রকৃত ঘটনার বিবরণ থাকিবে না, গভর্ণমেন্ট জনসাধারণকে যাহা বিশ্বাস করিতে বলিবেন, তাহাই থাকিবে।

### সন্ধির অবসান

চট্টগ্রামের ব্যাপার আরও গুরুতর। এক জন টেরোরিষ্ট কোন মুসলমান পুলিশ ইনস্পেক্টারকে গুলী করিয়া হত্যা করে, তারপর যাহা ঘটিল তাহাকেই হিন্দু মুসলমান দাকা বলিয়া অভিচিত করা হইল। যাহা হউক, আসলে ইহা সচ..াচর অমুদ্দিত সাম্প্রদায়িক দান্ধা হইতে সম্পূর্ণ **শতম** এবং উহার গুরুত্বও অধিক। টেরোরিষ্টদের কার্য্যের সহিত শাস্প্রদায়িকতার কোন সম্পর্ক নাই, ইহা সর্বজনবিদিত, পুলিধ কর্মচারীই তাহাদের লক্ষা, সে হিন্দুই হউক, মুসলমানই হউক কিছু যায় আদে না। তথাপি ইহা সত্য যে, পরে হিন্দু মুদলমানে দান্ধা হইয়াছিল। কেন ইহা ঘটিয়াছিল, ইহার কি কারণ ছিল তাহা কথনও স্পষ্ট ভাবে উল্লেখ করা হয় নাই, যদিও দায়িত্বজানসম্পন্ন ব্যক্তিরা অনেক গুরুতর অভিযোগ উপস্থিত করিয়াছিলেন। এই দাঙ্গার একটি বিশেষত্ব অক্তান্ত শ্রেণীর ব্যক্তিরা, এংলো-ইণ্ডিয়ানগণ, প্রধানতঃ রেল কর্মচারী এবং গভর্ণমেণ্ট কর্মচারীরাও ব্যাপকভাবে প্রতিশোধ-প্রবৃত্তি চরিতার্থ করিয়াছিল বলিয়া প্রকাশ। জে, এম, সেনগুপ্ত এবং বাঙ্গলার অন্যান্ত বিখ্যাত নেতারা চট্টগ্রামের ঘটনা সম্বন্ধে কতকগুলি নির্দিষ্ট অভিযোগ উপস্থিত করিয়া তদম্বের দাবী করিয়াছিলেন; অন্তথা তাঁহাদের নামে মানহানির মামলা করা হউক, ইহাও বলিয়াছিলেন। কিল্ক গভর্ণমেণ্ট কোনটাই কবিলেন না।

চট্টগ্রামের এই অভ্তপূর্বর ঘটনার মধ্যে ছুইটা বিপজ্জনক সম্ভাবনা সম্বন্ধে ভাবিবার অনেক কিছু আচে। বহু দিক হইতে বিচার করিয়া টেরোরিজম যে নিন্দার্চ, তাহা প্রমাণিত হইয়াছে। এমন কি, আধুনিক বৈপ্লবিক কর্ম-কৌশলের মধ্যেও উহার স্থান নাই। কিন্তু আকস্মিক সাম্প্রদায়িক হিংসা-নীতি ভারতবর্ষে ছড়াইয়া পড়িতে পারে, উহার এই সম্ভাবনার কথা চিন্থা করিলে আমি বিশেষভাবে ভীত হই। আমি একঙ্গন "নিরীই হিন্দু" নহি যে, হিংসা দেখিয়া ভয় পাইব। যদিও আমি নিশ্চয়ই ইহা পছন্দ করি না, কিন্তু আমি জানি যে, ভারতে অনৈক্য ও আত্মকলহের বহুতর কারণ বিগুমান, এবং এখানে ওখানে অন্প্রন্তিত হিংসা-নীতির ফলে ঐ গুলি প্রবল হইবে। ইহাতে ঐক্যবদ্ধ ও স্পৃত্মলিত জাতিগঠনকার্যা অধিকতর কঠিন হইয়া উঠিবে। যথন লোকে ধর্মের নামে অথবা বেহেন্তে স্থান সংগ্রন্থ করিবার জন্ম নরহত্যা করে, তথন তাহাদিগকে টেরোরিজম সংশ্লিষ্ট হিংসা-নীতিতে অভ্যন্ত করিয়া তোলা অত্যন্ত বিপজ্জনক। রাজনৈতিক হত্যাকাণ্ডও মন্দ; কিন্তু রাজনৈতিক টেরোরিষ্টকে যুক্তিতর্ক দ্বারা ব্যাইয়া অন্ত পথে আনা

### ज अर्जनांन (नर्ज़

যাইতে পারে, কেন না তাহার উদ্দেশ্য একান্ত পার্থিব এবং ব্যক্তিগত স্বার্থ অপেক্ষা জাতীয় উদ্দেশ্যেই সে চালিত হয়। পক্ষান্তরে, ধর্মের জন্ম নরহত্যা অধিকতর মন্দ। কেন না ইহার সহিত সম্পর্ক পরলোকের এবং এই শ্রেণীর ঘটনায় যুক্তিতর্কের অবতারণা করিবার চেষ্টাও বুথা। এই দিবিধ হত্যাকাণ্ডের মধ্যে পার্থক্য এত স্ক্ষে যে, সময় সময় উহা অন্তর্হিত হয় এবং রাজনৈতিক হত্যাকাণ্ড দার্শনিক ব্যাগ্যায় প্রায় ধর্ম-সংক্রান্ত ব্যাপারে পরিণত হয়।

এক জন টেরোরিষ্ট কর্তৃক চট্টগ্রামে পুলিশ কর্মচারী হতা। এবং তাহার পরবর্ত্তী ঘটনাগুলি উজ্জ্ল অঙ্গুলী দিয়া দেখাইয়া দিল যে, টেরোরিষ্টদের কার্য্যপ্রণালীর মধ্যে কত বিপজ্জনক সম্ভাবনা লুকায়িত আছে, এবং ভারতের ঐক্য ও স্বাধীনতার ইহা কি বিপুল অনিষ্ট সাধন করিতে পারে। ইহার পরবর্ত্তী প্রতিশোধমূলক কার্য্যগুলি হইতে আমরা দেখিলাম যে, ভারতে ফাসিন্ত পদ্ধতির উদ্ভব হইয়াছে। ইহার পর এই শ্রেণীর প্রতিশোধমূলক অন্যান্ত দৃষ্টান্ত হইতে, বিশেষভাবে বাঙ্গলা দেশের ঘটনাগুলি হইতে বুঝা গিয়াছে যে, ইউরোপীয়ান ও এংলো-ইভিয়ান সম্প্রদায়ে ফাসিন্ত মনোভাব নিশ্চিতরূপে বিস্তৃতি লাভ করিয়াছে। বৃটিশ সাম্রাজ্যবাদের উপর নির্ভরশীল কতকগুলি ভারতীয়ও ঐ ভাবে অনুপ্রাণিত হইয়া পঞ্যিছিল।

ইহা আশর্য্য যে, টেরোরিটগণেরও, অন্ততঃ তাহাদের অনেকের দৃষ্টিভঙ্গীও এই শ্রেণীর ফাসিত ভাবাপন্ন, তবে ইহার প্রকৃতি স্বতম্ব। তাহাদের জাতীয় ফাসিজ্ম, ইউরোপীয়ান, এংলো-ইণ্ডিয়ান ও কতকগুলি উচ্চ শ্রেণীর ভারতীয়ের সাম্রাজ্যনীতিক ফাসিজ্মের বিরোধী।

১৯৩১-এর নভেম্বর মাসে আমি কয়েকদিনের জন্য কলিকাতা গিয়াছিলাম। এই কয়দিন আমার উপর অত্যন্ত কাজের চাপ পড়িয়াছিল। ব্যক্তিবিশেষের সহিত দেখা শুনা, বিভিন্ন দলের সহিত ঘরোয়া বৈঠক ছাড়াও আমি কতকগুলি জনসভায় বক্তৃতা করিয়াছিলাম। এই সকল সভায় আমি টেরোরিজম-এর প্রশ্ন আলোচনা করিয়া দেখাইয়াছিলাম যে, ভারতের স্বাধীনতার পক্ষে ইহা কত অন্যায়, নিফল ও অনিষ্টকর। আমি টেরোরিষ্টদের গালাগালি করি নাই, কিম্বা আমাদের এক শ্রেণীর স্বদেশবাসীর ফ্যাসনের অমুকরণ করিয়া তাহাদিগকে "কাপুরুষ" বা "ভীরু"ও বলি নাই। এ কথা তাঁহারাই বলেন যাহারা ত্ংসাহসিক কাজ করিবার কি নিজেকে বিপন্ন করিবার প্রলোভন সর্ব্বদাই জয় করেন। যে নর কিংবা নারী, সর্ব্বদা নিজের জীবনকে বিপন্ন করিতেছে, তাহাকে

### সন্ধির অবসান

'কাপুরুষ' বা 'ভীরু' বলা আমার মতে অতান্ত নির্ব্ধ দিত।। যে ব্যক্তি নিজে কিছু করিতে পারে না অথচ দূর হইতে চীৎকার করে, সেই নিরীহ সমালোচককে তাহারা প্রতিক্রিয়ার মুখে মুণাই বিয়া থাকে।

আমার কলিকাতায় তান্থিতির সর্কাশেষ সন্ধ্যায়, টেশনে যাইবার কিছুকাল পূর্ব্বে ত্ইজন যুবক আমার সহিত দেপা করিতে আদিল। তাহাদের বয়স ২০-এর বেশী হইবে না, তাহাদের বিবর্ণ মৃথমগুলে উদ্বেগের চিহ্ন, চক্ষুগুলি উচ্জল। আমি তাহাদের চিনিতাম না: কিন্তু শীঘ্রই তাহাদের আসমনের কারণ বুঝিতে পারিলাম। আমার টেরোরিষ্ট হিংসা-নীতির বিক্লদ্ধে প্রচারকার্যো তাহারা ক্রোধ প্রকাশ করিল। তাহারা বলিল যে, ইহাতে যুবকদের চিত্তে অত্যন্ত থারাপ পারণা হইতেছে, এবং তাহারা আমার এই অন্ধিকার চর্চ্চা কিছুতেই সফ করিবে না। আমরা কিয়ংকলে তর্ক করিলাম, আমার যাত্রার সময় নিকটবর্তী বলিয়া অতি তাড়াতাড়ি কথা শেষ করিতে হইল। কথায় কথায় আমাদের কণ্ঠস্বর উচ্চ এবং নেজান্ধ কক্ষ হইয়া উঠিল। আমি তাহাদেব কয়েকটী কড়া কথা শুনাইয়া দিলাম। বিদায়ের প্রাক্তালে তাহারা আমাকে বলিয়া গেল যে, যদি ভবিয়তে আমি এই প্রকার তুর্ব্যবহার করিতে থাকি, তাহা হইলে অক্যান্থকে তাহারা যে ভাবে শিক্ষা দিয়াছে আমাকেও তদ্রপ শিক্ষা দিবে।

কলিকাতা ত্যাগ করিবার পর রাত্রে টেনের বার্থে শুইয়া আমার মনে দেই বালকদ্বের উত্তেজিত মুথ হুইটা ভাসিয়া উঠিতে লাগিল। জীবনের প্রাচুর্ঘা ও দৃঢ় স্নায়্পুঞ্জ তাহাদের ছিল; ইহারা যদি সত্য পথে চলিত, তাহা হইলে কত তাল কাজ হইতে পারিত! অতিক্রুত এবং কতকটা রুচভাবে তাহাদের সহিত কথাবার্ত্তার জন্ম আমি হৃংখ বোধ করিলাম: মনে হইল, তাহাদের সহিত দীর্ঘকাল আলোচনার স্থযোগ পাইলে সম্ভবতঃ আমি তাহাদের ব্রাইতে পারিতাম যে, তাহাদের উৎসাহপূর্ণ তরুণ জীবনের সার্থকতার অন্ত পথও আছে। ভারতবর্ষের উরতি ও স্বাধীনতার সেই সকল পথেও সেবা ও আল্মোৎসর্গের হ্যোগের অভাব নাই। কয়েক বংসর পরে এখনও তাহাদের কথা আমার মনে পড়ে। আমি তাহাদের নাম খুঁজিয়া পাই নাই, তাহারা কোথায় আছে তাহাও জানি না। এবং সময় সময় বিশ্বিত হইয়া ভাবি, হয় তাহারা মৃত নয় আন্দামানের কোন 'সেলে' কাল কর্ত্তন করিতেছে।

ডিসেম্বর মাস। এলাহাবাদে দ্বিতীয় কৃষক সম্মেলন হইয়া গেল। আমার পুরাতন সহক্ষী হিন্দুয়ানী সেবাদলের ডক্টর এন, এস, হার্দ্দিকারের

#### জওহরলাল নেহরু

নিকট প্রদত্ত পূর্ব্ব প্রতিশ্রুতি অনুষায়ী আমি তাড়াতাড়ি দক্ষিণ ভারতের কর্ণাটকে যাত্রা করিলাম। দেবাদল স্বতন্ত্র প্রতিষ্ঠান হইলেও ইহারা জাতীয় আন্দোলনের স্বেচ্ছাদেবক এবং কংগ্রেদের দৈল্ল দল। যাহা হউক, ১৯৩১-এর গ্রীমকালে কংগ্রেদের কার্যাকরী সমিতি হিন্দুস্থানী সেবাদলকে কংগ্রেস প্রতিষ্ঠানের অংশরূপে গ্রহণ করিয়া ইহাকে কংগ্রেসের স্বেচ্ছাদেবক বিভাগে পরিণত করিল। আমার ও হার্দ্দিকারের উপর ইহার ভার অপিত হইল। দলের প্রধান কার্য্যালয় কর্ণাটক প্রদেশের হবিলীতেই রহিল এবং হার্দ্দিকার আমাকে দল সম্পর্কিত কতকগুলি কার্য্য পরিদর্শনের জন্ম আহ্রান করিয়াছিলেন। তাঁহার সহিত কয়েক দিন আমি কর্ণাটকের নানাস্থানে অমণ করিলাম, এবং সর্ব্বেই জনসাধারণের অসীম উৎসাহ দেখিয়া বিশ্বিত হইলাম। ফিরিবার পথে আমি সামরিক আইনের জন্ম বিখ্যাত শোলাপুর পরিদর্শন করিয়া আদিলাম।

क्लां है क ब्रम् आमात निकृष्ट विषाय अञ्चित्सत्तत अञ्चेशानत मुख হইয়াছিল। আমার বক্তৃতাগুলিতেও শেষ সঙ্গীতের স্থরের রেশ দেখা দিত, তাহার মধ্যে উন্নাদনা থাকিলেও আমার আশস্কা হয়, সঙ্গীতের মাধ্যা ছিল না। যুক্ত-প্রদেশ হইতে নিশ্চিত ও ম্পষ্ট সংবাদ আসিল থে, গভর্ণমেন্ট আঘাত করিয়াছেন এবং অতি কঠিন আঘাত করিয়াছেন। এলাহাবাদ হইতে কর্ণাটকে যাইবার পথে আমি কমলাকে লইয়া বোদ্বাইয়ে গিয়াছিলাম। দে পুনরায় পীড়িত। হইয়াছিল বলিয়া বোধাইয়ে আমাকে তাঁহার চিকিৎসার ব্যবস্থা করিতে হইয়াছিল। এই বোমাইয়েই, এলাহাবাদ रहेट आभारतत आगभरनत अवावहिक भरतहे आभता ज्ञानिएक भाविलाभ, ভারত গভর্ণমেণ্ট যুক্ত-প্রদেশের জন্ম এক বিশেষ অভিন্যান্স জারী করিয়াছেন। তাঁহারা গান্ধিজীর আগননের জন্ম অপেকা না করাই স্থির করিয়াছিলেন, যদিও তথন তিনি সমুদ্রে জাহাজে আছেন এবং मौबरे বোষाইয়ে প্রত্যাবর্ত্তন করিবেন। यहिও অভিত্যাসটি কৃষক আন্দোলন উপলক্ষেই জারী হইয়াছিল, তথাপি ইহার ধারাগুলি এত ব্যাপক, সর্বব্যাসী যে, সর্কবিধ রাজনৈতিক ও জন্মাধারণের কাজ করা অসম্ভব হুইয়া উঠিল। এমন কি, ইহাতে সম্ভান-সম্ভতিদের অপরাধে পিতামাতা ও অভিভাবক-দিগেরও শান্তির ব্যবস্থা হইল—প্রাচীন বাইবেলীয় প্রথার পুনরাবৃত্তি।

এই সময় আমরা রোমে 'গান্ধিজীর সহিত সাক্ষাংকারের বর্ণনা' বলিয়া 'জিওণালে অ' ইতালীয়া'য় প্রকাশিত একটি বিবরণ পাঠ করিলাম। রোমে এই শ্রেণীর বিবৃতি তিনি দিতে পারেন, ইহাতে আমর। আশ্চর্য্য হইলাম; কেন না, ইহা তাঁহার স্থারিচিত মতবাদ হইতে পৃথক্। গান্ধিজী প্রতিবাদ

### সন্ধির অবসান

করিবার পূর্বেই আমরা উহার শব্দবিক্যাস এবং রচনাভঙ্গী পরীক্ষা করিয়া বৃথিতে পারিলাম যে, প্রকাশিত বিবৃতি তাঁহার নহে। আমাদের মনে হইল, তিনি যাহা বলিঃ ছেন, তাংগ বহুল পরিমাণে বিকৃত করা হইয়াছে। তাহার পর তিনি তীত্র প্রতিবাদ করিলেন এবং একটা বিবৃতি দিয়া জানাইলেন যে, রোমে কাহারও দহিত ঠাহার কর্মপ আলোচনা হয় নাই। স্পষ্টই বৃথা গেল যে, কোন ব্যক্তি তাঁহার সহিত এই চাতুরী করিয়াছে। কিন্তু আমরা দেখিয়া আশ্চর্য হইলাম যে, রিটিশ সংবাদপত্র এবং জননেতাগণ তাঁহার কথা বিশ্বাস করিলেন না, এবং অত্যন্ত অবজ্ঞার সহিত তাঁহাকে মিথ্যাবাদী বলিতে লাগিলেন। ইহাতে আমরা আহত ও ক্রুদ্ধ হইলাম।

কর্ণাটক ভ্রমণ ত্যাগ করিয়া আমি এলাহাবাদে ফিরিবার জন্তু ব্যপ্র হইয়া উঠিলাম। আমার যুক্ত-প্রদেশে গিয়া সহকর্মীদের পার্শে দণ্ডায়মান হওয়া উচিত। যথন গৃহে হুদ্দিব উপস্থিত, তথন দ্রে সরিয়া থাকা অত্যন্ত যন্ত্রণাপ্রদ। যাহা হউক কর্ণাটকের নিদ্দিষ্ট কাজ আমাকে শেষ করিতেই হুইবে। আমি বোদ্বাইয়ে ফিরিয়া আসিবার পর কয়েকজন বন্ধু আমাকে গান্ধিজীর আগমন পর্যন্ত অপেক্ষা করিতে পরামর্শ দিলেন। তাঁহার আগমনের ঠিক এক সপ্তাহ বিলম্ব ছিল। কিন্তু ইহা অসম্ভব। এলাহাবাদ হুইতে পুক্ষোন্তমনান ট্যাণ্ডন ও অন্যান্তের গ্রেফ্তারের থবর আসিল। তাহা ছাড়া, এই সপ্তাহেই এটোয়ায় আমাদের প্রাদেশিক সম্মেলনের অধিবেশনের দিন নিদ্দিষ্ট ছিল। কাজেই আমি এলাহাবাদ যাত্রা এবং ছয়্মদিন পরে পুনরায় বোদ্বাইয়ে ফিরিবার সক্ষ্ম স্থির করিলাম। যদি আমি মৃক্ত থাকি, তাহা হুইলে তথন আমি গান্ধিজীর সহিত সাক্ষাং এবং কার্যাকরী সমিতির সভায় যোগদান করিতে পারিব। কমলাকে রোগশ্যায় রাথিয়া আমি বোদ্বাই পরিত্যাগ করিলাম।

আমি এলাহাবাদ পৌছিবার পূর্ব্বেই চিওকী টেশনে আমার উপর নৃতন অভিন্তান্দ অমুসারে এক হুকুমনামা জারী করা হইল। এলাহাবাদ টেশনে পুনরায় ঐ হুকুমনামাই আমার উপর জারী করার চেষ্টা হইল। আমার বাড়ীতে তৃতীয় ব্যক্তি আসিয়া তৃতীয়বার ঐ চেষ্টা করিলেন। এই আদেশপত্রে কোন বিপদের ইন্ধিত ছিল না। আমার উপর হুকুম দেওয়া হইল যে, আমি এলাহাবাদ মিউনিসিপালিটির সীমার বাহিরে যাইতে পারিব না, কোনও সাধারণ সভা-সমিতিতে বা অমুষ্ঠানে যোগ দিতে পারিব না, বকৃতা করিতে পারিব না, সংবাদপত্রে বা প্রিকায় কিছু লিখিতে পারিব না ইত্যাদি ও প্রভৃতি। আমি

#### জওহরলাল নেহর

দোৰলাম, তাসাদুক শেরোয়ানী ও অন্তাস্থ্য সহক্ষীরের উপরও অন্তর্কপ আদেশ জারী হইয়াছে। প্রদিন প্রভাতে আমি জিলা ম্যাজিষ্টেটের নিকট (যিনি আদেশপত্রে স্বাক্ষর করিয়াছিলেন) হুকুমনামা প্রাপ্তি স্বীকার করিয়া এক পত্র দিলাম এবং তাঁহাকে জানাইয়া দিলাম যে, আমি কি করিব না করিব, সে সম্বন্ধে তাঁহার হুকুম মত চলিতে প্রস্তুত্ত নহি। আমি সাধারণভাবে সাধারণ কাজ করিয়া যাইব এবং ইতিমধ্যে আমাকে বোলাই গিয়া মিঃ গান্ধীর সহিত সাক্ষাৎ করিতে হইবে এবং সম্পাদক হিসাবে আমাকে কার্য্যকরী সমিতির সভায় যোগ দিতে হইবে।

এক নৃতন সমস্তা দেখা দিল। ঐ সপ্তাহে এটোয়ায় আমাদের প্রাদেশিক সম্মেলনের দিন নির্দিষ্ট ছিল। গান্ধিজীর আগমন দিবসে, গভর্ণমেণ্টের সহিত সংঘর্ষ না ঘটে, এইজন্য আমি উহ। স্থগিত রাখিবার প্রস্তাব করিব মনে করিয়াছিলাম। কিন্তু আমার এলাহাবাদে উপস্থিতির পূর্কোই আমাদের সভাপতি শেরোয়ানী যুক্ত-প্রদেশের গভর্ণমেণ্টের নিকট হইতে এক বার্ত্তা পাইয়াছিলেন, তাহাতে গভর্ণমেন্ট জানিতে চাহিয়াছিলেন যে, সম্মেলনে কৃষক সমস্তা আলোচিত হইবে কি না। যদি হয়, তাহা হইলে তাঁহারা সম্মেলন বন্ধ করিয়া দিবেন। যে বিষয় লইয়া সমস্ত প্রদেশ উত্তেজিত, সেই কুষক সমস্তা আলোচনা করাই সম্মেলনের মুখ্য উদ্দেশ্য ছিল। সম্মেলন আহ্বান করিয়া তাহাতে ঐ বিষয় আলোচনা না করা অযৌক্তিক এবং আত্মপ্রভারণা মাত্র। যে কোন কারণেই হউক, আমাদের সভাপতি বা অফ কাহারও আলোচনা দীমাবন্ধ করিবার অধিকার ছিল গভর্ণমেন্ট ভীতি প্রদর্শন না করিলেও মামরা সম্মেলন স্থগিত করিবার ইচ্ছাই করিয়াছিলাম, কিন্তু এই ভীতিপ্রদর্শনের ফল অক্তব্ধপ হইল। আমাদের মধ্যে অনেকেই এই ব্যাপারে অসহিষ্ণু হইয়া উঠিলেন, গভর্ণমেণ্টের নির্দেশ মত চলা, কোনদিক দিয়াই ক্লচিকর মনে না। দীর্ঘ আলোচনার পর আমরা আমাদের গর্ব্ব পরিপাক করিয়া ফেলিলাম, এবং সম্মেলন স্থগিত রহিল। গভর্ণমেন্ট পক্ষ হইতে আরম্ভ হইলেও আমরা গান্ধিজীর আগমন পর্যান্ত, যে কোন ত্যাগ ও ক্ষতি স্বীকার করিয়াও সংঘর্ষ এড়াইতে চেষ্টা করিতে লাগিলাম। তিনি আসিয়া হাল ধরিতে অক্ষম হইবেন, এমন অবস্থা স্বষ্টি করা আমাদের আদৌ ইচ্ছা ছিল না। আমরা প্রাদেশিক কনফারেন স্থগিত রাখা সত্ত্বেও, পুলিশ ও সৈতাদল লইয় এটোয়ায় খুব আড়ম্বর করা হইল, কয়েকজন একক প্রতিনিধিকে গ্রেফ্তার করা হইল, খনেশী প্রদর্শনী সৈক্তদল দখল করিল।

২৬শে ডিসেম্বর প্রভাতে আমি ও শেরোয়ানী বোম্বাই যাত্রার জন্য প্রস্তুত

## সন্ধির অবসান

হইলাম। যুক্ত প্রদেশের অবস্থ। জ্ঞাত হইবার জন্ম কার্য করী সমিতি বিশেষ ভাবে শেরোয়ানীকে আহ্বান করিয়াছিলেন। এলাহাবাদ সহর এরিত্যাগ না করিবার তুকুমনামা আলাদের উভয়ের উপরই জারী ছিল। এলাহাবাদের পলী-অঞ্চলে ও যুক্ত-প্রদেশের অন্তাত্ত জিলায় গাজনা ও কর বন্ধ আন্দোলন বন্ধ করিবার জন্তই বিশেষভাবে এ অভিন্যান্দ জারী হইয়াছিল বলিয়া প্রকাশ। গভর্ণমেণ্ট আমাদিগকে পল্লী অঞ্চলে ঘাইতে দিবেন না, ইহা আমরা সহজেই বুঝিলাম। কিন্তু বোলাই সহরে গিয়া আমর। যে ক্রমক আন্দোলন করিব না. ইহাও স্পষ্টভাবেই বুঝা বায়; এবং অভিত্যান্দের উদ্দেশ্য যদি ক্লযক আন্দোলনই হইত. তাহা হইলে আমাদের যুক্তপ্রদেশ হইতে প্রস্থানে তাহারা আনন্দিতই হইতেন। অর্ডিকাল জারী হইবার পর হইতে আমরা সংঘর্ষ এড়াইয়া আত্মরক্ষার নীতিই অবলম্বন করিয়াছিলাম। ব্যক্তিগতভাবে আদেশ অমাত্রের তুই চারিটি দৃষ্টান্ত অবশ্র ছিল। যুক্ত-প্রদেশের কংগ্রেস কমিটি, গভর্ণমেন্টের সহিত সংঘর্ষ এড়াইতে অথবা স্থগিত রাখিবার জন্ম অন্ততঃ তথনকার মত চেষ্টা করিয়াছিল, ইহাও ম্পষ্ট। শেরোয়ানী ও আমি এই সকল বিষয় লইয়া পাদ্ধিজী ও কার্য্যকরী সমিতির সহিত পরামর্শ করিবার জন্মই বোম্বাই যাত্রার উত্যোগ করিলাম; কেন না, কেহই জানিত না—আমি তো নিক্ষাই জানিতাম ন। যে, তাঁহারা কি সিদ্ধান্ত করিবেন।

এই স্কল বিবেচনা করিয়া আমি ভাবিয়াছিলাম যে, আমাদিগকে বোম্বাই যাত্রার অনুমতি দেওয়া হইবে। অন্ততঃ এই ক্ষেত্রে অন্তরীণের তথাকথিত আাদেশ অমাত গভর্নমেণ্ট সহ্ করিবেন। কিন্তু ইহাতে আমার অন্তরাত্মা সায় দিল না।

দকালবেরার টেনে বিদিয়া সংবাদপত্তে পাঠ করিলাম, সীমান্ত প্রদেশে নৃতন অভিক্রান্স জারী ইইয়াছে, এবং আবহুল গছুর থা, ডাব্রুলার থা সাহেব প্রভৃতি গ্রেফ্ তার ইইয়াছেন। হঠাং আমাদের টেন (বোদ্বাই মেইল) ইরাদংগঞ্জ নামে একটি ছোট ষ্টেশনে থামিয়া গেল, পুলিশ কর্মচারীয়া আমাদের কামরায় গ্রেফ্ তার করিবার জন্ত প্রবেশ করিল। রেল লাইনের পার্বে পুলিশের কাল গাড়ী অপেক্ষা করিতেছিল। আমি ও শেরোয়ানী সেই কৃষ্ণার ক্রেদীগাড়ীতে উঠিয়া বিদলাম। গাড়ী আমাদিগকে লইয়া নৈনী জেলে ছুটিয়া চলিল। সেদিন প্রভাতে ঐইমাস পর্ব্ব উপলক্ষে মৃষ্টিয়ুছের থেলা ছিল। আমাদিগকে গ্রেফ্ তার করিবার জন্ত আগত ইংরাজ পুলিশ স্পারিন্টেণ্ডেন্টকে অত্যন্ত বিষয় ও নিরানন্দ দেখাইতেছিল। আমাদের জন্ত বেচারার বড়দিনের আমোদটা নই ইইল।

আবার কারাগার!

# গ্রেফ্তার, বাজেয়াপ্ত, অভিন্যাব্দ

আমাদের গ্রেফ্তারের তুইদিন পর গান্ধিজী বোমাইয়ে অবতরণ করিলেন এবং সমস্ত সংবাদ অবগত হইলেন। বাঙ্গলার অভিন্যান্সের কথা তিনি লণ্ডনে থাকিতেই শুনিয়াছিলেন এবং অত্যন্ত বিচলিত হইয়াছিলেন। বোম্বাইয়ে নামিয়া বড়দিনের উপহারম্বরূপ যুক্ত-প্রদেশ ও সীমান্ত প্রদেশের অর্ডিক্যান্স লাভ করিলেন এবং শুনিলেন, উক্ত ছই প্রদেশের তাঁহার ঘনিষ্ঠ সহকন্মীরা গ্রেফ্তার হইয়াছেন। ভাগোর চক্র ঘুরিয়াছে, শাস্তির আর কোন সম্ভাবনাই নাই; তথাপি শেষবার চেষ্টা করিবার জন্ম তিনি বড়লাট লর্ড উইলিংডনের माकार প্রাথী इहेरनन। नग्नामिल्ली इहेर्ड छाँहारक जानान কতকগুলি সর্ব্তে সাক্ষাতের ব্যবস্থা হইতে পারে। তাহার মধ্যে এই সর্ব্ত ছিল যে, তিনি বাঙ্গলা, যুক্ত-প্রদেশ ও সীমাস্ত প্রদেশের নৃতন অর্ডিক্যান্সগুলি ও তদাত্মিক গ্রেফ্তারের বিষয় আলোচন। করিতে পারিবেন না ( আমি শুতি হইতে লিখিতেছি, বড়লাটের উত্তরের প্রতিলিপি এক্ষণে আমার নিকট নাই)। যে বিষয় লইয়া সমস্ত দেশ উত্তেজিত, তাহাই যদি নিষিদ্ধ হয়, তাহা হইলে আর কি বিষয় লইয়া গান্ধিজী ও কংগ্রেসের নেতাগণ বড়লাটের সহিত আলোচনা করিতে পারেন, তাহা কল্পনাতীত। ইহা স্পষ্টই বুঝা গেল যে, কোন কথা না গুনিয়াই কংগ্রেদকে ধ্বংস করিতে ভারত গভর্ণমেন্ট দৃঢ় সঙ্কল্প করিয়াছেন, কার্যাকরী সমিতির পক্ষে নিরুপদ্রব প্রতিরোধ নীতি অবলম্ন ছাড়া গতাস্তর রহিল না। তাঁহারা প্রতিনুহুর্ত্তে গ্রেফ্তার প্রত্যাশা कतिएक नाशितन, अवः कात्राभारत घाइवात शूर्व तमारक कर्म निर्फ्रम मिवात जग्र वाश हहेत्नन। उथानि **यात्नात्वत नथ याना** ताथिया निकन्यस्य প্রতিরোধের প্রস্তাব গৃহীত হইল। এবং গান্ধিজী বড়লাটের সহিত দেখা করিবার জন্ম আর একবার চেষ্টা করিলেন। তিনি তাহার দিতীয় তারে বিনা সর্ত্তে সাক্ষাং প্রার্থনা করিলেন। উত্তরে গভর্ণমেন্ট গান্ধিজীব কংগ্রেসের সভাপতিকে বন্দী করিলেন এবং সমগ্র দেশে দমননীতিকে উগ্র ও তীত্র করিয়া তুলিলেন। তুমি সংঘর্ষ চাও আর নাই চাও, গভর্নমেন্ট বাগ্রভাবে সেজন্য প্রস্তত।

## ত্রেফ্ভার, বাজেয়াগু, অভিন্যান

আমরা তথন জেলে, অসংলগ্ন ও অম্পট্টভাবে এই স্কুল সংবাদ আমরা পাইতে লাগিলাম। নববর্ষের জন্ত আমাদের বিচার স্থগিত ছিল বলিয়া বিচারাধীন বন্দী হিসাবে আমরা দেখা সাক্ষাতের অণিকতর স্থযোগ পাইতাম। আমরা শুনিলাম, বড়লাট দেখা করিবেন কি করিবেন না, ইহা লইয়া তুমুল আলোচনা চলিতেছে; যেন বর্ত্তমান জংস্থায় উহাই একমাত্র গুরুতর ব্যুপার। এই দাক্ষাতের প্রশ্ন মৃথ্য হইয়া অভাভ ব্যাপার ঢাপা পড়িবার উপক্রম हरेन। कथा উठिन, नर्ड आक्ररेन थाकित्न माक्नार्फ दाखी हरेर्फन এবং তাঁহার সহিত গান্ধিজীর দেখা হইলে সম্ভোষজনক মীমাংসা হইত। বাস্তব ঘটনা উপেক্ষা করিয়া ভারতীয় সংবাদপত্রগুলির এই অনক্সসাধারণ পল্লবগ্রাহিতা দেখিয়া আমি বিশ্বিত হইলাম। ভারতীয় **জাতী**য়তাবাদ ও ব্রিটশ সাম্রাজ্যবাদ—এই ছই চিরবিক্তম শক্তির অনিবার্য সংঘাতের কারণ বিশ্লেষণ করিলে কি এই বুঝা যায় যে, ইহা কাহারও ব্যক্তিগত খেয়ালের উপর নির্ভর করে? হুইটি ঐতিহাসিক শক্তির সংঘাত কি পরস্পরের হাস্ত ও সৌজন্তে অবসান হয় ? অতি গুরুতর ব্যাপারে, বৈদেশিক নির্দেশ স্বেচ্ছায় মালু করিয়া লইয়া ভারতেব জাতীয়তাবাদ রাষ্ট্রক্ষেত্রে আত্মহত্যা করিতে পারে না। ভারতের ব্রিটিশ বড়লাটও জাতীয়তাবাদের এই স্পর্দ্ধিত ঘদ হইতে

বিটিশ স্বার্থ রক্ষা করিবার জন্ম তাঁহাদের বিশিষ্ট উপায়ে চেষ্টা করিবেন; সে বড়লাট যিনিই হউন কিছু আসে যায় না। লর্ড উইলিংডন যাহা করিয়াছেন, লর্ড আক্রইনকেও তাহাই করিতে হইড, কেন না তাঁহারা বিটিশ সামাজ্যনীতির যন্ত্ব মাত্র, মৃলনীতির অতি ক্ষুদ্র ক্ষুদ্র সংশোধন বা পরিবর্ত্তন বাতীত, ঠাহারা আর কিছুই করিতে পারেন না। ভারতে বিটিশ নীতির জন্ম ব্যক্তিবিশেষ বড়লাটকে প্রশংসা বা নিন্দা করা আমার মতে অত্যম্ভ অয়োক্তিক, যাহারা ইহা করেন তাঁহারা হয় অজ্ঞ, নয় ইচ্ছা করিয়া মূল বিষয়টি

এড়াইয়া যান।
১৯৩২-এর ৪ঠা জামুয়ারী এক শ্বরণীয় দিবস। সমস্ত তর্ক ও আলোচনার
অবসান হইল। অতি প্রত্যুবে গান্ধিজী ও কংগ্রেসের সভাপতি বল্পভাই
প্যাটেল গ্রেফ্তার হইলেন, তাঁহাদিগকে রাজবন্দীরূপে বিনাবিচারে আটক
রাখা হইল। চারিটি নৃতন অভিন্তান্স জারী করিয়া ম্যাজিট্রেট ও পুলিশের
হাতে অপরিমিত ক্ষমতা দেওয়া হইল। ব্যক্তি স্বাধীনতা বলিয়া কিছু রহিল
না, কর্তৃপক্ষ ইচ্ছা করিলে যাহাকে খুসী গ্রেফ্তার এবং যে কোন
দ্ব্যু বাজেয়াপ্ত করিতে পারেন। সমস্ত ভারতবর্ষ যেন সামরিক
শক্তিদ্বারা অবক্ষরৎ প্রতীয়মান হইতে লাগিল; কোথায় কি ভাবে কি

#### জওহরলাল নেইক

ব্যবস্থা প্রযুক্ত হইবে, তাহার ভার স্থানীয় কর্মচারীদের উপর অপিত হইল।\*

৪ঠা জাহ্মারী নৈনী জেলের ভিতরে যুক্ত-প্রদেশের জরুরী ক্ষমতামূলক অভিনাল অহুসারে আমাদের বিচার হইল। শেরোয়ানীর ছয় মাস সম্রেম কারাদণ্ড ও দেড়শত টাকা অর্থদণ্ড হইল; আমার তুই বংসর সম্রেম কারাদণ্ড ও পাঁচশত টাকা (অনাদায়ে ছয় মাস অধিক) অর্থদণ্ড হইল। আমাদের উভয়ের অপরাধ এক, আমাদের উপর একই ছরুমনামা দিয়া আমাদের এলাহাবাদ নগরে অন্তরীণ থাকিবার নির্দেশ দেওয়া হইয়ছিল; আমরা উভয়ে একত্রে বোলাই যাত্রা করিয়া একই ভাবে আদেশ ভঙ্গ করিয়াছি; আমাদের একসঙ্গে গ্রেফ্তার করিয়া একই ধারায় বিচার করা হইল, তথাপি দণ্ডাদেশের মধ্যে এই পার্থক্য। অবশ্র একটি পার্থক্য ছিল, আমি আদেশ অগ্রাহ্ম করিয়া বোলাই যাইব, ইহা প্রেই জিলা ম্যাজিট্রেটকে পত্র লিখিয়া জানাইয়াছিলাম। শেরোয়ানী সেরুপ কিছু করেন নাই। কিন্তু তাঁহার যাত্রার সক্ষমও সকলে জানিত, কেন না সংবাদপত্রে উহা প্রকাশিত হইয়াছিল। দণ্ডাদেশ প্রদানের অব্যবহিত পরেই শেরোয়ানী যথন বিচারক ম্যাজিট্রেটকে জিজ্ঞাসা করিলেন যে, দণ্ডাদেশের এই পার্থক্য সাম্প্রদায়িক কারণে কিনা; তথন উপস্থিত ব্যক্তিগণ কৌতুক অহুভব করিলেন এবং বিচারক অপ্রস্তত হইলেন।

ওঠা জান্ত্রারীর স্মরণীয় দিবদে দেশের সর্বত্র অনেক ঘটনা ঘটিল।
আমাদের কারাগারের অদ্বে এলাহাবাদ নগরে বিশাল জনতার সহিত
পুলিশ ও দৈশুদলের সংঘর্ষ হইল, লাঠিচালনার ফলে অনেক হতাহত হইল।
নিরুপদ্রব প্রতিরোধকারী বন্দীরা আদিয়া কারাগার পূর্ণ করিতে লাগিল।
প্রথমে জিলার জেলগুলি পূর্ণ হইল, তাহার পর নৈনী ও অন্যান্ত সেন্ট্রাল জেলে
বন্দী আদিতে লাগিল। যথন স্থায়ী জেলগুলিতে আর স্থান সন্ধুলান হয় না,
তথন কতকগুলি অস্থায়ী বন্দিনিবাদ স্থাপিত হইল।

নৈনীতে আমাদের ছোট ব্যারাকে বড় বেশী লোক আদেন নাই। আমার পুরাতন বন্ধু নর্মদাপ্রসাদ, রণজিত পণ্ডিত এবং আমার জ্ঞাতিভ্রাতা মোহনলাল নেহক এথানে ছিল। একদিন সহসা আমাদের ৩নং ব্যারাকে আমার সিংহলী যুবক বন্ধু বারনার্ড আলুবিহার আসিয়া উপস্থিত হইল। সে সবে মাত্র বিলাত হইতে ব্যারিষ্টারী পাশ করিয়া ফিরিয়াছে। আমার

<sup>\*</sup> ভারতস্থিত স্থার স্থান্যেল হোর ১৯০২-এর ২৪শে মার্চ্চ পার্লামেণ্টে বলিরাছিলেন,—
"আমরা যে সকল অভিযাল অমুমোদন করিয়াছি, ভাহা অত্যন্ত প্রচণ্ড কঠোর ভাহা আমি
বীকার করি। ভারতীয় জীবনের সর্কবিধ কর্ম তাহার আওতায় আইসে।"

## ত্রেফ্ভার, বাজেয়াপ্ত, অর্ভিক্যাক

ভগ্নীর নিষেধ সত্ত্বেও মৃহুর্ত্তের উত্তেজনায় সে কংগ্রেসের শোভাষাক্রায় বোগদান করে এবং তাহার ফলে পুলিশের কাল গাড়ীতে উঠিয়া জেলে আসিয়াছে।

কংগ্রেদ বে-আইনী বলিয়া ঘোষিত হইল—কাণ্যকরী সমিতি হইতে প্রাদেশিক, জিলা, তালুক, সর্কবিধ কংগ্রেদ প্রতিষ্ঠান বে-আইনী বোষিত হইল। তাহা ছাড়া, কংগ্রেদের সহিত সংশ্লিপ্ত বা সহাত্মভূতিসম্পন্ন কিয়া অগ্রগামী বহুতর ক্ষক-সভা, প্রজা-সমিতি, যুবক-সমিতি, ছাত্র-সজ্ম, প্রগৃতিশীল রাজনৈতিক প্রতিষ্ঠান, জাতীয় বিশ্ববিহ্যালয় ও স্কুল, হাসপাতাল, স্বদেশী ভাণ্ডার, ব্যায়ামশালা, প্রকংগার কত যে বে-আইনী ঘোষিত হইল, তাহার ইয়ত্তা নাই। ইহার তালিকা স্থদীর্ঘ, প্রত্যেক প্রদেশে এই বে-আইনী ঘোষিত প্রতিষ্ঠানগুলির সংখ্যা কয়েক শত করিয়া হইবে। ভারতে কয়েক সহস্র প্রতিষ্ঠান বে-আইনী হইয়া কংগ্রেদ ও জাতীয় আন্দোলনের গৌরব ঘোষণাই করিল।

আমার স্থাী বোষাই-এ রোগশ্যায় শায়িতা, তিনি নিরুপদ্রব প্রতিরোধ আন্দোলনে যোগ দিতে পারিলেন না বলিয়া তৃঃথ করিতে লাগিলেন। আমার মাতা ও ভগ্নীষম উৎসাহের সহিত আন্দোলনে যোগ দিলেন। শীঘই আমার ভগ্নীষম প্রত্যেকে এক বংসর করিয়া কারাদণ্ডে দণ্ডিত ও জেলে প্রেরিত হইল। কারাগারে নবাগতদের নিকট এবং জেলে আমাদের যে সাপ্তাহিক পত্রিকা পড়িতে দেওয়া হইত, তাহা হইতে আমরা বাহিরের কিছু কিছু সংবাদ পাইতাম। আমরা বাহিরের ঘটনা অনুমান ও কল্পনা করিতাম মাত্র, কেন না সংবাদপত্র ও সংবাদ সরবরাহকারী প্রতিষ্ঠানের উপর কঠোর নীতি অবলম্বিত হইয়াছিল; প্রচুর অর্থদণ্ড ও বাজেয়াপ্তের ভীতি ঘারা আন্দোলন সম্পর্কিত সংবাদ প্রকাশ নিষিদ্ধ হইয়াছিল। কোন কোন প্রদেশে বন্দী অথবা কারাদণ্ডিত ব্যক্তির নাম পর্যান্ত প্রকাশ করাও দণ্ডনীয় হইয়াছিল।

এই ভাবে বাহিরের সংবাদ হইতে বিচ্ছিন্ন হইয়া আমরা নৈনী জেলে বিসিয়া নানাভাবে সময় কাটাইতাম। চরকায় স্তাকাটা, লেথাপড়া, কোন বিষয়ে আলোচনা প্রভৃতি চলিত; কিন্তু সব সময় এক চিন্তা থাকিত—কারা-প্রাচীরের বাহিরে কি ঘটিতেছে। আমরা বিচ্ছিন্ন হইয়াও আন্দোলনের সহিত জড়িত ছিলাম। সময় সময় আমরা প্রত্যাশায় অধীর হইতাম, কখনও বা কোন ভূল-ক্রটির জন্ম কুদ্ধ হইতাম এবং তুর্কলতা ও স্থুলক্ষ চি দেখিয়া বিরক্ত হইতাম। কখনও বা অত্যন্ত অনাসক্ত হইয়া পড়িতাম এবং ধীর ও অন্থভেজিত ভাবে আলোচনা করিয়া দেখিতাম, এই বিশাল শক্তি-সংঘাত ও বৃহৎ পেষণ্যন্ত্রের মধ্যে ব্যক্তিগত ক্রটি ও দৌর্কল্য কত তুচ্ছ। আমি বিস্মিত হইয়া আগামী দিনের কথা ভাবিতাম। এই সংঘর্ষ-সংঘাত এই কল-কোলাহল, এই তুংসাহসী উৎসাহ, এই নিষ্ঠুর দমননীতি ও স্থুণ্য

#### च अहत्रमाम (नर्क

কাপুরুষতা—ইহার পরিণাম কি? আমরা কোথায় চলিয়াছি? ভবিশুৎ নেপথ্যের যবনিকায় আবৃত। ভবিশুং আবৃত, মন্দ কি! বর্ত্তমানের উপরেও অস্পষ্টতার আবরণ। কিন্তু আমি নিশ্চয় করিয়া জানি, কি বর্ত্তমান কি ভবিশুং—সংঘর্ষ, তুঃখ, আত্মত্যাগ আমাদের নিত্য সঙ্গী।

"ঐ সমতল ক্ষেত্রে কল্য পুনরায় সংগ্রাম আরম্ভ হইবে; জানথাস পুনরায় শোণিতে অফুরঞ্জিত হইবে। হেক্টর ও আজাক্স পুনরায় আবিভৃতি হইবেন; হেলেন প্রাচীরের উপর আসিয়া সে দৃশ্য দেখিবেন।"

"তথন আমরা হয় ছায়ায় বিশ্রাম করিব, নয় সংগ্রামের মধ্যে দীপামান হইয়া উঠিব। অন্ধ আশা ও অন্ধ নৈরাশ্রের মধ্যে আমাদের মন ত্লিতে থাকিবে; কল্পনা করিব, আমাদের এই জীবনদান কি সম্পদ আনিবে, তাহা আমরা কখনও জানিতে পারিব না। \*

#### 8\$

# আত্মপ্রচারের ধৃম

১৯৩২ সালের প্রথম কয়েক মাস ব্রিটিশ কর্ত্পক্ষের মধ্যে এক অতি আশ্চর্যা আত্মপ্রচারের ধুম পড়িয়া গেল। ছোট ও বড় সকলশ্রেণীর সরকারী কর্মচারীরা চীৎকার করিয়া ঘোষণা করিতে লাগিলেন যে, তাঁহারা কত শান্তিপ্রিয় ও ধার্মিক, আর কংগ্রেস কত পাপী, কত কলহপ্রিয়। তাঁহারা চাহেন গণতন্ত্র, আর কংগ্রেস চাহে ডিক্টেটরী। কংগ্রেসের সভাপতিকে কি ডিক্টেটর বলা হয় না? মহং উদ্দেশ্য সাধনের উৎসাহে তাঁহারা অভিশ্রান্স, ব্যক্তিস্বাধীনতাহরণ, সংবাদপত্র ও ছাপাথানা দলন, বিনাবিচারে আটক, টাকাকড়ি ও সম্পত্তি বাজেয়াপ্ত, এবং দৈনন্দিন আরও অনেক ঘটনা,—এই সকল তুচ্ছ ঘটনা একেবারেই ভূলিয়া গেলেন। ভারতে ব্রিটিশ শাসনের মূল প্রকৃতিও তাঁহারা ভূলিয়া গেলেন। গভর্গমেন্টের মন্ত্রিগণ (আমাদেরই স্থান্দানী) ক্রমে মুখর হইয়া উঠিলেন। বলিয়া বেড়াইতে লাগিলেন যে, কংগ্রেসের লোকেরা যথন কারাগারে বিস্মা নিজের স্বার্থের দিকে দেখিতেছেন, তথন তাঁহারা মাসে অতি সামান্ত কয়েক সহস্র মূলা বেতন লইয়া

ম্যাপু আর্ণন্ড।

## আত্মপ্রচারের ধুম

জনসাধারণের হিতের জন্ম গুরুতর পরিশ্রম করিতেছেন। অধ্ন্তন ম্যাজিট্রেটেরা আমাদের গুরু দণ্ড দিয়াই ক্ষান্ত হইতেন না, রায়দান প্রদক্ষে আমাদের বক্তৃতা শুনাইতেন, কথনও বা কংগ্রেস বা তৎসংশ্লিষ্ট ব্যক্তিংর্গের নিন্দা করিতেন। এমন কি স্থার স্থাম্যেল হোর পর্যন্ত ভারত স্চিবের মহিমান্বিত পদে অধিষ্ঠিত হইয়া ঘোষণা করিলেন যে, কুকুর চীৎকার করিলেও সার্থবাহ উট্রদল অগ্রসর হইবে। তিনি সাম্য়িক ভাবে ভুলিয়া গিয়াছিলেন যে, কুকুরগুলি স্বাই জেলে আবদ্ধ, সেথান হইতে চীৎকার করা সহজ নহে; এবং যাহারা বাহিরে আছে, তাহাদের মুখ ও উত্তমরূপে বন্ধ।

সর্বাধিক আশ্চর্যা এই যে, কানপুর সাম্প্রদায়িক দাঙ্গার সমস্ত অপবাদ কংগ্রেসের স্কন্ধে নিক্ষেপ কর। হইল। সেই ভয়াবহ পৈশাচিক দাঙ্গার নিষ্ট্রর অস্থানগুলি প্রচার করিয়। পুনং পুনং বলা হইতে লাগিল যে এই গুলির জন্ত কংগ্রেসই দায়ী; কিন্তু কার্য্যতঃ কংগ্রেস মহত্ব ও করুণার সহিত উহা নিবারণের চেষ্টা করিয়াছিল এবং ইহার জন্য সে তাহার একজন সর্বশ্রেষ্ঠ সন্তানকে বলি দিয়াছিল, বাহার জন্ত কানপুরের সর্বশ্রেণীর লোকই শোকসন্তথ্য হইয়াছিল। করাচী কংগ্রেসে নাঙ্গার সংবাদ পৌছিবামাত্র এক তদন্ত কমিটি নিয়োগ করা হয়; এই কমিটি পুঝারুপুঝারপে সব বিষয় অনুসন্ধান করেন। কয়েক মাস পরিশ্রমের পর তাহাদের স্বর্হং রিপোর্ট প্রকাশিত হয়। কিন্তু গভর্গতে করিয়া ফেলেন। আমার ধারণা, তাঁহারা সে গুলি নষ্ট করিয়াছেন। কিন্তু তদন্তের ফল এইভাবে চাপিয়া দিয়াও তাঁহারা ক্ষান্ত হইলেন না, আমাদের সরকারী সমালোচক এবং ব্রিটিশ কর্ত্ব্রে পরিচালিত সংবাদপত্রগুলি সময় ও স্থবিধামত পুনং পুনং বলিতে লাগিলেন যে, কংগ্রেসের কার্য্যের ফলেই দাঙ্গা ঘটিয়াছে।

অবশ্য এই ক্ষেত্রে এবং অন্তর্ত্ত পরিণামে সতাই জয়ী হইবে; কিস্কু সময় সময় মিথাার রাজত্ব দীর্ঘস্থায়ী হয়। "মিথাা তাহার কার্য্য শেষ হইলে আপনা হইতেই ধ্বংস হইবে। যথন কেহ সত্যের জয় কি পরাজয়ের কথা ভাবিবে না, তথন মহান্ সত্য জয়ী হইবে।"

সংগ্রামিক্ষিপ্ত মানসিক বিকারের এই বহিঃপ্রকাশ অতি স্বাভাবিক।
পারিপাশ্বিক অবস্থা যেরূপ, তাহাতে কেহই দতা ও দংযম প্রত্যাশা
করিতে পারে না, ইহাই আমার ধারণা। কিল্ক ইহার তীব্রতা ও প্রাচুর্য্য
অত্যস্ত অপ্রত্যাশিত এবং আশ্চর্য্য বলিয়া মনে হইতে লাগিল।
ইহা ভারতীয় শাদক সম্প্রদায়ের মানসিক অবস্থার নিদর্শন এবং
কিছুকাল পূর্ব্বে তাঁহারা কি ভাবে নিজেদের দমন করিয়া রাথিয়া-

#### জওহরলাল নেহর

ছিলেন তাহারও প্রমাণ পাওয়া যায়। সম্ভবতঃ, আমাদের কোন কথা বা কাজের জন্ম কোধের উৎপত্তি হয় নাই। তাঁহাদের সাম্রাজ্য হারাইবার পূর্বতন ভীতি হইতেই ইহার উদ্ভব। যে সমস্ত শাসক নিজেদের শক্তি সম্পর্কে বিশ্বাসী ছিলেন, তাঁহারা এরূপ আচরণ করেন নাই। উভয় পক্ষের বৈষম্যও অত্যন্ত ম্পষ্ট হইয়া উঠিয়াছিল। অপর দিকে নিস্তর্কার রাজত্ব; এই নিস্তর্কাতা স্বেচ্ছাপ্রণোদিত অথবা আত্মর্ম্যাদাস্চক সম্রমের গোতক নহেন, ইহা কারাগার, ভীতি এবং সর্ববিধ প্রচারকার্য্য বন্ধ করার ব্যবস্থাজনিত নিস্তর্কাতা। এইভাবে বলপ্রবিক কণ্ঠরোধ করিয়া অপর পক্ষ বিকারক্ষিপ্ত উচ্ছাস, অতিরঞ্জন ও কুৎসা প্রচারের চূড়ান্ত দেথাইতে লাগিলেন। যাহা হউক, প্রকাশের একমাত্র পথ ছিল—বিভিন্ন সহর হইতে মাঝে মাঝে বে-আইনীইসংবাদপত্র প্রকাশিত হইত।

ব্রিটিশ কর্তৃত্বে পরিচালিত এংলো-ইণ্ডিয়ান সংবাদপত্রগুলি এই আত্মপ্রচারের ধুমধামে যোগ দিয়া মনের আনন্দে রসাস্বাদ করিতে লাগিল। দীর্ঘকাল ধরিয়া তাহারা মনের গোপন অন্ধকারে যে সকল আক্রোশ দমন করিয়া রাখিয়াছিল, এতদিনে সেই সকল চিস্তা ও কথা প্রকাশিত হইতে লাগিল। সাধারণ সময়ে তাহারা নিজেদের মনোভাব সাবধানতা সহকারে ব্যক্ত করে, কেন না ইহাদের অধিকাংশ পাঠকই ভারতীয়; কিন্তু ভারতের এই সঙ্কট কালে এই সংয়ম আর রহিল না, ইংরাজ ও ভারতীয় নির্বিশেধে সকলের মনোভাবই আমরা বুঝিতে পারিলাম। এংলো-ইণ্ডিয়ান সংবাদপত্র ভারতে অতি অল্পই আছে, একে একে সে গুলি বিলুপ হইতেছে। অবশিষ্টগুলির মধ্যে কয়েকথানি कि সংবাদের দিক দিয়া, कि বাহ্য সৌষ্ঠবের দিক দিয়া অতি উচ্চ শ্রেণীর পত্রিকা। তাঁহাদের আন্তর্জ্জাতিক ব্যাপারের উপর লিখিত সম্পাদকীয় প্রবন্ধগুলি রক্ষণশীল মনোবৃত্তি লইয়া লিখিত হইলেও উহার মধ্যে কুশলতা, জ্ঞান ও মর্মাগ্রহণের ক্ষমতার পরিচয় পাওয়া যায়। সংবাদপত্র হিসাবে এই গুলি নিঃসন্দেহ ভারতের সর্বশ্রেষ্ঠ পত্রিকা। কিন্তু ভারতীয়<sup>®</sup> রাজনৈতিক সমস্তা সম্পর্কে তাঁহাদের আলোচনা অত্যম্ভ নিম্নন্তরের এবং অতি আশ্চর্যারূপে একদেশদর্শী। এবং সৃষ্কটের সময়ে তাঁহাদের পক্ষপাতিত্ব, বিকারের প্রলাপ ও স্থুলরুচির পরিচায়ক হইয়া উঠে। তাঁহারা বিশ্বস্তভাবে ভারত সরকারের মনোভাব প্রচার করেন এবং সতত এই সরকারী প্রচারকার্য্যের মধ্যেও প্রগল্ভ উচ্ছু ঋলতার অভাব নাই।

## व्याच्याहारतत त्म

এই সকল এংলো-ইণ্ডিয়ান সংবাদপ্রের সহিত তুলনায় ভারতীয় সংবাদপত্রগুলি অতি দরিদ্র। তাহাদের আর্থিন অবস্থাও ভাল নহে এবং কাগজের উন্নতি করিবার জন্ম মালিক্রোও বড় বেশী চেষ্টা করেন না। অতি কষ্টে তাঁহারা দৈনন্দিন অন্তিম্ব বজায় রাথিয়া চলেন, এবং মন্দভাগ্য সম্পাদকীর বিভাগের লোকেরা অতি ক্ষে জীবনযাত্রা নির্বাহ করেন। এগুলির কাগজ ও মুদ্রণ শ্রীহীন, অনেক আপত্তিজনক বিজ্ঞাপন প্রায়শংই প্রকাশিত হয়, রাজনীতি বা জাতীয় জীবন সম্পর্কে তাঁহাদের মনোভাব অত্যন্ত ভাবপ্রবণ ও উদ্পাসময়। আমার ধারণা, ইহার আংশিক কারণ এই যে, আমরা ভাবপ্রবণ জাতি, আরও কারণ এই যে, বিদেশী ভাষায় (ইংরাজী কাগজগুলি) সরল অথচ জোরের সহিত লেখা সহজ নহে। কিন্তু আসল কারণ, দীর্ঘকালের পরাধীনতা ও দমননীতির প্রতিক্রিয়া হইতে যে মনোভাব গড়িয়া উঠে, তাহা সহজেই প্রকাশের পথে ভাবাবেগে উচ্ছেসিত হইয়া উঠে।

ভারতীয় পরিচালিত ইংরাজী সংবাদপত্রগুলির মধ্যে সম্ভবতঃ মাদ্রাজের "দি হিন্দু"ই সংবাদসংগ্রহ, ছাপা ও কাগজের দিক দিয়া সর্বন্ধেষ্ঠ। 'হিন্দু' দেখিলেই আমার মনে হয়, এ যেন শুচিশুদ্ধা প্রবীণা বিধবা মহিলা; অতাস্থ গম্ভীর ও রাসভারি, যাঁহার সম্মুথে একটি চপল কথা উচ্চারণ করিলেই তিনি মর্মাহত হইবেন। ইহা স্বচ্ছল অবস্থার বুর্জ্জোয়া কাগজ; জীবনযুক্রের সংঘর্ষ, কর্জণ কোলাহল বা ত্শিচন্থা ইহার নাই। আরও কয়েকথানি মডারেট মতাবলম্বী সংবাদপত্রও এই "প্রবীণা বিধবা"র আদর্শে চালিত হয়। কিন্তু তাঁহারা 'হিন্দুর' মত বৈশিষ্ট্য লাভ করিতে পারেন নাই, এবং সকল দিক দিয়াই বৈচিত্রাহীন।

গভর্ণমেন্ট আঘাত করিবার জন্ম বহু পূর্ব্ব হইতেই আয়োজন করিয়া রাগিয়াছিলেন, এবং প্রথম স্চনাতেই যথাসাধ্য প্রচণ্ড আঘাত করিবার অভিপ্রায় তাঁহাদের ছিল। ১৯৩০ সালে নব নব অভিন্যান্দ দিয়া ঘটনার ম্রোত ক্ষম করিতেই তাঁহারা চেষ্টা করিতেছিলেন। সে বার কংগ্রেসই প্রথম আরম্ভ করিয়াছিল। ১৯৩২-এর উপায় স্বতন্ত্র এবং গভর্ণমেন্টই সকল দিক দিয়া প্রথম আক্রমণ করিয়া বসিলেন। কতকগুলি সর্বভারতীয় ও প্রাদেশিক অভিন্যান্দ দারা যত প্রকার সম্ভব ক্ষমতা গ্রহণ ও প্রদান করা হইল। বহু সভা-সমিতি বে-আইনী হইল, বাড়ী, সম্পত্তি, মোটর গাড়ী, ব্যাহে আমানতী টাকা দথলে লওয়া হইল ও জনসভা ও শোভাযাত্রা নিষিদ্ধ হইল। সংবাদপত্র ও ছাপাখানা সম্পূর্ণ রূপে নিয়ন্ত্রণের ব্যবস্থা হইল। অন্ত দিকে এই সময় গান্ধিজী নিরুপত্রব

#### জওহরলাল নেহর

প্রতিরোধ নীতি এড়াইবার জন্ম অত্যন্ত আগ্রহশীল ছিলেন। কার্যকরী সমিতির প্রায় সকল সদস্তের মনোভাবও ঐ রূপ ছিল। আমি ও আর তুই এক জন ভাবিয়াছিলাম যে, আমাদের যতই অনিচ্ছা থাকুক না কেন, সংঘর্ষ অবশুস্তাবী। অতএব, পূর্ব ইইতে প্রস্তুত থাকা আবশুক। যুক্ত-প্রদেশ এবং সীমান্ত প্রদেশে ক্রমবর্দ্ধিত মনোমালিন্যের ফলে জনসাধারণ ব্বিতে পারিতেছিল যে, সংঘর্ষ আসিতেছে। কিছু মোটের উপর মধ্যশ্রেণী ও শিক্ষিত ব্যক্তিরা যদিও সংঘর্ষের সম্ভাবনা সম্বীকার করিতে পারিতেছিলেন না, তথাপি তাঁহারা তৎকালে সে ভাবে চিন্তা করিতেন না। তাঁহাদের আশা ছিল, গান্ধিজী ফিরিয়া আসিলেই বে কোন প্রকারে সংঘর্ষ নিবারণ করিবেন—এই আশাই পূর্ব্বোক্ত প্রকার চিন্তার প্রস্তি।

এই ভাবে ১৯৩২-এর প্রথম ভাগে গভর্ণমেন্টই আক্রমণ করিলেন এবং কংগ্রেদ আত্মরক্ষা করিতে লাগিল। অভিন্তান্স ও নিরুপদ্রব প্রতিরোধের যুগপং দ্ৰুত আবিভাবে অনেক স্থানীয় কংগ্ৰেস-নেতা বিহ্বল তথাপি কংগ্রেসের আহ্বানে দেশ আশ্চর্যারূপে সাড়া দিল এবং নিরুপদ্রব প্রতিরোধকারীর অভাব হইল না। আমার বিবেচনায় ১৯৩০ অপেকাও ১৯৩২-এ ব্রিটিশ গভর্ণমেন্ট অধিকতর প্রতিরোধের সম্মুগীন হইয়াছিলেন। এবার সর্বত্ত, বিশেষভাবে বৃহৎ নগরীগুলিতে ১৯৩০-এর মত বাহ্য আন্দোলন ও প্রচার ছিল না। ১৯৩২-এ যদিও জনসাধারণ অধিকতর সাহস-শীলতা দেখাইয়াছিল এবং শান্তিপূর্ণ ছিল, তথাপি ১৯৩০-এর মত উৎসাহের প্রেরণা ছিল না। ইহা যেন অনিস্থায় যুদ্ধক্ষেত্রে উপস্থিতির ১৯৩০ সালে ইহার যে গৌরব ছিল, ঘুই বংসর ব্যবধানে তাহা অনেকাংশে মান হইয়া পড়িয়াছিল। গভর্ণমেণ্ট তাঁহাদের সমস্ত শক্তি লইয়া কংগ্রেসের সমুখীন হইলেন। ভারতে কার্য্যতঃ সামরিক আইন প্রবর্ত্তিত হইল। কংগ্রেস স্বতঃপ্রবৃত্ত হইয়া কিছু করিবার স্থযোগ অথবা কোন কাজ করিবার কোন স্বাধীনতা পাইল না। প্রথম আঘাতেই ইহা হইল, অতীতে কংগ্রেদের প্রধান সমর্থক বুর্জ্জোয়া সদস্যগণই অধিকতর শন্ধিত হইলেন। তাঁহাদের পকেটে হাত পড়িল এবং ইহা বুঝা গেল र्य, याहाता निक्रभञ्जव প্রতিরোধ আন্দোলনে যোগদান করিবে অথবা ইহাকে সাহান্য করিতেছে বলিয়া জানা যাইবে, তাহারা কেবল স্বাধীনতা হারাইবে না, সম্পত্তি হস্তচ্যত হওয়ার আশহাও রহিয়াছে। যুক্ত-প্রদেশে ইহাতে আমরা বিশেষ চিস্তিত হই নাই; কারণ এখানে কংগ্রেস-পন্ধীরা সকলেই দরিত্র। কিন্তু বোষাই প্রভৃতি বৃহৎ সহরে অবস্থা ছিল ভিনত্রপ।

## আত্মপ্রচারের ধুম

ইহাতে ব্যবসায়ী শ্রেণীর সর্ব্যাশ এবং বৃত্তিজীবী শ্রণীর বহুল ক্ষতির সন্তাবনা ছিল। কেবলমাত্র ভীতি প্রদর্শনেই (কোন কোন স্থানে প্রয়োগ করাও হইয়াছে সহরের ধনী ও স্বচ্ছল শ্রেণী পদ্ধু হইয়া পড়িলেন। আমি পরে শুনিয়াছি. একজন ভীক্ত কিন্তু ধনী ব্যবসায়ী যিনি ক্লাচিং চালা দেওয়া ছাড়া রাজনীতির ত্রি-সীমানায়ও আসেন নাই, তাঁহাকে পুলিশ পাঁচ লক্ষ টাকা জরিমানা ও দীর্ঘ কারাদণ্ডের ভয় দেখাইয়াছিল। এই প্রকার ভীতি প্রদর্শন সচরাচর ঘটনায় পরিণত হইয়াছিল, এবং ইহা ফাঁকা কথা ছিল না, কেন না পুলিশের হাতে তথন অপর্যাপ্ত ক্ষমতা এবং প্রতাহই মৌথিক ভীতি অনুযায়ী কার্যোর দৃষ্টান্ত দেখা ঘাইত।

গ্রন্থনিন্ট যে প্রতি অবলম্বন করিয়াছিলেন তাহাতে আমার মতে কোন কংগ্রেদ কথার আপত্তি করিবার অধিকার নাই। অবশ্য সম্পূর্ণরূশে অহিংসা আন্দোলনের বিরুদ্ধে গ্রন্থনিন্ট যে পীড়ন ও হিংসামূলক কাজ আরম্ভ করিয়াছিলেন, সভ্যতার মাপকাঠিতে তাহা নিশ্চয়ই আপত্তিজনক। যদি আমরা বৈপ্লবিক প্রত্যক্ষ সংঘর্ষনূলক উপায অবলম্বন করি, তাহা যত অহিংসই হউক না কেন আমাদিগকে সর্ক্রিধ বাধার জন্ম প্রস্তুত থাকিতেই হইবে। বৈঠকখানায় বিদ্যা বৈপ্লবিক খেলা খেলা যায় না; কিন্তু আমাদের মধ্যে অনেকে তুইয়েরই স্থবিধা চাহেন। যে ব্যক্তি বৈপ্লবিক পদ্ধতি লইয়া নাড়া-চাড়া করিতে চায়, তাহাকে সর্ক্রম্ব হারাইবার জন্ম প্রস্তুত থাকিতে হইবে। ধনী এবং সম্পন্ন ব্যক্তিরা কদাচিং বিপ্লবী হইয়া থাকেন, কেহ এইরূপ হইলে সেই নির্ক্রোধকে বিষয়ী ব্যক্তিরা উাহাদের শ্রেণীর প্রতি বিশ্বাদ্যাতক বলিয়া অভিহিত করেন।

অবশ্য জনসাধারণকে দনন করিবার জন্য স্বতন্ত্র পদ্ধতি আবশ্যক।
ইহাদের মোটর গাড়ী, বাাঙ্কে আমানতা টাকা অথবা বাজেয়াপ্ত করিবার মত
কোন সম্পত্তি নাই; অথচ ইহারাই প্রকৃত প্রস্তাবে আন্দোলনের ভার বহন
করিতেছে। সকল দিক দিয়া সরকারী কঠোরতার আর একটা ফল দেখা গেল
যে, একদল লোক সহসা কর্মতংপর হইয়া উঠিল, কোন সন্থ প্রকাশিত পুস্তকের
ভাষায় ইহাদিগকে "গভর্গমেন্টেরিয়ানস্" অর্থাং সরকার পক্ষীয় লোক বলা
য়াইতে পারে। কতকগুলি লোক ভবিয়তে কি হইবে ব্ঝিতে না পারিয়া
কংগ্রেসের দিকে ঝুঁকিয়া পড়িতেছিল। কিন্তু গভর্গমেন্ট ইহা সহ্থ করিলেন
না। তাঁহারা কেরল নিক্রিয় রাজভক্তি চাহেন না। সিপাহী বিদ্যোহের
খ্যাতনামা ফ্রেডারিক ক্রুপারের ভাষায় কর্ত্পক্ষ, "সম্পূর্ণ ক্রিয়াশীল এবং স্কম্পষ্ট
রাজভক্তির কম কিছু সহ্থ করিবেন না। গভর্গমেন্ট প্রজারন্দের

#### ज अर्जनांग मिर्क

কেবলমাত্র নৈতিক বশুতা স্বীকারের উপর নির্ভর করিতে সন্মত হইবেন না।" এক বংসর পূর্বে যখন বৃটিশ উদারনৈতিক দলের নেতারা স্থাশনাল গভর্ণমেণ্টে যোগ দিয়াছিলেন, তথন সেই সকল প্রাচীন সহকর্মীকে লক্ষ্য করিয়া মি: লয়েড্জজ্জ বলিয়াছিলেন, "যাহারা পারিপার্বিক অবস্থামুসারে গায়ের রং বদলাম ইহারা সেই জাতীম সরীস্থপ।" ভারতের নৃতন পারিপার্ষিক অবস্থায় কোন নিরপেক্ষ রং সহু করা হইত না এবং আমাদের কতিপয় স্বদেশবাসী শাসকগণের নয়নানন্দকর উজ্জ্বল স্মুমুরঞ্জিত হইয়া আত্মপ্রকাশ করিলেন। সঙ্গীত, শোভাঘাতা, ভোজসভা প্রভৃতি দারা তাঁহারা শাসকরুদের প্রতি অমুরক্তি ও প্রেম জ্ঞাপন করিতে লাগিলেন। অভিন্যান্স, বহুতর বাধা-নিষেধ, সূর্যান্ত আইন প্রভৃতি ইইতে उँशिए त कान है जय नाहे; किन ना प्रतकाती जात । धार्यभाष्टे कता इहेग्राहिल যে, ঐগুলি কেবল অবাধা সিভিসান প্রচারকারীদের জন্ম, রাজভক্তদের উহাতে 'চিস্তিত হইবার কিছুই নাই। কাজেই তাঁহাদের স্বদেশবাসীর আতম্ব, সংঘর্ষ ও সংঘাতের মধ্যেও তাঁহারা নির্ব্বিকার চিত্তে উহা নিরীক্ষণ করিতে লাগিলেন। সম্ভবতঃ তাঁহারা স্লো লিখিত বিশ্বাসী মেষপালিকার সহিত একমত হইবেন। সে বলিয়াছিল, "একটি ভয়ের কারণ হইতে আমি সম্পূর্ণরূপে মৃক্ত, আমাকে বলাংকার করা অসম্ভব, কেন না আমি সর্বদাই সম্মত।"

গভর্ণমেন্টের মনে কোন প্রকারে এই ধারণা জন্মিল যে, কংগ্রেস স্থীলোকদিগকে আন্দোলনে আনিয়া জেলগানা পূর্ণ করিতেছে। কংগ্রেসের আশা যে, নারীরা লঘুদণ্ড পাইবে ও সদ্বাবহার পাইবে। ইহা অত্যস্ত আজগুরী ধারণা, যেন লোকে ইচ্ছা করিয়া পরিবারস্থ নারীদের কারাগারে পাঠায়! সাধারণতঃ নারীরা যখন আন্দোলনে যোগদান করেন, তখন পিতা, লাতা ও স্বামীদের ইচ্ছার বিজ্জেই করেন, অস্ততঃ তাঁহাদের পূর্ণ সহাত্ত্তি পান না। যাহা হউক, গভর্ণমেন্ট দীর্ঘ কারাদণ্ড এবং জেলে থারাপ ব্যবহার দারা স্ত্রীলোকদিগকে নিরুৎসাহ করিবার সংকল্প করিলেন। আমার ভগ্নীর গ্রেফ্তার ও কারাদণ্ড হইবার পর পনর যোল বংসর বয়স্কা কতকগুলি তরুণী বালিকা কর্ত্ত্ব্য ছিল না। তাহারা পরামর্শ করিতেছিল। এমন সময় ক্ষমার গৃহের মধ্যেই তাহাদিগকে গ্রেফ্তার করা হইল এবং প্রত্যেককে ছই বংসর করিয়া সপ্রম কারাদণ্ডে দণ্ডিত করা হইল। তার্ভে প্রত্যহ অন্তর্গ্ত ইহা একটি কৃদ্র ঘটনা মাত্র। অধিকাংশ বালিকা ও নারী কারাগারে অত্যন্ত কন্ত কন্ত্র পাইয়াছে, এমন কি সময় সময় পুরুষদের অপেকাণ্ড নির্ঘাত্তন

## আত্মপ্রচারের বৃষ

সহিয়াছে। আমি অনেক বেদনাবহ দৃষ্টান্তের কথা শুনিয়াছি। বোশাই জেলে অক্যান্ত সত্যাগ্রহী নারীবন্দিনীদের সহিত মীরাবেন (মেডিলিন জেড্) যে অভিজ্ঞতার কথা লিপিবন্ধ করিয়াছেন, আমি তাহা দেখিয়া আক্র্যাহইয়াছি।

যুক্ত-প্রদেশে আমাদের আন্দোলন পল্লী-অঞ্চলে কেন্দ্রীভূত হইয়াছিল। ক্ষকদের প্রতিনিধিরপে কংগ্রেস ক্রমার্গত চাপ দেওয়ার ফলে বেশ মোটা রকম থাজনা মাপের প্রতিশ্রুতি দেওয়া ইইয়াছিল, যদিও আমরা তাহা উপযুক্ত বিবেচনা করি নাই। আমাদের গ্রেফ্ তারের অব্যবহিত পরেই আরও থাজনা মাপের কথা ঘোষণা করা হইল। ইহা আশ্রুষ্টা যে কিছু পূর্বের এই ঘোষণা হইলে অবস্থার অনেক পার্থক্য হইত। তাহা হইলে আমাদের পক্ষে উহা সরাসরি প্রত্যাখ্যান করা কঠিন হইত; কিন্তু কংগ্রেস যাহাতে এই থাজনা মাপের কৃতিত্বের প্রশংসা না পায়, সেজন্ম গভর্ণমেন্ট বিশেষভাবে সচেতন ছিলেন, এই জন্ম একদিকে তাঁহারা কংগ্রেসকে পিষিয়া মারিবার জন্ম সম্বন্ধ করিলেন, অন্ম দিকে কৃষকদিগকে ঠাণ্ডা রাখিবার জন্ম যথাসম্ভব থাজনা মাপ দিতে লাগিলেন। যেখানেই কংগ্রেসের চাপ অত্যধিক হইয়াছে, সেই খানেই তাঁহারা সর্ব্বোচ্চহারে থাজনা মাপ দিয়াছেন, ইহাও লক্ষ্য করিবার বিষয়।

এই থাজনা মাপের পরিমাণ অনেক বেশী হইলেও ইহাতে কৃষক সমস্যার সমাধান ছইল না বটে, কিন্তু অবস্থা অনেক শাস্ত হইল। ক্ষকদের প্রতিরোধের জোর কমিয়া গেল এবং আমাদের বৃহত্তর আন্দোলনের দিক দিয়া আমরাও সাময়িকভাবে তুর্বল হইয়া পড়িলাম। এই আন্দোলনে যুক্ত-প্রদেশের সহস্র কৃষক তুর্দিশাগ্রস্ত হইল, অনেকে সর্বস্বান্ত হইল। কিন্তু এই আন্দোলনের চাপে লক্ষ্ণ লক্ষ্ণ কৃষক সর্বেচিচ হারে থাজনা মাপ পাইয়া (আইন অমান্ত আন্দোলন ও তৎসংশ্লিষ্ট ব্যাপার ছাড়া) বহুতর বিরক্তিকর হয়রানির হাত হইতে অব্যাহতি পাইল। সাময়িক ভাবে এক বৎসরের জন্ত এই থাজনা মাপ পাওয়া কৃষকদের পক্ষে অবশ্র খুব বড় কথা নয়। কিন্তু ইহাও কৃষকদের পক্ষ হইতে যুক্তপ্রাদেশিক কংগ্রেস কমিটির অবিরত চেষ্টার ফলেই সম্ভবপর হইয়াছিল, সে বিষয়ে আমার অণুমাত্র সন্দেহ নাই। সাধারণ কৃষকর্পণ সাময়িক ভাবে ইহাতে লাভবান হইলেও এই আন্দোলনের আ্যান্ত ভাহাদের মধ্যে সাহসী ব্যক্তিরাই সহ্ করিয়াছে।

১৯৩১-এর ডিসেম্বরে যথন যুক্ত-প্রদেশে বিশেষ অর্ডিফান্স জারী হয়, তাহার সহিত একটি বিবৃতিমূলক পরিশিষ্টও ছিল। এই বিবৃতি অথবা অক্সান্ত অর্ডিফান্সের সহিত প্রকাশিত বিবৃতিগুলিতে প্রচার

#### जं उर्वेगांग न्यू

কার্য্যের স্থবিধার জন্ম অনেক অর্দ্ধনতা ও অসতা ছিল। हरेश। সেই আত্মপ্রচারের কৌশলমাত্র এবং আমাদের পক্ষে উহার উত্তর দেওয়া অথবা ভূলওনির প্রতিবাদ করার উপায় ছিল না। শেরোয়ানী সম্পর্কে একটি মিথ্যা ঘটনা প্রচারের চেষ্টায়, তিনি গ্রেফ্তার হইবার প্রাক্তাল প্রতিবাদ করেন ! গভগমেশ্টের বিবৃতি ও ক্রটিশ্বীকারমূলক প্রভ্যাহার-পত্রগুলি অত্যম্ভ কৌতুককর। উহাতে বুঝা যায়, গভর্ণমেণ্ট কড বিচলিত এবং তাঁহাদের মানসিক অস্থিরতা কত বেশী। রাজা বুর্কোবংশীয় তৃতীয় চার্লদ তাহার রাজত্ব হইতে জেন্তইটদের নির্বাসিত করিবার যে ঘোষণাপত্র প্রচার করিয়াছিলেন, একদিন ভাহা পাঠ করিতে গিয়া ভারতে ব্রিটিশ গভর্ণমেণ্টের ঘোষণাপত্ত অর্ডিকান্স ও তাহার যুক্তিগুলি বিশেষভাবে মনে পড়িল। ১৭৬৭ সালের ফেব্রুয়ারী মাদে প্রকাশিত ঐ ঘোষণাপত্তে রাজা তাঁহার কার্য্যের বৈধতা প্রতিপন্ন করিবার জন্ম বলিয়াছেন,—"আমুগত্য, শাস্তি ও স্থবিচার প্রজাবৃন্দের মধ্যে রক্ষা করিবার জন্ম আমার কর্ত্তব্যের সহিত সংশ্লিষ্ট কতকগুলি গুরুতর কারণে ইহার আবশ্রক হইরাছে। এবং অকাক্ত জকরী, বিচারদঙ্গত এবং প্রয়োজনীয় যুক্তি, তাহা আমার রাজ হৃদয়ে আবদ্ধ রহিল।"

ঠিক এইরপেই অভিন্তান্দের প্রকৃত কারণগুলি বড়লাটের হাদয়ে অথবা তাঁহার পরামর্শনাতানের সামাজ্যবাদী হৃদয়ে আবদ্ধ রহিল, যদিও উহা স্পষ্ট করিয়াই বুঝা গিয়াছিল। সরকারীভাবে যে সকল মুক্তি ঘোষণা করা হইল, তাহা হইতে আমরা ভারতে ব্রিটিশ গভর্ণমেন্টের প্রচারকার্য্যের অভিনব কৌশলগুলির সর্বাঙ্গরুক্তর ব্যবস্থা ব্বিতে পারিলাম। কয়েকমাস পরে আমরা জানিতে পারিলাম, আধা-সরকারী ভাবে বহু পুতিকা ও বিজ্ঞাপনী পল্লী-অঞ্চলে প্রচার করা হইতেছে; ঐ গুলি অতি আশ্চয়্য ভ্রান্ত বিবৃত্তিতে পূর্ণ এবং বিশেষভাবে কংগ্রেসের জন্মই যে দ্রামৃল্য হ্রাস পাইয়া রুষকদের হৃদ্ধণা হইয়াছে, তাহাও ঐ গুলিতে উল্লিখিত হইত। কংগ্রেসেই জগদ্বাপী মন্দা ঘটাইয়াছে, কংগ্রেসের শক্তির প্রতি কি অসামান্য প্রদ্ধাক্তাপন! কিন্তু কংগ্রেসের মর্যাদা নই করার আশায়, এই মিধা। কথাটা অক্লান্তভাবে পুন: পুন: প্রচার করা হইতে লাগিল।

ইহা সত্ত্বেও যুক্তপ্রদেশের প্রধান প্রধান জিলার কৃষকগণ নিরুপদ্রব প্রতিরোধের আহ্বানে (যাহা অনিবার্য্যরূপে থাজনা মকুবের আন্দোলনের সহিত মিশ্রিত হইয়াছিল) চমংকার সাড়া দিয়াছিল। ইহা ১৯৩• হইতে অধিকতর ব্যাপক এবং শৃশ্বলাবদ্ধ। ইহার মধ্যে থোস

## व्यक्तिश्रीहारतन मूम

মেলাল ও বাদ বহুকের অভাব ছিল না। রায়বেরিলী জিলার বাকুলিয়া গ্রামে পুলিশ দলের আগমন সম্পর্কে একটি হাসির গল্প গুনিয়াছিলাম। বাকী থাজনার দায়ে তাহারা মালপত্র ক্রোক করিছে গিয়াছিল। গ্রামবাসীদের অবস্থা অপেকারুত স্কুল এবং তাহারা অনেকটা তেজস্বী প্রকৃতির। তাহারা দেওয়ানী আদালতের কর্মচারী ও পুলিশদিগকে সাদরে অভ্যর্থনা করিয়া বাড়ীর দর্জ। কপার্ট খুলিয়া দিল এবং তাহাদিগকে যেখানে খুদী প্রবেশ করিবার জন্ত আহ্বান করিল। কিছু গ্রু বাছুর প্রভৃতি ক্রোক করা হইল। তারপর গামবাসীরা তাহাদের পান শুপারী দিয়া সম্মানের সহিত বিদায় দিল। তাহারা সলক্ষ্ণতাবে যেন জল্ হইয়া চলিয়া গেল। কিছু ইহা অতি বিরল ঘটনা। অল্পদিন পরেই রক্ রহস্থ বা দ্যা-দাক্ষিণ্যের লেশমাত্রও রহিল না। বাকুলিয়ার বেচারা প্রামবাসীরা তাহাদের বাকপ্রিয়ন্থ ও বেপরোয়া সাহসের শান্তি অনেকথানিই পাইয়াছিল।

এই সকল জিলায় কয়েকমাস ধরিয়া প্রজারা খাজনা দেওয়া বন্ধ রাখিল এবং সম্ভবতঃ গ্রীম্মকালের প্রারম্ভ হইতে খাজনা আদায় স্থক হইল। গভর্গমেন্টের অনিচ্ছা সত্ত্বেও বহু লোককে গ্রেফ্ তার করিতে হইল। সাধারণতঃ, বিশেষ কর্মী কিংবা গ্রামের নেতাদের গ্রেফ্ তার করা হইত, বাদ বাকী সকলকে প্রহার করিয়া ছাড়িয়া দেওয়া হইত। কারাদণ্ড দেওয়া অথবা গুলি চালনা অপেক্ষা প্রহার করাকেই তাঁহারা উৎকৃষ্টতর পন্থা বলিয়া মনে করিতেন। যেখানে যতবার ইচ্ছা প্রয়োজন মত ইহা প্রয়োগ করা যাইতে পারে এবং দ্রবর্ত্তী পল্লীগ্রাম হইতে ইহা বাহিরে প্রচারের সম্ভাবনাও অতি কম ছিল এবং ইহাতে জেলে বন্দীর সংখ্যাও বাড়িত না। অবশ্য সঙ্গে উচ্ছেদ, ক্রেন্ক, গক্ষ-বাছুর, সম্পত্তি নীলাম প্রভৃতিও চলিতেছিল। নামমাত্র মূল্যে কৃষকদের যথাসর্বস্থ বিক্রম্ব তাহারা অসহায় বেদনায় নিরীক্ষণ করিত।

অক্যান্ত অনেক বাড়ীর মতই গভণমেন্ট 'স্বরাজ ভবন'ও দথল করিয়াছিলেন। স্বরাজ ভবনে অবস্থিত কংগ্রেস হাসপাতালের অনেক মূল্যবান সাজ-সরঞ্জাম ও আসবাবপত্রও দথল করা হইল। ক্য়েকদিন হাসপাতালের কাজ বন্ধ রহিল, তারপর নিকটস্থ উদ্যানে থোলা জায়গায় চিকিৎসালয় স্থাপিত হইল। ইহার পর উহা স্বরাজ ভবনের সংলগ্ন একটি ছোট বাড়ীতে স্থানাস্তরিত হয়। সেই হাসপাতাল বা চিকিৎসালয় এথানে আড়াই বৎসর ছিল।

আমাদের আবাস গৃহ 'আনন্দ ভবন'ও গভর্ণর দথল করিতে পারেন ইহা লইমা কথা উঠিতে লাগিল, কেন না আমি আয়করের

#### ज ওহরলাল নেহর

একটা মোটা টাকা দিতে অস্বীকার করিয়াছিলাম। ১৯৩০ সালে আমার পিতার উপর যে আয়কর ধার্য্য হইয়াছিল আইন অমাক্ত আন্দোলনের জন্ম তিনি তাহা প্রদান করেন নাই। ১৯৩১ দিল্লী সন্ধির পর আয়কর বিভাগের কর্তৃপক্ষের সহিত অনেক তর্ক বিতর্ক করিয়া অবশেষে আমি উহা কিন্তিবন্দী হারে পরিশোধ করিতে সম্মত হইয়াছিলাম এবং এক কিন্তীর টাকাও দিয়াছিলাম। অর্ডিগ্রান্স জারী হওয়ার পর আমি টাকা না দিবার সংকল্প করিলাম। ক্লুষকদিগকে খাজনা বন্ধ করিবার পরামর্শ দিব অথচ নিজে আয়কর দিব, ইহা আমার নিকট অতান্ত অন্তায় এবং ছনীতিপূর্ণ বলিয়া মনে হইয়াছিল। অতএব, আমাদের বাড়ী গভর্ণর ক্রোক করিবেন, আমি ইহা প্রত্যাশা করিয়াছিলাম ! যে ধারণা আমার নিকট মর্মান্তিক হইয়াছিল তাহা এই যে, আমার মাতা গৃহ হইতে বহিছতা হইবেন, আমাদের পুঁথি পুস্তক, কাগজ পত্র, আসবাব ও অনেক অস্থাবর সম্পত্তি—যে গুলির প্রতি আমাদের ব্যক্তিগত আসক্তি রহিয়াছে এবং অনেক শ্বতি যাহার সহিত জড়াইয়া আছে—দে গুলি পরহস্তগত হইবে অথবা বিনষ্ট হইবে, আমাদের জাতীয় পতাকা নামাইয়া লইয়া সেথানে ইউনিয়ন জ্যাক উড্ডীন করা হইবে। কিন্তু দঙ্গে দঙ্গে বাড়ী হারাইবার ধারণা আমার নিকট ভালই লাগিল; ইহার ফলে জমি হইতে বঞ্চিত বছকুষকের সহিত আমি ममान हरेव এवः তাহারাও বল ও माञ्चना लां कतित्व । आभारतत्र আন্দোলনের দিক হইতে বিচার করিলে ইহা হওয়াই উচিত ছিল। কিন্তু গভর্ণমেণ্ট অন্তরূপ সিদ্ধান্ত করিলেন। স**ন্ত**বতঃ আমার মাতার প্রতি স্থবিবেচনা বশতঃ অথবা ইহার ফলে নিরুপদ্রব প্রতিরোধ चात्मानन वन्नानी रहेरव এই चानकाय ठाँहाता नित्र हहेरनन। বছদিন পরে আমার কতকগুলি রেল কোম্পানীর শেয়ার আবিষ্কৃত হইল এবং আয়কর না দেওয়ার দরুণ সেগুলি বাজেয়াপ্ত করা হইল। আমার এবং আমার ভগ্নীপতির মোটর গাড়ী ইতঃপূর্বেই করিয়া বিক্রয় করা হইয়াছিল।

এই কালের আর একটি ব্যাপারেই আমি অত্যন্ত মর্মাহত হইয়াছিলাম।
বহু মিউনিসিপালিটি ও অন্তান্ত প্রতিষ্ঠান এবং বিশেষভাবে যেখানে
কংগ্রেস সদস্তরাই সংখ্যাধিক বলিয়া প্রকাশ, সেই কলিকাতা কর্পোরেশনের
বাড়ী হইতেও জাতীয় পতাকা টানিয়া নামান হইয়াছিল। গভর্গমেণ্ট
ও পুলিশ আদেশ অমান্ত করিলে কঠোর ব্যবস্থা অবলম্বিত হইবে এই
ভীতি প্রদর্শনের চাপ দিয়া পতাকা সরাইয়া ফেলিয়াছিলেন। কঠোর

## আত্মপ্রচারের ধূম

ব্যবস্থার অর্থ সম্ভবতঃ মিউনিসিণালিটি দখল করিয়া লওনা অথবা তাহার সদস্তদিগকে দণ্ড দেওয়া। কায়েমী স্বার্থ-সংশ্লিষ্ট এরপ ভীরুতা স্বাভাবিক এবং তাঁহাদের হয়ত এরপ করা ছাড়া গতান্তর ছিল না; ।কল্ক তথাপি আমি আহত হইলাম। আমাদের যাহা কিছু প্রিয় ও মহান এই পতাকা তাহার প্রতীকে পরিণত হইয়াছিল এবং পতাকার নীচে দাঁড়াইয়া আমরা কতবার ইহার মর্য্যাদা রক্ষার শপথ গ্রহণ করিয়াছি। নিজ হল্তে পতাকা অবনমিত করা অথবা অন্তকে উহা করিতে আদেশ দেওয়া কেবল মাত্র শপথ ভঙ্গ করা নহে। পরস্ক পবিত্রতার অপহ্নবস্তুচক ইহা মিথার প্রবলতর দৈহিক বলের নিকট অবনতি স্বীকার, ইহা সত্যকে অস্বীকার, ইহা দুর্বল আহুগত্য। যাহার। এই ভাবে আহুগত্য স্বীকার করিয়াছেন, তাঁহারা জাতীয় চরিত্রের মেরুদণ্ড বক্র করিয়াছেন এবং তাহার আহ্বস্থানে আঘাত করিয়াছেন।

তাঁহারা বীরের মত ব্যবহার করিয়া অগ্নিতে প্রবেশ করিবেন, কেইই তাহা প্রত্যাশা করেন নাই। কেই সমুথের সারিতে আসিয়া কারাবরণ করেন নাই অথবা অগুবিধ তৃঃথ ও ক্ষতি স্বীকার করেন নাই বলিয়া তাহার নিন্দা করা অগ্যায় ও গহিত। প্রত্যেকেরই ব্যক্তিগত কর্ত্তব্য ও দায়িত্ব আছে, কাহারও তাহা লইয়া বিচার করিবার অধিকার নাই। কিন্তু পিছনে বসিয়া থাকা বা কাজ করা এক কথা, আর সত্যকে—একজন যাহাকে নিজে সত্য বলিয়া বিশ্বাস করে—তাহা অস্বীকার করা আর এক কথা। জাতীয় স্বার্থের বিরোধী কোন কার্য্য করিতে আদিই হইলে মিউনিসিপালিটির সদস্তগণের পক্ষে পদত্যাগ করার পথ থোলাই ছিল। কিন্তু তাহারা স্ব স্ব আসনে মধিষ্ঠিত থাকাই স্থবিবেচনার কার্য্য বলিয়া মনে করিলেন।

"মৌমাছি ফুলের উপর বসিলে আর গুঞ্জন করে না—তেমনি স্ব স্ব আসনে বসিয়া হুইগগণ মৌনী রহিলেন।"—টমাস মূর।

আকমিক দহুটের মুহুর্ত্তে বিহবল হইয়া কেহ যথন কোন কাজ করে, তথন তাহার সমালোচনা করা সন্তবতঃ অবিচার। অতি সাহসী ব্যক্তিও ঘটনার মুহুর্ত্তে স্নায়বিক দৌর্বল্যে অভিভূত হয়, ইহা গত মহাযুদ্ধে বহুবার দেখা গিয়াছে। তাহার পূর্ব্বে ১৯১২ সালে সেই ম্মরণীয় টাইটানিক জাহাজ ভূবিবার সময় অনেক বিখ্যাত ব্যক্তি, যাঁহাদিগকে কাপুরুষ মনে করা ধারণারও অতীত, তাঁহারা অপরকে ফেলিয়া রাখিয়া মাঝি মালাদের ঘুষ দিয়া পলাইয়া আয়ুরকা করিয়াছেন। অল্পদিন পূর্ব্বে মোরো ক্যাসল্ জাহাজে অগ্রিকাণ্ডে অত্যস্ত লজ্জাকর ঘটনা ঘটিয়াছিল। সহুটের মুহুর্ত্তে কে কিরূপ

#### জওহরলাল নেহক

আচরণ করিবে, তাহা কেইই জানিতে পারে না, কেন না তথন যুক্তি ও সংযমের উপর আত্মরক্ষার আদিম সংস্কারই প্রবল ইইয়া উঠে। অতএব, আমাদের দোষ দেওয়া উচিত নয়। কিন্তু তাই বলিয়া কেই সত্য পথ ইইতে লফ্ট না ইইতে পারে তৎসম্পর্কে সাবধানতা অবলম্বন করিব না, এমন কোনকথা নাই। জাতায় তরণীর হাল যে ধরিবে, তাহার হস্ত যেন কম্পিত না হয়, প্রয়োজনের মূহুর্ত্তে তাহা পঙ্গু না ইইয়া যায়, সে বিষয়ে ভবিয়তের জন্ম নিশ্রই সাবধান হইতে হইবে। অক্ষমতার অমুক্লে যুক্তিজাল বিস্তারকরিয়া তাহাকে যথাযোগ্য ব্যবহার বলিয়া প্রমাণ করিতে চেষ্টা করা অধিকতর গরিত। বার্থতা অপেক্ষাও তাহা অধিকতর গুরু অপরাধ।

বিভিন্ন শক্তির সংঘর্ষ সংঘাত বহুল পরিমাণে নৈতিক শক্তি ও মন্তিক্ষের বলের উপর নির্ভর করে। এমন কি কধির-রঞ্জিত সংগ্রাম সম্বন্ধেও সেই কথা থাটে। মার্সাল কোস্ বলিয়াছেন, "সমরক্ষেত্রে চরম মৃহুর্ত্তে মন্তিক্ষ্ব বলেই জ্বলাভ হইয়া থাকে।" অহিংস সংঘর্ষে চরিত্র ও মন্তিক্ষের বল আরও অধিক আবশ্রক এবং যে তাহার আচরণের দ্বারা এই চরিত্র বল কলন্ধিত করে; এবং জাতির মনে নৈরাশ্য আনিয়া দেয়, সে আন্দোলনের অভি

মাদের পর মাদ ঘাইতে লাগিল, কত স্থসংবাদ, ছঃসংবাদ ভনিলাম, এবং আমরা কারাজীবনের নীরস:ও একঘেয়ে কর্মপদ্ধতিতে অভ্যন্ত হইয়া উঠিলাম। জাতীয় সপ্তাহ আদিল—৬ই হইতে ১৩ই এপ্রিল—আমরা জানিতাম এই সপ্তাহে অনেক কিছুই ঘটিবে। ঘটিয়াছিলও অনেক। তাহার মধ্যে একটি ঘটনা আমার নিকট মুখ্য হইয়া এলাহাবাদে আমার মাতা কর্ত্ব পরিচালিত একটি শোভাযাত্রার গতি পুলিশ রোধ করিল এবং পরে যটি চালনা করিল। মিছিল থামিয়া গেলে একজন আমার মাতার জন্ম একথানি চেয়ার লইয়া আসিল। তিনি মিছিলের পুরোভাগে রান্ডার উপর উপবেশন করিলেন। আমার ও অক্তাক্ত থাহার! তাঁহাকে দেখিতেছিলেন, তাঁহা-দিগকে গ্রেফ্তার করিয়া সরাইয়া ফেলা হইল এবং তারপর পুলিশ চড়াও করিল। আমার মাতা ধাকা খাইয়া চেয়ার হইতে পড়িয়া গেলেন এবং তাঁহার মন্তকে পুন: পুন: বেত্রাঘাত করা ছইল। মাথা কাটিয়া রক্ত ঝরিল, তিনি অজ্ঞান হইয়া রাস্তার ধারে পড়িয়া রহিলেন। তককণে রাজপথ হইতে শোভাযাত্রাকারী ও অন্তান্ত জনসাধারণকে তাড়াইয়া দেওয়া হইয়াছিল। কিছুক্ষণ পরে একজন পুলিশ কর্মচারী তাঁহাকে কুড়াইয়া লইয়া নিজের গাড়ীতে করিয়া 'আনন্দ ভবনে' রাথিয়া যান।

## वित्रिमी ७ (मद्राष्ट्रम (जन

সেই রাজে এলাহাবাদে এক মিথ্যা গুজব রটিল যে, আমার মাতার মৃত্যু হইরাছে। কুদ্ধ জনতা দলবদ্ধ, হইল, শান্তি ও অহিংসার কথা ভূলিয়া গিয়া পুলিশকে আক্রমণ করিয়া বসিল এবং পুলিশের গুলি বর্ষণে কয়েকজনের মৃত্যু হইল।

ঘটনার কয়েকদিন পর আমি এই সকল সংবাদ (আমাদিগকে সাপ্তাহিক সংবাদপত্র দেওয়া হইত) পাইলাম। আমার বৃদ্ধা তুর্বলা জননী রক্তাক্ত দেহে ধূলিমলিন রাজপথে পড়িয়া আছেন, এই কয়না আমাকে উন্মন্ত করিয়া তুলিল। আশ্চর্য্য, আমি সেখানে উপস্থিত থাকিলে না জানি কি করিতাম! আমার অহিংসা কতথানি অটুট থাকিত? আমার আশহা হয়, সেই দৃশ্য দেথিয়া সহজেই দীর্ঘ দাদশ বর্ধের শিক্ষা ও অভিজ্ঞতা ভূলিয়া যাইতাম এবং কি ব্যক্তিগত কি জাতীয় ফলাফল আমি অল্পই চিন্তা করিতাম।

তিনি অল্পে অল্পে আরোগ্য লাভ করিলেন, যথন পরের মাসে তিনি বেরিলী জেলে আমাকে দেখিতে আসিলেন, তথন তাঁহার মাথায় পটি বাঁগা ছিল। কিন্তু তিনি আমাদের স্বেচ্ছাসেবিক! ও কম্মীদের সহিত একত্রে যষ্টিচালনা ও বেগ্রাঘাতের অংশ গ্রহণ করিয়াছেন বলিয়া অত্যন্ত গর্বা ও হর্ষ প্রকাশ করিলেন। যাহা হউক, আরোগ্য লাভ করিলেও সেই বয়সে এই গুরুতর আঘাতবেদনা তাঁহার দেহ-যন্ত্রকে বিকল করিয়াছিল: এবং এক বংসর পরে উহার গভারতির লক্ষণ-গুলি স্বাত্যন্ত সম্কটজনক আকারে দেখা দিয়াছিল।

89

## বেরিলী ও দেরাতুন জেল

ছয় সপ্তাহ পরে আমাকে নৈনী জেল হইতে দেরাত্ব জেলে বদলী করা হইল। আমার স্বাস্থ্য পুনরায় খারাপ হইল এবং প্রতাহ একটু জর হইতে লাগিল, ইহাতে আমি অত্যস্ত বিরক্ত হইলাম। চার মাস বেরিলীতে কাটাইলাম। গ্রীম্ম প্রচণ্ড হইয়া উঠিলে আমাকে অপেক্ষাকৃত শীতল হিমালয়ের পাদদেশে দেরাত্ব জেলে বদলী করা হইল। এখানে আমি, আমার তুই বংসর কারাদণ্ডের প্রায় শেষ পর্যাস্ত অর্থাৎ একাদিক্রমে সাড়ে

#### ज अर्जनांन (मर्जे

চৌদ্দমাস ছিলাম। দেখা শুনা, চিঠিপত্র ও নির্বাচিত সংবাদ-পত্র হইতে কিছু কিছু দংবাদ পাইতাম বটে, কিছু বাহিরের ঘটনাবলীর সহিত আমার বোগস্ত্র ছিল্ল হইয়া গেল, কেবল প্রধান ঘটনাগুলি অস্পষ্টভাবে মনে আছে মাত্র।

আমার কারাম্ভির পর ব্যক্তিগত বাাপার ও তৎকালীন রাজনৈতিক পরিস্থিতি নইয়া কার্য্যে আত্মনিয়োগ করিলাম। কিন্তু পাচমাসের কিছু অধিককাল স্বাধীনতা ভোগ করিয়া পুনরায় আমাকে কারাগারে আসিতে হইল, তদবধি এইখানেই আছি। এইরপে তিন বংসরের অধিকাংশ সময় কারাগারে কাটিয়াছে,—ফলে ঘটনাবলীর সহিত আমার যোগ ছিল না, এবং এই কালের ব্যাপারগুলি বিশদভাবে জানিবার আমি বিশেষ স্থযোগ পাই নাই। যে বৈঠকে গান্ধিজী যোগ দিয়াছিলেন, সেই দ্বিতীয় গোল টেবিল বৈঠক সম্বন্ধেও আজ প্র্যান্থ আমার ধারণা অত্যন্ত অস্পষ্ট। এ বিষয়ে তাঁহার সহিত আমার কোন কথা বলিবারই স্থযোগ হয় নাই, তিনি অথবা অন্ত কাহারও সহিত পরবত্রী ঘটনাগুলি আলোচনা করিতে পারি নাই।

১৯৩২ ও ১৯৩৩—এই তৃই বংসর কালে আমাদের জাতীয় সংঘর্ষের গতিপথ আলোচনা করিবার মত আমি বিশেষ কিছুই জানি না। কিন্তু আমি রক্ষমঞ্চ জানি, ইহার নেপথ্যভূমি ও অভিনেতাগণ আমার স্থপরিচিত, কাজেই আমি সহজাত বৃদ্ধি হইতে অতি কৃদ্র কৃদ্র ঘটনারও মর্ম্ম গ্রহণ করিতে পারি। প্রথম চারিমাসকাল নিরুপদ্রব প্রতিরোধ আন্দোলন দৃঢ়তার সহিত চলিল, তারপর ক্রমশঃ তাহা শিথিল হইরা আসিল। মাঝে মাঝে কোথাও বা কদাচিং স্থানীয় সংঘর্ষ দেখা দিত। কোনও প্রত্যক্ষ সংঘর্ষফ্লক আন্দোলন বৈপ্লবিক উচ্চ গ্রামে অধিকক্ষণ থাকিতে পারে না। ইহা স্থিতিশীল নহে বলিয়াই হয় উপরে উঠিবে নয় নীচে নামিরে। নিরুপদ্রব প্রতিরোধ, প্রথম উংসাহের অবসানে গীরে গীরে নীচে নামিয়া আসিল। কিন্তু মন্দীভূত অবস্থায়ও ইহা দীর্ঘকাল চলিতে পারে। বে-আইনী ঘোষিত হওয়া সত্তেও নিথিল ভারতীয় কংগ্রেস প্রতিষ্ঠান অনেকাংশে সাফল্যের সহিত কার্য্য চালাইতে লাগিল। ইহার সহিত প্রাদেশিক কন্মীদের যোগ ছিল, কর্ম-নির্দ্দেশাদি প্রেরণ, আন্দোলনের সংবাদাদি আদান-প্রদান এবং কথনও বা আর্থিক সাহায্যও প্রদান করা হইত।

প্রাদেশিক প্রতিষ্ঠানগুলিও অল্পবিত্তর সাফল্যের সহিত কাজ চালাইতেছিল। যে কয় বংসর আমি জেলে ছিলাম, অন্তাক্ত প্রদেশের তথনকার থবর আমি বেশী জানি না, তবে আমি কারাম্ক্তির পর কার্য্যপ্রণালীর কিছু সংবাদ সংগ্রহ করিয়াছিলাম। যুক্ত-প্রদেশের কংগ্রেস কার্য্যালয় নিয়মিত ভাবে ১৯৩২ সালে কার্য্য পরিচালনা করিয়াছে; এবং গান্ধিজীর পরামর্শে কংগ্রেসের অস্থায়ী

## वित्रिमी ७ (मत्राप्तन (जन

সভাপতি আইন অমাক্ত আন্দোলন প্রথম স্থগিত রাথার নির্দেশ দেওয়া পর্যান্ত (১৯৩০ সালের মধ্যভাগ) ইহা বরাবর কাজ চালাইয়া গিয়াছে। এই कारनत्र मर्पा हेश श्रास्य क जिनाम मर्सनाहे कर्मानिष्म श्राम कतिमाह. মুক্তিত অথবা সাইক্লোষ্টাইল যত্ত্বে ছাপা ইন্ডাহারাদি নিয়মিত ভাবে াকাশ क्रियाट्ड, मात्य मात्य किलात कार्या পतिनर्गन क्रियाट्ड, এवः आमात्त्र কর্মীদিগকে যথা নিয়মে ভাতা দিয়াছে। অবশ্য ইহার অধিকাংশই গোপনে করিতে হইত, কিন্তু প্রাদেশিক কমিটির ভারপ্রাপ্ত সম্পাদক সর্ব্বদাই প্রকাশ্রে কাজ করিতেন এবং তিনি গ্রেফ্তার হইলে অপরে তাঁহার স্থান গ্রহণ করিত। ১৯৩০ ও ৩২-এর অভিজ্ঞতা হইতে আমরা দেখিয়াছি, সমস্ত ভারতবর্ষে গুপ্তভাবে সংবাদ আদান-প্রদানের বাবস্থা করা অতি সহজ। বাধা সত্ত্বেও বিশেষ চেষ্টা না বরিয়াও এবিষয়ে আমরা ক্লতকার্য্য হইয়াছিলাম। किन्छ जामारान मर्सा ज्ञानाक मरन कतिराजन रा. প্রতিরোধের আদর্শের সহিত এই গোপনতা থাপ খায় না এবং জন্দাধারণ নিরুৎদাহ হইয়া পড়িয়াছিল। বুহং প্রকাশ্ত গ্ণ-আন্দোলনের অতি ক্ষুদ্র অংশ রূপে ইহা অনেকাংশে কার্য্যকরী কিন্তু ইহার একটা আশহার দিকও আছে। বিশেষ ভাবে আন্দোলন মন্দীভূত হইয়া আদে তথন কিছু কিছু নিফল গুপ্ত প্রচেষ্টা গণ-আন্দোলনের স্থান গ্রহণ করে। ১৯৩৩ গালের জুলাই মাদে গান্ধিজী স্ক্রবিধ গোপনতার নিন্দা করিয়াছিলেন।

যুক্তপ্রদেশ ছাড়াও গুজরাট ও কর্ণাটকে কিছুকাল যাবং ক্ল্যবক্ষের মধ্যে থাজনা বন্ধ আন্দোলন চলিয়াছিল। গুজরাট ও কর্ণাটকে ক্ল্যবক্জ্যমিলরেরা গভর্গমেউকে থাজনা দিতে অস্বীকার করায় অত্যন্ত ক্ষতিগ্রন্ত হইয়াছিল। কংগ্রেসের পক্ষ হইতে সম্পত্তি ও জমি হইতে বঞ্চিত হর্দ্দশাগ্রন্ত ক্ল্যকদিগকে সাহায়্য করিবার চেষ্টা হইয়াছিল বটে, কিন্ত প্রয়োজনের তুলনায় তাহা সামায়্য। যুক্তপ্রদেশের ভূমিবঞ্চিত রায়তদের, প্রাদেশিক কংগ্রেস সাহায়্য করিবার কোন চেষ্টাই করেন নাই। এখানে সমস্মা অনেক বৃহত্তর (ক্ল্যক-জমিদার অপেক্ষা রায়তদের সংখ্যা বহুগুণে অধিক); এবং অঞ্চলও অধিকতর বিস্তীর্ণ। প্রাদেশিক কংগ্রেসের সাহায়্য করিবার ক্ষ্মতাও অত্যন্ত সীমাবদ্ধ। এই আন্দোলনে ক্ষতিগ্রন্ত হইয়াছে এমন সহস্র সহস্র ব্যক্তিকে সাহায়্য করা আমাদের সাধ্যাতীত ছিল, অর্ধাশনক্লিষ্ট সাহায়্যপ্রার্থী ক্ল্যক্ষণ হইতে পূর্ব্বোক্ত শ্রেণীকে পৃথক করিয়া দেখাও অতি কঠিন। মাত্র ক্ষেক সহস্রকে সাহায়্য করিতে গেলেই বিব্রত হইতে হইত এবং মনোমালিয়্য দেখা দিত। এই কারণে

#### ज उर्वनान (मर्क

জামরা প্রথম হইতেই অর্থ সাহায্য না করিবার সিদ্ধান্ত করিয়াছিলাম এবং তাহা সর্ব্বসাধারণকে জানাইয়া দিয়াছিলাম। ক্লযকেরাও আমাদের অবৃষ্থাও মনোভাব সহাত্ত্তির সহিত গ্রহণ করিয়াছিল। কোন অভিযোগ না করিয়া বা অসম্প্রোষ প্রকাশ না করিয়া তাহারা যে কতদ্র সহু করিয়াছিল, তাহা ভাবিলে আশ্চর্য্য হইতে হয়। অবশ্য ব্যক্তিগতভাবে, বিশেষতঃ কারাক্লম কর্মাদের স্ত্রীপুত্রদিগকে কিছু কিছু সাহায্য দানের চেষ্টা আমরা করিয়াছি। এই হতভাগ্য দেশের দারিন্ত্র্য এত অধিক যে, মাসিক প্রকটাকা সাহায্য করিলেও লোকে তাহা দৈব প্রেরিত বলিয়া মনে করে।

এই আন্দোলনকালে যুক্তপ্রাদেশিক কমিটি (বে-আইনী প্রতিষ্ঠান) ক্মীদিগকে নিয়মিতভাবে যংসামান্ত ভাতা দিয়াছে এবং তাহারা জেলে গেলে তাহাদের পরিবারবর্গকে ভরণপোষণ করিমাছে। একটা মোটা খরচের অঙ্ক, তারপর ছাপার খরচ, পুস্তিকা 3 বিজ্ঞাপন मार्टे क्लाहीरेन यस हाभारेवात थत्र ७ अकी त्यांने अह । रेश हाज़, ষাতায়াত খরচ ছিল এবং অপেকারুত গরীব জেলাগুলিকে সাহায্য করিতে रहे**छ। এতং সত্ত্বেও এক শক্তিশা**লী সঙ্ঘবদ্ধ গভর্ণমেন্টের বিরুদ্ধে গণ-আন্দোলন পরিচালনা করিতে গিয়া যুক্তপ্রাদেশিক কমিটি ১৯৩২-এর জামুয়ারী হইতে ১৯৩৩-এর আগষ্ট পর্যান্ত এই বিশ মাদে মাত্র ৬৩,০০০ টাকা অর্থাৎ মাসে ৩১৪০ টাকা করিয়া ব্যয় করিয়াছে। (এই হিসাবে অবঙ্গ শক্তিশালী ও অধিকতর স্বচ্ছল এলাহাবাদ, আগ্রা, কাণপুর ও লক্ষ্ণৌ জেলা কংগ্রেদ কমিটির ব্যয় ধরা হয় নাই।) প্রদেশ হিসাবে ১৯৩২ ও ৩৩-এ যুক্তপ্রদেশ বরাবর সংঘর্ষের পুরোভাগেই ছিল আমার বিবেচনায় ফল দেথিয়া বিচার করিলে তুলনায় ব্যয় অতি সামাত্রই হইয়াছে। আইন অমাত্ত আন্দোলন বিনষ্ট করিবার জন্ত প্রাদেশিক গভর্ণমেণ্ট যে বিশেষ বায় করিয়াছেন, তাহার সহিত এই সামান্ত বায় তুলনা করিলে অনেক শিক্ষা লাভ করা যাইতে পারে। আমার ধারণা ( যদিও আমার ভাল জানা নাই ), আরও কয়েকটী প্রধান কংগ্রেস **প্রদেশে** ইহা অপেক্ষা অনেক বেশী ব্যয় হইয়াছিল। কংগ্রেসের দৃষ্টিতে বিহার তাহার প্রতিবেশী যুক্তপ্রদেশের তুলনায় অধিকতর দরিদ্র হইলেও আমাদের সংঘর্ষে বিশেষ ক্বতিত্বের সহিত কান্ধ করিয়াছিল।

যাহা হউক, নিক্পদ্রব প্রতিরোধ আন্দোলন ক্রমশঃ শিথিল হইয়া আসিল, তব্ও ইহা কোন মতে চলিতে লাগিল, অবশ্য তাহাতেও ক্রতিত্বের অভাব ছিল না। কিন্তু গতিপথে ইহা আর গণ-আন্দোলন রহিল না। গভর্ণমেণ্টের তীর দমন নীতি ছাড়াও ১৯৩২-এর সেপ্টেম্বরে ইহা এক প্রচণ্ড আঘাত

## द्वित्रमी अ दमत्राष्ट्रम दम्म

পাইল। গান্ধিজী হরিজন সমস্তা লইয়া এই প্রথমবার অনশন্ত্রত গ্রহণ করিলেন। এই অনশন লইয়া জনসাধারণ চঞ্চল হইয়া উঠিল; কিন্ধ তাহাদের চিন্তার মোড় অন্তাদিকে ঘুরিয়া গেল। অবশেষে, ১৯৩৩-এর মে মাসে আন্দোলন স্থগিত হওয়ায় কার্যাতঃ নিরুপদ্রব প্রতিরোধের মৃত্যু হইল। পরে কার্যালেশহীন মতবাদ রূপে উহা কিছুকাল চলিয়াছে মাত্র। অবশ্য ইহা দত্য যে, ঐরূপে স্থগিত না কর। হইলেও ইহা ক্রমে নিশ্চিক্ হইয়া যাইত। দমন নীতির কঠে;রতা ও পীড়নে ভারতবর্ষ মৃচ্ছিত হইয়া পড়িয়াছিল। জাতির মানসিক শক্তি সাময়িক ভাবে নিঃশেষিত হইল, পুনরায় তাহা ভরিয়৷ তোলা গেল না। ব্যক্তিগত ভাবে নিরুপদ্রব প্রতিরোধ করিতে পারেন এমন ব্যক্তি অনেকেই ছিলেন। কিন্তু তাঁহারা এক প্রকার ক্রিমে পারিপাখিক ব্যবস্থার মধ্যে কাজ করিতেছিলেন।

জেলে বসিয়া এক মহান আন্দোলনের ক্রমণঃ শোচনীয় পরিণতির সংবাদ পর্ভিয়া আমাদের পক্ষে আনন্দের ব্যাপার ছিল না। আমাদের মধ্যে অতি অল্প লোকই একটা দৃশ্যমান সাফলা প্রত্যাশা করিয়াছিলেন। यদি জন-জাগ্রণ অদমা হইয়া উঠে, তাহা হইলে অঘটন ঘটিলেও ঘটিতে পারে, এমন প্রত্যাশাও ছিল বটে, কিন্তু তাহার উপর নির্ভর করা চলে না। কথনও নীচে, কখনও উপরে, কখনও বা স্তব্ধ স্বৃত্থলিত, এক্যবদ্ধ কাষ্যপ্রণালী ও স্থম্পষ্ট মতবাদে শিক্ষিত করিয়া তুলিতে হইবে, আমরা এইরূপ ভাবিতে লাগিলাম। ১৯৩২-এর প্রথমভাগে একসময়ে আমি ভত দৃশ্বমান সাফল্যের আশক্ষা করিয়াছিলাম, তাহার ফলে আপোষ অনিবাষ্য হইয়া উঠিত এবং 'সরকার পক্ষীয়' স্ববিধাবাদীরাই তাহার পূর্ণ স্থযোগ গ্রহণ করিত। ১৯৩১-এর অভিজ্ঞতায় আমাদের চোথের পদা খ্লিয়া গিয়াছিল। যথন জনসাধারণ দৃঢ় থাকে এবং তাহাদের ধারণা স্পষ্ট থাকে, তথন সাফল্য আসিলেই তাহারা তাহার স্থবিধা গ্রহণ করিতে পারে। অগ্রথা জনসাধারণ ত্যাগ স্বীকার করে এবং স্থযোগের মুহুর্তে, অক্তান্ত ব্যক্তিরা দিব্য আরামে বাহিরে আসিয়া তাহাদের অজ্জিত সম্পদ হস্তগত করে। এই পূর্ণমাত্রায় বিভ্যমান ছিল, কংগ্রেদের মধ্যেও অনেকে শিথিলভাবে চিস্তা ক্রিতেন, আমরা কি প্রণালীর গভর্ণনেউ বা সমাজ চাহি, সে সম্বন্ধে অনেকেরই কোন স্পষ্ট ধারণা ছিল না। অনেক কংগ্রেসপন্থী, বর্ত্তমান গভর্নেণ্টের বিশেষ পরিবর্ত্তন চাহেন না, কেবল ব্রিটিশ বা বিদেশীর পরিবর্ত্তে স্বদেশী-মার্কা শাসক হইলেই তাঁহারা যথেষ্ট মনে করেন।

#### জওহরলাল নেহরু

আদি ও অকৃত্রিম 'সরকার-পন্থী'দের অবশ্য গণনার মধ্যেই আনা উচিত নহে, কেন না তাঁহাদের জীবনের প্রথম ও প্রধান মূলনীতি—রাষ্ট্রের ক্ষমতা যাহার হাতে থাকিবে, তাহারই আহুগত্য স্বীকার। এমন কি, মডারেট ও রেসপনসিভিষ্টরাও গভর্ণমেন্টের মতবাদ সম্পূর্ণরূপে গ্রহণ করিয়াছিলেন, কলে, তাঁহাদের সাময়িক সমালোচনাগুলি নিক্ষল ও তুচ্ছ ररेश राहेछ। हैशता मर्सना मकन क्लाब्ब चाछ चाहेननिर्छ, रेश সকলেই জানেন, এবং এই কারণে ইহারা কখনও নিরুপদ্রব প্রতিরোধ সমর্থন করিতে পারেন না। কিন্তু তাঁহারা আরও অগ্রসর হইয়া গভণমেন্টের পক্ষে সারি দিয়া দাঁড়াইলেন। সর্ববিধ ব্যক্তিস্বাধীনতা সম্পূর্ণরূপে দমন করিবার উদ্যম তাঁহারা ভয়চকিত নীরব দর্শকের মত দেখিতে লাগিলেন। ইহা কেবল গভর্ণমেন্টের আইন অমান্ত আন্দোলনের সম্মুখীন হইয়া উহাকে দমন করার প্রশ্ন নহে, সর্কবিধ রাজনৈতিক কার্য্যই বন্ধ করিয়া দেওয়া হইল, অথচ ইহার বিরুদ্ধে একটি শব্দও উচ্চারিত হইল না। যাহারা সাধারণতঃ ব্যক্তিস্বাধীনতা রক্ষার চেষ্টা করেন, তাঁহারা আন্দোলনের সহিত জড়িত হইয়া পড়িলেন এবং সরকারী পীড়নের নিকট আত্মসমর্পণ করিতে অস্বীকার করিবার শান্তিও গ্রহণ করিলেন; অক্যান্ত সকলে ভয়ার্ত্ত হইয়া হীনভাবে বশুতা স্বীকার করিলেন; কোন সমালোচনা তাঁহাদের কণ্ঠস্বরে ফুটিল না। মৃত্ব সমালোচনাকালেও কত অন্তনয় বিনয় এবং তাহার সহিত কংগ্রেস এবং সংঘর্ষ পরিচালনাকারীদের তীব্র নিন্দা যোগ করিয়া দেওয়া হইত।

পাশ্চাত্য দেশগুলিতে ব্যক্তিষাধীনতার অমুক্লে শক্তিশালী জনমত গড়িয়া উঠিয়াছে, উহা সঙ্কৃতিত করিবার প্রত্যেকটি চেটার কুদ্ধ প্রতিবাদ হয়। (সন্তবতঃ ইহা এখন অতীত ইতিহাসের কথা।) এমন বহু ব্যক্তি আছেন, যাহারা নিজেরা কোন প্রত্যক্ষ সংঘর্ষমূলক আন্দোলনে যোগ দিতে চাহেন না, অথচ বক্তৃতা ও লিথিবার স্বাধীনতা, সজ্ম ও সমিতি গঠন, ব্যক্তি ও সংবাদপত্রের স্বাধীনতার উপর রাষ্ট্রের হস্তক্ষেপের প্রচেষ্টার বিক্ষমে অবিরত আন্দোলন করিয়া থাকেন। ভারতীয় উদারনীতিকগণ ব্রিটিশ উদারনীতিকদলের মত ও আদর্শ অমুকরণ করিয়া চলিবার দাবী করেন (যদিও এক নাম ছাড়া ইহাদের মধ্যে আর কোন সাদৃষ্ট নাই)। এই সকল স্বাধীনতা সন্ধোচের অস্ততঃ বাচনিক প্রতিবাদও তাঁহাদের নিকট প্রত্যাশা করা যাইতে পারে, কেন না ইহাতে তাঁহাদেরও অস্ববিধা হয়। কিন্তু তাঁহারা সেরপ কিছুই করেন না। ইহারা ভলতেয়ারের সহিত কণ্ঠ মিলাইয়া বলিতে পারেন না যে,—

## বেরিলী ও দেরাত্বন জেল

"আমি তোমার বক্তব্যের সহিত সম্পূর্ণরূপে ভিন্ন মতাবলম্বী; কিন্তু তোমার উহা বলিবার অধিকার আমি মৃত্যুবরণ করিয়াও রক্ষা করিব।"

সম্ভবতঃ ইহার জন্ম তাঁহাদের দোষ দেওয়া উচিত নহে, কেন না তাঁহারা কথন নিজেদের গণতন্ত্র ও স্বাধীনতার সমর্থক বলিয়া ঘোষণা করেন নাই। তাঁহারা এমন অবস্থার সমুখীন হইয়াছিলেন যে, একটি শিথিল বাক্যের ফলে বিপদে পড়িতে হইত। ভারতে দমন নীতি, স্বাধীনতার প্রাচীন উপাসক ব্রিটিশ লিবারেলগণ এবং ব্রিটিশ শ্রমিকদলের নৃতন সমাজতন্ত্রীদের উপর যে প্রতিক্রিয়া স্বষ্টি করিয়াছিল, আলোচনা করা অধিকতর প্রাসন্ধিক। তুঃথের হইলেও তাঁহারা যথাসম্ভব ধীরতা রক্ষা করিয়া ভারতীয় দমন নীতির অন্তষ্ঠানগুলি দেখিতেন এবং 'মাঞ্চোর গাডিয়ানের' জনৈক পত্র লেখকের ভাষায়, "দমন নীতির বৈজ্ঞানিক প্রয়োগের" সাফল দেখিয়া সন্তোষলাভ করিতেন। সম্প্রতি গ্রেট ব্রিটেনের ত্থাশনাল গভর্থমেন্ট একটি দিদিদান বিল পাশ করাইতে উদ্যোগী হওয়ায় তাহার মনেক কিছু সমালোচনা হইয়াছে। বিশেষভাবে লিবারেল ও শ্রমিকদলের সদস্যাণ, অন্যান্য কারণের সহিত এই আপত্তি প্রকাশ করেন যে, ইহার ফলে বক্তৃতা করিবার স্বাধীনতা সঙ্গুচিত হইবে এবং ম্যাজিষ্ট্রেটদিগকে থানাতল্লাসীর পরোয়ানা জারী করিবার ক্ষমতা দেওয়া হইবে। এই স্কল সমালোচনা পাঠ করিলে আমার চিত্তে সহামুভতির উদ্রেক হয়, সঙ্গে সঙ্গে ভারতের কথাও মনে পড়ে, এখানে অধুনা যে সকল আইন প্রচলিত রহিয়াছে, প্রস্তাবিত ব্রিটিশ সিদিসান বিল অপেক্ষা তাহা অস্ততঃ শতগুণে অধিক মন। সকল ব্রিটেনবাসী ইংলণ্ডে একটি মশা দেখিয়া ভীত হন, তাঁহারা ভারতে অমান বদনে উট গিলিয়া ফেলেন, ইহা দেখিয়া আমি বিস্মিত হই। প্রত্যেক দামাজ্যনীতিক উদ্দেশ্যের মধ্যেই দাধুতা দেখা, বৈষ্মিক স্বার্থের অনুপাতে নৈতিক আদর্শ ঠিক করিয়া লওয়ার ব্রিটিশ আশ্চর্যা দক্ষতা আমি প্রশংসমান দৃষ্টিতে দেখিয়া থাকি। গণতন্ত্র ও স্বাধীনতার অপহৃবকারী বলিয়া তাঁহারা সরল বিশ্বাস ও নৈতিক ক্ষোভের সহিত হিটলার ও মুসোলিনীর নিন্দা করিয়া থাকেন। আবার অন্তর্মপ সরল বিশ্বাস লইয়া তাঁহারা ভারতে স্বাধীনতা সঙ্গুচিত করিবার ব্যবস্থাগুলি নির্কিবকার চিত্তে দর্শন করেন। উহ। যে অপরিহার্য্য প্রয়োজন, তাহা উচ্চাঙ্গের নৈতিক যুক্তি দিয়া তাঁহারা বুঝাইয়া দেন। প্রকৃত নিরপেক্ষ ব্যবহার করিতে হইলে উহা করা ছাড়া তাঁহাদের গত্যস্তর নাই!

যথন ভারতে বহু নরনারী অগ্নিপরীক্ষার সমুখীন, তথন স্থদ্র লণ্ডনে বাছা বাছা ব্যক্তিরা মিলিত হইয়া ভারতের জন্ম শাসনতম্ন রচনা

#### ज ওহরলাল নেহর

করিতে লাগিলেন। ১৯৩২ সালে তৃতীয় গোলটেবিল বৈঠক এবং বহুজর কমিটির ব্যবস্থা হইল, ব্যবস্থা পরিষদের বহু সদস্যকে ঐ সকল কমিটির সদস্য করা হইল যাহাতে তাহারা কর্ত্তব্য পালনের সহিত ব্যক্তিগত আনন্দও উপভোগ করিতে পারেন। সরকারী থরচায় এক বৃহৎ জনতা লগুনে গেল। ১৯৩০ সালে ভারতীয় এসেসরদের লইয়া জয়েন্ট কমিটি বিদল, আবার উদার গভর্গমেন্ট সাক্ষ্য দিবার জন্ম একদল লোককে রাহাথরচ দিয়া বিলাতে পাঠাইলেন। ভারতের সেবা করিবার আন্তরিক আগ্রহে জনসাধারণের অর্থ অনেকে আবার সমৃদ্র পাড়ি দিলেন। শোনা যায়, রাহাথরচের পরিমাণ বৃদ্ধির জন্ম অনেকে দরকষাক্ষি করিয়াছিলেন।

ভারতে গণ-আন্দোলন দেখিয়া ভীত কায়েমী স্বার্থের প্রতিনিধিগণ লগুনে ব্রিটিশ সামাজ্যবাদের স্থাতিল ছায়ার আশ্রয়ে সমবেত হইবেন, ইহাতে আশ্রুগ কিছুই নাই। কিন্তু যথন মাতৃভূমি জীবন মরণ সংঘর্ষে প্রবৃত্ত, তথন কোন ভারতীয়ের এই শ্রেণীর ব্যবহার দেখিলে আমাদের জাতীয়তাবোধ আহত হয়। কিন্তু একটি কারণে আমাদের অনেকের নিকট ইহা শুভ লক্ষণ বলিয়াই মনে হইয়াছিল, আমরা ভাবিলাম (এখন দেখিতেছি, ভূল) ইহা চূড়াস্কভাবে ভারতের প্রগতিবিরোধীদের সহিত প্রগতিপদ্বীদের বিচ্ছেদ ঘটিল। এই ভাগাভাগির ফলে জনসাধারণ রাজনৈতিক শিক্ষালাভ করিবে এবং সকলেই স্পষ্টভাবে বৃঝিতে পারিবে ধে, কেবলমাত্র স্বাধীনতা ঘারাই আমরা সাম্যুভিক সমস্যাগুলি সমাধান ও জনসাধারণকে তুর্বহ ভারমুক্ত করিতে পারি।

কিন্তু এই সমন্ত ব্যক্তিরা কেবল তাঁহাদের দৈনন্দিন জীবন্যাত্রায় নহে, চিন্তা ও চরিত্রের দিক হইতেও ভারতীয় জনসাধারণ হইতে যে কতথানি পৃথক হইয়া পড়িয়াছেন, তাহা দেখিলে আশ্চর্য্য হইতে হয়। ইহাদের মধ্যে কোন যোগস্ত্র নাই। এত ত্যাগ স্বীকার, এত ছঃখবরণ যে কিসের প্রেরণায়, তাহা তাঁহারা বৃঝিতে পারেন না। এই সমন্ত খ্যাতনামা রাজনৈতিকের নিকট একটি মাত্র বান্তব সত্য—বিটিশ সামাজ্যের শক্তি—যাহার বিক্ষতা করিয়া কোন লাভ নাই, অতএব ভাল হউক মন্দ হউক ইহাকে স্বীকার করাই কর্ত্র্য। একথা তাঁহাদের চিত্তে কথনও উদয় হয় না যে, জনসাধারণের ভ্রেভছা ব্যতীত ভারতের কোন সমস্থার সমাধান অথবা প্রকৃত জীবস্থ শাসনতন্ত্র রচনা করা তাঁহাদের পক্ষে অসম্ভব। মিং জে, এ, স্পেণ্ডার তাঁহার দভ্ প্রকাশিত "সমসামন্ত্রিক সংক্ষিপ্ত ইতিহাস"-এ লিথিয়াছেন যে, কিরপে নিয়মতান্ত্রিক সন্ধারেক ব্যর্থ হইয়াছিল। তিনি

## বেরিলী ও দেরাত্বন জেল

বিনিয়াছেন যে, যে শ্রেণীর লোক বাড়ীতে আগুন লাগিলে তাহা বীমা করিবার জন্ম ব্যস্ত হয়, সেই শ্রেণীর রাজনৈতিক নেতারাই সমটের সময় শাসনতন্ত্র রচনার জন্ম ব্যস্ত হইয়া পড়ে। ১৯১০ সালের আয়র্লণ্ডের অপেকাও ১৯৩২—৩৩ সালে ভারতবর্ধে অধিকতর শাগ্নি ছিল এবং যদিও শিখা নিবিয়া গিয়াছে তথাপি ভশ্মাচ্ছাদিত জ্বলস্ত অক্সাব বহুদিন বিভ্যমান থাকিবে, তাহা ভারতের স্বাধীনতার আকাজ্জার মতই উত্তপ্ত অভ্নপ্ত।

ভারতবর্ধে শাসকদের মধ্যে হিংসাপ্রবৃত্তি অতি আশ্চর্যারপে বৃদ্ধি পাইয়াছে। অবশ্য ইহার ধারা পুরাতন এবং এই দেশ ব্রিটিশ কর্তৃক প্রধানতঃ পুলিশ রাষ্ট্ররপেই শাসিত হইয়া আসিল্ডেছে। এমন কি সিভিলিয়ান শাসকরন্দের প্রভৃত্তমূলক দৃষ্টিভঙ্গীও সামরিক ধরণের : যেন বিন্ধিত দেশ বলপূর্বাক দথলকারী সৈত্যদলের শক্রতামূলক মনোভাব। বর্ত্তমান ব্যবন্ধার িক্লম্বে গুরুতর দ্বন্ধের অবতারণা হওয়ায় এই মনোভাব বৃদ্ধি পাইয়াছে। বাঙ্গলা ও অক্যত্র অক্টিত টেরোরিজমের ফলে আমলাতান্ত্রিক হিংসার্ত্তির পোরাক জুটে এবং ইহা হইতে তাঁহারা নিজেদের কার্য্যের বৈধতা প্রতিপন্ন করেন। বহুতর অভিন্যান্ধ এবং গভর্ণমেন্টের নীতির ফলে শাসক ও পুলিশনের হাতে এত প্রচূর ক্ষমতা দেওয়া হইয়াছে যে, কার্য্যতঃ ভারতবর্ষ পুলিশরাজের অধীন হইয়া পড়িয়াছে এবং ইহার কোন প্রতিষেধক ব্যবস্থা নাই বলিলেই চলে।

অল্পবিশুর ভারতের প্রত্যেক প্রদেশকেই তীব্র দমন নীতির অগ্নিপরীক্ষার মধা দিয়া অগ্রদর হইতে হইয়াছে; কিন্তু সীমান্তপ্রদেশ ও বাঙ্গলাই হংথ ভোগ করিয়াছে সর্বাধিক। সংযুক্ত প্রদেশ সর্ববদাই প্রধান সামরিক কেন্দ্র এবং ইহার শাসন কার্যাও আর্দ্ধ সামরিক নিয়ম প্রণালীতে হইয়া থাকে। ইহার সামরিক গুরুহ অধিক থাকায় 'লালকুর্ত্তা' আন্দোলনে গভর্গমেন্ট সম্পূর্ণরূপে বিচলিত হইলেন। এই প্রদেশকে 'শান্ত' করিবার জন্ম সৈন্তদল কুচকাওয়ান্ধ করিতে লাগিল এবং "তুর্দান্ত গ্রামগুলিকে" দায়েন্তা করিতে লাগিল। দমন্ত ভারতবর্ধে গ্রামগুলির উপর অত্যাধিক পাইকারী জরিমানা ধার্য্য করা এবং ক্রমণ্ড ক্রমণ্ড সহরেও (বিশেষতঃ বাঙ্গলায়) উহা ধার্য্য করা সচরাচরের ব্যবস্থা হইয়া উঠিল। কোথান্ত বা পিটুনী পুলিশ বসান হইত এবং যাহাদের অপরিমিত ক্ষমতা অওচ সংযমের ব্যবস্থা নাই সেথানে পুলিশের অতিশাসন অনিবার্য্য। শান্তি ও শৃদ্ধলার নামে বিশৃধ্বলা ও বে-আইনী ঘটনার দৃষ্টান্ত আমরা বহু দেখিয়াছি।

বাঙ্গলার কোন কোন অংশে এক আন্চর্য্য দৃশ্যের অবতারণা হইল। গভর্ণমেণ্ট সমস্ত অধিবাসীদিগকে (অথবা ঠিক ঠিক বলিতে হইলে হিন্দু

#### জওহরলাল নেহর

অধিবাসীদিগকে ) শক্ত বলিয়া ধরিয়া লইলেন এবং প্রত্যেককে-বার হইতে পচিশ বংসর বয়স্ক নর ও নারী, বালক-বালিকা-পরিচয়পত্ত রাথিতে হইবে এই ব্যবস্থা হইল। বহিষার, অন্তরীণ, পোষাক সম্পর্কে निर्फिष्ट राज्ञा, अन्तरुनि निरुद्धन अथवां वस, वारेमारेक्न छ्डा निरम्, পুলিশ প্তিবিধির সংবাদ দান, সান্ধ্য আইন, সামরিক রুটমার্চ্চ, পিটুনী পুলিশ, পাইকারী জরিমানা এবং অন্তান্ত আরও অনেক বিধিনিষেধ প্রবর্ত্তিত হইয়াছিল। বিস্তৃত অঞ্চল যেন সামরিক বল দারা অবক্ষধ্বৎ প্রতীয়মান হইতেছিল এবং অধিবাসীরা, নরনারী প্রত্যেকেই নজরবন্দী হইয়া যেন ছটির ছাডপত্র হাতে করিয়া অবস্থান করিতেছিল। ব্রিটিশ গভর্ণমেন্টের মতে এই সকল আশ্চ্যা ব্যবস্থা ও বিধিনিষেধ প্রয়োজন হইয়াভিল কি না সে বিচারের অধিকার আমার নাই। हेरात প্রয়োজন না হইয়া থাকে, তাহা হইলে বিস্তীর্ণ অঞ্চলের অধিবাদীদিগকে ক্ষতিগ্রন্ত করার, অপমানিত করার, পীড়ন করার গুরুতর অপরাধে গভর্ণর নিশ্চয়ই দোষী সাব্যস্ত হইবেন। যদিও এইগুলির প্রয়োজন হইয়া থাকে, তাহা হইলে নিশ্চয়ই ইহা ভারতে ব্রিটিশ শাদনের বার্থতার চডান্ত প্রমাণ।

এই হিংসামূলক মনোভাব আমাদের পিছু পিছু কারাগারে গিয়াও উপদ্বিত হইল। কারাগারে শ্রেণীবিভাগ একটা প্রহসন মাত্র। যাহারা উক্তশ্রেণী ভুক্ত হইলেন, তাঁহাদের পক্ষেও উহা এক পীড়ন হইয়া উঠিল। অতি অল্পমংখ্যক ব্যক্তিকেই উচ্চশ্রেণী ভুক্ত করা হইয়াছিল এবং বহু সক্ষ অন্থভুতিপ্রবণ নরনারী এমন মনুখার মধ্যে পতিত হইলেন, যাহা অবিরাম এক মানসিক যন্ত্রণাবিশেষ। গভর্গমেণ্ট ইক্তা করিয়াই রাজনৈতিক বন্দীদের অবস্থা সাধারণ কয়েদীদের অপেক্ষাও কঠোর ও তৃংখপূর্ণ করিতে লাগিলেন। কারাবিভাগের ছনৈক ইনেস্পেক্টার জেনারেল সমস্ত কারাগারে এক গুপু ইন্ডাহার দ্বারা আইন অমান্ত আন্দোলনের বন্দীদিগকে "কঠোর ব্যবহার" করিবার অন্থক্তা প্রচার করিয়াছিলেন।\* জ্বলে বেত্রদণ্ড সচ্বাচরের শান্তি হইয়া উঠিল। ১৯৩৩-এর ২৭শে এপ্রিল পার্লামেণ্টে সহকারী ভারতস্চিব বলিয়াছিলেন যে, "১৯৩২-এ আইন

<sup>\*</sup> এই ইন্ডাহার ১৯৯২-এর ৩০শে জুন প্রচারিত হয়। ইহাতে ইহাও লিখিত ছিল যে, "ইন্দপেক্টর জেনারেল, জেলের ফ্পারিন্টেণ্ডেন্টগণ ও অধন্তন কর্মচারীদের এই ঘটনাটা ব্যাইয়া দিতে চাহেন যে, আইন অমান্য ঘটিত বন্দীদের প্রতি পক্ষণাতমূলক ভাল ব্যবহার করিবার কোন যুক্তিসঙ্গত কারণ নাই। এই শ্রেণীর কয়েদীদিপকে যথাছানে রাধিয়া কঠের ব্যবহা অবলম্বন করিতে হইবে।"

## বেরিলী ও দেরাত্ম জেল

অমাক্স আন্দোলন সংশ্লিষ্ট অপরাধে ৫০০ জন বেএদণ্ডে দণ্ডিত হইয়াছে, ইহা স্থার স্থামুরেল হোর অবগত আছেন।" জেল-শৃথলা ভক্ষ করিবার অপরাধে যাহার। বেএদণ্ড পাইয়াছে, দেই সংখ্যা ইহার মধ্যে ধরা হইয়াছে কিনা পরিকার ভাবে ব্রিবার উপায় নাই। ১৯৩২ সালে আমরা জেলে প্রায়ই বেএদণ্ডের সংবাদ পাইতাম। একটি কি তুইটি বেএদণ্ডের প্রতিবাদস্করপ আমরা ১৯৩০-এর ডিসেম্বরে তিনদিন অনশন করিয়াছিলাম, তাহা মনে আছে। তথন আমি এই পাশবিক দণ্ডে ব্যাথিত হইয়াছিলাম। এথনও আমি একপ সংবাদে মন্মাহত হই এবং সর্কাদা বেদনা অমুভব করি; কিন্তু প্রতিবাদস্করপ অনশন করিবার কথা মনে উদয় হয় না। কালক্রমে পাশবিকতার বিক্লে অমুভ্তির তীব্রতাও ক্মিয়া আদে। অন্থায় বাবস্থাও দীঘন্থায়ী হইলে জগত উহাতে অভ্যন্ত হইয়া উঠে।

আমাদের কন্মী নিগকে জেলখানায় ঘানি, যাতা প্রভৃতি কঠিন পরিশ্রমের কাজ দেওয়া হইত, কাজকর্ম ও ব্যবস্থা তাহাদের পক্ষে এত অসহ করিয়া তোলা হইত, যাহাতে তাহারা ক্ষমা-প্রার্থনা করিয়া ও গভর্ণমেন্টের নিকট প্রতিশ্রুতি দিয়া মুক্তি প্রার্থনা করিতে বাধ্য হয়। জেল কর্ত্বাক্ষ ইহা একটা প্রকাণ্ড জয় বলিয়া বিবেচনা করিতেন।

থাহারা পীড়ন ও অপমানে ক্ষ্ম হইত, সেই সকল বালক ও যুবকদের ভাগোই এই শ্রেণীর কঠিন পরিশ্রম জুটিত। এই সমস্ত স্থানর স্থানক, আত্মর্মগ্যাদাজ্ঞানসম্পন্ন ও ত্রাকাজ্ঞায় ত্ঃসাহসী,—যে শ্রেণীর বালক ব্রিটিশ বিভালয় ও বিশ্ববিদ্যালয়ে প্রশংসা ও উৎসাহ পাইত, ইহার সেই শ্রেণীর। কিন্তু ভারতে ভাহাদের যৌবনোচিত আদর্শবাদ ও গর্মের জন্ত ভাহারা পায় শৃহলে, নির্জন কারাবাস ও বেত্রদণ্ড!

আমাদের নারীরা কারাগারে যে কঠোর ব্যবহার পাইয়াছেন, তাহা চিন্তা করিতেও ক্লেশ হয়। ইহারা অধিকাংশই মধ্য শ্রেণীর এবং অন্তঃপুরে থাকিতে অভ্যন্ত। পুরুষের স্থবিধার জন্ম রচিত অনেক সামাজিক প্রথার পীড়ন ও অপমান ইহারা সহ্ম করিয়া থাকেন। স্বাধীনতার আহ্বান তাঁহাদের নিকট দ্ব্যর্থক,—যে উংসাহ ও শক্তি লইয়া তাঁহারা আন্দোলনে ঝাঁপাইয়া পড়িয়াছিলেন, তাহার পশ্চাতে গার্হয়াজীবনের দাস্ব হইতে মুক্তির একটা অস্পষ্ঠ আকাজ্ঞাও ছিল, ইহা নিঃসন্দেহ। অল্প ক্ষেকজন ছাড়া, অধিকাংশকেই সাধারণ কয়েদী শ্রেণীভুক্ত করা হইয়াছিল এবং অসচ্চরিত্রা সন্ধিনীদের মধ্যে, অতি ভয়াবহ পারিপান্থিক অবস্থার মধ্যে তাঁহাদিগকৈ রাথা হইয়াছিল। একবার আমি নারীদের জন্ম নির্দিষ্ট ওয়ার্ডের পার্শের ব্যারাকে ছিলাম; আমাদের মধ্যে একটা প্রাচীরের ব্যবধান ছিল। সেই

#### ज ওহরলাল নেহক

ব্যারাকে কয়েকজন রাজনৈতিক বন্দিনীর সহিত সাধারণ কয়েদীরাও ছিল। বাঁহার গৃহে আমি একবার আতিথ্য গ্রহণ করিয়াছিলাম, যিনি আমাকে সবিশেষ আদর যত্ন করিয়াছিলেন, তিনিও ঐ ব্যারাকে ছিলেন। উচ্চ দেওয়ালের ব্যবধান সত্বেও, স্ত্রীলোক কয়েদীদের কুংসিত ভাষায় ভীতি প্রদর্শন ও ভংসনাগুলি আমার কাণে আসিত এবং আমাদের বান্ধবীরা কি সম্থ করিতেছেন, তাহা ভাবিতেও আমার হৃদ্কম্প হইত।

তুই বংসর পূর্বের ১৯৩০ সালের সহিত তুলনায় ১৯৩২ এবং ১৯৩৩-এ রাজনৈতিক বন্দীদের প্রতি ব্যবহার যে অধিকতর হইয়াছিল, তাহাতে সন্দেহ নাই। ইহা ব্যক্তিবিশেষ করিবার <mark>কারণ নাই; অবস্থা প</mark>র্যু**বেক্ষণ** থেয়াল বলিয়া মনে कतिरल এই धात्रनाम উপনীত হইতে হয় যে, ইহা গভর্ণমেণ্টের পূর্ব্যসম্বল্পিত নীতিরই ফল। রাজনৈতিক বন্দীদের কথা দিলেও এই কালে যুক্তপ্রদেশের জেলকশ্বচারীরা যাহা মহুযোচিত ও মানবতার ছোতক, তাহারই উপর বীতশ্রদ্ধ হইয়া উঠিলাছিলেন। আমরা ইহার একটি চিত্তাকর্ষক দুষ্টান্তের নিদ্দোষ প্রমাণ পাইয়াছি। একজন খ্যাতনামা জেল পরিদর্শক একবার আমাদিগকে জেলে পরিদর্শন করিতে আসেন। মাননীয় নাইট ( স্থার) আমাদের মত বিদ্রোহী বা সিদিসান প্রচারকারী নহেন; ইহাকে আনন্দের সহিত গভর্ণমেন্ট সম্মানজনক উপাধিতে ভূষিত করিয়াছেন। ইনি আমাদিগকে বলিলেন যে, কয়েকমাদ পূর্বে তিনি অন্ত এক জেল পরিদর্শন করিতে গিয়া পরিদর্শন-পুস্তকে মন্তব্য লিখিতে গিয়া জেলরকে "সহাদয় শৃঙ্খলারক্ষাকারী" বলিয়া বর্ণনা कतियाहिलन, ইহাতে উক্ত জেলর তাঁহাকে স্বিন্যে অনুরোধ করিয়া বলেন যে, তাঁহার দয়া দাক্ষিণ্য প্রভৃতি মহুয্যোচিত গুণাবলীর উল্লেখ না করিলেই ভাল হয়, কেন না কর্ত্তপক্ষ উহা বড় পছন্দ कर्तन ना। किन्छ मात्र भरशामग्र श्रीकात করিলেন না যে, ঐ বর্ণনায় জেলরের কোন ক্ষতি হইতে পারে, তিনি ইচ্ছামত মন্তব্য লিপিবদ্ধ कतिरागन। ফল इंडेल, किছुपिन পরেই উক্ত জেলরকে এক দুরবর্ত্তী তুর্গম স্থানে বদুলী করা হইল, যাহা তাঁহার নিকট একপ্রকার শান্তি।

কয়েকজন জেলর যাঁহাদের ভয়ঙ্কর ও অবিবেচক বলিয়া খ্যাতি আছে, তাঁহাদের পদোশ্পতি হইল, থেতাব দেওয়া হইল। অবৈধ উপায়ে চাকুরী লাভের চেষ্টা ও পাওয়া জেলে এত সচরাচর ঘটনা যে, প্রায় কেহই ইহা হইতে মুক্ত নহে। কিন্তু আমার নিজের এবং

## জেলে মানব প্রকৃতি

মামার অনেক ব্রুবাদ্ধবের অভিজ্ঞতা এই যে, যে সকল কারাকর্মচারী নিজেদের কঠোর শৃন্ধলারক্ষাকারী বলিয়া জাহীর করি: বেড়ায়, এ বিষয়ে তাহারাই অধিক অপরাধী।

সৌভাগ্যক্রমে জেলে এবং জেলের বাহিরে আমাকে বাঁহাদের সংস্পর্ণে আসিতে হইয়াছে, তাঁহার। প্রত্যেকেই আমার প্রতি সদয় ও সৌজগুপ্র্ণ ব্যবহার করিয়াছিলেন। যাহা হউক একটি ঘটনায় আমি এবং আমার পরিবারবর্গ অত্যক্ত ব্যথিত হইয়াছিলাম। আমার মাতা, কমলা এবং আমার কন্তা ইন্দিরা, এলাহাবাদ জিলা জেলে আমার ভগ্নীপতি রণজিং পণ্ডিতের সহিত সাক্ষাং করিতে গিয়াছিলেন। তাঁহাদের কোন অপরাধ না থাকা সত্ত্বেও, জেলর তাঁহাদিগকে অপমান করিয়া বাহির করিয়া দেয়। এই ঘটনায় আমি অত্যক্ত তৃঃথিত হইলাম এবং এ ব্যাপারে প্রাদেশিক গভর্গমেন্টের প্রতিক্রিয়া দেখিয়া আরও মর্মাহত হইলাম। জেল কর্মচারিয়ণ কর্তৃক মাতার পুনরায় অপমান সম্ভাবনা নিবারণকল্পে আমি সমক্ষ দেখাশুনা বন্ধ করিবাব সক্ষম করিলাম—দেরাত্ন জেলে থাকাকালীন প্রায়্ম সাত্মাস আমি কাহারও সহিত সাক্ষাং করি নাই।

88

## জেলে মানব প্রকৃতি

বেরিলী জিলা জেল হইতে আমরা তুইজন—আমি ও গোবিদ্দবল্পভ পছ—দেরাত্ন জেলে বদ্লী হইলাম। জনতার দৃষ্টি এড়াইবার জন্ত আমাদিগকে বেরিলী ষ্টেশনে গাড়ীতে না তুলিয়া পঞ্চাশ মাইল দূরে একটি ষ্টেশনে লইয়া যাওয়া হইল। রাত্রে গোপনে আমাদের মোটর গাড়ীতে তোলা হইল, কয়েকমাস আবদ্ধ থাকিবার পর রাত্রির স্নিগ্ধ বাতাসের মধ্য দিয়া মোটরে ভ্রমণ কত তুর্ল্ আনন্দ।

বেরিলী জেল পরিত্যাগের প্রাক্কালে একটি ক্ষ্দ্র ঘটনা আমার হৃদয় আলোড়িত করিয়াছিল, শ্বতিতে তাহা এখনও অমান রহিয়াছে। বেরিলীর পুলিশ স্থপারিনটেনডেন্ট, একজন ইংরাজ ভদ্রলোক সেধানে উপস্থিত ছিলেন। আমি গাড়ীতে উঠিতে যাইতেছি, এমন সময় তিনি একটু সলজ্জভাবে এক

#### अध्यक्षान (अर्क

তাড়া কাগন্ধ আমার হাতে দিয়া বলিলেন, ইহাতে কতকগুলি পুরাতন জার্মান দিতি পত্রিকা আছে। তিনি শুনিয়াছিলেন যে, আমি জার্মান ভাষা শিথিতেছি, তাই আমার জন্ম তিনি এই পত্রিকাগুলি আনিয়াছেন। তাঁহার সহিত পূর্বে আমার কথনও দেখা হয় নাই, পরেও আর তাঁহাকে দেখি নাই। আমি তাঁহার নাম পর্যন্ত জানি না। তথাপি দয়ার্ম চিম্তা-প্রস্ত এই স্বতঃক্ত্র সৌজন্ম আমার হৃদয় স্পর্শ করিল, এবং কৃতজ্ঞতায় আমার অন্তঃকরণ পূর্ণ হইল।

দীর্ঘ মধ্যরাত্রে গাড়ীতে বসিয়া আমি, ইংরাজ ও ভারতবাসী, শাসক ও শাসিত, দরকারী ও বে-দরকারী, যাঁহারা আদেশ দেন এবং যাহাদের আদেশ পালন করিতে হয়, তাঁহাদের পরস্পরের চিতা করিতে লাগিলাম। এই উভয় জাতির মধ্যে পরস্পরের প্রতি কত অবিশ্বাস, কত বিরাগ। কিন্তু অবিশ্বাস ও বিরাগ অপেক্ষাও পারস্পরিক অপরিচয়ের অধিক প্রবল, এবং সেই কারণে পরস্পার মিলিত হইলে উভয় পক্ষই একট শন্ধার সহিত সম্ভূচিত হইয়া পড়েন। একে অপরকে রুক্ষপ্রকৃতি ও वित्रमवनन वाक्ति विनिधा धाराना करतन। এकथा काहार असन आरम না যে, এই বাহা অবয়বের পশ্চাতে বিনয়, শালীনতা, দয়াও আছে। দেশের শাসক হিসাবে, তাঁহাদের হাতে অমুগ্রহ করিবার অপরিমিত ক্ষমতাও রহিয়াছে; এই কারণে ইংরাজগণের চারপাণে চাকুরীপ্রার্থী ও প্রবিধারেষীদের কলগুলন মুখরিত হইতে থাকে, এবং এই শ্রেণীর বিরক্তিকর নমুনা দেখিয়া তাঁহার। ভারতকে বিচার করেন। ভারতবাদীর দৃষ্টিতে ইংরাজ হাদয়হান যন্ত্রের মত একজন শাসক, যিনি সর্ব্বাদা তাঁহাদের কায়েমী স্বার্থরকার জন্ম উগ্র ও উদ্গ্রীব হইয়া আছেন। একজন শাসক অথবা সৈতদলের সৈনিকের আচরণ হইতে আবেগের প্রেরণায় ব্যক্তিগতভাবে আচরণের কতথানি! দৈনিক তাহার শৃত্বলার মধ্যে মানবোচিত গুণ বিসর্জন সেই সকল নিরীহ নির্দোষ ব্যক্তিকেও গুলি করিয়া মারে। তাই আমি ভাবিলাম, যে পুলিশ কর্মচারী কোন ব্যক্তিবিশেষের প্রতি নিষ্টুর ব্যবহার করিতে ইতন্ততঃ করেন, তিনিই হয় ত পরদিন নির্দোষ ব্যক্তিদের উপর লাঠি চালাইবার ছকুম দিবেন। তিনি নিজেকেও ব্যক্তিবিশেষ মামুষ মনে कतिरायन ना धावर याद्यारमञ्जू छेला नाष्ट्रिमानना वा खानिमानना कतिरायन. সেই জনতাকেও মন্তুখ্যসমষ্টি বলিয়া মনে করিবেন না।

## জেলে মানব প্রকৃতি

ধ্বন কোন ব্যক্তি অপর পক্ষকে জনতা রূপে দেখেন, তথনই মানবীয় দেখাগছে ছিন্ন হইয়া যায়। জনতা যে নরনারী ও শিশুদের মিলিত মৃতি, ইহা আমরা ভূলিয়া যাই। আমরা ভূলিয়া যাই যে, ইহাদেরও ভালবাসা আছে, ঘুণা আছে, ছুংথাফুভূতি আছে। একজন সাধারণ ইংরাজ সদি সরলভাবে কথা বলেন, তাহা হইলে তিনি নিশ্চয়ই স্বীকার করিবেন যে, তিনি কয়েকজন বিশিষ্ট ভদ্র ভারতীয়কেও জানেন, কিন্তু তাঁহারা নিয়মের ব্যতিক্রম মাত্র, মোটের উপর ভারতবাসীরা বিরক্তিকর ইতর সাধারণ মাত্র। সেইরপ সাধারণ একজন ভারতবাসীও স্বীকার করিবেন যে, কতকগুলি ইংরাজ সত্য সত্যই শ্রন্ধার পাত্র; কিন্তু এ কয়জনকে বাদ দিলে সাধারণ ইংরাজেরা প্রভূত্বগর্ষী, নৃশংস এবং অত্যন্ত মন্দপ্রকৃতির। আশ্চর্য্য এই, কেমন করিয়া মাছ্য ভিন্ন-জাতির ব্যক্তিকে বিচার করে। তাহারা যাহাদের সংস্পর্শে আসে সেই সকল ব্যক্তি-বিশেষকে বাদ দিয়া যাহাদের সম্বন্ধে সে অল্প জানে অথবা একেবারেই জানে না, তাহাদের লইয়াই জাতির গুণাগুণ সম্পর্কে ধারণা করিয়া ফেলে।

বাক্তিগতভাবে আমি এ বিষয়ে অত্যন্ত দৌভাগ্যবান। আমি সর্বব্রই আমার স্থদেশবাদী এবং ইংরাজ উভয়ের নিকটই ভত্ত বাবহার পাইয়াছি। যে সকল পুলিশ কর্মচানী আমাকে কয়েদীরপে পাহারা দিয়া একস্থান হইতে অক্সন্থানে লইমা গিয়াছেন, তাঁহারা এবং (क्रत्नित्र क्ष्में ठातीत। मर्वनारे जागांत महिक मन्द्रिशांदरात क्रियां हिन। এই মানবোচিত ব্যবহারে, কারাজীবনের 🌞 👺 ততা, সংঘাত এবং कुः (४ त पर मन वर्ष्णाराम द्वाम स्टेग्नारह। व्यामात स्राप्तमानीता य আমার সহিত সদয় ব্যবহার করিতেন, তাহাতে বিশ্বয়ের কিছুই নাই, কেন না আমি তাহাদের নিকট কতকাংশে স্থ্যাতি বা জনপ্রিয়তা লাভ করিয়াছি। এমন কি, ইংরাজরাও আমাকে ইতর সাধারণ হইতে পুথক ব্যক্তি বিবেচনা করেন, আমার মতে, ইহার কারণ আমি ইংলণ্ডে শিক্ষালাভ করিয়াছি, বিশেষতঃ আমি ইংলণ্ডের স্থুলের ছাত্র ছিলান। এই কারণে তাঁহার। আমার দহিত নৈকটা অহুভব করেন এবং আমি অল্পবিস্তর যে তাঁহাদের ছাচে ঢালাই সভ্য, আমার রাজনৈতিক कार्याञ्चनानौ यज्हे मन्त रुष्ठेक ना त्कन, हेहा ना ভाविया তাঁহার। পারেন ন।। আমার অন্যান্ত সঙ্গীদের অবস্থার সহিত তুলনা করিয়া সময় সময় আমি বিশেষ সদ্বাবহারের জন্ম বিত্রত ও লক্ষিত হইয়াছি।

এই সকল স্থব্যবহার ও স্থবিবেচনা সত্ত্বেও জেল জেলই; তাহার

#### ज्ञान ज्ञान ज्ञान

নিরানন্দ আবহাওয়া এমনভাবে বুকে চাপিয়া বদে যে, সময় সময় অসক্ষ্টিবাধ হয়। ইহার বাতাদ, হিংসা, নীচতা, অবৈধ উৎকোচ, অসত্য, হীন তোষামোদ ও নিন্দিত শপথবাকো ভরা। যাহার আত্মর্ম্যাদাক্ষানতীর, সে সর্ব্বদাই উত্তেজিত অবস্থায় থাকে। অতি সামাত্র ঘটনাতেই যে কেহ বিচলিত হয়। পত্রে কোন ত্ংসংবাদ অথবা সংবাদপত্রে কোন লেখা, কিছুকালের জত্র উৎকণ্ঠায় চিত্ত ব্যথিত করিয়া তোলে। বাহিরে জীবন ও কর্মধারার বৈচিত্রা এবং স্বচ্ছন্দগতি, দেহ ও মনের সামঞ্জত্র ও ভারকেন্দ্র ঠিক রাথে। জেলে বহিঃপ্রকাশের পথ বন্ধ, মনের কামনা মনেই চাপিয়া রাখিতে হয়, তাহার ফলে মাহুষের মন ঘটনা সম্পর্কে একদেশদর্শী হয় ও তাহা বিক্বত করিয়া দেখে। জেলে পীড়া হইলে তাহা বিশেষভাবে বিড়ম্বনাজনক।

তথাপি আমি জেলের নিয়মে অভ্যন্ত হইয়া উঠিয়াছিলাম এবং শারীরিক পরিশ্রম এবং অনেকাংশে কিছু কঠিন মানসিক শ্রম করিয়া শরীর ও মেজাজ ঠিক রাখিতাম। ব্যায়াম ও পরিশ্রমের বাহিরে যে প্রয়োজনই থাকুক না কেন জেলে তাহা অত্যাবশ্রক; নতুবা ভাঙ্গিয়া পড়িবার সন্তাবনা পদে পদে। আমি প্রত্যেক কাজের সময় নির্দিষ্ট করিয়া লইয়াছিলাম এবং সেই নিয়মে চলিতে চেষ্টা করিতাম। ধথাসম্ভব সাধারণ অভ্যাসগুলি রক্ষা করিতাম। দৃষ্টাস্তস্বরূপ দৈনিক ক্ষোরকার্য্যের কথা উল্লেখ করিতে পার্ক্লি (আমাকে সেফ্টি রেজর দেওয়া হইয়াছিল)। এই সামান্ত ব্যাপারটা উল্লেখ করিবার কারণ, অনেকেই ইহা একেবারেই পরিত্যাগ করেন এবং অন্তান্ত ব্যাপারেও শিথিল হইয়া উঠেন। সমস্ত দিন কঠিন পরিশ্রমের পর সন্ধ্যায় আমি ক্লান্ত হইয়া পড়িতাম, এবং অভি আরামে নিপ্রা হইত।

এইভাবে দিনের পর দিন, সপ্তাহের পর সপ্তাহ, মাসের পর মাস অতিক্রান্ত হইত। কখনও বা মাস শেষ হইতে চাহিত না, মনে হইত, সময়ের গতি নিন্তন্ধ হইয়া গিয়াছে। সময় সময় আমার চিত্ত বিরক্ত বিরুত হইয়া উঠিত, সকলের উপর, সব কিছুর উপর রাগ হইত—জেলে আমার সন্ধিগণ, জেলের কর্মচারিগণ, কোন কিছু কাজ করার বা না করার দক্ষণ বাহিরের লোকদের উপর, ব্রিটিশ সাম্রাজ্যের উপর (কিন্তু ইহা স্থায়ী ভাব), সর্ক্রোপরি নিজের উপর বিরক্ত হইয়া উঠিতাম। আমার সায়্পুঞ্জ এমন হইয়া উঠিত যে, কারাজীবনের সর্ক্রবিধ মেজাজই আমাকে পাইয়া বসিত। সৌভাগ্যক্রমে এই শ্রেণীর মানসিক অবস্থা হইতে অল্পেই নিক্কৃতি পাইতাম।

## জেলে মানব প্রকৃতি

বাহিরের আত্মীয়বর্গের সহিত সাক্ষাতের দিবস জেলে এক শ্বরণীয় দিন। সেই দিনটি লোকে কামনা করে, তাহার জন্ম অপেক্ষা করে, প্রতাহ দিবস গণনা করে। দেখা সাক্ষাতের উত্তেজনার অবসানে এতিক্রিয়ান্থে নিঃসঙ্গ শূন্যতা অফুভূত হয়। যদি কথনও দেখা সাক্ষাতের সার্থকতা লাভ করিতে না পারিতাম—কোন ত্ঃসংবাদ বা অন্থ কোন কারণে—তাহা হইলে পরে বড় আর্দ্র হইন্য পড়িতাম। দেখা সাক্ষাতের সময় অবস্থাই জেলের কর্মচারীরা উপস্থিত থাকিতেন, কিন্তু বেরিলীতে তুই তিন বার একজন গোয়েন্দা বিভাগের লোক কাগছ পেন্দিল লইয়া উপস্থিত থাকিত এবং আমাদের কথাবার্ত্তা বাগ্রভাবে লিখিয়া লইত। আমার নিকট ইহা অত্যন্ত বিরক্তিকর মনে হইত এবং এই সকল সাক্ষাতের কোন সার্থকতাই হইত না।

তাহার পর এলাহাবাদ জেলে দেখা সাক্ষাং প্রসঙ্গে আমার মাতা ও পত্নী জেলে এবং গভর্গমেণ্টের নিকট যে ব্যবহার পাইলেন, তাহাতে এই ত্র্লভ দেখা সাক্ষাংও আমাকে বন্ধ করিতে হইল। প্রায় সাত মাস আমি কাহারও সহিত দেখা করি নাই। এই দিনগুলি কি নিরানন্দেই না কাটিয়াছে। যখন আমি পুনরায় দেখা সাক্ষাং করিবার জন্ম সম্মত হইলাম, এবং আমার আত্মীয়গণ আমাকে দেখিতে আসিলেন, তখন আমি আনন্দে অত্যহারা হইলাম। আমার ভগ্নীর ছেলে মেয়েরাও আসিয়াছিল। তাহার ছোট মেয়েটি পূর্কের অভ্যাস মত যখন আমার কাঁধে উঠিতে চাহিল, তখন ভাবাবেগ দমন করা আমার পক্ষে কঠিন হইল। দীর্ঘকাল সন্ধ লাভের জন্ম লালায়িত থাকিয়া পারিবারিক জীবনের এই মধুর স্পর্শে আমি বিহরল হইয়া গেলাম।

দেখা সাক্ষাং বন্ধ হইবার পর, পনর দিন পরে বাহির হইতে এবং অন্থ জেল হইতে (আমার ত্বই ভগ্নীই তথন জেলে) যে পত্রগুলি আসিত, তাহার জন্ম আগ্রহভরে প্রতীক্ষা করিতাম। নির্দিষ্ট দিনে পত্রে না আসিলে আমি অত্যস্ত চিন্তিত হইয়া পড়িতাম। আবার পত্র পাইলেও খুলিতে ইতন্ততঃ করিতাম। মামুষ যেমন আনন্দনায়ক বস্তু লইয়া ঘুরাইয়া ফিরাইয়া দেখে, আমিও চিঠি লইয়া নাড়াচাড়া করিতাম, মনে আশক্ষাও হইত, হয় ত বা চিঠির মধ্যে এমন সংবাদ বা ইক্ষিত আছে, যাতে আমি বিরক্ত হইব। জেলের শান্তিপূর্ণ ও নিন্তরক্ষ জীবনে চিঠি লেখা ও পাওয়া তুই-ই আক্মিক উত্তেজনার কারণ হইয়া উঠে। ইহাতে এমন একটা ভাবাবেগ উপস্থিত হয়, যাহার ফলে তু'এক দিন মন উন্মনা হইয়া থাকে এবং দৈনন্দিন কাজে মন বদান কঠিন হয়।

#### च अहत्रमांम स्वहत्र

रेननी ७ दितिनी ब्लान जामात ज्यानक माथी हिल। त्मताकृत ब्लान প্রথমে আমরা তিনজন-গোবিলবল্লভ পছ, কাশীপুরের কুনোয়ার আনন্দ সিংহ এবং আমি,—কিন্তু তুই মাস পরে ছয় মাস কারাণও শেষ হওয়ায় পছজী মৃক্তি পাইলেন: পরে আর ছইজন আসিয়া আমাদের সহিত যোগ দিলেন। ১৯৩৩-এর জাতুয়ারীর প্রথম ভাগে আমার সঙ্গীরা সকলেই চলিয়া গেলেন, আমি একা রহিলাম। আগষ্ট মাসের শেষে আমার মৃক্তি না হওয়া পর্যান্ত প্রায় আট মাস কাল আমি দেরাতন জেলে প্রায় নির্জ্জনে কাটাইয়াছি: কয়েক মিনিটের জন্ম কোন কারাকর্মচারী ব্যতীত কথা বলিবার স্থযোগ কদাচিং মিলিত। ঠিক আইনতঃ ইহা নির্জ্জন কারাবাদ নহে, অথচ প্রায় তাহাই, এবং আমার পক্ষে এই সময়টা অত্যন্ত নিরানন্দে কাটিয়াছে। সৌভাগাক্রমে আমি দেখা সাক্ষাৎ আরম্ভ করিয়াছিলাম বলিয়া একট স্বস্তি পাইতাম। আমি মনে করি. বিশেষ অনুগ্রহম্বরূপ আমাকে প্রতাহ বাহির হইতে সভা ফোটা ফুল পাইবার স্বযোগ দেওয়া হইয়াছিল এবং কয়েকখানি ফটোগ্রাফও কাছে রাখিতে দেওয়া হইত। ইহাতে আমি অনেক আনন্দলাভ করিতাম। সাধারণতঃ ফুল কি ফটোগ্রাফ রাথিতে দেওয়া হয় না। কয়েক বার বাহির হইতে প্রদত্ত ফুল আমাকে দেওয়া হয় নাই। দেলের জিনিসপত্র স্থসজ্জিত করিয়া রাখিতে উৎসাহ দেওয়। হয় না। আমার মনে আছে. আমার পাশের দেলে আমার একজন সঙ্গী তাঁচার প্রসাধন দ্রবাগুলি সাজাইয়া গুছাইয়া রাথিয়াছিলেন বলিয়া জেল স্পারিন্টেণ্ডেন্ট আপত্তি করিয়াছিলেন। তাঁহাকে বলা হইয়াছিল হে, তিনি যেন সেলটি চিত্তাকর্ষক বিলাসগৃহ না করিয়া তোলেন। বিলাস দ্রব্যগুলির তালিকা এই-একটি দাঁত মাজিবার বাস, ট্রথ পেষ্ট, ফাউটেনপেনের কালি, এক বোতন মাথার তেল, চিরুণী, বাস, সম্ভবতঃ আর চুই একটি ছোট খাট क्रिनिय।

জেলে মানুষ অতি ক্ষুদ্র ক্ষুদ্র বস্তুপ্ত কত মূল্যবান তাহা অন্তুপ্ত করে। জেলে লোকের নিজস্ব বস্তুর সংখ্যা একেই অতি কম, তাহার উপর ইচ্ছামত সেগুলি অদল বদল করা যায় না; কাজেই সকলে যত্ত্ব সহকারে এত সামান্ত জিনিষপ্ত স্যত্ত্বে কুড়াইয়া রাথে, যাহা বাহিরে লোকে চেঁড়া কাগজের ঝুড়িতে ফেলিয়া দেয়। মানুষের মধ্যে ব্যক্তিগত সম্পত্তির ধারণা এত প্রবল যে, কিছু না থাকিলেও উহা বিনষ্ট হয় না।

সময় সময় জীবনের আরামগুলির জন্ম দৈহিক আশত্কা জাগ্রত হয়—
শরীরের আরাম-আয়েস, মনোরম নিরালা, বন্ধু সমাগম, প্রাণবস্ত আলাপ

## জেলে মানব প্রকৃতি

আলোচনা, শিশুদের সহিত ক্রীড়া…সংবাদপত্তের কোন ছবি বা মস্তব্য, প্রাচীনদিনের স্থৃতি জাগাইয়া তোলে, যৌবনের চিস্তাহীন দিনগুলি মনে পড়ে, গৃহে ফিরিবার জন্ম মন ব্যাকুল হইয়া উঠে, সমস্ত দিন অভি অশাস্তিতে অভিবাহিত হয়।

আমি প্রত্যাহ কিছু স্থতা কাটিতাম। অত্যধিক মানসিক পরিশ্রমের পর ইহাতে আরাম, অবকাশ ও তৃপ্তি পাইতাম। অবশ্ আমি প্রধানত: লেখা পড়া লইয়াই থাকিতাং। অবগ্য চাহিবামাত্র সব বই যে পাইতাম তাহা নহে, বাধা নিষেধ ছিল এবং বইগুলি পরীক্ষা করিয়া দেওয়া হইত। মাহার উপর পরীক্ষার ভার ছিল, তিনি সে কাঙ্গের খুব যোগ্য ছিলেন না। স্পেঞ্চলারের "পাশ্চাত্যের প্রভাব হ্রাস" নামক বইখানি আটক করা হইল, কেন না নামটা বিপজ্জনক ও সিদিসানীয় ধরণের। কিন্তু আমার অভিযোগ করিবার কিছুই নাই, কেন না মোটের উপর আমি অনেক প্রকার ভাল বই রাখিতে পারিতাম। এ ক্ষেত্রেও আমার প্রতি বিশেষ অনুগ্রহ প্রদর্শন করা হইত। কেন না আমার অনেক সঙ্গী ('এ' শ্রেণীর বন্দী) সম্পাম্মিক ব্যাপার লইয়া লিখিত পুতকাদি পাইতে অনেক চুর্ভোগ ভূগিতেন। আমি শুনিয়াছি, বারাণসী জেলে, বাজনৈতিক কথা আছে, এই অজুহাতে ব্রিটিশ গভর্ণদেউ প্রকাশিত "হোয়াইট পেপার" দেওয়া হয় নাই। কেবল ধম সম্বনীয় পুশুক ও উপাখ্যান ব্রিটিশ শাসকগণ অতি সম্ভোষের সহিত দিবার অনুমতি দেন। ধর্মের প্রতি ব্রিটিশ গ্ভর্ণমেন্টের এত প্রগাঢ় অনুরাগ যে, তাঁহারা নিরপেক ভাবে সকল মার্কার ধর্মকেই সনান উৎসাহ দিয়া থাকেন।

যথন ভারতে সর্কবিধ সাধারণ ব্যক্তিস্বাধীনতাও সঙ্গুচিত করা হইয়াছে, তথন কয়েদীদের অধিকারের আলোচনা খুব বেশী প্রাসন্ধিক নহে। তবুও বিষয়টির গুরুষ আছে। যথন কোন আদালত কাহাকেও কারাদণ্ড দেন, তাহার অর্থ কি এই যে, তাহার দেহের সহিত মনকেও বন্দী করিতে হইবে? তাহার দেহ বন্দী হইলেও মন স্বাধীনতা পাইবে না কেন ভারতে যাঁহাদের হাতে কারাগার পরিচালনের ভার রহিয়াছে, তাঁহারা এই শ্রেণীর প্রশ্নে নিশ্চয়ই ভয় পাইবেন; কেন না তাঁহাদের নৃতন আদর্শ ও ভাব গ্রহণ করা অথবা ধীর ভাবে চিম্ভা করার ক্ষমতা অত্যম্ভ দীমাবদ্ধ। 'দেসর' করা সব সময়েই মন্দ এবং ইহা একদেশদর্শিতা ও নির্ব্বাদ্ধিতা। ভারতে এই কারণে আমরা অনেক আধুনিক পুস্তক, প্রগতিমূলক সাময়িক পত্র ও সংবাদপত্র পাই না। নিষিদ্ধ ও বাজেয়াপ্ত পুস্তকের তালিকা অত্যম্ভ ভারী হইয়া উঠিয়াছে এবং উহার

#### ज्ञानान (नर्ज

সহিত নিত্য ন্তন নাম যোগ হইতেছে। তাহার উপর জেলে স্বতম্ব ও বিতীয়বার 'দেশরের' ব্যবস্থা থাকার দকণ, যে সকল পুস্তক অথবা সাময়িক পত্রিকা বৈধভাবেই বাহিরে কিনিয়া পড়া যায়, জেলে তাহা পাওয়ার উপায় নাই।

কতকগুলি কম্নিষ্ট সংবাদপত্র বন্ধ করিয়া দেওয়ায় কিছুদিন পূর্বে নিউইয়র্কের বিখ্যাত সিং সিং জেলে এই প্রশ্ন উঠিয়াছিল। আমেরিকার শাসক সম্প্রদায়ের মনে কম্যুনিষ্ট বিরুদ্ধতা অত্যন্ত প্রবল, তৎসত্ত্বেও জেল কর্তৃপক্ষ সিদ্ধান্ত করিলেন, কয়েদীর। ইচ্ছা করিলে কম্যুনিষ্ট সংবাদপত্র ও সাময়িক পত্রাদি সহ যে কোন মৃদ্রিত পুত্তিকাদি পাইতে পারিবে। জেলের ওয়ার্ডেন (কারাধাক্ষ) অত্যধিক উত্তেজনাপ্রদ বলিয়া বাঙ্গচিত্র নিষিদ্ধ করিয়াছিলেন।

এ দেশের কারাগারে মনের স্বাধীনতার প্রশ্ন লইয়া আলোচনা করা चारकार्श निकल, त्कन ना,<sup>क</sup> कार्याजः चिविकार्श कर्यानीरके कान भःवामभे वा निथिवात मत्रक्षामानि मिख्या इय ना। देश **এ**क्वाद्यदे নিষিদ্ধ, এখানে 'দেন্সরের' প্রশ্নই উঠে না। কেবলমাত্র 'এ' শ্রেণীর (বান্ধলায় প্রথম ডিভিদন) কয়েদীদিগকে লিখিবার দরঞ্জামাদি দেওয়া হয়, কিন্তু কোন ক্ষেত্রেই দৈনিক সংবাদপত্র দেওয়া হয় না। গভর্ণমেণ্টের অহুমোদিত দৈনিক সংবাদপত্র দেওয়া চলিতে পারে। 'বি' বা 'দি' শ্রেণীর, রাজনৈতিক কি অরাজনৈতিক কোন কয়েদীই লিখিবার সর্ঞ্জাম পাইতে পারে, ইহা বিবেচনা করা হয় না। প্রথমোক্ত শ্রেণীর বন্দীরা বিশেষ স্থবিধা হিসাবে উহা পাইতে পারে, তবে প্রায়ই তাহাদিগকে সে স্থবিধা হইতে বঞ্চিত করা হয়, 'এ' শ্রেণীর কয়েদীদের সংখ্যা প্রতি হাজারে একজন इटेर्ट कि ना मन्निट, অতএব কয়েদীদের অবস্থা বিবেচনাকালে তাহারা ধর্তব্যের মধ্যেই নহে। কিন্তু দক্ষে সঙ্গে ইহাও স্মরণীয় যে অক্তান্ত সভাদেশের সাধারণ কয়েদীরা পুস্তক ও সংবাদপত্ত সম্পর্কে যে श्विषा भाष, এখানে বিশেষ শ্ববিধাপ্রাপ্ত 'এ' শ্রেণীর কয়েদীরাও তাহা পায় না।

হাজার করা অবশিষ্ট ৯৯৯ জন একসঙ্গে তৃই তিনখানা বই পাইতে পারে, কিন্তু তাহার সর্ত্ত এত কঠিন যে এই স্থবিধা তাহারা প্রায়শঃই গ্রহণ করিতে পারে না। লেখা অথবা বই হইতে কোন কিছু টুকিয়া লওয়া অত্যন্ত বিপজ্জনক বিলাসিতা, কেহ যেন উহা না করে। মানসিক বিকাশ সম্পর্কে এই ইচ্ছাকৃত নিকংসাহ করিবার ব্যবস্থা অতি আশ্চর্য্য এবং স্ক্রমণ্ট। কয়েদীকে সংস্কার করিয়া তাহাকে সাধুজীবন যাপন করাইবার

## জেলে মানব প্রকৃতি

উদ্দেশ্যের দিক হইতে দেখিলে, প্রথমেই তাহার মনের গতি পরিবর্জনের ব্যবস্থা আবশ্যক এবং ভাহাকে লেখাপড়া শিখান ও কোন বৃত্তি শিক্ষা দেওয়া আবশ্যক। কিন্তু ভারতের জেল কর্ড্পক্ষ সম্ভবতঃ এই দিক দিয়া চিন্তা করেন না। যুক্ত-প্রদেশে ত এরপ কোন ব্যবস্থা নাই বলিনেই হয়। সম্প্রতি জেলখানায়, বালক ও যুবকদিগকে লেখাপড়া শিখাইবার পদ্ধতি প্রবর্ত্তিত হইয়াছে বটে, কিন্তু অযোগ্য লোকের হাতে ইহার ভার দেওয়ার ফলে, মোটেই কার্যকরী হয় নাই। কখনও এরপ কথাও বলা হয় য়ে, কয়েদীয়া লেখাপড়া শিখিতে চাহে না। কিন্তু আমার নিজের অভিক্রতা ইহার সম্পূর্ণ বিপরীত, আমি এমন অনেককে দেখিয়াছি, যাহারা আমার নিকট আসিয়া লেখাপড়া শিখিবার জন্ম অত্যন্ত আগ্রহ প্রকাশ করিত। আমাদের সংস্পর্শে যে সকল কয়েদী আসিত, আমরা তাহাদের পড়াইতাম এবং তাহারা শিথিবার জন্ম রীতিমত পরিশ্রম করিত। অনেক সময় হয় ত মধ্যরাত্রে আমার নিজা ভালিয়া গিয়াছে, আমি আশ্বর্য হইয়া দেখিয়াছি, কাঁহারা ত্'একজন তথনও তাহাদের ব্যারাকে মৃছ্ভাতি লগ্ঠনের সম্মুণে বসিয়া পরদিনের পাঠ অভ্যাস করিতেছে।

আমি নানাশ্রেণীর বই পড়িয়া জেলে সময় কাটাইতাম, দাধারণতঃ আমি "গুরুপাক" পুস্তুকই পড়িতাম, হান্ধা উপন্যাস পড়িলে মন শিথিল হইয়া যায় বলিয়া আমি বেশী উপন্যাস পড়িতাম না। সময় সময় অতিরিক্ত পাঠজনিত ক্লান্তি আসিত, তথন কেবল লেখা লইয়া থাকিতাম। আমার কন্যার নিকট লিখিত ঐতিহাসিক পত্রগুলি আমি কারাগারে তুই বংসর ধরিয়া লিখিয়াছি; এবং উহা আমার মানসিক স্থৈয় রক্ষায় সহায়তা করিয়াছে। লিখিবার সময় আমি অতীত ইতিহাসের মধ্যে ভূবিয়া কারাগারের কথা বিশ্বত হইতাম।

ভ্রমণ-কাহিনী পড়িতে আমার ভাল লাগিত; হিউয়েন সাং, মার্কো-পোলো, ইবন বাট্টুয়া এবং অক্যান্ত পুরাতন ভ্রমণ-কাহিনী,—আধুনিক কালের সেভেন হেডিনের মধ্য এশিয়ার মক্ষভূমির মধ্য দিয়া ভ্রমণের বিবরণ, রোরিথের তিব্বত ভ্রমণের অত্যাশ্চর্য্য কাহিনী পাঠ করিয়াছি। ছবির বইও ভাল লাগিত, গিরি-শৃঙ্গ, চিরত্যারমন্তিত পর্বত, মক্ষভূমি—কারাগারে মক্ষভূমি ও সমুদ্রের অসীম বিস্তারের জন্ম প্রাণ ব্যাকুল হয়। আমার নিকট মন্ট্র্রাক্ষ, আল্পন্ ও হিমালয়ের কয়েকথানি উৎকৃষ্ট ছবির বই ছিল। যথন আমার সেল ও ব্যারাকের উত্তাপ ১১৫ ডিগ্রীরও উপরে, তথন ছবির বই-এর পাতা উন্টাইতে উন্টাইতে আমি তৃষার-পর্বতের দিকে চাহিয়া থাকিতাম। ভূমগুলের মানচিত্র দেখিতেও

#### जिश्हतनान (अर्क

বড় আনন্দ হইত। যে সমস্ত স্থান দেখিয়াছি, তাহার পূর্বস্থতি ও অপ্নগুলি মনে ভাসিয়া উঠে, আবার যে স্থানগুলি দেখিবার ইচ্ছা সম্থেও দেখিতে পারি নাই, তাহার কথাও মনে হয়। পুরাতন দিনের স্থতি ভাসিয়া উঠে — কুজ বিন্দুর মধ্যে মহানগরী, কৃষ্ণ রেখায় পর্বত, নীলবর্ণে রঞ্জিত সম্দ্র—এই সৌন্দর্য্যময়ী ধরিত্রীর কত আকর্ষণ, যেখানে সংঘাত ও সংঘর্ষের মধ্য দিয়া মহুল্লত্ব পরিবর্ত্তিত হইতেছে, সেই কঠিন কর্মক্ষেত্রে দাঁড়াইবার আকাজ্ঞা যেন কণ্ঠ চাপিয়া ধরে। বিষণ্ণ চিত্তে তাড়াতাড়ি ভূচিত্রাবলী বন্ধ করিয়া অতি পরিচিত কারাপ্রাচীরের প্রতি দৃষ্টিপাত করি; কারাগারের দৈনন্দিন নীরস কর্তব্যের কথা মনে পড়িয়া যায়।

80

# কারাগারে জীবজন্তু

দেরাত্ন জেলের ক্ষুদ্র সেল বা কক্ষে আমি চৌদ্দ মাস পনর দিন অতিবাহিত করিয়াছি। আমি উহার এক অবিচ্ছেদ্য ইথাংশে পরিণত হইয়াছিলাম। ইহার প্রত্যেকটি ক্ষুদ্র অংশও আমার কত পরিচিত, চ্ণকাম করা দেওয়াল, অসমান মেঝে ও ছাদের প্রত্যেকটি দাগ ও থাঁজ, ঘুণে-ধরা উইএ-থাওয়া কড়ি বর্গা—সব খুটিনাটি মনে আছে। বাহিরের উঠানে কয়েক গোছা ঘাস ও কয়েকথও পাথর আমার পুরাতন বন্ধু ছিল। আমার দেলে আমি একা থাকিতাম না, বোলতা ও ভীমকলেরা কয়েকটি উপনিবেশ হাপন করিয়াছিল এবং উকটিকিরা দিনের বেলায় বরগার অন্তর্যালে থাকিত এবং রাত্রে শীকারের আশায় বাহির হইয়া আসিত। ঘদি বাহ্য বস্তর উপর চিন্তা ও ভাবাবেগ রেথাপাত করিতে পারে, তাহা হইলে সেই সেলের বায়ুমওলে তাহা এখনও থম থম করিতেছে এবং সেই স্থানের প্রত্যেক বস্তর সহিত তাহা জড়াইয়া আছে।

অস্থান্ত জেলে আমি দেরাত্বন অপেক্ষা অনেক ভাল সেলে থাকিয়াছি;
কিন্তু এথানে একটি বিশেষ স্থবিধা পাইয়াছিলাম। জেলটি অত্যন্ত ছোট
বলিয়া প্রাচীরের বাহিরে অথচ জেলের হাতার মধ্যে একটি ক্ষুদ্র হাজতে আমাদের রাথা হইয়াছিল। স্থান এত অপরিসর যে হাঁটিয়া বেড়াইবার উপায় ছিল না। সেইজ্ঞা সকালে, ও বিকালে জেলের

#### কারাগারে জীবজন্ত

দরজা পর্যন্ত আমাদের হাঁটিয়া বেড়াইতে দেওয়া হইত—ইহার দৈর্ঘ্য প্রকশত গজ হইবে। জেলের হাতার মধ্যে থাকিলেও প্রাচীরের বাহিরে আসার দরুল, আমরা পর্বত, শহ্মক্ষেত্র এবং রাজপথের কিয়দংশ দেখিতে পাইতাম। এই স্থবিধা কেবল আমাকেই দেওয়া হয় নাই, দেরাছনে 'এ' ও 'বি' শ্রেণীর প্রত্যেক কয়েদীই এই স্থবিধা পাইতেন। প্রাচীরের বাহিরে জেল হাতার মধ্যে আর একটা ছোট বাড়ী ছিল তাহাকে ইয়োরোপীয়ান হাজত বলা হইত। ইহার চারিদিকে কোন দেওয়াল ছিল না বলিয়া সেলে বসিয়াই মনেইর পর্বতে ও বাহিরের লোকচলাচল দেখা যাইত; এই হাজতের ইয়োরোপীয়ান ও অভাভা কয়েদীবেরও জেলের দরজা পর্যন্ত সকালে বিকালে বেড়াইতে দেওয়া হইত!

যে বন্দী দীর্গকাল উচ্চপ্রাচীরের অন্তরালে বাস করিয়াছে, এই বাহিরে ভ্রমণ ও নৈস্গিক দৃশ্য দেখার মানসিক সন্তোষ যে কতথানি সে-ই অন্তত্ত্ব করিতে পারে। বাহিরে বেড়ান আমার ভাল লাগিত। বর্ষাকালে যথন অবিশ্রান্ত বৃষ্টি হইত, তথনও আমি এই অধিকার ত্যাগ্য করি নাই। সলে পা ডুবিয়া গেলেও আমি তাহার মধ্যেই হাঁটিতাম। অন্তত্ত্ব হইলেও এই বাহিরে ভ্রমণ আমার ভালই লাগিত। কিন্তু এখানে অদ্ববর্ত্তী হিমালয়ের স্ইউচ্চ গিরিমালার মনোহর প্রী দেখিবার আনন্দ, কারাজীবনের অনেক ক্লান্তি দ্র করিয়া দেয়। যথন দীর্ঘকাল দেখা সাক্ষাৎ বন্ধ ছিল এবং কয়েক মাস আমি একাকী ছিলাম, তথন আমার চিরপ্রিয় হিমালয়ের দিকে চাহিয়া সময় কাটাইবার সৌভাগ্য অল্প নহে। সেল হইতে আমি পর্ম্বত দেখিতে পাইতাম না, কিন্তু আমার মনে তাহা স্প্রস্তরপে জাগিয়া উঠিত; হিমালয়ের সহ্তি এই নৈকট্যবাধ আমাকে মৃগ্ধ করিয়া রাখিত।

"উর্দ্ধে আকাশে পাথীরা দল বাঁধিয়া উড়িয়া গেল; একথণ্ড নিঃসঙ্গ মেঘণ্ড ভাসিতে ভাসিতে চলিয়া গেল। আমি অদূরবর্ত্তী চিং-টিং পর্ব্বতশৃঙ্গের দিকে চাহিয়া বসিয়া আছি। আমি ও পর্ব্বত, পরস্পরের প্রতি চাহিয়া আমাদের কখনও ক্লাস্তি আসে না।"

আমার আশঙ্কা হয় কবি, লি তাই পোর সহিত সমস্বরে আমি বলিতে পারি না যে, এমন কি পর্বত দেখিয়াও আমার ক্লান্তি আদে না। তবে সে ক্ষণিকের; সাধারণতঃ পর্বতের সাল্লিধ্যে আমি শান্তি পাইতাম, ইহা চিরস্থির, মহামৌন মহিমায় লক্ষ বর্ধের জ্ঞান-গন্তীর দৃষ্টিতে আমার দিকে চাহিয়া থাকিত, আমার চিত্তচাঞ্চল্য ও চপলতাকে ব্যঙ্গ করিত, আমার উত্তেজনাক্ষ্ক মনে অপূর্বব প্রশান্তি আনিয়া দিত।

#### জওহরলাল নেহরু

দেরাত্নে বসস্তকাল মনোহর, নিম্নের সমতল অপেক্ষা এখানে বসস্ত দীর্ঘন্নী। শীতকালে সমস্ত বৃক্ষের পাতা ঝরিয়া যায়, তাহাদের কন্ধালসার মৃত্তি বাহির হইয়া পড়ে। এমন কি, আমি আক্র্যা হইয়া দেখিলাম, জেলের দরজায় দণ্ডায়মান চারটি প্রকাণ্ড অশ্বত্থ গাছও নিপাত্র হইয়া গিয়াছে। তারপর বসস্ত আসিয়া তাহাদের কন্ধালসার নিরানন্দ দেহে নবজীবনের চেতনায় প্রতাক শিরা উপশিরা চঞ্চল করিয়া তুলিল। সহসা অশ্বত্থ এবং অস্তান্ত বৃক্ষে যেন এক সাড়া পড়িয়া গেল; যেন যবনিকার অস্তরালে এক গোপন আয়োজনের রহস্যের ইন্ধিত আসিতেছে। তাহাদের অক্ষে অন্ধে কিরি। ইহা দেখিয়া কত আনন্দ, কত সন্তোষ। দেখিতে দেখিতে লক্ষ্ম লক্ষ্ম নবপত্রে তাহাদের দেহ ভূষিত হইল, স্থ্যালোকে উজ্জ্বল হইয়া তাহার। বাতাসের সহিত ক্রীড়ারত হইল। পল্লবের অন্ধ্র হইতে সহসা পত্ররূপে এই ফ্রত পরিবর্ত্তন কি মনোহর।

আমি ইতিপূর্ব্বে কখনও লক্ষ্য করি নাই যে, আদ্রের নবপল্লব ঈষল্লোহিত কপিশবর্ণ—কাশ্মীরের পর্বতে শরংকালে যে বর্ণের বিভা ফুটিন্না উঠে তাহার সহিত কি আশ্চর্য্য সাদৃশ্য । কিন্তু অল্লদিনের মধ্যেই ইহা সবুজ হইয়া যায়।

বর্ষার জন্ম প্রত্যাশা স্বাভাবিক, কেন না, বর্ষাগমের সঙ্গে সঙ্গেই গ্রীম্মতাপ শীতল হইয়া আসে। কিন্তু ভাল জিনিষেরও অতি প্রাচ্যা মারুষ সহিতে পারে না, দেরাগুনের উপর জলদেবতার কুপা অত্যন্ত অধিক। বর্ষারন্তের পাঁচ ছয় সপ্তাহের মধ্যেই ৫০।৬০ ইঞ্চি বারিপাত হয়। কুদ্র সেলের মধ্যে বন্দী হইয়া বসিয়া থাকা, অথবা ছাদ দিয়া জলপড়া ও জানালা দিয়া ঝাপটার হাত হইতে ত্রাণ পাইবার জন্ম চেষ্টা করা খুব মধুর নহে।

শরংকালও মনোহর, বৃষ্টির দিন ছাড়া শীতকালে যথন বজ্রের গর্জনে বৃষ্টি নামিয়া আদে, হাড়-কাঁপানো শীতল বাতাস বহিতে থাকে, তথন মনের মধ্যে স্বদূরের লোকালয়ে একটু উষ্ণ গৃহকোণে আরামের জন্ম আকাজ্রা জাগে। সময় সময় শিলা বৃষ্টি হয়, মার্কেল অপেক্ষাও বড় বড় শিল টিনের ছাদের উপর পড়িয়া ভয়ক্ষর শব্দ করিতে থাকে, মনে হয় গোলনাজেরা অবিশ্রান্ত গুলিবর্ধণ করিতেছে।

একটী দিনের কথা আমার বিশেষ ভাবে মনে আছে। ১৯৩২ সালের ২৪ শে ডিসেম্বর। সমস্ত দিন ধরিয়া অবিশ্রাস্ত বৃষ্টি ও ঝটিকার

#### কারাগারে জাবজন্ত

গর্জন এবং অসহ শীত; শরীরের দিক হইতে জেলে ইহাই আমার সকলের চেয়ে তৃঃথের দিন। কিন্তু সন্ধা কালে সহসা আকাশ পরিষ্কার হইয়া গেল। যথন দেখিলাম অদূরবর্তী পর্বতমালা শুপ্রত্মারমণ্ডিত হইয়া শোভা পাইতেছে তখন আমার সমস্ত তৃঃখ নিম্পেষ দূর হইয়া গেল। পর দিন—বড়দিন, আকাশ উজ্জ্বল, চারিদিক মনোরম, অদূরে তৃহিনাবৃত পর্বতমালার কি মনোহর শোভা!

দাধারণ কাজ কম ছিল না বলিয়া আমরা প্রকৃতির পর্য্যবেক্ষক হইয়া উঠিলাম। বিবিধ জীবজন্ত, কীট-পতঙ্গ যাহা চোথে পড়িত তাহাই আমর। অন্তদ্ধিংসার সহিত লক্ষ্য করিতাম। আমার অন্তদ্ধিংসা যতই বাড়িতে লাগিল ততই লক্ষ্য করিলাম যে, আমার সেলে এবং ছোট্ট উঠান কত বিবিধ শ্রেণীর কীট-পত**ন্ধ** বাস করিতেছে। আমি অফুভব করিলাম, বাহা পূর্বের আমার নিকট প্রাণহীন শৃত্তময় বলিয়া বোধ হইত, তাহাই জীবনের প্রাচুর্য্যে ভরপুর। কেহ বুকে হাটে, কেহ ধীরে ধীরে চলে, কেহ বা উড়িয়া বেড়ায়। इंशां आमार कान वाथा उर्भागन ना कतिया खळ्टाम जीवनयाजा নির্বাহ করিতেছে, আমিও ইহাদের বিদ্ন উৎপাদন করিবার কারণ খুঁজিয়া পাইতাম না। কিন্তু ছারপোক। দ মশা এবং কতকপরিমাণে মাছির সহিত আমাকে অবিরত যুদ্ধ করিতে হইত। বোলতা ও ভীমফলগুলি আমি সহু করিতাম, আমার সেলের মধ্যে তাহার। ঝাঁকে ঝাঁকে বাদ করিত। কিন্তু একদিন আমি একটু কুপিত হইয়াছিলাম, একটা বোল্তা সম্ভবতঃ মল্লমনস্কভাবে আমাকে দংশন করিয়াছিল। আমি রাগিয়া গিয়া তাহাদিগকে ঝাড়ে বংশে উচ্ছেদ করিবার জন্ম চেষ্টা করিলাম। তাহারাও তাহাদের অস্থায়ী চাকগুলি রক্ষা করিবার জন্ম সাহসের সহিত যুদ্ধ করিতে লাগিল। হয়ত ঐ গুলির মধ্যে তাহাদের ডিম ছিল; কাজেই আমি যুদ্ধে বিরত হইলাম এবং স্থির कतिलाभ ८४ তাহার। यि आमात विष्मारभागन ना करत তাহ। इहेल আমিও তাহাদের শান্তিতে থাকিতে দিব। এই ঘটনার পর এক বৎসর কাল আমি বোলত। ও ভীমকুল বেষ্টিত হইয়া সেলে বাস করিয়াছি। তাহারা কথনও আমাকে আক্রমণ করে নাই এবং আমরা পরস্পরকে শ্রন্ধা করিয়া চলিতাম।

চামচিকা আমি পছন্দ করিতাম না; কিন্তু আমাকে তাহাদের সহ করিতে হইত। সন্ধ্যাকাশে তাহারা নিঃশব্দে উড়িত এবং প্রায়ান্ধকার আকাশে তাহাদের ছায়ার মত দেখা যাইত। কি ভীতি-

#### জওহরলাল নেহর

উদ্দীপক প্রাণী, দেখিলে আমার গা ছম্ ছম্ করে। মনে হয় যেন উহারা আমার মৃথ ছু ইয়া উড়িয়া গেল, আঘাত করিবে ভয়ে আমি শিহরিয়া উঠি। বহুদ্র উর্দ্ধে বড় বড় বাত্ড় উড়িয়া যাইত।

আমি অনেকক্ষণ ধরিয়া পিপীলিকা ও উই পোকা লক্ষ্য করিতাম।
সন্ধাবেলা যথন চিক্টিকিগুলি বাহির হইয়া লাফাইয়া শীকার ধরিত এবং
হাস্থোদ্দীপক ভঙ্গীতে লেজ নাড়িয়া পরস্পরকে তাড়া করিত, তাহাও
চাহিয়া দেখিতাম। সাধারণতঃ তাহারা বোলতার কাছে ঘেঁষিত না
কিন্তু আমি তুইবার টিকটিকিকে অতি সাবধানতার সহিত সমু্ধ
দিক হইতে বোল্তাকে ধরিতে দেখিয়াছি। আমি জানি না যে তাহারা
ইচ্ছা করিয়া বা ঘটনাচক্রে হুলের দিকটা এড়াইয়া বোল্তাধরে।

ইহা ছাড়া নিকটবত্তী রক্ষে বহু কাঠবিড়ালী বাস করিত। এগুলি বেশ সাহসী এবং আমাদের অতি নিকটে আসিত। লক্ষ্ণে জেলে যখন আমি নিঃশব্দে বসিয়া পড়াগুনা করিতাম তথন একটা কাঠবিড়ালী আমার পা বাহিয়া জাতুর উপর বসিয়া চারিদিকে তাকাইত এবং যখন সে চোখের দিকে চাহিত তথনই বুঝিতে পারিত যে আমি বৃক্ষ কিংবা তাহার ধারণামুযায়ী কোন বস্তু নই। ভয়ে দে মৃহুর্ত্তের জন্ত আড়ষ্ট হইয়া যাইত, কিন্তু পরক্ষণেই লাফাইয়া পলাইত। কাঠবিড়ালীর ছোট ছোট বাচ্চাগুলি কথনও গাছ হইতে পড়িয়া ঘাইত, তাহাদের মা দৌজিয়া আদিয়া বলের মত পাকাইয়া নিরাপদ স্থানে লইয়া যাইত, সময় সময় বাচ্চাগুলির মা খুঁজিয়া পাওয়া যাইত না। একবার আমার একজন দলী তিনটা কাঠবিড়ালীর হারান বাচ্চা কুড়াইয়া আনিয়া লালন পালন করিয়াছিলেন। তাহারা এত ছোট যে থাওয়ান একটা সমস্তা হইয়া উঠিল। দাহা হউক আমরা কৌশল আবিদার করিয়া সমস্থার সমাধান করিলাম। ফাউনটেন পেনে কালী ভরিবার কাচের নলের মুথে তুলা ভরিয়া আমরা হুধ থাওয়াইবার বোতল তৈরী করিলাম।

একমাত্র আলমোড়ার পার্ববত্য জেল ব্যতীত সকল জেলেই আমি অসংখ্য পায়রা দেখিরাছি। হাজার হাজার পায়রা সন্ধার আকাশ ছাইয়া ফেলিত, কথনও বা জেলকর্মাচারীর। ঐগুলি গুলি করিয়া মারিয়া আহার করিত। সর্বত্ত ময়নার প্রাচুর্য্য ছিল। দেরাছ্ন জেলে আমার সেলের দরজার উপরে একজোড়া ময়না বাসা বাঁধিয়াছিল; আমি তাহাদিগকে ধাইতে দিতাম, ক্রমে তাহারা এত পোষ মানিয়াণ্ছিল যে সকালে বিকালে আমার থাইতে দিতে দেরী হইলেই

## কারাগারে জীবজন্ম

ভাহার। আমার নিকটে বসিয়া কিচির মিচির করিয়া আ ্বারের দাবী জানাইও। ভাহাদের ভাবভঙ্গী দেখিয়া এবং অধীর চীৎকার শুনিয়া আমি বেশ আনন্দ বোধ কবিভাম।

নৈনী জেলে হাজার হাজার টেয়া পাথী ছিল, এবং আমার ব্যারাকের প্রাচীরের ফাটলে অনেকগুলি বাদ করিত। ইহাদের পূর্ব্ব রাগ ও প্রেম করিবার ভাবভঙ্গী অত্যস্ত কৌতুককর দৃষ্টা। কথনও কথনও নারী-টিয়ার জন্ম তৃইটি পুরুষ-টিয়ার মধ্যে তুম্ল ছন্দ্র যুদ্ধ বাধিয়া যাইত, নাবী-টিয়াটি শান্তভাবে বদিয়া যুদ্ধের ফলাফল লক্ষ্য করিত এবং বিজয়ীর গলায় বর্মাল্য দিবার জন্ম প্রস্তুত থাকিত।

দেরাছনে বছ শ্রেণীর পাথী ছিল। তাহাদের সঙ্গীত ও কলকাকলীতে দিক মুখরিত হইত, এবং সর্ব্বোপরি কোকিলের প্লুত স্বর সকলকে ছাপাইয়া উঠিত। বধার অব্যবহিত পূর্ব্বে পাপিয়া দেখা দিত এবং সমস্ত বর্ধাকাল থাকিত। অল্পদিনেই আমি ইহার নামের সার্থকতা \* ব্বিতে পারিলাম। কি দিবা কি রাত্রি স্থ্যালোকই থাকুক, আর অবিশ্রাস্ত বর্ধাই হউক, এই পাথী অবিশ্রান্ত একঘেয়ে স্থরে ডাকিতে থাকিত। অধিকাংশ পাথী আমরা দেখিতে পাইতাম না কেবল তাহাদের ডাক শুনিতাম, কেন না আমাদের ক্ষুদ্র উঠানে কোন গাছ ছিল না। কিন্তু উদ্ধে আকাশে ঈগল ও চিলের সাবলীল গতিভঙ্গী নিরীক্ষণ করিতাম। কথনও তাহারা তীরবেগে নীচের দিকে নামিত আবার বায়তে ভর দিয়া উপরে উঠিয়া যাইত। কথনও কথনও বহু হংস বলাকা আমাদের মাথার উপর দিয়া উভিয়া যাইত।

বেরিলী জেলে বহুতর বানর ছিল। তাহাদের হাস্টোদ্দীপক ভাবভন্দী দেখিবার বিষয় ছিল। একটি ঘটনার কথা মনে আছে; একটা
বানরের বাচ্চা কেমন করিয়া আমাদের বাারাকের মধ্যে আসিয়া পড়িয়াছিল,
কিন্তু উহা দেওয়াল বাহিয়া উপরে উঠিতে পারিতেছিল না, ওয়ার্ডার,
সার্জ্ঞন, কয়েদী ওভারসিয়ার, ও কয়েদীরা মিলিয়া উহাকে ধরিয়া ফেলিল
এবং উহার গলায় একটি দড়ি বাঁধিল। অন্ত দিকে উচু দেওয়ালের
উপর বসিয়া উহার পিতা মাতা (সম্ভবতঃ) এই সব লক্ষ্য করিতে
ছিল এবং রাগে ফুলিতেছিল। সহসা তাহাদের মধ্যে একটি বেশ বড়
আকারের বানর লক্ষ্য দিয়া নীচে নামিল এবং বানর শিশু বেইনকারী
জনতাকে আক্রমণ করিল। ইহা অত্যস্ত ত্ঃসাহসের কাজ, কেন না
ইহারা সংখায়ও অধিক ছিল এবং ওয়ার্ডার ও কয়েদী ওভারসিয়ারদের

<sup>🏚</sup> ইংরাজীতে Brain fever bird.

#### জওহরলাল নেহর

হাতে লাঠি ছিল এবং তাহারা দস্তর মত লাঠা ঘুরাইতেছিল। কিছ পরিণামে ত্রংসাহসই জ্মী হইল। মাহুষেরা ভয় পাইয়া লাঠা ফেলিয়া পলাইয়া পেল। বানরের বাচ্চাটি মুক্তি পাইল।

আমরা সময় সময় অবাঞ্চনীয় জীবজন্ত দেখিতাম। আমাদের সেলে সর্ববদাই, বিশেষভাবে ঝড় রৃষ্টির পর অনেক বৃশ্চিক দেখা যাইত। ক্থনও বা আমার বিছানায়, কথনও বা বই তুলিতে গিয়া দেখি তাহার উপর বৃশ্চিক বদিয়া আছে। এইভাবে নানা অপ্রত্যাশিত স্থানে আমি প্রায়ই বৃশ্চিকের দেখা পাইতাম, কিন্তু আশ্চর্য্য এই কপনও একটিও चामारक मः मन करत नारे। একবার একটা कृष्ण वर्ग विषाक-मर्मन বুশ্চিককে কিছু দিন বোতলের মধ্যে রাখিয়াছিলাম এবং ইহাকে মাছি ইত্যাদি থাইতে দিতাম। একদিন উহাকে স্থতা দিয়া বাঁধিয়া দেওয়ালের উপর রাথিয়াছি, সহসা দেখিলাম যে স্তা কাটিয়া সে পলাইয়াছে। তাহাকে মৃক্ত দেখিবার আমার মোটেই ইচ্ছা ছিল না, কাজেই আমি সমন্ত সেল তর তর করিয়া অমুসন্ধান করিলাম কিন্তু আর তাহার সাক্ষাৎ পাইলাম না। আমার দেলে অথবা তাহার নিকটে তিন চারটি সাপও দেখিয়াছি। একবারের ঘটনা, সংবাদপত্রে বড় বড় শিরোনামায় প্রকাশিত হইয়াছিল। কার্য্যতঃ এই বৈচিত্র্য আমার ভালই লাগিয়াছিল। কারাজীবন অত্যন্ত নীরদ, ইহার একটান। গতির মধ্যে ঘাহা কিছু ন্তনত্ব আসে তাহাই ভাল লাগে। কিন্তু তাই বলিয়া আমি দাপ **ভानবাসি অথবা তাহাদের আগমনে পুলকিত হই, তাহা নহে বরং সাধারণ** মান্নবের মত আমিও দাপ দেখিলে ভয়ে কণ্টকিত হইয়া উঠি। আমি যদি সাপ দেখি তাহা হইলে দংশনের ভয়ে আমি নিশ্চয়ই আত্মরক্ষা করিব। কিন্তু তাহা ঘুণা হইতে নহে অথব। ভয়ে অভিভূত হইয়াও নহে। কেনুই দেখিলে আমি অধিকতর আতত্তে শিহরিয়া উঠি! ইহা ঠিক ভয় নয়, একটা সহজাত ঘূণা। কলিকাতার আলীপুর জেলে একবার মধা রাত্রে জাগিয়া অন্তভব করিলাম, কি যেন আমার পায়ের উপর হাঁটিতেছে। আমার নিকট একটা টর্চ্চ ছিল, জালাইয়া দেখি বিছানার উপর একটা কেন্নুই। স্বাভাবিক প্রবৃত্তির বশীভূত হইয়া অতি ক্রত আমি বিছানা হইতে লাফাইয়া পড়িলাম, অল্পের জ্বন্ত দেলের দেওয়ালে আঘাত পাই নাই। পাব্লোভের ইচ্ছার দম্পর্কহীন প্রতিক্ষিপ্ত ক্রিয়ার অর্থ আমি পূর্ণভাবে হৃদয়ক্ষম করিলাম।

দেরাছনে আমি একটি ন্তন প্রাণী দেখিলাম অর্থাৎ আমার নিকট ইহা ন্তন প্রাণী। আমি জেলের দরজায় দাঁড়াইয়া জেলারের সহিত

## কারাগারে জীবজন্ত

কথা বলিতেছি, এমন সময় দেখিলাম বাহিরে একটি লোক ঐ অভুত প্রাণীটাকে বহন করিয়া ধরিয়া লইয়া যাইতেছে। জেলার তাহাকে ভাকিয়া পাঠাইলেন। আমি দেখিলাম ইহা টিক্টিকি ও কুমীরের মাঝামাঝি প্রায় ছই ফুট লম্বা হইবে, পায়ে নথর আছে এবং সমস্ত শরীর পুরুশদারত। এই কুৎসিৎদর্শন প্রাণীটি অভ্যন্ত অস্থির এবং জমাগত নিজেকে এক অভুত ভঙ্গীতে পাকাইয়া এক প্রকার গ্রন্থির মত করিতেছিল এবং ইহার মালীক স্বচ্ছন্দে ঐ গ্রন্থির মধ্য দিয়া লাঠা চালাইয়া দিয়। ঘাড়ে করিয়া চলিতেছিল। তাহার নিকট শুনিলাম যে ইহার নাম "বো"। জেলার তাহাকে জিজ্ঞাসা করিলেন যে ইহা দিয়া সে কি করিবে। উত্তরে লোকটা এক গাল হাসিয়া বলিল যে সে উহা "ভাজ্জি" অথাৎ ঝোল রায়া করিয়া থাইবে। সে জঙ্গলে বাস করিয়া থাকে। পরে আমি এফ, ভাবলিউ, চ্যাম্পিয়নের "দি জাঙ্গল্ ইন্ সান্ লাইট এগু স্থাতো" পুস্তকে নেখিলাম এই জানোয়ারের নাম 'প্যান্থলীন'\*।

কয়েদীদের বিশেষতঃ দীর্ঘদগুপ্রাপ্ত কয়েদীদের হৃদয় সর্বাদাই উপবাসী থাকে। সময় সময় তাহারা কোন প্রাণী পুষিয়া হৃদয়াবেগের চরিতার্থতা সাধন করে। সাধারণ কয়েদীয়া অবশ্য ইহা পারে না। কিন্তু কয়েদী মেটদের একটু স্বাধীনতা আছে এবং জেলের কর্মচারীয়া সাধারণতঃ আপত্তি করেন না। সচরাচর কাঠ বিড়াল এবং আশ্চর্য্য এই বেজীও তাহারা পুষিয়া থাকে। জেলে কুকুর প্রবেশ করিতে দেওয়া হয় না, কিন্তু বিড়ালের অভাব নাই। একবার একটা বিড়ালের বাচ্চার সহিত আমার ভাব হইয়াছিল। ইহা এক জন জেল কর্মচারীয় এবং তিনি বদলী হইবার সময় উহাকে লইয়া গোলেন। কয়েক দিন আমি ইহার অভাব বোধ করিয়াছিলাম। যদিও কুকুর রাথিতে দেওয়া হয় না তথাপি অপ্রত্যাশিতভাবে দেরাত্ন জেলে আমাকে কয়েকটি কুকুরের ভার লইতে হইয়াছিল। একজন জেল কর্মচারীয় একটী মাদি কুকুর ছিল, তিনি বদলী হইবার সময় ইহাকে ফেলিয়া গেলেন। বেচারী গৃহহারা হয়য় একটী জলনালীয় নীচে থাকিত, ওয়ার্ডারদের উচ্ছিষ্ট খুটিয়া থাইত এবং প্রায়ই থাইতে পাইত না। আমি জেলের বাহিরে হাজতে ছিলাম

<sup>\*</sup> ইহার দংস্কৃত নাম বজুকীট। হিমালয়ের তরাই অঞ্লের অরণ্যে ইহা পাওয়া যায়। উত্তর বাঙ্গলার তরাইয়ের লোকেরা ইহাকে 'বনরুই' বলে। ইহার মাংদ ফ্স্বাছ। ইহার পুরু শাক হইতে নিশ্বিত আংটী ধারণ করিলে অর্শ রোগ আরোগ্য হয় বলিয়া জনশ্রুতি আছে।—অমুবাদক

#### ज अर्तनान (मर्क

বলিয়া দে মাঝে মাঝে খাছের আশায় আমার নিকট আসিত। আমি
নিয়মিতভাবে তাহাকে খাবার দিতে লাগিলাম, এবং আরদিন পরেই
সেই জানালীর নীচে সে এক পাল বাচ্চা প্রসব করিল। কয়েকটী
বাচ্চা লাকে লইয়া গেল, তিনটী রহিল, আমি তাহাদের খাওয়াইতাম।
একটী বাচ্চার একবার কঠিন পীড়া হইল। ইহাকে লইয়া আমি
অতান্ত বিব্রত হইয়াছিলাম, আমি উহার সেবা করিতাম এবং কয়েক
দিন রাত্রে দশ-বার বার উঠিয়া আমার তাহাকে দেখিতে হইত। বেচারী
বাঁচিয়া গেল। আমার সেবা সাথক হইল দেখিয়া আমিও খুসী
হইলাম।

বাহির অপেক্ষা কারাগারের মধ্যেই আমি অধিকতর পশু প্রাণীর সংস্পর্শে আদিয়াছি। আমি সর্ব্বদাই কুকুর ভালবাদি, আমার কয়েকটি কুকুরও ছিল, কিন্তু কাজের চাপে নিজে তবাবধান করিতে পারিতাম না। জেলে ইহাদের সঙ্গ পাইয়া আমি খুদী হইয়ছিলাম। ভারতবাদীরা সাধারণতঃ বাড়ীতে পশু প্রাণী পোষা পছন্দ করে না। আন্চর্য্য এই, পশু পাখীর প্রতি অহিংদার উপদেশ থাকা সব্বেও তাহারা উহাদের প্রতি সাধারণতঃ উদাদীন এবং নিষ্ঠুর। এমন কি যে গাভী হিন্দুদের সর্ব্বাধিক প্রিয় ও অনেকে পূজা পর্যান্ত করিয়া থাকে,—য়াহা লইয়া দাঙ্গা বাধে, তাহার প্রতিও সদয় বাবহার করা হয় না। পূজা ও দয়া প্রায়ই একত্রে দেখা যায় না।

বিভিন্ন দেশ তাহাদের জাতীয় চরিত্র অথবা আকাজ্ঞার প্রতীকরূপে বিভিন্ন পশু পক্ষী গ্রহণ করিয়াছে। আমেরিকার যুক্তরাষ্ট্র ও জার্মানীর ঈগল, ইংলওের সিংহ ও বুল-ডগ, ফ্রান্সের যুধ্যমান কুকুট, প্রাচীন ক্ষিয়ার ভল্লক। এই সকল ইষ্টদেবতাতুল্য প্রাণী জাতীয় চরিত্র গঠনে কতটুকু সহায়তা করিয়াছে? ইহারা প্রায় সকলেই আক্রমণশীল, হিংশ্র ও শিকারী প্রাণী। এই সকল আদর্শ সম্মুথে রাথিয়া যাহার। সচেতন ভাবে চরিত্র গঠন করে, তাহারা যে হিংশ্র স্বভাব হইবে এবং গর্জন করিয়া অপরের স্কন্ধে পড়িবে, ইহাতে আশ্চর্য্য কিছুই নাই। গাভী যাহাদের ইষ্টদেবতা সেই হিন্দুরা যে নিরীহ ও অহিংস হইবে, তাহাতেই বা আশ্চর্য্য কি?

## সংঘ্ৰ্য

বাহিরে সংঘর্ষ চলিতে লাগিল; সাহসী নরনারীরা শক্তিশালী ও হৃসমন্ধ শ্বভর্নেটের আদেশ শান্তিপূর্ণ উপায়ে অগ্রাহ্য করিতে লাগিলেন। কিন্তু তাঁহার। জানিতেন যে বর্ত্তমানে অথব। অদ্র ভবিষ্যতে উদ্দেশ্য সিদ্ধির কোন স্ভাবনাই নাই। বিরামহীন দমননীতি ক্রমশঃ অধিকতর কঠোর হইয়া ভারতে ব্রিটিশ শাসনের স্বরূপ নিঃসংশয়ে প্রমাণ করিতে লাগিল। ইহার মধ্যে কোন চাতুর্যোর আবরণ রহিল না, ইহাতে আমরা কতকটা সান্তনা পাইলাম। বেলোনেট জয়ী হইল, কিন্তু একজন বিখ্যাত বোদ্ধা বলিয়াছিলেন, "তুমি বেয়োনেট াদ্যা সব করিতে পার, কিন্তু উহার উপর বসিতে পার না।" নিজের আত্মাকে বিক্রয় করিয়া মানসিক কুলটাবৃত্তি অপেক্ষা এই ভাবে শাসিত হওয়া অনেক ভাল। আমরা জেলথানায় দৈহিকভাবে নিরুপায় হইয়াও অমুভব করিতাম, বাহিরের অনেকের অপেক্ষা অধিক সেব। করিতেছি। আমরা তুর্বল বলিয়াই কি আ থুরকার জ্ঞ ভারতের ভবিষাৎকে বিশ্রজন দিব ? মান্তবের বার্ব্য, মান্তবের শক্তি সীমাবদ্ধ। অনেকে দৈহিক ভাবে অকর্মণা হইয়াছেন। অনেকের মৃত্যু হইয়াছে, অনেকে দ্রে সরিয়া গিয়াছে, কেহ কেহ বা উদ্দেশ্যের প্রতি কৃতন্মতা করিয়াছে। কিন্তু প্রতিরোধ সত্তেও উদ্দেশ্য অব্যাহত রহিল,—আদর্শ যদি মান না হয়, আত্মা যদি ভয়হীন থাকে, তাহা হইলে ব্যর্থতা আসিতেই পারে না। ম্লনীতি ত্যাগ, নিজেদের অধিকার অস্বীকার এবং অক্যায়ের নিকট গ্লানিকর বহুতা স্বীকারই প্রক্নত ব্যর্থতা। শক্রর আঘাত-জনিত ক্ষত অপেক্ষা আত্মকৃত ক্ষত আরোগ্য হইতেই অধিক সময় লাগে।

আমাদের তুর্বলতা, জগতের অন্তায় গতি দেখিয়া মাঝে মাঝে অবসাদ আসে, তথাপি আমরা যাহা সাধন করিয়াছি তাহার জন্ত গর্কবোধও করিয়া থাকি। আমাদের জাতির আচরণ নিশ্চয়ই গৌরবময়; এবং এই সাহসী সৈন্তদলের অন্ততমরূপে নিজেকে চিন্তা করিয়া বড় আনন্দ।

নিরুপদ্রব প্রতিরোধ আন্দোলনের সময় একবার দিল্লীতে এবং একবার কলিকাতায় কংগ্রেসের প্রকাশ্য অধিবেশনের জ্বন্ত চেষ্টা করা হইয়াছিল। কোন বে-আইনী প্রতিষ্ঠানের পক্ষে সাধারণ ভাবে শাস্তির সহিত মিলিত হওয়া

#### ज उर्जनान (नर्ज

শস্তবপর নহে; চেষ্টা করিতে গেলে পুলিশের সহিত সংঘর্ষ অনিবার্য। কার্য্যতঃ এই সকল সভা পুলিশ লাঠী চালনা করিয়া ভাদিয়া দিয়াছিল, এবং বহুলোককে গ্রেফ্ তার করা হইয়াছিল। এই সকল বে-আইনী সম্মেলনের বিশেষ বিশেষত্ব এই যে ভারতের নানাপ্রাস্ত হইতে সহস্র সহস্র ব্যক্তি ইহাতে প্রতিনিধিরপে যোগ দিয়াছিল। যুক্ত-প্রদেশের লোকেরাই অবিক সংখ্যায় এই হুই সম্মেলনে যোগ দিয়াছিলেন, এই সংবাদে আমি হুট হুইয়াছিলাম। ১৯৩৩-এর মার্চ্চমানের শেষভাগে আমার মাতা কলিকাতা কংগ্রেদে যোগ দিবার জন্ম জিদ করিয়াছিলেন। কিন্তু তিনি পণ্ডিত মালবাজী ও অন্যান্যের সহিত কলিকাতার পথে গ্রেফ্ তার হইয়া আসানসোল জেলে কয়েকদিন ছিলেন। ক্র্য়া ও হুর্বলা হুইলেও তিনি যে উৎসাহ দেখাইয়াছিলেন, তাহাতে আমি আশ্র্যায় হুইলাম। জেলের ভয় তাঁহার অল্পই ছিল, তাহা অপেক্ষাও অধিক অগ্নিপরীক্ষায় তিনি উত্তীর্ণ হুইয়াছেন। তাঁহার পুত্র, হুই কন্যা ও অন্যান্য প্রিয়জন সকলেই কারাগারে; শ্ব্যভ্বন নৈশ হুংস্বপ্নের মত তাঁহার শ্বাসরোধ করিত।

আন্দোলন ক্রমে মন্দীভূত হইয়া, অতি মৃত্ভাবে চলিতে লাগিল; কদাচিৎ উত্তেজনার কিছু ঘটিত। কাজেই আমার চিন্তা ক্রমে অন্যান্ত দেশের প্রতি ধাবিত হইল। কারাগারে যতটা সম্ভব, বৃহৎ অর্থসঙ্কটের মধ্যে পতিত জগতের ঘটনাবলীর গতি প্রকৃতি লক্ষ্য করিতে লাগিলাম। এই বিষয়ে যথাসম্ভব পুস্তকাদি পড়িতে লাগিলাফ, যতই পাঠ করি, ততই আমার আকাজ্ঞা, বর্দ্ধিত হইতে লাগিল। জগতের রক্ষমঞ্চে যে বৃহৎ নাট্যের অভিনয় হইতেছে, সর্প্রতি রাজনৈতিক ও অর্থনৈতিক শক্তিপুঞ্জের যে সংঘাত ও সংঘর্ষ চলিতেছে, ভারতের সমস্যা ও সংঘর্ষ তাহারই একটা অংশমাত্র। এই সংঘর্ষের মধ্যে আমার সহামুভূতি ক্রমবর্দ্ধমান গতিতে কম্যুনিষ্টদের দিকেই প্রবাহিত হইল।

বহুকাল হইল আমি সমাজতন্ত্রবাদ ও কম্যুনিজম-এর দিকে আরুষ্ট হইয়ছিলাম, ফশিয়ার প্রতিও আমার অহুরাগ ছিল। সোভিয়েট ফশিয়ার অনেক কিছুই আমার ভাল লাগে না—বিপরীত মতবাদ নিষ্ঠ্র ভাবে দমন, সর্ব্বসাধারণকে সৈতাদলা ঘোগ দিতে বাধ্য করা, অনাবশুক বলপ্রয়োগে (আমার বিশাস) বিভিন্ন কার্য্যপ্রণালী অহুসরণ করিতে বাধ্য করা প্রভৃতি। ধনতান্ত্রিক জার্যতেও পীড়নমূলক দমন ও হিংসানীতির অসম্ভাব নাই, এবং আমি অধিকত্ত্ব স্পাইরূপে ব্রিতে লাগিলাম যে অর্জ্জন ও সক্ষয়মূলক সমাজ ও ব্যক্তিগত সম্পত্তির ভিত্তি

## সংঘৰ্য

ও আশ্রমের মৃলে রহিয়াছে, হিংসানীতি। হিংসানীতি ব্যতীত ইং। বেশী দিন চলিতে পারিত না। সর্ব্বেই অধিকাংশ ব্যক্তি ক্ষ্ধার ভয়ে অল্পসংখ্যক ব্যক্তির ইচ্ছার নিকট আত্মসমর্পণ করিতে বাধ্য হইতেছে,— তাহার মহিমা ও স্থবিধা বিবিধ প্রকারে বৃদ্ধি করিতেছে, সেখানে খানিকটা রাজনৈতিক স্থবিধার মূল্য কতটুকু?

উভয় স্থলেই হিংসানীতি আছে; কিন্তু ধনতান্ত্রিক ব্যবস্থার সহিত হিংসানীতি ওতপ্রোতভাবে জড়িত; কিন্তু কশিয়ার হিংসানীতি যতই মন্দ হউক, তাহার লক্ষ্য ও ভিত্তি শাস্ত্রি ও সহযোগিতা; জনসাধারণের প্রক্রুত স্বাধীনতা। ক্রটি ও ভুল সত্ত্বেও সোভিয়েট কশিয়া পর্বতপ্রমাণ বাধা অতিক্রম করিয়াছে এবং নৃতন সমাজ বিস্তাসের দিকে অধিকতর অগ্রসর হইয়াছে। যথন অবশিষ্ট জগত অর্থনৈতিক মন্দার বিব্রত হইয়া নানাদিক িল্লা পিছাইয়া যাইতেছে, তথন সোভিয়েট রাষ্ট্রে আমাদের চক্ষ্র সম্মুপেই নৃতন জগত গড়িয়া উঠিতেছে। মহান লেনিনের অহুগামী কশিয়ার দৃষ্টি ভবিশ্বতে নিবন্ধ, তাহার চিন্তা, কি হইতে হইবে; পক্ষান্তরে অস্তান্ত দেশ অতীত্রের জীণ মৃতভারে অভিভূত এবং অতীতের অকর্মণা নিদর্শনগুলি রক্ষার জন্ত রুথা শক্তিক্ষয় করিতেছে। সোভিয়েট রাষ্ট্রের নিয়ন্ত্রণে পশ্চাৎপদ মধ্য এসিয়ার বিশ্বয়কর উন্নতির বিবরণ পাঠে আমি মৃশ্ব হইলাম। তুই দিক বিচার করিয়া আমি সর্ব্বতোভাবে কশিয়ারই পক্ষপাতী;— এই অন্ধকার ও বিষন্ধ জগতে কশিয়াই উৎফুল্ল আশার আলোকবর্ত্তিকা তুলিয়া ধরিয়াছে।

কম্নিট রাট্র স্থাপনে সোভিয়েট ফশিয়ার পরীক্ষাম্লক কার্যগুলির সাক্ষল্য বা ব্যর্থতার গুরুত্ব অনেক অধিক হইলেও, কম্যুনিট্ট মতবাদের অল্রান্থতার উহাতে কোন ইতর বিশেষ হয় না। বলশেভিকেরা ভূল করিতে পারে, জাতীয় বা আন্তর্জাতিক কারণে তাহারা ব্যর্থ হইতে পারে, কিন্তু তথাপি কম্যুনিট্ট মতবাদ অল্রান্থই থাকিতে পারে। এই মতবাদই নির্দেশ করিতেছে যে, কশিয়ায় যাহা ঘটিয়াছে, অন্ধভাবে তাহার অফুকরণ করা অযৌক্তিক; কোন দেশের ঐতিহাসিক অভিব্যক্তির স্তর এবং তাহার সমসাময়িক বিশেষ অবস্থার উপরই উহার প্রয়োগ কৌশল নির্ভর করে। ইহা ছাড়া বলশেভিকদের সাফল্য এবং অপরিহার্য্য ভূল হইতে ভারতবর্ষ ও অল্যান্য দেশ যথেষ্ট শিক্ষালাভ করিতে পারে। সম্ভবতঃ চারিদিকে শৃক্র পরিবেষ্টিত বলশেভিকেরা বাহ্ম আক্রমণের আশক্ষায় অতি ফ্রুত অগ্রসর হইবার চেষ্টা করিয়াছিল। ধীরে কাজ হইলে হয় ত পল্লী অঞ্চলের অনেক তৃঃথ তৃদ্ধশা নিবারণ করা যাইত। কিন্তু তাহা

#### ज ওহরলাল নেহর

হইলেও প্রশ্ন উঠিবে যে পরিবর্ত্তনের গতি মন্থর করিলে, আমূল পরিবর্ত্তনের প্রকৃত ফল পাওয়া যাইত কি না সন্দেহ। কোন গুরুতর সমস্যাসমাধানের জন্ম সমাজবিক্যাসকে ঢালিয়া সাজিতে হইলে সংস্থারমূলক উপায় দারা তাহা অসম্ভব। পরে উন্নতির গতি যতই ধীর হউক না কেন, প্রথম পদক্ষেপের স্চনাতে প্রচলিত ব্যবস্থা ভাঙ্গিতেই হইবে, কেন না, উহার প্রয়োজন অবসান হওয়া সব্তেও, উহা ভবিষ্যৎ উন্নতির পথে ভার স্বরূপ হইয়া বিভ্যমান রহিয়াছে।

ভারতে ভূমি ও কলকারথানা সংক্রাস্ত ও দেশের অন্তান্ত প্রধান সমস্তাগুলি একমাত্র বৈপ্লবিক কার্যাপদ্ধতি দ্বারাই সমাধান করা যাইতে পারে। মিঃ লয়েড জর্জ তাঁহার "মহাযুদ্ধের স্মৃতি"তে যথার্থ বলিয়াছেন যে, "তুই লম্ফে গহরে উত্তীর্ণ হইবার চেষ্টার মত মূচতা আর নাই।"

কশিয়ার কথা ছাড়িয়া দিলেও মার্কসীয় মতবাদ ও দর্শন আমার মনের অনেক অন্ধকার কোণ উজ্জ্বল করিয়া তুলিয়াছে। আমার দৃষ্টিতে ইতিহাসের এক নৃতন রূপ উদ্ঘাটিত হইল। মার্কসীয় বিশ্লেষণ প্রণালী ইহার উপর এক নৃতন আলোক সম্পাত করিল; অজ্ঞাতসারে হইলেও ঐতিহাসিক অভিব্যক্তি এক শৃঙ্খলা ও উদ্দেশ্যের মধ্য দিয়াই প্রকটিত হইতেছে। অতীত ও বর্ত্তমানের তৃঃথ ও অপচয় যতই ভয়াবহ হউক না কেন, বহু বিপত্তির বাধা সত্ত্বেও ভবিয়্যং আশায় সম্জ্জ্বল। অযোক্তিক মতবাদ হইতে মৃক্ত এবং বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গীর জন্মই আমি মার্কসীয় মতবাদের প্রতি আকৃষ্ট হইলাম। অন্যান্ম স্থানে ও কশিয়ার সরকারী কম্যনিজম-এর মধ্যে অনেক যুক্তিনিরপেক্ষ মতবাদ আছে সত্য এবং প্রায়ই অধিবাসীদিগের প্রতি পীড়নমূলক ব্যবস্থা অবলম্বন করা হয়। ইহা গভীর আক্ষেপের বিষয় হইলেও, ইহা বুঝা কঠিন নহে। সোভিয়েট দেশগুলিতে যথন অতি ক্রত গুক্ষতর পরিবর্ত্তন চলিতেছে, তথন কোন বিক্রম্বতাকে প্রবল্প হইতে দিলে ব্যর্থতা অতি শোচনীয় হইতে পারিত।

জগদ্ব্যাপী অর্থসঙ্কট ও মন্দা হইতে মার্কসীয় বিশ্লেষণের যৌক্তিকতাই প্রমাণিত হয়। যথন অন্তাত্ত পদ্ধতি ও মতবাদ অন্ধকারে হাতড়াইয়া বেড়াইতেছে, তথন কেবলমাত্র মার্কসীয় মতবাদই ইহা অল্পবিস্তর সম্ভোষজ্ঞনক্ষ ভাবে ব্যাখ্যা করিয়া প্রকৃত সমাধানের পথ নির্দ্ধেশ করিতেছে।

এই বিশাস আমার মধ্যে যতই বর্দ্ধিত হইতে লাগিল, আমি ততই ন্তন উত্তেজনায় সঞ্জীবিত হইয়া উঠিলাম; নিক্পদ্রব প্রতিরোধের অসাফল্যজ্বনিত অবসাদ বহুলাংশে উপশম হইল। জগত কি ঈল্পিড পরিণতির দিকে ক্রতপদে অগ্রসর হইতেছে না? সমূধে যুদ্ধ ও

#### সংঘৰ্ষ

খণ্ড-প্রলয়ের আশকা, তথাপি আমরা অগ্রসর হইতেছি। কেই নিজক হইয়া বিসিয়া নাই। আমাদের জাতীয় সংঘর্ষ এক স্থণীর্ঘ বাত্রাপথের ক্ষণিক বিপ্রাম স্থল; দমন নীতি ও ছংথভোগের পরিণাম ভালই, ইহা আমাদের জনসাধারণকে ভবিদ্রুৎ সংঘর্ষের জগু প্রস্তুত করিবে; যে সকল ন্তনভাব জগতকে আলোড়িত করিতেছে, তাহারাক তাহা ভাবিতে বাধ্য হইবে। আমাদের মধ্যে হর্বল ম্যক্তিরা সরিয়া গেলে আমরা অধিকতর শৃদ্ধলাবদ্ধ, অধিকতর শক্তিশালী হইব, সময় আমাদের অমুক্ল।

কশিয়া, জার্মাণী, ইংলগু, আমেরিকা, জাপান, চীন, ফ্রান্স, স্পেন, ইতালী ও মধ্য ইউরোপের ঘটনাশ্রোত আমি লক্ষ্য করিতে লাগিলাম এবং সমসাময়িক ঘটনাবলীর জটিল জাল বুঝিতে চেষ্টা করিতে লাগিলাম। প্রত্যেক দেশ স্বতন্ত্র ভাবে এবং মিলিত ভাবে ঝড়ের মধ্য দিয়াও তরী চালাইবার জন্ত কিরপ উত্যম করিতেছে, আমি কৌতূহলের সহিত লক্ষ্য করিতে লাগিলাম। রাজনৈতিক ও অর্থনৈতিক তুর্গতি সমাধানকল্পে ও নিরস্থীকরণ সমস্যা সমাধানের জন্ত আহ্ত বিবিধ আন্তর্জাতিক সম্মেলনের বার্থতা আমাকে আমাদের দেশের ক্ষুদ্র অথচ বিরক্তিকর সাম্প্রদায়িক সমস্যার কথা শ্ররণ করাইয়া দিল। জগতে সদিচ্ছার অভাব না থাকা সত্বেও সমস্যার সমাধান হইল না:—যদিও অধিকাংশ লোকেরই বিশ্বাস যে, বার্থতার পরিণাম জগদ্বাপী বিপর্যায়, তথাপি ইউরোপ ও আমেরিকার খ্যাতনামা রাজনীতিকগণ একত্র মিলিত হইতে পারিতেছেন না। যে ভাবেই হউক, তাঁহারা ভূল পথে মীমাংসার চেষ্টা করিতেছেন, সংশ্লিষ্ট ব্যক্তিদের সত্যপথ গ্রহণ করিবার সাহস নাই।

জগতের ক্লেশ ও সংঘাত চিন্তা করিতে করিতে আমি ব্যক্তিগত ও
জাতীয় অশান্তি ও ক্লেশের কথা অনেকাংশে বিশ্বত হইলাম। জগতের
ইতিহাসের এই রহং বৈপ্লবিক অবস্থার মধ্যে আমি জীবিত আছি, এই
চিন্তায় মাঝে মাঝে উৎফুল্ল হইয়া উঠিতাম। যে মহান পরিবর্ত্তন
আদিতেছে, সম্ভবতঃ আমিও জগতে আমার এই গৃহকোণে তাহার মধ্যে
কোন যংসামাগ্র ভূমিকার অভিনয় করিতে পারি। কথনও বা সমগ্র
জগতের সংঘাত ও হিংসানীতির আবহাওয়ায় আমি অত্যন্ত অবসন্ধ হইয়া
পড়িতাম। বৃদ্ধিমান নরনারীরা, মান্ত্যের অধংপতন ও দাস্ত্র
দেখিতে এত অভ্যন্ত ইইয়া উঠিয়াছেন যে, তাঁহাদের অন্তভ্তিহীন হাদয়ে
দারিক্রা, ফ্র্দ্শা ও আমান্ত্যিকতা দেখিয়া ক্রোধের উদ্রেক হয় না। নীতির
কণ্ঠরোধ করিয়া অশিষ্ট ইতরতা ও শৃত্যুগর্ভ আক্ষালন মুথর হইয়া উঠিয়াছে

#### জওহরলাল নেহর

অখচ স্থারবান ব্যক্তিরা নীরব। হিটলারের জয় এবং তাহার পর
"থাকী ভীতি'র রাজত্ব দেখিয়া আমি মর্পাহত হইলেও, উহা সাময়িক
মনে করিয়া নিজেকে সাস্থনা দিলাম। মনে হয়, মাহুষের সমস্ত চেষ্টা
যেন ব্যর্থ। অন্ধ আবেগে যদ্ধ চালিত হইতেছে, ইহার ক্ষুদ্র এক চক্রদস্ত
কি করিতে পারে?

তথাপি জীবনের কম্নিষ্ট-দার্শনিক ব্যাখ্যার মধ্যে সান্থনা ও আশা পাইলাম। ভারতে ইহা কি ভাবে প্রয়োগ করা যায়? আমরা এখনও রাজনৈতিক স্বাধীনতার সমস্যা সমাধান করিতে পারি নাই, এখনও জাতীয়তার ভাবেই আমাদের হৃদয় পূর্ণ হইয়া আছে। আমরা কি এখনই অর্থ নৈতিক স্বাধীনতা লাভের জন্য চেষ্টিত হইব, না, ব্যবধান যতই সন্ধীর্ণ হউক একের পর আর গ্রহণ করিব? জগতের তথা ভারতের ঘটনাপ্রবাহ সামাজিক সমস্যাগুলিকেই ম্থ্য করিয়া তুলিতেছে এবং মনে হয়, রাজনৈতিক স্বাধীনতাকে আর ইহার সহিত স্বতম্ব করা সম্ভব হইবেনা।

ভারতে ব্রিটিশ গভর্ণমেন্টের নীতির ফলে সামাজিক উন্নতিবিরোধী শ্রেণীগুলি রাজনৈতিক স্বাধীনতার বিরোধী হইয়া দাঁড়াইয়াছে। ইহা অপরিহার্য্য এবং ভারতে বিভিন্ন শ্রেণী বা দলের সীমারেথা স্পষ্ট হইয়া উঠুক, আমি ইহা প্রত্যাশা করি। কিন্তু এই ঘটনা সকলে অহুভব করেন কি? দেখা যায়, অনেকেই করেন না। বড় বড় সহরে মৃষ্টিমেয় গোঁড়া কাম্নিষ্ট আছেন, তাঁহারা জাতীয় আন্দোলনের বিরুদ্ধবাদী ও তীব্র সমালোচক। বিশেষভাবে বোম্বাইয়ে এবং কতক পরিমাণে কলিকাতায় সজ্মবন্ধ শ্রমিক আন্দোলনও এক প্রকার শিথিল সমাজতান্ত্রিক পদ্ধতিতে পরিচালিত হয়, কিন্তু ইহাও ছিন্নবিচ্ছিন্ন হইয়া অবসাদগ্রন্ত হইয়া পড়িয়াছে। শিক্ষিত সম্প্রদায়ের মধ্যে, এমন কি, বৃদ্ধিমান সরকারী কর্মচারীদের মধ্যেও অস্পষ্ট সমাজতান্ত্রিক এবং ক্যানিজম বিস্তার লাভ করিতেছে। কংগ্রেসের তরুণ নরনারীর। যাঁহারা পুর্বের ব্রাইসের গণতন্ত্র, কিথ এবং মাৎসিনী পাঠ করিতেন, এখন তাঁহারা হাতের কাছে পাইলে সমাজতন্ত্রবাদ, কমানিজম ও কশিয়া সংক্রান্ত গ্রন্থাদি পাঠ করেন। জনসাধারণের দৃষ্টি এই সকল নৃতন ভাবের প্রতি আক্লষ্ট করিতে মীরাট ষড়যন্ত্রের মামলা অনেক সহায়তা করিয়াছে এবং জগতের বর্ত্তমান সন্ধটের ফলে উহার প্রতি মনোযোগ অধিকতর একাগ্র হইয়াছে। অমুসন্ধানের আগ্রহ, প্রশ্ন ও জিজাসা এবং বর্ত্তমান প্রচলিত প্রতিষ্ঠানগুলির উপর সন্দেহ, সর্ববিত্রই দেখা যায়। মনের হাওয়ার গতি কোন দিকে, তাহা

#### সংঘৰ্ষ

বুঝা যাইতেছে, তবে ইহা এখনও মৃত্যন্দ মলম পবন—অনিশ্চিত, আত্মসম্বিংহীন। কেহ কেহ ফাসিত ভাব লইয়াও নাড়াচাড়া করেন। স্পষ্ট ও নিশ্চিত মতবাদের এখনও অভাব। স্থাতীয়তাবাদীই চিন্তাজগতে স্ব্বাপেকা প্রবল।

যে পর্যন্ত না কতকটা রার্কনৈতিক স্বাধীনতা পাওয়া যায়, ততদিন জাতীয়তাবাদই মৃথ্য প্রেরণার বিষয় থাকিবে, ইহাতে আমার সন্দেহ নাই। এই কারণে অতীত এবং বর্ত্তমানে কংগ্রেসই (কোন কোন শ্রমিক সজ্ম ছাড়া) ভারতে সর্বাপেক্ষা প্রগতিশীল ও তুলনায় বহুগুণে অধিক শক্তিশালী প্রতিষ্ঠান। গত তের বংসরে গান্ধিজীর নেতৃত্বে ইহা জনসাধারণের মধ্যে অপূর্বর জাগরণ আনিয়াছে এবং ইহার মধ্যে বুর্জ্জোয়া মতবাদ সত্বেও, ইহা বৈপ্লবিক উদ্দেশ্য সিদ্ধির সহায়তা করিয়াছে। ইহার প্রয়োজন এখনও শেষ হয় নাই, এবং যতদিন না জাতীয়তাবাদের স্থান সমাজতায়েক প্রেরণা গ্রহণ করে, ততদিন ইহা থাকিবে। অতএব, মতবাদ ও কার্যপদ্ধতির দিক দিয়া ভবিয়্যং উন্লতি ও অগ্রসর বহুল পরিমাণে কংগ্রেসের সহিত্রই সংশ্লিষ্ট থাকিবে, তবে অক্যান্থ উপায়ও যে ব্যবহৃত হইবে না তাহা নহে।

এই সকল কারণে কংগ্রেস পরিত্যাগ করা আমার মতে জাতীয় অভিব্যক্তির প্রধান ধারা হইতে নিজেকে বিচ্ছিন্ন করা, যে শক্তিশালী অস্ত্র আমরা হাতে পাইয়াছি, তাহার তীক্ষতা হ্রাস করা এবং সম্ভবতঃ নিফল বীরুষ প্রকাশ করিয়া শক্তির অপব্যয় করা। তথাপি কংগ্রেস বর্ত্তমানে যে ভাবে গঠিত, তাহাতে তাহার পক্ষে কি কোন আমূল পরিবর্ত্তনমূলক সামাজিক সিদ্ধান্ত গ্রহণ করা সম্ভবপর ? যদি ঐরপ কোন প্রস্তাব ইহাতে উপস্থিত করা হয়, তাহা হইলে ইহা ত্বই বা ততোধিক ভাগে বিভক্ত হইয়া যাইবে, অস্ততঃ বহুসংখ্যক ব্যক্তি ইহার বাহিরে চলিয়া যাইবেন। তবে যদি স্ক্রম্পষ্ট মতবাদের ভিত্তিতে কংগ্রেসের অভ্যন্তরে সংখ্যাগরিষ্ঠ বা সংখ্যালিষ্ঠি শক্তিশালী ও সম্ভবদ্ধ দল কোন আমূল পরিবর্ত্তনমূলক সমাজতান্ত্রিক কার্যপ্রপালী গ্রহণ করেন, তবে তাহা অবাস্থনীয় নিশ্চয়ই নহে।

কিন্তু বর্ত্তমানে কংগ্রেস অর্থই গান্ধিজী। তিনি কি করিবেন ? সময় সময় মতবাদের দিক দিয়া তিনি আশ্চর্য্যরূপে পশ্চাৎপদ; অথচ কার্য্যক্ষেত্রে আধুনিক ভারতে তিনি সর্ব্বশ্রেষ্ঠ বৈপ্লবিক। তাঁহার ব্যক্তিত্ব অনগ্রসাধারণ, প্রচলিত মাপকাঠি দিয়া তাঁহাকে বিচার করা যায় না, ক্যায়শান্ত্রের সাধারণ স্থ্রেও তাঁহার উপর প্রয়োগ করা যায় না। কিন্তু তিনি অন্তরে বৈপ্লবিক, এবং ভারতের রাজনৈতিক

#### জওহরলাল নেহরু

স্বাধীনতালাভের জন্ত সম্বল্পবন্ধ,—রাজনৈতিক স্বাধীনতা লাভ না হওয়া পর্যন্ত তিনি নিরলসভাবে কর্ম করিবেন। এই চেষ্টায় গণশক্তি স্বধিকতর উদ্বোধিত হইবে এবং তিনি নিজেও ধীরে ধীরে সমাজতান্ত্রিক লক্ষ্যের দিকে মগ্রসূর হইবেন বলিয়া আমি কিছু ভরদা রাখি।

ভারতীয় ও বৈদেশিক ক্মানিষ্টরা বছবৎসর ধরিয়া গান্ধিজী ও কংগ্রেসকে তীব্রভাবে আক্রমণ এবং কংগ্রেসের নেতাদের উদ্দেশ্যের উপর সর্ববিধ হীন অভিসন্ধি আরোপ করিয়া আসিতেছেন। কংগ্রেসের মতবাদ সম্পর্কে তাঁহাদের আহুমানিক সমালোচনার কোন কোন অংশে যোগ্যতার পরিচয় পাওয়া যায় এবং পরবর্তী ঘটনায় স্মনেকগুলির যৌক্তিকতাও প্রতিপন্ন হইয়াছে। ভারতীয় রাজনৈতিক ष्परष्टा मन्भर्क अथम निरक कम्यानिष्टेशन या विश्वयन कत्रियां हिलन, তাহা আশ্র্যারপে সত্যে পরিণত হইয়াছে। কিন্তু সমালোচনাম্থে তাঁহারা তাঁহাদের সাধারণ নীতি হইতে বিস্তীর্ণ বর্ণনার ভূমিতে অবতীর্ণ হন, বিশেষভাবে কংগ্রেসের নির্দিষ্ট কার্য্য বিলেষণ করিতে প্রবৃত্ত হন, তখনই তাঁহারা লক্ষ্যভ্রষ্ট হইয়া পড়েন। ভারতে কম্যুনিষ্টদের সংখ্যাল্লতার ও প্রভাব প্রতিপত্তি না হইবার অক্সতম কারণ এই যে, বৈজ্ঞানিকভাবে কম্যানিজম সম্পর্কে প্রচার ও অপরকে স্বমতে আনিবার চেষ্টা না করিয়া তাঁহারা প্রধানতঃ অপরকে গালি দিতেই অধিকতর উৎসাহ প্রদর্শন করেন। ইহাই প্রতিক্রিয়া মূথে তাঁহাদের ঘোরতর অনিষ্ট দাধন করিয়াছে। ইহাদের অগিকাংশই শ্রমিকদের মধ্যে কাজ করিয়া থাকেন এবং শ্রমিকদের চিত্তজন্ম করিবার পক্ষে ক্ষেকটি বাঁধাবুলিই ষথেষ্ট। কিন্তু কতকগুলি বুলি বা জয়ধ্বনি দিয়া শিক্ষিত বৃদ্ধিজীবীদের ভূলান যায় না। তাঁহারা বৃঝিতে পারেন না যে, বর্ত্তমানে মধাশ্রেণীর বৃদ্ধিজীবী শিক্ষিত ব্যক্তিরাই ভারতের সর্ববিধান বৈপ্লবিক শক্তি। গোঁড়া কম্ানিষ্টদের অপেকা না করিয়াই বছ বৃদ্ধিমান ব্যক্তি ক্যানিজম-এর দিকে আরুষ্ট হইয়াছেন এবং তথাপি তাঁহাদের মধ্যে ব্যবধান রহিয়াছে।

কম্যনিষ্টদের মতে কংগ্রেসের নেতাদের উদ্দেশ্য হইল, জনসাধারণ কর্তৃক গভর্ণমেন্টের উপর চাপ দিয়া ভারতীয় মৃলধনী ও জমিদারদের স্বার্থসিদ্ধির জন্ম কল-কারথানা ও বাণিজ্যের স্থবিধা আদায় করা। কংগ্রেসের কাজ হইল, "রুষক, কারথানার শ্রমিক ও নিম্ন মধ্যশ্রেণীর রাজনৈতিক ও অর্থনৈতিক অসম্ভোষকে বোম্বাই, আহম্মদাবাদ ও কলিকাতার ধনীদের রথে জুড়িয়া দেওয়া।" কথিত হয় যে, ভারতীয় ধনীরা

## **ज्ञार्थर्थ**

পশ্চাতে থাকিয়া কংগ্রেসের কার্য্যকরী সমিতিকে গণ-আন্দোলন পরিচালনা করিবার আদেশ দেন। অধিকস্ক কংগ্রেসের নেতারা ব্রিটিশগণ চলিয়া যান ইহা চাহেন না, তাঁহাদের সাহায্যে ক্ষ্ণিত জনসাধারণকে আয়ত্তের মধ্যে রাথিয়া শোষণ করিতে চাহেন; ভারতের মধ্যশ্রেণী এই কাজে নিজেদের সম্যুক্ত প্রেদ্শী বলিয়া মনে করেন না।

শক্তিমান ক্মানিষ্ট্রগণ এই প্রকার আজগুণী বিশ্লেষণে বিশ্বাস করেন, ইহা অতি আশ্চর্য্য কথা এবং এই প্রকার বিশ্বাদের জন্মই তাঁহারা ভারতবর্ষে ব্যর্থকাম হইয়াছেন, তাহাতে বিস্মিত হইবার কিছু নাই। তাঁহাদের আসল ভুল হইল, তাঁহারা ভারতের জাতীয় আন্দোলনকে ইউরোপীয় শ্রমিক আন্দোলনের মাপকাঠিতে বিচার করেন; সেখানে শ্রমিক আন্দোলনের প্রতি শ্রমিক নেতাদের বিশাস্ঘাতকতার দৃষ্টাস্তে তাঁহারা অভ্যন্ত বলিয়া সেই উপমানগত সাদৃশ্য ভারতেও প্রয়োগ করেন। ভারতীয় জাতীয় আন্দোলন শ্রমিক আন্দোলনও নহে, কুষক শ্ৰমিক বुखिकोवीरात ( প্রালেটারিয়ান ) আন্দোলনও নহে। ইহা যে বুর্জোয়া আন্দোলন, নামেই তাহার প্রমাণ এবং ইহার উদ্দেশ্য একাল পর্য্যন্তও রাজনৈতিক স্বাধীনতা, সামাজিক শুরবিভাস ব্যবস্থার পরিবর্ত্তন নহে। এই উদ্দেশ্য প্রয়োজনাত্মরূপ ব্যাপক নহে বলিয়া সমালোচনা করা যাইতে পারে এবং জাতীয়তাবাদকেও বর্ত্তমান কালের অন্থপযোগী वना यारेट भारत । किन्न आत्मानतत्र मृत ভिত্তিকে भानिया नरेल, নেতার৷ ভূমিসংক্রান্ত ব্যবস্থা ব্রথবা গণতান্ত্রিক ব্যবস্থা উন্টাইবার চেষ্টা করেন না বলিয়া তাঁহারা জনসাধারণের প্রতি বিশাসঘাতকতা করিয়াছেন, একথা বলা অযৌক্তিক। তাঁহারা এরপ কথা কথনও ঘোষণা করেন নাই। কংগ্রেসের মধ্যে এমন অনেকে আছেন,—বাঁহাদের সংখ্যা ক্রমেই বাড়িতেছে,—ধাঁহারা ভূমিদংক্রাপ্ত ও ধনতান্ত্রিক ব্যবস্থা পরিবর্ত্তন করিতে চাহেন, কিন্তু তাঁহাদের কংগ্রেসের নামে কিছু বলিবার অধিকার নাই।

ইহ। সত্য যে, ভারতের ধনী সম্প্রদায় (বড় জমিদার বা তালুকদারগণ নহেন) জাতীয় আন্দোলনের ফলে প্রচুর লাভবান হইয়াছেন; ব্রিটিশ ও বিদেশী বর্জন ও স্থদেশী প্রচারের ফলে তাঁহাদের স্থবিধা হইয়াছে। কিন্তু ইহা অপরিহাধ্য। জাতীয় আন্দোলন মাত্রেই দেশীয় শিল্পের উৎসাহ দান এবং বিদেশী বর্জন প্রচার করিয়া থাকে। কার্য্যক্ষেত্রে দেখা যায়, যথন নিরুপদ্রব প্রতিরোধ আন্দোলন চলিতেছে এবং আমরা ব্রিটিশ পণ্য বর্জন আন্দোলন চালাইতেছি, তথন বোম্বাইয়ের

#### জওহরলাল নেহরু

কাপড়ের কলের মালিকেরা ল্যাগ্বাশায়ারের সহিত চুক্তি করিবার স্পর্ধা দেখাইয়াছিল। কংগ্রেসের দৃষ্টিতে ইহা জাতীয় উদ্দেশ্যের প্রতি অতি জঘন্য বিশাসঘাতকতা এবং উহাকে এরপেই অভিহিত করা হইয়াছিল।, যখন আমরা অধিকাংশই কারাক্তন্ধ, তথন বোদ্বাইয়ের কলওয়ালাদের প্রতিনিধি ব্যবস্থা পরিষদে বারম্বার কংগ্রেস ও চরমপদ্বীদের নিশা করিয়াছেন।

গত কয়েক বংসরে ভারতবর্ষে ধনী সম্প্রদায় যাহা করিয়াছেন, তাহা কলছকর সন্দেহ নাই। এমন কি, জাতীয়তাবাদ ও কংগ্রেসের দৃষ্টিতেও তাহা গর্হিত। ওট্টাওয়া চুক্তিতে সাময়িকভাবে অল্পসংথাক ব্যক্তি লাভবান হইয়াছেন বটে, কিন্তু মোটের উপর ইহাতে ভারতীয় শিল্প-বাণিজ্যের ক্ষতিই হইয়াছে এবং ইহাকে ব্রিটিশ মূলধন ও বাণিজ্যের পশ্চাতে স্থান দেওয়া হইয়াছে। ইহা ভারতীয় জনসাধারণের পক্ষে অনিষ্টকর এবং যথন সংঘর্ষ চলিতেছিল, যথন বহু সহস্র ব্যক্তি কারাগারে, তথন এই চুক্তির কথাবার্তা চলিয়াছিল। ফলে প্রত্যেকটি ঔপনিবেশিক বাষ্ট্র ইংলওের নিকট হইতে মোটা রকম সর্ত্ত আদায় করিয়া লইয়াছে এবং ভারতবর্ষ কেবল দাতার আসন পাইবার সৌভাগ্য লাভ করিয়াছিল। গত কয়েক বংসর, আর্থিক ভাগ্যাছেয়ীয়া ভারতবর্ষের সর্ব্বনাশ করিয়া সোনা ও রূপার অবৈধ ব্যবসায় চালাইয়াছে।

বড় জমিদার ও তালুকদারেরা গোলটেবিল .বৈঠকে সম্পূর্ণরূপে কংগ্রেসের বিরুদ্ধতা করিয়াছে এবং নিক্রপদ্রব প্রতিরোধ আন্দোলনকালে তাহারা প্রকাশভাবে নিজেদের গভর্গমেটের পক্ষীয় ঘোষণা করিয়া আমাদের আক্রমণ করিয়াছে। ইহাদেরই সহায়তায় বিভিন্ন প্রদেশে গভর্গমেট নানাবিধ অর্ডিগ্রান্স আইনসভাগুলিতে পাশ করাইয়া লইয়াছেন। যুক্তপ্রদেশের ব্যবস্থাপক সভায় অধিকাংশ জমিদার সদস্যই নিরুপদ্রব প্রতিরোধ আন্দোলনের বন্দাদের মুক্তি-প্রস্থাবের বিরুদ্ধে ভোট দিয়াছিলেন।

জনসাধারণের চাপে পড়িয়া ১৯২১ ও ১৯৩০-এ গান্ধিজী দৃশ্রতঃ আক্রমণমূলক আন্দোলন করিতে বাধ্য হইয়ছিলেন, এইরপ কথা সর্বৈব ভূল। অবশ্র জনসাধারণের মধ্যে চাঞ্চল্য ছিল, কিন্তু গান্ধিজীই তাহাতে গতিবেগ সঞ্চার করিয়াছিলেন। ১৯২১-এ তিনি প্রায় একক চেষ্টায় কংগ্রেসকে অসহযোগ গ্রহণ করিতে প্রবৃত্ত করিয়াছিলেন। তিনি যদি কোন প্রকারে বাধা দিতেন, তাহা হইলে ১৯৩১-এ প্রত্যক্ষ সংঘর্ষমূলক কোন আক্রমণশীল আন্দোলন অসম্ভব হইত।

ইহা অত্যন্ত হুর্ভাগ্যের কথা যে, এমন নির্ব্বোধ ও অনভিজ্ঞ ব্যক্তিগত

#### সংঘর্য

সমালোচনা করা হয়, যাহাতে মূল বিষয় হইতে দৃষ্টি লক্ষ্যন্ত্রই হইয়া পড়ে।
"গান্ধিজীর সদিচ্ছাকে আক্রমণ করা আত্মঘাতী চেষ্টা মাত্র, কেন না,
লক্ষ কোটি ভারতবাসীর দৃষ্টিতে তিনি সত্যের জীবন্থ বিগ্রহ। তাঁহাকে যাহারা
জানেন, তাঁহারাই বলিবেন, কি ঐকান্তিক আগ্রহে তিনি সত্ত ম্যায্য কাজ
করিবার জন্ম চেষ্টা করিয়া থাকেন।

কম্যানিষ্টগণ বড় বড় সহরে কারখানার শ্রমিকদের সহিত মেলামেশা করিয়া থাকেন। পল্লী-অঞ্চলের সহিত তাঁহাদের সংস্পর্শ বা অভিজ্ঞতা नारे विनातरे रहा। कात्रशानात अभिकासत अक्रय कम नार वाद धारिकारक তাহা আরও বৃদ্ধি পাইবে। কিন্তু তাহাদের স্থান কৃষকদের পশ্চাতে, কেন না ভারতের প্রধান সমস্তাই কৃষক সমস্তা। পক্ষাস্তরে, কংগ্রেস কম্মীরা পল্লী-অঞ্চলেই ছড়াইয়া আছেন এবং স্বাভাবিক ভাবেই কংগ্ৰেস এক বৃহৎ রুষক প্রতিষ্ঠানে পরিণত হইবে। রুষকেরা আশু অভিপ্রায় সিদ্ধ इंटरल कमाि दिवश्रविक मर्तां जांव रमथारेश थारक व्यवः जिवशुरु ভারতেও নগর বনাম পল্লী, কার্থানার শ্রমিক বনাম ক্লমক সমস্তা দেথ' দিবে। বহুসংখ্যক কংগ্রেস নেতা ও কন্মীর সহিত আমার ঘনিষ্ঠ ভাবে মিশিবার স্থাবেগ হইয়াছে; এবং ইহাপেক্ষা উৎকৃষ্টতর নরনারীর সঙ্গণভের জন্ম আমার চিত্তে কোন আকাজ্ঞা নাই। তথাপি ইহাদের সহিত আমি অনেক মূল বিষয়ে ভিন্ন মত অবলম্বন কবিয়াছি যাই। আমার নিকট স্বতঃসিদ্ধ: তাহ। ইহারা বৃঝিতে বা অত্নভব করিতে পারিতেছে না দেথিয়া আমি বিষয় হইয়াছি। ইহা বুদ্ধির অভাব নহে, আমরা স্বতম্ব মতবাদের ক্ষেত্রে বিচরণ করি বলিয়া। এই সীমারেথা সহসা ভতিক্রম করা কত কঠিন! প্রত্যেকের স্বগঠিত জীবনের দার্শনিক ভিত্তি স্বতম্ত্র; এবং তাহার মধ্যে আমরা অজাতদারেই বদ্ধিত হই। অপরপক্ষকে দোষ দেওয়া নিক্ষন। সমাজতন্ত্রবাদ, জীবন ও তাহার সমস্তা সম্পর্কে এক নিশ্চিত মনস্তাত্ত্বিক দৃষ্টিভঙ্গীর অপেক্ষা রাথে। ইহা ন্যায়শান্ত্রের বাঁধা রাস্তায় हाल मा। तोकिक छन, भिका मौका, अठी ठित अनुष्टे প্রভাব ও বর্ত্তমান পারিপার্ধিক অবস্থার উপর এই দৃষ্টিভঙ্গী বহুল পরিমাণে নির্ভর করে। জীবনের অতি তিক্ত অভিজ্ঞতা ও শিক্ষা আমাদিগকে नुजन পথে ঠেলিয়া দেয় এবং পরিণামে আরও কঠোরতর অবস্থার মধ্যে ফেলিয়া আমানিগকে স্বতম্বভাবে চিন্তা করিতে শিথায়। হয় ত বা আমরা এই পরিণতির পথে কিছু সাহায্য করিতে পারি। এবং হয় ত বা—"নিয়তিকে এড়াইবার জন্ত মাত্র্য যে পথ গ্রহণ করে, সেই পথেই ্নিয়তি তাহার সমুথে উপস্থিত হয়"।

# ধর্ম কি?

১৯৩২-এর সেপ্টেম্বর মাদের মধ্যভাগে আমাদের শান্তিপূর্ণ বৈচিত্রাহীন কারাজীবনের দৈনন্দিন কার্যপ্রণালী সহসা এক বজুাঘাতে বিপর্যন্ত হইয়া পেল। মিঃ রামজে ম্যাকডোনাল্ড প্রদন্ত সাম্প্রদায়িক বাঁটোয়ারার, অমুম্বত শ্রেণীগুলির জন্ম পৃথক নির্কাচন পদ্ধতির প্রতিবাদেররূপ গান্ধিজী "মৃত্যুপণে অনশন" করিবার জন্ম সহল্ল করিয়াছেন। লোককে মন্মাহত করিবার তাঁহার কি আশ্রুর্য ক্ষমতা! সহসা নানাবিধ চিন্তায় আমার মন্তিম্ব ভারাক্রান্ত হইয়া উঠিল, মনের মধ্যে নানা সম্ভাবনা ও অনিশ্বিত আশন্ধা ভাসিয়া উঠিল, এবং আমি সম্পূর্ণরূপে স্থৈয় হারাইলাম। তুইদিন আমি অন্ধ্রকারের মধ্যে কোন আলোক দেখিতে পাইলাম না। গান্ধিজীর কার্য্যের পরিণাম চিন্তা করিয়া আমার হৃদয় দমিয়া গেল। বাক্তিগত আকর্ষণণ্ড স্বত্যন্ত প্রবল এবং হয় ত তাঁহার সহিত আর দেখা হইবে না ভাবিয়া আমি অত্যন্ত যাতনা অমুভব করিতে লাগিলাম। এক বংসর পূর্ব্বে ইংলপ্ত যাত্রার প্রাকালে তাঁহার সহিত আমার শেষ দেখা হইয়াছিল। তাহাই কি সর্বাশেষ দেখায় পরিণত হইবে?

নির্বাচনের মত একটা সামাত্য বিষয় লইয়া তিনি চরম আয়োৎসর্গ করিতে উদ্যত হইয়াছেন, ইহাতে তাঁহার উপর আমার বিরক্তিও হইল। আমাদের স্বাধীনতা আন্দোলনের পরিণাম কি হইবে? অন্ততঃ সাময়িক ভাবেও বৃহত্তর সমস্তাগুলি কি চাপা পড়িয়া যাইবে না । যদি তাঁহার আশু উদ্দেশ্য সফল হয়, যদি অনুন্নত শ্রেণীদের যুক্ত নির্বাচনের অধিকার স্বীকৃত হয়, তাহা হইলে তাহার প্রতিক্রিয়ার ফলে কি অনেকেই, কিছু সাফল্য লাভ করিয়াছি, অতএব এখন আর কিছু করিবার প্রয়োজন নাই, এই ধারণার বশবর্তী হইয়া পড়িবে না । তাঁহার এই কার্য্যের ফলে কি সাম্প্রদায়িক বাঁটোয়ারা এবং গভর্গমেণ্ট কর্ত্বক প্রস্তুত শাসনতন্ত্রের পরিক্রনাগুলি স্বীকার ও গ্রহণ করা হইবে না । ইহার সহিত অসহযোগ ও নিরুপদ্রব প্রতিরোধের কি সন্ধতি আছে । এত ত্যাগ স্বীকার করিয়া এত সাহসিক প্রচেষ্টার পর আমাদের আন্দোলন কি বিশীর্ণ হইয়া অবশেষে তুচ্ছ ব্যাপারে পর্যাবসিত হইবে ।

# ধর্ম কি ?

তাঁহার রাজনৈতিক ব্যাপারে ধর্ম ও ভাবপ্রবণতার অবতারণা এবং এই সম্পর্কে প্রায়ই ঈশবের আদেশ উল্লেখে আমার তাঁহার উপর অত্যন্ত রাগ হইল। এমন কি তিনি এমন কথাও বলিলেন যে, ঈশব তাঁহার উপবাদের দিন পর্যান্ত নির্দিষ্ট করিয়া দিয়াছেন। কি ভয়ত্বর দৃষ্টান্ত তিনি স্থাপন করিতেছেন!

যদি বাপুর মৃত্যু হয় ? তথন ভারতবর্য কিরূপ হইনে ? ভারতের রাজনীতি কি আকার ধারণ করিবে ? এই চিন্তায় আমার হৃদয় নৈরাজ্যে ভরিয়া উঠিল। ভবিশুং অন্ধকারময় ও নীর্দ মনে হইতে লাগিল।

যিনি এই বিপর্যায়ের কারণ তাঁহার প্রতি প্রেম ও অসহায় ক্রোধে, চিন্তার পর চিন্তায় আমি আচ্ছন্ন হইয়া উঠিলাম, আমার মন্তিক্ষ বিশৃষ্থল হইয়া গেল! কি করিব ভাবিয়া পাইলাম না, আমার মেজাজ নিগড়াইয়া গেল, সকলের উপর রঢ় হইয়া উঠিলাম, সর্কোপরি নিজের উপরই বেশী রাগ হইতে লাগিল।

তাহার পর এক আশ্চর্যা ভাবাস্তর ঘটিল। ভাবোনাদনার অবসানে আমি শাস্ত হইয়া দেশিলাম, ভবিয়ৎ তত অন্ধকারময় নহে। সঙ্কটের মূহুর্ত্তে সমাক্ভাবে কার্যা করিবার বাপুজীর এক আশ্চর্যা কুশলতা আছে। আমার মতে যদিও তাহার যৌক্তিকতা নির্দ্ধারণ অসম্ভব, তথাপি এমনও হইতে পারে যে, তাঁহার কার্যা এমন মহং ফল প্রসব করিবে যে. যাহা ঐ নির্দ্দিন্ত সঙ্কীর্ণ সীমার মধ্যে আবন্ধ থাকিবে না, আমাদের জাতীয় আন্দোলনের ব্যাপক ক্ষেত্রেও তাহা প্রতাক্ষ হইয়া উঠিবে। যদি বাপুর মৃত্যুও হয়, তাহা হইলেও আমাদের জাতীয় আন্দোলন চলিবে। অতএব, যাহাই ঘট্ক না কেন, প্রত্যেকরই তাহার জন্ম প্রস্তুত থাকা উচিত। এমন কি, গান্ধিজীর যদি মৃত্যুও হয়, তাহা হইলেও পরাশ্ব্যুথ হইব না, এই ভাবে মনকে প্রস্তুত করিলাম। আমি শাস্তভাবে আত্মসম্বরণ করিয়া জগতের সম্মুখীন হইবার জন্ম প্রস্তুত হইলাম।

তারপর দেশব্যাপী বিরাট আলোড়নের সংবাদ আসিল, সমস্ত হিন্দু সমাজ যেন যাত্মন্ত্রে জাগিয়া উঠিল, মনে হইতে লাগিল যেন অস্পৃখ্যতার অন্তিমকাল উপস্থিত। আমি ভাবিতে লাগিলাম, এরোডা জেলে উপবিষ্ট এই ক্ষীণ মাহুষটি কি আশ্চর্য্য যাত্কর, কি নিপুণ ভাবে স্থত্র আকর্ষণ করিয়া তিনি জনগণচিত্ত অভিত্বত করিতেছেন।

তাঁহার নিকট হইতে আমি একথানি ফার পাইলাম। আমার কারাদণ্ডের পর তাঁহার নিকট হইতে এই প্রথম সংবাদ আসিল, দীর্ঘকাল পরে তাঁহার এই তার পাইয়া স্থুখী হইলাম। তারে তিনি লিখিয়াছেন,—

#### ज्ञहत्रनान (नर्क

"এই করনিদের যাজনার মধ্যেও তুনি আমার বনককুর সকুৰে রহিন্নাছ। তোনার মতামত লানিবার অভ্য আমি অভ্যত্ত উৎকৃতিত হইরাছি। তোনার মত আমার নিক্ট কত মূল্যবান, তাহা তুনি আন। ইন্দুও বরপের ছেলেমেরের সহিত দেখা হইরাছে। ইন্দুকে বেশ ধুনী মনে হইল, তাহার শরীরও একটু যোটা হইরাছে। আনি ভালই আছি। তারে উত্তর দাও। ভালবাদা আনিও।"

ইহা অন্যসাধারণ, কিন্তু ইহাই তাঁহার চরিত্রগত বৈশিষ্ট্য। অনশনক্লেশে এবং অন্যান্ত অনেক কাজের মধ্যেও তিনি আমার কল্পা ও ভাগিনেয় ভাগিনেয়ীদের দাক্ষাতের কথা উল্লেখ করিয়াছেন, এমন কি ইন্দিরা ষে একটু মোটা হইয়াছে, তাহাও উল্লেখ করিতে ভূলেন নাই। (আমার ভগ্নীও তখন জেলে, এই দব ছেলেমেয়ের। পুণার স্কুলে পড়িত। জীবনের অতি ছোটখাট ব্যাপারও তিনি ভোলেন না এবং তাহা কত হৃদয়গ্রাহী!

নির্বাচন-প্রথা লইয়া আপোষ হইয়া গিয়াছে, সে সংবাদও আসিল। জেলের স্থপারিণ্টেণ্ডেণ্ট আমাকে গান্ধিজীর তারের উত্তর দিতে সম্মতি দিয়া যথেষ্ট সৌজন্ম প্রদর্শন করিলেন। আমি তাঁহার নিকট নিম্নলিখিত তার করিলাম।

"আপনার তার এবং আপোষ হইয়া গিয়াছে এই সংবাদে আমি আনন্ত্রিত ও আরম্ভ হইলাম। আপনার উপবাদের সঙ্কলের কথা শুনিয়া আমি মর্দ্মাহত ও বিভ্রাম্ভ হইয়াছিলাম। যাহা হউক, অবশেবে আশার উপর নির্ভর করিয়া আমার মন শাস্ত হইয়াছিল। নির্যাতিত পদদলিত শ্রেনীর জন্ত কোন ফার্থত্যাগই বড় নহে। স্বাধীনতাকে সর্পনিয়তনের স্বাধীনতা দিয়াই বিচার করিতে হইবে, কিন্ত অভ্যান্ত সমস্তায় আমাদের লক্ষ্য অস্প্ত ইইয়া উঠিতে পারে এই আশহা করিতেছি। ধর্মের দিক দিয়া বিচার করিতে আমি অক্ষম। আশহা হয়, আপনার প্রদর্শিত উপায়ের স্থবিধা অপরে শ্রহণ করিবে; কিন্তু যাত্রকরকে আমি কি উপদেশ দিব। প্রণাম জানিবেন।"

পুণায় সম্পিলিত বিভিন্ন শ্রেণীর লোকেবা একথানা চুক্তিপত্তে স্বাক্ষর করিলেন। ব্রিটিশ প্রধান মন্ত্রী অতি অস্বাভাবিক ক্রুততার সহিত তাহা স্বীকার করিয়া লইলেন। এবং তদমুসারে তাঁহার বাঁটোয়ারার পরিবর্ত্তন করিলেন। উপবাস ভঙ্গ হইল। এই শ্রেণীর চুক্তি ও আপোষ আমি অত্যম্ভ অপছন্দ করি; কিন্তু উহার বিষয়বস্তু বাদ দিয়াও পুণা-চুক্তি আমি গ্রহণ করিলাম।

উত্তেজনার অবসানে আমরা পুনরায় জেলের দৈনন্দিন কর্মধারার অন্নসরণে প্রবৃত্ত হইলাম। হরিজন আন্দোলন ও জেল হইতে গান্ধিজীর কার্যাপছাতির সংবাদ আনাদের নিকট ফ্লাসিল, আমি এই ব্যাপারে স্থী হইলাম না। মন্দভাগ্য নির্যাতিত শ্রেণীর উন্নতি সাধন ও অস্পৃত্ততা বর্জন আন্দোলনে অপূর্ব শক্তি সঞ্চারিত হইল সন্দেহ নাই—ইহা চুক্তির ফল নহে, দেশব্যাপী

## 44 47

উৎসাহের ফল। ইহাকে সাদরে গ্রহণ করাই কর্ত্তব্য। কিছু ইহাও নিঃসন্দেহ বে, নিরুপদ্রব প্রতিরোধ আন্দোলনের অনিষ্ট হইল। দেশের দৃষ্টি বিষয়ান্তরে চলিয়া গেল এবং অনেক কংগ্রেসকর্মী হরিজন আন্দোলনে যোগ দিলেন। সম্ভবতঃ, এই সকল ব্যক্তি নিরাপদ ক্ষেত্রে কাজ করিবার অছিলা খুঁজিতেছিলেন, যাহাতে কারাগমন অথবা ততোধিক মন্দ যঞ্চিপ্রহার ও সম্পত্তি বাজেয়াপ্তের ভয় নাই। ইহা স্বাভাবিক, সহস্র সহস্র কর্মী প্রত্যেকেই সর্বদা তীব্র হংখভোগ ও ভিটামাট উচ্ছন্ন হইবার জন্ম প্রস্তুত্র থাকিবে, ইহা প্রত্যাশা করা অন্যায়। তথাপি আশাদের বিরাট আন্দোলনের এই ক্রমাবনতি লক্ষ্য করা বড় বেদনাজনক। যাহা হউক, নিরুপদ্রব প্রতিরোধ আন্দোলন চলিতে লাগিল এবং মাঝে মাঝে ১৯৩৩-এর মার্চ্চ-এপ্রিলে কলিকাতা কংগ্রেসের মত দৃশ্যমান ব্যাপারও ঘটত। গান্ধিজী তথন এরোডা জেলে—তাহাকে হরিজন আন্দোলন সম্পর্কে নির্দেশ দিবার এবং লোকজনের সহিত দেখা করিবার স্থ্যোগ স্থবিধা দেওয়া হইয়াছিল। যাহা হউক, ইহার ফলে তাহার কারাগারে অবস্থিতিজনিত দেশের চিত্তবেদনা অনেকাংশে উপশ্যিত হইল। এই সকল দেখিয়া আমি বিষাদগ্রন্ত হইলাম।

কয়েক মাদ পরে, ১৯০৩-এর মে মাদে, গান্ধিজী তাঁহার একুশ নিন উপবাদ আরম্ভ করিলেন। প্রথম সংবাদ পাইয়াই আমি প্নরায় মর্মাহত হইলাম, কিন্তু আমি নিজেকে প্রস্তুত করিয়া রাপিয়াছিলাম এবং অপরিহার্য্য ঘটনার মত ইহাকে গ্রহণ করিলাম। আমার নিকট এই শ্রেণীর উপবাদ হর্কোধা ব্যাপার, এবং দক্ষল গ্রহণের পূর্বে আমার মত জানিতে চাহিলে আমি নিশ্চয়ই দৃঢ়তার সহিত ইহার বিরুদ্ধে মত দিতাম। গান্ধিজীর বাক্যের কি মূল্য তাহা আমি জানি, তাঁহাকে দক্ষল্লচ্যত করাইবার চেষ্টা আমার নিকট অত্যন্ত অন্থায় বলিয়া মনে হইল। এই শ্রেণীর ব্যক্তিগত ব্যাপারের গুরুত্ব তাঁহার নিকট অনেক বেশী। অতএব হৃঃধবোধ করিলেও আমি ইহা দহ্ করিলাম।

উপবাস আরম্ভ করিবার কয়েকদিন পূর্ব্বে তিনি আমার নিকট তাঁহার বিশিষ্ট ভঙ্গীতে একথানি পত্র লিখিলেন, পত্র পাইয়া আমি অভিভূত হইলাম। তিনি আমার নিকট উত্তর চাহিয়াছিলেন বলিয়া আমি নিম্নলিখিত তার করিলাম।

আপনার পত্র পাইলাম। যে বিষয় আমি বুঝি না, সে সম্বন্ধে কি বলিব ? আমি ষেন কোন অজাতদেশে হারাইয়া পিয়াছি, সেখানে আপনিই একমাত্র পরিচিত স্থান, আর আমি অজকারে হাতড়াইয়া অগ্রসর হইতেছি, কিন্তু পদখলন হইতেছে। যাহাই ঘটুক, আমার অফুরাগ ও চিন্তা আপনারই অভিমুখীন হইয়া রহিল।

## ज अर्जनांग (नर्ज

একদিকে তাঁহার কার্য্যে আমার সম্পূর্ণ অসমতি, অক্তদিকে তাঁহাকে আঘাত না করিবার অভিপ্রায়—আমার চিত্তে বন্ধ বাধিল। যাহা হউক আমার মনে হইল, আমি তাঁহাকে উৎসাহ দেই নাই; এখন তিনি যে সহল্প করিয়াছেন, তাহাতে তাঁহার মৃত্যু পর্যন্ত ঘটিতে পারে, অভএব আমার সাধ্যমত তাঁহার গলোষ বিধান করাই কর্ত্বর। সামান্ত ব্যাপারেও মানসিক অবস্থার কত পরিবর্ত্তন হয়, তাঁহাকে বাঁচিবার জন্ত প্রাণপণ চেটা করিতে হইবে। আমি আরও ভাবিলাম, যাহাই ঘটুক না কেন, ত্র্ভাগ্যক্রমে তাঁহার মৃত্যু ঘটিলেও আমরা দৃঢ়হদয়ে তাহা সহ্থ করিব। অতএব, আমি তাঁহার নিকট আর একখানি তার করিলাম;—

আপনি এক্ষণে মহা পরীক্ষার প্রবৃত্ত হইরাছেন। মামি প্ররায় আপনার নিকট প্রেম ও অভিনন্দন জ্ঞাপন করিতেছি: আমি এখন স্পষ্টভাবে ব্বিতেছি, যাহাই ঘটুক, তাহাতে কল্যাণই হইবে এবং আপনার জয় অবধারিত।

তিনি উপবাদ কাটাইয়া উঠিলেন। উপবাদের প্রথম দিনই তাঁহাকে কারাগার হইতে মৃক্তি দেওয়া হইল্ এবং তাঁহার উপদেশে ছয় সপ্তাহের জন্ম নিরুপদ্রব প্রতিরোধনীতি বন্ধ রহিল।

পুনরায় অনশনকালে দেশব্যাপী ভাবাবেগ উথলিয়া উঠিল; পআমি
আশ্চর্য হইয়া ভাবিতে লাগিলাম, রাষ্ট্রক্ষেত্রে ইহা সম্যক উপায় কিনা।
ইহা নিছক ধর্মোয়াদনা এবং ইহার মধ্যে স্পষ্টভাবে চিন্তা প্রত্যাশা করা
যায় না। সমন্ত ভারত অথবা অধিকাংশ ব্যক্তি ভক্তিভরে মহায়ার
দিকে অপলকে চাহিয়া রহিল এবং প্রত্যাশা করিতে লাগিল, তিনি
অলৌকিক কার্যাদ্বারা অস্পৃত্যতা দ্র করিবেন, স্বরাজ লাভ করিবেন
ইত্যাদি। গান্ধিজী অপরকে চিন্তা করিতে উৎসাহ দেন না, তিনি
কেবল পবিত্রতা ও ত্যাগেষীকার চাহেন। তাঁহার প্রতি আমার
আবেগময় আসক্তি সন্তেও আমি অহুভব করিলাম যে, আমি মানসিক
দিক দিয়া তাঁহার নিকট হইতে দ্রে সরিয়া যাইতেছি। বহুবার তিনি
অভ্রান্ত সহজাত বৃদ্ধি লইয়া তাঁহার রাজনৈতিক কার্য্য পরিচালনা
করিয়াছেন। তাঁহার কর্ম্মে জলস্ভ উৎসাহ আছে; কিন্তু বিখাসের
পথ কি জাতিকে শিক্ষা দেওয়ার সত্যপথ সাময়িক ভাবে ইহাতে
হুফল হইলেও পরে কি হইবে প্

হিংসা ও সংঘর্ষের উপর প্রতিষ্ঠিত বর্ত্তমান সমাজ-ব্যবস্থাকে তিনি কি করিয়া স্বীকার করেন, আমি ব্ঝিতে পারি না। আমার মধ্যেও দ্বন্দ চলিয়াছে, তুই পৃথক আন্থগত্যের দো-টানায় আমি ছিন্নভিন্ন হইতেছি। যথন জেলের এই বাধ্যতামূলক বাধা অপসারিত হইবে, তথন আমাকে

## ধর্ম কি ?

বিপদের সমুখীন হইতে হইবে, ইহা নিশ্চয় করিয়া ব্ঝিলাম। আমি
নিজেকে নি:সক ও গৃহহারা মনে করিতে লাগিলাম; এবং এই
ভারতবর্ষ, যাহাকে আমি প্রাণ দিয়া ভালবাসিয়াছি, যাহার সেবায় নিজেকে
নিয়োজিত করিয়াছি, তাহা আমার নিকট আশ্চয় ও বিহরলকর বলিয়া
মনে হইতে লাগিল। আমার স্বদেশবাসীর চিন্তা ও হৃদয়াবেগের মধ্যে
আমি প্রবেশ করিতে পারি না, ভাহা কি আমার দোষ? এমন কি
আমার ঘনিষ্ঠ সঙ্গীদের সহিতও এক অদৃশ্য ব্যবধান অমুভ্ব করি;
হুংথের কথা, আমি তাহা অতিক্রম করিতে না পারিয়া নিজের মধ্যেই
সঙ্কৃতিত হইয়া পড়ি। প্রাচীন জগত, তাহার পুরাতন মতবাদ, আশাআকাজ্র্যা লইয়া তাহাদিগকে যেন আচ্ছয় করিয়া রাখিয়াছে। নবীন
জ্বগত এখনও বহুদ্রে।

"তুইটি জগতের মধ্যে তাহার লক্ষ্যহীন ভ্রমণ ; একটি মৃত, অপরটির জনলাভ করিবার শক্তি নাই ; তাহার মাথা গুঁজিবার ঠাঁই কোথায়!"

কথিত হয়, ভারতবর্ষ দর্ব্বোপরি ধর্মের দেশ। হিন্দু, মুদলমান, শিথ প্রত্যেকেই স্ব স্ব ধর্মবিশাদের গর্ব্ব করিয়া থাকে এবং পরণ্পরের মাথা ফাটাইয়া তাহা প্রমাণ করে। ধর্ম বলিতে যাহা দেখা যায়, ভস্ততঃ প্রণালীবদ্ধ যে ধর্ম আমরা ভারতে ও অক্যান্ত দেশে দেখি, তাহা আমার নিকট বিভীষিকাপ্রদ। আমি প্রায়ই তাহার নিন্দা করি এবং উহা সমূলে উংগাত করিবার ইচ্ছা হয়। সর্ব্বত্রই ইহা অন্ধবিশ্বাস ও প্রতিক্রিয়াশীলতা, যুক্তিহীন মতবাদ ও গোঁড়ামি, কুসংস্কার ও শোষণ এবং কায়েমী স্বার্থরকার প্রশ্রেয় দিয়া থাকে। তথাপি আমি জানি, ইহার মধ্যে এমন অতিবিক্ত কিছু আছে, যাহা মানবচিত্তের গভীর আবেগকে পরিভৃপ্ত করে। নতুবা ইহা সেই বিপুল শক্তি কোথায় পাইল যাহা লক্ষ লক্ষ আর্ত্ত নরনারীকে শান্তি ও সান্থনা দিয়াছে? এই শান্তি কি আজ অন্ধবিশাদের আবরণ, ইহা কি সংশয়সঙ্কুল প্রশ্নের অভাব অথবা ঝটিকাক্ষ্ক সমুদ্র হইতে নিরাপদ বন্দরে উত্তীর্ণ হইবার প্রশান্তি অথবা আরও কিছু বেশী? কোন কোন ক্ষেত্রে ইহা নিশ্চয়ই কিছু বেশী।

কিন্তু প্রণালীবদ্ধ ধর্ম অতীতে যাহাই থাকুক না কেন বর্ত্তমানে ইহা প্রাণহীন বাহু অন্তর্গানের সমষ্টি মাত্র। মিঃ জি, কে, চেষ্টারটন ইহাকে (তাঁহার নিজস্ব মার্কামারা ধর্ম নহে, অপরের!) প্রাচীনযুগের প্রস্তরীভূত জীবদের সহিত তুলনা করিয়াছেন—যাহার নিজস্ব অভ্যন্তরীণ প্রত্যক্লাদি সম্পূর্ণরূপে লুগু হইয়াছে। সম্পূর্ণ বিভিন্ন প্রকার উপাদানে পূর্ণ হইয়া ইহা বাহু আকার বজায় রাথিয়াছে মাত্র। যদিও কোথায়ও

## জওহরলাল নেহর

কোন ম্লাবান কিছু থাকিয়া থাকে, তাহাও নানা আনিষ্কর বর্ত্ত সহিত মিশ্রিত।

এই ব্যাপার কি প্রাচ্য কি পাশ্চাত্য উভয় দেশের ধর্মেই ষ্টিয়াছে।
ইংলিশ চার্চ্চ সম্ভবতঃ এই শ্রেণীর ধর্মের প্রকৃষ্ট উদাহরণ; ধর্ম বলিতে
যাহা ব্যায় উহাতে তাহার কিছুই নাই। এই কথা অন্যান্ত প্রণালীবদ্ধ
প্রটেষ্টান্ট মত সম্বন্ধে থাটে, কিন্তু চার্চ্চ অফ্ ইংলণ্ড আরও অগ্রসর
ইইয়াছে; কেন না দীর্ঘকাল যাবং ইহা রাষ্ট্রের রাজনৈতিক বিভাগের
অস্তর্জ্জ। \*

এই সম্প্রদায়ের মধ্যে অনেক উন্নত-চরিত্র ব্যক্তি আছেন সন্দেহ নাই, কিন্তু এই চার্চ্চ যে ভাবে ব্রিটিশ সাম্রাজ্যবাদের উদ্দেশ্য সাধন করিয়াছে এবং ব্রিটিশ সাম্রাজ্যবাদ ও ধনতন্ত্রের উপর নৈতিক ও খৃষ্টানী আবরণ দিয়াছে, তাহা দেখিলে আশ্চর্য্য হইতে হয়। এশিয়া ও আফ্রিকায়

ক্যাণ্টারবেরীর আর্ক-বিশপ, ১৯৩৪-এর ১২ই ডিনেম্বর, লর্ড সভায় বক্তৃতাপ্রসঙ্গে ১৯১৯-এর মণ্ট-কোর্ড শাসনদংশ্বারের ভূমিকা উল্লেখ করিয়া বলেন— অনেক সময় তাঁছার মনে হইয়াছে যে, ঐ মহান ঘোষণা অগ্র পশ্চাৎ বিবেচনা না করিয়া ক্ষিপ্রভাবে করা হইয়াছিল এবং বৃদ্ধের পর উদারতা প্রকাশ করিবার অবৈধ্যের ফলে উহা ঘটিলেও, যে লক্ষ্য নিক্ষিষ্ট করা হইয়াছে, ভাহা প্রত্যাহার করা যায় না। ইংলিশ চার্চের প্রধান কর্তা ভারতীর রাজনীতি সম্পর্কে এরপ অতিমাত্রায় রক্ষণনীল মনোর্ভিসম্পান, ইহা বিশেষভাবে লক্ষ্য করিবার বিষয়। যাহা ভারতীয় জনমতের নিকট অসম্পূর্ণ মনে হইয়াছিল এবং যাহার ফলে অসহযোগ আন্দোলন ইভ্যাদি সৃষ্টি হইয়াছিল, তাহা আর্ক্ষ-বিশপের নিকট শত্রেধ্যপ্রস্ত্ত এবং উদার" বলিয়া মনে হইল। ইংরাজ শাসকগণের নিকট ইহা অভ্যন্ত প্রতিপ্রদান, এবং হঠকারিতার সহিত প্রকাশিত হইলেও নিজেদের উদারতার জন্ম ভাহারা নিশ্চরই এক আধ্যাদ্ধিক আনন্দ অমুভ্র করিবেম।

<sup>\*</sup> ভারতে চার্চ অফ্ ইংলপ্তের সহিত গভর্ণনেন্টের পার্থকার বৃথিবার উপার নাই।
সরকারী বেতনভোগী (ভারতের রাজস্ব হইতে) পান্ত্রী প্রোহিতের। উচ্চ কর্মচারীদের
মতই সাম্রাজ্যের শক্তির প্রতীক। মোটের উপর, ভারতের রাষ্ট্রক্তেরে চার্চ রক্ষণক্ষীল ও
প্রতিক্রিয়ান্লক শক্তি এবং সাধারণতঃ সমস্ত প্রকার উন্নতি ও সংস্কারের বিরোধী। মোটামুটি
ভাবে পান্তীরা ভারতের অতীত ইতিহাদ, সংস্কৃতি সম্পর্কে গভীর ভাবেই অজ্ঞ. এবং উহা
কি ছিল, বর্ত্তমানে কি ভাহা জানিবার জন্ম তাহারা বিল্পুমাত্র চেষ্টাও করেন না। তাহারা
হিদেনদের পাপ ও দোব দেগাইতেই ব্যন্ত। অবশ্য ইহার ব্যতিক্রম আছে। চার্নি এনভূজ্র
ভারতের একজন অকৃত্রিম বলু, তাহান্ধ অপার প্রেম ও সেবার আগ্রহ সর্ব্বদাই
আনন্দ্রদায়ক। পুণার শ্বষ্টসেবা সজ্যেও কতিপার উন্নত হৃদয় ইংরাজ রহিয়াছেন, তাহাদের ধর্ম
সেবা, মুক্রবীয়ানা নহে এবং তাহারা নিংসার্থভাবে উচ্চপ্রবৃত্তি লইয়া ভারতবাদীর সেবা
করিতেছেন। আরও অনেক ইংরাজ মিশনরীর শ্বৃতি ভারতের শ্বৃতিভারে অক্রর
হইয়া রহিয়াছে।

ব্রিটিশ লুঠন নীভিকে ইহা উচ্চতম নৈতিক আদর্শের দিক হইতে সমর্থন করিতে চেষ্টা করিয়াছে এবং ব্রিটিশ সর্ববদাই ন্থায় কাজ করিতেছে, এই ধারণা জন্মাইয়া দিয়াছে। চার্চ্চই এই শ্রেণীর চোন্থ গ্রায়পরায়ণ মনোভাবের জন্ম দিয়াছে, না, উহাই চা চকে সম্ভব করিয়াছে, তাহা আমি জানি না। ইউরোপের অন্যান্ত স্বল্প ভাগ্যবান জাতি এবং আমেরিকা ইংলগুকে ভণ্ডামির অপবাদ দিয়া থাকে; "বিশ্বানঘাতক এলবিয়ন" একটি অতি পুরাতন বিদ্রূপ, কিন্তু সম্ভবতঃ ব্রিটিশের সাফলো ঈর্ষা হইতেই এই শ্রেণীর অপবাদের উদ্ভব; অন্ত কোন সাম্রাজ্যবাদী শক্তিই ইংলণ্ডের প্রতি লোষ্ট নিক্ষেপ করিতে পারে না, কেন না তাহাদের নিজের কার্যাবলীও অন্তর্মপ গ্লানিজনক। এমন স্চেতনভাবে ভণ্ডামি করিয়া কোন জাতিই অণাধ দঞ্চিত শক্তি লাভ করিতে পারে নাই, যাহা ব্রিটিশ পুন: পুন: প্রদর্শন করিয়াছে। যে শ্রেণীর "ধর্ম" তাহারা অবলম্বন করিয়াছে, তাহা তাহাদের যেথানে নিজেদের স্বার্থের সঙ্গে সংস্রব সেখানে নৈতিক অনুভৃতিপ্রবণতা হ্রাসের সহায়ক হইয়াছে। ব্রিটশ যাহা করিয়াছে, অক্যান্ত দেশের লোক বা জাতি তদপেক্ষা অধিকতর মন্দ ব্যবহার করিয়াছে; কিন্তু ভাহারা ত্রিটিশের ন্যায় নিজেদের লাভের চেষ্টাকে পুণাকশ্ম বলিয়া অত্মভব করিতে সক্ষম হয় নাই। আমরা সকলেই অতি সহজে পরের চোখের ধূলিকণা দেখাইয়া দিতে পারি: কিন্ত নিজেদের চোথের পর্ব্বতও দেখিতে পাই না : কিন্তু ইহাতেও ব্রিটিশের জুড়ি নাই। \*

প্রটেষ্টান্ট মতবাদ নিজেকে নৃতন অবস্থার উপযোগী করিবার জন্ম প্রাচীন ও নবীন উভয়ের ভালগুলি গ্রহণ করিতে চেষ্টা করিয়াছিল। ঐহিক ব্যাপারে ইহা আশ্চর্য্য সাফল্য লাভ করিয়াছে, কিন্তু ধর্ম্মের দিক দিয়া ইহা ব্যর্থ হইয়াছে; প্রণালীবদ্ধধর্মমত হিসাবে ইহা দো-টানায়

<sup>\*</sup> চার্চ্চ অব ইংলাও কি ভাবে ভারতের রাষ্ট্রক্ষেত্র পরোক্ষভাবে প্রভাব বিস্তার করে, তাহার একটি দৃষ্টাস্ত সম্প্রতি আমার নজরে আদিয়াছে। ১৯৬৪-এর ৭ই নভেম্বর কানপুরে আহত যুক্তপ্রাদেশিক গুষ্টান সম্মেলনের অভ্যর্থনা সমিতির সভাপতি মিঃ
ই, ভি, ডেভিড বলিয়াছেন—"গুষ্টান হিসাবে আমরা রাজার প্রতি অনুগত থাকিতে ধর্মাসুশাসনের ছারা বাধ্য, কেন না ভিনি আমাদের ধর্মবিশাসের রক্ষক।" ইহার একয়াত্র অর্থ এই মে, ভারতে ব্রিটিশ সামাজ্যবাদকে সমর্থন করি:ত হইবে। অধিকস্ত মিঃ ডেভিড সিভিল সার্থিস, পুলিশ, প্রভাবিত শাসনতন্ত্র সম্পর্কে ইংলণ্ডের অভিমাত্রার রক্ষণশীলদের মডের সহিত সহামুভ্তি প্রকাশ করিয়াছেন, তাহাদের মতে উহা না থাকিলে ভারতে গুষ্টান মিশনগুলির বিপদ ঘটিতে পারে।

### ज्युर्त्रमाम म्बर्

পড়িয়া ক্রমশঃ ধর্দের পরিবর্ষে ভাবপ্রবণতা এবং বৃহৎ ব্যবসায়ী প্রতিষ্ঠানে পরিণত হইয়াছে। রোমান ক্যাথলিক ধর্ম এই ত্র্ভাগ্য হইতে আত্মরক্ষা করিয়াছে এবং প্রাচীন ভূমির উপরেই দৃঢ়পদে দাঁড়াইয়া আছে; এবং যতদিন এই ভিত্তি থাকিবে, ততদিন ইহার বিনাশ নাই। বর্ত্তমানে পাশ্চাত্য দেশে ইহাই একমাত্র (সীমাবদ্ধ অর্থ) জীবন্ত ধর্ম। একজন রোমান ক্যাথলিক বন্ধু আমার নিকট জেলে, ক্যাথলিক মত ও পোপের ধর্ম সম্বন্ধীয় পত্রাবলী সম্বন্ধে কতকগুলি বই পাঠাইয়াছিলেন, আমি সেগুলি আগ্রহ সহকারে পাঠ করিয়াছি। পড়িতে পড়িতে আমি ব্রিতে পারিলাম, কেন বহুলোক ইহার অহ্বরক্ত। ইস্লাম ও জনসাধারণের মধ্যে প্রচলিত হিন্দুধর্মের মতই ইহা সংশয় ও মানসিক দল্ব হইতে মৃক্ত করিয়া মাহুষ্কে ভবিশ্বৎ জীবনের নিশ্চিত প্রতিশ্রুতি দেয়; ইহজীবনে যাহা জুটিল না, পরজ্বে তাহা পাওয়া যাইবে।

আমার আশকা হয়, এই প্রকার নিরাপদ বন্দরে আশ্রয় গ্রহণ ' করা আমার পক্ষে অসম্ভব; আমি চাই উন্মুক্ত সমুদ্র, তরঙ্গসঙ্গুল, ঝটিকাবিক্ষুর। মৃত্যুর পর কি ঘটে, সেই পারলৌকিক জীবন সম্বন্ধে षामात वित्नव बाधर नारे। এই জीवत्नत ममला छनिरे षामात मनत्क পরিপূর্ণ করিয়া রাথিবার পক্ষে যথেষ্ট। চীনের প্রাচীন পরম্পরাগত ধারা যাহা মূলতঃ নৈতিক অথচ ধর্মের সহিত সম্পর্কহীন কিম্বা আধ্যাত্মিক সংশয়বাদ, উহার প্রতি আমার আকর্ষণ আছে কিন্তু আমি উহা জীবনে প্রয়োগ করিতে প্রস্তুত নহি। "টাও"—অর্থাৎ পথ মানিতে হইবে—জীবনের পথ আমার ভাল লাগে, ইহাকে জানিতে হইবে. বুঝিতে হইবে, ইহাকে ত্যাগ করিয়া নহে গ্রহণ করিয়াই ইহাকে প্রতিষ্ঠা ও উন্নত করিতে ২ইবে। কিন্তু সাধারণতঃ ধর্মের দৃষ্টিভঙ্গী ইহজগতের সহিত সম্পর্কহীন। আমার মতে ইহা স্বম্পষ্ট চিস্তার শত্রু বলিয়াই মনে হয়; নির্বিচারে কতকগুলি অপরিবর্ত্তনীয় ও স্থনিদিষ্ট মত ও ধারণা স্বীকার করিয়া লওয়া এবং তদমুসারে ভাবাবেগ, মনের ও ইন্দ্রিয়ের প্রবণতাকে নিয়ন্ত্রণ করার উপরেই ইহা প্রতিষ্ঠিত। আমি যাহাকে আধ্যাত্মিক বা আত্মিক ব্যাপার বলিয়া মনে করি, ইহা তাহা এড়াইতে চাহে; ভয়, বাস্তব হয় ত ইহার পূর্বনিদিষ্ট ধারণার বিরোধী হইবে। ইহা দঙ্কীর্ণ, পরমত অসহিষ্ণু, ইহা আত্মনিষ্ঠ ও **आञ्च छत्री এবং স্বার্থান্থেমী ও স্থবিধাবাদীরা সহজেই ইহাকে নিজেদের** স্বার্থসিদ্ধির কাজে লাগাইতে পারে।

ধান্দিক ব্যক্তিদের মধ্যে উচ্চতম আধ্যাত্মিক বা নৈতিক জীবন ছিল না, এবং নাই, আমি এমন কথা বলিতেছি না। কিন্তু ইহার অর্থ এই যে, পরলোকের মাপকাঠিতে বিচার না করিয়া যদি ইহজগতের মাপকাঠিতে নীতি ও আধ্যাত্মিকতার পরিমাপ করা যায়, তাহা হইলে ধর্মপ্রবণতা জাতির নৈতিক ও আধ্যাত্মিক উন্নতির কোন সহায়তা করে না, বরং বাধা দিয়া থাকে। ধর্ম সাধারণতঃ ঈশ্বর বা পরমাত্মার সহিত মিলিত হইবার জন্ম অন্নুসন্ধান এবং ধার্মিক ব্যক্তি সমাজের কল্যাণ অপেক। নিজের মৃক্তি লইয়াই ব্যন্থ। নৈতিক আদর্শের সহিত সামাজিক প্রয়োজনের কোন সম্পর্ক নাই। উহা উচ্চাঙ্কের দার্শনিক পাপবাদের উপর প্রতিষ্ঠিত। এই জন্মই প্রণালীবদ্ধ আন্মন্থানিক ধর্ম স্থতাবতঃই কারেমী সার্থরূপে পরিণত হয় এবং অনিবার্যারূপে সমস্থ প্রকার পরিবর্ত্তন ও উন্নতির বিক্লম শক্তিরূপে কার্য্য করিয়া থাকে।

খুষ্টান চার্চ্চ প্রতিষ্ঠার প্রথম দিকে ক্রীতদাসদের সামাজিক উন্নতির জন্ম কোন চেটাই করেন নাই, ইহা সর্বজনবিদিত। অর্থনৈতিক অবস্থার জন্মই মধ্যযুগে ইউরোপে ক্রীতদাসেরা সমস্ত জমিদারদের কৃষি মজুরে পরিণত হইয়াছিল। তুইশত বৎসর পূর্বেও (১৭২৭ সালে) চার্চের মনোভাব কিরূপ ছিল, তাহার প্রকৃষ্ট দূষ্টাস্ত দক্ষিণ আমেরিকার উপনিবেশিক ক্রীতদাসদের মালিকদের নিকট লগুনের বিশপ কর্জ্ক লিখিত একথানি পত্রে স্পষ্টভাবে বুঝা যায়। \*

বিশপ লিথিয়াছিলেন, "খৃষ্টধর্ম অথবা খৃষ্টশিশ্বগণ রচিত সর্ব্বগ্রাসী স্থাসাচার, লৌকিক সম্পত্তি এবং লৌকিক সম্বন্ধর উপর প্রতিষ্ঠিত কর্ত্তবোর কোন পরিবর্ত্তন করিতে চাহে না; এ সকল বিষয়ে প্রত্যেক ব্যক্তিই স্ব স্ব রাষ্ট্রব্যবস্থার নিয়মাধীন। খৃষ্টধর্ম যে স্বাধীনতার কথা বলে, সে স্বাধীনতা পাপ ও শয়তানের কবল হইতে মৃক্তি, কাম কোধাদি ইন্দ্রিয় গ্রাম ও অপরিমিত কামনা হইতে মৃক্তি, কিন্তু তাহাদের বাহ্য অবস্থা যাহাই হউক—দাসই হউক আর স্বাধীনই হউক, বাপ্তাইজ হইয়া খৃষ্টান হইলেও তাহার কোন পরিবর্ত্তনই হইবে না"।

কোন প্রণালীবদ্ধ ধর্মই আজকাল এতটা থোলাখুলি ভাবে অভিমত প্রকাশ করিবে না, কিন্তু মূলতঃ সম্পত্তি ও প্রচলিত সমাজ ব্যবস্থা সম্পর্কে ইহার ধারণা পূর্বের মতই আছে।

এই পত্রধানি রেণহোল্ড নের্রের "মরাল ম্যান এও ইন্মরাল দোদাইটি"
নামক স্থপাঠ্য ও ভাবোদীপক পুত্তক (৭৮৫ খ্রঃ) হইতে উদ্ভ হইয়াছে।

#### জওহরলাল নেহর

শব্দ দারা মনোভাব গোপন করিবার উপায় অত্যন্ত অসম্পূর্ণ এবং একই কথা বিভিন্ন ব্যক্তি নানাভাবে গ্রহণ করে, কিন্তু "রিলিম্বান্" এই শন্দীকে বিভিন্ন ব্যক্তি যত বিভিন্নভাবে ব্যাখ্যা করিয়াছেন, সম্ভবত: আর কোন শব্দের এরূপ বিবিধ ব্যাখ্যা সম্ভব হয় নাই (রিলিজ্যন শব্দের অস্তান্ত ভাষার প্রতিশব্দ ইহার সহিত ব্ঝিতে হইবে )। ধর্ম এই শব্দটি গুনিলে অথবা পাঠ করিলে মনে যে সকল ভাবমৃত্তির উদয় হয়, হয় ত কোন कृष्टे व्यक्तित धात्रभा त्मरे मश्रत्क এक रहेरव ना। এই সকল धात्रभा ख মৃত্তির মধ্যে আচার, অমুষ্ঠান, ধর্মপুত্তক, জনসমাবেশ, কতকগুলি শ্বতঃসিদ্ধ মতবাদ, নৈতিক ধারণা, ভক্তি, ভালবাসা, ভয়, ঘূণা, দয়া, দাক্ষিণ্য, ত্যাগ স্বীকার, কঠোর তপস্থা, উপবাস, ভোজ, প্রার্থনা, প্রাচীন ইতিহাস, বিবাহ, মৃত্যু, পরলোক, দান্ধা, মাথা ফাটাফাটি এইরূপ কত কি আছে। এই সকল বহুতর বিমিশ্র ভাবমূর্ত্তি ও ব্যাখ্যা ছাড়িয়া দিলেও ধর্মের মধ্যে এমন এক তীব্র ভাবাবেগের প্রতিক্রিয়া রহিয়াছে, যাহার ফলে নিরপেক্ষভাবে কোন বিষয় বিচার করা অসম্ভব। ধর্ম শব্দ তাহার মূল অর্থ হারাইয়া ফেলিয়াছে। (যদি কিছু থাকিয়া থাকে) এখন ইহাতে কৈবল চিত্তবিভ্রম উপস্থিত হয় এবং প্রায়শঃই পরস্পর সম্পূর্ণ বিপরীত ব্যাখ্যা 🖣 লইয়া 🤇 তর্ক ও আলোচনা হইয়া থাকে। যদি এই শব্দটি একেবারে বর্জন করিয়া সীমাবদ্ধ অর্থে বাবহার করা যায় এমন কোন শব্দ বাবহার করা যাইত, তাহা इटेल অনেক ভাল হইত, यथा; आखिकादान, नर्मन, नौठि, লোকবাবহার, আধ্যাত্মিকতা, তত্ত্বিজ্ঞান, কর্ত্তব্য, পর্ব্বোৎসব ইত্যাদি। এই সকল শব্দের মধ্যেও অস্পষ্টতা আছে বটে, তাহা হইলেও ইহাদের অর্থ সীমাবদ্ধ, "ধর্মের" মত ব্যাপক নহে। এই সকল শব্দের প্রধান স্থবিধা এই যে. এইগুলি ধর্মশব্দের ন্যায় ভাবাবেগ ও অনুমানের দারা ততটা আচ্চন্ন হয় না। / তাহা হইলে ধর্ম কি ( অস্থবিধা সত্ত্বেও এই শন্ধটিই ব্যবহার করিতে হইতেছে ) ? সম্ভবতঃ ইহা ব্যক্তির অন্তঃপ্রকৃতির পরিপুষ্টি এবং তাহার আত্মচেতনাকে বিকশিত করিয়া কল্যাণের পথে পরিচালিত করা। কল্যাণের পথ কি তাহাও তর্কের বিষয়। কিন্তু আমি যতদুর বুঝিয়াছি, ধর্ম এই অন্তঃপ্রকৃতির বিকাশের উপরই বিশেষ গুরুত্ব আরোপ করিয়া থাকে, বাহিরের পরিবর্ত্তন উহারই বাহুবিকাশ মাত্র। অন্ত:প্রকৃতির এই বিকাশ বাহ্ন পারিপার্থিক অবস্থার উপরও প্রবল প্রভাব বিস্তার করিয়া থাকে, সন্দেহ নাই। কিন্তু ইহাও স্বতঃসিদ্ধ যে, বাহু পারিপার্শ্বিক অবস্থাও অন্ত:প্রকৃতির বিকাশকেও অনুরূপ প্রভাবান্বিত করে। উভয়েই পরস্পরের উপর ক্রিয়া ও প্রতিক্রিয়া সঞ্চার করে। আধুনিক পাশ্চাত্য

## शर्मा कि ?

ব্যষ্ত্রবিজ্ঞানের ফলে বাহ্ন উন্নতি, আত্মোন্নতিকে বহুদ্র ছাড়াইয়া অগ্রসর रहेग्राष्ट्र, हेश এकि भूत्राजन कथा। किन्ह हेशाल क्ष्यां हम ना य ( श्राह्य অনেকে এইরূপ ভাবিয়া থাকেন ), যেহেতু আমাদের বাহ্ন উন্নতি অতি ধীরে ধীরে হইতেছে, সেইজন্ম আমাদের আয়োন্নতি অনেক বেশী। এই শ্রেণীর ভাস্ত বিশ্বাস দার। আমরা সাস্তন। লাভের চেষ্টা করি এবং নিজেদের হীনতাবোধ ঢাকিতে চাই। প্রতিকৃল পারিপার্থিক অবস্থাকে অতিক্রম করিয়া ব্যক্তিবিশেষ হয়ত স্থায়োন্নতি সাধন করিতে পারেন। কিন্ত বহুলোক বা জাতির পক্ষে কতকাংশে বাহু অবস্থার উন্নতি না হইলে মানদিক সমুর্রাত সম্ভবপর নহে γ যে ব্যক্তি আর্থিক, পারিপার্শ্বিক অবস্থার দাস, জীবন সংগ্রামের মধ্যে যাহার শক্তি সীমাবদ্ধ ও অবরুদ্ধ, তাহার পক্ষে উচ্চাঙ্গের আব্যোন্নতি সাধন প্রায় অসম্ভব। পদদলিত ও শোষিত শ্রেণী কথনও মানদিক উৎকর্ষ লাভ করিতে পারে না। যে জাতি রাজনৈতিক ও অর্থনৈতিক ব্যবস্থায় পরাধীন, যাহাদের গতি সীমাবদ্ধ, সম্ভূচিত, যাহারা শোষিত তাহার। কথনও আগ্নোন্নতি সাধন করিতে পারে না। অভএব আত্মোন্নতি করিতে হইলেও স্বাধীনতা ও অতুকূল পারিপার্থিক অবস্থার প্রয়োজন। বাহু স্বাধীনতা লাভ এবং পারিপার্থিক অবস্থার পরিবর্ত্তনের চেষ্টার জন্ম এমন উপায় অবলম্বন করা উচিত. যাহা উদ্দেশ্য বা লক্ষ্যের অপহ্নব ঘটাইবে না! আমার মনে হয়, গান্ধিজী যথন বলেন উদ্দেশ্ত অপেক্ষা উপায়ের গুরুষ অনেক বেশী, তথন তাঁহার মনে হয়ত ঐ শ্রেণীর ধারণা থাকে। কিন্তু উপায় এমন হওয়া উচিত, যাহা আমাদিগকে শেষ পর্যান্ত লইয়া যাইবে, অক্তথা বুথা শক্তিক্ষয় হইবে, এবং এমন কি ভিতরে বাহিরে অধিকতর অধঃপতন হইতে পারে।

গান্ধিজী কোন এক স্থানে লিখিয়াছেন, "ধর্ম ছাড়া কেহই বাঁচিতে পারে না, এমন অনেকে আছেন বাঁহারা অহন্ধারের সহিত ঘোষণা করেন, ধর্মের সহিত তাঁহাদের কোন সম্বন্ধ নাই। যদি কেহ বলে যে, নিংখাস লয় অথচ তাহার নাক নাই, ইহা সেই শ্রেণীর কথা।" অগুত্র তিনি বলিয়াছেন, "আমার সত্যামুরাগই আমাকে রাষ্ট্রশ্বেত্রে টানিয়া আনিয়াছে; বাঁহারা বলেন যে, ধর্মের সহিত রাজনীতির কোন সম্পর্ক নাই, তাঁহাদিগকে আমি কিছুমাত্র ইতন্তত: না করিয়া বিনয়ের সহিত বলিব, তাঁহারা ধর্ম কি বুঝেন না।" সম্ভবত: এই কথা বলিলে অধিকতর সত্য হইত যদি তিনি বলিতেন, যে সকল ব্যক্তি জীবন ও রাজনীতি হইতে ধর্মকে পৃথক করিয়া রাখিতে চাহে, তাহারা "ধর্ম" বলিতে যাহা বুঝেন, তাহা তাঁহার ধারণা হইতে স্বতন্ত্রে। ইহা স্বতঃসিদ্ধ যে, তিনি উহা যে-অর্থে ব্যবহার করেন—সম্ভবতঃ অস্থান্থ

#### अध्यक्तान दनश्क

ব্যক্তি অপেকা অধিকতর নৈতিক অর্থে—তাহা ধর্মের সমালোচকণণ হইতে পৃথক। এই ভাবে একই শব্দ সম্পূর্ণ বিভিন্ন অর্থে প্রয়োগ করিলে পরস্পরের মধ্যে বুরাপড়া অধিকতর কঠিন হইয়া উঠে।

অধ্যাপক জন ডেওয়ে ধর্মের যে অতি আধুনিক সংজ্ঞা নির্দেশ করিয়াছেন, ধার্মিকেরা তাঁহার সহিত নিশ্চমই একমত হইবেন না। কাহার মডে ধর্ম, "যাহা দৃশ্যমান জগতের বিক্ষিপ্ত ও গতিশীল ঘটনাপ্রবাহকে এক নির্দিষ্ট স্থিরভূমি হইতে সম্যকরপে পরিপ্রেক্ষণের সহায়তা করে।" অথবা অন্তর তিনি বলিতেছেন,—"অথবা কোন আদর্শ সিদ্ধির জন্ম সমন্ত প্রকার বাধার বিরুদ্ধে কর্ম করা, ভীতিপ্রদর্শন অথবা ব্যক্তিগত ক্ষতি সত্ত্বেও উহার সর্বজনীন ও অবিনশ্বর কল্যাণের উপর আস্থা রাথাই ধর্মের লক্ষণ।" ইহাই যদি ধর্ম হয়, তাহা হইলে নিশ্চমই কেহ বিনুমাত্র আপত্তি করিবেন না।

রোমাা রোলা। ধর্মের অর্থ যে ভাবে প্রসারিত করিয়াছেন তাহাতে সম্ভবত: আফুষ্ঠানিক ধর্মের গোঁড়ারা ভয় পাইবেন। তিনি "শ্রীরামরুষ্ণ-জীবনী"তে বলিতেছেন,—

" ে এমন অনেকে আছেন, যাঁহারা বিশ্বাস করেন যে, তাঁহারা সমন্ত প্রকার ধর্মবিশ্বাস হইতে মৃক্ত। প্রকৃত প্রভাবে তাঁহারা অতিমাত্রায় যুক্তিপন্থী আত্মচতনার এক প্রকার অবস্থার মধ্যে তুবিয়া থাকেন। ইহাকে তাঁহারা সমাজতন্ত্রবাদ, সামাবাদ, মানবতাবাদ, জাতীয়তাবাদ, এমন কি যুক্তিবাদও বলেন। বিষয় বস্তু দেখিয়া নহে। চিন্তার প্রকৃতি দেখিয়াই আমরা উহার উৎপত্তিস্থল নির্ণয় করি এবং উহা ধর্মভাব হইতে উম্ভূত কিনা বিচার করি। যদি দেখা যায় যে, ইহা সর্কম্বপণ করিয়া নির্ভীকভাবে সত্য অন্সক্ষান করিতেছে, একাগ্রচিত্তে অঞ্জ্তিম বিশ্বাস লইয়া যে কোন আত্মতাগে প্রস্তুত, আমি তাহাকেই ধর্ম বলিব। কেন না, মান্ত্র্যের উপরে পূর্বে হইতেই নির্দিষ্ট এক দৃঢ় বিশ্বাস ইহাতে বিগুমান, যাহা প্রচলিত সমাজ জীবন এমন কি মানবের সমষ্টি জীবন হইতেও উন্নতত্তর, এমন কি, সংশ্রাদপ্ত যথন আপনাতে আপনি মটল শক্তিশালী চরিত্র হইতে উথিত হয়, এবং তথন তাহা ত্র্কলতা নহে, শক্তিরই পরিচায়ক, তথন সে ধর্মপ্রাণ আত্মার মহান সৈল্লদলের সহিত সমান তালে পা ফেলিয়াই চলে।"

রোঁম্যা রোলাঁয় যে সকল নিয়ম ও পণের কথা উল্লেখ করিয়াছেন, আমি সেগুলি পূরণ করিতে পারিব এমন ভরদা রাখি না, তবে ঐ সর্ত্তে আমিও সেই মহান সৈক্তদলের একজন অমুচর হইতে প্রস্তুত।

# ব্রিটিশ গভর্ণমেন্টের দ্বৈতনীতি

প্রথমে এরোডা জেল হইতে, পরে বাহির হইতে, গান্ধিজীর নির্দেশে হরিজন আন্দোলন চলিতে লাগিল। মন্দির প্রবেশের বাধা অপসারিত করিবার জ্ঞতা তীব্র আন্দোলন চলিতে লাগিল, ঐ মর্মে ব্যবস্থা পরিষদে এক আইনের পাণুলিপিও উপস্থাপিত হইল। এই সময় এক আশ্চর্য্য দুখা পেল, কংগ্রেসের একজন প্রধান নেতা দিল্লীতে বাড়ী বাড়ী ঘূরিয়া ব্যবস্থা পরিষদের সদস্যদের সহিত সাক্ষাৎ করিতে লাগিলেন এবং মন্দির প্রবেশ বিলের অমুকুলে ভোট দিবাব জন্ম অমুরোধ করিয়া ত্রড়াইতে লাগিলেন। গান্ধিজী নিজেও তাঁহার মারফতে সদস্তদিগের নিকট এক অমুরোধপত্র প্রেরণ এদিকে কিন্তু নিরুপদ্রব প্রতিরোধ আন্দোলন আমাদের লোকেরা জেলে যাইতেচে এবং কংগ্রেস ব্যবস্থা পরিষদ বয়কট করিয়াছে, কংগ্রেসপক্ষীয় সদস্থাণ উহা ছাড়িয়া চলিয়া আসিয়াছেন। বাদবাকী যে কয়জন অপদাথ রহিয়া গেলেন এবং যাঁহারা আসিয়া শৃত্যস্থান পুরণ করিলেন, তাঁহার। কংগ্রেসের বিরোধিতা এবং গভর্ণমেন্টকে সমর্থন করিয়া সেই সম্বটের দিনে বেশ খ্যাতিমান হইয়া উঠিলেন। অধিকাংশ সদস্ত অভিত্যান্সীয় ধারাসমন্বিত দমননীতিমূলক আইন প্রণয়ন ও পাশ করাইতে গভর্ণমেণ্টকে সাহায্য করিলেন। তাঁহারা ওট্টাওয়া চুক্তি নিঃশব্দে গিলিয়া ফেলিলেন; দিল্লী, সিমলা ও লণ্ডনে বড় বড় লোকের সহিত খানাপিনা ও আনন্দ-অফুষ্ঠানে যোগ দিয়া ভারতে ব্রিটিশ শাসনের গুণগান করিতে ''দৈতনীতির" नाजित्नन : ভারতে **শাফলোর** কবিতে লাগিলেন।

এই অবস্থার মধ্যে গান্ধিজীর আবেদ্ন এবং কয়েক সপ্তাহ পূর্ব্বেও যিনি কংগ্রেদের অস্থায়ী স্থলাভিষিক্ত সভাপতি ছিলেন সেই রাজাগোপালাচারীর কর্মতংপরতায় আমি অতিমাত্রায় বিশ্বিত হইলাম। ইহাতে নিরুপদ্রব প্রতিরোধ:নীতির নিশ্চয়ই ক্ষতি হইল,—কিল্ল আমি ইহার নৈতিক দিক চিস্তা করিয়া অধিকতর মর্মাহত হইলাম। গান্ধিজী এবং যে কোন কংগ্রেস নেতার এই শ্রেণীর আচরণ আমার নিকট অ-নীতিক এবং যাহারা কারাগারে আছে অথবা সংগ্রাম চালাইতেছে, তাহাদের প্রতি বিশাসভক্ষের

#### ज ওহরলাল নেহর

মত মনে হইল। কিন্তু আমি জানি যে, গান্ধিজীর বিচার করিবার প্রণালী স্বতম্ভ্র।

মন্দির-প্রেশ বিলের প্রতি গভর্ণমেণ্টের মনোভাব তৎকালীন ও পরবর্ত্তী ঘটনায় অতি আশ্চর্যারূপে উল্ঘাটিত হইল। তাঁহারা বিলের সমর্থকদের পথে যথাসম্ভব বাধা স্বষ্ট করিতে লাগিলেন, স্থগিত রাখিতে বাধাদানকারীদের উৎসাহ দিতে লাগিলেন. অবশেষে তাঁহারাও প্রকাশ ভাবে বিরোধিতা করিয়া বিলটির মৃত্যু ঘটাইলেন। ভারতে সমাজ-সংস্থারমূলক প্রচেষ্টার প্রতি তাঁহাদের মনোভাব অল্পবিস্তর এইরপই ; ধর্ম সম্বন্ধে নিরপেক্ষতার অছিলা লইয়া গভর্ণমেণ্ট সামাজিক উন্নতিতে বাধা দেন। তবে ইহা বলা বাহুল্য যে, ইহাতে আমাদের সামাজিক দোষগুলির সমালোচনা করিতে বা অপরকে এরপ সমালোচনায় উৎসাহ দিতে তাঁহাদের বাধে না। এক অপ্রত্যাশিত স্থযোগে বাল্য-বিবাহ নিরোধ বা শারদা বিল আইনে পরিণত হইয়াছিল: কিন্তু এই মনভাগ্য আইনের পরবর্ত্তী ইতিহাস দেখাইয়া দিল যে, উহা প্রয়োগ করিতে গভর্ণমেন্ট্র কত অনিজ্বক। যে গভর্ণমেন্ট রাতারাতি অভিন্যান্স স্বষ্টি করিতে পারেন, অভিনৰ অপরাধ স্বষ্টি করিতে পারেন, উদোর পিণ্ডি বুধোর ঘাড়ে চাপাইয়া শান্তি দিতে পারেন, তাঁহাদের নিজেদের সৃষ্ট অপরাণের জন্ম হাজার হাজার ব্যক্তিকে জেলে পাঠাইতে পারেন, সেই গভর্ণমেণ্টই শার্দা আইনের মত বিধিবদ্ধ আইন প্রযোগ করিতে ভয়ে জড়সড় হইয়া পড়িলেন। এই আইনের প্রথম ফল হইল এই যে, যাহা নিবারণ করা ইহার উদ্দেশ্য,—লোকে তাহাই कतिरा ना गिन ; अर्था शना-विवादहत भूम १ एष्या भन ; आहेन भान হওয়ার ছয় মাস পর ইহা বলবং হইবে, এই নির্কোধ সিদ্ধান্তই উহার জন্ম দায়ী। তাহার পর দেখা গেল, এই আইন একটা পরিহাস মাত্র, অতি সহজেই ইহাকে অগ্রাহ্ম করা যাইতে পারে, গভর্ণমেণ্ট কিছুই করেন না। সরকারী ভাবে প্রচারকার্য্যের কোন ব্যবস্থাও করা হয় নাই,-পল্লী-অঞ্চলের লোকেরা এই আইন যে কি, তাহা জানে না। তাহারা হিন্দু ও মুসলমান প্রচারকদের নিকট এক বিরুত বিবরণ শুনিয়াছে মাত্র এবং ঐ প্রচারকেরাও আইনের ধারাগুলি জানে না।

ভারতের সামাজিক অন্যায়গুলির প্রতি ব্রিটিশ গভর্ণমেন্টের আশ্চর্য্য সহিফুতার কারণ যে ঐগুলির প্রতি পক্ষপাতিত্ব নহে, ইহা অবশু স্বত:সিদ্ধ। তবে ইহা সত্য যে, ঐগুলি দূর করিবার জন্ম তাঁহাদের কোন আগ্রহ নাই, কেন না ঐ সকল অন্যায়ের ফলে ভারতে তাঁহাদের শাসনকার্য্য অথবা তাহার ধনসম্পদের সন্থাবহার করিবার কোন বিশ্ব হয় না। সমাজ-

# ব্রিটিশ গভর্মেন্টের দ্বৈভনীতি

শংস্কারের প্রস্তাবের ফলে নানা শ্রেণীর লোকের বিরক্তির সম্ভাবনাও রহিয়াছে; রাজনীতিক্ষেত্রে ক্রোধ ও বিরক্তির মস্ভাব নাই, তাহার উপর আরও বিরক্তি ও ছশ্চিন্ড:র ফারণ ব্রিটিশ গভর্ণমেন্ট বুদ্ধি বারিতে চাহেন না। কিন্তু সমাজ সংস্থারকের দৃষ্টিতে কালক্রমে এই অবস্থা আরও শোচনীয় হইয়া উঠিয়াছে, ব্রিটিশগণ ক্রমে ক্রমে ঐ সকল অক্তায়ের মৌন রক্ষক হইয়া উঠিতেছেন। ইহা তাঁহাদের ভারতে প্রগতিবিরোধী ব্যক্তিদের সহিত অতি ঘনিষ্ঠতার ফল। তাঁহাদের শাসনের প্রতি বিক্ষতার ফলে তাঁহারা অতি আশ্চর্য্য মিত্রদের সহিত মিলিত হইয়াছেন, এবং বর্ত্তমানে ভারতে ব্রিটিশ শাসনের প্রধান সমর্থক হইলেন, অতিমাত্রায় माष्ट्रामाग्रिक जावानी, धर्माक প্রগতিবিরোধী এবং সংস্কারবিরোধী ব্যক্তিগণ। মুসলমান সাম্প্রদাণিক প্রতিষ্ঠানগুলি রাজনীতি, অর্থনীতি ও সমাজ, সকল দিক দিয়াই অতি কুংসিতভাবে প্রগতিবিরোধী। হিন্দু মহাসভা ইহাদের প্রতিঘদ্দী: কিন্তু পশ্চাংদিকে গমনের দৌড়ের পাল্লাফ সনাতনীরা তাঁহাদিগকে হারাইয়া দিয়াছেন, স্নাত্নীবা চর্ম্ত্ম ধর্মান্ধ সংস্থার-বিরোধিতা উংসাহের সহিত ঘোষণা করিয়া তাহার সহিত ব্রিটশ শাসনের প্রতি আহুগত্য একত্র মিলাইয়া লইয়াছেন।

যদি গভর্গমেণ্ট নীরব পাকিয়া শারদা-আইনকে জনপ্রিয় করিতে বা প্ররোগ করিতে চেষ্টা না করেন; তাহা হইলে কংগ্রেস ও অস্থান্ত বে-সরকারী প্রতিষ্ঠানগুলি উহার অমুকুলে প্রচারকার্য্য করে না কেন? এই প্রশ্ন ইংরাজ ও অস্থান্ত বিদেশী সমালোচকেরা তুলিয়া থাকেন। কংগ্রেসের পক্ষে এই কথা বলা যাইতে পাছে যে, ইহা গত পনর বংসর ধরিয়া বিশেষভাবে ১৯৩০ সাল হইতে ব্রিটিশ শাসকগণের সহিত জাতীয় স্বাধীনতার জন্ম অতি তীব্র জীবন মরণ সংঘর্ষে নিযুক্ত রহিয়াছে; অন্যান্ত প্রতিষ্ঠানের কোন শক্তিও নাই, জনসাধারণের সহিত যোগও নাই। আদর্শবাদী ও চরিত্রবান নরনারী, যাহাদের জনসাধারণের উপর প্রভাব আছে, তাঁহারা কংগ্রেসে যোগ দিয়াছেন এবং তাঁহাদের অধিকাংশ সময়ই ব্রিটিশ জেলে থাকিতে হয়।

অক্যান্য প্রতিষ্ঠান, জনসাধারণের সংস্পর্শের ভয়ে ভীত বিশিষ্ট ব্যক্তিদের লইয়া প্রস্তাব পাশ করা ছাড়া আর বেশী অগ্রসর হন না। তাঁহারা অতিশয় ভদ্ব্যক্তির মত, অথবা নিথিল ভারত মহিলা সম্মেলনের মাননীয়া মহিলাদের মত কাজ করেন, আক্রমণশীল প্রচারকার্য্য তাঁহাদের ধাতে সহে না। ইহা ছাড়া অভিন্তান্য ও অনুরপ আইন দারা সাধারণ কার্যপ্রণালী তীব্রভাবে দমনের ব্যবস্থার মধ্যেও তাঁহারা পঙ্গু ইইয়া পড়িয়াছিলেন।

#### ज ওহরলাল নেহর

সামরিক আইন বৈপ্লবিক কার্য্যপদ্ধতি ধ্বংস করিতে পারে, কিন্তু সঙ্গে সঙ্গে উহা সভ্যতা ও তদানুষ্ধিক কার্যপ্রণালীও পদ্ধু করিয়া ফেলে।

কিন্তু কংগ্রেস ও অন্যান্ত প্রতিষ্ঠানগুলি যে সমাজসংশ্বারমূলক কার্য্য করিতে পারেন না, তাহার কারণ আরও গভীর। আমরা জাতীয়তাবাদরূপ ব্যাধিগ্রন্ত, এবং উহার প্রতিই আমাদের সমস্ত লক্ষ্য নিবিষ্ট থাকে। যতদিন পর্যন্ত না আমরা রাজনৈতিক স্বাধীনতা লাভ করিতেছি, ততদিন এইরূপই চলিবে। যেমন বার্ণাড শ, বলিয়াছেন—"বিজিত জাতি, দ্যিত ক্ষত রোগগ্রন্থ ব্যক্তির মত, সে অন্য কিছু ভাবিতে পারে না। কোন জাতির পক্ষে জাতীয় আন্দোলনের মত অধিকতর অভিশাপ কিছু নাই। স্বাভাবিক কাজকর্ম বলপূর্ব্বক দাবাইয়া রাথিলে যাহা হয়, উহা সেই তীব্র যম্বণার পরিকৃতি লক্ষণ। বিজিত জাতিরা জগতের যাত্রাপথে স্ব স্থান গ্রহণ করিতে পারে না, কেন না, জাতীয় স্বাধীনতা উদ্ধার করিয়া জাতীয় আন্দোলনের হন্ত হইতে মুক্তি পাইবার চেষ্টা করিবার কোন অধিকার তাহাদের নাই।"

অতীত অভিজ্ঞতা হইতে আমরা ইহাই দেখিয়াছি যে, নির্বাচিত মন্ত্রীদের হাতে কতকগুলি হস্তান্তরিত বিভাগ থাকা সত্ত্বেও আমাদের পক্ষে সমাজসংস্কারমূলক কার্য্য অতি অল্পই সন্তব। গভর্ণমেন্টের বিপুল অচলায়তন অবস্থা সর্বাদাই রক্ষণশীলদের সহায়ক, এবং অতীতে কয়েক পুরুষ ধরিয়া ব্রিটিশ গভর্গমেন্ট স্বতঃপ্রবৃত্ত কর্মস্পৃহা একেবারে ধ্বংস করিয়াছেন, এবং পীড়নমূলক অথবা পিতৃ-বাংসল্যের নীতি লইয়া শাসন করিয়াছেন, ইহা তাঁহারাই বলেন। ব্যাপকভাবে বে-সরকারী কোন সক্ষবন্ধ উল্যম তাঁহারা পছন্দ করেন না এবং উহার গুপ্ত উদ্দেশ্য আছে এরূপ সন্দেহ করেন। কর্মীদের যথেষ্ট সাবধানতা সত্ত্বেও হরিজন আন্দোলনেও শাসকদের সহিত সংঘর্ষ হইয়াছে। আমার দৃঢ়বিশ্বাস যে, কংগ্রেস যদি অধিকতর সাবান ব্যবহার করিবার জন্ম কোন দেশব্যাপী আন্দোলনে প্রবৃত্ত হয়, তাহা হইলেও অনেকস্থলে গভর্গমেন্টের সহিত সংঘর্ষ হইবে।

আমার মতে রাষ্ট্র দায়িত্ব গ্রহণ করিলে জনসাধারণকে সমাজ সংস্কারে প্রবৃত্ত করান বেশী কঠিন নহে। কিন্তু বিদেশী শাসকগণ সর্ব্বদাই সন্দেহাতুর, জনসাধারণকে উদ্বুদ্ধ করিতে তাঁহারা বেশীদূর অগ্রসর হইতে পারেন না; যদি বিদেশী শাসকগণকে সরাইয়া অর্থনৈতিক উন্নতিকে প্রাধান্য দেওয়া হয়, তাহা হইলে উৎসাহী ও শক্তিশালী শাসনপদ্ধতি দ্বারা সহজেই স্থায়ী ও দুরপ্রসারী সমাজসংস্কারের ব্যবস্থা প্রবর্তন করা ধাইতে পারে।

## ব্রিটিশ গভর্মেণ্টের দ্বৈত্নীতি

যাহা হউক, জেলে আমরা সমাজসংস্কার, শারদা আইন অথবা হরিজন আন্দোলন লইয়া মাথা ঘামাইতাম না। তবে হরিজন আন্দোলনের উপর আমি একট বিরক্ত হইয়াছিলাম, কেন না, ইহা নিক্পদ্রব প্রতিরোধ আন্দোলনের অন্তরায় স্বরূপ হইয়াছিল। ১৯৩৩-এর মে মাসের প্রথম ভাগে ছয় সপ্তাহের জন্ম নিরুপদ্রব প্রতিরোধ আন্দোলন হুগিত হইল এবং আমরা পরবর্তী ঘটনার জন্ম উদগীব হুইয়া রহিলাম। এই স্থূপিত রাখায় আন্দোলনের উপর সর্বশেষ খাঁড়ার ঘা পড়িল, কেন না জাতীয় সংঘর্ষ লইয়া এমন ধরা ও ছাড়ার থেলা চলে না। কেহ ইচ্ছামত ইহাকে বন্ধ বা পরিচালনা করিতে পারে না। এমন কি স্থগিত রাখার পূর্ব্বেই এই আন্দোলনের পরিচালনা বিশেষভাবে তুর্বল ও অকর্মণ্য হইয়া উঠিয়াছিল। অতি তুচ্ছ পরামর্শ সভা হইত এবং এমন সমস্ত গুজব রটিত, যাহ। আন্দোলনের পক্ষে অত্যন্ত ক্ষতিকর। কংগ্রেসের কয়েকজন স্থলাভিষিক্ত সভাপতি শ্রদ্ধাভাজন ব্যক্তি সন্দেহ নাই, কিন্তু প্রত্যক্ষ সংঘর্ষমূলক আন্দোলনের সেনাপতি পদে তাঁহাদের নিযুক্ত করিয়া তাঁহাদের প্রতি নিষ্টুর আচরণ করা হইয়াছিল। তাঁহারা যে ক্লান্ত হইয়া পড়িয়াছেন, এরপ ইঞ্চিতের অভাব ছিল না। এবং অস্থবিধাজনক অবস্থা হইতে মুক্তি পাওয়ার আকাজ্যাও ছিল। উপরের দিকে এই অনিশ্চিত সংশয় ও অব্যবস্থিত চিত্ততার বিরুদ্ধে অসম্ভোষ জাগ্রত হইল, কিন্তু কংগ্রেদ প্রতিষ্ঠানগুলি বে-আইনী বলিয়া তাহা যথাযথভাবে প্রকাশিত হুইতে পাবিল না।

ইহার পরেই গান্ধিজীর একুশ দিন উপবাস, কারামৃত্তি এবং ছয় সপ্তাহের জন্ম নিরুপদ্রব প্রতিরোধ আন্দোলন স্থগিত হইল। উপবাস শেষ হইল, তিনি ধীরে ধীরে স্বাস্থালাভ করিলেন। জুন মাসের মধ্যভাগে আন্দোলন স্থগিত রাথার মেয়াদ আরও ছয় সপ্তাহ বাড়াইয়া দেওয়া হইল। ইতিমধ্যে গভর্গমেণ্ট কোন দিক দিয়াই দমন নীতি শিথিল করেন নাই। আন্দামানে রাজনৈতিক বন্দীরা (বাঙ্গলায় হিংসামৃলক অপরাধের জন্ম দণ্ডিত ব্যক্তিরা তথায় প্রেরিত হইয়াছিল) হর্ক্যবহারের প্রতিবাদে অনশন আরম্ভ করিল, তাহাদের মধ্যে একজন কি হুইজনের মৃত্যু হইল—অনশনে প্রাণত্যাগ করিল। অনেকে মৃত্যুর অপেক্ষা করিতে লাগিল। ভারতে আন্দামানের ব্যাপার লইয়া জনসভায় যাহারা বক্তৃতা করিল, তাহারা ধরা পড়িয়া কারাদণ্ড লাভ করিল। আমরা যে কেবল সহু করিব তাহা নহে, প্রতিবাদ্ধ করিতে পারিব না; এমন কি প্রতিকারের অন্ত্রপথ না পাইয়া অনশনের ভয়াবছ হঃখ বয়ণ করিয়ায়্পবনীরা বদি মৃত্যুস্থেই

#### অওহরলাল নেহর

পতিত হয়, তব্ও নহে। কয়েকমাদ পরে ১০৩০-এর সেপ্টেম্বর মাদে (তথন আমি জেলের বাহিরে) একথানি আবেদনপত্র প্রচারিত হইল। ইহাতে রবীন্দ্রনাথ ঠাকুর, দি, এফ, এনডুজ এবং কংগ্রেদের সহিত সংশ্লিষ্ট নহেন এমন অনেক বিশিষ্ট ব্যক্তির স্বাক্ষর ছিল। ইহাতে আন্দামানের বন্দীদের প্রতি অধিকতর মানবোচিত ব্যবহার এবং তাহাদিগকে ভারতীয় জেলে বদলী করিবার আবেদন ছিল। ভারত গভর্ণমেপ্টের স্বরাষ্ট্র সচিব এই বির্তির প্রতি তাঁহার গভীর অসম্ভোষ প্রকাশ করিলেন এবং বন্দীদের প্রতি সহাম্ভৃতির জন্ম স্বাক্ষর হারীদের তীত্র সমালোচনা করিলেন। পরে, আমার যতদ্র স্মরণ হয়, এই শ্রেণীর সহাম্ভৃতি প্রকাশ বাঙ্গলাদেশে দণ্ডযোগ্য অপরাধ বলিয়া নির্দিষ্ট হইয়াছে।

নিরুপদ্রব প্রতিরোধ স্থগিত রাখিবার দ্বিতীয় ছয় সপ্তাহ শেষ হইবার প্রেই দেরাত্ন জেলে আমরা সংবাদ পাইলাম, গাদ্ধিজী পুনরায় একটি দরোয়া বৈঠক আহ্বান করিয়াছেন। ত্বই তিন শত ব্যক্তি সেথানে একত্রিত হইলেন এবং গাদ্ধিজীর নির্দেশে, সর্বজনীন ভাবে নিরুপদ্রব প্রতিরোধ স্থগিত করিয়া ব্যক্তিগত আইন অমান্তের অহমতি দেওয়া হইল এবং সুর্বপ্রপ্রকার গুপ্ত উপায় নিষিদ্ধ হইল। এই সিদ্ধান্ত এমন কিছু নবীন আশার উদ্দীপক নহে; কিন্তু আমি এই ব্যাপারে বিশেষ কোন আপত্তি করিলাম না। সর্বাজনীন নিরুপদ্রব প্রতিরোধ স্থগিত করার অর্থ, বাস্তব অবস্থাকে স্বীকার করিয়া লওয়া, কেন না প্রকৃত প্রভাবে নিরুপদ্রব প্রতিরোধ তথন জনসাধারণের আন্দোলন ছিল না। গুপ্তভাবে কাঞ্জ করাটা কেবল আমরা যে কাজ করিছে তাহার ছলনা মাত্রে প্র্যাবসিত হইয়াছিল এবং ইহাতে আমাদের জাতীয় আন্দোলনের চরিত্রের দৌর্বল্য প্রকাশিত হইত।

পুণার আলোচনায় আমাদের বর্ত্তমান অবস্থা ও আমাদের লক্ষ্যের বিষয় আলোচনার অভাব দেখিয়া আমি বিশ্বিত ও ছংখিত হইলাম। প্রায় ছই বংসর তীব্র সংঘর্ষ ও দমননীতির পর কংগ্রেসপদ্ধীরা একত্র মিলিত হইয়াছিলেন, এই কালের মধ্যে ভারতে এবং বৃহত্তর জ্বগতে কত-কিছু ঘটয়াছে; শাসনতম্ব সংস্থারে ব্রিটিশ গভর্গমেন্টের প্রতাব সমন্বিত "হোয়াইট পেপার"ও প্রকাশিত হইয়াছে। এইকালে আমাদিগকে বলপূর্ব্বক নিশুক্ব করিয়া রাথা হইয়াছিল; অল্যদিকে মূল বিষয়গুলিকে অস্পষ্ট করিবার জ্বন্ত অবিরত বিক্বৃত প্রচারকার্য্য চলিতেছিল। গভর্গমেন্টের সমর্থক্রগণ ত বটেই, লিবারেল ও অল্যান্ত অনেকে প্রায়ই বলিতে লাগিলেন যে, কংগ্রেদ স্বাধীনতা লাভের উদ্দেশ্য পরিত্যাগ করিয়াছে। আমার মতে অন্তব্য আমাদের রাজনৈতিক উদ্দেশ্যের উপর অধিকতর জ্বোর দিয়া

# 

তাহা প্নরায় স্পষ্ট করিয়া ব্যক্ত করা উচিত ছিল, এবং সম্ভব হইলে উহার সহিত সামাজিক ও অর্থনৈতিক উদ্দেশ্যগুলিও প্রকাশ করা উচিত ছিল। কিন্ধু তাহার পরিবর্গে আলোচনা—ব্যক্তিগত না সর্বজনীন নিরুপদ্রব প্রতিরোধ, গুপ্তভাবে না ব্যক্তভাবে—ইহাতেই সীমাবদ্ধ রহিল। গভর্ণমেন্টের সহিত শোস্তি" স্থাপনের অভূত প্রস্তাবিও দেখানে উঠিয়াছিল। আমার যতদূর স্মরণ হয়, গান্ধিজী বড়লাটের সহিত সাক্ষাং প্রার্থনা করিয়া তার করিলেন, বড় লাট উত্তর দিলেন,—"না" এবং গান্ধিজী তাহার পরেও দ্বিতীয় তারে "সম্মানজনক শান্তি" সম্পর্কে কিছু উল্লেখ করিলেন। যথন গভর্ণমেন্ট বিজয়-পর্বে সর্বতোভাবে জাতিকে দাবাইবার জন্ম চেইটা করিতেছেন, যথন মাহ্রব আন্দামানে অনশনে দেহত্যাগ করিতেছে, তথন চিত্তহারী শান্তির জন্ম লালায়িত হইলেও তাহা কোথায় মিলিবে? কিন্তু আমি জানিতাম যে, সর্বাদাই শান্তির জন্ম প্রস্তুত থাকা গান্ধিজীর স্বভাব।

দমন-নীতি ্রিবেগে চলিতে লাগিল, জনসাধারণের স্বাধীন কার্য্য বন্ধ করিবার জন্ম রচিত বিশ্বে আইনগুলি কার্য্যকরী রহিল। এমন কি, ১৯৩৩-এর ফেব্রুয়ারী মাদে আমার পিতার মৃত্যুবার্ষিকী স্থাতিসভাও পুলিশ বন্ধ করিয়া দিল: যদিও এই সভা অ-কংগ্রেসীয় ব্যক্তিরাই ডাকিয়াছিলেন, এবং স্থার তেন্ন বাহাত্বর সঞ্চর মত একজন বিশিষ্ট মডারেট ইহার সভাপতি বলিয়া ঘোষিত হইয়াছিলেন। এবং ভবিষ্যতের অনুগ্রহ কিরূপ হইবে, তাহা কল্লনা করিবার জন্ম আমাদিগকে 'হোয়াইট পেপার' উপহার দেওয়া হইল।

ইহা এক অপূর্ব্ব দলিল, পড়িতে গেলেই শ্বাসক্তদ্ধ হইয়া আসে। ভারতকে এক গরিমাময় ভারতীয় রাষ্ট্রে পরিণত করা হইবে, সেই যুক্তরাষ্ট্রে দেশীয় রাজ্যের সামস্ত প্রতিনিধিগণ আসিয়া মুক্কীয়ানা করিবেন। কিন্তু দেশীয় রাজ্যগুলির উপর বাহির হইতে কোন হস্তক্ষেপ সন্থ করা হইবে না; সেখানে খাঁটি স্বেচ্ছাতন্ত্র প্রবর্ত্তিত থাকিবে। সাম্রাজ্যবাদের প্রকৃত শৃঙ্খল—ঝণ-শৃঙ্খল আমাদিগকে চিরদিন লগুন নগরীর সহিত বাঁধিয়া রাখিবে এবং ব্যাদ্ধ অব্ইংলগু, রিজার্ভ ব্যাদ্ধের মারক্তেত আমাদের মুদ্রানীতি ও বিনিময় বাট্যার হার নিয়ন্ত্রণ করিবে। সমস্ত প্রকার কায়েমী স্বার্থ রক্ষার তর্ভেগ্থ ব্যবস্থার সহিত নৃতন নৃতন কায়েমী স্বার্থর হৈতে থাকিবে। আমাদের রাজস্ব হস্তপদবদ্ধ অবস্থায় কায়েমী স্বার্থের নিকট বন্ধক দেওয়া থাকিবে। মহান এবং আমাদের অতি আদরের ইম্পিরিয়াল সার্বিস অব্যাহত ও আয়ত্তের বাহিরে থাকিয়া আমাদিগকে আর এক দফা স্বায়ত্তশাসনের জন্ত শিক্ষা

#### ज उर्जनान (नर्ज

দিতে থাকিবে। প্রাদেশিক স্বাতম্ব্য দেওয়া হইবে বটে, কিন্তু দয়ালু ও সর্বশক্তিমান গভর্ণর ডিক্টেটররপে আমাদিগকে শাস্ত রাখিবেন। সর্ব্বোপরি থাকিবেন, সর্বপ্রেষ্ঠ মহাডিক্টেটর বড়লাট, ইচ্ছামত যাহা কিছু করিবার সমস্ত ক্ষমতা তাঁহার থাকিবে এবং ইচ্ছা হইলেই তিনি যাহা কিছু বারণ করিতে পারিবেন। ঔপনিবেশিক গভর্ণমেণ্ট তৈয়ারীর জন্ম ব্রিটিশ শাসক সম্প্রদায়ের স্ফলী-প্রতিভার এমন অভ্ত বিকাশ কখনও এত প্রত্যক্ষ হয় নাই এবং হিটলার ও ম্সোলিনী প্রশংসমান দৃষ্টিতে ভারতের বড়লাটের দিকে চাহিয়া নিশ্চয়ই ঈর্ষাম্বিত হইয়া উঠিবেন।

ভারতের হস্তপদ কষিয়া বাঁধিবার মত শাসনতন্ত্র রচনা করিবার পর
"বিশেষ দায়িত্ব" ও রক্ষাকবচের কতকগুলি অতিরিক্ত বেড়ী লাগাইয়া
দেওয়া হইল, যাহাতে এই ত্রভাগা বন্দী দেশ এক পা'ও নড়িতে না
পারে। যেমন মিঃ নেভিল চেম্বারলেন বলিয়াছেন,—"মামুষের বুদ্ধিতে
যত প্রকার উদ্ভাবন করা যাইতে পারে, সেই সকল রক্ষাকবচ দিয়া
প্রস্তাবগুলি সুরক্ষিত করিতে তাঁহারা যথাসাধ্য চেষ্টা করিয়াছেন।"

তারপর আমাদিগকে আরও শুনান হইল যে, এই অহুগ্রহের ম্লাম্বরূপ মোটা টাকা দিতে হইবে—প্রথমে একযোগে কয়েক কোটি ট্রাকা; পরে বাংসরিক বরাদ। উপযুক্ত মূল্য না দিলে আমরা স্বরাজের আশীর্বাদ কেমন করিয়া লাভ করিব ? আমরা অত্যন্ত ভ্রান্ত ধারণার বশবন্তী হইয়া মনে করি যে, ভারত দারিদ্রাপীড়িত, বোঝা অত্যন্ত তুর্বহ হইয়া উঠিয়াছে, ভার লাঘবের জন্ম আমরা স্বাধীনতা প্রত্যাশা করি। এই কারণেই জনসাধারণ স্বাধীনতার জন্ম আগ্রহশীল হয়। কিন্তু এখন বুঝা গেল য়ে, এ বোঝা আরও ভারী হইয়া উঠিবে।

ভারতীয় সমস্থার এই হাস্থকর স্মাধান যথোচিত ব্রিটিশ সৌজ্ঞ সহকারে প্রদন্ত হইল; এবং আমরা শুনিলাম যে, আমাদের শাসকগণ কত উদার। ইতিপূর্ব্বে আর কোন সামাজ্যবাদী শক্তি পরাধীন জাতিকে এতথানি ক্ষমতা ও স্থযোগ প্রদান করে নাই। যাহারা এতথানি উদারতায় ভীত হইয়া প্রতিবাদ করিতে লাগিলেন, তাহাদের সহিত দাতাদের ইংলণ্ডে তুমূল তর্ক চলিতে লাগিল। তিনটি গোলটেবিল বৈঠক, অসংখ্য কমিটি ও পরামর্শসভা, তিন বংসর বহু ব্যক্তির ভারত ও ইংলণ্ডের মধ্যে যাতায়াতের পর এই ফললাভ হইল।

কিন্তু ইংলণ্ড গমন পর্ক শেষ হইল না। ব্রিটিশ পার্লামেণ্ট নিযুক্ত 'জয়েণ্ট সিলেক্ট কমিটি', 'হোয়াইট পেপার' লইয়া বিচার করিতে বসিলেন, কতিপয় ভারতীয় সাক্ষী বা এসেসরক্ষপে বিলাতে গেলেন। লগুনে আরও

# ব্রিটিশ গভর্ণমেন্টের দৈত্নীতি

কতকগুলি কমিটি বসিল, বিনা খরচায় যাতায়াত ও লণ্ডনে বাস করিবার লোভে, যে কোন কমিটির সদস্থপদের জন্ম তলে তলে অমর্য্যাদাকর তদির ও কাড়াকাড়ি চলিল। হোয়াইট পেপারের পাষাণ-কঠিন ধারাগুলি দৈথিয়াও বীরগণ ভীত ২ইলেন না, সমুদ্রবাত। া বিমানপোতে যাতার বিদ্ববিপদ তুচ্ছ করিলেন, লণ্ডনে বাস করিবার অধিকতর বিপদ গ্রাহ্ করিলেন না: বাগ্মিতা ও তদির করিবার সমস্ত নৈপুণ্য লইয়া তাহারা হোয়াইট পেপারের ধারাগুলি পরিবর্ত্তন করিবাব চেষ্টার লাগিয়া গেলেন। তাঁহারা জানিতেন এবং বলিতেন যে, ফললাভের কোন আশাই নাই; তাই বলিয়া তাঁহার। পিছাইয়া ঘাইনার লোক নহেন, তাঁহাদের যাহ। বলিবার আছে, তাহা তাঁহারা বলিবেনই, শুনিবার লোক কেহ না থাকিলেও তাঁহার। বলিবেন। ইহাদের মধ্যে একজন রেসপনসিভিট্ট দলের নেতা সকলে চলিয়া আসার পরও লওনে রহিয়া গেলেন,—ইংলত্তের কর্তৃস্থানীয় ব্যক্তিদের সহিত সাক্ষাতের পর সাক্ষাৎ করিতে লাগিলেন; বহু 'ডিনার' খাইলেন: এবং দেই স্থান্যে তাঁহার ঈপ্সিত রাজনৈতিক পরিবর্ত্তন তাঁহাদের বুঝাইতে চেষ্টা করিতে লাগিলেন। তিনি তাঁহার স্বদেশে कितिया जामिया উनाथ জनमानात्रनात्क छन। हेटलन त्य, भाताठीत देधरा छ অধ্যবসায় লইয় তিনি কর্তব্যপালনে বিমুথ হন নাই এবং লওনে থাকিয়া শেষ পর্যান্ত তাঁহার কথা শুনাইয়াছেন।

আমার পিতা প্রায়ই অন্নযোগ করিতেন শে, তাঁহার রেসপনসিভিষ্ট বন্ধুগণের রসবোধ নাই। পরিহাস করিতে গিয়া তাঁহাকে অনেক সময় বিপদে পড়িতে হইত; তাঁহারা উহার রসগ্রহণ করিতে পারিতেন না, অগতা তিনি বুঝাইয়া তাঁহাদের শান্ত করিতেন—অত্যন্ত ঝকমারী ব্যাপার! রণপ্রিয় মারাঠাদের কেবল অতীত বীরত্ব নহে, আমাদের জাতীয় সংগ্রামে বর্ত্তমানের বীরত্বের কথাও আমি ভাবি, এবং সেই মহান ও অপরাজেয় তিলকের কথাও মনে হয় যিনি ভাঙ্গিলেও নত হইতে জানিতেন না।

লিবারেলগণও হোয়াইট পেপার একেবারেই না-পছন্দ করিলেন।
ভারতে দিনের পর দিন যে দমন নীতি চলিতেছিল, তাহাও তাঁহার।
ভালবােধ করিতেন না, কদাচিৎ তাঁহারা উহার প্রতিবাদও করিতেন,
কিন্তু সেই সঙ্গে কংগ্রেস ও তাহার কার্য্যপদ্ধতির নিন্দা করিতেও ভুলিতেন
না। তাঁহারা সময় সময় কোন কোন কংগ্রেস-নেতাকে কারাম্ভি দিবার
জন্ম গভর্ণমেন্টকে পরামর্শ দিতেন—তাঁহাদের পরিচিত ব্যক্তিদের দিক
দিয়াই তাঁহারা ভাবিতে অভ্যন্ত। লিবারেল ও রেসপনসিভিষ্টরা এই

.....

যুক্তি দেখাইতেন যে, অমৃক অমৃককে ছাড়িয়া দিলে বর্তমানে সাধারণের শান্তিভক্ষের আশহা নাই। যদি সে ব্যক্তি ত্র্ব্যবহার করে, তাহা হইলে গভর্ণমেন্টের পক্ষে তাহাকে পুনরায় গ্রেফ্তার করার পথ থোলাই থাক্ষিবে এবং তথন গভর্ণমেন্টের কার্য্যের যৌক্তিকতা অধিকতর প্রমাণিত হইবে। এই সকল যুক্তি দেখাইয়া ইংলণ্ডেও কেহ কেহ অত্যন্ত সদয়ভাবে কার্য্যকরী সমিতির কয়েকজন সদস্ত বা কোন ব্যক্তিবিশেষের মৃক্তির জক্ত আবেদন করিতে লাগিলেন। যথন আমরা জেলে, তথন যে সকল ভদ্রমহোদয় আমাদের কথা ভাবিতেছেন, আমরা তাহাদের প্রতি কতজ্ঞতা প্রকাশ না করিয়া পারি না; তবে সময় সময় মনে হইত যে, এই সকল সহাদয় বন্ধুরা যদি আমাদের নিদ্ধৃতি দিতেন, তাহা হইলেই ভাল হইত। তাঁহাদের সাধু উদ্দেশ্যে আমরা অণুমাত্র সন্দেহ করি না; কিন্তু তাঁহারা যে সম্পূর্ণরূপে ব্রিটিশ গভর্ণমেন্টের মতবাদ গ্রহণ করিয়াছেন ইহা স্বতঃসিদ্ধ এবং তাঁহাদের ও আমাদের মধ্যে ব্যবধান অনেক বেশী।

লিবারেলরাও ভারতের এই সকল ঘটনা বিশেষ প্রীতিপ্রদ মনে করিতেন না; তাঁহারা অস্বন্তি বোধ করিতেন, কিন্তু তথাপি তাঁহারা কি করিতে পারেন ? গভর্ণমেন্টের বিফদ্ধে কোন কার্য্যকরী পদ্ধা গ্রহণ করা তাঁহাদের ধারণারও অতীত। কেবলমাত্র নিজেদের স্বাতন্ত্রারকী করিবার জ্ঞ তাঁহারা জনসাধারণ অথবা দেশকর্মীদের নিকট হইতে বছদূর সরিয়া গিয়াছিলেন: এবং ভাসিতে ভাসিতে এমন জায়গায় গিয়া <mark>তাঁহারা</mark> পৌছিলেন, यथारन ठाँशाम् मञ्जाम, गर्जरायरित मञ्जाम स्टेर्फ পृथक করিয়া দেখা কঠিন। তাঁহারা সংখ্যায় অল্প এবং জনসাধারণের উপর প্রভাব প্রতিপত্তিহীন, কাজেই তাঁহারা গণ-আন্দোলনের কোন ইতরবিশেষ ঘটাইতে অক্ষম। কিন্তু তাঁহাদের মধ্যে কয়েকত্বন খ্যাতনামা ও স্থপরিচিত ব্যক্তি আছেন, যাঁহারা ব্যক্তিগতভাবে শ্রদ্ধার পাত্র। এই সকল নেতা এবং সমগ্র লিবারেল ও রেদপনসিভিষ্টরা সম্কটের সময় সরকারী নীতি সমর্থন করিয়া, ব্রিটিশ গভর্ণমেণ্টের প্রভৃত সেবা করিয়াছিলেন। কার্য্যকরী সমালোচনার অভাব এবং লিবারেলগণ কর্ত্তক সমর্থন ও অমুমোদনের करल गर्ङ्गाराज्य त्व-बारेनी हछनी जित्र भरक मरा ऋत्यां पियाहिल। এইরপে যে সময় গভর্ণমেণ্ট নিজেরাই দমন নীতির যৌক্তিকতা প্রতিপন্ধ করিতে গ্লদঘর্ম হইতেছিলেন, তখন লিবারেল ও রেমপনসিভিষ্টরা তীত্র ও অভৃতপূর্ব্ব দমন নীতিকে নৈতিক সমর্থন প্রদান করিয়াছিলেন।

লিবারেল নেতারা বলিতে লাগিলেন, হোয়াইট পেপার মন্দ—অতিশয় মন্দ। কিন্তু ইহা লইয়া কি করা হইবে? ১৯৩৩-এর এপ্রিল মানে

# ব্রিটিশ গভর্গমেন্টের হৈত্তনীতি

কলিকাতায় মডারেট বৈ কি বিলিল। লিবারেল নেতাদের সর্বপ্রধান মুখপাত্র মিঃ শ্রীনিবাস শাস্ত্রী বলিলেন যে, শাসনতন্ত্রের পরিবর্ত্তন যত অসন্ভোষজনকই হউক না কেন, তাঁহাদের উহা লইলা কার্য্য করাই উচিত। তিনি বলিলেন, "এখন দাঁড়াইয়া থাকিয়া ঘটনাপ্রবাহ দেখার সময় নহে।" তাঁহার মতে কেবল একটি কাজ করা যাইতে পারে, তাহা হইল যাহা দেওয়া হইয়াছে, তাহা লইয়া কাজ করা। তাহা না হইলে অকর্মণ্য হইয়া বসিয়া থাকিতে হয়। তিনি আরও বলিলেন,—"যদি আমাদের বৃদ্ধি, অভিজ্ঞতা, আত্মসংযম, বৃঝাইখা কার্য্যোদ্ধারের ক্ষমতায় প্রতীতি, শাস্ত প্রভাব এবং প্রকৃত যোগ্যতা—এই সকল গুণ থাকে, তাহা হইলে পূর্ণোগ্রমে দেগুলি দেখাইবার সময় আসিয়াছে।" কলিকাতার ষ্টেটসম্যান পত্রিকা এই আবেগময় আবেদনে মস্তব্য করিলেন, "আলোকময় বাণী" (সাইনিং ওয়ার্ডস্)।

মি: শান্ত্রী সর্বনাই আবেগময় বক্তৃতা করেন। তাঁহার বাগীস্থলভ মনোহর শব্দচয়ন এবং ঝঙ্কারময় প্রয়োগ-নৈপুণ্যে অহুরাগ আছে। কিছ তিনি উৎসাহের আধিক্যে আত্মহারা হন এবং তাঁহার স্থ শব্দের ্ যাত্মন্ত্র অপরের নিকট, সম্ভবতঃ তাঁহার নিজের নিকটও অর্থহীন হইয়া উঠে। যখন নিরুপত্রব প্রতিরোধ আন্দোলন চলিতেছিল, সেই সময় কলিকাতায় ১৯৩৩-এর এপ্রিল মাসে তাঁহার এই আবেদন বিশেষভাবে বিচার্যা। : মূলনীতি অথবা উদ্দেশ্য ছাড়াও ছুইটি বিষয় লক্ষ্য করিবার আছে। প্রথমতঃ বাহাই ঘটুক না কেন, ব্রিটিশ গভর্ণমেন্ট আমাদিগকে যতই অপমানিত, নিপীড়িত, পরাভূত এবং শোষণ করুক না কেন, আমাদিগকে তাহা স্বীকার করিতেই হইবে। আমাদের এক নির্দিষ্ট দীমা অতিক্রম করা উচিত নহে, তবে দে দীমারেখা কথনও অঙ্কিত इट्रेट्ट ना। मनिक कीं हें भाषा किताय, किन्छ मिः भाष्टीत উপদেশে ভারতবাসীর তাহাও করা উচিত নহে। তাঁহার মতে অন্ত পথ নাই। ইহার অর্থ এই যে, তাঁহার নিজের দিক দিয়া ব্রিটিশ গভর্ণমেণ্টের সিদ্ধান্তগুলি আমুগত্য স্বীকারের সহিত গ্রহণ করা ধর্ম (যদি এই অস্পষ্ট **मक्**षि त्रवहात कता मञ्चल हम् )। आमता हारे आत नारे हारे, मकरन भिनिया जमुष्टे, नियु जि ज्वारी किममेश्य ग्रह्म क्रिया वाधा।

ইহাও লক্ষ্য করিবার বিষয় যে, তিনি কোন নিশ্চিত পরিস্থিতি সম্পর্কে উপদেশ প্রদান করেন নাই। যদিও ফল যে মন্দ হইবে, সে সম্বন্ধে সকলের মোটাম্টি ধারণা থাকিলেও 'শাসনতন্ত্রগত পরিবর্ত্তন' তথনও গঠন করা হইতেছে। তিনি যদি বলিতেন যে, হোয়াইট পেপারের

### च अर्जनान (मर्ज

প্রস্তাবগুলি মন্দ হইলেও সকল দিক বিবেচনা করিয়া আমি বলিডেছি

যে, এগুলি আইনে পরিণত হইলে উহা লইয়া কাল করা উচিত, তাহা

হইলে তাহার উপদেশ ভাল হউক, মন্দ হউক, তাহার সহিত বাত্তব

ঘটনার সংশ্রব থাকিত। কিন্তু মি: শাস্ত্রী আরও অগ্রসর হইয়া বলিকেন

যে, শাসনতান্ত্রিক পরিবর্ত্তন, যত অসন্তোষজনকই হউক না কেন, তাহার
উপদেশ এরপই থাকিবে। জাতির অতি মর্ম্মান্তিক বিষয় লইয়াও তিনি

সাদা কাগজে স্বাক্ষর করিয়া ব্রিটিশ গভর্ণমেন্টের হাতে দিতে সর্ব্বদাই

প্রস্তুত। কোন ব্যক্তি বা দল কির্পে অদৃষ্টপূর্বে ভবিগ্রুং সম্পর্কে এমন

শীক্ষতিমূলক মনোভাব দেখাইতে পারেন, আমার পক্ষে তাহা ব্র্মা

কঠিন; হয় ত ইহাদের কোন প্রকার নীতি বা নৈতিক ও রাজনৈতিক

মাপকাঠি নাই: ইহাদের মূল্মন্ত্র ও কর্মনীতি হইল শাসকদের হকুম বা
আদেশ অবিচারিত আফুগত্যের সহিত গ্রহণ করা।

দ্বিতীয় বিষয় হইল কর্মকৌশলের কথা। নৃতন শাসন সংস্কার আইনে পরিণত হইবার দীর্ঘ যাত্রাপথে হোয়াইট পেপার অন্ততম বিশ্রামস্থল। পভর্নেণ্টের দিক হইতে ইহা এক প্রয়োজনীয় বিরামকেন্দ্র,—পরবর্ত্তী যাত্রাপথে আরও এরপ অনেক অবসর আছে, যেথানে ইহা ভাল কি মন্দ ছুইদিকেই পরিবর্ত্তিত হইতে পারে। বিভিন্ন স্বার্থের দিক হইতে ব্রিটিশ প্রত্থমেণ্ট তথা পার্লামেণ্টের উপর চাপ দেওয়ার উপরই এই পরিবর্ত্তন নির্ভর করে। এই টানাটানিতে ভারতীয় লিবারেলদিগকে হাত করিবার জন্ম গভর্ণমেন্ট প্রস্তাবগুলিকে অধিকতর অস্ততঃ অধিকার সঙ্কোচের কঠোরতা হ্রাস করিতে চেষ্টা করিতে পারিতেন, ইহা অনুমান করা যাইতে পারে। কিন্তু গ্রহণ কি বৰ্জন, নৃতন শাসনতন্ত্ৰ লইয়া কাজ করা কি না করা, এ প্রশ্ন উঠিবার বহু পূর্বেই, মি: শাস্ত্রীর স্বস্পষ্ট ঘোষণা হইতে ব্রিটিশ গভর্ণমেন্ট ভাল করিয়াই বুঝিলেন যে, তাঁহারা ভারতীয় লিবারেলদিগকে সম্পূর্ণরূপেই व्यवका कतिए भारतन। देशिमिशक हां कतात्र कान कथारे छेट ना। हैशामिश्राक ठिनिया स्मिनिया मिल्ल हैशाता गुर्जिया हा जिल्ला मा। আমি যতটা পারি, কলিকাতায় মি: শাস্ত্রীর বক্তৃতা লিবারেলদের দৃষ্টি দিয়া विচার করিয়া আমার মনে হইল, কর্মকৌশল হিসাবেও ইহা অতি মন এবং নিবারেনদের উদ্দেশ্যও ইহাতে ক্ষতিগ্রস্ত হইয়াছে।

মি: শাস্ত্রীর পুরাতন বক্তৃতার উপর এত কথা লিখিবার কারণ ইহা নহে যে, ঐ বক্তৃতা বা কলিকাতার মডারেট বৈঠকের বিশেষ কোন শুরুত্ব আছে; লিবারেল নেতাদের মনস্তব্ধ ও মানসিক অবস্থা বৃঝিবার

# खि**ष्टिम भर्ड्गरम्हित रिक्ड**मीडि

আগ্রহ হইতেই ইহা আমি আলোচনা করিলাম। ইহারা যোগ্য ও শ্রদ্ধাম্পদ ব্যক্তি, তথাপি অশেষ সদিচ্ছা থাকা সত্ত্বেও আমি বুঝিতে পারি না যে, ইহারা কেন এরপ কাজ করেন। জেলে মিঃ শাস্ত্রীর আর একটি বক্তৃতা পড়িয়া আমি অত্যস্ত কৌতৃহলী হইয় ছিলাম। ১৯৩৩-এর জুন মাসে পুণায় তিনি সার্ভেণ্ট অব্ইণ্ডিয়া সোসাইটিতে (তিনিই উহার সভাপতি ) একটি বকৃতা করিয়াছিলেন। সংবাদে প্রকাশ, ভারতে ব্রিটিশ প্রভাব সহসা অন্তর্হিত হইলে কি বিপদ হইবে তাহা দেখাইতে গিয়া जिनि विनित्नन, बार्क्टनिजिक आत्मानान घुना, छेर श्रीएन, এक मन कर्ड्क অন্ত দলের নির্য্যাতন বৃদ্ধি পাইবে। অন্তদিকে পরমতসহিফুতাই ব্রিটিশ রাজনৈতিক জীবনের চিরন্তন নীতি; অতএব, ভবিষ্যতে ভারত ব্রিটেনের 'সহিত সহযোগিতা করিলে ভারতেও পরমতসহিফুতা বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা আছে। জেলে থাকায় আমাকে কলিকাতার ষ্টেটস্ম্যান পত্রিকায় প্রকাশিত মিঃ শার্মার বক্তৃতার সারাংশের উপর নির্ভর করিতে হইয়াছে। টেটস্ম্যান মন্তব্য করিয়াছেন,—"ইহা অত্যন্ত মধুর মতবাদ, আমরা দেথিলাম, ডাক্তার মুঞ্জেও এই নশ্মে বক্তৃতা করিয়াছেন।" সংবাদে আবও প্রকাশ যে, মি: শাব্রী ক্রশিয়া, ইতালী ও জার্মাণীতে স্বাধীনতা অপহরণ এবং ঐ সকল দেশে অনুষ্ঠিত অমানুষিক অত্যাচার ও বর্ষরতার কথাও উল্লেখ করিয়াছেন।

ইহা পড়িবামাত্র আমার প্রথমেই মনে পড়িল, ভারত ও ব্রিটেন সম্পর্কে মি: শান্ত্রীর দৃষ্টিভঙ্গীর সহিত ব্রিটিশ রক্ষণশীল দলের কি আশ্চর্য্য সৌসাদৃশু! খুঁটিনাটি ব্যাপারে পার্থক্য থাকিলেও, মূল মতবাদ এক। নিজের মর্মাণত বিশ্বাস ক্ষ্ম না করিয়াও মি: উইনষ্টন চার্চিল ঠিক এই ভাষায় বক্তৃতা করিতে পারিতেন। এহেন মি: শান্ত্রী লিবারেল দলের মধ্যেও বামপন্থী এবং তাহাদের একজন স্থোগ্য নেতা!

আমার আশন্ধা হয়, মিঃ শাস্ত্রীর ঐতিহাসিক ব্যাখ্যা, জগতের ঘটনাপ্রবাহ সম্পর্কে, বিশেষভাবে ভারত ও ব্রিটেন সম্পর্কে তাঁহার মতবাদ আমি মানিয়া লইতে অক্ষম। সম্ভবতঃ ইংরাজ নহেন এমন কোন বিদেশীও উহা গ্রহণ করিবেন না, এবং প্রগতিশীল মতবাদী অনেক ইংরাজও উহার সহিত ভিন্নমত অবলম্বন করিবেন। ব্রিটিশ শাসক সম্প্রদায়ের রঙ্গীন চশমা দিয়া জগত ও স্বদেশকে দেখিবার অতি আশ্চর্য্য ক্ষমতা তিনি অর্জ্জন করিয়াছেন। তবুও ইহা অতি আশ্চর্য্যের বিষয় যে, গত আঠার মাস ধরিয়া ভারতে দিনের পর দিন যাহা ঘটিতেছিল এবং তাঁহার বক্তৃতার সময়েও যাহা ঘটিতেছিল, তিনি বক্তৃতায় তাহা বিনুমাঞ্ত

#### चंद्रवर्गाम (मर्क

উলেখ করেন নাই। তিনি কশিয়া, আর্থাণী, ইতালীর ক্যা ব্যালিকার, তাঁহার বদেশের তাঁত্র ক্যন-নীতি ও সর্কবিধ বাধীনতার বিলোপ নইয়া কিছুই বলেন নাই। সীমান্তপ্রদেশ ও বাদলার ত্যাবহু ঘটনাগুলির বিষয় তিনি নাও জানিতে পারেন—রাজেক্রবার্ সম্প্রতি তাঁহার কংগ্রেসের সভাপতির অভিভাষণে যাহা "বাদলার উপর বলাংকার" বলিয়া উল্লেখ করিয়াছেন—কেন না সংবাদনিয়ন্ত্রণ ও গোপনের সতর্ক ব্যবস্থায় অনেক ঘটনাই প্রকাশিত হয় নাই। কিন্তু ভারতের মর্ম্মবেদনা, প্রবল প্রতিপক্ষের সহিত তাঁহার জাতি বাধীনতার জন্ম যে জীবন-মরণ সংঘর্ষে প্রবৃত্ত হইয়াছে, তাহা বিশ্বত হইলেন কি করিয়া? বিত্তীর্ণ অঞ্চলের উপর প্রশিশ-রাজ প্রতিষ্ঠা—প্রায় সামরিক আইনের কাছাকাছি অবস্থা, অনশন ধর্মঘট, কারাগারের হংগভোগ ইহা কি তিনি জানিতেন না? যে সহিষ্কৃতা ও বাধীনতার জন্ম তিনি ব্রিটেনের প্রশংসায় পঞ্চম্থ, সেই ব্রিটেনই যে ভারতে উহার মেকদণ্ড ভাকিয়া দিতেছে, তাহা কি তিনি ব্রিতে পারেন না?

তিনি কংগ্রেসের সহিত একমত হউন আর নাই হউন, কিছু
আসিয়া যায় না। কংগ্রেসের নীতির সমালোচনা ও নিনা করিবার
অধিকার তাঁহার নিশ্চয়ই আছে। কিন্তু একজন ভারতীর, একজন
স্বাধীনতাপ্রেমিক, একজন আত্ময়্যাদাজ্ঞানসম্পন্ন ব্যক্তি হিসাবে তাঁহার
স্বদেশের নরনারীদের আশ্চর্য সাহস ও আত্মত্যাগ, তাঁহার মনে কি
প্রতিক্রিয়ার স্বাষ্ট করিয়াছে? আমাদের শাসকগণ যথন ভারতের হাদয়ে
কুঠারাঘাত করিতেছিলেন, তথন তিনি কি কোন বেদনা, কোন মর্ময়াতনা
বোধ করেন নাই! অহয়ত সাম্রাজ্যের বাহবলের নিকট যাহারা নত
হইল না, যাহারা দৈহিক পীড়ন অম্লান্বদনে সন্থ করিল, যাহাদের গৃহ
বিনষ্ট হইল, যাহাদের প্রিয়জন ছংথভোগ করিল তথাপি আত্মাব্মাননা
করিল না, সেই সহস্র সহস্র ব্যক্তি তাঁহার নিকট কি কিছুই নহে?
আমরা কারাগারে ও কারার বাহিরে মুধে সাহস দেখাইয়া হাসিয়াছি, কিছু
আমাদের সে হাস্ম প্রায়ই অশ্রতে অভিবিক্ত এবং ক্রন্দনের রূপাস্তর।

সাহসী ও উদারহ্বদয় ইংরাজ মি: ভেরিয়ার এলউইন, তাঁহার অভিজ্ঞতার কথা আমাদিগকে শুনাইয়াছেন। ১৯০০ সালে তিনি লিখিয়াছেন, "সমগ্র জাতি মানসিক দাসত্বের বন্ধন দূরে নিক্ষেপ করিয়া নির্ভীক আত্মর্মব্যাদা প্রদর্শন করিতেছে, এ দৃশু দর্শন এক অপূর্ব্ব অভিজ্ঞতা!" আরও বলিয়াছেন, "সত্যাগ্রহ সংঘর্ষে কংগ্রেসের প্রায় সমস্ত স্বেচ্ছাসেবক যে আক্র্যান্ত্ শৃষ্থলা দেখাইয়াছে, একজন প্রাদেশিক গভর্ণর পর্যান্ত উদারভাবে তাহা স্থীকার করিয়াছেন……।"

^ 4

नि नाजी गराहर्ष्ट अवन धनर त्यागायां के, तमनवागी छाहादक अका করে; সংঘর্বের সময় তাঁহার দেশবাসীর জন্ম তিনি অহরণ সমবেদনা অহভব করিলেন না, ইহা বিখাস কর। অসম্ভব। গভর্ণমেন্ট কর্ভৃক সর্ববিধ দশিলিত কার্য্যক্রম ও ব্যক্তিস্বাধীনতা বিলোপের বিরুদ্ধে তাঁহার কণ্ঠ **रहेर** প্রতিবাদ উখিত হইবে, ইহা সকলেই প্রত্যাশা করিতে পারে। অনেকে ইহাও আশা করিয়াছিল যে, তিনি এবং তাঁহার সহকর্মীরা পীড়িত অঞ্লে—সীমান্ত ও বাঙ্গলায় গিয়া স্বচক্ষে সব দর্শন করিবেন, কংগ্রেস রা নিরুপত্রব প্রতিরোধের সাহায্য করিবার জন্ম নহে, ঘটনা প্রকাশ করিয়া পুলিশ ও সরকারী কর্মচারীদের অতিরিক্ত পীড়ন সংযত করিবার জ্বগু। অক্তান্ত দেশের স্বাধীনতাপ্রেমিক ও ব্যক্তিস্বাধীনতার উপাসকগণ ইহা করিয়া থাকেন। কিন্তু ভিনি ইহা করিলেন না। যখন শাসকরুদ ভারতের নরনারীকে সরাস্ত্রি দলন করিতেছেন, এমন কি, সাধারণ স্বাধীনতাও বিলুপ্ত হইয়াছে, তখন তিনি তাঁহাদিগকে সংযত করিবার চেষ্টা করিলেন না; কি ঘটিতেছে তাহাও দেখিতে চাহিলেন না। এমন এক সময়ে তিনি সহিষ্ণুতা ও স্বাধীনতার জন্ম ব্রিটশজাতিকে প্রশংসাপত্র প্রদান করিতে অগ্রসর হইলেন, যখন ব্রিটশ শাসনাধীন ভারতে ঐ তুইটি সদগুণের একান্ত অভাব। তিনি তাঁহার নৈতিক সমর্থন দ্বারা দমন-নীতির কঠোর কর্ত্তব্য পালনে তাঁহাদিগকে উৎসাহী ও চাঙ্গা করিয়া তুলিলেন।

আমার দৃঢ় বিশাস, তাঁহার উদ্দেশ্য এরপ ছিল না এবং তাঁহার কাজের কি ফল হইবে, তাহাও তিনি ভাবেন নাই। কিন্তু তাঁহার বক্তৃতার যে ঐরপ ফল হইয়াছিল, ইহা নিঃসন্দেহ। অতএব, কেন তিনি এই ভাবে চিন্তা ও কার্য্য করেন ?

আমি এই প্রশ্নের কোন সহত্তর পাই নাই; বরং দেখিতেছি, লিবারেলগণ তাঁহাদের স্বদেশবাসী হইতে পৃথক হইয়া পড়িয়াছেন এবং আধুনিক চিন্তা ধারার সহিত সমস্ত সম্পর্ক ছিন্ন করিয়াছেন। তাঁহারা যে সকল বন্তাপচা প্রাতন পুঁথি পড়েন, তাহা তাঁহাদের দৃষ্টি হইতে, ভারতের জনসাধারণ হইতে আবৃত করিয়া রাথে এবং তাহারা এক প্রকার আপনাতে আপনি মৃশ্ব অবস্থায় থাকেন। আমরা জেলে গিয়াছি, আমাদের দেহ সেলে তালাচাবি বন্ধ; কিন্তু আমাদের মন মৃক্ত, আমাদের চিত্ত প্রফুল; কিন্তু তাঁহারা নিজেদের মনোমত করিয়া এক মানসিক কারাগার রচনা করিয়াছেন, যেগানে তাঁহারা চক্রাকারে অবিপ্রান্ত ঘূরিতে থাকেন, বাহির হইবার পথ পান না। তাঁহারা বস্তুর অপরিবর্ত্তনীয় সন্তার উপাসক, কিন্তু এই পরিবর্ত্তনশীল জগতে যথন বস্তুর পরিবর্ত্তন হয়, তথন তাঁহারা দিশাহারা হইয়া উঠেন। কোন আদর্শ বা

#### च अर्जनांन (नर्ज

পরিবর্ত্তনকে বৃঝিবার মত কোন উপায় হাতড়াইয়া পান না। আমাদের সম্প্র তৃইটি প্রশ্ন, হয় সম্প্র অগ্রসর হইতে হইবে, নয় ধাকা থাইয়া পড়িয়া যাইতে হইবে; এই তীত্র গতিশীল জগতে আমরা দ্বির হইয়া থাকিতে পারি না। পরিবর্ত্তন ও গতির ভয়ে ভীত লিবারেল তাঁহাদের চারিদিকে ঝড় দেখিয়া শক্ষিত হইলেন; অক্ষম, তুর্ব্বল পদে তাঁহারা অগ্রসর হইতে পারিলেন না। অতএব ঝড়ের ঝাপ্টায় ইতন্ততঃ বিক্ষিপ্ত হইতে লাগিলেন কান ত্ব-থগু সম্প্রে পাইলেই বাাকুল মৃষ্টিতে ধরিতে লাগিলেন। ভারতের রাষ্ট্রীয় রক্ষমঞ্চে তাঁহারা হামলেট, চিন্তায় জর্জ্জর, বিবর্গ-বিশীর্ণমৃথ, সর্ব্বদাই সন্ধিয়, সংশয়াতুর এবং অব্যবস্থিতচিত্ত।

লিবারেলদের সাপ্তাহিক পত্রিকা "দি সারভেন্ট অব্ইণ্ডিয়া" নিশ্বপদ্রব প্রতিরোধ আন্দোলনের শেষের দিকে কংগ্রেসপদ্ধীদিগকে এই বলিয়া অপবাদ দিয়াছিলেন যে, তাহারা জেলে যাইতে চাহে এবং যথন তাহারা জেলে যায় তথন আবার বাহিরে আসিবার জন্ম ব্যাকুল হয়। কিছু বিরক্তির সহিত ইহাতে মস্ভব্য করা হইয়াছিল যে, ইহাই কংগ্রেসের নীতি হইয়া উঠিয়াছে। ইহার পরিবর্গ্তে লিবারেলদের মতে ইংলণ্ডে ডেপুট্রেশন লইয়া গিয়া ব্রিটিশ মন্ত্রীদের নিক্ট ধর্ণা দেওয়া উচিত, অথবা গভর্ণমেন্টের পরিবর্ত্তনের জন্ম ইংলণ্ডে গিয়া আবেদন নিবেদন করা উচিত।

অবশ্য কতক পরিমাণে এই কথা সতা যে, তথন প্রধানতঃ কংগ্রেসের এই কর্ম নীতি ছিল যে, অর্ডিক্যান্সীয় আইন এবং অক্টান্ত দমননীতিমূলক ব্যবস্থা-গুলির অমান্ত করা। তাহার ফলে কারাদণ্ড হইত। ইহাও অবশ্য সত্য যে, কংগ্রেস ও জাতি দীর্ঘ সংঘর্ষে ক্লান্ত হইয়া পড়িয়াছিল এবং গভর্ণমেন্টের উপর কোনও ফলপ্রস্থ চাপ দিতে পারিতেছিল না। কিন্তু তথাপি তাহার এক বাস্তব ও নৈতিক মূল্যও ছিল।

যে উলঙ্গ দমন-নীতি ভারতবর্ষ দছা করিয়াছে, তাহ। শাসকবর্গের পক্ষেও এক ব্যয়বহল ব্যাপার হইয়া উঠিয়াছিল। এমন কি তাঁহাদিগকেও অত্যস্ত বন্ধাপ্রদ মানসিক অবস্থার মধ্যে কাল কাটাইতে হইয়াছে এবং তাঁহারা ভাল করিয়াই জানিতেন, শরিণামে ইহা তাঁহাদের ভিত্তিকেও তুর্বল করিবে। ইহাতে নির্যাতিত জনসাধারণ এবং স্থাতের সম্মুখে তাঁহাদের শাসনের আসল স্বরূপ প্রকাশ হইয়া পড়ে। তাঁহারা দর্বদাই লোহমৃষ্টি মথমলের কোমল আবরণে তুবাইয়া রাখিতে ভালবাসেন। চরম ভাবে বিশ্লেষণ করিলে দেখা যাইবে যে, ফলাফলের প্রতি ভ্রক্ষেপহীন হইয়া যখন জনসাধারণ গভর্ণমেন্টের ইচ্ছার নিক্ট নত হয় না, তথন তাহাদিগকে নিয়ন্ত্রিত করিবার চেষ্টা গভর্ণমেন্টের পক্ষে বিরক্তিকর এবং অনিষ্টকরও বটে। কাজেই দমন-নীতিমূলক ব্যবস্থার

# ব্রিটিশ গভর্ণমেন্টের বৈত্তনীতি

বিরুদ্ধে দাম্মিক ও স্থানীয় প্রকাশ বিরোধিতারও মূল্য আছে। ইহাতে জনসাধারণের মধ্যে দৃঢ়তা জাগে এবং গভর্ণমেন্টের নৈতিক শক্তি তুর্বল করিয়া ফেলে।

ইহার নৈতিক দিকের গুরুত্ব অনেক বেশী। এক স্মরণীয় অধ্যায়ে থুরো বলিয়াছেন, "যখন নরনারীরা অভায়ভাবে কারারুদ্ধ হয়, তখন ভায়পরায়ণ প্রত্যেক নরনারীর স্থানও ঐ কারাগারে"। এই উপদেশ লিবারেল এবং অন্তান্ত অনেকের নিকট শ্রুতিহুথকর হইবে না। কিন্তু আমরা অনেকে অহুভব করিতেছিলাম যে বর্ত্তমান অবস্থার মধ্যে নৈতিক জীবন অসহ। নিরুপদ্রব প্রতিরোধ আন্দোলনের কথা ছাড়িয়। দিলেও আমাদের অনেক সহকর্মী সর্বাদাই জেলে থাকিতেন এবং রাষ্ট্রের দমন-নীতির অন্ত্র অবিরত আমাদিগকেও পীড়ন করিতেছিল এবং উহা জনদাধারণের শোষণেরও সহামক হইয়া উঠিয়াছিল। আনাদের নিজের দেশে আমরা সন্ধিধ ব্যক্তির মত বিচরণ করি, গুপ্তচর ছারার মত পশ্চাতে অমুসরণ করে, আমাদের প্রত্যেকটি কথা যত্র সহকারে ট্রিয়া লওয়া হয়, পাছে আমরা সর্বত্ত বিভ্যমান সিদিসানীয় আইন ভঙ্গ করিয়া ফেলি। আমাদের চিঠিপত্র থুলিয়া দেখা হয়, নিষেধাজ্ঞা ও গ্রেফ্ তারের সম্ভাবনা সর্বনাই বিন্যমান থাকে। আমাদের নির্কাচন করিয়া লইতে হইবে,—রাষ্ট্রের শক্তির নিকট হীন আহুগতা স্বীকার, আত্মিক অধংপতন, আমাদের মধ্যে যে শক্তি আছে তাহা অস্বীকার, যাহাকে আমরা হীন বলিয়া জানি সেই উদ্দেশ্যে নৈতিক গণিকা বৃত্তি—অথবা ফলাফল সম্পর্কে জ্রাক্ষেপ না করিয়া ইহার প্রতিরোধ। কেহই ইচ্ছা করিয়া জেলে यात्र ना अथवा विभागक निमञ्जन करत न!। किन्छ ममत्र भमत्र अस्त किन्नूत পরিবর্ত্তেই কারাগার বাঞ্চনীয়। যেমন বার্ণাড শ' বলিয়াছেন,—"যাহা তুমি হীন বলিয়া জান, সেই উদ্দেশ্যেই অপরের দ্বারা প্রবৃত্ত হইবার মত বিয়োগাস্তক ঘটনা জীবনে আর কিছু নাই। অক্তান্ত শোচনীয় ব্যাপাব হয় হুর্ভাগ্য কিম্বা মৃত্যু; কিন্তু একমাত্র ইহাই তুঃথ, দাসত্ব এবং মর্ব্যের নরক।"

# দীর্ঘ কারাদত্তের অবসান

আমার কারাম্ক্তির দিন ঘনাইয়া আসিল। "সদ্বাবহারের জন্ত" সাধারণ
নিয়মে আমার কিছু দণ্ড মকুব হইয়াছিল অর্থাৎ ত্ই বংসরের মধ্যে সাড়ে
তিন মাস কম হইয়াছিল। আমার মনের শান্তি অথবা জেলের মধ্যে
স্বভাবতঃই মনের মধ্যে যে নিস্তেজ অবসন্নভাব দেখা যায়, তাহা কারাম্ন্তির সম্ভাবনার বিক্ষুর হইয়া উঠিল। আমি উত্তেজনা বোধ করিতে লাগিলাম।
বাহিরে গিয়া আমি কি করিব ? অতি কঠিন প্রশ্ন। উত্তর দিতে গিয়া
আমি ইতন্ততঃ করিতে লাগিলাম, এই প্রশ্ন ম্ক্তির আনন্দ হরণ করিল।
কিন্তু ইহাও সাময়িক চিত্তবিকার। আমার বলপ্র্কাক দাবাইয়া রাখা শক্তি
মাধা তুলিতে লাগিল। আমি বাহিরে যাইবার জন্ম ব্যাকুল হইলাম।

১৯৩৩-এর জুলাই মাদের শেষ ভাগে এক মর্মান্তিক সংবাদে ছৃশ্চিন্তান গ্রন্থ ইইলাম—জে, এম, দেনগুপ্তের অকস্মাৎ মৃত্যু ইইয়াছে। কংগ্রেসের কার্য্যকরী সমিতিতে আমরা বহুবর্ষ যাবং সহকর্মী ছিলাম ত বটেই, আমার কেম্ব্রিজের ছাত্রজীবনের প্রথম দিকে তাঁহার সংশ্রবে আসিয়াছিলাম। কেম্ব্রিজে আমাদের প্রথম দেখা—আমি নবাগত এবং তিনি সদ্য ডিগ্রী লাভ করিয়াছেন।

অস্তরীণে আবদ্ধ অবস্থায় সেনগুপ্তের মৃত্যু হইয়াছে। ১৯০২-এর প্রথম ভাগে ইউরোপ হইতে ফিরিয়া আসিবার পর বোষাইয়ে জাহাজের উপরই তাঁহাকে গ্রেফ্তার করিয়া রাজবন্দী করা হয়। তাহার পর হইতেই তিনি বন্দী অথবা অস্তরীণে আবদ্ধ ছিলেন এবং তাঁহার স্বাস্থ্য ভালিয়া পাছে। গভর্গমেন্ট তাঁহাকে অনেক রকম স্থবিধা দিয়াছিলেন; কিন্তু তৎসত্ত্বেও ব্যাধির কোন পরিবর্ত্তন হইল না। কলিকাতায় তাঁহার শোক্যাত্রায় বিপূল অনসভ্য যে ভাবে পরলোকগত নেতার উদ্দেশ্যে শ্রদ্ধা নিবেদন করিল, তাহাতে মনে হইল, বাঙ্গলার হৃদ্যে বছদিন অবরুদ্ধ বেদনা অস্ততঃ ক্ষণকালের জন্মও যেন প্রকাশের পথ পাইয়াছে।

দেনগুপ্তও চলিয়া গেলেন। আর একজন রাজবন্দী স্থভাষ বস্থ কয়েক বংসরের কারাদণ্ড ও অস্করীণে ভগ্নস্বাস্থ্য—অবশেষে গভর্ণমেণ্ট

# দীর্য কারাদণ্ডের অবসান

ভাঁহাকে চিকিৎসার জন্ম ইউরোপ যাইবার অন্ন্যতি দিলেন। প্রবীণ বিঠলভাই প্যাটেল ইউরোপে অন্নত্ব। আরও কতজন স্বাস্থ্য হারাইয়াছে, মৃত্যুমুথে পতিত হইয়াছে—কারাজীবনের শারীরিক হৃঃথ ও বাহিরের কর্মপ্রেরণা দেহ সন্থ করিতে পারে নাই! কতজনের, (যদিও বাহির হইতে দেখিলে একরূপই মনে ২য়) অস্বাভাবিক জীবন যাপনের ফলে মানসিক অবস্থা বিপর্যান্ত হইয়া গিয়াছে!

সমগ্র দেশ কি ভয়াবহ তৃঃখ নীরবে বহন করিতেছে, সেনগুপ্তের মৃত্যুতে ভাহা স্পষ্টভাবে মনে পড়িল, আমি ক্লান্ত ও অবসাদ বোধ করিতে লাগিলাম। ইহার পরিণাম কি ? কোথায় ইহার শেষ ?

সৌভাগ্যক্রমে আমার স্বাস্থ্য ভালই ছিল; কংগ্রেসের কার্ণ্যে অনিয়মিত জীবন যাপন সত্ত্বেও মোটের উপর আমি ভালই ছিলাম। ইহার কারণ, পিতার নিকট হইতে আমি স্থাঠিত দেহ লাভ করিয়াছিলাম এবং দেহের ষত্ব করিতাম। রোগ, দুর্বল দেহ এবং অতিরিক্ত মেদ, এ তিনটিই আমার নিকট অশোভন মনে হইত; নিয়মিত ব্যায়াম, মৃক্ত-বায়ু এবং সাদাসিদে থানা এই তিন উপায়ে আমি উহা হইতে মুক্ত ছিলাম। আমার নিজের অভিজ্ঞতা এই যে, মধ্যশ্রেণীর ব্যক্তিরা প্রয়োজনের অতিরিক্ত এবং শুরুপাক খাদ্যের দোষে প্রায়ই পীড়া ভোগ করেন ( যাঁহাদের ভাপচয় করিবার মত অর্থ আছে, তাঁহাদের সম্বন্ধেই ইহা প্রযোজ্য )। স্নেহত্র্বলা জননীরা অতিরিক্ত মিষ্ট ও ম্থরোচক থান্য দিয়া অতিভোজনে বাল্যকাল হুইতেই সম্ভান সম্ভতির দেহে বদ্হজ্ঞমের বনিয়াদ পড়িয়া আমাদের দেশে শিশুদিগকে অতিরিক্ত কাপড়চোপড় দিয়া মৃড়িয়া রাখা হয়। ভারতে ইংরাজগণও অতি ভোজন করিয়া থাকেন, তবে তাঁহাদের খাদ্যে যি মশলা কম থাকে। সম্ভবতঃ একপুরুষ পুর্বের ইংরাজগণের অপেক্ষা তাঁহারা একটু উন্নত হইয়াছেন, কেন না প্রেবাক্ত শ্রেণী প্রচুর পরিমাণে উষ্ণ ও তীত্র পানাহার করিতেন।

খাত্ত সম্পর্কে আমার কোন বিশেষ বাতিক নাই—কেবল অতি ভোজন ও গুরুপাক থাত বর্জন করিয়া থাকি। অন্যান্ত কাশ্মিরী রাহ্মণদের মত আমাদের পরিবারেও মাংসাহার প্রচলিত, বাল্যকাল হইতেই আমি মাংসাহারে অভ্যন্ত, তবে উহা আমার বেশী প্রিয় ছিল না। ১৯২০-জ্বী অসহযোগ আন্দোলনের স্কুচনা হইতেই আমি মাংসাহার ত্যাগ করিয়া নিরামিধাশী হইয়াছিলাম। তারপর ইউরোপ গমনের পূর্ব পর্যন্ত ছিয় বংসর কাল আমি নিরামিধভোজী ছিলাম। ইউরোপে গিয়া অবশ্র মাংসাহার করিয়াছি। ভারতে ফিরিয়া আমি পুনরায় নিরামিধ ভোজন

#### ज अर्जनान (सर्क

আরম্ভ করি; এবং এখন পর্যান্ত প্রায় তাহাই আছি। মাংস আমার শরীরে সহু হয়, তবে আমি উহার প্রতি অফচি প্রদর্শন করিয়া থাকি,— কেন না, উহা আমার নিকট অত্যন্ত ফুলফচি বলিয়া মনে হয়।

১৯৩২-এ জেলে একবার আমার স্বাস্থ্য খারাপ ইইয়াছিল; কয়েকমাস
প্রত্যাহ একটু জর হইত; ইহাতে আমার স্বাস্থ্যের গর্ম ক্ষুঃ হইত বলিয়া
আমি বিরক্ত হইতাম। আমি এতকাল জীবন ও শক্তির যে প্রাচ্র্ব্য
অহতব করিতাম, এই প্রথম তাহাতে সন্দেহের ছায়াপাত হইল,—কমশঃ
ক্ষম ও জরার বিভীষিকা সম্মুথে দেখিয়া আমি ভীত হইলাম। আমি যে
মৃত্যুভয়ে ভীত হইয়াছিলাম তাহা নহে, কিস্তু ধীরে ধীরে শারীরিক ও মানসিক
বলক্ষর স্বতম্ম বস্ত। যাহা হউক, আমার ভয় একটু অতিরঞ্জিত, এই
অস্ত্রতা জয় করিয়া আমি শরীর আয়ত্তের মধ্যে আনিলাম। শীতকালে
দীর্ঘকাল স্ব্যালোকে থাকিয়া আমি স্বস্থ বোধ করিতে লাগিলাম। যথন
আমার জেলের সঙ্গীরা কোট ও শাল গায়ে দিয়া শীতে কাঁপিতেন, আমি
দিব্য আনন্দে উলঙ্গ দেহে রৌল পোহাইতাম। ইহা কৈবল শীতকালে
উত্তর ভারতেই সম্ভব, অন্যত্র স্ব্যালোক অত্যন্ত প্রথব।

ব্যায়ামের মধ্যে—"শির শাসন" অর্থাং হাতের তালু ও মীথা মাটিতে রাথিয়া উপরের দিকে পদদ্ব উত্তোলন করা, তাহার পর মাথার পশ্চাং দিকে তুই হাতের বৃদ্ধান্দুলী রাথিয়া কলুইয়ের উপর ভর দিয়া শরীর সোজা উপরে রাথায় আমি বড় আনন্দ পাই। আমার মনে হয়, শরীরের দিক দিয়া ইহা পুব ভাল,—আমার ইহা আরও ভাল লাগে, কেন না ইহাতে আমার মনও প্রসর হয়। কিঞ্চিং হাস্তকর এই ভঙ্গীতে আমার নেজাজ ভাল হয় এবং জীবনের থামথেয়ালী গুলি সহা করিবার শক্তি পাই।

আমার সাধারণ ভাল স্বাস্থ্য এবং স্কুদেহজনিত আনন্দে আমি কারাজীবনে অপরিহার্য্য সামন্নিক অবসাদ অতিক্রম করিতে সমর্থ হইয়াছি। ইহাতে কি কারাগারে কি বাহিরে সতত পরিবর্ত্তনশীল অবস্থার মধ্যেও নিজেকে উপযোগী করিয়া লইয়াছি। আমি জীবনে বহু আঘাত পাইয়াছি, আর্মান্তের মৃহুর্ত্তে মনে হইয়াছে যে, আমি ব্ঝি ল্টাইয়া পড়িব। কিছ বিশ্বরে লক্ষ্য করিয়াছি, প্রত্যাশাতীত, অল্পকালের মধেই আমি নিজেকে সংহত করিয়াছি। আমার চরিত্রের প্রশান্তি ও সংযমের লক্ষণ আমার মতে এই যে, আমার কথনও বেশী মাথা ধরে নাই বা অনিজায় কষ্ট পাই নাই। আধুনিক সভ্যতার সাধারণ ব্যাধিগুলিও আমার নাই, এমন কি অতিরিক্ত লেশাপড়া করা, বিশেষভাবে জেলে স্ক্লালোকে লেখাপড়া করা সত্বেও আমার দৃষ্টশক্তি মন্দ মহে। একজন চুকুবিশেষজ্ঞ গত বংসর

### দীর্ঘ কারাদত্তের অবসান

আমার উৎক্টা দৃষ্টি-শক্তি দেখিয়া মুগ্ধ হইয়াছিলেন। আট বংসর পূর্বেষ্
তিনি ভবিশ্বদাণী করিয়াছিলেন যে, তুই এক বংসরের মধ্যেই আমাকে
চশমা লইতে হইবে। তিনি অত্যন্ত ভূল করিয়াছিলেন, কেন না আমি
এখনও চশমা ছাড়াই কাজ চালাইতেছি। এই সকল ঘটনা যদিও
আমার প্রশান্তি ও সংযমের খ্যান্তির পরিচায়ক, তথাপি বলিয়া রাখি,
যে সকল লোক সর্বাদাই ধীরমন্তিক্ষ এবং সংযত, তাঁহাদিগকে আমি
ভয়ের চক্ষে দেখিয়া থাকি।

মামি যথন কারাম্ভির জন্য অপেক্ষা করিতেছিলান, তথন বাহিরে ব্যক্তিগত নিরুপদ্রব প্রতিরোধের নৃতন আন্দোলন চলিতেছে। গান্ধিজী এই আন্দোলনের পুরোভাগে আসিতে প্রস্তুত ইইলেন এবং কর্তৃপক্ষের নিকট জ্ঞাপন করিলেন যে, তিনি ১লা আগষ্ট ইইতে গুজরাটের ক্রযকদের মধ্যে নিরুপদ্রব প্রতিরোধ প্রচাল করিতে যাইবেন। তাঁহাকে তৎক্ষণাৎ গ্রেফ্ তার করা হইল, এক বংসর কারাদণ্ডে দণ্ডিত ইইয়া তিনি এরোডা জেলে ফিরিয়া গেলেন। তাঁহার কারাগমনে আমি আনন্দিত ইইলাম। কিন্তু শীন্তই নৃতন সমস্যাদেখা দিল। গান্ধিজী কারাগাল ইইতে পূর্বের মত ইরিজন আন্দোলন চালাইবার স্থাবিধা দাবী করিলেন,—গভর্ণমেন্ট তাহা দিলেন না। সহসা আমরা শুনিলাম, গান্ধিজী এই ব্যাপার লইয়া অনশন আরম্ভ করিয়াছেন। সামান্ত ব্যাপার লইয়া এইরূপ বিশ্বসন্থূল কার্ণ্টে প্রবৃত্ত হওয়া অভ্তপূর্বে বালিয়া মনে ইইল। গভর্গমেন্টের সহিত তর্কযুক্তিতে তিনি অভ্রান্ত হইতে পারেন, কিন্তু তাঁহার সিদ্ধান্তের যৌক্তিকতা উপলন্ধি করা আমার পক্ষে কঠিন ইইল। আমাদের করিবার কিছুই নাই, বিহ্বল ইইয়া ঘটনার গতি লক্ষ্য করিতে লাগিলাম।

এক সপ্তাহ উপবাসের পরেই তাঁহার অবস্থা অতিশয় মন্দ হইল। তাঁহাকে হাসপাতালে স্থানাস্তরিত করা হইল; কিন্তু তথনও তিনি বন্দী; গভর্ণমেন্ট হরিজন আন্দোলন পরিচালনার স্থবিধা দিতে সম্মত হইলেন না। তিনি বাঁচিবার ইচ্ছা ছাড়িয়া দিলেন (পূর্ববার অনশনকালে ইহা ছিল) এবং ক্রেমশঃ নিজেকে মৃত্যুপথে আগাইয়া দিতে লাগিলেন। শেষ সময় উপস্থিত বলিয়া মনে হইতে লাগিল। তিনি সকলের নিকট হইতে বিদায় লইলেন এবং তাঁহার ব্যক্তিগত ব্যবহারের যে কয়েকটি বস্তু ছিল্, তাহাও নাস ও অ্যান্সের মধ্যে বন্টন করিয়া দিলেন। কিন্তু তিনি গভর্ণমেন্টের রক্ষণাবেক্ষণের মধ্যে বন্টন করিয়া দিলেন। কিন্তু তিনি গভর্ণমেন্টের রক্ষণাবেক্ষণের মধ্যে প্রাণত্যাগ কন্ধন, এ অভিপ্রায় তাঁহাদের ছিল না। সেই দিন অপরাষ্কেই তাঁহালৈন। সম্ভবতঃ,

#### অওহরলাল নেহক

জ্ঞার একদিন গেলেই বহু বিলম্ব হইয়া যাইত। সম্ভবতঃ ইহা সি, এফ, -এনডুজের চেষ্টার ফল, গান্ধিজীর নিষেধ সম্বেও তিনি তাড়াতাড়ি ভারতে ফিরিয়াছিলেন।

ইতিমধ্যে আমি দেরাত্ন জেল হইতে, অন্তান্ত জেলে দেড়বংসর কাটাইয়া পুনপ্তায় ১৩ই আগষ্ট নৈনী জেলে ফিরিয়া আসিলাম। তথনই মাতার পীড়া এবং তাঁহাকে হাসপাতালে স্থানান্তরিত করা হইয়াছে, এই সংবাদ আসিল। মাতার :অবস্থা সন্ধটাপন্ত বলিয়া ১৯৩৩-এর ৩০শে আগষ্ট আমি কারাগার হইতে মৃক্তি পাইলাম। সাধারণভাবে আমি পূর্ণ দণ্ড ভোগান্তে ১২ই সেপ্টেম্বর মৃক্তি পাইতাম। প্রাদেশিক গভর্শমেণ্ট আমাকে আরও তের দিন কারাদণ্ড মাপ করিলেন।

60

# গান্ধিজীর সহিত সাক্ষাৎ

কারাম্ক্রির অব্যবহিত পরেই আমি লক্ষোয়ে মাতার রোগশয়াপার্শে উপস্থিত रहेनाम এবং छाँरात महिल करमक निन थाकिनाम। नौर्यकान পরে কারাগারের বাহিরে আসিয়া আমি অমুভব করিলাম, আমার চারিদিকের পরিবেষ্টনের সহিত আমার যোগত্ত্র ছিল্ল হইয়া গিয়াছে। স্কলের মনের ভাব যেমন হয়, তেমনি ভাবে আমিও আশ্চর্য্য इटेग्रा अञ्चय कतिनाम, यथन यामि कात्रागादत निक्तन इटेग्रा हिनाम, তথনও জগত চলিয়াছে, কত . কি পরিবর্ত্তন হইয়াছে। ছেলেমেয়েরা বড় হইয়াছে—জন্ম, মৃত্যু, বিবাহ, প্রেম, কলহ, থেলাধুলা, কাজকর্ম, স্থ-ছঃথের নিতা আবর্ত্তন। জীবনের নৃতন আকর্ষণ, আলাপের নৃতন বিষয়—যাহা দেখি শুনি, সবই একটু অপ্রত্যাশিত বিশ্বয়ের। আমাকে পশ্চাতে ফেলিয়া জীবন যেন অগ্রসর হইয়াছে। ইহা খুব স্থাবর অমুভৃতি নয়। অল্পকালের মধ্যেই পারিপার্থিক অবস্থার সহিত সামঞ্জত করিয়া লইলাম, কিন্তু কোন আগ্রহ বোধ করিলাম না। আমি ব্ঝিলাম, অল্প কয়েকদিনের জন্ত জেল হইতে ছাড়া পাইয়াছি মাত্র, শীঘ্রই হয় ত আবার ফিরিয়া যাইতে হইবে। যাহা শীঘ্রই ত্যাগ করিতে হইবে, তাহার সহিত সামঞ্জু স্থাপনের চেষ্টায় ফল কি ?

### গান্ধিজীর সহিত সাক্ষাৎ

রাজনীতির দিক দিয়া ভারত অপেক্ষাকৃত শাস্ত, আন্দোলন ও তৎসংক্রাম্ভ কাজকর্ম গভর্ণমেণ্ট সংযত ও দমন করিয়া ফেলিয়াছেন: কদাচিৎ কেহ গ্রেফ্তার হয়। কিন্তু ভারতের এই নিস্কুতার মধ্যে বছ ইন্দিত ছিল। দীর্ঘকাল তীত্র দমন-নীতির ফলে ক্লান্তিজনিত এই নিস্তৰতা অশুভ সম্ভাবনায় পূর্ণ; এ নিস্তৰতা যেন মুখর; যাহারা দমন করেন, ইহা তাঁহাদের দৃষ্টিগোচর হয় না। বাছতঃ সমস্ত অবাধ্যতা দমিত হইয়াছে, গোয়েন্দা ও গুপুচরের বিপুল বাহিনী দেশ ছাইয়া **रफ** निग्नाटह । नर्सत् ছত্ৰভক অবস্থা, জনসাধারণ সম্ভত্ত । সর্ন্দবিধ রাজনৈতিক কার্য্য-বিশেষভাবে পল্লী-অঞ্চলে-দমন করা হইয়াছে এবং বিভিন্ন প্রাদেশিক গভর্ণমেণ্ট মিউনিসিপালিটি ও লোকাল বোর্ডের চাকুরী হইতে কংগ্রেসপন্থীদের তাড়াইবার জন্ম ব্যস্ত। মিউনিসিপালিটি প্রভৃতির উপর অতাধিক চাপ দেওয়া হইতে লাগিল, যদি চুষ্ট কংগ্রেসপন্থীদিগকে **পদ্চাত** नो कता हुए, जोहा इहेल मुद्रकादी माहाया वस्र कता हहेत्व विनिया ভय प्रिथान रहेन। এই প্রকার জ্বরদন্তীর প্রকৃষ্ট দৃষ্টান্ত দেখা গেল, কলিকাতা কর্পোরেশনে। অবশেষে, বাঙ্গলা গভর্ণমেণ্ট আইন করিয়া কলিকাতা কর্পোরেশনে রাজনৈতিক অপরাধে দণ্ডিত ব্যক্তিদের নিয়োগ বন্ধ করিয়া দিলেন।

জার্মাণীতে নাৎসী দলের অত্যাচারের বিবরণ ভারতীয় ব্রিটিশ কর্মচারিগণ এবং ব্রিটিশ সংবাদপত্রগুলির উপর এক আশ্চর্যা প্রতিক্রিয়া স্ষষ্টি করিল। তাঁহারা ভারতে যাহা করিয়াছেন, যেন উহার মধ্যে তাহার বৈধ যৌক্তিকতা থ জিয়া পাইলেন, অহমারের সহিত তাঁহারা আমাদের শুনাইতে লাগিলেন যে, যদি নাংশীদের হাতে পড়িতে, তাহা हरेल ष्वत्र कि हरेल এकवात जिविशा एवं। नाष्मीता नुजन नीजि, নতন ব্যবস্থা প্রবর্ত্তন করিয়াছে; তাহাদের সহিত পালা দেওয়া নিশ্চয়ই সহজ নহে। সম্ভবতঃ তাহাদের হাতে পড়িলে আমাদের ছর্ভোগ আরও বেশী হইত। তবে গত পাঁচ বৎসরে ভারতের নানা অংশে যাহা ঘটিয়াছে, তাহার আমুপূর্বিক বিবরণ আমি জানি না বলিয়া আমার পক्ष जुलनाभूलक विচাत कत्रा कठिन। निक्ष्ण रूट्छ याहा नान कत्रित्त, বাম হস্ত তাহা জানিবে না, ভারতে ব্রিটিশ গভর্ণমেণ্ট এই নীতিতে বিশাসী: কাজেই নিরপেক্ষ তদন্তের প্রস্তাবে তাঁহারা কর্ণপাত করিলেন না, অথবা এই শ্রেণীর তদন্তে শাসকবর্মের নির্দোষিতা প্রমাণের ঝোঁকই বেশী দেখা যায়। আমার মতে সাধারণ ইংরাজগণ বর্ধর অত্যাচারকে ঘুণা করেন, ইহা সত্য। নাৎসীদের মত ইংরাজেরাও প্রকাশ্তে গর্বভরে

#### ज ওহরলাল নেহর

"ক্রতালিতাং" (অথবা ইংরাজী প্রতিশব্দ) বলিয়া দর্বত্রে অয়ধ্বনি দিয়া ফিরিতেছেন, ইহা আমি কল্পনাও করিতে পারি না। যথন ইংরাজেরা একট লক্ষাবোধও করিয়া থাকেন। আমরা ইংরাজই হই, জার্মাণ বা ভারতীয়ই হই, আমাদের স্থসভা ব্যবহারের উপর আবরণ অত্যন্ত পাতলা, রিপুর উদ্রেক হইবার সঙ্গে শক্ষাবরণ মৃছিয়া গিয়া যে দৃশ্য প্রকাশিত হয়, তাহা দেখিতে মনোহর নয়। বিগত মহাযুদ্ধ মামুষকে ভয়াবহ বর্ববরতার মধ্যে আনিয়া ফেলিয়াছিল এবং যুদ্ধ-বিরতি সন্ধির পরও আমরা দেখিয়াছি, জার্মাণীকে না খাইতে দিয়া পিয়িয়া মারিবার জন্ম অবরোধ করিবার চেষ্টা; যাহা একজন ইংরাজ লেখকের মতে, "কোন জাতি এত বড় হাদয়হীন অমামুষিক বর্ববিতা ও পাশ্বিক নৃংশংসতা দেখায় নাই"। ভারতবর্ব ১৮৫৭-৫৮র কথা ভূলিয়া যায় নাই। যথনই আমাদের স্থার্থে হাত পড়িবার উপক্রম হয়, তথনই আমরা স্থাশিকা ও সভ্য ব্যবহার ভূলিয়া যাই। তথন অসত্যের নাম হয় "প্রচারকায়", বর্বরতার নাম হয় "বিজ্ঞানিক দমননীতি" এবং "আইন ও শৃদ্ধলা রক্ষা"।

ইহা কোন বিশেষ জাতি বা ব্যক্তির দোষ নহে। সমান অবস্থায়
পড়িলে সকলেই অল্পবিত্তর এরপ আচরণ করিয়া থাকে। ভারতবর্ধের
মত প্রত্যেক বৈদেশিক শাসনাধীন দেশেই শাসকবর্গের প্রতি একটা
বিক্ষতা সর্বনাই থাকে, সময় সময় উহা প্রত্যক্ষ ও বিপজ্জনক হইয়া
উঠে। এই বিক্ষতা হইতেই শাসক সম্প্রদায়ের চরিত্রে সামরিক সদ্গুণ
ও পাপাচার উভয়ই জাগিয়া উঠে। গত কয়েক বংসরে আমাদের
বিক্ষতা প্রবল ও কার্যকরী হইয়া উঠিয়াছিল বলিয়া আমরা ভারতেও
ঐ শ্রেণীর সামরিক সদ্গুণ ও পাপাচার দেখিয়াছি। কিছ্ক ভারতে
আমরা কতক পরিমাণে এই সামরিক মনোর্ভি (অথবা তাহার অভাব)
সহা করিয়াছি। সাম্রাজ্যের ইহাই পরিণাম, উহা উভয় পক্ষকেই অধঃপতিত
করে। ভারতবাসীদের অধঃপতন ত সর্বব্রেই প্রত্যক্ষ; অপর পক্ষের
অধঃপতন অত্যন্ত স্ক্র, কিছ্ক স্কটের সময় তাহা প্রকাশিত হইয়া পড়ে।
ইহা ছাড়া, এক তৃতীয় দল আছে, য়াহাদের মধ্যে উভয়বিধ অধঃপতনই
দেখা যায়।

জেলে বসিয়া সরকারী উচ্চকর্মচারীদের বক্তৃতা, ব্যবস্থা পরিষদ ও প্রাদেশিক ব্যবস্থাপক সভার প্রশ্নের তাঁহাদের উত্তর এবং গভর্ণমেন্টের বিবৃতিগুলি পাঠ করিবার প্রচুর অবসর পাইতাম। আমি লক্ষ্য করিয়াছি, গত তিন বংসরে তাঁহাদের অনেক পরিবর্ত্তন হইয়াছে এবং তাহা ক্রমশঃই

## গান্ধিজীর সহিত সাক্ষাৎ

প্রত্যক্ষ হইয়া উঠিতেছে। তাঁহাদের মধ্যে ভয় দেখাইবার ভাব প্রবল হইয়াছে এবং সার্জ্জেন্ট মেজর যে ভঙ্গীতে সৈত্যদের সংঘাধন করেন, তাঁহারাও ক্রমশঃ তাহা আয়ভ করিতেছেন। ১৯০০-এর নভেম্বর কি ডিসেম্বরে বাঙ্গলায় মেনিনীপুরে ডিভিসনের (আমার মনে হয়) কমিশনারের বক্তৃতা ইহার প্রকৃষ্ট দৃষ্টান্ত। এই বক্তৃতার প্রত্যেকটি কথা যেন "পরাজিতের প্রতি কিছুমাত্র করুণা প্রদর্শন না করিয়া জয়ের পূর্ণ ফল আদায় করিবার দৃঢ়সকল প্রকাশের" মনোরভির স্ত্তে প্রথিত। বে-সরকারী ইংরাজগণ, বিশেষতঃ বাঙ্গলায়, সরকারী নমুনা অপেক্ষাও অধিক দ্র অগ্রসর হইয়াছিলেন, তাঁহাদের বক্তৃতা ও আচরণে ফাসিত মনোভাব প্রকাশিত হইত।

সম্প্রতি সিন্ধুদেশে একজন প্রাণদণ্ডে দণ্ডিত অপরাধীকে প্রকাশস্থলে ফাঁসিতে লটকান বর্ষরতার আর একটি দৃষ্টাস্ত। সিন্ধুদেশে অপরাধীর সংখ্যা বাড়িতেছে; কাজেই অপরকে সাবধান করিবার জন্ম কর্তৃপক্ষ প্রকাশে প্রাণদণ্ড দিবার ব্যবস্থা করিলেন। এই পৈশাচিক দৃশু দেখিবার জন্ম জনসাধারণকে সকল প্রকার স্থবিধা দেওয়া হইয়াছিল এবং শুনা যায়, বহু সহস্র ব্যক্তি সমবেত হইয়াছিল।

কারামুক্তির পর রাজনৈতিক ও অর্থ নৈতিক অবস্থা পর্যাবেক্ষণ করিয়া যাহা দেখিলাম, তাহাতে উৎসাহিত হুইবার কিছু ছিল না। স্মামার বহু সহক্ষী তথনও জেলে, নৃতন নৃতন গ্রেফ্তারও চলিয়াছিল। সমস্ত অভিন্তানীয় আইনের কাজ পূর্ণোগ্রেম চলিতেছিল; সেসরের প্রতাপে সংবাদপত্র রুদ্ধকণ্ঠ, আমাদের চিঠি পত্র বিপর্যান্ত। আমার সহক্ষী রফি আহম্মদ কিলোয়াই তাঁহার চিঠিপত্র সম্বন্ধে সেন্সরের খামথেয়ালীতে মহা বিরক্ত হইয়া উঠিলেন। চিঠিপত্র আটকান হইত. ক্ষমনও আসিতে বিলম্ব হইত, ক্থমও বা হারাইত ; এরূপ অবস্থায় তিনি দেখা সাক্ষাং নিমন্ত্রণ কাজ কর্ম্মের নির্দিষ্ট সময় রক্ষা করিতে পারিতেন না। সেন্সর ষাহাতে একটু তৎপরতার সহিত কার্য্য করে, এ জন্ম তিনি পত্র লিখিবার সঙ্গল্প করিলেন, কিন্তু কাহাকে লিথিবেন ? সেন্সর কোন রাজনৈতিক কর্মচারী নহে। হয় ত একজন গোয়েন্দা বিভাগের কর্মচারী গোপনে এই কাজ করে, ষাহার অন্তিত্ব ও কার্যাপ্রণালী প্রকাশভাবে স্বীকার করা হয় না। রফি আহম্মদ এই সমস্তা সমাধান করিলেন; তিনি সেম্পরের নিকট একথানি পত্র লিখিয়া থামের উপর নিজের ঠিকানা লিখিয়া দিলেন। চিঠিখানা যে ঠিক লোকের হাতে পড়িয়াছিল, তাহাতে আর সন্দেহ নাই; তাহার পর হুইতে রুফি আহমদ অনেকটা নিয়মিতরূপে চিঠিপত্র পাইতেন।

# च अरतमान दनस्त

আমার জেলে ফিরিয়া যাওয়ার ইচ্ছা ছিল না। আমান পক্ষে যথেষ্ট হইয়াছে। কিন্তু সমন্ত-রাজনৈতিক কার্য হইতে অবসর গ্রহণ না করিলে, ইহার হাত হইতে নিকৃতির উপায়ও আমি দেখিলাম না। আমার সেরুপ অভিপ্রায় ছিল না, কাজেই আমি অমুভব করিলাম যে, গভর্ণমেন্টের সহিত্ত সংঘর্ষ অনিবার্যা। যে কোন মূহুর্ত্তে হয় ত আমার উপর কিছু করিতে অখবা না করিতে আদেশ জারী করা হইবে; কোন নির্দিষ্ট নিয়মে বলপ্র্বাক করিতে বাধ্য করার বিরুদ্ধে আমার সমন্ত প্রকৃতি বিজ্ঞাহ করিবে। ভারতীয় জনসাধারণকে ভয় দেখাইয়া অবনমিত করিবার চেষ্টা চলিতেছিল। আমি নিরুপায়, ব্যাপক ক্ষেত্রে আমার করিবার কিছুই নাই; কিছে অন্ততঃপক্ষে ব্যক্তিগতভাবে ভয়ে নত হইয়া আমুগত্য স্বীকার করিতে অস্বীকার করিতে পারি।

জেলে যাইবার পূর্ব্বে কতকগুলি কাজ শেষ করিবার সঙ্কল্প করিলাম। প্রথমতঃ পীড়িতা মাতাকে লইয়। বিব্রত হইলাম। ধীরে ধীরে ভিনি আরোগ্যলাভ করিতে লাগিলেন,—এত ধীরে যে, এক বংসর ভিনি শয্যাশায়ী ছিলেন। গান্ধিজীকে দেখিবার জত্য আমি ব্যক্তা হইলাম; সর্বশেষ উপবাসের পর তিনি পুনরায় ধীরে ধীরে আরোগ্যলাভ করিতেছিলেন। তুই বংসরের অধিককাল তাঁহার সহিত আমার সাক্ষাং হয় নাই। ভারতের অত্যাত্য প্রদেশের আমার সহকর্মীদের সাক্ষাং লাভের জত্যও আমি আগ্রহান্বিত হইলাম। ভারতের বর্ত্তমান রাজনৈতিক পরিস্থিতি ছাড়াও, জগতের অবস্থা এবং আমার মনের মধ্যে যে সকল ভাব জাগিয়াছে, তাহা যথাসম্ভব আলোচনা করিতে ইচ্ছা হইল। আমি তথন ভাবিতাম, জগং অতি ক্রত রাজনৈতিক ও অর্থনৈতিক এক বঙ্গলয়ের দিকে অগ্রসর হইতেছে; উহার দিকে লক্ষ্য রাধিয়া আমাদের জাতীয় কর্মপন্ধতি নির্ণয় করা উচিত।

আমার পারিবারিক ব্যাপারের দিকেও নজর দেওয়ার আবস্তক হইল। এতকাল আমি উহার প্রতি সম্পূর্ণ উদাসীন ছিলাম, এমন কি, পিতার মৃত্যুর পর তাঁহার কাগজপত্রগুলি দেখিবার পর্যান্ত অবসর পাই নাই। আমরা আমাদের ব্যয় অনেক কমাইয়া ফেলিয়াছিলাম, তথাপি যাহা ছিল, তাহাও আমাদের সাধ্যাতীত। কিন্তু আমাদের বর্ত্তমান বাটাতে বাস করিয়া উহা আর বেশী কমান কঠিন। আমাদের আর মোটর গাড়ী ছিল না, কেন না উহার ব্যর বহন করার সাধ্য আমাদের নাই, দিতীয়তঃ যে কোন মৃহুর্ত্তে গভর্ণমেন্ট উহা বাজেয়াপ্ত করিতে পারেন। এই অর্থসন্ধন্তির মধ্যেও আমি রাশি রাশি ভিকার ক্রম্ভ পত্র পাইতাম (সেলার এপ্তলি

### গান্ধিলার সহিত সাক্ষাৎ

আটকাইত না )। দেশে, বিশেষতঃ দক্ষিণভারতে একটা প্রচলিত এবং অত্যস্ত আন্ত:ধারণা আছে যে, আমি একজন মহাধনী ব্যক্তি।

আমি জেল হইতে বাহির হইবার পরেই আমার কনিষ্ঠা ভগ্নী কৃষ্ণার বিবাহ সম্বন্ধ ঠিক হইল এবং আমার অনিচ্ছাক্বত কারাগমনের পূর্বেই তাহার বিবাহ সম্পন্ন করিবার জন্ম উৎকণ্ডিত হইলাম। কৃষ্ণাও একু বংসর কারাদণ্ড ভোগান্তে কয়েক মাস পূর্বে মুক্তি পাইয়াছিল।

মায়ের শরীর একটু ভাল হইলে আমি গান্ধিজীর সহিত সাক্ষাতের জন্ম পুণা রওনা হইলাম। তাঁহার সহিত শক্ষাতে इरी रहेनाम: তथन তिनि इर्जन रहेला धीरत धीरत आसामाना । করিতেছেন। আমাদের অনেক কথাবার্তা হুইল। রাজনীতি, অর্থনীতি এবং জীবন সম্পর্কে আমাদের দৃষ্টিভঙ্গীর পার্থক্য প্রচুর, ইহা বলাই বাহুল্য। কিন্তু তিনি উদারতার সহিত আমার বক্তব্য বিষয় যথাসম্ভব অহমোদন করিবার চেষ্টা করিলেন, ইহাতে আমি কৃতজ্ঞ হইলাম। পরে প্রকাশিত আমাদের পত্রাবলীতে, যে সকল সমস্তা তথন আমার মনে জাগিয়াছিল, তাহা আলোচনা করিয়াছিলাম; ভাষা একটু অস্পষ্ট হইলেও আমাদের মতভেদ পরিষারক্রপেই বুঝা গিয়াছিল। আমি দেখিয়া স্থী হইলাম, গান্ধিজীও ঘোষণা করিলেন যে, কায়েমী স্বার্থ লোপ করিতে হইবে, তবে তিনি বাধ্য করা অপেফা বুঝাইয়া স্বমতে আনার উপর জোর দিলেন। সমতে আনয়ন করিবার তাঁহার প্রণালীগুলি আমার মতে সৌজন্ম ও স্থবিবেচনার সহিত বাধ্য করা অপেকা অধিক দূরবর্ত্তী নহে; অতএব পার্থক্যটা আমার নিকট খুব বেশী বোধ হইল না। পূর্বের মত তথনও তাঁহার দম্বন্ধে আমার এই ধারণা ছিল যে, মতবাদ লইয়া আলোচনা করিতে তিনি বিমুখ হইলেও ঘটনার গতি ও যৌক্তিকতা তাঁহাকে একপদ একপদ করিয়া সামাজিক আমূল পরিবর্তনের অপরিহার্য্য প্রয়োজনের অভিমুখে লইয়া যাইবে। তিনি এক অনন্তসাধারণ বিশ্বয়, মি: ভেরিয়ার এলউইনের ভাষায় মধ্যযুগীয় ক্যাথলিক সল্লাসীদের মত এই মমুয়াটি, ভারতীয় ক্বক সম্প্রদায়ের সহিত প্রাণগত সম্বন্ধে আবদ্ধ একজন कुमनकम्पा क्रानायक। मङ्गादेत भृष्ट्रार्ख जिनि य कान मिरक ब्राँ किरवन, তাহা অমুমান করা কঠিন, কিন্তু তিনি যে দিকেই যান, একটা স্বতন্ত্র কিছু ঘটিবেই। আমাদের মতে তিনি ভুলপথে গেলেও, সে পথ **इहेर**व मृत्रुत । **छाँ**हात महिक भिनिक ভाবে कांक कता मन ममस्त्रहे ভাল; কিন্তু প্রয়োজন হইলে পৃথক পথে চলিবার জ্যাও প্রস্তুত থাকিতে হইবে। 🐇

### चं अर्जनान दमस्त

তথন ভাবিলাম, আপাততঃ এ প্রশ্ন উঠে না। আমরা তথনও
জাতীয় সংঘর্ষের মধ্যে আছি এবং ব্যক্তিগত ব্যাপারে সীমাবদ্ধ হইলেও
নিরুপত্রব প্রতিরোধ তথনও কংগ্রেসের মতবাদে পর্যাবসিত কার্যাপদ্ধতি। এই
অব্স্থার মধ্যেই আমাদিগকে জনসাধারণ, বিশেষভাবে রাজনীতি ঘেঁসা
কংগ্রেস কলীদের মধ্যে সমাজতান্ত্রিক মতবাদ প্রচার করিতে হইবে এবং
যথন পুনরায় কার্যাপদ্ধতি ঘোষণা করিবার সময় আদিবে, তথন আমরা
আরও অনেকথানি অগ্রসর হইতে পারিব। ইতিমধ্যে কংগ্রেস বে-আইনী
প্রতিষ্ঠান হইয়াই আছে এবং ব্রিটিশ গভর্গমেণ্ট উহাকে ধ্বংস করিবার
চেষ্টা করিতেছেন। আমাদিগকে এই আক্রমণের সম্মুখীন হইতে হইবে।

গান্ধিজী নিজেকে লইয়াই বিষম সমস্যায় পড়িলেন। তিনি নিজেকে লইয়া কি করিবেন? তিনি এক জটিল জালে জড়াইয়া পড়িয়াছেন। যদি তিনি প্নরায় জেলে যান, তাহা হইলে আবার হরিজন কার্য্যের স্থবিধার কথা উঠিবে, গভর্গমেণ্ট রাজী হইবেন না, ফলে পুনরায় অনশন। আবার কি তাহার পুনরার্ত্তি হইবে? এই ইন্দুর-বিড়াল খেলার মধ্যে যাইতে তিনি অস্থীকার করিলেন; এবং ব্যালালেন, এই স্থবিধার জন্ম যদি তাঁহাকে পুনরায় উপবাদ করিতে হয়, তাহা হইলে তিনি মৃক্তি পাইলেও অনশনে মৃত্য়।

তাঁহার সমূথে সম্ভবপর দিতীয় পথ, কারাদণ্ডের এক বংসরকাল (তথনও সাড়ে দশমাস বাকী) পুনরায় কারাবরণ না কর। এবং হরিজন আন্দোলন লইয়া থাকা। এবং সঙ্গে সঙ্গে তিনি কংগ্রেস কন্মীদের সৃহিত মিলিত হইবেন এবং প্রয়োজনমত উপদেশাদি দিবেন।

তিনি আমাকে তৃতীয় উপায়ের কথা উল্লেগ করিয়া বলিলেন ধে, কিছুদিনের মত তিনি কংগ্রেস হইতে অবনর গ্রহণ করিবেন এবং উহা— জাঁহার ভাষায় "যুবক সম্প্রদায়ের" হাতে অর্পণ করিবেন।

প্রথম উপায়ের শেষ ফল যখন অনশন মৃত্যু, তথন তাঁহাকে সে পরামর্শ দেওয় আমাদের পক্ষে অসম্ভব। কংগ্রেস যতক্ষণ বে-আইনী প্রতিষ্ঠান থাকিবে, ততক্ষণ তৃতীয় উপায়ও অবাশ্বনীয় মনে হইল। ইহার ফলে অবিলম্বে নিরুপদ্রব প্রতিরোধ বর্জন এবং সর্কবিধ প্রত্যক্ষ সংঘর্ষমূলক কার্য্য ত্যাগ করিয়া আইনসঙ্গত নিয়মতান্ত্রিকতার পথে প্রত্যাবর্ত্তন, অথবা বে-আইনীঘোষিত সাহায্যবঞ্চিত কংগ্রেস অবশেষে গান্ধিজ্ঞী কর্তৃক পরিত্যক্ত হইলে গভর্গমেণ্ট কর্তৃক আরও নিশিষ্ট হইবে। যে বে-আইনী প্রতিষ্ঠানের কার্য্যপদ্ধতি নির্ণয়ের জন্ম একত্র মিলিত হইয়া আলোচনা সম্ভবপর নহে, কোন দলই তাহার ভার গ্রহণ ক্ষিত্রত চাহিবে

## গান্ধিজীর সহিত সাকাৎ

না। এই ভাবে ছাড়িতে ছাড়িতে আমরা তাঁহার নির্দ্দেশিত বিতীয় পথের কথা আলোচনায় প্রবৃত্ত হইলাম। আমাদের প্রায় সকলেরই ইহা ভাল বোধ হইল না, কেন না ইহাতে নিরুপদ্রব প্রতিবোধের বেটুকু অবশিষ্ট আছে, তাহাও ভাঙ্গিয়া পড়িবে। স্বয়ং নেতাই মদি সংগ্রাম হইতে সরিয়া দাঁড়ান, তাহা হইতে উৎসাহী কংগ্রেসকর্মীরা আগুনে ঝাঁপাইয়া পড়িবে, এক্কণ প্রত্যাশা করা যায় না। কিন্তু এই জটিল অবস্থা হইতে বাহির হইবার অন্ত পথও ছিল না, অতএব গান্ধিজী তাঁহার এ অভিপ্রায় ঘোষণা করিলেন।

যদিও আমাদের যুক্তি ও কারণ স্বতন্ত্র, তথাপি আমি ও গান্ধিজী একমত হইয়া স্থির করিলাম, নিরুপদ্রব প্রতিরোধ নীতি বর্জন করিবার সময় এথনও আনে নাই এবং মৃত্ভাবেও আমাদিগকে ইহা চালাইতে হইবে। অক্যান্ত বিষয়ে আমি সমাজতান্ত্রিক মক্তবাদ ও জগতের বর্ত্তমান স্ববস্থার প্রতি জনসাধারণের দৃষ্টি অকৈষণ করিতে লাগিলাম।

ফিরিবার পথে আমি কয়েকদিনের জন্ম বোম্বাইয়ে ছিলাম। সৌভাগ্যক্রমে এখানে উদয়শনর ছিলেন, আমি তাঁহার মৃত্য দেগিবার স্থযোগ পাইলাম। এই অপ্রত্যাশিত আনন্দ আমি উপভোগ করিলাম। নাটক, সিনেমা, সঙ্গীত, টকি, রেভিয়ো প্রভৃতি বহু বংসর ধরিয়া আমার আনতের বাহিরে, এমন কি, সাময়িক মুক্তির সময়ও আমি এত কাজে ব্যস্ত থাকিতাম যে, সময় হইত না। আমি একবার মাত্র 'টকি' দেখিয়াছি; খ্যাতনামা সিনেমা অভিনেতা অভিনেত্রীদের নামগুলি আমার নিকট কেবল নামেই পর্য্যবসিত। নাটকের কথা আমার বিশেষভাবে মনে পড়িত, বিদেশে নুত্র নাটকাভিনয়ের বিবরণ আমি ঈর্ধার সহিত সংবাদপত্তে পাঠ করিতাম। কারার বাহিরে থাকিলেও উত্তর ভারতে উত্তম অভিনয় দেখিবার কোন স্থোগ ছিল না; আমার বিখাদ, বাললা, জ্জরাটী ও মারাঠা নাটকের অনেক উন্নতি হইয়াছে; কিন্তু হিন্দুস্থানী রক্ষমঞ্চের দেরপ উন্নতি হয় নাই। উহা (পরে উন্নতি হইয়াছে কিনা জানি না) অত্যন্ত স্থূল ও কলানৈপুণাহীন। আমি শুনিয়াছি, ভারতীয় মুখর বা নির্বাক ছায়াচিত্রগুলি স্থলফুচির পরিচায়ক। ঐ গুলি সাধারণতঃ অপেরা কিম্বা ভারতের পুরাণ ও প্রাচীন ইতিহাসের ভিত্তিতে রচিত নাটক।

আমার মনে হয়, তাহারা সহরবাসীদের ক্রচির থাত জোগাইয়া থাকেন। এই সকল স্থূল ও পীড়াদায়ক চিত্রের সহিত আমাদের লোক-সঙ্গীত ও নৃত্যু এমন কি গ্রাম্য থাত্রাভিনয়াদির পার্থক্যও কত বেশী! বাঙ্গলা, গুজরাট ও দক্ষিণ ভারতে সময় সময় দেখা যায় এবং দেখিয়া

# क्रवर्गाम (नर्क

সানেদে বিশিত হইতে হয় বে, সামানের পরীবানীরা নিজেনের সভাতসারেই কি গভীর ভাবে কলানিপুণ ও রস্ক্র । কিছু মধ্য শ্রেণীরা
এরপ নহেন, তাঁহারা জাতিদেহ হইতে বিচ্ছির হইয়া পরস্পরাগত
সৌন্দর্য রসজ্ঞান হারাইয়াছেন । তাঁহাদের ঘরে ঘরে জার্মাণী ও অপ্রিয়ার
সন্তা ছাপা কুংসিত ছবি, বড় জার তাঁহাদের দৌড় রবির্মা পর্যন্ত ।
তাঁহাদের প্রিয় বাদ্যযন্ত্র হারমোনিয়ম (আমি এই আশায় বাঁচিয়া পাকিব
যে, স্বরাজ গভর্গমেন্টের স্বন্তুতম প্রাথমিক কাজ হইবে, ভয়াবহ ব্রুটি বদ্ধ
করা )। লক্ষো এবং অক্সত্র বড় বড় তালুকদারদের বাড়ীতে স্বসামঞ্জ্য
এবং কলানৈপুণার ব্যভিচারের যে পরাকান্তা দেখা যায়, স্বন্তত্র তাহা
আছে কিনা সন্দেহ । তাঁহাদের ধরচ করিবার মত পয়সাও আছে, লোককে
দেখাইবার স্পৃহাও আছে, তাঁহারা তাহা করিয়াও থাকেন; এবং যে
সকল লোক তাঁহাদের সহিত দেখা করিতে যান, তাঁহারা উহাদের
ইচ্ছা পূর্ণ করিতে গিয়া পীড়িত হন।

প্রদিদ্ধ ঠাকুর পরিবারের প্রভাবে অধুনা ভারতের সর্বাত্ত কারু-শিল্প-কচি জাগিতেছে। কিন্তু যে দেশের লোকের প্রতিপদে শাধা-বিপত্তি, নিষেধাজ্ঞা ও দমন, যেখানে এক সর্বব্যাপী ভয়ের রাজত্ব, সেখানে কি কোন কলাবিদ্যার উন্নতি হইতে পারে?

বোষাইয়ে অনেক সহকর্মীর সহিত সাক্ষাৎ হইল; অনেকেই সদ্য কারামুক্ত। বোম্বাইয়ে সমাজতন্ত্রীদল বেশ শক্তিশালী দেখিলাম, আধুনিক कछकश्चनि घटेनाय कः ध्यारमत कर्ज्ञश्चानीय वाक्तिरात छे भत्र व्यानाकरे ক্রুদ্ধ হইয়াছেন। রাজনৈতিক ব্যাগারে গান্ধিজীর দার্শনিক দৃষ্টিভঙ্গীর তীব্র সমালোচনা চলিতেছে। এই সকল সমালোচনার সহিত আমি প্রায় একমত; কিন্তু আমি স্পষ্টই বুঝিলাম যে, আমরা যে অবস্থার পড়িয়াছি, তাহার উপর আমাদের কোন হাত নাই; ইহার মধ্যেই काक जानाहरू इटेरत। निक्रभम्रत প্রতিরোধ বর্জন করিলেই যে আমরা রেহাই পাইব, এমন সম্ভাবনা নাই; গভর্ণমেণ্ট আক্রমণ চালাইতে থাকিবেন এবং কোন কাজ করিতে গেলেই জেলে যাওয়া অনিবার্য। আমাদের জাতীয় আন্দোলন এখন এমন অবস্থায় আদিয়াছে যে. হয় গভর্ণমেণ্ট ইহা দলিত করিয়া ফেলিবেন, নয় ইহা ব্রিটিশ গভর্ণমেণ্টকে हेहात हेन्हामक कार्या कतिएक ताथा कतिएत। हेहात व्यर्थ यह एय, हेहा বর্ত্তমানে এমন এক অবস্থায় আদিয়াছে, যেখানে বে-আইনী ঘোষিত ट्रेवात मञ्चावना मर्खनारे विश्वमान এवः निक्रभन्त প্রতিরোধ वर्धन 

প্রতিরোধ চালাইয়া যাওয়ার মূল্য কার্য্যতঃ অতি অল্প হইলেও নৈতিক আত্মরকার দিক দিয়া ইহার একটা মূল্য আছে। সংঘর্ষ চলিবার সময় নৃতন ভাব প্রচার সহজ; সাময়িক ভাবে সংঘর্ষে কান্ত দিলেই সকলে ছত্রভঙ্গ হইয়া পড়িবে। সংঘর্ষের পরিবর্ত্তে এক মাত্র পথ,— আপোষের মনোভাব লইয়া ব্রিটিশ কর্ত্পক্ষের সম্ম্থীন হওয়া এবং আইন সভায় নিয়মতান্ত্রিক কার্য্যে প্রবৃত্ত হওয়া।

ইহা ুষ্তান্ত সন্ধটের অবস্থা, সহসা মন স্থির করা সহজ নহে। আমি সহকর্মীদের মানসিক ঘল সংঘাত হাদয়ক্ষম করিলাম, কেন না আমার निर्देश मर्न जालाज़न हिनरिक्श । किन्न जागि वशानि रामिनाम, ভারতের অন্তত্ত্তও দেখিয়াছি, কেহ কেহ উচ্চাঙ্গের সমাজতান্ত্রিক শতবাদের দারা কর্মহীন আলম্ভকে প্রশ্রয় দিতে চাহেন। যাঁহারা সংঘর্ষের মধ্যে धृनि धृत्य आक्न इहेशा विषयक्न नाशिष ऋस्त नहेशाहन, डाँहानिशतक, বাঁহারা প্রায় কিছুই করেন নাই, তাঁহারা যথন দূর হইতে প্রগতিবিরোধী বলিয়া সমালোচনা করেন, তথন তাহা বিরক্তিকর সন্দেহ নাই; সকল বৈঠকথানা-বিলাসী সমাজতান্ত্রিকের আক্রোশ, "প্রধান প্রগতিবিরোধী" গান্ধিজীর উণরই দর্বাধিক। তায়শান্ত্রের দিক দিয়া ইহাদের যুক্তিত্রক নিপুণ ও নিথ্ত সন্দেহ নাই। তথাপি ইহা বাস্তব ঘটনা যে, এই "প্রগতিবিরোধী" মহুয়টি ভারতবর্ষকে জানেন, বুঝেন এবং ইনিই **কুষক** ভারতের প্রতীক। ইনি ভারতবর্ষকে যেরূপ প্রচণ্ড আলোড়িত করিয়াছেন, কোন তথাকথিত বিপ্লবী দ্বারা তাহা সম্ভব হয় নাই। এমন কি, তাঁহার অতি আধুনিক হরিজন আন্দোলনও ধীর অথচ অনিবার্য্য গতিতে হিন্দুয়ানীর গোঁড়ামির ভিত্তি কাঁপাইয়া তুলিয়াছে। যদিও তিনি গোঁড়াদের প্রতি ভদ্র ও সৌজগ্রপূর্ণ ব্যবহার করেন, তথাপি তাঁহাকে পরমশক্রজ্ঞানে তাঁহার। তাঁহার বিরুদ্ধে সজ্মবন্ধ হট্যা দণ্ডায়মান হট্যাছেন। তিনি তাঁহার নিজম্ব ভঙ্গীতে এমন ভাবে শক্তি সঞ্চার করেন, যাহা জলতরঙ্গের মত চারিদিকে পড়িয়া লক্ষ লক্ষ নরনারীকে অভিভূত করিয়া ফেলে। প্রগতিবিরোধীই হউন আর বিপ্লবীই হউন, তিনি ভারতকে রূপান্তরিত করিয়াছেন, ভয়চ্কিত অধ্পতিত জনসাধারণের মধ্যে গর্ব্ব ও চরিত্রবন্ধ সঞ্চার করিয়াছেন, তাহাদের শক্তি ও চেতনাকে উদীপ্ত করিয়াছেন এবং ভারতের সমস্থাকে আন্তর্জ্জাতিক সমস্থায় পরিণত করিয়াছেন। উদ্দেশ্য ও তৎসংশ্লিষ্ট দার্শনিক তত্ত্বের কথা ছাড়াও তিনি ভারতবর্ষ ও জগতকে অতি শক্তিশালী ও অমুপম অহিংদ অসহযোগ এবং নিরুপত্রব প্রতিরোধের উপায় প্রদান

## ज अर्जनांन (सर्ज

করিয়াছেন; এবং ইহা যে ভারতের বিশেষ অবস্থায় এইণের সবিশেষ অফুকুল, তাহাতে লেশমাত্র সংশয় নাই।

আমার মতে সততই সাধু সমালোচনায় উৎসাহ দেওয়া কর্ত্তব্য এবং আমাদের সমস্রাগুলি যথাসম্ভব প্রকাশ্যে আলোচনা করা উচিত। গান্ধিজীর উপর নির্ভর করা এবং সিদ্ধান্তের জন্ম তাঁহার মুখাপেকী হওয়ার ভাব সর্বনাই দেখা যায়। ইহা অত্যন্ত ভূল। আদ্ধ আমুগত্য দ্বারা নহে, যুক্তিযুক্ত ভাবে উদ্দেশ্য ও উপায় স্থির করিয়া এবং সেই ভিত্তিতে সহযোগিতা ও শৃঙ্খলাবদ্ধ কার্যাদ্বারাই জাতি অত্যন্তর হুইতে পারে। যিনি যত বড়ই হউন না কেহই সমালোচনার অত্যীত্ব নহেন। কিছু যখন সমালোচনা কর্ম্মবিম্থতার ছলনা মাত্র, তখন তাহা অন্যায়। সমাজতদ্বীরা এই শ্রেণীর কাজ করিলে জনসাধারণের ধিক্কারই লাভ করিবেন, কেন না লোকে কাজ দেখিয়া বিচার করে। লেনিন বলিয়াছেন, "ভবিশ্বতের কোমল স্বপ্নে বিভোর হইয়া যে উপস্থিত কঠিন কর্ত্তব্য অস্বীকার করে, সে-ই স্থবিধাবাদী। তত্ত্বের দিক দিয়া ইহার অর্থ এই দাঁড়ায় যে, বান্তব জীবনের বিকাশ ও পরিপুষ্টির মধ্যে নিজেকে প্রতিষ্ঠা করিতে না পারিয়া, স্বপ্নালস কল্পনার দোহাই দিয়া নিজেকে বিচ্ছিন্ন করা।"

সমাজতন্ত্রী ও কম্ননিষ্টগণ প্রধানতঃ কলকারপানার শ্রমিক দম্পর্কিত সাহিত্য হইতে পৃষ্টি আহরণ করেন। কোন বিশেষ অঞ্চলে বোম্বাই বা কলিকাভার সহরতলীতে বহুসংখ্যক কারথানার শ্রমিক আছে বটে, কিন্তু অবশিষ্ট ভারত কৃষক পরিপূর্ণ। কাজেই কারথানার শ্রমিকদের কথাই মুখ্য করিয়া ভারতবর্যের সমস্তা সমাধান অথবা তাহা লইয়া কোন কাজ করা যাইতে পারে না। জাতীয়তাবাদ ও পল্লীর আর্থিক ব্যবস্থা—এই তৃইটি মুখ্য কথা; ইউরোপীয় সমাজতন্ত্রবাদে কদাচিৎ ইহার আলোচনা দেখা যায়। মহাযুদ্ধের পূর্ববর্ত্তী কশিয়ার সহিত ভারতের অনেকটা সাদৃশ্য থাকিলেও, সেখানে যে অভ্তপূর্ব ও অচন্থনীয় ব্যাপার ঘটিয়াছে, অন্তন্ন তাহার পুনরভিনয় প্রত্যাশা করা মৃঢ্তা মাত্র। আমি বিশ্বাস করি, কম্যুনিজম-এর দার্শনিকতা আমাদিগকে প্রত্যেক দেশের বর্ত্তমান অবস্থা বৃঝিতে সাহায্য করে এবং অধিকল্ক ভবিশ্বৎ উন্নতির পথও নির্দেশ করে। কিন্তু ঘটনাও অবস্থা পর্য্যবেক্ষণ না করিয়া উহাকে অক্কভাবে প্রয়োগ করা উহার প্রতিত অবিচার ও জবরদন্তী মাত্র।

জীবন একটা জটিল ব্যাপার; জীবনের মধ্যে স্ববিরোধিতা ও

## গান্ধিজীর সহিত সাক্ষাৎ

সংঘাত দেখিয়া সময় সময় হতাশ হইতে হয়। মায়ুষের মধ্যে যে
মতভেদ হইবে, তাহাতে বিচিত্র কিছুই নাই; এমন কি, সহকর্মীরা
পর্যান্ত একই উপায়ে সমস্তা সমাধান করিতে গিয়া বিপরীত সিদ্ধান্তে
উপস্থিত হন। কৈন্ত যে ব্যক্তি নিজের তুর্মলতা ঢাকিবার জন্ত বড়
বড় বলি আওড়ায় এবং মহান নীতির কথা বলে, তাহাকে সন্দেহ
করিতে হয় 1) যে ব্যক্তি কারাগার হইতে অব্যাহতি পাওয়ার স্তন্ত গভর্মে নিকট প্রতিশ্রুতি অথবা মুচলেকা দেয় এবং অন্তান্ত সন্দেহে আচরণ করে, আবার অপরকে সমালোচনা করিবার
হঃসাহ্যুদ্ধার, সে যে পথ বা মত সমর্থন করে, তাহারই ক্ষতি হয়।

বোম্বাই দকল জাতির জনপূর্ণ বৃহৎ সহর, এখানে নানাশ্রেণীর লোকের বিচিত্র ।তি গতি দেখা যায়। যাহা হউক, এক জন প্রধান নাগরিক তাঁহ' রাজনৈতিক, অর্থ নৈতিক, সামাজিক ও ধম্মসম্পর্কিত মতবাদের উদারতার জন্ম বিশেষ প্রসিদ্ধ। শ্রমিক নেতা হিসাবে তিনি সমাজতান্ত্রিক; রাজনীতিক্ষেত্রে সাধারণতঃ নিজকে গণতন্ত্রী বলিয়া পরিচয় দেন। তিনি হিন্দুসভার অতিমাত্রায় প্রিয় এবং ধর্ম ও সমাজের প্রাচীন আচার অন্নষ্ঠ:ন রক্ষায় দৃঢ়প্রতিজ্ঞ, আইনের হস্তক্ষেপের তিনি বিরোধী। নির্বাচনের সময় তিনি প্রাচীন রহস্তবেত্তা আধ্যাত্মিকতার পূজারী সনাতনীদের মনোনীত প্রার্থী। এত বছমুশা ও বিভিন্ন কার্য্যের মধ্যে লিপ্ত থাকিয়াও তাঁহার শক্তির শেষ নাই, অবশিষ্ট শক্তি তিনি কংগ্রেসের সমালোচনা এবং গান্ধিজীকে "প্রগতিবিরোধী" বলিয়া নিন্দ। করিতে নিয়োগ কবেন। আরও কয়েকজনের সহিত মিলিত হইয়া ইনি কংগ্নেস গণতন্ত্রীদল গঠন করিয়াছেন। কিন্তু ঘটনাচক্রে গণতন্ত্রের সহিত ইহার কোন যোগাযোগ নাই এবং সেই মহান প্রতিষ্ঠানকে আক্রমণ করা ছাড়া কংগ্রেসের সহিত ইহার আর কোন সম্পর্ক নাই। নৃতন রাজ্য জয় করিবার অন্নেষণে বহির্গত হইয়া ইনি শ্রমিক প্রতিনিধিরূপে জেনেভায় শ্রমিক সম্মেলনে যোগ দিয়াছিলেন; ইহার কাজ কর্ম দেখিয়া মনে হয়, ইনি যেন ইংরাজ নমুনায়, "ন্যাশনাল" গভর্ণমেণ্টের প্রধানমত্ত্বিপদের জন্য নিজেকে প্রস্তুত করিতেছেন।

এত বহু বিচিত্র দৃষ্টিভঙ্গী এবং কার্য্যশক্তি লাভ করিবার ত্র্লভ সৌভাগ্য অতি অল্প লোকেরই থাকে। তথাপি কংগ্রেসের সমালোচকদের অনেকেই ক্ষেত্র হইতে ক্ষেত্রান্তরে ভ্রমণ করিয়াছেন, অনেক কিছুই হাতড়াইয়াছেন। ইহাদের মধ্যে কয়েকজন আবার নিজেদের সমাজভন্ত্রী বলেন; ইহারা সমাজভন্ত্রবাদকেই কলম্বিত করেন।

# निवादिन पृथिजनी

গান্ধিজীর সহিত সাক্ষাতের জন্ম পুণায় অবস্থানকালে একম্লিক সন্ধান্ধ তাঁহার সহিত 'দার্ভেণ্টদ অব্ ইণ্ডিয়া দোদাইটী'র বাড়ীতে নি সমিতির কতিপয় সদস্ত রাজনৈতিক বিষয়ে তাঁহাকে প্রশ্ন করিতে ক্রিসিলন এবং তিনি উত্তর দিতে লাগিলেন; এইরূপে এক ঘণ্টারও কিছু অতিরিক্ত কাল অতিবাহিত হইল। সমিতির সভাপতি মিঃ শ্রীনিবাস শাস্ত্রী তথায় উপস্থিত ছিলেন না এবং অস্তান্ত সদস্তগণ অপেক্ষা বহুগুণে যোগ্য পণ্ডিত হৃদয়নাথ কুঞ্জু ছিলেন না; তবে কয়েকজন প্রবীণ সদস্য উপস্থিত ছিলেন। আমরা অল্প কয়েকজন এইকালে উপস্থিত ছিলাম, অতিশয় তুচ্ছ ঘটনা লইয়া প্রশ্নের পর প্রশ্ন শুনিয়া আমি বিশ্বিত आইলাম। গান্ধিজীর সেই বছলাটের সহিত সাক্ষাং প্রার্থনা এবং বছলাটের অসমতি-অধিকাংশ প্রশ্নই ঐ পুরাতন বিষয় লইয়া হইতে লাগিল। বহুসমস্থাপীড়িত জগং এবং যথন তাহাদের স্বদেশ স্বাধীনতার জন্ম কঠোর সজ্মধে প্রবৃত্ত হইয়াছে, যখন শত শত প্রতিষ্ঠান বে-আইনী ঘোষিত হইয়াছে, তথন তাঁহারা উহা ছাড়া আর কি আলোচনার কোন গুরুতর विषय थूँ किया পाইলেন না? कृषक एन द पूर्वना, वावमा-वानि काद मनाक निक ব্যাপক বেকার-সমস্থা রহিয়াছে। বাঙ্গলা, সীমান্ত এবং ভারতের অক্সান্ত অংশে ভয়াবহ ঘটনা ঘটতেছে। স্বাধীন চিন্তা, বকুতা, লেখা ও সভা-সমিতির স্বাধীনতা হরণ করা হইয়াছে—এমনই আরও কত জাতীয় ও আন্তর্জাতিক সমস্যা রহিয়াছে; কিন্তু তাহাদের প্রশ্নগুলি তুচ্ছ ঘটনার মধ্যেই সীমাবদ্ধ রহিল। গান্ধিজী অগ্রসর হইলে বড়লাট কিম্বা গবর্ণমেণ্ট কি করিবেন, সেই সম্ভাবনা লইয়াই তাঁহারা ব্যস্ত।

আমার মনে হইতে লাগিল, থেন আমি একটা মঠে প্রবেশ করিয়াছি।
এখানকার অধিবাদীরা সমস্ত বহির্জ্জগতের সহিত থেন সকল থোগস্ত্র
ছিন্ন করিয়াছেন। তথাপি আমাদের এই বন্ধুরা রাজনৈতিক কন্দী এবং
যোগ্য ব্যক্তি। ইহারা ত্যাগ স্বীকার করিয়াছেন এবং দীর্ঘকাল জনসেবায়
ব্রতী আছেন। অন্তান্ত কয়েকজনের সহিত মিলিত হইয়া ইহারাই
লিবারেল দলের প্রকৃত মেক্লণ্ড। এই দলের অন্তান্ত ব্যক্তিরা কোন

# निवादान मृष्टिननी

নির্দিষ্ট মতামতের ধার ধারেন না। মাঝে মাঝে রাজনৈতিক ব্যাপারের মধ্যে যোগ দিয়া ক্ষণিক উত্তেজনা অন্তত্তব করেন মাত্র। এই শ্রেণীর মডারেটদের অনেকের, বিশেষতঃ বোম্বাই ও মাদ্রাত্বে, সরকারী কর্মচারীদের সহিত পার্থক্য বুঝাই কঠিন:

কোন্ দেশের রাজনৈতিক উন্নতি কতথানি হইয়াছে, সেই দেশের নিকট উহাই প্রধান প্রশ্ন। সেই দেশের ব্যর্থতার যদি কোন কারণ থাকে, তাহা হইলে তাহা এই যে, সে নিজের নিকট প্রকৃত প্রশ্ন জিজালা করে নাই। আমরা সম্প্রদায় হিসাবে আদন বন্টন লইয়া সময় ও শক্তিন্ত করিতেছি। সাম্প্রদায়িক বাটোয়ারা লইয়া স্বতন্ত্র দল গড়িতেছি এবং নিম্বল তর্কযুদ্ধ চালাইতেছি; অথচ মুখ্য সমস্থাগুলির প্রতি দৃষ্টিপাত করিতেছি না। আমরা যে রাজনীতিক ক্ষেত্রে পশ্চাংপদ, ইহা তাহারই প্রমাণ। ঠিক এই ভাবেই 'সার্ভেন্ট অব্ ইণ্ডিয়া সোসাইটী'র সদস্থাপ সেদিন গান্ধিজীকে যে সকল প্রশ্ন করিলেন, তাহার মধ্যে এ সমিতি এবং লিবারেল দলের অভূত মানসিক অবস্থা ফুটিয়া উঠিল। মনে হইতে লাগিল, তাহাদের রাজনৈতিক বা অর্থনৈতিক নীতি নাই, কোন উদার দৃষ্টিজলী নাই, তাঁহাদের রাজনীতি যেন বৈঠকথানা অথবা দরবারী ধরণের—উচ্চ রাজকর্মচারীরা কি করিবেন অথবা কি করিবেন না।

"লিবারেল পার্টি" এই নাম শুনিয়া অনেকের ভ্রান্ত ধারণা হইতে পারে। অন্তত্ত এবং বিশেষভাবে ইংলণ্ডে এই নামের একটা দার্থকতা আছে। **সেখানে উহাতে** এক নিশ্চিত অর্থ নৈতিক উদ্দেশ্য—স্বাধীন বাণিজ্য এবং ব্যবসা-বাণিজ্যে গভর্ণমেন্টের হস্তক্ষেপ না করা প্রভৃতি এবং ব্যক্তি-স্বাধীনতা ও কতকগুলি দামাজিক স্বাধীনতা সম্প্রকিত মতবাদ বুঝায়। ইংলণ্ডের উদারনৈতিক দলের পরস্পরাগত নীতি অর্থনৈতিক ভিত্তির উপর প্রতিষ্ঠিত। বাণিজ্যের স্বাধীনতা রক্ষা এবং রাজার একচেটিয়া অধিকার ও ইচ্ছামত টাাকা ধার্যা করিবার ব্যবস্থার বিলোপ করিবার চেষ্টা হইতেই রাজনৈতিক স্বাধীনতার আকাজ্ঞা জাগ্রত হইয়াছিল। ভারতীয় লিবারেলদের সেরূপ কোন ভিত্তি নাই। তাঁহারা স্বাধীন বাণিজ্যে বিশ্বাস করেন না; প্রায় मकलारे मःत्रकन्वामी এवः आधुनिक घर्षनाश्चलिए श्रमान रहेशाए एत, তাঁহার। পৌর স্বাধীনতাগুলিকেও বিশেষ গুরুত্ব দেন না। প্রায় সামস্ত-তাদ্ধিক ও স্বেচ্ছাচারী দেশীয় রাজ্যগুলি, যেখানে ব্যক্তিস্বাধীনতা ও গণতন্ত্রের কোন অন্তিত্ব নাই, ঐগুলির সহিত ইহাদের ঘনিষ্ঠতা এবং সর্বাদা সমর্থন দারা প্রমাণিত হয় যে, তাঁহারা ইউরোপীয় শ্রেণীর निवाद्यन नहरून-वर्षाए ভाরতীয় निवाद्यनगंग कान मिक मियारे উদার

#### জওহরলাল নেহরু

নছেন। বস্ততঃ তাঁহারা যে কি তাহা বলা কঠিন। কেন না, তাঁহাদের কোন দঢ় মতবাদ বা বিশ্বাস নাই এবং সংখ্যায় অতাল্ল হইলেও পরস্পরের সহিত মতভেদ ঘটিয়া থাকে। কেবল গা বাঁচাইবার বেলায় তাঁহাদের। শক্তির পরিচয় পাওয়া যায়। তাঁহারা সর্বব্রেই অক্যায় দেখেন এবং তাহা এড়াইতে চান এবং আশা করেন যে, এইভাবে তাঁহারা সত্য আবিষ্ণার করিবেন। সত্য অবশু তাঁহাদের নিকট মধ্য-পম্বা। তাঁহাদের মতে চরম কিছু মনে ইইলেই তাঁহার৷ সমালোচনা করেন এবং সমালোচনামুধে নিজেদের ধার্মিক, ধীরপ্রকৃতি এবং ভাল মাত্র মনে করিয়া পুলকিত হন। এই উপায়ে তাঁহারা তাঁহাদিগকে জটিল চিস্তা হইতে মুক্ত রাখেন, কোন গঠনমূলক প্রস্তাব গড়িয়া তুলিবার ক্লেশ স্বীকার করেন না। অনেকের অস্পষ্ট ধারণা আছে যে, ধনতম্ব ইউরোপে পূর্ণভাবে ক্লতকার্য্য হয় নাই এবং অত্যন্ত বিপদসঙ্গুল অবস্থার মধ্যে পড়িয়াছে। অন্যদিকে সমাজতন্ত্রবাদ একেবারেই মন, কেন না ইহা কায়েমী স্বার্থকে আক্রমণ করে। সম্ভবতঃ, ভবিয়তে এক অলৌকিক সমাধান খুঁজিয়া পাওয়া যাইবে, একটা মাঝামাঝি বাবস্থা হইবে এবং ততদিন কামেমী সার্থগুলি 🗖 করা উচিত। যদি তর্ক উঠে যে, পৃথিবী গোল কি চ্যাপ্টা, তাহা হইলে তাঁহারা সম্ভবতঃ এই তুই চরম মতেরই নিন্দা করিবেন এবং বলিবেন, ইহাকে চতুদোণ অথবা ডিম্বাকৃতি বলিয়াও ধরিয়া লওয়া যাইতে পারে।

অতি তুচ্ছ এবং সামান্ত ব্যাপার লইয়াও তাঁহারা অত্যন্ত উত্তেজিত হইয়া উঠেন এবং এমন চেঁচামেচি গোলমাল স্লক্ষ্ করিয়া দেন যে, দেখিতে বিশ্বয় লাগে। জ্ঞাতসারেই হউক এবং অজ্ঞাতসারেই হউক, তাঁহারা মূল সমস্তাগুলির ধার দিয়াও যান না। কেন না, তাহা হইলে থাটা প্রতীকারোপায় নির্দেশ করিতে হইবে এবং তাহাতে চিন্তা ও কার্য্যের সাহসিকতা আবশুক। ইহার ফলে জ্য়পরাক্ষয় লইয়া লিবারেলরা মোটেই উদ্বিগ্ন হন না। তাঁহাদের কোন নীতি নাই; এই দলের প্রধান বিশেষত্ব হইল এই,—যদি ইহাকে বিশেষত্ব বলা যায়,—যে ভাল মন্দ সকল বিষয়েই মধ্যপথে থাকা। জীবনের এই দৃষ্টিভঙ্গী দেখিয়া মনে হয় যে, ইহাদের পুরাতন নাম মডারেটই অধিকত্ব শোভন ও সক্ষত।

"মিতাচারের উপরেই আমার গৌরব প্রতিষ্ঠিত। রক্ষণশীলেরা আমাকে বলে উদারনৈতিক আর উদারনীতিকেরা বলে আমি রক্ষণশীল।"

—আলেকজাণ্ডার পোপ।

কিন্তু সদ্গুণ হিসাবে মিতাচার ষতই প্রশংসার হউক না কেন, ইহা প্রথব ও প্রদীপ্ত নহে। ইহাতে অহভৃতিপ্রবণতা মন্দীভৃত হইয়া যায়,

# निवादतन पृष्टिचनी

দেই কারণেই ভারতীয় লিবারেলগণ "নিরানন্দ দৈল্যদল", ইংলাদের হাবভাব গুরুগন্তীর ও চিন্তানীল, ইংলাদের কথাবার্তা বলিবার এবং লিথিবার ভঙ্কী নীরস এবং পরিহাসপট্টতা আদে নাই। ইহার ব্যত্তিক্রমও অবশ্র আছে। যেমন স্থার তেজ বাহাত্র সপ্র, ইনি ব্যক্তিগত জীবনে মোটেই নিস্তেজ ও রসবোধহীন নহেন এবং নিজের বিশ্বদ্ধে পরিহাসও উপভোগ করিয়া থাকেন। কিন্তু মোটের উপর লিবারেলগণ চক্রম বৃর্জ্জোয়াতাত্রিক এবং ইহাদের মধ্যে একটা সাধারণ ঐক্য আছে। লিবারেল দলের মুগপত্র এলাহাবাদের "লীভার" গত বংসর সম্পাদকীয় প্রবন্ধে এই মনোবৃত্তির এক প্রকৃষ্ট দুষ্টান্ত দিয়াছিলেন। লেখা হইয়াছিল, মহাপুরুষ ও অসাধারণ ব্যক্তিরা জগতকে বড় বিব্রত ও ব্যতিব্যস্ত করেন, অতএব সাধারণ মাঝারী গোছের মাফুদ অনেক ভাল। অতি সরল ও নিখুঁতভাবে "লীডার" মধ্যপদ্ধার জয়ধ্বজ্ঞা কুলিয়া ধরিয়াছিলেন।

মিতাচার, রক্ষণশীলতা, আকম্মিক পরিবর্ত্তন ও বিদ্ন এডাইবার চেষ্টা বৃদ্ধবয়সের সাধারণ লক্ষণ। কিন্তু যৌবনের ইহাতে অন্তর:গ নাই। जामारानत এই প্রাচীন ভূমিতে অনেকেই জন্ম হইতেই অবসন্ধ, নিরাশ, তাঁহাদের মুখে দীপ্রিহীন পক্ষতার ছাপ। কিন্তু এই প্রাচীন ভূমিতেও পরিবর্তনের শক্তি সক্রিয় হইয়া উঠিয়াছে এবং মডারেট-মনোবৃত্তিনম্পন্ন ব্যক্তিরা বিহবল হইজেছেন। প্রাচীন জগত অন্তর্ভিত হইতেছে; লিবারেলগণ যথাসাধ্য তাঁহাদের মধুর যোক্তিকতা দিয়াও তাহাকে ঠেকাইয়া রাখিতে পারিতেছেন না। ইহারা ঘূর্ণিবাত্যা, বন্তা ও ভূমিকম্পের সহিত যেন তর্ক করিতে উন্মত হইয়াছেন। তাঁহাদের অভ্যন্ত পুরাতন কৌশল বার্থ অথচ ঠাহার। নৃতনভাবে চিন্তা ও কার্য্য করিতে সাহস পান না। ইউরোপীয় পরস্পরাগত কৌলিক গুণ সম্বন্ধে বলিতে গিয়া ডাঃ এ এন হোয়াইটহেড বলিতেছেন, "পূর্ব্বপুরুষগণ যে সকল বিধি ব্যবস্থার দ্বারা শাসিত হইয়া জীবন্যাত্রা নির্বাহ করিয়াছেন, বংশামুক্রমিক তাহাই চলিবে এবং উহা দ্বারাই সম্ভান-সম্ভতিগণের জীবনও বছল পরিমাণে নিয়ন্ত্রিত হইবে, এই নীতিবিগহিত ধারণার উপরই সমস্ত পারম্পর্য্য অবস্থিত। আমরা মানবেতিহাসের এমন এক প্রথম অধ্যায়ে আসিয়াছি, যেথানে ঐরপ ধারণা ভ্রাস্ত।" ডা: হোয়াইটহেড এই বিশ্লেষণে যথেষ্ট সংযম দেখাইয়াছেন, কেন না হয় ত এই ধারণা সর্বকালেই মিথাা ছিল। यि इछेरतारभत भातव्यश्च त्रकामील इय, जारा इटेरल आभारमत स्मर् উহার প্রভাব কত অধিক। কিন্তু ,যথন পরিবর্ত্তনের সময় আসে তথন ইতিহাসের গঠিয়তাগণ ঐ সকল পারম্পর্য্যকে অল্লই গ্রাহ্ম করেন।

#### ज ওহরলাল নেহর

আমাদের পরিকল্পনা ব্যর্থ হইলে আমরা অসহায়ভাবে তাহা নিরীক্ষণ করি এবং অপরের উপর দোষ দেই। যেমন মিঃ জেরাল্ড হিয়ার্ড বলিয়াছেন, "যে পরিকল্পনার ব্যর্থতা হইতে কাহারও মনে এরপ ধারণা হয় যে, তাহার নিজের চিস্তার ভূলে নহে, অপরে ইচ্ছা করিয়া উহা পণ্ড করিয়াছে, তবে তাহার মত ভ্রান্তির বিড়ম্বনা আর নাই।"

আমরা সকলেই এই ভয়াবহ ভ্রান্তি দ্বারা পীড়িত। সময় সময় আমার মনে হয়, গান্ধিজীও ইহা হইতে মুক্ত নহেন। কিন্তু আমরা অস্ততঃ কার্য্য করি এবং জীবনের সহিত যোগ রাথিবার চেষ্টা করি; পরীক্ষা ও ভূলের দারা সময় সময় ভ্রান্ত ধারণা অপসারিত হয় এবং আহত ব্যাহত হইয়াও আমরা অগ্রসর হই। কিন্তু লিবারেলদের তুঃধ অনেক বেশী। বুঝি বা ভুল করিয়া ফেলিব, এই ভয়ে তাঁহারা কাজই করিতে চাহেন না, তাঁহারা জনসাধারণের প্রাণপ্রদ সংশ্রবে আসেন না এবং আত্মসম্মোহিত মন্ত্রমুগ্ধবং নিজেদের মনের মধ্যে বাস করেন। দেড় বংসর পূর্বেম: শ্রীনিবাস শান্ত্রী তাঁহার লিবারেল সঙ্গীদিগকে সাবধান করিয়া দিয়া বলিয়াছিলেন, "দূরে দাঁড়াইয়া ঘটনার বৈশত লক্ষ্য कत्रिअ ना।" এই मावधानवागीत मध्या य উচ্চতর সত্য নিহিত আছে, সম্ভবতঃ তিনি তাহা ধারণা করিতে পারেন নাই। গভর্ণমেন্টের কার্য্যের সহিত সতত চিস্তা করিতে অভান্ত শাস্ত্রী মহাশয়, বিভিন্ন সরকারী কমিটি তা দিয়া যে শাসনতন্ত্র ফুটাইতেছিল, তাহার প্রতিই অপুলী নির্দেশ করিয়াছিলেন। কিন্তু লিবারেলদের তুর্ভাগ্য এই যে, যথন তাঁহাদের স্বদেশবাসীরা অগ্রসর হইতেছিল, তথন তাঁহারা পার্থে দাঁড়াইয়া ঘটনার স্রোত লক্ষা করিতেছিলেন। তাঁহাদের আপন জনসাধারণের ভয়েই তাঁহারা ভীত; আমাদের শাসকগণের সহিত কলহ করা অপেক্ষা জনসাধারণের সংশ্রব বর্জন করাই তাঁহারা শ্রেয় মনে করিয়াছিলেন। তাঁহারা যে নিজেদের দেশে অপরিচিত অতিথি হইবেন এবং জীবন তাঁহাদিগকে ছাড়াইয়া অগ্রসর হইবে, ইহাতে আর বিচিত্র কি ? যথন জীবন ও স্বাধীনতার জন্ম তাঁহাদের স্বদেশবাসীরা তীত্র সংঘর্ষে প্রবৃত্ত হইয়াছিল, তথন তাঁহারা কোন পক্ষে ছিলেন, সে সম্বন্ধে কাহারও সন্দেহ নাই। নিরাপদ অন্তরাল হইতে তাঁহারা আমাদের অনেক সতুপদেশ দিয়াছেন, বড় বড় নীতিকথা গুনাইয়াছেন এবং আঠার মত তৈলমৰ্দনে লাগিয়াছিলেন। গোলটেবিল বৈঠকে ও বিভিন্ন কমিটিতে ব্রিটিশ গভর্ণমেন্টের সহিত তাঁহাদের সহস্কোগিতাকে গভর্ণমেন্ট কিছু মর্য্যাদা नियाছिलन। अञ्चीकात कतिल अब्बन्ध अग्रत्न इरेंग रेश উল্লেখযোগ্য

# निवादबन मृष्टिकनी

বে, এই সকল সম্মেলনের একটিতে ব্রিটিশ শ্রমিকদল পর্যান্ত যোগদান করে নাই; কিন্তু কতিপয় বিশিষ্ট ভদ্রলোকের নিষেধ সত্ত্বেও তাঁহারা যোগ না দিয়া পারেন নাই।

विভिन्न विषय आमन्ना नकलारे अद्भविखन नानाखतन नन्मभन्नी । চরমপন্থী। কোন বিষয়ে যদি আমাদের আসক্তি থাকে, তবে তাহার প্রতি আমাদের মনোভাব অতিমাত্রায় সচেতন থাকিবে এবং তাহাই চরমপন্তীর মনোভাব। অন্তক্ষেত্রে আমরা সৌজন্তপূর্ণ সহিষ্ণুতা, দার্শনিক সংযম দেখাইতে পারি; কিন্তু প্রকৃত প্রস্তাবে উহা আমাদের ঔদাসীনোর আবরণ মাত্র। আমি দেখিয়াছি, মডারেটদের মধ্যেও নিরীহ ব্যক্তি কোন বিশেষ শ্রেণীর কায়েমীস্বার্থ লোপের প্রস্তাব শুনিয়া উগ্র চরমপন্থীস্থলভ মনোভাব **(मथारेग्राट्म । जा**मारनंत्र निवादान वक्षुत्र) कियमः एम धनी ७ अष्ट्रनाट्यां गैत প্রতিনিধি। তাঁহাল স্বরাজের জন্ম অপেক্ষা করিতে পারেন; উহ। নইয়া তাঁহাদের উত্তেজিত হইয়া উঠিবার প্রয়োজনাভাব। কিন্তু কোন গুরুতর সামাজিক পরিবর্ত্তনের প্রস্তাব শুনিলেই তাঁহারা অধৈর্য্য হইয়া উঠেন, তাঁহাদের সংযম ভাসিয়া যায় অথবা মধুর যৌক্তিকতা আর থাকে না। বস্তুতঃ তাঁহাদের সংযম কৈবল ব্রিটিশ গভর্ণমেটের প্রতি তাঁহাদের মনোভাবের মধ্যেই সীমাবদ্ধ। তাঁহারা মনে মনে এই আশা পোষণ করেন যে, তাঁহারা যদি গভর্ণমেন্টকে শ্রদ্ধা করিয়া আপোষের ভাব দেখান, তাহা হইলে পুরস্কারম্বরূপ তাঁহারা ইহাদের কথা গুনিবেন। এই অবস্থায় ব্রিটিশ মতামতই পূর্ণভাবে মানিয়া লওয়া ছাড়া তাঁহাদের গতান্তর নাই। এরস্কাইন মের "পালামেন্টারী প্রাকটিদ" ইহাদের নিত্যপাঠ্য, এই শ্রেণীর পুস্তক, সরকারী নানাবিধ রিপোর্ট তাঁহার৷ ভক্তির সহিত পাঠ করেন; নৃতন কোন সরকারী রিপোর্ট প্রকাশ হইলেই তাঁহারা উৎসাহের সহিত গবেষণা আরম্ভ করেন। লিবারেল নেতারা ইংলণ্ড হইতে ফিরিয়া আসিয়া "হোয়াইট হলে"র (ইংলণ্ডের মন্ত্রীদের দপ্তর্থানা) বড় কর্তাদের সম্বন্ধে রহস্তময় বিবৃতি দেন; লিবারেল, রেসপনসিভিষ্ট ও এই প্রকার অন্তান্ত শ্রেণীর ব্যক্তিদের নিকট হোয়াইট হল হইল ইন্দ্রলোক। একটা পুরাতন প্রবাদ আছে যে, ভাল আমেরিকানরা মৃত্যুর পর প্যারীতে যায়; হয় ত ভাল লিবারেলরা মৃত্যুর পর ভূত হইয়া হোয়াইট হলের আনাচে কানাচে বিচরণ করেন।

আমি লিবারেলদের কথা লিখিতেছি বটে; কিন্তু এই সকল কথা অনেক কংগ্রেসপন্থীদের সম্বন্ধেও থাটে। ইহা রেসপনসিভিষ্টদের প্রতিই বিশেষভাবে প্রযোজ্য, কেন না আত্মসংখনের দিক দিয়া ইহারা লিবারেলদেরও হারাইয়া দিয়াছেন। সাধারণ একজন লিবারেলের সহিত সাধারণ একজন কংগ্রেসপন্থীর

#### ज ওহরলাল নেহর

অনেক কিছুই পার্থক্য আছে; কিন্তু এই পার্থক্যের দীমা ফুল্লান্ট ও নির্দিষ্ট নহে। মতবাদের দিক দিয়া অগ্রগতিসম্পন্ধ দিবারেল এবং মডারেট কংগ্রেসপন্ধীর মধ্যে পার্থক্য অন্তই। তবে গান্ধিজ্ঞীর ব্যবস্থার ফলে প্রত্যেক কংগ্রেসপন্থীই দেশ ও জনসাধারণের সহিত কিছু সংস্পর্শ রাথিয়া থাকে, তাহাকে কিছু কাজও করিতে হয়, এই কারণে তাহার মতবাদ অস্পাট্ট ও ঝাপসা হইয়া উঠিতে পারে না! কিন্তু লিবারেলদের সম্বন্ধে একথা বলা চলে না, তাহারা কি প্রাচীন, কি আধুনিক উভয়ের সহিতই যোগস্ত্তা হারাইয়াছেন। দল হিসাবে ইহারা ক্ষয়িষ্ণু এবং ক্রমে বিলীয়মান হইতেছেন। আমার মনে হয়, আমরা অনেকেই প্রাচীন পৌরাণিক ভাব হারাইয়াছি অথচ কোন নৃতন অন্তর্দু গি পাই নাই। আমরা আর দেথিব না যে, উর্বাশী সমৃত্র মন্থনে আবিভূতা হইতেছেন অথবা মহাদেবের পিনাক টন্ধারও শুনিব না। এ সৌভাগ্য অতি অল্প লোকেরই হয়, যাহারা—"বালুকা কণার মধ্যে ব্রন্ধাণ্ড দর্শন করেন; বিকশিত বনফুলে স্বর্গ দেখেন, অনন্থকে করামলকবং

প্রত্যক্ষ করেন, মৃহুর্ত্তে অনস্তকাল অন্তভ্র করেন।"

তু:থের কথা, আমরা অনেকেই প্রকৃতির রহস্তময় জীবনলীলা অত্তত্তব করিতে পারি না; আমাদের কাণে কাণে সে গোপন কথা বলে না, তাহার স্পর্শে আমরা পুলকে উজ্জল হইয়া উঠি না। তেহি নো দিবদা গতাঃ 🎉 পুরাকালের মত আমরা প্রকৃতির মধ্যে মহানের আবির্ভাব না দেখিলেও আমরা তাহাকে মনুষ্যমের গৌরব ও বেদনার মধ্যে দেখিতে পাই—কি বিপুল ইহার স্বপ্ন, ইহার অন্তরে কি প্রমত্ত ঝটিকার আলোড়ন, ইহার সংঘর্ষ ও তুঃথাভিঘাত এবং সর্কোপরি দেখি, ভবিগতের বিপুল সম্ভাবনা ও স্বপ্নের সার্থকতার ইহার কি অগাধ বিশ্বাস। ইহার অনুসন্ধানেই আমরা আশাভন্ত-জনিত বেদনার উপশম বোধ করি এবং সময় সম্য আমরা জীবনের ক্ষুদ্রতা হইতে উর্দ্ধে উঠিয়া যাই। কিন্তু অনে:কই এই অমুসন্ধানের পথে অগ্রসর হন না: প্রাচীন ধার। হইতে বিচ্ছির হইয়া বর্ত্তমানেও তাঁহারা অফুসরণ করিবার মত পথ পান না। ইহাদের কোন মহং স্বপ্ন নাই, কোন কর্ম নাই। বিপুল ফরাসী বিদ্রোহ বা রুশ-বিপ্লবে মহুয়জাতির প্রচণ্ড আলোড়নের মধ্বকথা ইহারা উপলব্ধি করিতে পারে না। বহুদিন নিৰ্জ্জিত মামুষের ক্ষুদ্ধ তুরাশা নিচুর আবেগে বিক্সরিত হইয়া উঠিলে ইহারা ভয় পায়। ইহাদের দৃষ্টিতে 'বান্ডিল' এখনও ধ্বংস হয় নাই।

সময় সময় অনেকে স্থায়সঙ্গত কোভের সহিত বলিয়া উঠেন, "দেশাত্মবোধ কংগ্রেসেরই একচেটিয়া নহে।" এই একই বুলি পুনঃ পুনঃ বলিতে বুলিতে ইহার মৌলিকতা নই হইয়া অত্যম্ভ রিরক্তিকর হইয়া উঠিয়াছে। আমি

# निवादतन मृष्टिकनी

আমি ত নিশ্চয়ই ইহা কংগ্রেসপন্থীই মনে এরপ ভাবাবেগ পোষণ করেন না।
আমি ত নিশ্চয়ই ইহা কংগ্রেসের একচেটিয়া অধিকার বলিয়া মনে করি না
এবং যে কেহ চাহিলেই আমি ইহা তাহাকে সানন্দে উপহার দিতে পারি।
আনেক সময়ই ইহা স্কবিধাবাদী ও ভাগ্যাঘেষীদের আশ্রয়ভাল; সকল শ্রেণী,
সকল স্বার্থ ও সকল ফচিকে তৃপ্ত করিবাল জন্ম অবশ্য নানা নম্নার স্বদেশপ্রেম
আছে। জুডাস যদি আছ জীবিত থাকিত, তাহা হইলে সেও স্বদেশপ্রেমের
নামেই কাজ করিত। এখন আর স্বদেশপ্রেমই যথেষ্ট নহে—আমরা আরও
উচ্চতর, মহত্তর ও ব্যাপক আরও কিছু চাই।

মিতাচারের জন্মই মিতাচার পর্য্যাপ্ত নহে। সংযম ভাল এবং উহা আমাদের মানসিক উৎকর্ষের পরিচারক; কিন্তু সংযমেরও অনেক অন্তরায় আছে, যেঞালিকে সংযত করিতে হয়। মানবের নিয়তি—তাহাকে জড়প্রাকৃতি আয়তে মধ্যে আনিতে হইবে। বজ্র ও বিত্যুৎ ইইবে তাহার বাহন; জলন্ত হুতাশন, থরমোতে কল্লোলিত সলিল হইবে তাহার দাস। কিন্তু যে অন্ধ আবেগ ও আকাজ্জা তাহাকে দগ্ধ করিতেছে, তাহাকে সংযমের বন্ধনে বাধিয়া রাখা অধিকতর কঠিন। যত দিন পর্যান্ত না সে ইহা জয় করিতেছে, ততদিন মন্ত্রাত্বের সম্পদের উত্তরাধিকারী হইতে পারিবে না। কিন্তু আমরা কি পদু পদন্বয় ও অসাড় হস্তকে সংযত করিব ?

দক্ষিণ আফ্রিকার ঔপন্যাসিকদের লক্ষ্য করিয়া লিখিত রয় ক্যাম্বেলের কয়েক পংক্তি উদ্ধৃত করিবার লোভ আমি সম্বরণ করিতে পারিতেছি না। ভারতীয় কয়েকটি রাজনৈতিক দল সম্পর্কেও উহা প্রযোজ্য বলিয়া মনে হয়:—

"তোমরা যেরূপ দৃঢ় সংযমের সহিত লেখ, তাহারা তাহার প্রশংসা করিয়া থাকে। আমিও তাহার সহিত একমত। তোমাদের হাতে বল্গা আছে, সংযত করিবার লোহ লাগাম আছে, কিন্তু হায় তোমাদের বেচারা ঘোড়া কোথায় ?"

আমাদের লিবারেল বন্ধুরা বলেন যে তাঁহারা,—এক দিকে কংগ্রেস
অন্থ দিকে গভর্নদেট, এই তুই চরম বস্তকে দক্ষিণে ও বামে রাখিয়া
সঙ্কীর্ণ অথচ প্রকৃষ্টতর পথে চলেন। উভয়ের দোষ ক্রুটির তাঁহারা স্বন্ধ
নির্ব্বাচিত সমালোচক এবং তুই পক্ষের দোষ হইতে তাঁহারা মুক্ত
বলিয়া নিজেদের ভাগ্যবান বিবেচনা করেন। তাঁহারা ছারের তুলাদগুধারী
বিচারকের মত চক্ষ্ বুজিয়া বা বাঁধিয়া রাথেন বলিয়া মনে হয়।
কল্পনায় আমি স্বদ্র অতীত যুগের সেই বাণী কাণ পাতিয়া শুনি,—
"শান্তব্যাখ্যাতা ধর্মধ্যজী ইহুদিগণ—হে অন্ধ পথপ্রদর্শক, তোমরা মশা
দেখিলে আঁংকাইয়া উঠ; কিন্তু উট গিলিতে পটু।"

# স্বাধীনতা ও স্বায়ত্তশাসন

সতর বংসর যাহার৷ কংগ্রেসের নীতি নিয়ম্বণ করিয়াছেন তাঁহার। সকলেই মধ্যশ্রেণীর লোক। কি লিবারেল কি কংগ্রেসপন্থী উভয়েই একই শ্রেণীভূক্ত এবং একই পারিপার্থিক অবস্থার মধ্যে বন্ধিত। ইহাদের সামাজিক জীবন, কুটুম্বিতা, বন্ধুত্ব একই প্রকার এবং তাঁহাদের জাতীয় বুর্জোয়া আদর্শের মধ্যে প্রভেদ অল্পই। চরিত্রগত ও মানসিক অবস্থার বিভিন্নতা হইতেই তাঁহারা পূথক হইতে আরম্ভ করেন এবং তাঁহারা হুই বিপরীত দিকে দৃষ্টিপাত করিতে লাগিলেন-একদল গভর্মেন্ট, ধনী সম্প্রদায় ও উচ্চ মধ্যশ্রেণীর দিকে দৃষ্টিপাত করিলেন অন্তদল নিম্ন মধ্যশ্রেণীর দিকে অগ্রসর হইলেন। একই মতবাদ, উদ্দেশ্যেরও তারতম্য নাই। কিন্তু দিতীয় দলের পশ্চাতে আজ আসিয়া দাঁড়াইয়াছে অগণিত লোক হাট বাজার হইতে, সাধারণ বৃত্তিজীবীদের মধ্য হইতে এবং শিক্ষিত বেকারগণ। স্থর ঘুরিয়াছে, ভাষা এখন আর শ্রহাল ও ভদ্র নহে; ইহা কর্কণ ও আক্রমণশীল। কার্য্যতঃ কিছু করিতে না পারিয়া, উগ্র ভাষার মধ্যে কিঞ্চিং সাম্বনা লাভের এই নৃতন অবস্থা দেখিয়া মডারেটগণ ভয় পাইয়া সরিয়া গেলেন এবং নিরাপদ কোণে আশ্রয় লইলেন। তবুও উচ্চ মধ্যশ্রেণীর একটা বড় অংশ करत्थारम त्रिन, তবে সংখ্যায় निष्न মধ্যশ্রেণীর বুর্জ্জোয়ারাই অধিক। কেবল জাতীয় সংঘর্ষের সাফল্যের জ্ঞাই তাহারা আদে নাই; সংঘর্ষের মধ্যে আত্মতৃপ্তি লাভ করিবার আশাতেই তাহারা আসিয়াছে। তাহারা অবলুপ্ত অহন্ধার ও আত্মসমানবোধ পুনরুদ্ধার করিতে চায়,—প্রণষ্ট মর্যাদা পুন:প্রতিষ্ঠা করিতে উদগ্রীব। ইহা অতি সাধারণ জাতীয়তাবাদের প্রেরণা এবং উভয়্পকেই ইহা সমান; তথাপি ফচি ও প্রবৃত্তির বৈচিত্ত্যের জ্ঞ ইহাই মভারেট 🤏 চরমপন্থীদিগকে পৃথক করিয়াছে। ক্রমে নিম্ন-মধাশ্রেণী কংগ্রেসের উপর কর্তৃত্ব স্থাপন করিতে আরম্ভ করিয়াছে এবং ক্লযক সম্প্রদায়ের প্রভাবও অমৃভূত হইতেছে।

কংগ্রেস ক্রমশ: অগ্রসর হইয়া যতই পল্লীর জনসাধারণের প্রতিনিধি হইয়াছে, তত্তই লিবারেলদের সহিত তাহার ভেদ বাড়িয়াছে এবং

## স্বাধীনতা ও স্বায়ন্ত্রশাসন

এখন কংগ্রেসের বক্তব্য বিষয় বুঝিয়া উঠাই লিবারেলদের পক্ষে কঠিন হইয়াছে। অতি উচ্চশ্রেণীর ডুয়িং ক্লমে বসিয়া, দরিদ্রের গৃহ অথবা মৃৎ কুটীর বুঝা কঠিন। তথাপি উভয় মতবাদই জাতীয় ৬ বুজ্জোয়া ধরণের—ইহার পার্থক্য কেবল স্তর ভেদ, মূল বস্তুগত নহে। কংগ্রেসে এখনও এমন অনেক ব্যক্তি টিকিয়া আছেন, বাঁহারা মডারেট দলে মিশিলেও বিশেষ অস্ত্বিধা বোধ করিবেন না।

ক্ষেক পুরুষ ধরিয়া ত্রিটিশগণ ভারতবর্ষকে নিজেদের বৃহৎ মফঃস্বলের বাড়ী (প্রাচীন ইংরেজগণের ধরণে) বলিয়া ভাবিতে অভ্যন্ত। এ-বাড়ীতে তাঁহারাই ভদলোক এবং ভাল অংশে বাস করিবেন, ভারতীয়ের চাকরদের ঘরে, আন্তাবলে, রান্নাঘরে থাকিবে। প্রত্যেক মফ:স্বলের বাড়ীতে নিম্নপদগুলি নিদিষ্ট হইয়া আছে—সদ্দার চাকর, বাজার সরকার ও তিষরকারক, পাচক থানসামা, চাকরাণী, কোচওয়ান প্রভৃতি এবং প্রত্যেকের স্ব স্ব নির্দিষ্ট নিয়মে চলা ফেরা করে। কিন্তু বাড়ীর উচ্চশ্রেণী ও নিয়শ্রেণীর মধ্যে সামাজিক বা রাজনৈতিক কোন সম্বন্ধ নাই, ব্যবধান অনতিক্রমণীয়, বিটিশ গভর্ণমেন্ট যে এই ব্যবস্থা আমাদের উপর চাপাইয়া मिरवन, हेहार**७** भार्क्या किছूहे नाहे; विश्वरत्न এहे रव, आमता श्राप्त দকলেই এই ব্যবস্থাকে আমাদের জীবন যাত্রার স্বাভাবিক ও অনিবার্য্য নিয়তি বলিয়া মানিয় লই। বড় লোকের বাড়ীর ভাল চাকরের মনোবৃত্তিতে আমরা অভ্যন্ত হইয়া উঠিয়াছি। সময় সময় আমরা অতি তুর্গভ সম্মান পাই, বৈঠকখানায় আমাদিগকে এক-আধ পেয়ালা চা থাইতে দেওয়া হয়। আমাদের জীবনের দর্বোচ্চ তুরাকাজ্ঞা হইল ইংরাজের নিকট সম্মানলাভ ও ব্যক্তিগতভাবে উচ্চশ্রেণীতে 'প্রমোশন' পাওয়া। অস্তবলে জয় বা কৃট রাজনৈতিক কৌশলে জয় অপেক্ষা এই <u>মানসিক দাসস্</u>ই ভারতে ইংরাজের সর্বশ্রেষ্ঠ জয়। প্রাচীন কালের জ্ঞানী ব্যক্তিরা ধেমন বলিয়াছেন যে, ক্রীতদাস নিজেকে ক্রীতদাস বলিয়া ভাবিতে আরম্ভ করে।

কিন্তু সময়ের পরিবর্ত্তন হইয়াছে; মফ:স্বলের বড়বাবুর বাড়ী শ্রেণীর সভ্যতা কি ইংলণ্ড কি ভারতবর্ষ, কোথাও কেহ স্বেচ্ছারু মানিয়া লইতে চাহে না। কিন্তু আমাদের মধ্যে এখনও এমন লোক আছে, সাহারা চাকরদের ঘরে থাকিতে ভালবাসে এবং তকমা, চাপরাশ, উদ্দীর বড়াই করে। আবার লিবারেলদের মত অনেকে এই ব্যবস্থা ও ইহার নির্মাণ প্রণালীর প্রশংসা করেন, এবং আশা করেন, একজন একজন করিয়া মালিকদের তাড়াইয়া তাঁহারাই মালিক হইয়া বসিবেন। তাঁহারা ইহাকে

#### च ওহরলাল নেহর

ৰলেন, ভারতীয়করণ। তাঁহাদের মতে সমস্তা হইল বর্ত্তমান শাসন ব্যবস্থার বর্ণ পরিবর্ত্তন, অথবা বড়জোর নৃতন শাসনব্যবস্থা। কিন্তু তাঁহারা নৃতন রাষ্ট্র ভাবিতে পারেন না।

তাঁহারা স্বরাক্ত বলিতে ব্ঝেন, সবই ঠিক থাকিবে, কেবল কালা আদমীর আধিক্য ঘটিবে। তাঁহারা কেবল এক প্রকার ভবিশ্বং কল্পনা করিতে পারেন, সেথানে তাঁহারা অথবা তাঁহাদের মত ব্যক্তিরা বর্ত্তমান ইংরাক্ত উক্তকর্মচারীদের পদ গ্রহণ করিয়া প্রধান হইয়া উঠিবেন—একই প্রেণীর চাকুরী, সরকারী বিভাগ, আইনসভা, ব্যবসা-বাণিজ্য—একই ভাবে সিভিলিয়নরা কাজ করিবেন, রাজা মহারাজারা তাঁহাদের প্রাসাদে থাকিবেন, মাঝে মাঝে উংসবভ্ষায় সঞ্জিত ও মণিমাণিক্যথচিত হইয়া প্রজাদের দর্শন দিবেন, জমিদারেরা প্রজাকে হয়রাণ করিবেন এবং বিশেষ অধিকার রক্ষার জন্ম দাবী করিবেন, টাকার থলিয়া লইয়া মহাজন, জমিদার ও প্রজা উভয়কেই হয়রাণ করিবেন, উকীলেরা মোটা মোটা 'ফি' পাইবেন এবং ভগবান স্বর্ণে থাকিবেন।

তাঁহাদের দৃষ্টিভঙ্গী, বর্ত্তমান প্রচলিত ব্যবস্থা রক্ষা করিয়া চলার উপর স্থাপিত; রামের বদলে ভামের নিয়োগ—এই শ্রেণীর ব্যক্তিগৃত পরিবর্ত্তন ছাড়া তাঁহারা বড় বিশেষ কিছু চাহেন না। ব্রিটিশের সদিছার সাহায্যে অতি ধীরে তাঁহারা এই পরিবর্ত্তন সাধন করিতে চাহেন। ব্রিটিশসামাজ্যের নিরাপত্তা ও প্রতিষ্ঠার উপরই তাঁহাদের সমস্ত রাজনৈতিক ও অর্থ নৈতিক মতবাদের ভিত্তি স্থাপিত। এই সামাজ্য চিরদিন থাকিবে, অন্ততঃ দীর্ঘকাল থাকিবে, তাঁহারা ইহা ধরিয়া লইয়া ইহার সহিত নিজেদের সামঞ্জন্ম বিধান করিয়াছেন। ইহার রাজনৈতিক ও অর্থনৈতিক মতবাদ গ্রহণ করিয়াই তাঁহারা ক্ষান্ত হন নাই; ব্রিটিশ প্রভূত্ব রক্ষার জন্ম রচিত লোকব্যবহারের নৈতিক মানদণ্ডও ইহারা গ্রহণ করিয়াছেন।

কংগ্রেসের মনোভাব ইহা হইতে সম্পূর্ণ পৃথক; কংগ্রেস নৃতন রাষ্ট্র চাহে, কেবল মাত্র স্বতন্ত্র প্রকার শাসন প্রণালী চাহে না। সেই নৃতন রাষ্ট্র কিরপ হইবে সে সম্বন্ধে সাধারণ কংগ্রেসপদ্বীদের হয় ত ম্পষ্ট ধারণা নাই এবং মতভেদও হয় ত আছে। কিন্তু কংগ্রেসের সকলেই (মৃষ্টিমেয় মডারেট ছাড়া) এ বিষয়ে একমত যে, বর্ত্তমান অবস্থা ও ব্যবস্থা আর চলিতে দেওয়া উচিত নহে, ঢালিয়্মু সাজার প্রয়োজন হইয়াছে। ওপনিবেশিক স্বায়ন্তশাসন ও স্বাধীনতার পার্থক্য ইহার মধ্যেই নিহিত। প্রথমটিতে সেই প্রাতন ঠাটই বজায় থাকিবে বলিয়া ধরিয়া লইতে হইবে, এবং ব্রিটিশ অর্থনীতির বহু দৃশ্য ও অদৃশ্য বন্ধনে উহা আবন্ধ

#### স্বাধীনতা ও স্বায়ন্তশাসন

থাকিবে; শেষোক্ত ব্যবস্থায় আমরা পাইব মুক্তি, অন্ততঃ উহা আমাদিপকে আমাদের অবস্থার অনুকৃল ন্তন ব্যবস্থা গঠনের স্থাধীনতা দিবে।

ইহা ইংলও বা ইংরাজ জাতির সহিত চিরন্তন শত্রুতার প্রশ্ন নহে; যে কোন ক্ষতি স্বীকার করিয়া তাহাদের **সহি**ত সকল সম্পর্ক ব<del>র্জন</del> করিবার কথাও নহে। এপর্য্যন্ত যাহা ঘটিয়াছে তাহার ফলে ভারত ও रेश्नए अत्र मार्था मार्थानिक घटारे साजाविक। त्रवीसनाथ वनिशाहन, <del>"ক্ষযতার মত্ততা চাবীকে অগ্রাহ্য করিয়া শাবল বাবহার কারতেছে।"</del> ष्पामारमत्र इनरत्रत्र दात शूनिवात हावी वह शूर्व्वरे विनष्ठे रहेगारह; এবং যেরূপ দরাজ হাতে আমাদের উপর শাবল মারা হইতেছে, তাহাতে আমরা মোটেই ব্রিটেনের পক্ষপাতী হইয়া উঠিতেছি না। কিছ যদি আমরা মহয়ত্ব ও ভারতবর্ষের দেবার দাবী করি, তাহা হইলে আমাদের এরপ অভিপ্রায় হয়, তাহা হইলেও গত পনর বংসর আমরা গান্ধিজীর নিকট যে কঠোর শিক্ষা পাইয়াছি, তাহাই আমাদিগকে সংযত রাখিবে। আমি ব্রিটিশ কারাগারে বসিয়াই ইহা লিখিতেছি, ক্ষেক মাস যাবং আমার মন উংকণ্ঠায় পূর্ণ হইয়া আছে, এবং সম্ভবতঃ আমি এই নি:সঙ্গ কারাবাদে যাহা সহু করিতেছি, আমার কারাজীবনে ইতিপূর্বে তাহা ঘটে নাই। নানা ঘটনায় আমার মন ক্রোধে ও ক্ষোভে পূর্ব হইয়া উঠে; তথাপি এইখানে বিসিয়া যথন আমি মনের গভীর অতলে দৃষ্টিপাত করি, দেখানে ইংরাজ জাতি বা ইংলণ্ডের প্রতি কোন ক্রোধ দেখি না। ব্রিটিশ <u>দামাজাবাদ আমি অপছন্দ</u> করি, ভারতের উপর বলপ্র্বক উহা চাপাইয়া দেওয়ায় আমি কুদ্ধ; আমি ধন্তন্তর্ত্রাদ অপছন্দ করি; ব্রিটেনের শাসক সম্প্রদায়গুলি যে ভাবে ভারত শোষণ করিতেছে, তাহা আমার দৃষ্টিতে অত্যন্ত ঘুণাই। কিন্ত ইহার জন্ম আমি সমগ্র ইংলণ্ড বা সমন্ত ইংরাজ জাতিকে দামী করি না। করিলেও যে অবস্থার কিছু ইতর বিশেষ হইত <u>এমন নহে, তবে সমগ্র জাতিকে</u> নিন্দা করা নির্<u>কৃতিন ও ধৈম্ছীনতার পরিচায়ক হইত।</u> তাহারাও আমাদের মতই অবস্থার দাস।

ব্যক্তিগত ভাবে আমার মানসিক গঠনের জন্ম আমি ইংলণ্ডের নিকট অশেষ প্রকারে ঋণী। তাহাকে আমি সম্পূর্ণ বিদেশী ও বিক্ছ-প্রকৃতি বলিয়া ভাবিতেই পারি না। আমি যাহাই করি না কেন, আমার মানসিক অভ্যাসকে অতিক্রম করিতে পারি না; আমি ইংলণ্ডের স্থল কলেজে যাহা কিছু অর্জ্জন করিয়াছি, সেই দৃষ্টি এবং মাপকাঠিতেই

#### অওহরলাল নেহর

আন্তান্ত দেশ ও সাধারণ ভাবে জীবনের সকল কাজ বিচার করিয়া থাকি। আমার সমস্ত আসক্তিই (রাজনীতি ক্ষেত্র ছাড়া) ইংলগু ও ইংলগুবাসীদের দিকে। আমি যাহা হইয়াছি, যেজন্ত আমাকে ভারতে ব্রিটিশ শাসনের সকল অবস্থান বিরোধী বিশিক্ষা বলা হয়, তাহা আমি প্রায় নিজের বিক্লছেই হইয়াছি।

এই যে শাসন, এই যে প্রভূত্ব যাহার সহিত আমরা কিছুতেই স্বেচ্ছায় আপোষ করিতে পারি না, তাহার জন্ম ইংরাজ জাতি দায়ী নহে। আমরা সর্বপ্রয়ম্বে ইংরাজ ও অন্যান্ম বিদেশীদের সহিত ঘনিষ্ঠ সম্পর্ক ক্ষা করিব। ভারতে বাহিরের তাজা বাতাস আম্বক, নবীন ও সতেজ ভারধারা আম্বক, আমরা সহযোগিতা চাহি; আমরা বয়সদোযে অত্যন্ত জরাজীর্ণ হইয়া উঠিয়াছি। কিন্তু ইংরাজ যদি ব্যাদ্রের মৃত্তি ধরিয়া আসে, তাহা হইলে সে বন্ধুত্ব বা সহযোগিতা প্রত্যাশা করিতে পারে না। সাম্রাজ্যবাদী ব্যাদ্রের সহিত কেবল মাত্র তীত্র বিরোধিতাই চলিতে পারে এবং বর্ত্তমানে আমাদের দেশ সেই হিংশ্র পশুর সম্মুখীন হইয়াছে। বনের বাঘকে পোষ মানাইয়া তাহার আদিম হিংশ্র প্রকৃতি দ্র করাও সম্ভব, কিন্তু যথন ধনতন্ত্র ও সাম্রাজ্যনীতি একত্র হইয়া কোন ঘূর্ভাগ্য দেশের উপর ঝাপাইয়া পড়ে, তথন পোষ মানান সম্ভব হয় না।

যদি কেহ বলে, সে এবং তাহার দেশ কিছুতেই আপোষ করিবে না, তবে এক দিক দিয়া তাহা অতি নির্কোধ মন্তব্য; কেন না, জীবন আমাদিণকে প্রতি পদে আপোষের জন্ম প্রেরণা দিতেছে। অন্য দেশ বা জাতির সম্পর্ক ঐ কথা বলাও সম্পূর্ণ নির্ক্ দিতা। কিন্তু যথন কোন ব্যবস্থা বা বিশেষ শ্রেণীর পারিপার্শিক অবস্থা সম্বন্ধে ঐ কথা বলা হয়, তথন উহাতে কিছু পরিমাণে সত্য থাকে; কেন না, তথন উহা সকলের সাধ্যাতীত হইয়া দাঁড়ায়। ভারতের স্বাধীনতা ও ব্রিটিশ সাম্রাজ্যবাদ— এ তুইটি প্রম্পর স্ববিরোধী বৃষ্ট্র; কি সামরিক আইন, কি জগতের সমন্ত মধু আনিয়া ঢালিয়া দিলেও এ তুই-এর মিলন-মিশ্রণ কিছুতেই সম্ভবপর নহে। কেবল যদি ব্রিটিশ সাম্রাজ্যবাদ অপসারিত হয়, তাহা হইলেই প্রকৃত ব্রিটিশ-ভারতীয় সহ্যোগিতার অমুকৃল অবস্থা স্প্রী হইবে।

আমরা শুনিয়াছি, আধুনিক জগতে ইণ্ডিপেণ্ডেন্স বা অনধীনতা অতি সঙ্কীর্ণ আদর্শ; কেন না, অধুনা সকলেই পরস্পারের উপর নির্ভরশীল। অতএব, আমরা উহা দাবী করিয়া সেকেলে হইয়া পড়িতেছি। লিবারেল, শান্তিবাদী, এমন কি ব্রিটেনের তথাক্থিত স্মাজ্তন্ত্রীরা পর্যন্ত এই অজুহাত

#### স্বাধীনতা ও স্বায়ন্তশাসন

তুলিয়া আমাদের সঙ্কীর্ণ জাতীয়তাবাদের জন্ম ভর্ৎ সনা করেন এবং প্রসন্ধতঃ আমাদের বলেন যে, "ব্রিটিশ কমনওয়েলথ অব নেশনস্" এর মধ্যেই আমাদের জাতীয় জীবনের পূর্ণ বিকাশ সম্ভবপর। ইছা আশ্চর্য্য যে, ইংলণ্ডে লিবারেল, শান্তিবাদী, সমাজতন্ত্রী প্রভৃতি সকলের পথই সাম্রাজ্য রক্ষার মধ্যে পরিণতি লাভ করিয়াছে। ট্রটন্ধী বলিয়াছেন, "শাসক জাতির প্রচলিত ব্যবস্থা রক্ষা করিবার আকাক্ষা 'জাতীয়তা' অপেক্ষাও উচ্চতর ভাবের আবরণে প্রকাশ পায়, যেমন বিজয়ী জাতি লুঠনলক্ষ সম্পদ হন্তগত করিয়া সহজেই শন্তিবাদী সাজিয়া বদে। এইরূপে গান্ধীর সন্মুথে ম্যাকডোনান্ড নিজেকে আন্তর্জাতিকতাবাদী মনে করিতেছেন।"

রাজনৈতিক স্বাধীনতা লাভ করিলে ভারত কি হইবে, কি করিবে, তাহা আমি জানি না। তবে আমি ইহা জানি যে, আজু যাহারা জাতীয় স্বাধীনতার জন্ম প্রচেষ্টা করিতেছেন, তাঁহারা ব্যাপক আন্তর্জ্জাতিকতাতেও বিশ্বাসী। সমাজতান্ত্রিকের নিকট জাতীয়তাবাদের কোন অর্থ নাই; কিন্তু সমাজতান্ত্রিক নহেন এমন অনেক কংগ্রেসপন্থীও আন্তর্জাতিকতার অন্তর্গাণী। আমরা জগং হইতে স্বতন্ত্র হইবার জন্ম স্বাধীনতা চাহিতেছি না। পক্ষান্তরে, প্রকৃত আন্তর্জ্জাতিক স্ব্যবস্থার জন্ম অন্তান্ত দেশের সহিত সমানভাবে আমরাও স্বাধীনতার কিয়দংশ ত্যাগ করিতে প্রস্তত। কিন্তু কোন সামাজ্যনীতিক পদ্ধতি, তাহাকে যে কোন বড় নামেই অভিহিত করা হউক না কেন, ঐ প্রকার বাবস্থার বিরোধী এবং উহা দ্বারা কোন দিন আন্তর্জ্জাতিক সহযোগিতা অথবা জগতে শান্তি স্থাপনের সম্ভাবনা নাই।

আধুনিক ঘটনার গতি হইতে জগতের সর্ব্বেই দেখা যাইতেছে যে, সামাজাবাদী শক্তিগুলি ক্রমশং অর্থ নৈতিক সামাজাবাদ দারা আত্মনির্ভরশীল হইবার চেটা করিতেছে। আন্তর্জাতিকতার প্রসার ও পরিপুষ্টির পরিবর্ত্তে আমরা উহার বিপরীত গতিই দেখিতে পাইতেছি। ইহার কারণ আবিদ্ধার করা খুব কঠিন নহে, বর্ত্তমান অর্থ নৈতিক অবস্থায় উহা গৌর্বলারই পরিচায়ক। এই নীতির ফলে সামাজ্যের মধ্যে ব্যবসা-বাণিজ্যের সহযোগিতা বৃদ্ধি পাইলেও ইহাতে অবশিষ্ট জগং হইতে স্বতম্ব হইবার চেটারও অভাব নাই। ভারতেও আমরা ওট্টাওয়া ও অন্যান্ত চুক্তি দেখিয়াছি, যাহার ফলে বিভিন্ন দেশের সহিত সম্পর্ক ও আদান-প্রদান ক্রমেই কমিয়া যাইতেছে। আমরা পূর্ব্বাপেক্ষা ব্রিটিশ বাণিজ্যনীতির অধিকতর মুধাপেক্ষী হইয়া পড়িতেছি। ইহার আন্ত অনিট্রকারিতা ত

#### क अस्त्रमांग (नर्कः

রহিয়াছেই, ভবিষ্যৎ ফলও ভয়াবহ। এইভাবে ঔপনিবেশিক বায়ন্তশাসন বাতন্তোরই পথ, আন্তর্জাতিকতার পথ নহে।

কৈছ আমাদের লিবারেল বন্ধুদের ব্রিটিশ নীল চশমার মধ্য দিয়া লগংকে, বিশেষভাবে তাঁহাদের স্বদেশকে দেখিবার এক আশ্রুষ্য দক্ষতা আছে। কংগ্রেস কি<sup>ক্ষা</sup>বলে, কেন বলে তাহা ত তাঁহারা বুঝিবার চেষ্টাও করেন না, তাঁহারা পুরাতন ব্রিটিশ-যুক্তি পুন: পুন: উল্লেখ করিয়া বলেন, স্থাধীনতা ঔপনিবেশিক স্বায়ন্তশাসনের তুলনায় সন্ধীর্ণতর। আন্তর্জ্জাতিকতা বলিতে তাঁহাদের দৌড় লগুনের ব্রিটিশ সরকারী দপ্তর্থানা পর্যান্ত। অক্যান্ত দেশ সম্বন্ধে তাঁহারা গভীরভাবেই অজ্ঞ, ইহার কারণ ভাষার বিভিন্নতা, আরও কারণ যে, তাঁহারা উদাসীন থাকিয়াই স্থানী। তাঁহারা নিশ্রুই ভারতে প্রত্যক্ষ সংঘর্ষমূলক অথবা আক্রমণশীল রাজনীতি পছন্দ করেন না। তবে বিশ্বয়ের এই যে, এই দলের ক্রেকজন নেতা অন্তদেশে অস্ক্রপ পদ্ধতি অবলম্বিত হইলে আপত্তি করেন না। দূর হইতে তাঁহারা উহার তারিফ করেন এবং পাশ্রাত্য দেশের ক্তিপয় আধুনিক 'ডিক্টেটরকে' তাঁহারা মনে মনে পূজা করেন।

নাম দেখিয়া অনেক প্রান্ত ধারণার স্থাষ্ট ইইতে পারে; কিছু ভারতে আমাদের সমুখে প্রধান প্রশ্ন, এক নৃতন রাট্র আমাদের লক্ষ্য, না কেবলমাত্র এক নৃতন শাসনপদ্ধতি আমরা কামনা করিতেছি? লিবারেলদের উত্তর অতি স্পাষ্ট, তাঁহারা শেষোক্ত ব্যবস্থা ছাড়া আর কিছুই চাহেন না; এমন কি, ক্রম-অগ্রসর্যুলক দ্রবর্ত্তী আদর্শরণেও নহে। 'ঔপনিবেশিক স্বায়ন্ত শাসন' শন্ধটি তাঁহারা বারদ্বার উচ্চারণ করেন, কিন্তু উহাদের প্রকৃত উদ্দেশ্য "কেন্দ্রীয় দায়িত্ব" এই রহস্তময় দাবীর আকারে প্রকাশ শায়। ক্রমতা, স্বাধীনতা, নিরপেক্ষ আত্মনিযন্ত্রণ প্রভৃতি শন্ধ তাঁহাদের নিকট ভয়াবহ। আইনজীবীর ভাষা ও ভঙ্গীর প্রতিই তাঁহাদের অত্যধিক অহুরাগ—তাহাতে জনসাধারণ কোন প্রেরণা না পাইলেও কতি নাই। বিশ্বাস ও স্বাধীনতার জন্ম ব্যক্তি বা দল বিদ্নের সম্মুখীন ইইয়াছে, জীবন পর্যান্ত বিপন্ন করিয়াছে, ইতিহাসে এমন দৃষ্টাস্তেক্ত অভাব নাই। কিন্তু মভারেটগণ "কেন্দ্রীয় দায়িত্ব" অথবা অহুরূপ কোন আইন-সন্থত বাক্যের জন্ম ইচ্ছা করিয়া একদিনের অন্ধ বা এক রাত্রির স্থনিদ্রা নষ্ট করিতে প্রস্তত আছেন কি না সন্দেহ।

অতএব, তাঁহাদের উদ্দেশ্য সিদ্ধির জন্ম তাঁহারা কোন 'প্রত্যক্ষ সংঘর্ষমূলক' অথবা আক্রমণমূলক কার্য্য করিবেন না। কিন্তু যাহা তাঁহারা করিবেন, তাহা মি: শ্রীনিবাস শাস্ত্রীর ভাষায়,—"বৃদ্ধি, বিবেচনা,

# শাধীনতা ও শারন্তশাসন

অভিজ্ঞতা, সংষম, ধোঁসামোদ করিবার শক্তি, স্নিগ্ধপ্রভাব এবং প্রকৃত যোগ্যতা" প্রদর্শন। তাঁহাদের ভরসা যে, আমরা সদ্মবহার ও ভাল কাজ্ঞাদেশাইয়া পরিণামে আমাদের শাসকগণকে ক্ষমতা ছাড়িয়া দিতে রাজীকরাইতে পারিব। এ কথার অর্থ এই দাঁড়ায় যে, আমাদের আক্রমণমূলক কাজকর্মে তাঁহারা অত্যস্ত বিরক্ত হইয়া আছেন অথবা আমাদের যোগ্যতায় তাঁহারা সন্দেহ করেন; কিম্বা উভয় কারণেই তাঁহাদের মনোভাব আমাদের বিরুদ্ধে। সাম্রাজ্যবাদ ও বর্ত্তমান অবস্থার এই বিশ্লেষণ বালকোচিত সন্দেহ নাই। শাসকশ্রেণীর সহিত সহযোগিতা করিয়া ধাপে ধাপে ক্ষমতা লাভ করা সম্পর্কে স্থ্যাপক আর, এইচ, টাউনী অতি সঙ্গত ও হৃদয়গ্রাহী যুক্তির অবতারণা করিয়াছেন। তিনি ব্রিটিশ শ্রমিকদলকে লক্ষ্য করিয়া লিখিলেও ভারতের পক্ষেই উহা সম্বিক প্রযোজ্য; কেন না, ইংলণ্ডে অস্ততঃপক্ষে গণতান্ত্রিক প্রতিষ্ঠান সমূহ রহিয়াছে; এবং মতবাদের দিক দিয়া অধিকাংশের মতের মর্য্যাদা আছে, ইহাও স্বীকৃত হয়। অধ্যাপক টাউনী লিখিতেছেন,—

"পেঁয়াজের থোসা একটি একটি করিয়া ছাড়াইয়া থাওয়া যায় । কিন্তু জীবস্ত বাঘেব এক একটি থাবা ধরিয়া ছাল ছাড়ান বায় না; কেন না, জীবস্থ জীবদেহ ছিন্নভিন্ন করা তাহার পেশা এবং তুমি ছাল ছাড়াইবার পূর্ব্বে সে-ই তোমাকে ক্ষতবিক্ষত করিবে .....

"যদি কোন দেশের বিশেষ স্থবিধাভোগী সম্প্রদায় সরল ও বোকা পাকে, তবে দে দেশ ইংলগু নহে। কৌশল ও অমায়িকতার সহিত শ্রমিকদলের স্বার্থের প্রস্তাব উপস্থিত করিয়া ঐগুলি যে তাঁহাদের স্বার্থেরও অমুকুল, ইছা বুঝাইয়া ঠকাইবার আশা নিফল; যেমন যাহার হাতে সম্পত্তির পাকা দলিল আছে, সেই ঝাল্ল এটনীকে ধাঞ্চা দিয়া সম্পত্তি হস্তগত করা অসম্ভব। ব্রিটিশ ধনীসমাজ বিনয়ী, চতুর, শক্তিমান, আত্মবিশাসী এবং চাপে পড়িলে তাঁহারা হিতাহিত জানশুল হন। তাঁহারা ভাল করিয়াই জানেন যে. তাঁহাদের কটির কোনদিকে মাথন এবং এই মাখন সরবরাহে টান না পড়ে, সেদিকে তাঁহাদের থর দৃষ্টি। যদি তাঁহাদের অবস্থা বিপন্ন হইবার উপক্রম হয়, তাহা হইলে তাঁহারা প্রত্যেকটি পয়সা রাজনৈতিক ও অর্থ নৈতিক আক্রমণে নিয়োজিত করিবেন—লর্ড-সভা, রাজমৃকুট, সংবাদপত্র, দৈক্তদলে অসস্তোষ, অর্থ নৈতিক সন্ধট, আন্তর্জ্জাতিক জটিলতা, এমন কি ১৯৩১ সালে সংবাদপত্তে পাউণ্ডের উপর আক্রমণকালে যাহা দেখা গিয়াছে, সেই ভাবে করাসী বিদ্রোহের সময় পলায়িত রাজতন্ত্রীদের তায় তাঁহারাও পকেট বাঁচাইবার জত্ত স্বদেশের ক্ষতি করিতে কিছুমাত্র ইতন্ততঃ করিবেন না।"

#### च्छरत्रनान (मर्क

ব্রিটিশ শ্রমিকদল শক্তিশালী প্রতিষ্ঠান। ইহার পশ্চাতে লক লক টাদাদানকারী সদস্য সমন্বিত ট্রেড্-ইউনিয়ন বা শ্রমিক সঙ্গগুলি রহিয়াছে; ইহাদের সমবায় সমিতিগুলিও বহুল পরিমাণে উন্নত, উচ্চতর বৃত্তিজীবী সম্প্রদায়ের মধ্যেও ট্রুহাদের অনেক সদস্য ও সহাত্নভৃতিসম্পন্ন ব্যক্তি রহিয়াছেন। প্রাপ্তবয়স্থের ভোটাধিকারের উপর প্রতিষ্ঠিত গণতান্ত্রিক পার্লামেন্টীয় প্রতিষ্ঠানগুলি ব্রিটেনে আছে এবং ব্যক্তিস্বাধীনতারও প্রাচীন পরম্পরাগত ধারণা বিভ্যমান। কিন্তু এ সকল সত্ত্বেও মি: টাউনীর মতে শ্রমিক দল মধুর হাসিয়া অন্তনয় করিয়া প্রকৃত ক্ষমতা অর্জ্জন করিতে পারিবেন না। আধুনিক কতকগুলি ঘটনায় এই কথার সতাতা প্রমাণিত হইয়াছে। মি: টাউনীর মতে, যদি ব্রিটিশ শ্রমিকদল কমন্স সভায় সংখ্যাগরিষ্ঠও হন, তাহা হইলেও, বিশেষ স্থবিধাভোগী শ্রেণীগুলির বিরুদ্ধতা অতিক্রম করিয়া কোন আমূল পরিবর্ত্তনমূলক ব্যবস্থা প্রবর্ত্তন করিতে भातित्वन ना; त्कन ना, তारातार ताक्रतिकिक, मामाक्रिक, वर्ध निकिक, রাজ্ব সম্পর্কিত এবং সামরিক তুর্গগুলি অধিকার করিয়া আছে। ভারতের অবস্থা যে সম্পূর্ণ স্বতন্ত্র ইহা উল্লেখ করাই বাহুল্য। এখানে কোনী গণতান্ত্রিক প্রতিষ্ঠান নাই, তাহার পারস্পর্যাও নাই। তাহার পরিবর্ত্তে আমাদের আছে, স্বপ্রতিষ্ঠিত অভিকাল, ডিক্টেটরী শাসন, ব্যক্তিগত বক্তৃতা, লেখা, সভাসমিতি ও সংবাদপত্রের স্বাধীনতার সঙ্কোচ ও দমন। লিবারেলদের পশ্চাতে কোন শক্তিশালী সভ্য নাই। হাসিমুখ ছাড়া তাঁহাদের অঞ্ কোন সম্বল নাই।

লিবারেলগণ "নিয়মতন্ত্র বিরোধী" এবং "বে-আইনী" কার্যাপদ্ধতির তীব্র
নিন্দা করিয়া থাকেন। যে সকল দেশে গণতান্ত্রিক পদ্ধতি আছে, সেধানে
"নিয়মতান্ত্রিক" শন্দি এক ব্যাপক অর্থে ব্যবহৃত হয়। ইহা দ্বারা আইন
প্রণয়ন ব্যবস্থা নিয়ন্ত্রণ হয়, ইহা ব্যক্তিস্বাধীনতা রক্ষা করে, ইহা শাসকগণকে
সংঘত রাথে, রাজনৈতিক বা অর্থনৈতিক কাঠামোর পরিবর্ত্তন সাধনের
অন্তর্ক্ গণতান্ত্রিক ব্যবস্থা ইহাতে থাকে। কিন্তু ভারতবর্ষে এরূপ কোন
নিয়মতন্ত্র নাই; এবং ঐশন্ধ দ্বারা এখানে প্রক্ষিথিত কোন ব্যবস্থা ব্রায়
না। \* ঐশন্দিটি এদেশে ব্যবহার করার ফলে যে ধারণার স্বষ্টি হয়,

<sup>\*</sup> বিখ্যাত লিবারেল নেতা এবং 'লাভার' পত্রের সম্পাদক মি: দি, ওয়াই, চিন্তমেণি
বুক্তপ্রদেশের আইনসভার পার্লামেন্টারী জ্য়েন্ট কমিটির রিপোর্ট সমালোচনা প্রসঙ্গে বলিয়াছিলেন, ভারতে কোন প্রকার নিয়মতান্ত্রিক প্রভর্গমেন্ট নাই, "বর্তমানের নিয়মভন্তরীন প্রভর্গমেন্টও বরং ভাল, ভবিব্যতের প্রভর্গমেন্ট অধিকতর নিয়মভন্তরীন এবং অধিকতর প্রতিক্রয়ানীল ও প্রপ্তিবিরোধী হুইবে।"

#### স্বাধীনতা ও স্বায়ন্তশাসন

অদ্যকার ভারতের কোথাও তাহার স্থান নাই। 'নিয়মতান্ত্রিক' এই শব্দটি এদেশে প্রায়ই শাসক সম্প্রদায়ের অল্পবিস্তর স্বেচ্ছাচারমূলক কার্য্যের সমর্থনের জন্তু ব্যবহৃত হয়। অথবা ইহা ছাড়া "আইন সঙ্গত" – এই অর্থেও ঐ শব্দটি ব্যবহৃত হয়। আমাদের পক্ষে "আইন সঙ্গত" ও "বে-আইনী" এই তুইটি শব্দ ব্যবহার করা অনেক ভাল; যদিও উপার অর্থও অনিদ্দিষ্ট ও অস্পষ্ট; কেন না, দিনে দিনে উহারও জনেক পরিবর্ত্তন হয়।

ন্তন অর্ডিক্সান্ধ ও নৃতন আইন নৃতন নৃতন অপরাধ স্বষ্ট করে। কোন সভায় উপস্থিত হওয়া অপরাদ হইতে পারে; এমনি ভাবে বাইসাইকেল চড়া, কোন বিশেষপ্রকার পোষাক পরা, স্থ্যান্ডের সময় গৃহে না থাকা, প্রত্যহ পুলিশে হাজিরা না দেওয়া—এই শ্রেণীর বহুতর কাজ আজ ভারতের কোন ঝোন অঞ্চলে অপরাধ বলিয়া গণ্য। কোন বিশেষ কাজ দেশের এক অফলে হয়ত অপরাধ, অগ্যন্ত নহে। এবং এই শ্রেণীর আইন যথন জনমতের নিবট দায়িয়হীন শাসকগণ যে কোন মৃহুর্ত্তে খুসীমত রচনা করিতে পারেন, তথন "আইন সঙ্গত" এই শক্টির অর্থ শাসকমগুলীর ইচ্ছা ছাড়া অধিক কিছু নহে। ইচ্ছায় হউক আর অনিচ্ছায় হউক, এই ইচ্ছামানিতে হউবে, অমান্য করিলে যে ফল হইবে তাহা প্রীতিপ্রদ নহে। যদি কেহ বলে যে, সে সর্ম্বদাই ইহা মান্ত করিবে, তাহার অর্থ ডিক্টেটরী অথবা দায়িয়হীন গ্রন্থরের নিকট হীন বশ্যতা স্বীকার, নিজের বিবেক বর্জন এবং তাহার কার্যপ্রণালী ছারা স্বাধীনতা অর্জন চিরদিন অসম্ভবই থাকিবে।

নিয়মতান্ত্রিক যে ব্যবস্থা বর্ত্তমানে হাতে আছে, তাহা দিয়াই সাধারণ উপায়ে অর্থ নৈতিক ব্যবস্থার আমৃল পরিবর্ত্তন সম্ভবপর কি না, ইহা লইয়া আজকাল প্রত্যেক গণতান্ত্রিক দেশেই আলোচনা চলিতেছে। অনেকের মতে ইহা সম্ভবপর নহে; কিছু অসাধারণ বা বৈপ্লবিক উপায় গ্রহণ করিতে হইবে। ভারতে আমাদের উদ্দেশ্যের দিক দিয়া এই যুক্তিতর্কের নির্দারণ একান্তই মৃলাহীন; কেন না আমাদের প্রার্থিত পরিবর্ত্তন সাধনের উপেয়োগী কোন নিয়মতন্ত্রই আমাদের নাই। যদি হোয়াইট পেপার বা অন্তর্নপ কোন শাসন বাবস্থা আইনে পরিণত হয়, তাহা হইলে নানাদিকে নিয়মতান্ত্রিক উন্নতির পথ একেবারেই ক্লম্ব হইয়া যাইবে। বিদ্রোহ বা বে-আইনী কার্যা ছাড়া অন্তা কোন পথই থাকিবে না। তাহা হইলে লোকে কি করিবে? সমস্ত পরিবর্ত্তনের আশা ছাড়েয়া দিয়া নিয়তির নিকট আত্মসমর্পণ করিবে।

বর্ত্তমানে ভারতের অবস্থা অধিকতর অস্বাভাবিক। সর্ব্বপ্রকার জনসাধারণের সম্মিলিত কার্য্য শাসকমণ্ডলী বন্ধ করিতে পারেন, করিয়াও

#### জওহরলাল নেহরু

V

থাকেন। যে কোন কাজ তাঁহাদের মতে বিপজ্জনক হইলেই তাহা বদ্ধ করা হয়। এইভাবে সমস্ত প্রকার কার্য্যকরী প্রচেষ্টার পথই রুদ্ধ করা যাইতে পারে এবং গত তিন বংসর তাহা করা হইয়াছে। ইহার নিকট বশুতঃ স্বীকার করার অর্থ স্বর্ধপ্রকার সমিলিত কার্য্য একেবারে পরিত্যাগ করা। কিন্তু এরূপ অবস্থা স্বীকার করিয়া লওয়া অসম্ভব।

কেছ বলিতে পারে না যে, সে তিলমাত্র ব্যতিক্রম না করিয়া সর্বাদাই আইনসক্ষত কার্য্য করিবে। এমন কি গণতান্ত্রিক রাষ্ট্রেও অনেকে বিবেকের নির্দেশে ভিন্নরূপ আচরণ করিতে বাধ্য হন। স্বেচ্ছাচারমূলক অথবা খামথেয়ালীর সহিত যে সকল দেশ শাসিত হয়, সেখানে সচরাচরই এই শ্রেণীর ঘটনা ঘটিতে বাধ্য; কেন না, এরূপ রাষ্ট্রের আইনের কোন নৈতিক যৌক্তিকভা নাই।

লিবারেলগণ বলেন, "প্রত্যক্ষ সংঘর্ষ ডিক্টেটরীর অন্তর্কুল, গণতদ্বের নহে; যাহারা গণতদ্বের জয় কামনা করে তাহাদিগকে প্রত্যক্ষ সংঘর্ষ ছাড়িতে হইবে।" ইহা চিন্তার আবিলতা ও শিথিল লেখনীর পরিচায়ক। সময় সময় প্রত্যক্ষ সংঘর্ষমূলক কার্য্য, যেমন—শ্রমিক ধর্মঘট—সম্পূর্ণ বৈধ। কিন্তু সম্ভবতঃ এখানে রাজনৈতিক কার্য্যের কথা বলা হইয়াছে। আজ জার্মাণীতে হিটলারের অধীনে কোন প্রকার কার্য্য করা সম্ভব ? হয় হীনভাবে বশ্রতা স্বীকার, নয় বে-আইনী বা বৈপ্লবিক কার্যা। সেখানে কি ভাবে গণতদ্বের সেবা করা যাইতে পারে।

ভারতীয় লিবারেলরা প্রায়ই গণতদ্বের উল্লেখ করেন; কিন্তু তাহাদের
মধ্যে প্রায় কাহারও উহার নিকট যাইবার অভিপ্রায় নাই। অগ্রতম প্রধান
লিবারেল নেতা শুর পি এদ শিবস্বামী আয়ার ১৯৩৪ দালের মে মাদে
বলিয়াছেন, "গণ-পরিষদ আহ্বানের পক্ষে ওকালতী করিতে গিয়া কংগ্রেদ
জনতার বৃদ্ধি-বিবেচনার উপর অভিমাত্রায় বিশ্বাদ দেখাইয়াছেন এবং ইহার
দ্বারা বিভিন্ন গোলটেবিল বৈঠকে যে সকল ব্যক্তি অংশ গ্রহণ করিয়াছেন,
তাঁহাদের যোগ্যতা ও আন্তরিকতার উপর স্থবিচার করা হয় নাই।
গণ-পরিষদ যে ইহার চেয়ে উৎক্রইতর কিছু করিতে পারিবে, তাহাতে আমার
বিস্তর সন্দেহ আছে।" কাজেই দেখা যাইতেছে, শ্রার শিবস্বামী গণতন্ত্র
বলিতে যাহা ব্রেন, তাহা 'জনতা' হইতে পৃথক এবং উহা বৃটিশ গবর্ণমেন্ট
কর্ত্ত্ব মনোনীত 'বিশ্বস্ত এবং যোগ্য' ব্যক্তিদের সহিত বেশ খাপ খায়।
তিনি হোয়াইট পেপারকে তৃই হাতে বরণ করিয়াছেন—যদিও উহাতে তিনি
'সম্পূর্ণ সন্তুই' হইতে পারেন নাই—তথাপি 'তিনি মনে করেন যে, সরাসরি
ভাবে ইহার প্রতিবাদ করা দেশের পক্ষে স্ববিবেচনার কার্য্য হইবে না।'

#### প্রাচীন ও নবীন ভারত

বৃটিশ গবর্ণমেণ্ট এবং শুর পি এস শিবস্বামী আয়ারের মধ্যে অতি প্রগাঞ্ সহযোগিতা না হইবার কোন কারণ খুঁজিয়া পাওয়া যায় না।

কংগ্রেস নিরুপদ্রব প্রতিরোধ প্রত্যাহার করায় লিবারেলগণ স্বভাবতঃই আনন্দিত হইয়াছিলেন। এই 'নির্ব্বেণি ও অথৌক্তিক' আন্দোলন হইতে দ্বে সরিয়া থাকিয়া তাঁহার। যে স্থানিবেচনা দেথাইয়াছেন, সে জন্ম তাঁহারা বাহাত্বী লইবেন, ইহাতে বিশ্ময়ের কিছুই নাই। তাঁহারা আমাদিগকে বলিতে লাগিলেন, 'আমরা কি ইহা পূর্ব্বেই বলি নাই ?' ইহা এক অভুত যুক্তি! যেহেতু আমরা উঠিয়া দাঁড়াইয়াছি এবং প্রাণপণে যুদ্ধ করিয়াছি, অবশেষে ধরাশায়ী হইয়াছি, অতএব তাহা হইতে এই নৈতিক সিদ্ধান্ত প্রমাণিত হইল যে, উঠিয়া দাঁড়ান অত্যন্ত মন্দ। বুকে হাঁটাই সর্ব্বোৎক্লষ্ট এবং সর্ব্বাধিক নিরাপদ। ভূমির সঙ্গে সমান্তরাল রেখায় থাকিলে ধাক্কা দিয়া ধরাশায়ী করা একাত্রই অসম্ভব ব্যাপার।

C)

# প্রাচীন ও নবীন ভারত

ভারতীয় জাতীয়তাবাদ যে পর-শাদনের প্রতি ক্লপ্ট হইবে, ইহা অনিবার্যা ও স্বাভাবিক। কিন্তু তথাপি উনবিংশ শতানীর শেষভাগে জ্ঞাতসারে অথবা অজ্ঞাতসারে শিক্ষিত সম্প্রদায়ের একটা বড় অংশ সাম্রাজ্য সম্পর্কে বৃটিশ মতবাদ গ্রহণ করিয়াছিলেন, ইহা অত্যন্ত কৌতুকের বিষয়। এই মতবাদের উপর তাঁহারা নিজেদের যুক্তিজাল রচনা করিতেন এবং কেবলমাত্র কতকগুলি বাক্স লক্ষণের সমালোচনা করিবার সাহস দেখাইতেন। স্থল এবং কলেজে ইতিহাস, অর্থনীতি ও অক্যান্য বিষয়ে যাহা শিক্ষা দেওয়া হয়, তাহা সমস্তই বৃটিশ সাম্রাজ্যনীতির মতবাদের দিক হইতে রচিত এবং উহাতে আমাদের অতীত ও বর্ত্তমান বহুতর দোষ, ক্রটি উজ্জল বর্ণে চিত্রিত করা হইয়াছে এবং বৃটিশের গুণাবলী ও উচ্চ আদর্শের কথা বর্ণনা করা হইয়াছে। এই বিক্রত বিবরণ আমরা কতকাংশে গ্রহণ করিয়াছি এবং এমন কি, যথন আমরা ইহাকে প্রতিরোধ করিতে চেষ্টা করিয়াছি, তথনও অলক্ষ্যভাবে আমরা ইহাকো প্রভাবান্বিত হইয়াছি। প্রথমভাগে বৃদ্ধির দিক হইতে ইহার হাত হইতে নিক্ষতির উপায় ছিল না; কেন না, অন্য প্রকার ঘটনা ও যুক্তিজাল আমরা

#### ज उर्जनांन जिर्ज

জানিতাম না। কাজেই আমরা এক প্রকার ধর্মগত জাতীয়তাবাদের মধ্যে সান্ধনা খুঁজিয়াছি এবং ভাবিয়াছি, অস্ততঃ ধর্ম ও দর্শনের ক্ষেত্রে আমরা জগতে কোন জাতি অপেক্ষা কম নহি। আমাদের ত্র্ভাগ্য ও অধঃপতনের মধ্যেও আমরা নিজেদের এই বলিয়া সান্ধনা দিয়াছি যে, যদিও পাশ্চাত্যের বাহ্ছ চাকচিক্য, ঐশ্বর্য আমাদের নাই, তথাপি আমাদের যে চিস্তাসপদ আছে, তাহা বহু গুণে মূল্যবান ও তুর্লভ। বিবেকানন্দ, আমাদের প্রাচীন দর্শনশাম্বে অমুরাগী পণ্ডিতগণ এবং আরও কেহ কেহ আমাদের মধ্যে আত্মমর্যাদাজ্ঞান অনেকাংশে জাগ্রত করিয়াছেন এবং অতীতকাল সম্পর্কে আমাদের প্রস্বপ্ত গৌরববোধকে পুনকজ্জীবিত করিয়াছেন।

ক্রমশ: আমরা সন্দেহ করিতে লাগিলাম, আমাদের অতীত ও বর্তমান অবস্থা সম্পর্কে ব্রিটিশ বিবরণগুলি সমালোচকের দৃষ্টিতে পরীক্ষা করিতে লাগিলাম। কিন্তু তথনও আমাদের চিন্তা ও কার্য্যপ্রণালী বুটিশ মতবাদের অভিজ্ঞতার মধ্যেই আবদ্ধ ছিল। যদি কোন জিনিষ মন্দ হয়, তাহাকে বলা হইত 'অব্রিটিশ'; যদি ভারতে কোন ইংরাজ ত্ব্যবহার করিত, তাহ। হইলে সে দোষ তাহার ব্যক্তিগত, কোন ব্যবস্থা তাহার জন্ম দায়ী নহে। কিন্ত গ্রন্থকারদিগের মডারেটীয় দৃষ্টিভঙ্গী সত্ত্বেও ভারতে ব্রিটিশ শাসনের সমালোচনামূলক যে সকল তথা সংগৃহীত হইয়াছিল, তাহা বৈপ্লবিক উদ্দেশ্য সাধনে সহায়তা করিয়াছে এবং আমাদের জাতীয়তাবাদের জন্ম রাজনৈতিক ও অর্থ নৈতিক ভিত্তি রচনা করিয়াছে। এই ভাবে দাদাভাই নৌরজীর 'Poverty and Un-British Rule in India', রমেশ দত, উইলিয়ম ডিগবি এবং অন্তান্ত ব্যক্তির রচিত গ্রন্থ আমাদের জাতীয় চিম্বাধারা পরিপুষ্টির পথে বৈপ্লবিক প্রেরণা যোগাইয়াছে। অধিকতর অনুসন্ধান ও গবেষণার ফলে প্রাচীন ভারতীয় ইতিহাসের বছ স্থদ্র অতীতকালের কীর্ত্তি-সমুজ্জন স্থসভা যুগ আবিদ্ধুত হইয়াছে এবং আমরা অত্যন্ত তৃপ্তির সহিত তাহা পাঠ করিয়াছি। আমরা আরও দেখিলাম যে, ভারতে ব্রিটিশ শাসনের যে বিবরণ তাঁহাদের ইতিহাস পুস্তকে লিথিয়া তাঁহারা আমাদিগকে বিশ্বাস করাইয়াছেন, তাহা প্রক্রত ঘটনা হইতে কত পূথক।

ব্রিটশ রচিত ইতিহাস, অর্থনীতি ও ভারতের শাসনব্যবস্থার সিদ্ধান্তগুলির বিরুদ্ধে আমাদের বিরোধিতা বৃদ্ধি পাইতে লাগিল; কিন্তু তথাপি আমরা তাঁহাদের মতবাদের গণ্ডীর মধ্যে থাকিয়াই কাজ করিতে লাগিলাম। শতান্দীর শেষভাগে সমগ্রভাবে ভারতীয় জাতীয়তাবাদের অবস্থা ইহাই ছিল। এগনও লিবারেল দল ও অস্থান্ত ক্ম শ্রেণীগুলি, এমন কি কতিপয় মডারেট কংগ্রেসপন্থীও প্রায় সেই অবস্থাতেই আছেন, যদিও মাঝে মাঝে ভাবাবেগে

#### প্রাচীন ও নবীন ভারত

তাঁহারা অগ্রসর হন, তথাপি জ্ঞান ও বৃদ্ধির দিক দিয়া তাঁহারা উনবিংশ শতান্দীতেই বাদ করেন। এই কারণেই লিবারেলগণ ভারতীয় স্বাধীনতার কথা ধারণায়ও আনিতে পারেন না। কেন না, এই ছুই পুথক মনোভাবের মধ্যে মূলগত পার্থক্য রহিয়। গিয়াছে। তাঁহারা কল্পনা করেন, ধাপে ধাপে তাঁহারা বড় বড় সরকারী উচ্চপদ পাইনেন এবং মোটা মোটা গুরুত্বপূর্ণ ফাইল লইয়া নাড়াচাড়া করিবেন। গ্রুণমেণ্টের শাসন্যন্ত্র পূর্ব্বের মতই মৃত্যভাবে চলিতে থাকিবে, কেবল তাঁহারা থাকিবেন ধুরন্ধর এবং বছদূরে পশ্চাতে ব্রিটশ रमज्ञमन शांकितः; किन्ध जांशात्रा वर्ष त्या रुख्या कतित्व ना, क्वन প্রয়োজনের সময় আদিয়া তাঁহাদিগকে রক্ষা করিবে। সাম্রাজ্যের মংগ্র স্বায়ত্তশাসন লাভের ইহাই তাঁহাদের ধারণা। এই বালকোচিত আশা কোন দিনই পুরণ হইবার সম্ভাবনা নাই। কেন না, বুটিশের আশ্রয় প্রার্থনার মূল্যই इटेन ভারতের পরাধীনতা। এমন কি, यनि टेटा এক মহান দেশের আত্মম্যাদার অপস্বজনক বাও হয়, তথাপি আমরা তুই কুল বজায় রাখিতে পারিব না। স্থার ফ্রেডরিক হোয়াইট (ভারতীয় জাতীয়তাবাদের পক্ষপাতী নহেন ) সত্ত প্রকাশিত একথানি প্রস্তুকে লিথিয়াছেন, 'তাহারা (ভারতীয়গণ) এখনও বিশাস করে যে. ইংলণ্ড বিপদের সময় তাহাদিগকে রক্ষা করিবে এবং যতদিন পর্যান্ত তাহারা এই ভ্রান্ত ধারণা পোষণ করিবে, ততদিন তাহারা তাহাদের নিজস্ব স্বায়ত্তশাসনের আদর্শের ভিত্তির প্রতিষ্ঠা করিতে পারিবে না।" তিনি ভারতীয় ব্যবস্থা পরিষদের সভাপতি থাকাকালীন যে শ্রেণীর लारकत मःस्मार्भ व्यामिग्राहित्नन, त्मरे मकन निवादतन, প্রগতিবিরোধী এবং সাম্প্রদায়িকতাবাদী শ্রেণীর ভারতীয়ের মনোভাবই উল্লেখ করিয়াছেন। কিন্তু কংগ্রেদের এরূপ বিশ্বাদ নাই এবং অক্সান্ত অগ্রগামী দলও এরূপ বিশ্বাদ করেন না। যাহা হউক, তাঁহার। স্থার ফ্রেডরিকের সহিত এ বিষয়ে একমত হইবেন। ঐ ভ্রান্ত ধারণা থাকা পর্যান্ত স্বাধীনতা আসিতে পারে না এবং যদি ভারতের ভাগ্যে কোনও বিপদ থাকে, তবে তাহাকে একাকী সে বিপদের সম্মুখীন হইতে দেওয়া উচিত। ভারতে ব্রিটিশ সামরিক নিয়ন্ত্রণ সম্পূর্ণরূপে উঠাইয়া লওয়ার পর ভারতের স্বাধীনতার আরম্ভ হইবে।

উনবিংশ শতাব্দীতে ভারতীয় শিক্ষিত সম্প্রদায় যে বৃটিশ মতবাদের মধ্যে আত্মহারা হইয়াছিলেন, তাহাতে বিশ্বয়ের কিছু নাই। কিন্তু ইহাই বিশ্বয়ের যে, এই বিংশ শতাব্দীর পরিবর্ত্তন ও যুগান্তকারী ঘটনাপ্রবাহের মধ্যেও বহুলোক এই ভ্রান্ত ধারণা লইয়াই বাদিয়া আছেন। উনবিংশ শতাব্দীতে বৃটিশ শাসকশ্রেণীগুলি জগতের সেরা অভিজাত ছিলেন, ঐশ্বর্য্য, সাফল্য, শক্তির কৌলিক গৌরব তাঁহাদের ছিল। এই বংশপরম্পরাগত

#### जंश्यान (नर्ज

কীর্ত্তি এবং তাহার শিক্ষা হইতে তাঁহারা ষেমন বছ গুণের অধিকারী হইয়াছিলেন, তেমনি অভিজাতস্থলভ অনেক দোষও তাঁহাদের মধ্যেছিল। গত পৌণে তুই শতাকী ধরিয়া আমরা এই আভিজাত্যের গুণগরিমা বিকাশের রসদ জোগাইয়াছি এবং তাহাতে আত্মতৃপ্তি লাভ করিয়াছি। অতীতে অন্যান্ত সম্প্রদায় বা জাতি যাহা করিয়াছেন, ঠিক সেইরূপেই ইংরাজরাও ভাবিতে অভ্যন্ত হইয়াছেন যে, তাঁহারা ঈশর কর্তৃক নির্দিষ্ট এবং তাঁহাদের সামাজ্য মর্ত্ত্যের স্বর্গরাজ্য। যদি তাঁহাদের এই বিশেষ মর্য্যাদা স্বীকার করিয়া লওয়া যায়, তাঁহাদের শ্রেষ্ঠতা সম্বন্ধে প্রশ্ন না উঠে, তাহা হইলে তাঁহারা সর্ব্বদাই দয়ালু ও অতি অমায়িক। অবশ্র, নিজ্বদের অনিষ্ট না হইলে অন্থ্যহ করিতে আপত্তি নাই। কিন্তু তাঁহাদের বিক্ষতা করার অর্থই হইতেছে, এশবিক ব্যবস্থার বিক্ষতা করা। সেক্ষেত্রে তাহা দমন করিতেই হইবে।

ব্রিটিশ মনগুত্বের এই দিক্টা মি: আঁদ্রে সিগফ্রিদ অতি স্থন্দররূপে তাঁহার "লা ক্রিজ ব্রিতানিক য়ো ভাঁগতিয়েম সিয়েকল" নামক্লু পুশুকে বর্ণনা করিয়াছেন।

"শক্তি ও ঐশর্ধ্যের সমবায়ে বংশামুক্রমিক অভ্যাসবশতঃ তাহার জীবনযাত্রার ভঙ্কীর মধ্যে এমন এক আভিজাত্যের ভাব আসিয়া পড়িয়াছে থে,
দে মনে করে থে, তাহার জন্মপ্রাপ্ত অধিকার বিধাতৃনির্দিষ্ট। যথনই
বৃটিশের শ্রেষ্ঠহাভিমানে কেহ সন্দেহ প্রকাশ করে, তখন ঐ ভাব অধিকতর
উগ্র হইয়া উঠে। শতান্দীর শেষভাগে নবীন ব্রিটনগণ একরপ অজ্ঞাতসারেই
মনে করিতেন থে, এই সাফল্য তাহাদের স্থায় প্রাপ্য।

"এই ধারণার ভিত্তিতে বস্তু ও ঘটনার বিচারে অভাস্ত ব্রিটিশ ব্যবহারগুলি দেখিলে, উহা অতি লঘু ও সঙ্কীর্ণ সীমার মধ্যে ব্রিটিশ মনস্তব্ধের উপর কি প্রতিক্রিয়া সঞ্চার করে, তাহা স্পষ্ট বুঝা যায়। যে কেহ দেখিলেই স্পষ্ট বুঝিতে পারিবে যে, ইংলও তাহার বর্ত্তমান সঙ্কটগুলির কারণ নানা বাহ্ম ব্যাপারের উপর আরোপ করিতে চাহে। সে সর্ব্বদাই অপরের দোষ দেখে, এবং মনে করে ঐ অপর যদি আয়ুসংশোধন করে, তাহা হইলেই ব্রিটিশ তাহার পুরাতন ঐশ্বর্য ফিরিয়া পায়। নিজের কোন সংস্কার বা পরিবর্ত্তন করিয়া ব্রিটিশগণ সর্ব্বদাই পরের সংশোধন ও সংস্কার করিতে ব্যগ্র থাকে।"

যদি অবশিষ্ট জগতের প্রতি ইহাই ব্রিটিশ মনোভাব হয়, তাহা হইলে ভারতবর্ষেই তাহা সর্বাধিক প্রত্যক্ষ। ভারতীয় সমস্থা সম্পর্কে ব্রিটিশ মনোভাব যদিও অত্যস্ক বিরক্তিকর তথাপি উহা কৌতুহলোদীপক।

#### প্রাচীন ও নবীন ভারত

নিজেদের অভ্রান্ততা এবং অতি গুরুদায়িত্ব যোগ্যতার সহিত বহন করা সম্পর্কে অবিচলিত আস্থা, তাঁহাদের জাতীয় ভাগ্য এবং নিজম্ব নমুনার সামাজ্যনীতির উপর বিখাস—এই সত্য বিখাসের বিরুদ্ধে সন্দেহাতুর অবিখাসী, ও পাপীদিগের প্রতি ঘূনা ও ক্রোধ—এই মনোভাব ধর্মান্তরাগের মতই গোঁড়ামিতে পরিপূর্ণ। প্রাচীনকালে রোমান ক্যাথলিক ধর্মের বিরুদ্ধবাদী পাষওদের উদ্ধার ও দলনের জন্ম যে দল গঠিত হইয়াছিল, গেই "ইনকুইজিটরদের" মতই, আমাদের মতামত অগ্রাহ্থ করিয়াও তাঁহার: আমাদিগকে উদ্ধার করিতে ব্যগ্র। ঘটনাচক্রে এই ধর্মের ব্যবসায়ে তাঁহাদের বেশ লাভ ২য়। তাঁহারা-ুসেই প্রাচীন প্রবচনের সত্যতা প্রমাণ করিয়া দেখাইতেছেন যে,—"সাধুতাই সর্বন্দ্রেষ্ঠ নীতি।" ভারতকে সামাজ্যিক পরিকল্পনা গ্রহণ করিতে বাধ্য করা এবং বাছা বাছা ভারতীয়দিগকে ব্রিটিশ ছাচে গড়িয়া তোলা আর ভারতের উন্নতি একই কথা। ব্রিটিশ আদর্শ ও উদ্দেশ্য আমরা যত বেশী গ্রহণ করিব, আমরা ততই "স্বায়ত্ত-শাসনের" যোগ্য হইব। যদি আমরা কার্য্যতঃ প্রমাণ করি এবং প্রতিশ্রুতি দেই যে, ব্রিটিশ অভিপ্রায় অনুসারেই আমরা স্বাধীনতার ব্যবহার করিব, তাহা হইলে অবিলম্বে উহা পাইতে কিছুমাত্র বিলম্ব হইবে না।

ভারতে বিটিশ শাসনের অতীত ঘটনাবলী সম্পর্কে আমার আশহ। হয়, ইংরাদ্ধ ও ভারতবাসীর মধ্যে মতাব্দৈকা দৃষ্ট হইবে। সম্ভবতং, ইহা স্বাভাবিক! কিন্তু যথন ভারত সচিবগণ ও অন্তান্ত উচ্চপদ্ধ বিটিশ কর্মচারী ভারতের বর্ত্তমান ও অতীতের সম্পর্কে কল্পনাপ্রস্তুত চিত্র অন্ধিত করেন অথবা কোন বিবৃতি দেন—যাহা প্রকৃত ঘটনার সহিত সম্পর্কহীন—তখন উহা অত্যন্ত মর্ম্মান্তিক হইয়া উঠে। নৃষ্টিমেয় বিশেষজ্ঞ ও কতিপয় বাক্তি বাতীত ভারতবর্ষ সম্পর্কে ইংরাজের অজ্ঞতা অতিশয় গভীর। ঘটনাই যখন ইহাদের দৃষ্টি এড়াইয়া যায়, তখন ভারতের মর্মানিহিত সত্য ইহাদের আয়তের কত বেশী বাহিরে? তাঁহারা ভারতের বাহ্ম দেহ অধিকার করিয়াছেন; কিন্তু ইহা হিংসামূলক বাহুবলের অধিকার। তাঁহারা ভারতবর্ষকে জানেন না; জানিবার চেষ্টাও করেন না। তাঁহারা কথনও ভারতের চক্ষ্র প্রতি চাহিয়া দেখেন নাই। কেন না, তাঁহাদের দৃষ্টি বিষয়ান্তরে নিবদ্ধ এবং লক্ষ্মা ও অপমানে ভারতের দৃষ্টি অবনত। শতাকীচয়ের সংশ্রবের পরেও ভাহারা পরম্পারের নিকট অপরিচিত এবং পরম্পারের প্রতি অপ্রীতিসম্পন্ম।

দারিদ্র্য ও অধংপতন সত্ত্বেও এথনও ভারতের গর্ব্ধ ও গৌরবের অনের কিছুই আছে। প্রাচীন পারম্পর্য্য ও বর্ত্তমানের ছুঃখ-ভারপীড়িত ভারতের

#### ज अर्जनाम (नर्ज

চক্রতে ক্লান্টির ছায়া, তথাপি "তাহার অন্তরের সৌন্দর্য্য বাহ্ দেহে বিকশিত; কত আশ্চর্যা চিস্তা, কত অপরূপ অহুধ্যান, কত মধুর আবেগ তাহার প্রাণের পরতে পরতে রহিয়াছে।" তাহার বিচুর্ণিত দেহের ভিতরে ও বাহিরে এখনও যে কেহ আত্মার মহিমা চকিতে দেখিতে পায়। কত যুগ ধরিয়া ইতিহাস পথে ভ্রমণ করিতে করিতে সে কত জ্ঞান অর্জন করিয়াছে, কত অপরিচিত অতিথি আদিয়া তাহার বৃহৎ পরিবারে মিলিয়া গিয়াছে, কত উত্থান, কত পতন, প্রচণ্ড বেদনা, গভীর অসম্মান, কত আশ্র্য্য নৃশ্য সে পর্য্যায়ক্রমে দেখিয়াছে। কিন্তু এই দীর্ঘ ভ্রমণেও সে তাহার চিরম্মরণীয় সংস্কৃতিকে দৃঢ়মুষ্টিতে ধরিয়া রাথিয়াছে, তাহা হইতে শক্তি ও তেজ আহরণ করিয়াছে এবং অক্তান্ত দেশে তাহা নিতরণ করিয়াছে। উন্নতি, অধঃপতন—ছ'য়েরই চরম সে দেখিয়াছে, তাহার ত্ংসাহসী চিন্তা জীবন ও জগতের রহস্থ মীমাংসা করিবার জন্ম উর্দ্ধ হইতে উর্দ্ধলোকে গিয়াছে; আবার জ্বন্য নরকের অতলে ডুবিবার তিব্রু অভিজ্ঞতাও তাহার আছে। কুসংস্কার ও অধংপতনের কারণ ুসক্ষপ আচার ও প্রথাগুলি ক্রমশঃ জমিয়া উঠিয়া তাহাকে দৃঢ়বলে চাপিয়া ধরিয়া অধংপতনের দিকে লইয়া গিয়াছে সত্য, কিন্তু তাহা সত্ত্বেও সে তাহার প্রাচীন ঋষিগণ প্রদত্ত প্রেরণা সম্পূর্ণরূপে ভূলিয়া যায় নাই, যাঁহারা ইতিহাসের প্রথম প্রভাতে তাহাকে উপনিষদের বাণী <del>গু</del>নাইয়াছিলেন। তাঁহাদের তীক্ষমন অধীর আবেগে তন্ন তন্ন করিয়া তথাাহুসন্ধান করিয়াছে, কোনও युक्तिशैन मज्यान अथवा প্রাণহীন वाक् अक्ष्रीत्नत भूनः भूनः আবর্ত্তনের মধ্যে তাঁহারা নিশ্চিন্তে গা ঢালিয়া দেন নাই। তাঁহারা ইহলোকে ব্যক্তিগত স্থথ অথবা পরলোকে স্বৰ্গ কামনা করেন নাই। তাঁহারা চাহিয়াছেন আলোক,—চাহিয়াছেন প্র্ঞা।

বৃহদারণাক উপনিষদের সেই প্রার্থনা, 'আমাকে অসতা হইতে সতো লইয়া যাও, অন্ধকার হইতে আলোকে লইয়া যাও, মৃত্যু হইতে অমৃতে লইয়া যাও'! আজিও লক্ষ লক্ষ লোক প্রতাহ যে বিখ্যাত গায়ত্রী মন্ত্র জপ করিয়া থাকে, তাহাও জ্ঞান লাভের, সত্যদৃষ্টি লাভের আকাজ্ঞা।

রাজনীতির দিক দিয়া ছিন্নভিন্ন হইলেও সে তাহার সর্বজনীন পরম্পরাগত সম্পদ রক্ষা করিয়াছে এবং বাহৃতঃ বছ বৈচিত্র্যের মধ্যেও এক আশুর্য্য একা রক্ষা করিয়াছে। \* অন্তান্ত প্রাচীন ভূমির মতই তাহার মধ্যেও ভাল

<sup>\* &</sup>quot;ভারতে বহু খবিরোধিতার মধ্যেও সমন্ত বৈচিত্রোর উপর এক মহত্তর ঐক্য বিস্তমান—যাহা দহত্তে দৃষ্টিগোচর হয় না। কেন না, ইহা রাল্লীয় ঐক্যয়পে কখনও সম্ম দেশকে ঐতিহাদিক অভিব্যক্তির দিক দিয়া এক করিতে পারে নাই। কিন্তু তথাপি ইহা

# প্রাচীন ও নবীন ভারত

ও মন্দের মিশ্রণ ঘটিয়াছে। ভাল আজ লুকামিত, তাহা খুঁজিয়া বাহির করিতে হয়। কিন্তু ধ্বংদের পচা গদ্ধ সর্বব্যই প্রকাশিত এবং তীব্র স্থ্যালোক নিশ্মভাবে তাহার মন্দগুলি উদ্ঘাটিত করিতেছে।

ভারত ও ইতালীর মধ্যে অনেকটা ঐক্য বিগমান। এই তুই প্রাচীন দেশের স্থদীর্ঘকালের পরম্পরাগত সংযুতি রহিয়াছে। তবে, ইতালী ভারতের তুলনায় অপেক্ষাকৃত নবীন এবং ভারতবর্ষ তুলনায় বিশালতর দেশ। উভয় দেশই রাষ্ট্রক্ষেত্রে বহুধ। বিভক্ত হইলেও ভারতের মত ইতালীর ঐক্যবোধ কথনও বিনষ্ট হয় নাই এবং তাহাদের সমস্ত বিভিন্নতার মধ্যেও এই ঐক্য স্থপরিস্টু ছিল। ইতালীর এক্য প্রধানতঃ রোমান এক্য, দেই মহান নগরী সমগ্র দেশের উপর আধিপত্য করিয়াছে এবং ইহাই ঐক্যের উৎপত্তিম্বল ও প্রতীক ছিল। ভারতবর্ষে এরূপ কোন স্বতম্ব কেন্দ্র অথবা নগরীর আধিপত্য हिन ना। यिन्छ वातानमीटक खाटहात हित्रस्थन नगती वना घाइटल भारत। ইহা কেবল ভারতবর্ষের নহে, সমগ্র পূর্ব্ব এশিয়ারই। কিন্তু রোমের মত বারাণদী কর্থনও দাগাজ্যলিপ্স হয় নাই অথবা পাথিব সম্পদের কথা দিস্তা করে নাই। ভারতীয় সংস্কৃতি সম্প্র ভারতে এমন ভাবে ছড়াইয়া পড়িয়াছিল যে, দেশের কোন বিশেষ অংশকে ঐ সংস্কৃতির হৃংপিণ্ড বলা যাইতে পারে না। क्याक्रमात्री इटेट्ड हिमानरात्र अमत्रनाथ ७ विद्यास, द्वातकः इटेट्ड भूती পর্যান্ত একই ভাবধারা প্রবাহিত-যদি কোন খানে ভাবধারাগুলির মধ্যে সজ্বাত হইত, তাহা হইলে সে কোলাহল অনতিবিলম্বে দেশের অতি দূরবত্তী অঞ্চল গুলিতেও পৌচিত।

ইতালী থেমন সমস্ত পশ্চিম ইউরোপকে ধর্ম ও সংস্কৃতি দান করিয়াছে, ভারতবর্গও পূর্ব এশিয়ায় তাহাই করিয়াছে। অবশ্য, চীনদেশ ভারতের মতই প্রাচীন ও শ্রেছেয়। এমন কি, যথন ইতালী রাষ্ট্রক্ষেত্রে ভূমিল্ঞিত, তথনও তাহার জীবন ধারা ইউরোপের নাড়ীতে নাড়ীতে প্রবাহিত হইনছে।

মেটার্ণিক বলিয়াছেন যে, ইতালী একটি 'ভৌগোলিক অভিব্যক্তি' এবং অনেক পরবর্ত্তী মেটার্ণিক ভারতবর্ষ সম্পর্কেও ঐ বাক্য ব্যবহার করিয়াছেন এবং আশ্চর্য্য যে, এই উভয় দেশের ভৌগোলিক অবস্থানের মধ্যেও সৌসাদৃশ্য বিভ্যমান। অধ্রিয়ার সহিত ইংলণ্ডের তুলনাও কম কৌতৃহলপ্রদ নহে। উনবিংশ শতাশীর অধ্রিয়ার মতই বিংশ শতাশীর

জতান্ত বাত্তব এবং অত্যন্ত শক্তিশালী। এমন কি, ভারতের মুল্লিম জগৎ পর্যন্ত শীকার করিয়া থাকেন যে, ইহার সংস্পর্শে আসিয়া তাঁহারাও গভীরভাবে প্রভাবান্তি হইয়াছেন।"— স্থার ফ্রেডরিক হোয়াইট, 'প্রাচ্য ও পাশ্চাত্যের ভবিষ্যৎ'।

#### ज्ञान (सर्क

ইংলণ্ডও গর্বিত, উদ্ধন্ত এবং প্রভূত্বপ্রবণ। কিন্তু যে শিকড় দিয়া সে শক্তি আহরণ করে, তাহা শুকাইয়া আদিতেছে এবং তাহার শক্তিশালী প্রতিষ্ঠানগুলিতে ক্ষয় রোগ প্রবেশ করিয়া ধীরে ধীরে উহা জীর্ণ করিতেছে।

কোন দেশের উপর দেবত্ব আরোপ করিবার প্রলোভন অনেকেই দমন করিতে পারেন না, আদিম চিস্তার এমনই প্রভাব। ভারতবর্ষ ভারতমাতা ইইয়াছেন—স্থলরী নারী, অতি প্রাচীনা, কিন্তু চিরযৌবনা; বিষপ্ত দৃষ্টি, ক্লিপ্ত মৃথ, বিদেশী ও শক্রর দ্বারা নিষ্ট্র ব্যবহারে বিপশ্প। ইইয়া সন্তানগণকে রক্ষা করিবার জন্ত আফুরান করিতেছেন। এই শ্রেণীর চিত্র শত সহস্র হৃদয়ে ভাবাবেগ জাগ্রত করে এবং তাহাদিগকে আত্মতাগ ও কার্যা করিতে প্রেরণা দেয়। কিন্তু ভারতবর্ষ প্রধানতঃ কৃষক ও শ্রমিকের দেশ,—দেখিতে স্থলর নহে; কেন না, দারিশ্রের মধ্যে কোন সৌন্দর্যা নাই। আমাদের কল্লিত এই স্থলরী নারী কি উলঙ্গদেহ, বক্রমেক্রদণ্ড কারথানা ও ক্রমিক্তেরে শ্রমিকদের প্রতিছ্কি? অথবা ইহা সেই মৃষ্টিমেয় শ্রেণীর—যাহারা শ্ররণাতীত কাল হইতে জনসাধারণকে পদদলিত করিয়া শোষণ করিয়াছে, তাহাদের উপর নিষ্ট্র প্রথা নিয়ম্ম চালাইয়াছে, এমন কি, বহু সংখ্যককে একেবারে অম্পৃশ্র করিয়া কেলিয়াছে? আমরা কল্পনার মৃত্তি গড়িয়া সত্যকে আবৃত্ত করিতে চাই, বান্তবকে এড়াইবার জন্ত স্পরাক্রা বিচরণ করি।

বিভিন্ন শ্রেণীগত পার্থক্য এবং তাহাদের পরম্পরের বিভেদ সত্ত্বেপ্ত ভারতবর্ষে সকলের মধ্যে এক সাধারণ একাস্ত্র রহিয়াছে, ইহার অফুরস্ত প্রাণ শক্তি, অধ্যবসায়, দৃঢ়তা ও সহিষ্কৃতা দেখিলে আশ্চর্য্য ইইতে হয়। এই শক্তি কিসের? ইহা কেবল মাত্র নিজিয় শক্তির তামসিক জড়বের ভার অথবা এতিহ্ব নহে। অবশ্য যথাস্থানে ঐ গুলিও মহান। ইহার মধ্যে এক সংরক্ষণমূলক ক্রিয়াশীল নীতি রহিয়াছে। কেন না, ইহা অতি শক্তিশালী বাহিরের প্রভাবকে সাফল্যের সহিত প্রতিরোধ করিয়াছে এবং ভিতর হইতে উষ্কৃত বিক্লন্ধ শক্তিকেও গ্রাস করিয়াছে। কিন্তু তথাপি এত শক্তি লইয়াও ইহা রাজনৈতিক স্বাধীনতারক্ষা করিতে পারে নাই অথবা রাজনৈতিক ঐক্য স্থাপনে চেন্তা করিতে পারে নাই। এই বিষয়টিকে যথোচিত গুরুত্ব দেওয়া হয় নাই, অত্যন্ত নির্ম্বোধের মত ইহাকে অবজ্ঞা করা হইয়াছে এবং আমরা ইহার ফলভোগ করিতেছি। ইতিহাসের মধ্য দিয়া প্রাচীন ভারতের আদর্শের প্রতি দৃষ্টিপাত করিলে দেখা যায়ৣ৽ ইহা কথনও রাজনৈতিক অথবা

## ব্রিটিশ শাসনের বিবরণ

সামরিক জয়কে গৌরব প্রদান করে নাই, ইহা অর্থ এবং অর্থ-উপার্জন-কারী শ্রেণীগুলিকে ঘুণার চক্ষেই দেথিয়াছে। সন্মান ও ঐশ্ব্য একত্ত থাকিতে পারে না। অস্ততঃ মতবাদের দিক হইতেও দেব্যক্তি ধংসামান্ত অর্থ লইয়া সমাজের সেবা করিত, সমান তাহারই প্রাপ্য ছিল।

বহু ঝড়-ঝাপটার আঘাতে বিপ্রয়ন্ত হুইয়াও প্রাচীন সংস্কৃতি কোন মতে বাঁচিয়া আছে; কিন্তু ইহাব বাহিরের আকারই রহিয়াছে, ভিতরের বস্তু আর নাই। বর্ত্তমান ভারত এক অভিনব শক্তিমান প্রতিপক্ষ-ধনতন্ত্রী পাশ্চাত্যের বণিক সভ্যতার সহিত নিঃশন্দে এবং জীবন-মর্ণ তুচ্ছ করিয়া সংগ্রামে প্রব্নত হইয়াছে। এই নৃতনের নিকট ইহার পরাজয় হইবে; কেন না, পাশ্চাত্যের হাতে বিজ্ঞান আছে এবং বিজ্ঞান লক্ষ লক্ষ ক্ষ্বিতকে অন্ন দিতে পারে। এই নৃশংস সভ্যতার প্রতিষেধকও পাশ্চাত্য आनिवारध—माञ्चलवारानव नौजि, महत्यात्रिज। এवः मकत्वत कन्गारानव জন্ম সমাজের দেবা। ইহা প্রাচীন ত্রান্ধণগণের সেবার আদর্শ হইতে বিশেষ ভিন্ন নহে। ইহার উদ্দেশ্য সকল শ্রেণী ও সম্প্রদায়কে ব্রাহ্মণ করিয়া তোল। ( অবশু, ধর্ম্মের দিক দিয়া নহে ) এবং সর্কবিধ শ্রেণীভেদ বিলুপ্ত করা; এমনও হইতে পারে, যখন ভারত তাহার জরাজীণ প্রাচীন বসন ত্যাগ করিয়া নববস্তু গ্রহণ করিবে, তথন উহা সে এমন ভাবে নির্মাণ করিয়া লাকে, যাহা বর্ত্তমান অবস্থার ও তাহার প্রাচীন চিন্তা উভয়েরই উপযোগাঁ হইবে। তাহার ভূমিতে সতেজে বর্দ্ধিত হইতে পারে, এমন ভাবেই সে উহা গ্রহণ করিবে।

**68** 

# ব্রিটিশ শাসনের বিবরণ

ভারতে ব্রিটিশ শাসনের সমষ্টিগত বিবরণ কি? এই স্থানীর্ঘ কাহিনী নিরপেক্ষ ও বাস্তব দৃষ্টিতে দেখা কোন ভারতীয় বা ইংরাজের পক্ষে সম্ভব কি না, আমার সন্দেহ আছে এবং এমন কি, যদি ইহা সম্ভবপরও হয়, তাহা হইলেও সমসাময়িক মনস্তব্ধ ও অক্যান্ত ব্যাপারের মাপকাঠিতে তাহা বিচার করা অধিকতর কঠিন। আমরা শুনিয়াছি যে, ব্রিটিশ শাসন "ভারতবর্ধকে এমন এক গভর্গমেন্ট্রু দিয়াছে, যাহার প্রভূষে এই বিশাল দেশের কোন অংশে কেহ কোন প্রান্ধী করে না। অভীতের কোন শতানীতেই

#### অওহরলাল নেহর

ভারতবর্ধের ইহা ছিল না।" \* ইহা আইন এবং ন্যায়পরায়ণ, কর্মক্ষম শাসনপ্রণালী প্রতিষ্ঠা করিয়াছে, ইহা ব্যক্তিস্বাধীনতা ও পাশ্চাত্যের পার্লামেন্টীয় গভর্ণমেন্টের ধারণা ভারতবর্ধকে দিয়াছে এবং "সমগ্র ব্রিটিশ ভারতকৈ এক রাষ্ট্রে পরিণত করিয়া ভারতীয়দের মধ্যে রাষ্ট্রীয় ঐক্যব্রোধ জাগ্রত করিয়াছে" ও এইরূপে জাতীয়তাবাদের প্রথম বিকাশের উদ্বোধন করিয়াছে। \* ইহাই ব্রিটিশ পক্ষের বলিবার কথা—ইহার মধ্যে অবশ্র অনেক সত্য আছে—যদিও বহুবর্ষ যাবং আইনের শাসন ও ব্যক্তিস্বাধীনতার অন্তিহ্ব নাই।

ভারতীয় দৃষ্টিতে এই বৃটিশ যুগের এমন অনেক ঘটনা প্রতিভাত হয়, যাহা হইতে বুঝা যায় যে, বিদেশী শাসনের ফলে আমাদের কি মানসিক, কি বাহ্নিক কত ক্ষতি হইয়াছে। উভয়ের বিচার প্রণালীর পার্থক্য এত বেশী যে, যে বিষয়ের প্রশংসায় বৃটিশ পঞ্চম্থ, ভারতীয়েরা তাহারই নিন্দা করিয়া থাকেন। যেমন, ডক্টর আনন্দ কুমারস্বামী লিখিয়াছেন, "ভারতে বৃটিশ শাসনের এক স্মরণীয় নিদর্শন এই যে, ইহা বাহ্নতঃ করুণার ১ম্র্ভি ধরিয়াই ভারতবাদীর সর্বাধিক ক্ষতি করিয়াছে।"

कार्याजः विभाव भावासीरा जातवार्य या भाविपर्वन इंदेशार्छ, তাহা প্রাচ্য ও পাশ্চাত্য সকল দেশেই অল্লাধিক ঘটিয়াছে। পশ্চিম ইউরোপে শিল্প-বাণিজ্যের উন্নতি এবং পরে সমগ্র জগতে উহার প্রদারের সহিত জাতীয়তা বোধ আদিয়াছে এবং দর্বত্র রাষ্ট্রগুলি সংহত ও শক্তিশালী হইয়াছে। বূটিশগণই প্রথম ভারতের দার পশ্চিমের দিকে খুলিয়া দিয়াছে এবং পাশ্চাতা শিল্প-বাণিজা ও বিজ্ঞানের বার্জা আনিয়াছে, এ গর্ম তাঁহারা করিতে পারেন 🎝 কিছ তৎসত্তেও ৰতদিন পারিপার্শিক ঘটনার চাপে পড়িয়া বাধা হন নাই, ততদিন পর্যান্ত তাঁহারা এই দেশের বাণিজ্যের উন্নতির কর্গ চাপিয়া ধরিয়াছিলেন। ভারতবর্ষে ইতিপূর্ব্বেই পূর্ব্ব এশিয়ার নিজম্ব সৃষ্টি সংস্কৃতির সৃহিত পশ্চিম এশিয়ার এদ্লামিক সংস্কৃতির মিলন ঘটিয়াছিল। তাহার পর আসিল অধিকতর শক্তিশালী স্তদ্র পাশ্চাত্যের নৃতন সভ্যতা এবং ভারতবর্ষ বহুত্র প্রাচীন ও নবীন আদর্শের মিলনকেন্দ্র সংগ্রামভূমি হইয়া উঠিল। এই তৃতীয় শক্তি জয়ী হইয়া ভারতের বহু প্রাচীন সমস্তা সমাধান করিত সন্দেহ নাই; কিন্তু যে বৃটিশ জাতি ইহা আনিলেন, তাঁহারাই ইহার উন্নতির পথ বন্ধ করিতে উন্নত হইলেন।

১৯৩৪ দালের করেও পার্লাদেন্টারী কমিটার রিপোর্ট হইতে উদ্ব তাংশগুলি গৃহীত।

# ত্রিটিশ শাসনের বিবরণ

তাঁহারা আমাদের শিল্প-বাণিজ্যের উন্নতি বন্ধ করিলেন—ইহাতে আমাদের রাজনৈতিক বিকাশের বিলম্ব ঘটিল এবং তাঁহারা এ দেশে বর্ত্তমান কালের অমুপ্যোগী সামস্ততান্ত্রিক ও অক্যান্ত যে সব প্রাচীন শ্বতি পাইলেন, তাহাই স্বয়ের বক্ষা করিতে লাগিলেন। সাইন ও প্রথা-নিয়ম তাঁহারা যে আলারে তথন পাইয়াছিলেন, তাহাই জমাট করিয়া আমাদের অগ্রগতি বন্ধ এবং ঐ শৃঙ্খলগুলি হইতে মুক্তি পাওয়া অতিশয় কঠিন করিয়া তুলিলেন। তাঁহাদের সদিছো ও সহায়ভৃতিতে ভারতে বুর্জ্জোয়া শ্রেণী গড়িয়া উঠে নাই। কিন্তু ভারতে রেলপ্থ প্রবন্তিত হওয়ায় ও অন্যান্ত শিল্প-বাণিজ্যের প্রবর্ত্তন হওয়ায় তাঁহারা পরিবর্ত্তনের চক্ররোধ করিতে পারেন নাই। তবে তাঁহারা নিজেদের স্বার্থ ও ফ্রিধার জন্ত উহাকে সংযত করিয়াছেন এবং উহার গতিও ধীর করিয়াছেন।

"এই দৃ ভিত্তির উপর ভারত গভর্ণমেন্টের মহান সৌধ স্থাপিত। এবং ইহা দুঢ়তার সহিত দানী করা যাইতে পারে যে, ১৮৫৮ সালের পর इटेरज यथन रें हे टेखिया काम्लानीत रुख रहेरज ममस व्यक्षिक ज्-शरखत উপর বটিশ মুকুটের আধিপত্য প্রতিষ্ঠিত হইল, তথন হইতে ভারত শিক্ষার দিক দিয়া এবং পার্থিব উন্নতির দিক দিয়া যাহা অর্জন করিয়াছে, তাহার স্থদীর্ঘ জটিল ইতিহাদের কোন মুগেই তাহা অর্জন করা তাহার ক্ষমতার অতীত ছিল।" \* এই বিনরণ স্বতঃসিদ্ধবৎ প্রতীয়মান হইলেও বস্ততঃ তাহা নহে; বরং বছবার বলা হইয়াছে যে, বুটিশ শাসনের পর হইতে শিক্ষার দিক দিয়া ভারত অবনত হইয়া পড়িয়াছে। এই বিবৃতি সম্পূর্ণরূপে সত্যও হইত, তাহা হইলেও উহা আধুনিক যন্ত্রযুগের সহিত অতীত যুগগুলির তুলনার চেষ্টা মাত্র। বিজ্ঞান ও কলকারথানার জ্ন্য বিগত শতান্দীতে জগতের প্রায় সকল দেশেই শিক্ষা ও সম্পদের বিশ্বয়কর উন্নতি ঘটিয়াছে এবং ইহাও নিশ্চিতরূপে বলা যাইতে পারে যে, কোনও দেশের ঐ শ্রেণীর উন্নতি "তাহার স্থদীর্ঘ জটিল ইতিহাসের কোন যুগেই অর্জন করা তাহার ক্ষমতার অতীত ছিল।"—যদিও দেই দেশের ইতিহাস ভারতীয় ইতিহাদের সহিত তুলনায় তত দীর্ঘ নাও হইতে পারে। এমন কি, বুটিশ শাসন ছাড়াও এই যন্ত্রযুগে ঐ শ্রেণীর কিছু উন্নতি লাভ করিতে আমরা সমর্থ হইতাম—এ কথা বলিলে কি তাহা আমাদের নির্বাদ্ধিতা ও বিক্লুত ক্ষতির পরিচায়ক হইবে? অন্যান্ত দেশের সহিত আমাদের ভাগ্যের তুলনা করিয়া দেখিলে, আমরা কি কল্পনা করিতে পারি না যে,

জয়েট পার্লামেণ্টারী কমিটার রিপোর্ট—>৯৩৪।

#### জওহরলাল নেহর

উন্নতি আরও অধিকতর হইতে পারিত? কেন না, আমাদিগকে ব্রিটিশগণ কর্ত্ব ঐ উন্নতির গতিরোধ চেষ্টার সহিত বিরোধিতা করিয়াই অগ্রসর হইতে হইতেছে। রেলওয়ে, টেলিগ্রাফ, টেলিফোন, বেতার প্রভৃতি নিশ্চয়ই বৃটিশ শাসনের সদিচ্ছা ও উপকারের নিদর্শন নহে। এইগুলির প্রয়োজন আছে; কিন্তু যেহেতু ঘটনাক্রমে ব্রিটিশের মারফৎই এইগুলি প্রথম আসিয়াছে, সেইজন্ম আমাদের তাঁহাদিগের নিকট ক্বতজ্ঞ হওয়া উচিত। কিন্তু তথাপি, ভারতে যন্ত্রশক্তির প্রথম প্রবর্তনের মুখ্য উদ্দেশ্য ছিল বৃটিশ শাসনকে দৃঢ়তর করা। ঐ সকল শিরা-উপশিরার মধ্য দিয়া জাতির রক্ত প্রবাহিত হইবে, তাহার বাণিজ্য বাড়িবে, কাঁচা মাল রপ্তানি হইবে এবং লক্ষ লক্ষ মানব নৃতন জীবন ও এখগ্য লাভ করিবে। হয় ত দীর্ঘকাল পরে এইরূপ কিছু সম্ভবপর হইবে; কিন্তু বর্ত্তমানে ইহা সম্পূর্ণ স্বতন্ত্র উদ্দেশ্যে পরিকল্পিত ও প্রযুক্ত হইয়াছে—সাম্রাজ্যের বন্ধন দৃঢ় করা এবং ব্রিটশ পণ্য দিয়া ভারতের বাজার দখল করা—এবং তাঁহারা সফলকাম হইয়াছেন। আমি কল-কারখানা ঔ আধুনিক যানবাহনের পক্ষপাতী; কিন্তু সময় সময় জীবনপ্রদ রেলগাড়ীতে আমি ষখন ভ্রমণ করি, তথন ছুইদিকে বিশাল প্রান্তর মধ্যবর্তী রেলপথ দেখিয়া মনে হয়, উহা যেন ভারতবর্ষকে শুঝলাবদ্ধ বন্দী করিয়া রাখিয়াছে।

ভারত শাসন সম্পর্কে ব্রিটিশ ধারণা পুলিশ শাসিত রাষ্ট্রের অফুরূপ। গভর্ণমেন্টের কাজ হইল রাষ্ট্রকে রক্ষা করা; অন্তান্ত কাজ অপরের উপর অর্পিত। সাধারণ রাজস্ব তাঁহারা সমরবিভাগ, পুলিশ, শাসনবিভাগ, ঋণের স্থদে ব্যয় করেন। জনসাধারণের অর্থনৈতিক প্রয়োজন লক্ষ্য করা হয় না এবং ব্রিটিশ স্বার্থের নকট তাহা বলি দেওয়া হয়। অতি ক্ষন্ত মৃষ্টিমেয় ব্যক্তি ব্যতীত, জনসাধারণের শিক্ষা ও সংস্কৃতিগত প্রয়োজন উপেক্ষা করা হয়। সাধারণ রাজস্ব সম্পর্কে প্রাচীন ধারণার পরিবর্তনের সহিত, অবৈতনিক সার্বজনীন শিক্ষাপদ্ধতি, স্বাস্থ্যোন্নতি, দরিদ্র, উন্মাদ, प्र्यमिष्ठि वाक्तिएमत जत्रनारभाष्य, अधिकएमत त्रांग, त्रक्षवयम ও विकादित জন্ম বীমার ব্যবস্থা ইত্যাদি অন্থান্ম দেশে প্রবর্ত্তিত হইয়াছে; কিন্তু এথানে গভর্ণমেন্টের তাহা ধারণারও বাহিরে। এই সকল ব্যয়বহুল কার্য্যে বিলাসিতা क्रिवात हेरात मक्ति नारे। हेरात छा। आनारात পদ্ধতি निमाणिम्थी, অর্থাৎ যাহার আয় যত কম তাহাকে অধিকতর উপার্জন অপেক্ষা হারাহারি স্ত্রে বেশী ট্যাক্স দিতে হয়। এবং ইহার দেশরক্ষা ও শাসনবিভাগের খরচ এত অধিক যে, রাজম্বের অধিকাংশই ইহাতে নিংশেষিত হইয়া योग्न ।

### ত্রিটিশ শাসনের বিবরণ

ব্রিটিশ শাসনের প্রধান বৈশিষ্ট্য এই যে, তাঁহারা দেশের উপর রাজনৈতিক ও অর্থনৈতিক অধিকারকে দৃঢ়-প্রতিষ্ঠ করিবার জন্ম তাঁহাদের সমস্ত শক্তি ঐ সকল কেন্দ্রে সংহত করেন। বাদ বাকী আর যাহা কিছু, উপলক্ষ মাত্র। যদি তাঁহারা শক্তিশালী কেন্দ্রীয় গভর্গমেণ্ট এবং কর্মকুশল পুলিশ-বাহিনী গঠিত করিয়া থাকেন, তবে সে সাফল্যের জন্ম তাঁহারা নিশ্চরই গর্কবোধ করিতে পারেন। ফিন্তু তাহাতে ভারতবাদীর নিজেকে ধন্ম মনে করিবার কোনই কারণ নাই। ঐক্য খুব ভাল কথা—কিন্তু দাসত্বের ঐক্য লইয়া গর্ক করা চলে না। যে কোন স্বেচ্ছাচারী গভর্গমেণ্টের শক্তিজনসাধারণের নিকট তুর্কহ ভারে পরিণত হইতে পারে। পুলিশবাহিনী নানাদিকে প্রয়োজনীয় দন্দেহ নাই, কিন্তু উহা যে জনসাধারণের রক্ষক বলিয়া কথিত হয়, তাহাদের বিক্লছেই প্রয়োগ করা ঘাইতে পারে এবং প্রায়শং তাহা করাও হইয়াছে। প্রাচীন গ্রীকদের সহিত আধুনিক সভ্যতার তুলনা করিতে গিয়া বারটাও রাসেল লিথিয়াছেন, "আমাদের সহিত তুলনায় গ্রীক সভ্যতা কেবলমাত্র এই দিক দিয়া উন্নত ছিল যে, তাহাদের কর্মকুশল পুলিশবাহিনী ছিল না, ফলে বহু ভদ্রব্যক্তি রক্ষা পাইতেন।"

ব্রিটিশ প্রাধান্ত ভারতবর্ষে শান্তি আনিয়াছে। মোগল সাম্রাজ্যের পতনের পর ভারতবর্ষ যে হুর্ভাগ্য ও বিপদের মধ্যে পড়িয়াছিল, তাহাতে ভারতবর্ষ নিশ্চয়ই শান্তি কামনা করিয়াছিল। শান্তি বহুমূল্য সম্পদ; উন্নতির জন্ত ইহা আবশ্যক। আমরা ইহাকে বরণ করিয়া লইয়াছিলাম। কিন্তু শান্তির জন্ম অত্যধিক মূল্য দিতে হইতে পারে। আমরা শাশানের শান্তিও পাইতে পারি। পিঞ্কর অথবা কারাগাবের নিরাপদ জীবনও লাভ করিতে পারি। অথবা শান্তি আত্মোন্নতি দাধনে অক্ষম মানবের নিত্তেজ নৈরাশ্রও হইতে পারে। বিদেশী বিজেতা বলপূর্বক যে শাস্তি স্থাপন করে, তাহার মধ্যে প্রকৃত শান্তির বিশ্রাম ও আরামের অবকাশ নাই। যুদ্ধ ভয়ত্বর বস্তু; উহা নিবারণ করাই উচিত। কিন্তু মনস্তাত্মিক উইলিয়ম জেম্সের মতে, উহাতে চরিত্রের বিবিধ সদগুণের বিকাশ হয়—বিশ্বস্ততা, সজ্মণক্তি, ष्परावनाय, वीत्रय, विरवक, निका, উদ্ভাবনী শক্তি, वाय-मरकाठ, नातीतिक স্বাস্থ্য এবং বীর্যা। এই সকল কারণে জেমস যুদ্ধের অনুরূপ একটা কিছু **অম্বে**ষণ করিয়াছিলেন—যাহাতে যুদ্ধের ভয়াবহ কিছু থাকিবে না, অথচ এই সকল উদ্দীপ্ত করিবে। সম্ভবতঃ যদি তিনি অসহযোগ ও নিরুপদ্রব প্রতিরোধের নীতি অবগত হইতেন, তাহা হইলে হয়ত স্বীয় মনোমত বস্তু খুঁজিয়া পাইতেন—যাহা যুদ্ধের সমতুল্য, অথচ নৈতিক ও শান্তিপূর্ণ।

हेिल्हारम 'यिन' ७ मुखावना लहेगा विठात कता निकल। **आगात** 

#### জওহরলাল নেহক

মতে ভারতবর্ধ যে বৈজ্ঞানিক যন্ত্রশিল্পে উন্নত পাশ্চাত্যের সংস্পর্শে আসিয়াছে, তাহার ফল ভালই হইয়াছে। বিজ্ঞান পাশ্চাত্য জগতের এক মহং দান। ভারতে ইহা ছিল না এবং ইহার অভাবে সে ক্রমশঃ অধঃপতিত হইতেছিল। কিন্তু আমাদের যোগাযোগের ভন্নীটা অত্যন্ত ত্র্ভাগ্যের এবং তথাপি সম্ভবতঃ পুনঃ পুনঃ প্রচণ্ড আঘাত ব্যতীত আমাদের মোহনিদ্রা ভান্নিত না। এই দিক দিয়া বিচার করিলে প্রটেষ্ট্রাণ্ট, ব্যক্তি-স্বাতন্ত্র্যাবাদী, এংলো-সাক্সন ইংরাজেরাই অধিকতর উপযোগী। কেন না, অন্তান্থ পাশ্চাত্য দেশবাসী অপেক্ষা আমাদের সহিত তাহাদের পার্থক্য অনেক অধিক এবং আমাদের অধিকতর আঘাত করিতে সক্ষম।

তাহারা আমাদিগকে রাজনৈতিক ঐক্য দিয়াছে—উহা আকাজ্ফার বস্তু, সন্দেহ নাই। কিন্তু আমাদের ঐক্য থাকুক আর নাই থাকুক, ভারতীয় জাতীয়তা পরিপৃষ্ট হইয়া ঐক্যের দাবী করিতই। আরব জাতি বিভক্ত হইয়া বহুসংখ্যক স্বতম্ব রাষ্ট্রে পরিণত হইয়াছে—স্বাধীন, রক্ষিত, মাাণ্ডেটের অধীন প্রভৃতি—কিন্তু তাহাদের প্রত্যেকের মধ্যে আরবের ঐক্যের আকাজ্ফা প্রবাহিত। যদি পাশ্চাত্য সাম্রাজ্যবাদী শক্তিরা পথ অবরোধ না করিতেন, তাহা হইলে আরব জাতীয়তা বহুল পরিমাণে সাফল্য অর্জন করিতে পারিত, নিঃসন্দেহ। কিন্তু ভারতের মতই এই সকল শক্তিই বিচ্ছেদমূলক ভাবগুলিকে উদ্ধাইয়া তুলেন, সংখ্যাল্ঘিষ্ঠ সম্প্রদায়ের সমস্যা স্থাষ্ট করেন—যাহা জাতীয়তার প্রেরণাকে তুর্বল এবং অংশতঃ প্রতিরোধ করে এবং সাম্রাজ্যবাদী শক্তিগুলিকে নিরপেক্ষ বিচারকের মূর্ত্তিতে অবস্থান করিবার ছলনাও থোগায়।

সাম্রাজ্যের অগ্রগতির মুথে উপলক্ষ্য হিসাবে ঘটনাচক্রে ভারতে রাজনৈতিক একা স্থাপিত হইয়াছে। পরবর্ত্তীকালে আমরা দেথিয়াছি, যথন এই একা জাতীয়তার সহিত যুক্ত হইয়া পর-শাসনের বিরুদ্ধে প্রশ্ন উত্থাপন করিয়াছে, তথনই অনৈকা ও সাম্প্রদায়িকতাকে ইচ্ছা করিয়া উৎসাহ দেওয়া হইয়াছে,—যাহা আমাদের ভবিষাৎ উন্নতির পথে প্রবল বাধা।

বিটিশ এদেশে আদিয়াছে, কত দীর্ঘকালের কথা, পৌনে ছই শতাব্দী ধরিয়া তাহারা আধিপত্য করিতেছে! স্বেক্সাচারী গভর্নমেন্টের মতই তাহাদের কর্ত্ত্ব ছিল অবাধ, তাহাদের ইচ্ছামতই ভারতবর্ষকে গড়িয়া তুলিবার স্বযোগ ছিল প্রচুর। এই কালের মধ্যে জগতে কত বিচিত্র পরিবর্ত্তন হইয়াছে—প্রাচীনের কোন চিহ্নই নাই—ইংলণ্ডে, ইউরোপে, আমেরিকায়, জাপানে। অষ্টাদশ শতাব্দীর আটলান্টিক তীরবর্ত্তী অতি নগণ্য

## ত্রিটিশ শাসনের বিবরণ

আমেরিকান উপনিবেশগুলি আজ সর্বাধিক ঐশ্বর্যাশালী, অধিক ক্ষমতাশালী এবং কলকজার দিক দিয়া অতিমাত্রায় অগ্রসর জাতিতে পরিণত হইয়াছে। অতি অল্প সময়ের মধ্যে জাপানের কি বিশায়কর পরিবর্ত্তন হইয়াছে। অল্পদিন পূর্ব্বেও কশিয়ার যে বিশাল ভৃথগু—জার গভর্ণমেণ্টের স্থুল হস্তে পীড়িত হইয়া অবক্ষম-গতি ছিল, আজ সেগানে নব জীবনের স্পল্ন এবং আমাদের চক্ষর সম্মুথেই নৃতন জগং গড়িয়া উঠিতেছে। ভারতেও বৃহৎ পরিবর্ত্তন হইয়াছে। অষ্টাদশ শতাকী হইতে বর্ত্তনানে পার্থক্য কত বেশী—বেলওয়ে, সেচ ব্যবস্থা, কারথানা, স্কুল ও কলেজ, বিশাল সর্কারী দপ্তর্থানা প্রভৃতি।

কিন্তু এই পরিবর্ত্তন সত্ত্বেও অগুকার ভারত কিরূপ ? দাসবৎ পরপদলেহী রাষ্ট্র, ইহার অপূর্ব্ব শক্তি পিঞ্জরাবদ্ধ; সহজভাবে নিঃশ্বাস লইতেও ভীত, দ্রদেশাগ্ত অপরিচিত বিদেশী কর্ত্তক শাসিত; জনসাধারণের দারিদ্যের जुनना नार्ट ; की नजीवी, व्याधि ও মড়কের হস্ত হইতে আতারক্ষায় অক্ষম, নিরক্ষরতায় দেশপূর্ণ, বিস্তীর্ণ অঞ্চলে স্বাস্থ্যরক্ষা বা চিকিৎসার কোন ব্যবস্থা नारे, मधाटली ७ जनमाधात्रावत माधा जूनाकार विशान विकास ममणा। আমরা শুনিয়াছি, স্বাধীনতা, গণতন্ত্র, সমাজতন্ত্র, ক্ম্যানিজন প্রভৃতি, কর্মকৌশলহান আদর্শবাদীর বাঁধাবুলি, ইহারা তত্ত্বোপদেশক ও প্রতারক, সমগ্র জনসাধারণের কল্যাণ্ট হটল আদল পরীক্ষা। অবশ্য উহাই পরীক্ষার সর্বোত্তম মাপকাঠি, কিন্তু ইহা দারা পরিনাপ করিলে বর্তমান ভারত কত হীন, কত দরিদ্র। অন্যান্ত দেশে হুর্গতিমোচন ও বেকার সমস্তা দূর করিবার জন্ম কত বড় বড় পরিকল্পনার কথা আমরা পাঠ করি, কিন্তু আমাদের দেশের লক্ষ লক্ষ বেকার ও চিরস্থায়ী দেশব্যাপী ত্বংথদৈন্তের কি প্রতিকার হইয়াছে ? অ্যান্ত দেশে দরিজ্রদের গৃহনিশ্মাণের পরিকল্পনার বিষয় পাঠ করি; কিন্তু আমাদের দেশের লক্ষকোটী নরনারীর গৃহ বলিতে কি আছে? কতকগুলি মাটির থোঁয়াড অথবা বৃক্ষতল। আমরা যেগানে ছিলাম; সেইগানেই আছি, অথবা শম্বকের মত মম্বরগতিতে অগ্রসর হইতেছি: অথচ অন্তান্ত দেশ শিক্ষা, স্বাস্থ্য, চিকিৎসার ব্যবস্থা, শিক্ষা সংস্কৃতির স্থবিধা, পণ্য উৎপাদন সকল দিকে ক্রত অগ্রসর হইতেছে; ইহা দেখিয়। কি ঈর্ধা হয় না ? কুশিয়া মাত্র বার বংসরের মধ্যে তাহার বিশাল রাজ্য হইতে নিরক্ষরতাকে নির্কাসিত করিয়াছে; জনসাধারণের জীবনের সহিত সামঞ্জস্ময় এক অপূর্ব্ব অভিনব শিক্ষা ব্যবস্থার প্রবর্ত্তন করিয়াছে। অন্যসর তুরস্কও আতাতুর্ক কামালের নেতৃত্বে শিক্ষাপ্রচারের দিকে ক্রত অগ্রসর হইতেক্রে। ফাসিস্ত ইতালী স্চনা হইতেই বিপুল বলে নিরক্ষরতাকে আক্রমণ কল্মিছে। শিক্ষামন্ত্রী জেনটাইল জাতিকে ছাকিয়া বলিয়াছেন, "সমুখ যুদ্ধে অশিক্ষাকে আক্রমণ কর। এই

#### ज ওহরকাল নেহর

দ্বিত ক্ষত আমাদের জাতিদেহকে তুর্বল করিতেছে, তপ্ত লৌহ ঘারা উহার উচ্ছেদ কর।" বৈঠকী আলোচনার পক্ষে অত্যন্ত অশোভনীয় ভাষা, কিছ এই চিস্তার পশ্চাতে রহিয়াছে, দৃঢ়বিখাদ এবং বলিষ্ঠ সম্বন্ধ। আমরা এক্ষেত্রে অতি ভদ্র এবং ঘুরাইয়া ফিরাইয়া কথা বলি। আমাদের কর্ত্তারা অত্যন্ত অবসমভাবে অগ্রসম্ব হন এবং ক্মিশন ও ক্মিটিতে শক্তিক্ষয় করেন।

কথা বেশী বলে, কাজ করে কম, ভারতবাসীর এ বদ্নাম আছে। এ অভিবোগ সতা। কিন্তু আমরাও দেখিয়া অবাক হই যে কমিটি ও কমিশন করিবার ক্ষমতা ব্রিটিশের কত অফুরান, কত পরিশ্রমের পর জ্ঞানগর্ভ রিপোর্ট রচিত হয়—"অতি মূলাবান সরকারী দলিল"—যথাবিহিত প্রশংসাবাদের পর, তাহাও কি দপ্তরখানার কুলুঙ্গীতে প্রস্থপ্ত থাকে না? এই ভাবে আমরা অগ্রসর হইতেহি, উন্নতি লাভ করিতেছি ভাবিয়া পুলক অত্বত্তব করি, অথচ যেথানে ছিলাম, সেইথানে থাকার স্থবিধাও পাই। আমাদের আত্মমগ্যাদা বোধ তৃপ্ত হয়, কায়েমী স্বার্থ নিরাপদ থাকে। অক্যান্ত দেশ চিস্তা করে, আমরা কেমন করিয়া অগ্রসর হইব, আর আমরা চিন্তা করি, অগ্রগতি যাহাতে ক্রত না হয়, সেজ্য বাধন ক্ষণ ও রক্ষাক্বচ আবশ্যক। জয়েণ্ট পার্লামেণ্টারী কমিটি বলিয়াছেন, মোগল মামলে "সামাজ্যের জাকজমকই জনদাধারণের দারিদ্যের পরিমাপক হইয়া পড়িয়াছিল।" এই অভিমত সতা। চিন্তায় আমরা আজিও কি ঐ মাপকাঠি প্রয়োগ করিতে পারি না? নয়াদিল্লীর অভকার বড়লাটের জাকজমক শোভাষাত্রা এবং প্রাদেশিক গভর্ণমেন্টগণের আড়ম্বর ও স্মারোহ কি : এ সকলের পশ্চাতে রহিয়াছে অতি দীন ভয়াবহ দারিদা। ইহার বিক্লম্ভার চিত্ত মাহত হয়। স্থান মানুষ ইহা কেমন করিয়া সহু করেন, বুঝিয়া উঠা কঠিন। সন্মুপে সামাজ্যের ঐথর্যোর ঔজ্ঞল্যের পশ্চাতে অগুকার ভারতবর্ধ দরিদ্র ও নিরানন। বাহিরে অনেকথানি চুণকাম ও বাহ্ন চাক্চিক্যের প্রাতে বর্ত্তমান অবস্থায় ছুর্ভাগা নিয়ত্ব বুর্জোয়া শ্রেণী দলিত হইতেছে। তাহার পশ্চাতে শ্রমিক শ্রেণী দারিদ্রাপিষ্ট হইয়া তুঃপময় জীবন্যাত্রা নির্ব্বাহ করিতেছে। তারপর আছে ভারতবর্ষের প্রতীকরূপী রুষক সম্প্রদায়—যাহাদের ভাগ্যে দুঃখ নিশা আর প্রভাত হয় না।

"শতাকীচয়ের ত্র্বহ ভাবে সে বক্র-মেরুদণ্ড হইয়া নিড়ানি হত্তে ভূমি নিবদ্ধ দৃষ্টি, তাহার মৃথে যুগ যুগান্তরের শ্রতা, তাহার পৃষ্ঠে জগতের ত্র্বহ ভার।"…

"এই ভয়বিহ দৃশ্যের মার্ক্সে যুগা যুগাস্তের তুংখের প্রতিচ্ছবি। সেই বেদনাতুর আনমিত মৃত্তির মধ্যে কালের বিয়োগাস্তক দৃশা। এই ভয়াবহ

### ত্রিটিশ শাসনের বিবরণ

মূর্ত্তির মধ্য দিয়া কৃতন্মতায় আহত, লুঞ্চিত, কল্ষিত এবং অধিকার বাদিত মুম্মুত্ত আর্ত্ত ক্রন্দনে, যে শক্তিসমূহ জগং সৃষ্টি করিয়াছে, তাহার প্রতিবাদ ক্রিতেছে—ইহা প্রতিবাদও বটে, ভবিশ্বদাণীও বটে '\*

ভারতের সর্ববিধ ফুর্ভাগ্যের জ্বন্য ব্রিটিশকে দোষী করা রুথা। দায়িত্ব আমাদিগকেও বহন করিতে হইবে—আমাদের দক্ষ্চিত হওয়া উচিত নয়, আমাদের নিজস্ব দৌর্বলাের অনিবার্যা পরিণামের জন্ত অপরকে দোষী সাব্যস্ত করা অশোভনীয়। প্রভুত্বপ্রবণ পদ্ধতির গভর্ণমেন্ট বিশেষতঃ যাহা বৈদেশিক, তাহা নিশ্মেই দাস মনোভাব বৃদ্ধির উৎসাহ দেয় এবং জনসাধারণের মানসিক দৃষ্টির সীমা সঙ্গুচিত করিতে চেষ্টা করে। ইহা যুবকদের মধ্যে যাহ। কিছু স্থন্দর ও মহান পিষিয়া কেলে— হুঃসাহসিক উত্তম, তুর্লভের সন্ধানের আগ্রহ, মৌলিকতা ও তেজস্বিতা বিনষ্ট করিতে চায়; এবং ভীক্ন কাপুরুষতা, কঠোর নিয়মান্থবভিডা, খোদামোদ করিয়া প্রভুর মনোরঞ্জনের চেষ্টা প্রভৃতিতে উৎসাহ দেয়। এই প্রকার শাসন-পদ্ধতি কথনও প্রকৃত সেবার মনোবৃত্তি উদ্বোধিত করিতে পারে না; জনদেবা বা আদর্শের প্রতি শ্রদ্ধা জাগাইতে পারে না। ইহা এমন দ্ব লোক বাছিয়া লয়, যাহাদের মধ্যে পরার্থপর তেজ বীর্য্য নাই, যাহাদের একমাত্র উদ্দেশ্য, জীবন্যাত্রা নির্ব্বাহ করা। ভারতে কোন্ শ্রেণীর লোককে ব্রিটিশ তাঁহাদের দলে টানিয়া লন, আমরা নিতাই দেখিতে পাই। ইহাদের মধ্যে কেহ কেহ বুদ্ধিমান এবং ভাল কাজ করিতে সক্ষম। অন্তব্র স্থযোগ স্থবিধার অভাবে ইহাবা সরকারী বা আধা-সরকারী চাকুরী গ্রহণ করে এবং ক্রমশঃ নিস্তেজ হইয়া বৃহং যন্ত্রের অংশরূপে পরিণত হয় ? বৈচিত্র্যহীন বাঁধা ধরা দৈনন্দিন কর্মের মধ্যে তাহাদের মন বন্দী হইয়া পড়ে। "কেরাণীগিরির উপযোগী জ্ঞান এবং আফিস চালাইবার কুটনীতি" রূপ আমলাতান্ত্রিক গুণাবলী ভাহার। আয়ত্ত করিয়া লয়। বড়জোর জনসাধারণের কার্য্যে তাহাদের এক নিক্সিয় নিষ্ঠা দেখা যায়। জলস্ত উৎসাহ সেথানে নাই, হইতেও পারে না-বিদেশী গভর্ণমেন্টের অধীনে তাহা সম্ভবও নহে।

ইহা ছাড়া, ক্ষুদ্র কর্মচারীদের অধিকাংশই মোটেই প্রশংসার যোগ্য নহে। তাহারা কেবল শিথিয়াছে, উপরওয়ালাদের হীনভাবে তোষামোদ করিতে এবং তাহাদের নিম্নপদস্থদের প্রতি ভীতি প্রদর্শনমূলক তর্জন গর্জন

আমেরিকান কবি ই, মার্থামের "দি মান ইটিখ দি হো" নামক কবিতা

ইইতে উদ্ভ।

#### ज अर्जनान (मर्क

করিতে। অপরাধ অবশ্য তাহাদের নহে। প্রচলিত ব্যবস্থার মধ্যেই তাহার। এই শিক্ষা পায়। এবং এই অবস্থায় যে তোষামোদী ও পক্ষপাতিত্ব প্রবল হইবে, যেমন হইয়া থাকে, তাহা কি থুব বেশী আশ্চর্যোর? তাহাদের চাকুরীর কোন আদর্শ নাই, বেকার হইবার ভয় এবং তাহার ফল স্বরূপ উপবাস বিভীষিকার মত তাহাদের মনে জাগিয়া থাকে এবং তাহাদের জীবনের প্রধান লক্ষ্য, সর্বপ্রথত্বে চাকুরীতে লাগিয়া থাকা এবং আত্মীয় ও বন্ধুগণের জন্ম অন্য চাকুরী সংগ্রহ করিয়া দেওয়া। যাহাদের পশ্চাতে গোয়েন্দা এবং অতি ঘুণাজীবী গুপুচের অহরহং ঘুরিয়া বেড়াইতেছে, সেথানে লোকের মধ্যে বাঞ্নীয় সদ্গুণের বিকাশ সহজ নয়।

আধুনিক ঘটনাবলীর পরিণতির ফলে হৃদয়বান পরার্থপর ব্যক্তিদের পক্ষে গভর্ণমেন্টের চাকুরীতে যোগদান করা অধিকতর কঠিন হইয়া উঠিয়াছে। গভর্ণমেন্টেও তাঁহাদিগকে চাহেন না এবং তাঁহারাও অর্থনৈতিক কারণে বাধ্য না হইলে গভর্ণমেন্টের ঘনিষ্ঠ সংস্পর্শে যাইতে ইচ্ছা করেন না।

কিন্তু সমস্ত জগৎ জানে যে, বাদামী রঙের লোকেরা নহে, শ্বেতাঙ্গ লোকেরাই সামাজ্যের ভার বহন করিতেছেন। আমাদের দেশে সামাজ্যের পারম্পর্য্য রক্ষা করিবার জন্ম বহুতর ইন্পিরিয়াল সাভিস আছে। তাহাদের বৈশেষ স্থবিধা রক্ষার জন্ম প্রয়োজন মত রক্ষাকবচের ব্যবস্থাও আছে এবং কথিত হয়, এই সকলই নাকি ভারতের স্বার্থের জন্ম। এই সকল চাকুরীর উন্নতি ও স্বার্থের সহিত ভারতের কল্যাণও যেন এক প্রে প্রথিত। ভারতীয় 'সিভিল সার্ভিস'-এর কোন স্থবিধা অথবা প্রস্কার স্বরূপ কোন পদ যদি না দেওয়া হয়, তাহা হইলে আমরা শুনি যে, তাহার ফলে অযোগ্যতা ও হুর্নীতি বৃদ্ধি পাইবে। ভারতীয় 'মেডিক্যাল সার্ভিস'-এর স্বর্গন্ধিত চাকুরীগুলির সংখ্যা যদি কমান হয়, তবে নাকি তাহা "ভারতের স্বাস্থোর পক্ষে বিপজ্জনক"। যদি সৈত্য বিভাগে বিটিশ কর্মচারী কমাইবার কথা উঠে, তাহা হইলে আমরা যে সর্ব্ববিধ ভয়্য়র বিপদের সন্মুখীন হইব, ইহা থলাই বাছ্ল্য।

যদি উচ্চকর্মচারীরা সহসা চলিয়া যান, এবং তাহাদের বিভাগগুলির ভাগ নিমপদস্থ কর্মচারীদের হৈন্তে অপিত হয়, তাহা হইলে যোগ্যতা ও কুশলতার অপহৃব ঘটিবে; আমার মতে এই কথার মধ্যে কিছু সত্য আছে। কিন্তু সমস্ত পদ্ধতি বিশ্বিমনভাবে গঠন করা হইয়াছে যে, অধীনস্থ কর্মচারীরা কোনরপেই সর্কোৎকৃষ্ট ব্যক্তি, নহেন অথবা তাহাদিগকে

### ব্রিটিশ শাসনের বিবরণ

দায়িত্ব বহন করিবার কোন শিক্ষাও দেওয়া হয় নাই। আমার দৃঢ় বিশ্বাস যে, ভারতে উপযুক্ত ব্যক্তির অভাব নাই এবং যথাযোগ্য উপায় অবলম্বন করিলে অক্লাদিনের মধ্যেই :তাহা পাওয়া যাইতে পারে। কিন্তু ইহার অর্থ, আমাদের অর্থনৈতিক ও সামাজিক দৃষ্টিভঙ্গীর আমূল পরিবর্তন অর্থাং এক নৃতন রাষ্ট্রতাই। এই অবস্থার মধ্যে আমরা শুনিয়াছি যে, নিয়মতান্ত্রিক যন্ত্রের যে কোন পরিবর্ত্তনই হউক না কৈন, আমাদের হর্ত্তাকর্ত্তা-বিধাতা স্বরূপ বড় বড় বিভাগীয় চাকুরীগুলির কাঠামো পূর্ব্বের মতই থাকিবে। গভর্গমেন্টের পবিত্র রহস্তের একমাত্র নিগ্রু বেতা ও শিক্ষা-দাতারূপে তাহারা সরকারী মন্দির পাহারা দিবেন এবং ইতর সাধারণকে সেই পবিত্র প্রান্ধণে প্রবেশ করিতে বাধা দিবেন। ক্রমশঃ আমরা ঐ স্থবিধার উপযোগী হইব, তাহারা একের পর আর আবরণ মোচন করিবেন, অবশেনে, কোন এক স্কদ্র ভবিশ্ব যুগে, যাহা পবিত্র হইতে পবিত্রতর, আমাদের বিশ্বিত ও শ্রদ্ধালু দৃষ্টির সম্মুথে তাহার আবরণ উন্মোচিত হইবে।

সর্কবিধ ইম্পিরিয়াল সাভিদের মধ্যে ভারতীয় সিবিল সাভিদের স্থান সকলের উর্দ্ধে এবং ভারত গভর্ণমেণ্ট পরিচালনের নিন্দা বা প্রশংসার অধিকাংশই ইহাদের। এই সিভিল সাভিদের বহুতর গুণাবলী অহরহঃ পরিকীর্ত্তিত হয় এবং সামাজ্যিক পরিকল্পনার মধ্যে ইহার মহত্ব এক নীতিবাক্যে পরিণত হইয়াছে। ভারতে ইহার অবিসম্বাদী প্রভুত্ব, ইহার স্বেচ্ছাচারী শক্তি এবং যে অপরিমিত প্রশংসা-বাক্য ও উৎসাহ-বাণী ইহার উপর ব্যিত হয়, তাহা কখনই ব্যক্তির বা শ্রেণীর মানসিক স্থৈয় ও স্বাস্থ্যের অফুকূল হইতে পারে না। এই সাভিদের প্রতি আমার শ্রদ্ধা সত্ত্বেও আমার আশক্ষা হয় য়ে, কি ব্যক্তিগত, কি শ্রেণীগতভাবে ইহাদের সেই প্রাচীন অথচ কিয়ৎপরিমাণে আধুনিক ব্যাধি—মানসিক বিকৃতি (Paranoia) দ্বারা আক্রান্ত হইবার সম্ভাবনা অত্যধিক।

আই, সি, এস-এর গুণাবলী অস্বীকার করা কঠিন; আমাদিগকে কিছুতেই উহা ভূলিতে দেওয়া হয় না। সিভিল সাভিসের জন্ত যে পরিমাণ প্রশংসা ও করতালিধ্বনি করা হয়, তাহাতে আমার মনে হয়, মাঝে মাঝে বিরূপ করতালিও আবশুক। আমেরিকান অর্থনীতিজ্ঞ ভেবলেন, স্থবিধাভোগী শ্রেণীগুলিকে বলিয়াছেন, "রক্ষিতাশ্রেণী।" আমার মতে আই, সি, এস ও অন্থান্ত ইম্পিরিয়াল সাভিসকেও "রক্ষিতাশ্রেণী" বলিয়া অভিহিত করিলে সত্য কথাই বনা হহবে। ইহারা অত্যক্ত ব্যয়বছল বিলাস।

### ज ওহরলাল নেহর

ব্রিটিশ পার্লামেন্টের ভৃতপূর্ব সদস্ত এবং ভারতীয় সমস্তা সম্পর্কে কৌতৃহলী মেজর ডি, গ্রেহাম পোল, কিছুদিন পূর্বে "মভার্ণ রিভিয়্" পত্তে লিখিয়া ছিলেন, "সিভিল সাভিদের যোগ্যতা ও কুশলতা সম্পর্কে কেহ কথনও কোন প্রশ্ন তুলে নাই।" এই শ্রেণীর কথা ইংলওে প্রায়ই প্রচার করা হয় এবং লোকে বিশ্বাসও করে। অতএব ইহার সত্যতা পরীক্ষা করিয়া দেখা যাক। এই প্রকার স্কম্পষ্ট ও নিশ্চিত বিবৃতি প্রদান निরाপদ নহে, কেন না সহজেই ইহা যে অমূলক তাহা প্রমাণ করা যাইতে পারে। এ শ্রেণীর বিবৃতির কথনও প্রতিবাদ হয় নাই, ইহা কল্পনা করিয়া গ্রেহাম পোল অত্যস্ত ভূল করিয়াছেন। দীর্ঘকাল হইতেই ঐ শ্রেণীর অত্যুক্তির প্রতিবাদ হইয়া আসিতেছে, এমন কি, মি: জি, কে গোথলে পর্যান্ত সিভিল সাভিদ সম্পর্কে অনেক কঠোর উক্তি করিয়াছিলেন। কংগ্রেস্পন্থী হউন আর নাই হউন, সাধারণ ভারতবাসী এ বিষয় লইয়া মেজর গ্রেহাম পোলের সহিত নিশ্চয়ই আলোচনা করিতে পারেন। হয় ত উভয় পক্ষই আংশিকভাবে সত্য এবং সম্পূর্ণ পৃথক গুণ ও যোগ্যতার কথা ভাবিয়াছেন। যোগ্যতা ও কুশলতা কিদের? ভারতে ব্রিটিশ সাম্রাজ্য স্থপ্রতিষ্ঠিত করা এবং এই দেশ শোষণে সহায়তা করা, এই দিক হইতে যদি যোগাতা ও কুশলতা বিচার করা যায়, তাহা হইলে দিভিল দার্ভিদ নিশ্চয়ই প্রশংদার দাবী করিতে পারেন। ভারতীয় জনসাধারণের কল্যাণের দিক হইতে বিচার করিলে বলিতে হয়, তাঁহারা সম্পূর্ণরূপে ব্যর্থকাম হইয়াছেন। তাঁহারা যে জনসাধারণের সেবক, এবং যাহারা তাঁহাদের বেতন, ভাতা ও অক্যান্ত আরামের উপকরণ যোগায়, তাহাদের সহিত উপার্জন ও জীবন্যাত্রাপ্রণালীর বিপুল ব্যবধানই তাঁহাদের বার্থতার প্রকৃষ্ট প্রমাণ।

অবশ্য ইহা সত্য যে সিভিল সাভিস মোটের উপর একটা ধারা বজায় রাথিয়া চলিয়াছেন, এবং ইহার আদর্শ অত্যন্ত মাঝারীগোছের; তবে ছইএকজন শক্তিমান কদাচিং দেখা যায়। ভাল ও মনদ লইয়া ইহা ব্রিটিশ পারিক স্কুলের ভাবে অমুপ্রাণিত (যদিও অনেক সিভিলিয়ান পারিক স্কুলের ছাত্র নহেন)। একটা সাধারণ আদর্শের একোর মাপকাঠির কেহ বাহিরে গেলে, তাহার জন্ম অত্যন্ত বিরাগ প্রকাশ হয়, বাক্তিগত কোন বিশেষ যোগ্যতা থাকিলেও তাহা দৈনন্দিন নীরস কর্মের মধ্যে তলাইয়া যায়; সাধারণ ধারা হইতে পৃথক প্রতিভাত হইবার ভয়ও আছে। অনেক আগ্রহশীল ব্যক্তির সেবার অমুরাগ আছে; কিন্তু সে সেবা মুখ্যতঃ সামাজ্যের সেবা, ভারতের কথা পরে। ইহাদের শিক্ষা ও পারিপার্থিক

# ত্রিটিশ শাসনের বিবরণ

অবস্থা এরপ যে তাঁহারা এরপ না করিয়া পারেন না। তাঁহারা সংখ্যায় অল্প, বিদেশী এবং প্রায়শঃই বন্ধুভাবাপন্ন নহে এমন জনসাধারণের আবেষ্টনীর মধ্যে তাঁহারা পরস্পরের সহিত ঘনিষ্ঠ থাকিয়া একটা সাধারণ ধারা বজায় রাখিয়া চলেন। পদ্গৌরব ও জাতিগত মর্যাদাবোধও ইহার পশ্চাতে আছে। তাঁহাদের হাতে অপরিমিত স্বেচ্ছাচারী ক্ষমতা আছে বলিয়া, তাঁহারা সর্কবিধ সমালোচনায় ক্রেদ্ধ হন এবং উহা এক প্রধান পাপ বলিয়া মনে করেন! তাহারা ক্রমে অসহিষ্ণু গুরুমহাশয় হইয়া পড়েন এবং नाग्निकशैन भामकञ्चल नानारनाय छाँशारनंत्र भर्षा रहशे यात्र। তাঁহার। আত্মতপ্ত, আপনাতে আপনি সম্পূর্ণ, সঙ্কীর্ণচেতা ও কৃপমণ্ডুত। এই পরিবর্ত্তনশীল জগতে তাঁহারা চিরস্থির এবং উন্নতিশীল পারিপাঁখিক অবস্থার অমুপযোগী। যথন তাঁহাদের অপেক্ষাও যোগ্য ও উদারহৃদয় ব্যক্তিরা ভারতীয় সমস্থায় হস্তক্ষেপ করেন, তথন তাঁহারা জুদ্ধ হন, নানা আপত্তিকর বিশেষণে পভিহিত করিয়া তাঁহাদের দমন করেন এবং তাঁহাদের পথে নানাবিধ বিদ্ন উপস্থিত করেন। মহাযুদ্ধের পর অভতপূর্ব পরিবর্তনের গতিবেগের মধ্যে তাঁহারা দিশাহারা হইয়াছিলেন, এবং সেই অবস্থার সহিত নিজেদের সামজস্তাবিধান করিতে পারেন নাই। তাঁহ।দের সীমাবদ্ধ বাঁধাধরা শিক্ষা এই অভিনব অবস্থা এবং সঙ্কটের সময় কোন কাজেই আদিল না। দীর্ঘকালের দায়িবজ্ঞানহীনভায় তাঁহাদের স্বভাব নষ্ট হইয়া গিয়াছে। দল বা শ্রেণী হিসাবে তাঁহাদের হাতে সম্পূর্ণ ক্ষমতা श्रहियाद्यः , उँ। हाता नात्म माळ जिंछिंग भानीत्मत्नेत्र नियन्नत्वा व्यथीन। "ক্ষমতা চরিত্রভাষ্টতা আনে"<del>—</del>লর্ড একটন বলিয়াছেন—"নিরস্কৃশ ক্ষমতা চরিত্রভ্রন্থতাকেও পূর্ণতা দান করে।"

মোটের উপর তাঁহারা সীমাবদ্ধভাবেও নির্ভর্যোগ্য কর্মচারী, খুব কৃতিত্ব না দেখাইলেও দৈনন্দিন কর্ম বেশ যোগ্যতার সহিত চালাইতে পারেন। কিন্তু তাঁহাদের শিক্ষা-সংস্কৃতি এরপ যে, অপ্রত্যাশিত কিছু ঘটিলেই তাঁহারা বিহরল হইয়া পড়েন; তবে তাঁহাদের আত্মবিশ্বাস, প্রণানীবদ্ধ কার্য্য করিবার অভ্যাস এবং শ্রেণীগত শৃঙ্খলাবদ্ধভার বলে তাঁহারা আশু বিদ্নগুলি অতিক্রম করেন। বিখ্যাত মেসোপোটামিয়ার গোলমালে ব্রিটিশ ভারতীয় গভর্গমেন্টের অযোগ্যতা ও "নিম্পাণ জড়ত্ব" প্রকাশিত হইয়াছিল; কিন্তু অহ্বরূপ অনেক অক্ষমতার কথা চাপা পড়িয়া থাকে। নিরুপদ্রব প্রতিরোধেও তাঁহাদের প্রতিক্রিয়া অত্যন্ত স্থুল। গুলি করিয়া, মৃগুর মারিয়া প্রতিপক্ষকে ক্ষণকালের জন্ম নিরন্ত করা যায়, কিন্তু তাহাতে সমন্থ্যির সমাধান হয় না, এবং যে শ্রেষ্ঠন্যভিমান তাঁহারা রক্ষা

### জওহরলাল নেহরু

করিতে চাহেন, উহাতে তাহারই ভিত্তি শিথিল হয়। ক্রমবন্ধিত ও আক্রমণশীল জাতীয় আন্দোলনকে দমন করিবার জন্ম তাঁহারা যে হিংসানীতি গ্রহণ করিয়াছিলেন, তাহাতে আশ্চর্য্যের কিছুই নাই। ইহা অপরিহার্য। কেন না সাম্রাজ্যই বাছবলের উপর প্রতিষ্ঠিত এবং ঐ উপায় ছাড়া অন্ত কোন ভাবে প্রতিপক্ষের সমুখীন হইতে তাঁহারা শিক্ষালাভ করেন নাই। কিন্তু অতিরিক্ত ও অনাবশুক বলপ্রয়োগ হইতে বুঝা গিয়াছে যে সমস্থা ষায়ত্তের মধ্যে রাখিবার শক্তি আর তাঁহাদের নাই; এবং সাধারণ অবস্থায় ষে আত্মসংঘম ও সহনশীলতা তাঁহাদের ছিল বলিয়া অমুমিত হইত, তাহাও আর নাই। সায়ুপুঞ্জ প্রায়ই বিক্ষিপ্ত হইত এবং তাঁহাদের সাধারণ বক্ততাতেও বিকার্শ্বিপ্ত উত্তেজনার আভাষ পাওয়া যাইত। সম্কট অতি নিষ্ঠরভাবে আমাদের আভ্যন্তরীণ দৌর্বল্যগুলি প্রকাশ করিয়া দেয়। নিরুপদ্রব প্রতিরোধনীতি তেমনই একটা সম্কট ও পরীক্ষা এবং চুই পক্ষের— কংগ্রেস ও গভর্ণমেণ্ট—অতি অল্পলোকই এই পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন। শৃষ্টের দিনে প্রথম শ্রেণীর মেরুদণ্ড অভি অল্পসংখ্যক নর-গ্রুরীর মধ্যেই দেখিতে পাওয় যার। মিঃ লয়েড জর্জ বলিয়াছেন, "সম্বটের দিনে অবশিষ্ট বাক্তিদের গণনার মধ্যেই আনা উচিত নহে। সাধারণ অবস্থায় যে সকল কুদ্র কুদ্র পর্বতপিণ্ড সমুন্নতশির বলিয়া মনে হয়, বন্তা আসিলে সেগুলি ভূবিয়া যায়,—কেবল সর্ব্বোচ্চ শিথরগুলি জলের উপরে মাথা তুলিয়া থাকে।"

যাহা ঘটিয়াছে, তাহার জন্ম সিভিলিয়ানগণের মন বৃদ্ধি ও হৃদয় প্রস্তুত ছিল না। ইহাদেব অধিকাংশই প্রাচীন শিক্ষা প্রশালী হইতে মজ্জিত কৃচি চরিত্রমাধুর্য্য আহরণ করিয়াছেন। ইহাদের প্রাচীন জগতের, ভিক্টোরিয়াযুগের উপযোগী; কিন্তু বর্তমান অবস্থার মধ্যে উহার কোন সার্থকতা নাই। তাঁহারা স্কীর্ণ, সীমাবদ্ধ এক নিজম্ব জগতে বাস করেন-এংলো-ইণ্ডিয়া--্যাহা ইংলণ্ডও নহে, ভারত নহে। সমসাময়িক সমাজে যে সকল শক্তি কার্য্য করিভেছে, তাহা তাঁহারা বুঝিতে পারেন না। নিজেদের ভারতীয় জনসাধারণের অভিভাবক ও অছিরূপে জাহীর করিবার হাস্তকর ভঙ্গী দত্তেও, তাঁহারা জনসাধারণকে অল্পই জানেন এবং ন্তন আক্রমণশীল বুর্জোয়া শ্রেণীকে আরও কম জানেন। তাঁহারা মোসাহেব ও চাকুরীর উমেদারদের দেথিয়া ভারতবাদীকে বিচার করেন,—অভাভ সকলকে হয় আন্দোলনকারী "এজিটেটর", নয় প্রবঞ্চ জ্ঞানে উপেক্ষা মহাযুদ্ধের পর যে সকল পরিবর্ত্তন,—বিশেষভাবে অর্থনীতিক্ষেত্রে ঘটিয়াছে, সে সম্বন্ধে তাঁহাদের জ্ঞান অতি অল্প এবং তাঁহারা চির অভ্যস্ত প্রথচিছের সহিত এমনভাবেই আটকাইয়া গিয়াছেন যে, পরিবর্তিত ধারার

# ত্রিটিশ শাসনের বিবরণ

সহিত নিজেদের সামঞ্জন্ম বিধান করা তাঁহাদের পক্ষে কঠিন। তাঁহারা ব্রিতে পারেন না যে, তাহারা যে ব্যবস্থা চালাইতেছেন, বর্তমান অবস্থায় তাহার দিন ফুরাইয়াছে এবং শ্রেণী হিসাবে তাঁহারা টি, এস এলিয়টের "দি হলো মেনে" বর্ণিত চরিত্রের প্রতীক হইয়া পড়িতেছেন।

তথাপি যতদিন ব্রিটিশ সাম্রাজ্যবাদ আছে, তত্দিন এই ব্যবস্থা চলিবে এবং এখনও ইহার যথেষ্ট শক্তি আছে, ইহার পশ্চাতে যোগ্য ও কুশলকর্মা নেত্মগুলী রহিয়াছেন। ভারতে ব্রিটিশ গভর্ণমেন্ট পোকাধরা দাঁতের মত, তবে এখনও ইহা মাড়ীর সহিত শক্ত করিয়া লাগিয়া আছে! ইহা বেদনাদারক, তবে সহজে তুলিয়া ফেলিবার উপায় নাই। যতদিন না ইহা তুলিয়া ফেলা যায়, অথবা আপনা হইতে খিসিয়া না পড়ে, ততদিন এই বেদনা চলিতে থাকিবে এবং বাড়িতেও পারে।

এমন কি ইংলওেও পারিক স্থলে শিক্ষিত শ্রেণীর স্থাদিন চলিয়া গিয়াছে; সাধারণকার্য্যে এখনও তাহাদের কিছু প্রাধান্ত থাকিলেও পূর্ব্বের প্রভাব প্রতিপত্তি আর নাই। ইহারা ভারতের পক্ষে অধিকতর অহুপযোগী; স্বাধিকার প্রতিষ্ঠায় উন্মুখ জাতীয়তাবাদের সহিত ইহার সহযোগিতা বা সামঞ্জশুবিধান অসম্ভব; যাহারা সামাজিক পরিবর্ত্তনপ্রয়াসী হইয়া কর্ম করিতেছেন, তাঁহাদের সহিত ত নহেই।

অবশ্য সিভিল সাভিসে অনেক ইংরাজ ও ভারতীয় ভাল লোক আছেন, কিন্তু যতদিন বর্ত্তমান ব্যবস্থা থাকিবে ততদিন তাঁহাদের সদিচ্ছা এমন সমস্ত বিষয়ে নিযুক্ত হইবে, যাহার সহিত জনসাধারণের কল্যাণের কোন যোগ নাই। অনেক ভারতীয় সিভিলিয়ন বিলাতী পাবলিক স্কুলের ভাবে এতই অন্ধ্রপ্রাণিত যে, "ইহাদের রাজভক্তি, স্বয়ং রাজা হইতেও অধিক।" একবার এক ভারতীয় যুবক সিভিলিয়নের সহিত আমার আলাপ হইয়াছিল; তাঁহার নিজের সম্বন্ধে ধারণা এত উচ্চ যে হুর্ভাগ্যক্রমে আমি তাঁহার সহিত একমত হইতে পারি নাই। তিনি সিভিল গার্ভিসের বহু সদ্পুণ বর্ণনা করিলেন; অবশেষে ব্রিটিশ সামাজ্যের অন্থক্তলে এই অথগুনীয় যুক্তি দেখাইলেন যে, ইহা কি অতীতের রোমসামাজ্য অথবা চেন্দিস থা বা তৈমুরের সামাজ্য অথপকা ভাল নহে ?

সিভিলিয়নগণের ধারণা তাঁহারা অতিশয় যোগ্যতার সহিত তাঁহাদের কর্ত্তব্য পালন করেন, অতএব তাঁহাদের দাবীগুলি তাঁহারা জোরের সহিতই প্রকাশ করিতে পারেন এবং তাঁহাদের নানাবিধ দাবীর অস্ত নাই। ভারতবর্ষ দরিন্দ্র, সেজ্য তাহার সমাজব্যবস্থা, বেনিয়া ও কুশীদজীবীরা দায়ী, সর্ব্বোপরি তাহার জনসংখ্যা অপরিমিত। কিন্তু ভারতে সকল

99

### ज ওহরলাল নেহর

বেনিয়ার শ্রেষ্ঠ বেনিয়া যে ব্রিটিশ গভর্ণমেন্ট, নিজেদের স্থবিধার জক্ত সে কথা উল্লেখ করা হয় না। আমি জানি না এই বিরাট জনসংখ্যা তাঁহারা কি ভাবে কমাইবেন। উচ্চতর মৃত্যুর হার সত্ত্বেও এবং ঘুভিক্ষ ও সংক্রামক ব্যাধির নিকট অনেক সাহায্য পাওয়া গেলেও, জনসংখ্যা ক্রমেই বাড়িয়া চলিয়াছে। জমনিয়ম্রণের প্রস্তাব করা হইয়া থাকে, আমি স্বয়ং এ বিষয়ের জ্ঞান ও শিক্ষা বিস্তারের পক্ষপাতী। কিছ এই উপায় অবলম্বন করিতে হইলে জনসাধারণের জীবন্যাত্রা প্রণালী উন্নত হওয়া আবশ্রুক, সাধারণ শিক্ষার উন্নতি আবশ্রুক এবং দেশের সর্ব্বত্র অসংখ্য ক্রিনিক' প্রতিষ্ঠা করা উচিত। বর্ত্তমান অবস্থায় জমনিয়ম্বণের উপায়গুলি গ্রহণ করা জনসাধারণের ক্রমতা ও আয়ত্তের বাহিরে। মধ্যশ্রেণী ইহার স্বযোগ গ্রহণ করিতেছে।

অতিরিক্ত জনসংখার যুক্তি যে অসার তাহার অনেক প্রমাণ আছে। জগতের সম্মুখে আজ থাগাভাব বা প্রয়োজনীয় দ্রব্যসম্ভারের অভাব সমস্থানহে; সমস্থা এই যে কাহারা থাইবে পরিবে, অন্থ কথায় বলিলে বলিতে হয়, যাহাদের প্রয়োজন তাহাদের থাগুই কিনিবার সামর্থ্য নাই। স্বতম্ব করিয়া দেখিলে, ভারতেও থাদ্যাভাব নাই, জনসংখ্যা বৃদ্ধির সঙ্গো করিয়া দেখিলে, ভারতেও থাদ্যাভাব নাই, জনসংখ্যা বৃদ্ধির সম্ভাবনারহিয়াছে। বহু ঘোষিত ভারতের বর্তুমান জনসংখ্যার (গত ১৯২১-৩১ ছাড়া) বৃদ্ধির অন্পাত অবিকাংশ পাশ্চাত্য দেশ অপেক্ষা অনেক কম। অবশ্য ভবিশ্যতে পার্থক্য হইবে, কেন না নানা কারণে পাশ্চাত্য দেশগুলিতে জনসংখ্যার বৃদ্ধি হ্রাস পাইতেছে, কোনস্থলে বা সমান রহিয়াছে। হয়ত শীদ্রই ভারতেরও ঐ কারণগুলি দেখা দিয়া জনসংখ্যা বৃদ্ধি নিয়ন্ত্রিত করিবে।

ভারতবর্ধ যথন স্বাধীন হইবে, ইচ্ছামত নিজের নৃতন জীবন গড়িতে পারিবে, তথন সেই উদ্দেশ্য সাধনের জন্য উৎকৃষ্টতম নরনারীর আবশ্যক হইবে। উৎকৃষ্ট শোণীর মান্থয সর্ব্বিএই ত্র্ল ভ, ভারতে উহা স্থ্র্ল ভ, কেন না ব্রিটিশ শাসনাধীনে আমাদের অনেক স্থবিধাই নাই। সর্ব্বজনীন কার্য্যের বিভিন্ন বিভাগে বিশেষতঃ যেথানে বৈজ্ঞানিক ও যন্ত্রবিজ্ঞান সম্পর্কিত জ্ঞান আবশ্যক সেথানে বহু বৈদেশিক বিশেষজ্ঞের প্রয়োজন আছে। সিভিল সাভিসে এবং অন্যান্ত ইম্পিরিয়াল সাভিসে অনেক ইংরাজ ও ভারতীয় আছেন, নৃতন ব্যবস্থায় বাঁহাদের প্রয়োজন আছে এবং তাঁহারা আনন্দের সহিতই গৃহীত হইবেন। কিন্তু যতদিন সরকারী চাকুরী ও সাধারণ শাসন ব্যবস্থায় সিভিলিয়নী মনোর্ত্তি প্রবল থাকিবে, ততদিন কোন নৃতন ব্যবস্থা গঠন করা

# ত্রিটিশ শাসনের বিবরণ

मञ्चव रहेरव ना, हेश आमात मृष् विश्वाम। প্রভূষের **অ**হমি**কা** সামাজ্যবাদের মিত্র; উহা স্বাধীনতার সহিত পাশাপাশি থাকিতে পারে না। ইহা হয় স্বাধীনতাকে ধ্বংস করিবে নয় নিজে বিনষ্ট হইবে। কেবল একমাত্র রাষ্ট্র-ব্যবস্থায় ইহার স্থান হইতে পারে, দে হইল ফাসিস্ত রাষ্ট্র। অতএব, কোন নৃতন ব্যবস্থা গড়িয়া তুলিবার পূর্বের সিভি**ল** সার্ভিস বা অন্তর্মপ সার্ভিসগুলি বর্ত্তমানে যে আকারে আছে, তাহার বিলুপ্তি সর্বাত্রে প্রয়োজন। ঐ সকল সাভিসের কোন কোন ব্যক্তি যদি ইচ্ছুক হন এবং নৃতন চাকুরীর যোগ্য হন, তাঁহাদের বাদরে গ্রহণ করা হইবে কিন্তু তাঁহাদের নৃতন সর্তে রাজী হইতে হইবে। বর্তমানে তাঁহারা যেরপ উচ্চহারে বেতন ও ভাতা পাইতেছেন, তাহাই পাইতে থাকিবেন, ইহা অবশ্যই কল্পন:তীত। নবীন ভারত তাহার সেবার জন্ম আগ্রহশীল ও রুণলকর্মা দেবক, যাহাদের উদ্দেশ্যের উপর গভীর বিশ্বাস আছে, যাহারা দাফল্যের ত্রন্ত প্রাণপণ করিবে; যাহারা আনন্দ ও গৌরবের জন্ম কার্য্য করিবে, উচ্চ বেতনের প্রলোভনে নহে। অর্থই একমাত্র লক্ষা, এই ধারণা যথাসম্ভব ব নাইতে হইবে। বৈদেশিক সাহায্য বছল পরিমাণে আবণ্ডক হইবে, কিন্তু আমার ধারণা বিশেষ-শিক্ষাহীন সাধারণ সিভিলিয়ন শাসকশ্রেণী কোন প্রয়োজনেই লাগিবে না। ভারতে এরপ লোকের অভাব হইবে না।

আমি পূর্ব্বেই বলিয়াছি, ভারতীয় লিবারেল ও অম্বরূপ শ্রেণীর লোকেরা ভারত-গভর্গমেন্ট সম্পর্কে ব্রিটিশ মতবাদ কি ভাবে গ্রহণ করিয়াছেন। সার্ভিসন্তলি সম্পর্কেই উহা বিশেষ প্রত্যক্ষ, তাঁহারা "ভারতীয় কর্ন" দাবী করেন কিন্তু রাষ্ট্রের কাঠামো বা সার্ভিসের মনোর্ভির আমূল পরিবর্ত্তন দাবী করেন না। কিন্তু এই মূল বিষয়ে আপোষ করা কঠিন। কেন না স্বাধীনভারত হইতে কেবল যে ব্রিটিশ সামরিক ও শাসক শ্রেণীকে সরাইতে হইবে তাহা নহে, তাহাদের বেতন ভাতা ও স্থবিধা-গুলিকেও নীচে নামাইয়া আনিতে হইবে। এই শাসন-তন্ত্র নির্মাণের মূগে, রক্ষাকবচ সম্পর্কে অনেক কথাই গুনিতে পাওয়া যায়। যদি ঐ রক্ষাকবচগুলি ভারতীয় স্বার্থেরই অমুকূল হয় তাহা হইলে অন্তান্ত বিষয়ের সহিত ইহাও স্পান্ত করিয়া লওয়া উচিত যে, সিভিল সার্ভিস বা মন্ত্রূরূপ সার্ভিসগুলি বিল্পু হইবে অর্থাৎ তাহাদের বর্ত্তমান ক্ষমতা স্থবিধা এ সকল থাকিবে না এবং নৃতন শাসনতন্ত্রের উপর তাহাদের কোন প্রভুত্ব থাকিবে না।

তথাকথিত দেশরক্ষামূলক সামরিক চাকুরীগুলি অধিকতর রহস্তময়

### জওহরলাল নেহরু

ও জরবদন্ত। আমরা তাহাদের সমালোচনা করিব না, তাহাদের বিরুদ্ধে কিছু বলিব না, কেন না আমরা ও সব ব্যাপারের কি জ্ঞানি ? আমরা কেবল বিপুল ব্যয়ভার যোগাইয়া চলিব—কোন আপত্তি করিব না। কিছুদিন পূর্ব্বে ১৯৩৪-এর সেপ্টেম্বর মাসে, ভারতের প্রধান সেনাপতি ভার ফিলিপ শেট্উড, সিমলায় রাষ্ট্রপরিষদে, ঝাঁজালো সামরিক ভাষায় ভারতীয় রাজনৈতিকদিগকে তাঁহার কাজে দৃষ্টি না দিয়া নিজের চরকায় তৈল দিবার পরামর্শ দিয়াছিলেন। কোন প্রস্তাবের সংশোধনী প্রস্তাবের উত্থাপককে লক্ষ্য করিয়া তিনি বলিয়াছিলেন, "তিনি এবং তাঁহার বন্ধুরা কি মনে করেন যে, বহু যুদ্ধের অভিজ্ঞ ও রণনিপুণ ব্রিটিশ জাডি ষাহারা তরবারীবলে সাম্রাজ্য জয় করিয়াছে এবং তরবারীবলে তাহা क्या कतिराज्य ,— जाशात्रा आतामरकमाताविनामी ममारनाठकरमत निकृष्ट জাতিগত অভিজ্ঞতা ও রণ-পাণ্ডিত্য বিসর্জ্জন দিবে…?" তিনি এইরূপ আরও অনেক ভাল ভাল মন্তব্য প্রকাশ করিয়াছিলেন, আমরা যাহাতে এরপ মনে না করি যে তিনি সাম্যাক উত্তেজনায় ঐ শ্রেণীর কথা বলিয়াছেন, সেইজন্ম তিনি পূর্বে হইতে যত্মসহকারে লিখিত পাণ্ডুলিপি হইতে তাঁহার বক্তৃতা পাঠ করেন।

একজন অনভিজ্ঞ ব্যক্তির পক্ষে সামরিক বিষয় লইয়া প্রধান সেনাপতির সহিত তর্ক করা ধৃষ্টতা সন্দেহ নাই, তথাপি আরামকেদারাবিলাসী সমালোচককে তিনি সম্ভবতঃ কয়েকটি মন্তব্য প্রকাশ করিবার অমুমতি দিবেন। যাঁহারা তরবারীবলে সাম্রাজ্য রক্ষা করিতেছেন এবং যাঁহাদের মন্তকের উপর ঐ উজ্জ্ল অস্ত্র অহরহ উত্তত, তাহাদের উভয়ের স্বার্থের পার্থক্য বুঝা যায়। ভারতীয় সৈত্যদল দিয়া ভারতের স্বার্থরক্ষা করা যাইতে পারে, সামাজ্যের কার্য্যেও তাহাদের নিয়োগ করা যাইতে পারে,— ঐ তুই স্বার্থের পার্থকা, এমন কি পরস্পরবিরোধী হইলেও তাহা সম্ভব। মহাযুদ্ধের অভিজ্ঞতার পর যদি কোন খ্যাতনামা সেনাপতি অপরের হস্তক্ষেপ इंटेंट পूर्व शांधीनका मांवी करतन जाहा हंटेल एवं कान तांकरेनिक ख আরামকেদারাবিলাসী সমালোচকও নিশ্চয়ই আশ্চর্য্য হইবেন। তৎকালে তাঁহাদের অনেকাংশে অবাধ স্বাধীনতা ছিল; এবং যুদ্ধের বিবরণ হইতে দেখা যায় যে তাঁহারা প্রায় সর্বক্ষেত্রে, প্রত্যেক সৈল্রদলে ভয়াবহ বিশৃখলা স্বষ্ট করিয়াছেন—ব্রিটিশ, ফ্রেঞ্চ, জার্মান, অষ্ট্রিয়ান, ইতালীয়ান, রাশিয়ান, সর্ব্বত্ত। বিখ্যাত ব্রিটিশ সামরিক ইতিহাস লেখক ও রণ-নীতি বিশারদ কাপ্তেন লিডেল হার্ট, তাঁহার 'মহাযুদ্ধের ইতিহাসে' লিথিয়াছেন, যুদ্ধের কোন এক বিশেষ অবস্থায় সৈতাদল শত্রুর সহিত যুদ্ধ করিয়াছে,

# ত্রিটিশ শাসনের বিবরণ

আর বিটিশ সেনাপতিরা পরস্পরের সহিত যুদ্ধ করিয়াছেন। জাতীয় সফটেও তাঁহাদের চিন্তা ও চেষ্টার ঐক্য সম্ভব হয় নাই। তিনি লিথিয়াছেন, "মহাযুদ্ধ, আমাদের পুরুষসিংহের উপর বিখাস, বীর পূজায় বিখাস, তাঁহারা যে স্বতন্ত্র উপাদানে গঠিত এ বিশ্বাস ধূলিসাং করিয়া দিয়াছে। নেতার প্রয়োজন আছে, সম্ভবতঃ অধিকতর প্রয়োজন আছে, কিন্তু আমরা যদি বুঝি যে তাঁহারাও সাধারণ মাহুষ, তাহা হইলে তাহাদের নিক্ট অত্যধিক প্রত্যাশা করিব না বা তাঁহাদিগকে অতিরিক্ত বিশাস করিব না।"

রাজনীতিক চ্ড়ামণি লয়েড্ জর্জ তাঁহার "সমরশ্বতি"তে মহাযুদ্ধের रमनाপতি, নৌ-रमनाপতিদের অতি ভয়াবহ ভূল, অবিবেচনা ও **ক্রটির** কথা উল্লেখ করিয়াছেন; যাহার ফলে শত সহস্র লোক প্রাণ হারাইয়াছে। ইংলণ্ড ও তাহার মিত্রগণ যুদ্ধে জয় লাভ করিয়াছে, কিন্তু ইহা "শোণিত-সিক্তপদে টলিতে টলিতে জয় লাভ।" উচ্চতম কর্মচারীরা মহুষের জীবন ও ঘটনা সংস্থান লইয়া বেপরোয়া ও নির্ব্বদ্ধিতার সহিত খেলা কিন্তু শত্রুপকেরও অন্তর্রপ মৃঢ়ভার ফলেই ইংলণ্ড ও তাহার মিত্রগণ রক্ষা পাইয়াছে। ইহা মহাযুদ্ধের আমলে ব্রিটিশ প্রধান মন্ত্রীর নিজের কথা, তিনি লিখিয়াছেন, লর্ড জেলিকোর মাথায় কোন ভাব ঢুকাইতে হইলে তাঁহার থুলিতে অস্ত্রোপচার করিতে হইয়াছে, বিশেষ ভাবে অতিরিক্ত ব্বক্ষীদলের প্রস্তাব তাঁহাকে গ্রহণ করাইতে অত্যন্ত বেগ পাইতে হইয়াছিল। ফ্রেঞ্চ মার্শাল জোফ্রে সম্বন্ধে তিনি মনে করেন, তাঁহার প্রধান গুণ ছিল, তাঁহার দৃঢ় প্রতিজ্ঞাব্যঞ্জক মুখমণ্ডল, যাহা শক্তির প্রেরণা দিত। ''বিপদে পড়িয়া আর্দ্ত মানব সহজাত বৃদ্ধি হইতে ইহার শরণ লইত। তাহারা এই ভুল ধারণা পোষণ করিত যে, বৃদ্ধির স্থান (মগজে নহে) চিবুকে।"

দ কিন্তু মিঃ লয়েড্ জর্জ প্রধান অভিযোগ করিয়াছেন, ব্রিটিশ সমর-নায়ক প্রধান সেনাপতি ফিল্ড মার্শাল হেইগের বিরুদ্ধে। তিনি প্রমাণ করিয়াছেন যে, লর্ড হেইগের অসংযত অহমিকা এবং রাজনীতিক ও অগ্রাগু ব্যক্তির কথায় ক্রক্ষেপহীনতার দরুণ তিনি ব্রিটিশ-মন্ত্রীসভার নিকটও অনেক গুরুতর ঘটনা গোপন করিয়াছেন, এবং ফ্রান্সে ব্রিটিশ সৈক্সদলকে, অগ্রতম প্রধান অনর্থের মধ্যে লইয়া গিয়াছিলেন। ব্যর্থতা যথন তিনি চক্ষ্র সন্মুথে স্পষ্ট দেখিতেছেন, তথনও অন্ধ জিদের বশবর্তী হইয়া তিনি পাসেনদেল ও কামব্রেইর ভয়াবহ কর্দমাক্ত ক্ষেত্রে কয়েক মাস ধরিয়া আক্রমণমূলক যুদ্ধ চালাইয়াছেন, তাহার ফলে সতর হাজার সামরিক

### ज ওহরলাল (अহর

কর্মচারী মৃত বা মৃত্যুশয্যায় শায়িত হইয়াছে এবং চার লক্ষ সাহসী ব্রিটিশ সৈনিক প্রাণ হারাইয়াছে। মৃত্যুর পর আজ "অপরিচিত সৈনিক"এর স্মৃতিপূজা চলিতেছে, ভালকথা, কিন্তু যখন সে জীবিত ছিল তখন সেকোন স্বিবেচনা পায় নাই, তাহার জীবনের মূল্য কত তুচ্ছ ছিল।

রাজনীতিকরাও অন্যান্ত লোকের মতই ভূল করিয়া থাকেন, কিন্তু গণভন্তী রাজনীতিককে ব্যক্তি ও ঘটনা লক্ষ্য করিতে হয়, ব্ঝিতে হয়, সকলের কথা শুনিতে হয়, এবং তাঁহারা সাধারণতঃ নিজেদের ভূল ব্ঝিয়া সংশোধনের চেষ্টাও করেন। কিন্তু সৈনিক স্বতন্ত্র আবহাওয়ায় বর্দ্ধিত হয়, সেথানে প্রভূত্বের রাজত্ব, সমালোচনা সহ্য করা হয় না। কাজেই সে ভূল করিলে অপরে উপদেশ দিতে গেলে ক্রুদ্ধ হয়, এবং সে নিখুত ভাবে ভূল করিতে থাকে এবং জিদের সহিত তাহা আকড়াইয়া ধরে। মন ও মগজ অপেক্ষা তাহার নিকট চিবুকের গুরুত্ব অনেক বেশী। ভারতে আমাদের বিশেষ স্থবিধা এই যে, এথানে আমরা ঐ তৃইশ্রেণী হইতে এক দো-আশলা শ্রেণী সৃষ্টি করিয়াছি, এখানে সাধারণ শাসকশ্রেণীও এক অর্ধ-সামরিক প্রভূত্ব ও আত্মতৃপ্ত আবহাওয়ায় বর্দ্ধিত হন এবং তাঁহারাও অনেকাংশে সৈনিকের চিবুক ও অন্তান্ত গুণাবলী অর্জ্জন করেন।

আমরা শুনিয়াছি, সামরিক বিভাগের "ভারতীয় করণ" উৎসাহের সহিত চলিতেছে, আগামী ত্রিশ বংসর কি আরও কিছুকাল পরে ভারতের রশ্বমঞ্চে একজন ভারতীয় জেনারেল আবিভূতি হইবেন। সন্তবতঃ একশত বংসরের মধ্যেই এই ভারতীয়করণ অনেকটা অগ্রসর হইবে। কোন সন্ধট উপস্থিত হইলে, ইংলও কেমন করিয়া তৃই এক বংসরের মধ্যে লক্ষ লক্ষ সৈত্যদল গড়িয়া তুলিবে তাহা বিশ্বয়ের সহিত ভাবিবার কথা। যদি ইহাতে আমাদের উপদেষ্টা ও শিক্ষকগণ থাকিত, তাহা হইলে সন্তবতঃ তাহারা অধিকতর সতর্কতা ও সাবধানতার সহিত অগ্রসর হইত। সন্তবতঃ স্থশিক্ষিত সৈত্যদল প্রস্তুত হইবার পূর্ব্বেই যুদ্ধ শেষ হইয়া যাইত। রাশিয়ান সোভিয়ট সৈত্যদলের কথাও মনে হয়, য়েখানে কিছু ছিল না, বহু শত্রুপক্ষের সহিত পাল্লা দিয়া সেখানে যে বিপুল চত্রক্ষ বাহিনী গঠিত হইয়াছে, বর্ত্তমান জগতে তাহা সর্ব্বশ্রেষ্ঠ সামরিক শক্তি। দেখা যাইতেছে, তাহাদের "যুদ্ধ করিতে ক রিত্তে পাকা এবং রণ-বিশারদ" জেনারেল উপদেষ্টা ছিল না।

আমাদের দেশে দেরাছনে একটি সামরিক বিভালয় স্থাপিত হইয়াছে।

# ব্রিটিশ শাসনের বিবরণ

এখানে ভদ্রলোকের ছেলেদের সামরিক কর্ম্মচারীয়াপে শিক্ষা দেওয়া হইতেছে। আমরা শুনিয়াছি, তাহারা নাকি কুচকাওয়াজে বেশ পটু এবং ভবিয়তে উংকৃষ্ট সামরিক কর্মচারী হইবে; কিন্তু আমি সময় সময় বিশ্বিত হইয়া ভাবি, বৈজ্ঞানিক শিক্ষা ব্যতীত ইহার মূল্য কি? আজকাল পদাতিক বা অখারোহী সৈল্লদের, মোমান গুরুভার তরবারীধারী সৈল্লব্যুহের মৃতই অবস্থা এবং রাইফেল তারধক্ক অপেক্ষা একটু ভাল; কেন না এপন্ মৃদ্ধ হইবে আকাশে, বিষবাপ্প পূর্ণ বোমা, ট্যান্ধ এবং শক্তিশালী কামান দিয়া। তাহাদের শিক্ষক ও উপদেষ্টাদের এ ধারণা আছে সন্দেহ নাই।

ভারতে ব্রিটশ শাসনের ইতিহাস কি ? যাহা আমাদের নিজেদের তুর্বলতার জন্তই ঘটিয়াছে, তাহার দোষ ত্রুটি লইয়া অভিযোগ করিবার আমরা কে ? যদি আমরা পরিবর্তনের ধারার সহিত বিচ্ছিন্ন হইয়া বদ্ধ জলায় আট iইয়া পড়ি এবং উটপাখীর মত বালুকায় মাথা গুঁজিয়া ঘটনা না দেখি, তাহাতে আমাদেবই বিপদ। জগতের নৃতন প্রাণবন্থার তরঙ্গশীর্ষে ভাসিয়া ব্রিটিশ আমাদের নিকট আসিয়াছিল, ঐতিহাসিক শক্তিপুঞ্জের সে কি প্রবল রূপ, তাহা সে নিজেই বৃঝিতে পারে নাই। শীতের তুহিনস্প বায়ুর বিরুদ্ধে আমরা কি অভিযান করিব? আইস **আ**মরা অতীত এবং তাহার কলহ কোলাহল ছাড়িয়া ভবিষ্যতের নিকে ্দৃ**ষ্টিপা**ত করি। আমরা নিশ্চয়ই ইংরাজের নিকট ক্লুভজ হইব। কেনুনা তাহাদের হাত হইতেই আমরা এক মহৎ দান পাইয়াছি—সে দান বিজ্ঞান এবং তাহার নব নব মূলাবান আবিজ্ঞিয়া। অবশ্য ব্রিটশ গভর্ণমেণ্ট যেভাবে ভারতে ভেদ, সংধারবিরোধিতা, প্রগতিবিরোধিতা, সাম্প্রদায়িকতা ও স্থবিধাবাদকে উৎসাহ ও প্রশ্রম দিতেছেন, তাহা বিশ্বত হওয়া বা শাস্ভভাবে নিরীক্ষণ করা কঠিন। সম্ভবতঃ এই পরীক্ষা এবং এই ছল্বেরও আমাদের প্রয়োজন আছে; ভারতের নবজন্মের পূর্বে হয়ত আমাদের বাবম্বার এই অগ্নিপরীক্ষায় শুদ্ধ হইতে হইবে; যাহা ত্র্বল, যাহা অপবিত্র, যাহা ত্রনীতি তাহা পুডিয়া ছাই হউক।

# অসবর্ণ বিবাহ ও অক্ষর সমস্তা

১৯৩৩-এর সেপ্টেম্বর মাসের মধ্যভাগে এক সপ্তাহ পুণা ও বোম্বাই-এ কাটাইয়া আমি লক্ষ্ণে ফিরিয়া আদিলাম। মাতা তথনও হাসপাতালে থাকিয়া অল্লে আল্লে আরোগ্যলাভ করিতেছিলেন, কমলাও লক্ষ্ণো-এ থাকিয়া তাঁহার সেবা করিতেছিল, তবে তাহার নিজের শরীরও ভাল ছিল না। আমার ভগ্নীও এলাহাবাদ হইতে সপ্তাহ অস্তে একবার করিয়া আসিত। আমি লক্ষ্ণে-এ চুই তিন সপ্তাহ থাকিলাম, এলাহাবাদ অপেক্ষা এখানে আমি অবদর ও বিশ্রাম অনেক বেশী পাইলাম; আমার প্রধান কাজ ছিল প্রত্যহ দুইবার করিয়া হাসপাতালে যাওয়া। অবসর সময়ে আমি সংবাদপত্তের জন্ম কৈয়েকটি প্রবন্ধ লিথিয়াছিলাম, এগুলি প্রচারিত হইয়াছিল। "ভারত কোন পথে?" এই নাম দিয়া আমি কয়েকটি প্রবন্ধে জগতের ঘটনাবলীর সহিত ভারতীয় অবস্থা বিচার করিয়া যাহা লিথিয়াছিলাম, তাহা অনেকের দৃষ্টি আকর্ষণ করিয়াছিল। আমি ' পরে শুনিয়াছি, এই প্রবন্ধগুলি পারসী ভাষায় অমুদিত হইয়া তিহারাণ ও কাবুলে প্রকাশিত হইয়াছিল। যাঁহারা আধুনিক পাশ্চাত্য চিম্ভাধারার সহিত স্পরিচিত, তাঁহার। ইহার মধ্যে নৃতন বা মৌলিক কিছুই পাইবেন না। কিন্তু ভারতে, আমাদের স্বদেশবাসীর। ঘরের ব্যাপার লইয়া এত ব্যস্ত যে বাহিরে নজর দিবার অবসর পান না। আমার প্রবন্ধগুলি সম্পর্কে আগ্রহ ও অন্তান্ত ব্যাপারে আমি দেখিলাম যে, আমাদের দৃষ্টির সীমা উদার ও প্রসারিত হইতেছে।

মাতা হাসপাতালে থাকিতে থাকিতে বিরক্ত হইয়া উঠিয়াছিলেন, আমরা তাঁহাকে এলাহাবাদ লইয়া যাওয়া স্থির করিলাম। আরও কারণ এই যে আমার ভগ্নী কৃষ্ণার বিবাহের সম্বন্ধ স্থির হইয়াছিল। আমার সহসা পুনরায় কারাগারের তলব আসিতে পারে এই আশহায় আমি যত সত্তর সম্ভব বিবাহ ব্যাপার নির্বাহ করিতে ব্যগ্র হইলাম। আমি যে কতদিন বাহিরে থাকিতে পারিব, সে সম্বন্ধে নিজের কোন ধারণাছিল না। কেন না তথনও নিরুপত্রব প্রতির্বাধ কংগ্রেসের সরকারী কার্যাপদ্ধতি এবং কংগ্রেস ও অক্যান্ত বছতর প্রতিষ্ঠান বে-আইনী।

### অসবর্ণ বিবাহ ও অক্ষর সমস্তা

হইল। ইহা অদবর্ণ বিবাহ। আমি আনন্দিত হইলেও এই ব্যাপারে আমাদের কোন হাত ছিল না। ব্রাহ্মণ ও অ-ব্রাহ্মণের মধ্যে বিবাহে কোন প্রকার ধর্মসংক্রান্ত অফুষ্ঠানই ত্রিটিশ ভারতীয় আইনমতে সিদ্ধ নহে ৷ শৌভাগ্যক্রমে সম্প্রতি আইনে পরিণত "সিভিল ম্যারের একু" এ আমাদের স্থবিধা হইল। এরূপ তুইটি আইন আছে। যে আইনে আমার ভর্নার বিবাহ হইল তাহা কেবল হিন্দু এবং আমুষশ্বিক, বৌদ্ধ, জৈন ও শিথের মধ্যে সীমাবদ্ধ। কিন্তু যদি উভয়পক্ষ জন্ম বা ধর্মান্তর গ্রহণ দারা উল্লিখিত कान मन्यमायज्ञ ना रन, जाश हरेल এर आर्रेस विवार हिलाव ना ; প্রথম 'সিভিল ম্যারেজ একের' (১৮৭২-এর ৩ আইন) শরণ লইভে হইবে। এই আইনে উভয়পক্ষকে সমস্ত প্রধান ধর্মের নিন্দা করিতে হয়, অথবা এমন বিবৃতি িতে হয়, যাহাতে তাঁহারা কোন ধর্মসম্প্রদায়ভুক্ত নহেন ইহা প্রকাশ পায়। এই অনাবশুক ধর্মদ্রোহিতা প্রদর্শন অত্যন্ত বির্ক্তিকর ব্যাপার। ধর্মপ্রাণ না হইয়াও অনেকে উহাতে আপত্তি করেন বলিয়া ঐ আইনের স্থবিধা গ্রহণ চাহেন না। শাহাতে অসবর্ণ বিবাহের স্থবিধা হয়, এমন কোন পরিবর্ত্তনের কথা উঠিলেই, সকল ধর্মের গোড়ার দল তারম্বরে প্রতিবাদ করিতে থাকেন। ইহার ফলে লোকে হয় ধর্মনিন্দা করিতে বাধ্য হয়, অথবা আইন বাঁচাইবার জন্ম ধর্মান্তর গ্রহণ করিতে বাধ্য হয়, ব্যক্তিগত ভাবে আমি অসবর্ণ বিবাহে উৎসাহ দিবার পক্ষপাতী; তবে উৎসাহ দেওয়া হউক আর নাই হউক এমন একটা সাধারণ অসবর্ণ বিবাহের আইন থাকা উচিত, যাহাতে সকল ধর্মের নরনারীই. ধর্ম নিন্দা বা ধর্ম পরিবর্ত্তন না করিয়াও বিবাহিত হইতে পারে।

আমার ভগ্নীর বিবাহে কোন আড়ম্বর ছিল না, যথাসম্ভব সাদাসিধা ভাবে উহা নির্বাহ হইগ্নছে। সাধারণতঃ আমাদের দেশে বিবাহ ব্যাপারে যে হৈ চৈ হয়, আমি তাহা পছন্দ করি না। একে মায়ের অস্থথ, তাহার উপর তথনও নিরুপদ্রব প্রতিরোধ চলিতেছিল, আমার বহু সহকর্মী কারাগারে, কার্টেকই লোক দেখান আড়ম্বরের কথা উঠিতেই পারে না। অল্প কয়েকজন আগ্রীয় কুট্ম ও স্থানীয় বয়ুদের নিমন্ত্রণ করা হইল। ইছাতে আমার পিতার অনেক পুরাতন বয়ু মনোবেদনা পাইলেন, তাঁহারা ভূল করিয়া ভাবিলেন যে আমি ইচ্ছা করিয়াই তাঁহাদের অবজ্ঞা করিয়াছি।

বিবাহের নিমন্ত্রণ পত্র ইংরাজী (লাটিন) অক্ষরে হিন্দুস্থানীতে লেখা হইয়াছিল। ইহা অভিনব, কেন না এই শ্রেণীর নিমন্ত্রণপত্র বরাবর নাগরী

### অওহরলাল নেহর

কিয়া পারদী অক্ষরে লেখা হয়, ইংরাজী অক্ষর ব্যবহার করা সৈক্তদল ও খুটান পালী বাতীত অক্যত্র দৃষ্ট হয় না। আমি পরীকা করিবার জক্তই ইংরাজী অক্ষর ব্যবহার করিলাম, লোকে উহা কি ভাবে গ্রহণ করে জানিবার কৌতৃহল ছিল। অধিকাংশ লোকই ইহা পছন্দ করিলেন না। অল্ল কয়েকগানা পত্রই দেওয়া হইয়াছিল; যদি অধিক সংখ্যায় পত্র বিতরিত হইত, তাহা হইলে প্রতিবাদ অধিকতর প্রবল হইত সন্দেহ নাই। গান্ধিজী আমার এই কার্য্য অনুমোদন করিলেন না।

আমি লাটিন অক্ষরের অমুরাগী হইলেও উহা প্রচলিত করিবার কোন উদ্দেশ্য লইয়া ব্যবহার করি নাই। তুরস্ক ও মধা এশিয়ায় ইহার অন্তক্ল যুক্তিগুলিরও গুরুত্ব আছে। কিন্তু তংসত্তেও আমি একেবারে নিঃসন্দেহ হইতে পারি নাই, হইলেও, আমি ইহা ভাল করিয়াই জানি যে, বর্ত্তমানে ভারতে লাটিন অক্ষর গ্রহণ করিবার অতি ক্ষীণ আশাও নাই। সকল শ্রেণী হইতেই ইহার বিরুদ্ধে তীব্র প্রতিবাদ উথিত হইবে। জাতীয়তাবাদী, ধর্মসম্প্রদায়, হিন্দু, মুসলমান, প্রাচীন, নবীন কেছ বাদ ষাইবেন না। এবং আমি ইহাও বুঝি যে এই প্রতিবাদ কেবল ভাবাবেপ নহে। যে ভাষার অতীত ঐশর্যা ও মহত্ব আছে, তাহার অক্ষর পরিবর্ত্তন এক গুরুতর পরিবর্ত্তন, কেন না অক্ষর ভাষার মর্ম্মবস্ত। অক্ষর পরিবর্ত্তন করিবামাত্র শব্দের চেহারা বদ্লাইয়া যায়,—স্বতন্ত্রধানি, স্বতন্ত্র ভাব মনে আসে। ইহাতে প্রাচীন সাহিত্য ও নবীন সাহিত্যের মধ্যে এক অলঙ্ঘ্য প্রাচীর গড়িয়া উঠে এবং প্রথমোক্ত সাহিত্য বৈদেশিক ভাষার মত হইয়া অবশেষে বিলুপ্ত হয়। যেখানে রক্ষা করিবার মত কোন সাহিত্য নাই, সেখানেই এই দায়িত গ্রহণ করা ঘাইতে পারে। ভারতে আমি কোন পরিবর্ত্তন কল্পনাই করিতে পারি না, কেন না আমাদের ভাষা যে কেবল ঐবর্থ্যশালী ও মূল্যবান তাহা নহে, আমাদের ইতিহাস, আমাদের চিস্তার সহিত ইহার যোগ অবিচ্ছেত্ত এবং আমাদের জনসাধারণের জীবনের সহিত ইহা ঘনিষ্ঠভাবে জড়িত। জোর করিয়া ইহা চালাইতে যাওয়া জীবস্তদেহে অস্ত্রোপচারের মতই নিষ্ঠরতা এবং তাহাতে লোকশিক্ষার গতি क्ष इटेरव।

এই প্রশ্ন আলোচনার সময় এথনও আসে নাই। আমার মতে অক্ষর
সংস্কার করিতে আমাদের সংস্কৃত ভাষার কলাস্বরূপা—হিন্দী, বাঙ্গলা,
মারাঠী ও গুজরাটি ভাষার জল্ল এক সাধারণ অক্ষর গ্রহণের বিষয়
প্রথমে চিন্তা করিতে হইবে। ঐ সকল ভাষার অক্ষরগুলির উৎপত্তিস্থল
মূলতঃ এক এবং পার্থকাও খুব বেশী নহে। কাজেই এক সাধারণ

# 4114 THE & WAY 14'5

অক্ষর নির্ণয় করা কঠিন নহে। ইহার ফলে এই চারিটি এক**ভোণীর** প্রধান ভাষা পরস্পরের অধিকতর ঘনিষ্ঠ হইবে।

ভারত সম্পর্কে এই গল্প আমাদের ব্রিটিশ শাসকেরা অত্যন্ত অধ্যবসায়ের সহিত সমগ্র জগতে প্রচার করিয়াছেন যে ভারতে কয়েক শত ভাষা প্রচলিত—নির্দিষ্ট সংখ্যাটা আমি ভূলিয়া গিয়াছি। প্রমাণ স্বরূপ সাদমস্থমারীর বিবরণ আছে। এই কয়েক শত ভাষার মধ্যে অতি অল্পসংখ্যক ইংরাজই অন্ততঃ একটি ভাষাও মোটামৃটি জানেন। দীর্ঘকাল এদেশে -বাস করিয়াও তাঁহারা উহা শিক্ষা করেন না—ইহা এক অন্যুসাধারণ ঘটনা। এই সমস্ত ভাষাকে একতা করিয়া তাঁহার নাম দিয়াছেন. "ভার্ণাকুলার" অর্থাৎ দাসজাতির ভাষা। (লাটিন ভার্ণা শদের ষে সকল দাস, পরিবারের মধ্যে জন্মগ্রহণ করে) আমাদের লোকেরাও অজ্ঞাতসারে না বুঝিয়া এই নাম গ্রহণ করিয়াছেন। সমস্ত জীবন ভারতে কাটাইলেও ইংরাজেরা আমাদের ভাষা ভাল ভাবে শিক্ষা করিবার কোন চেষ্টাই করেন না, ইহা আশ্চর্যা। তাঁহারা খান্সামা ও আয়াদের সাহায়ে এক অন্তত উচ্চারণভঙ্গীর অপভ্রংশ হিন্দু সানীকে প্রকৃত বস্তু বলিয়া কল্পনা করেন। যে ভাবে তাঁহারা অধীনস্থ কর্মচারী ও মোসাহেবদের নিকট হইতে ভারতীয় জীবন সম্পর্কে ঘটনা সংগ্রহ করেন: তেমনই ভাবে চাকর-বাকরের নিকট হইতে হিন্দুস্থানী ভাষা শিক্ষা করেন। এই চাকরেরা 'সাহেব-লোগ' বুঝিতে পারিবেন না এই ভয়ে, তাঁহাদের পছন্দ মত বাজারিয়া হিন্দুস্থানীতে কথা বলে। হিন্দুখানী ও অক্যান্ত ভারতীয় ভাষার যে উচ্চাঙ্গের সাহিত্যিক সৌন্দর্য্য ও বিপুল সাহিত্য আছে, এ সম্বন্ধে তাঁহারা গভীর ভাবেই অজ্ঞ।

আদমস্থমারীর রিপোর্ট যদি বলে যে ভারতে তুই তিন শত ভাষা আছে, তাহা হইলে আমার বিশ্বাস উহা হইতেই দেখা যাইবে যে জার্মানীতেও ৫০ কি ৬০টি ভাষা প্রচলিত আছে। এই ঘটনাকে জার্মানীর অনৈক্য বা ভেদের দৃষ্টান্তস্বরূপ কেহ উল্লেখ করিয়াছেন বলিয়া আমার মনে পড়ে না। আদমস্থমারীর বিবরণে ক্ষুন্ত ক্রাষ্টার কথাও উল্লেখ করা হয়, কয়েক সহস্র লোকের কথ্য ভাষাকেও স্বতন্ত্রভাবে উল্লেখ করা হয়। বৈজ্ঞানিক গবেষণার স্থবিধার জন্ম বহুতর কথ্য ভাষাকে পৃথক ভাষা হিসাবে শ্রেণীবিভাগ করা হয়। আয়তনের তুলনায় ভারতে অভি অল্প সংখ্যক ভাষাই প্রচলিত। ইউরোপের সহিত তুলনায় ভাষার দিক দিয়া ভারতবর্ষ অধিকতর ঐক্যবন্ধ, কিন্তু ব্যাপক নিরক্ষরতার দকণ সাধারণ কথ্য ভাষা গড়িয়া উঠে নাই। কথ্য ভাষার নানারূপ ইতর বিশেষ আছে।

### জওহরলাল নেহরু

ভারতের প্রধান ভাষা (ব্রহ্মদেশ বাদে) হিন্দুস্থানী (হিন্দী ও উর্দ্ধৃ), বাকলা, গুজরাটি; মারাঠী, তামিল, তেলেগু, মালয়ালাম ও কানাড়ী! ইহার সহিত যদি আসামী, উড়িয়া, দিন্ধী, পুস্ত ও পাঞ্চাবী জুড়িয়া দেওয়া যায়, তাহা হইলে কয়েকটি পার্বত্য ও অরণ্যবাসী সম্প্রদায় ছাড়া ভারতের সমস্ত ভাষার কথাই বলা হয়। উত্তর, মধ্য ও পশ্চিম ভারতে প্রচলিত ভারতীয় আর্ঘ্য ভাষাগুলির পরস্পরের সহিত গভীর ঐক্য রহিয়াছে। দক্ষিণের প্রাবিড় ভাষাগুলি স্বতন্ত্র হইলেও তাহার উপর সংস্কৃত ভাষার প্রভাব অত্যধিক, সংস্কৃত শব্দের প্রাচ্গাও উহাতে কম নহে।

যে আটটি প্রধান ভাষার কথা পূর্ব্বে উল্লেখ করিয়াছি, ইহার প্রত্যেকটাই প্রাচীন সাহিত্য সম্পদে সমৃদ্ধ। এবং বিস্তীর্ণ অঞ্চলে এই সকল ভাষা কথা ভাষারপে ব্যবহৃত হয়। অতএব কথাভাষার দিক দিয়া এগুলি পৃথিবীর অক্যান্য প্রধান ভাষার সহিত একত্রে আসন পাইবার যোগা। পাঁচ কোটি লোক বাঙ্গলায় কথা কহে, অল্পবিস্তর উচ্চারণে পার্থক্য থাকিলেও আমার ধারণা (হাতের কাছে নির্দিষ্ট সংখ্যা নাই) ভারতে প্রায় ১৪ কোটি লোক হিন্দুস্থানী ভাষা ব্যবহার করে এবং এই ভাষা দেশের সর্বত্ত বহুলোক অল্পবিস্তর বৃথিতে পারে। \* এই ভাষার বিপুল ভবিশ্বং সম্ভাবনা রহিয়াছে। ইহা সংস্কৃতের দৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত এবং পারসী ভাষার সহিত ঘনিষ্ঠভাবে যুক্ত। এই তুই এপ্র্যা ভাগার হইতে এই ভাষা পৃষ্ট এবং সম্প্রতি ইংরাজী হইতেও ইহা অনেক কিছু সংগ্রহ করিতেছে। দাক্ষিণাত্যে অবশ্ব হিন্দী ভাষা একেবারেই বিদেশী ভাষা, তবে সেধানেও হিন্দী-ভাষা শিক্ষাদানের বিপুল চেষ্টা চলিতেছে। তুই বংসর পূর্ব্বে (১৯৩২)

<sup>\*</sup> একজন হিন্দু হানা অমুরাগী আমাকে নিমালিধিত সংখ্যাশুলি দিয়াছেন। এওলি ১৯৩১ কি ১৯২১ এর আদমস্মারীর বিবরণ হইতে গৃহীত জানি না, ভবে মনে হয় ইহা ১৯২১ এর : বর্তমানে অবশ্য এই সংখ্যা অনেক বাডিয়াছে।

हिन्तृष्टानी (পन्टिम अक्टलंद हिन्ती, পाक्षांची ও दाखहानी मह)	३७,३०	লক
বা <b>জলা</b>	8,80	æ
ভেৰেণ্ড	२,७७	a
মা <b>রা</b> ঠী	3,66	æ
তামিল	3,00	ø
<b>कामा</b> ड़ी	۵,۰৩	u
উড়িকা	۵,۰১	æ
গুৰুৱাটি	24,	•

পুত্ত; আদামী এবং ব্রহ্মদেশের ভাষার উৎপত্তি ও প্রকৃতি স্বতন্ত্র বলিয়া এই তালিকার ভাষা ধরা হয় নাই।

### অসবর্ণ বিবাহ ও অক্ষর সমস্তা

স্থাম তত্ততা হিন্দী প্রচার সমিতি প্রদন্ত সংখ্যা দেখিয়াছিলাম, তাঁহারা চৌদ বংসরের চেষ্টায় কেবলমাত্র মান্দ্রান্ধ প্রদেশেই ৫,৫০,০০০ জন লোককে হিন্দী শিক্ষা দিয়াছেন। গভর্গমেণ্টের সাহায্য ব্যতীত স্বভঃপ্রবৃত্ত চেষ্টায় এই সাফল্য অল্প নহে, এবং যাঁহার। হিন্দী শিখিয়াছেন, তাঁহারা স্থাবার স্বতঃপ্রবৃত্ত হইয়া অপরকে শিখাইতেছেন।

হিন্দুখানী যে ভারতের সাধারণ ভাবায় পরিণত হইবে, এ বিষয়ে আমার বিন্দুমাত্র সন্দেহ নাই। সাধারণ কাজ চালাইবার জন্ম এখনও ইহা বছল পরিমাণে ব্যবহৃত হয়। হিন্দুখানী নাগরীতে লেখা হইবে না পার্সী অক্ষরে লেখা হইবে, ইহা সংস্কৃত শন্ধবহুল হইবে না পার্সী শন্ধবহুল হইবে, ইহা লইয়া নির্বোধ তর্ক ও বাদামুবাদের ফলে উহার উন্নতি ব্যাহত হইতেছে। অক্ষরের অস্থবিধা দূর করার উপায় নাই—কেন না তুই পক্ষের মনোভাবই প্রবল, অতএব তুই প্রকার অক্ষরই মানিয়া লইয়া লোককে ইচ্ছামত যে কোনটি ব্যবহার করিতে দেওয়াই সঙ্গত। তবে উভয়্মদিকের চরমপন্থা বর্জন করিয়া মোটামুটি কথ্যভাষার প্রতি লক্ষ্য রাখিয়াই সাহিত্যের ভাষার প্রাবৃদ্ধি সাধন কর্ত্তব্য। জনসাধারণের শিক্ষার ব্যবস্থা প্রবর্তনকালে ইহাই অবশ্যন্তাবা। বর্ত্তমানে খাহারা নিজেদের সাহিত্যের লিখনভঙ্গী ও মাধুর্যের নিয়ামক বলিয়া বিবেচনা করেন, সেই মুষ্টমেয় মধ্যশ্রেণী, প্রত্যেকে নিজ নিজ মত সম্পর্কে অতিমাত্রায় রক্ষণশীল ও সন্ধীর্ণমনা। তাঁহারা প্রাচীন পদ্ধতি আঁকড়িয়া আছেন, যাহার সহিত তাঁহাদের পাঠক জনসাধারণের অথবা জগতের সাহিত্যের গতিভঙ্গীর যোগ নাই।

হিন্দুয়ানী ভাষার পরিপুষ্টি ও বিস্তারের সহিত বাঙ্গলা, গুজরাটি, মারাটা, উড়িয়া বা দ্রাবিড় ভাষা প্রভৃতি ভারতের উৎকৃষ্ট ভাষাগুলির পরিপুষ্টি ও সমৃদ্ধির সংঘর্ষ হইবে না, হওয়া উচিতও নহে। ইহার মধ্যে কতকগুলি ভাষা অত্যন্ত সচেতন এবং হিন্দুয়ানী অপেকাও বৃদ্ধির দিক দিয়া সতর্ক; বিভিন্ন অঞ্চলে শিক্ষা ও অত্যাত্য কার্য্যের জন্ম এই ভাষাগুলি রাষ্ট্র ভাষারূপেই থাকিবে। কেবল ঐগুলির সহায়তাতেই জনসাধারণের মধ্যে শিক্ষা ও সংস্কৃতির ক্রত বিস্তার সম্ভব।

কেহ কেই কল্পনা করেন, ইংরাজীই ভারতের সর্বজনীন ভাষায় পরিণত হইবে। মৃষ্টিমেয় উচ্চশ্রেণীর শিক্ষিত ব্যক্তিকে বাদ দিলে, ইহা আমার নিকট উন্মাদের কল্পনা বলিয়াই মনে হয়। ইহার সহিত জনসাধারণের শিক্ষা সংস্কৃতির কোন সম্পর্কই নাই। এখন যেরূপ আছে, হয় ত আরও ব্যাপকভাবে ইংরাজী ভাষা, 'টেকনিক্যাল', বৈজ্ঞানিক ও ব্যবসায় সম্পর্কিত ব্যাপারে এবং বিশেষভাবে আন্তর্জ্জাতিক ব্যাপারে ব্যবস্থাত ইইবে। জগতের

### ज ওহরলাল নেহর

চিন্তা ও কর্মধারার সহিত যোগ রাখিবার জন্ম আমাদের অনেকেরই বিদেশী ভাষা শিক্ষা করা উচিত এবং আমার মনে হয় আমাদের বিশ্ববিদ্যালয়গুলিতে ইংরাজী ভাষা ছাড়াও, ফরাসী, জার্মান, ক্লশিয়ান, ক্লেনীয় ও ইন্তালীয় ভাষা শিক্ষা দেওয়া উচিত। অবশু ইংরাজীকে অবজ্ঞা করিতে হইবে এমন কোন কথা নাই, তবে জগতের মতামত তুলমূল বিচার করিতে হইলে আমাদের কেবল ইংরাজীর চশমা ব্যবহার করিলেই চলিবে না। ইতিমধ্যেই আমাদের মানসিক বিকাশের ধারা বহুল পরিমাণে একদেশদশী হইয়া পড়িয়াছে, কেন না আমরা কেবল একদিকের কথা ও মতবাদ ভাবিতে অভ্যন্ত। এমন কি আমাদের অতি উগ্র জাতীয়তাবাদীরা পর্যান্ত ব্রিতে পারেন না যে ভারত সম্পর্কে তাঁহাদের ধারণা ব্রিটিশ দৃষ্টিভঙ্গী দ্বারা কি পরিমাণে আচ্ছয়।

কিন্তু অ্যান্ত বিদেশীভাষা শিক্ষায় আমরা যতই উৎসাহ দেই না কেন, বাহিরের সহিত বোগাযোগ রক্ষার জন্ত ইংরাজী ভাষাই আমাদের প্রধান অবলম্বন থাকিবে। ইহাই হওয়া উচিত, পুরুষামুক্রমে আমরা ইংরাজী শিথিতেছি এবং ইহাতে অনেকটা ক্বতকার্যাও হইয়ছি। এই দীর্ঘকারের শিক্ষার ধারা একেবারেই মৃছিয়া ফেলিয়া নৃতন কিছু গ্রহণ করিবার চেন্তা নির্ক্র্ দ্বিতাই হইবে। বর্ত্তনানে ইংরাজী ভাষা বহু দ্রপ্রসারী এবং ইহা জ্বতগতিতে অন্যান্ত ভাষাকে অতিক্রম করিতেছে, ইহাতে সন্দেহ নাই। আন্তর্জ্ঞাতিক আলোচনায় এবং রেডিয়ো ঘোষণায় এই ভাষাই প্রধান বাহন হইবে, যদি না "আমেরিকান" ইহার স্থান গ্রহণ করে। অতএব আমাদিগকে ইংরাজী শিক্ষা বিস্তৃত কারতে হইবে। যথাসম্ভব ইহা আমাদের শিক্ষা করা উচিত, তবে এই ভাষার ক্ষ্মাতিক্ষ্ম রস্ উপভোগ করিবার জন্ত অনেকে যেমন ভাবে অতিরিক্ত সময় ও শক্তিব্যয় করেন, আমি তাহার কোন প্রয়োজন দেখি না। ব্যক্তিবিশেষের পক্ষেইহা সম্ভব হইতে পারে, কিন্তু অধিকাংশের উপর এই বোঝা চাপাইয়া দিলে অন্যান্য দিকে তাহাদের উন্নতি অবক্ষম্ব হয়।

সম্প্রতি "বেসিক ইংলিশ" এর প্রতি আমার দৃষ্টি আরুষ্ট হইরাছে।
আমার মনে হয় ইহাতে ইংরাজী ভাষা শিক্ষার পথ অত্যন্ত সরল ও স্থগম
করা হইরাছে, ভবিশ্বতে ইহার প্রচলনের সমধিক সম্ভাবনা রহিয়াছে।
আমাদের পক্ষে এই "বেসিক ইংলিশ" শিক্ষা ব্যাপকভাবে প্রবর্ত্তন করাই
ভাল, পণ্ডিতী ইংরাজী বিশেষজ্ঞ বা বিশিষ্ট ছাত্রের জন্ম নিদিষ্ট থাকুক।

ব্যক্তিগতভাবে আমি হিন্দুস্থানী ভাষায় ইংরাজী ও অক্যান্ত বিদেশী ভাষা হইতে শব্দ গ্রহণের পক্ষপাতী। ইহার প্রয়োজন আছে, কেন না আধুনিক

# অসবর্ণ বিবাহ ও অক্ষর সমস্তা

অনেক নাম ও শব্দের প্রতিশব্দ আমাদের ভাষায় নাই, সংস্কৃত, পারসী বা আরবী হইতে কঠিন শব্দ রচনা না করিয়া সর্বজন পরিচিত শব্দ ব্যবহার করাই ভাল। ভাষার পরিত্রত। রক্ষাকারীরা ইহাতে আপত্তি করিবেন, কিন্তু আমার মনে হয় হহা মন্ত ভুল, অক্যান্ত ভাষা হইতে শব্দ ও ভাব পরিপাক করিবার শক্তি ও সহন্থ নমনীয়তার ছারাই ভাষা সমৃদ্ধিশালী হইয়া উঠে।

আমার ভগ্নীর বিবাহের পরেই আমি কাশী যাতা করিলাম। আমার পুরাতন বন্ধু ও সহকর্মী শিবপ্রসাদ গুপ্ত এক বংসরকান পীড়িত ছিলেন। লক্ষ্ণো জেলে থাকিবার সময় তিনি পক্ষাঘাতরোগে আক্রান্ত হন, তথন হইতে অতি ধীরে ধীরে আরোগালাভ করিতেছেন। কাশীতে অবস্থান কালীন একটি ক্ষুদ্র হিন্দী-সাহিত্য সমিতি আমাকে একখানি মানপত্র প্রদান করেন এবং আমি সদস্যদের সহিত সাধারণভাবে কিছু আলাপ আলোচনা করি। আমি বলিলাম, যে বিষয় আমি অল্প জানি, তাহা লইয়া বিশেষজ্ঞদের সহিত আলোচনায় আমার সঙ্কোচ হয়, তবুও আমি কয়েকটি বিষয় উল্লেখ করিলাম। হিন্দী লিখিবার আলহারিক ও জটিল প্রচলিত প্রথার সমালোচনা করিয়া আমি বলিলাম যে কঠিন কঠিন সংস্কৃত শব্দ প্রয়োগ, কৃত্রিম ও আড়ষ্ট প্রাচীন রচনাপদ্ধতি ধরিয়া থাকার কোনই দার্থকতা নাই। আমি বলিলাম, মৃষ্টিমেয় ব্যক্তির জন্ম এইরূপ রাজনরবারী সাহিত্য রচনা ত্যাগ করিয়া হিন্দী লেথকগণ দুঢ়তার জনসাধারণের জন্ম সহিত সৰ্বজনবোধ্য ভাষায় সাহিত্য জনসাধারণের সহিত **मः**प्लार्च ভাষা অক্তুত্রিম হইয়া উঠিবে,—লেথকগণও জনসাধারণের ভাবাবেগ হইতে শক্তি লাভ করিয়া অধিকতর উল্লতধরণে রচনা করিতে সমর্থ হইবেন। আমি আরও বলিলাম যে, হিন্দী গ্রন্থকারেরা যদি পাশ্চাত্য চিন্তাধারা ও সাহিত্যের প্রতি অধিকতর মনোযোগী হন, তাহা হইলে তাঁহারা বছল পরিমাণে উপক্লত হইবেন। বিভিন্ন ইউরোপীয় ভাষা হইতে উচ্চাঙ্গের সাহিত্য ও আধুনিক ভাবধারা সংক্রান্ত গ্রন্থগুলির অহুবাদ হওয়াও বাঙ্কনীয়। প্রসঙ্গতঃ णामि উল্লেখ করিলাম যে আধুনিক হিন্দী অপেক্ষা, আধুনিক বাঙ্গলা, মারাঠী ও গুজরাটি ভাষা অধিক অগ্রসর, বিশেষভাবে আধুনিক বাঞ্চলা-সাহিত্যের মৌলিকতা ও স্বজনী-প্রতিভা হিন্দী অনেক অধিক।

এই সকল কথা বন্ধুভাবে আলোচনা করিয়া আমি ফিরিয়া আসিলাম। কিন্তু সভায় উহা যে সংবাদপত্তে প্রকাশিত হইবে, এ ধারণাও আমার ছিল না,

### জওহরলাল নেহর

কিন্ত উপস্থিত কোন ব্যক্তি উহার বিবরণ হিন্দী সংবাদপত্রগুলিতে প্রকাশ করিয়া দিলেন।

আমার বিক্লকে হিন্দী সংবাদপত্রগুলিতে তীব্র প্রতিবাদ উঠিল, থেঁহেতু আমি বান্দলা, গুজরাটি ও মারাঠী অপেক্ষা হিন্দীকে হীন করিয়া সমালোচনা করিতে স্পর্কা প্রকাশ করিয়াছি। আমাকে গভীরভাবে অজ্ঞএ বিষয়ে আমি অজ্ঞ তাহাতে সন্দেহ কি—ও আরও কঠিন কঠিন বিশেষণ বারা পরাহত করা হইল। এই বাদাহ্যবাদ পড়িবার আমি সময় পাই নাই, শুনিয়াছি কয়েকমাস ধরিয়া, আমি পুনরায় কারাগারে না যাওয়া পর্যন্ত উহা চলিয়াছিল।

এই ঘটনায় আমার একটা শিক্ষা হইল। আমি ব্ঝিলাম, হিন্দী সাহিত্যিক ও সাংবাদিকেরা অতিমাত্রায় অসহিষ্ণু, একজন হিতাকাজ্জীর নিকট হইতেও তাঁহাদের সঙ্গত সমালোচনা শুনিবার মত ধৈর্য্য নাই। ইহার পশ্চাতে নিশ্চয়ই হীনতাবোধ রহিয়াছে। আত্মসমালোচনার একাস্ত অভাব, সমালোচনার আদর্শ অতি দীন। গ্রন্থকার ও সমালোচক ব্যক্তিগত অভিসন্ধি আরোপ করিয়া কলহ করিতেছেন, এ দৃশ্য বিরল নহে। ইহাদের দৃষ্টিভঙ্গী সন্ধীর্ণ বুর্জ্জোয়া শ্রেণীর এবং কৃপমণ্ডৃকত্বে পূর্ণ দেখিয়া মনে হয় যেন গ্রন্থকার ও সাংবাদিকেরা পরস্পরের জন্য এবং অতি অল্পসংখ্যক ব্যক্তির জন্য লিখিয়া থাকেন; জনসাধারণের স্বার্থ বা মনোভাব একেবারেই অবজ্ঞা করেন। যেখানে ক্ষেত্র প্রশন্ত এবং বিস্তৃত, সেখানে এভাবে শক্তির অপব্যয় করা কত শোচনীয়।

হিন্দী সাহিত্যে অতীত সম্পদ প্রচুর; কিন্তু কেবল অতীতের উপর নির্ভর করিয়া ইহা বাঁচিতে পারে না। আমার দৃঢ় বিশ্বাস ইহার মহং ভবিশুং আছে এবং হিন্দা সংবাদপত্রগুলি কালক্রমে দেশে বিশেষ শক্তিশালী হইয়া উঠিবে। কিন্তু বর্ত্তমান প্রচলিত প্রথা বর্জন করিয়া সাহসের সহিত জনসাধারণের জন্তু সাহিত্যরচনায় প্রবৃত্ত না হইলে উন্নতির আশা নাই।

আমার ভগ্নীর:বিবাহের প্রাক্কালে সংবাদ আসিল, ইউরোপে বিঠলভাই প্যাটেলের মৃত্যু হইয়াছে। তিনি দীর্ঘকাল রোগভোগ করিতেছিলেন এবং এই কারণেই ভারতে তাঁহাকে কারাগার হইতে মৃক্তি দেওয়া হইয়াছিল। তাঁহার মৃত্যু অত্যন্ত বেদনাবহ ঘটনা, আমাদের সংগ্রামের মধ্যে প্রধান নেতাদের একের পর আর এইভাবে মহাপ্রস্থান, অত্যন্ত অবসাদজনক। বিঠলভাই-এর এণকীর্ত্তন করিয়া অনেকেই লিখিতে লাগিলেন। এবং প্রায় সকলেই তাঁহাকে একজন পার্লামেন্টিয় নীতিবিশারদ এবং ব্যবস্থা-পরিষদের সভাপতিরপে তাঁহার সাফল্যের কথা উল্লেখ করিতে লাগিলেন। ইহা নিঃসংশরে দত্য কিন্তু ইহার বারম্বার পুনক্ষক্তিতে আফি অত্যন্ত বিরক্তিবোধ করিতে লাগিলাম। ভারতে কি পার্লামেন্টিয় কার্য্যে পরিপক্ষ এবং যোগ্যতার সহিত সভাপতির কার্য্য পরিচালনা করিতে পারেন, এমন লোকের অভাব আছে প এই কাজের জন্ম আনাদের আইনজীবীরা যথেষ্ট শিক্ষিত। বিঠলভাই উহা অপেক্ষাও অনেক বড় ছিলেন—তিনি ছিলেন ভারতের স্বাধীনতার একজন ত্র্দ্মনীয় যোদ্ধা।

আমার বারাণদীতে অবস্থানকালীন আমি হিন্দু-বিশ্ববিভালয়ের ছাত্রদিগের নিকট বক্তৃতা করিতে আহুত হইয়াছিলাম। আমি আনন্দের সহিত আমন্ত্রণ গ্রহণ করিলাম,—এবং ভাইস-চ্যান্দেলর পণ্ডিত মদনমোহন মালব্যের সভাপতিত্বে এক বিশাল সভায় বক্তৃতা করিলাম। প্রসঙ্গতঃ আমাকে সাম্প্রদায়িকতা সম্বন্ধে অনেক কথাই বলিতে হইল, আমি তীব্রভাষায় উহার নিন্দা করিলাম এবং বিশেষভাবে হিন্দু মহাসভার কার্য্যপ্রণালীরও নিন্দা করিলাম। আক্রমণ করিবার জন্ত পূর্ব হইতে আমি কোন সম্বন্ধ করি নাই। দীর্ঘকাল ধরিয়া আমার মনের মধ্যে বিভিন্ন দলের সাম্প্রদায়িকতাবাদীদের প্রতিক্রিয়াশীল কাষ্যপদ্ধতির জন্ত ক্রোধ সঞ্চিত ছিল; এবং আলোচনাম্থে উৎসাহ ও উত্তেজনাম সেই ক্রোধের কিয়দংশ বাহিরে প্রকাশিত হইল। আমি বিশেষ জোরের সহিত হিন্দু সাম্প্রদায়িকতাবাদীদের প্রাতি-বিরোধী চরিত্রের কথা বলিলাম, কেন না, সম্পূর্ণ হিন্দু শ্রোত্মগুলীর নিকট মুসলমান সাম্প্রদায়িকতাবাদীদের স্বন্ধপ বর্ণনার কোন

### ज उर्जनान (नर्ज

অর্থ হয় না। তথন আমার একথা মনে হয় নাই যে, যে সভার সভাপতি মালব্যজী, সেই সভায় হিন্দু মহাসভার সমালোচনা করা স্থকচির পরিচায়ক নহে, কেন না তিনি উহার অগুতম স্তম্ভ স্বরূপ। উহা আরও শনে না পড়িবার কারণ এই যে, ইদানীং তিনি উহার সহিত ততটা ঘনিষ্ঠভাবে যুক্ত ছিলেন না, নৃতন আক্রমন্থশীল নেতারা তাঁহাকে অনেকটা কোণ-ঠাসা করিয়া ফেলিয়াছিল। যতদিন তাঁহার প্রভাব ছিল, ততদিন মহাসভা সাম্প্রদায়িকতা সত্বেও রাষ্ট্রক্ষেত্রে প্রগতিবিরোধী হইয়া উঠিতে পারে নাই। কিন্তু পরবর্ত্তীকালে ইহা প্রত্যক্ষ হইয়া উঠে, এবং আমার দৃঢ় বিশ্বাস ইহাতে মালব্যজীর কোন হাত ছিল না এবং তিনি নিশ্চয়ই ইহা অন্থমোদন করেন নাই। তথাপি আমার পক্ষে ইহা উচিত হয় নাই। আমি পরে ব্রিলাম যে, তাঁহার আমন্ত্রণের অপব্যবহার করিয়া আমি যে সকল মন্তব্য করিয়াছি, তাহাতে তাঁহাকে ক্রম করা হইয়াছে। এজন্ত আমি তৃঃখিত হইয়াছিলাম।

আমার নির্বাদ্ধিতাপ্রস্ত আর একটি ভূলের জন্তও আমি হংথিত হইয়াছি। একজন আমার নিকট একটি প্রস্তাবের নকল পাঠাইয়া লিখিয়াছিলেন, আজমীত হিন্দু যুবক-সম্মেলনে ঐ প্রস্তাবটি গৃহীত হইয়াছে। প্রস্তাবটি অত্যন্ত আপত্তিজনক এবং আমার বারাণসীর বক্তৃতায় উহা উল্লেখ করিয়াছিলাম। প্রকৃত প্রস্তাবে ঐরপ কোন সম্মেলনে ঐ প্রস্তাব গৃহীতই হয় নাই, উহা হুইলোকের ধাপ্পাবাজী মাত্র।

আমার বারাণসীর বক্তৃতার সংক্ষিপ্ত বিবরণ সংবাদপত্রে প্রকাশিত হওয়ায় হৈ হৈ পড়িয়া গেল। এই শ্রেণীর ব্যাপারে আমি অভ্যন্ত হইলেও হিন্দুমহাসভার নেতাদের আক্রমণে বিষের জ্বালা দেখিয়া আমি অবাক হইলাম। এই সকল আক্রমণ ব্যক্তিগত এবং আলোচ্য বিষয়ের সহিত উহার কোন সংশ্রেব নাই। তাঁহারা সীমা অতিক্রম করিলেন, ইহাতে আমি আনন্দিতই হইলাম, কেন না, আমি এ বিষয়ে আমার বক্তব্য পরিক্ষৃত্ত করিবার স্থযোগ পাইলাম। মাসের পর মাস ধরিয়া, এমন কি যখন আমি কারাগারে ছিলাম, তখন হইতেই এই সকল কথা আমার মনের মধ্যে গর্জন করিতেছিল, কিন্তু প্রকাশের পথ খুঁজিয়া পাইতেছিলাম না। ইহাতে যেন ভীমক্রলের চাকে থোঁচা দেওয়া হইল, যদিও ভীমক্রল আমার গা-সহা, তথাপি যে বাদাহ্যবাদ গালাগালিতে পর্যাবসিত হয়, তাহাতে আনন্দ নাই। কিন্তু আমার বিচার করিবার অবসর রহিল না। আমার ধারণাহ্যায়ী যুক্তিজ্ঞাল বিস্তার করিয়া হিন্দু ও মুসলমান উভয় শ্রেণীর সাম্প্রদায়িক তাবাদ সম্বন্ধে একটি প্রবন্ধ লিখিলাম,

আমি উহাতে দেখাইলাম, তুই পক্ষের কেহই "থাঁটি" সাম্প্রদায়িকতাবাদী নহে, আসলে রাজনৈতিক ও সামাজিক উন্নতিবিংরাধীরাই সাম্প্রদায়িকতার মুখোস পরিয়া আত্মগোপন করিয়া আছে। সংবাদপত্র হইতে জেলে সংগ্রহ করা, সাম্প্রদায়িক নেতাদের ২ক্তৃতা ও বিবৃতির কতকগুলি বিবরণ আমার নিকট ছিল। আমার নিকট এত বেশী উপাদান ছিল মে, সেগুলিকে সংবাদপত্রের প্রবন্ধের নধ্যে সাজাইয়া গুছাইয়া ঠাসিয়া দিতে আমাকে অত্যন্ত বেগ পাইতে হইয়াছে।

আমার এই প্রবন্ধটি ভারতীয় সংবাদপত্রগুলিতে বহুল প্রচার লাভ করিল। কিন্তু কি হিন্দু কি মুসলমান সাম্প্রদায়িকতাবাদী, কোন পক্ষ इट्रेट्ट कान ज्याव जामिन नाः यनिछ जामात श्रवस्त्र छेछरात मध्यस्त्र অনেক কথা ছিল। হিন্দু-মহাসভার যে সকল নেতা নানা ছন্দে জোরালো ভাষায় আমাকে তীব্রভাবে আক্রমণ করিয়াছিলেন, এখন তাঁহারা একেবারেই মৌনাবলম্বন করিলেন। মুদলমানদের পক্ষ হইতে কেবল স্থার মহম্মদ रेकवान, विजीय शानारहेविन रेवर्ठक मश्रस आभात करप्रकृष्टि जम मराभाधन করিতে, চেষ্টা করিলেন, ইহা ছাড়া তিনি আমার য়ক্তিসম্বন্ধে কোন উচ্চবাচ্য করিলেন না। ইহার উত্তর দিতে গিয়াই আমি ইপিত করিলাম যে, রাজনৈতিক ও দাম্প্রদায়িক দমস্যাগুলি গণ-পরিষদ আহ্বান করিয়া মীমাংসা করা উচিত। পরে সাম্প্রদায়িকতা লইয়া আমি আরও ছই একটি প্রবন্ধ লিথিয়াছিলাম। এই সকল প্রবন্ধ লোকে সদয়ভাবে গ্রহণ করায় এবং চিন্তাশীল বাক্তিদের উপর উহার প্রভাব দেখিয়া আমি আশান্বিত হইলাম। অবশ্র আমি কল্পনাও করি নাই যে সাম্প্রদায়িকতার পশ্চাতে যে তীব্ৰ মনোভাব বিঅমান, তাহা আমি কোন যাত্নন্ত্ৰে উড়াইয়া দিতে পারিব। আমাব কেবল দেখাইবার উদ্দেশ্য ছিল যে সাম্প্রদায়িক নেতারা ভারতের ও ইংলণ্ডের প্রতিক্রিয়াশীল অংশের সহিত ঘনিষ্ঠভাবে সংযুক্ত এবং কার্যক্ষেত্রে তাঁহারা সর্ব্ধবিধ রাজনৈতিক, বিশেষভাবে সামাজিক উন্নতির বিরোধী। তাঁহাদের দাবীগুলির সহিত জনসাধারণের কোন সম্পর্ক নাই। উপরের দিকের মৃষ্টিমেয় ব্যক্তির স্বার্থসিদ্ধি ছাড়া উহার আরু কোন দার্থকতা নাই। এই ভাবে যুক্তিতক দ্বারা যথন আমি আক্রমণ করিতে দক্ষম করিলাম, তথনই কারাগারের ঢাক আসিল। হিন্দু মুসলমান মিলনের জন্ম পুনঃ পুনঃ আবেদনের দার্থকতা আছে দন্দেহ নাই; কিন্তু অনৈক্যের কারণগুলি বৃষিবার চেষ্টা না করিলে, উহা শৃন্মগর্ভ উক্তিমাত্র। যাহা হউক, অনেকে এরূপ কল্পনা করেন যে, ঐ যাত্মম্বটি বারে বারে আওড়াইলেই একদিন মিলন আঁসিয়া পডিবে।

### च ওহরলাল নেহর

১৮৫৭-র বিদ্রোহের পর হইতে সাম্প্রদায়িক প্রশ্ন সম্পর্কে ব্রিটশ-নীতি খতাইয়া দেখিলে অনেক কিছু ব্রিবার উপাদান পাওয়া যায়। হিন্দু ও ম্সলমানকে একত্র মিলিত হইয়া কাজ করিতে বাধা দেওয়া এবং এককে অপরের বিরুদ্ধে প্রয়োগ করা মূলতঃ অপরিহার্য্য নীতি ছিল। ১৮৫৭-র পর ব্রিটিশের কঠিন হস্ত হিন্দু অপেক্ষা ম্সলমানের উপরই কঠোরভাবে পতিত হইল। তাঁহারা ভাবিলেন, ম্সলমানেরাই অধিক আক্রমণশীল ও রণপ্রিয়, ভারত শাসনের অল্পদিন পূর্বের স্মৃতি তাঁহাদের রহিয়াছে, অতএব ইহারাই অধিকতর বিপজ্জনক। ম্সলমানেরাও নৃতন শিক্ষা পদ্ধতি হইতে সরিয়া রহিলেন, এবং গভর্ণমেন্টের অধীনে অল্প চাকুরীই তাঁহারা পাইলেন। এ সমস্তই তাঁহারা সন্দেহের দৃষ্টিতে দেখিতে লাগিলেন। হিন্দুরা ইংরাজী ভাষা শিথিয়া কেরাণী শ্রেণীর চাকুরী আনন্দের সহিত গ্রহণ করিতে লাগিল এবং তাহাদের বেশ নিরীহ মনে হইতে লাগিল।

উপরের দিকে অর্থাৎ উচ্চশ্রেণীর ইংরাজী ভাষী শিক্ষিত সম্প্রদায়ে অভিনব জাতীয়তাবাদ জাগ্রত হইল এবং স্বাভাবিকভাবেই ইহা হিন্দুদের মধ্যেই সীমাবদ্ধ ছিল, কেন না, মৃসলমানের। তথন শিক্ষাক্ষেত্রে অত্যন্ত পশ্চাৎপদ। এই জাতীয়তাবাদের স্বর অতি শাস্ত ও নিরীহ হইলেও গভর্গমেন্ট তাহা পছন্দ করিলেন না, তাহারা মৃসলমানদিগকে উৎসাহ দিতে আরম্ভ করিলেন, যাহাতে তাঁহারা নৃতন জাতীয়তাবাদ হইতে দূরে সরিয়া থাকেন। ইংরাজী শিক্ষার অভাবই ছিল মৃসলমানদের প্রধান বাধা, কিন্তু তাহা ধীরে ধীরেই অন্তর্হিত হইবে সন্দেহ নাই। দূরদৃষ্টি লইয়া ব্রিটিশগণ ভবিষ্যতের ব্যবস্থা করিতে প্রস্তত হইলেন, এবং এই কাথ্যে তাহাদের প্রধান সহায় হইলেন, প্রথব্যক্তিরশালী শুর দৈয়দ আহম্মদ খা।

সম্প্রদায়ের অন্তরত অবস্থা, বিশেষভাবে শিক্ষার শোচনীয় তুর্গতি দেখিয়া স্থার দৈয়দ ব্যথিত হইলেন; ব্রিটিশ গভর্গনেন্টের উপর ইহাদের কোন প্রভাব নাই, গভর্গনেন্টও ইহাদের কোন অন্থগ্রহ করেন না, ইহা তাঁহার নিকট অত্যন্ত তুংগজনক হইয়া উঠিল। তংকালীন অনেক সমসাময়িক ব্যক্তির মত তিনিও ব্রিটিশের অন্থরাগী ছিলেন এবং বিলাত ভ্রমণ করিয়া অত্যন্ত প্রভাবান্থিত হইয়াছিলেন বলিয়া মনে হয়। ইউরোপ বিশেষভাবে পশ্চিম ইউরোপ বিগত শতান্ধীর মধ্যভাগে সভ্যতার সর্ক্ষোচ্চ শিথরে আরোহণ করিয়াছিল, সমগ্র জগতে তাহার একাধিপত্য, বড় হইতে গেলে যে সকল গুণ আবশ্যক তাহা সর্ব্বের প্রকাশিত। সমন্ত ক্ষমতা ও এখর্য্য উচ্চশ্রেণীর করায়ত্ত, প্রশ্ন করিবার সাধ্য কাহারও নাই। ইহা উদারনৈতিকগণের যুগ—ইহা ভবিষ্যতের মহৎ পরিণতির উপর

দুঢ়বিখাসী। এই বিশায়কর বাহ্ম চাকচিক্য প্রতাক্ষ করিয়া ভারতীয়ের। যে অভিভূত হইবেন, তাহাতে আর বিচিত্র কি? হিন্দুরাই অধিকসংখ্যায় ইউরোপে ও ইংলণ্ডে গিয়া তাঁহাদের অমুরাগী হইয়া স্বদেশে ফিরিতে লাগিলেন। ক্রমে বাহু চা চিকা ও আড়ম্বর সহিয়া গেন, প্রথম দর্শনের বিশায় আর রহিল না। কিন্তু শুরু সৈয়দের মনে প্রথম দর্শনের বিশ্বয় ও আসক্তি অত্যন্ত প্রবল ছিল। ১৮৬৯ সালে ইংলণ্ডে গিয়া তিনি দেশে কতকগুলি পত্র লেখেন। ইহার একখানি পত্তে তিনি লিখিয়াছেন,— "ভারতে ইংরাজদের অদৌজন্ত এবং ভারতবাদীকে মুণারও অযোগ্য জীবজন্তুর মত ব্যবহারের জন্ম যদিও আমি ইংরাজকে মার্জ্জনা করিতে পারি না, তথাপি আমার মনে হয়, তাঁহারা ভ্রান্ত ধারণা হইতেই এরূপ করিয়া থাকেন, এবং কিছু সকোচের সহিত আমি একথাও স্বীকার করিব যে, আমাদের সম্পর্কে তাঁহাদের মতামত খুব বেশী ভুল নহে। ইংরাজের খোদামোদ না করিয়াও আমি একথা বলিতে পারি যে ভারতীয় নেটিভগণ, উচ্চ নীচ, ব্যবসায়ী ও ছোট দোকানদার, শিক্ষিত ও নিরক্ষরদের যদি আদব কারদা শিক্ষা ও চরিত্তের মহত্তের মাপকাঠিতে ইংরাজের সহিত তুলনা করা যায়, তাহা হইলে, শক্তিমান স্থন্দর মান্তবের সহিত একট। নোংবা জানোয়ারের যে পার্থক্য, পার্থক্য ঠিক ততথানি। ভারতে ইংরাজেরা যে আমাদিগকে নপুংসক পশু বলিয়া মনে করে, তাহার যুক্তি ও কারণ আছে। ·····যাহা আমি দেখিয়াছি, এবং প্রত্যাহ দেখিতেছি. ভারতের নেটভেরা তাহা কল্পনাও করিতে পারিবে না। .... যাহা কিছু ভাল বস্তু, ঐহিক ও পারমার্থিক, যাহা কিছু মহৎ মাকুষের মধ্যে দেখা যায়, দে সমস্তই সর্বাপক্তিমান ঈশ্বর ইউরোপ, বিশেষ ভাবে ইংলগুকে দান ক্রিয়াছেন।\*

ইংলণ্ড ও ইউরোপের ইহাপেক্ষা অধিক প্রশংসা আর কেহই করিতে পারেন নাই, শুর সৈয়দ যে অতিমাত্রায় অভিভূত হইয়ছিলেন তাহা স্বতঃশিদ্ধ। তুলনা করিতে গিয়া তিনি যে কঠিন ভাষা প্রয়োগ করিয়াছেন, সম্ভবতঃ তাহার উদ্দেশ্য এই যে তাঁহার স্বদেশবাসীকে মোহ নিদ্রা হইতে জাগ্রত করিয়া সমূথে অগ্রসর করাইবার জন্ম। এই অগ্রসর বলিতে তিনি নিংসন্দেহে ব্ঝিলেন,—পাশ্চাত্য শিক্ষার দিকে অগ্রসর হইতে হইবে, অন্যথা তাঁহার সম্প্রদায় অধিকতর শক্তিহীন ও অধঃপতিত হইয়া পড়িবে। ইংরাজী শিক্ষার অর্থই সরকারী চারুরী, নিরাপন্তা, প্রতিপত্তি

উদ্ধৃত অংশ হানদ্ কোণের "প্রাচ্যের জাতীয়তাবাদের ইতিহাস" হইতে গৃহীত।

### जं अर्जनांग (मर्ज

ও সন্মান। অতএব শিক্ষাবিস্তারে তিনি সর্বাশক্তি নিয়োজিত করিলেন এবং তাঁহার সম্প্রদায়কে স্বমতে আনম্বন করিতে লাগিলেন। তিনি অনগ্রহণা হইল এই এক বিষয়ে মন:সংযোগ করিলেন,—গতামুগতিকতা ও সংশয় হইতে মুসলমানদিগকে মুক্ত করা অতিশয় কঠিন কাজ ছিল সন্দেহ নাই। হিন্দু বুজ্জায়া শ্রেণীর নবজাতীয়তাবাদ তাঁহার নিকট অবাস্তর বিষয়ে মনোনিবেশ করা বলিয়া বোধ হইয়াছিল বলিয়াই তিনি উহার বিবোধিতা করিয়াছিলেন। হিন্দুরা পাশ্চাতা শিক্ষায় অর্জশতান্দীর অধিক অগ্রসর, তাহারা গভর্গমেন্টের সমালোচনার বিলাস করিতে পারে, কিন্তু তাঁহার শিক্ষা প্রচারে গভর্গমেন্টের পূর্ণ সহযোগিতা আবশ্যক; এবং তিনি এখনই উহাতে যোগ দিয়া, তাঁহার উদ্দেশ্য পণ্ড হইবার দায়িত গ্রহণ করিতে পারেন না। অতএব তিনি শিশু জাতীয় কংগ্রেস হইতে মুখ ফিরাইলেন; ব্রিটিশ গভর্গমেন্ট অতি আগ্রহের সহিত তাঁহাকে উৎসাহ দিলেন।

শুর সৈয়দের মুসলমানদের জন্ম পাশ্চাত্য শিক্ষায় সমস্ত শক্তি কেন্দ্রীভৃত করিবার সম্বল্প যে ঠিকই হইয়াছিল, তাহাতে সন্দেহ নাই। ইহা ব্যতীত তাহারা নতন ধরণের ভারতীয় জাতীয়তাবাদ গঠন ব্যাপারে কোন কার্য্যকরী অংশ গ্রহণ করিতে পারিত না, এবং উন্নততর শিক্ষা ও অর্থ নৈতিক উন্নত অবস্থাসম্পন্ন হিন্দুদের পো ধরিয়াই তাহাদের কাটাইতে হইত। ঐতিহাসিক অভিব্যক্তির পথে ও মতবাদের দিক দিয়া তথনও মুসলমানেরা বুর্জোয়া জাতীয়তাবাদী আন্দোলনে যোগ দিবার যোগ্যতা অজ্জন করে নাই; কেন না হিন্দুদের মত তাহাদের বুর্জ্জোয়া শ্রেণী গড়িয়া উঠে নাই। স্তর সৈয়দের কার্য্যপ্রণালী দৃশ্রতঃ অতিমাত্রায় মডারেট হইলেও, উহা সম্যকরূপে বৈপ্লবিক পথেই প্রযুক্ত হইয়াছিল। যথন নবস্ট হিন্দু মধ্যশ্রেণীরা इँडेर्जाभीय डेमार्त्रनिङ्क भज्वारम्य मिक इँडेर्ड हिन्छ। कतिराड्सिन, তথন মুসলমানেরা গণতন্ত্র-বিরোধী সামস্ততান্ত্রিক মতবাদে আচ্ছন্ন ছিলেন। কিছ উভয়শ্রেণী সম্পূর্ণরূপে মভারেট এবং ব্রিটিশ শাসনের উপর নির্ভরশীল ছিল। অল্পসংখ্যক ধনী মুসলমান জমিদার যে শ্রেণীর মডারেট, শুর সৈয়দ ছিলেন সেই শ্রেণীর। হিন্দুদের মভারেট নীতি ছিল, সতর্ক বৃত্তিজীবী ও বণিকের শিল্পবাণিজ্য ও টাকা খাটাইবার উপায় অন্বেষণ। ব্রিটিশ উদারনীতির দীপ্ত শিখা মাড্টোন, ত্রাইট প্রভৃতি হইতে হিন্দু রাজনৈতিকেরা আলোক গ্রহণ করিতেন। মুসলমানেরা তাহা করিয়াছেন কিনা, আমার সন্দেহ আছে। সম্বৃতঃ তাঁহারা বিটিশ রক্ষণশীল ও ইংলণ্ডের জমিদার সম্প্রদায়ের অন্তরাগী ছিলেন। আরমেনিয়ান হত্যাকাণ্ডের জন্ত, তুরস্কের

পুন: পুন: নিন্দা করায় তাঁহারা গ্লাভষ্টোনকে ত্ব'চক্ষে দেখিতে পারিতেন না। তবে ডিস্রেলী তুরস্কের প্রতি বন্ধুভাবাপন্ন ছিলেন বলিয়া তাঁহারা তাঁহার প্রতি (অবশ্য অল্পসংখ্যক মৃস্যমানই তথন এই স্ব ব্যাপারের থোঁজ রাখিতেন) একটু পক্ষপাত দেখাইতেন।

স্থার সৈয়দ আহম্মদ খাঁর কতকগুলি বকুত আজকাল পড়িলে অত্যন্ত আশ্চর্যা বলিয়া বোধ হয়। যুখন কংগ্রেদের বাষিক অধিবেশন হইতেছিল তथन, कः टश्टामुद অতি সাধারণ ও সামান্ত দাবীরও ম্মালোচনা ক্বিয়া ১৮৮৭ সালের ডিসেম্বর মাসে তিনি লক্ষো-এ এক বস্তৃতা করেন। স্তর সৈয়দ বলিয়াছিলেন,—"যদি গভর্ণমেণ্ট আফগানিস্থানের সহিত যুদ্ধ করেন অথবা ব্রন্ধদেশ জয় করেন, তাহা হইলে তাঁহাদের নীতি স্থালোচনা করিবার আমাদের কোন অধিকার নাই। .... গভর্ণমেণ্ট আইন প্রণয়নের জন্য একটি কাউন্সিল গঠন করিয়াছেন .... সকল প্রদেশ হইতে শাসনকার্য্যে দক্ষ এবং জনসাধারণের অবস্থা সম্বন্ধে অভিজ্ঞ কণ্মচারীদিগকে এই কাউন্সিলে লওয়া হয় এবং সমাজে উচ্চমর্য্যাদাসম্পন্ন এবং ঐ সভাগ্ন বসিবার উপযুক্ত কয়েকজন রইস্কেও (বড় জমিদার) উহাতে লওয়। হয়। কেহ কেহ প্রশ্ন করিতে পারে যে, যোগ্যভার পরিবর্ত্তে সামাজিক মর্য্যাদা দেখিয়া তাহাদের লওয়া হয় কেন ? ে আমি তোমাদের জিজ্ঞাসা করি—একজন নিম্নশ্রেণীর অথবা সাধারণ বংশের লোক, হউক না কেন সে এম, এ বা বি, এ, থাকুক তাহার যোগ্যতা,—আমাদের অভিজাত সম্প্রদায় কি অন্থুমোদন করিবেন যে ঐ ব্যক্তি প্রভূষের আসনে বসিয়া তাঁহাদের সম্পত্তি ও জীবনের সহিত সংশ্লিষ্ট আইন প্রণয়নের ক্ষমতা লাভ করিবে ? কদাচ নহে ! ……একজন উচ্চবংশের লোক ব্যতীত, কাহাকেও বড়লাট তাঁহার সহকন্মীরূপে গ্রহণ করিয়া ভাতার মত ব্যবহার করিতে পারেন না; যেথানে ডিউক এবং আর্লগণ থানা থাইবেন, সেই সকল ভোজ্যভাতেও তাহাকে নিমন্ত্রণ করিতে হইবে .... আমরা কি বলিতে পারি যে গভর্ণমেণ্ট আইন প্রণয়নের যে উপায় গ্রহণ করিয়াছেন, তাহাতে জনমতের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করা হয় নাই ? আমরা কি বলিতে পারি যে আইন প্রণয়নে আমাদের কোন হাত নাই ?—না, নিশ্চয়ই নহে।" \*

ভারতে 'গণ-তাদ্বিক ইস্লামের' নেতা ও প্রতিনিধির মূথে এই কথা! অদ্যকার দিনে অযোধ্যার তালুকদার, আগ্রা, বাঙ্গলা, বিহারের জমিদারগণও ঐ শ্রেণীর বক্তৃতা করিতে সাহসী হইবেন কিনা সন্দেহ। কিন্তু এ

উদ্ধৃত অংশ হানদ কোণের "প্রাচ্যের জাতীয়তাবাদের ইতিহাদ" হইতে গৃহীত।

### জওহরলাল নেহর

ব্যাপারে শুর সৈয়দই একা নহেন। সেকালের অনেক কংগ্রেসের বক্তায়ও এইরূপ আশ্রুর্য্য বোধ হইবে। কিন্তু সেকালের হিন্দু-মুসলমান সমশ্রার রাজনৈতিক ও অর্থ নৈতিক দিক এইরূপ ছিল;—উদীয়মান ও স্বচ্ছল আর্থিক অবস্থার মধ্যশ্রেণীকে (হিন্দু) সামস্ততাস্ত্রিক জমিদার শ্রেণী (মুসলমান) কতকাংশে বাধা দিয়াছেন ও সংযত করিয়ছেন। হিন্দু জমিদারেরা তাহাদের বুর্জ্জোয়াশ্রেণীর সহিত ঘনিষ্ঠতাবে যুক্ত হওয়ায় অনেকটা নিরপেক্ষ থাকিতেন, এমন কি মধ্যশ্রেণীর দাবীগুলির প্রতি সহামৃত্তি দেখাইতেন, কেন না, এ সকল দাবীর পশ্চাতে প্রায়ই তাঁহাদের প্রভাব থাকিত। ব্রিটশগণ সর্ব্বদাই সামস্ততাস্থিক অংশের পক্ষে থাকিতেন। এই অভিনয়ের কোন পক্ষেই জনসাধারণ বা নিয় মধ্যশ্রেণীর স্থান ছিল না।

স্থার দৈয়দের শক্তিশালী ব্যক্তিত্ব ভারতীয় মুসলমানদের উপর প্রভাব বিস্তার করিল এবং আলীগড় কলেজ তাঁহার আশা আকাক্ষার প্রতীক হইয়া উঠিল। পরিবর্ত্তনের সময় উন্নতিশীল আগ্রহ শীঘ্রই তাহার কর্ত্তব্য শেষ করিয়া পরিণতির মূথে উন্নতির পরিপম্বী হইয়া দাঁড়ায়। ভার**তীয়** লিবারেল**গ**ণ তাহার উজ্জ্ঞল দৃষ্টান্ত। তাঁহাদের দেখিলে মনে হয়, তাঁহারা পুরাতন কংগ্রেদের ভাবধারার প্রক্রত উত্তরাধিকারী, আমরাই উডিয়া আসিয়া জুড়িয়া বসিয়াছি। সতা সন্দেহ নাই। কিন্তু তাঁহারা ভূলিয়া যান যে জগৎ পরিবর্ত্তিত হইতেছে, প্রাচীন কংগ্রেসের ভাবধারা প্রভাতের • শিশিরের মত মিলাইয়া গিয়া এখন স্মৃতিমাত্রে পর্যাবসিত। সেইরূপ স্থার সৈয়দের বার্ত্তার প্রয়োজন ও উপযোগিতা তথন ছিল, কিন্তু কথনও উন্নতিশীল সম্প্রদায়ের চরম আদর্শ হইতে পারে না। সম্ভবতঃ তিনি যদি আর এক পুরুষ পরেও জীবিত থাকিতেন তাহা হইলে তাঁহার বার্ত্তাকে নৃতন রূপ দিতেন। অথবা অন্তান্ত নেতারা তাঁহার বার্তার নৃতন ব্যাপা। করিয়া তাহা পরিবর্ত্তিত অবস্থায় প্রয়োগ করিতেন। কিন্তু শুর সৈয়দের সাফল্য এবং তাঁহার স্থৃতির প্রতি শ্রদ্ধা বশতঃ পুরাতন বিখাস ছাড়িয়া অগ্রসর হওয়া অপরের পক্ষে কঠিন হইয়াছে এবং তুর্ভাগাক্রমে মুসুলমান সম্প্রদায়ের মধ্যে, থাঁহারা নতন পথ দেখাইতে পারেন এমন অনন্তসাধারণ যোগাবক্তির একান্ত অভাব। আলীগড় কলেজ অনেক ভাল কাজ করিয়াছে, বহুসংখ্যক যোগাব্যক্তি প্রস্তুত করিয়াছে, শিক্ষিত মুসলমান সম্প্রদায়ের মানসিক গতি পরিবর্ত্তন করিয়াছে: তথাপি উহা তাহার আদিম কাঠামো হইতে বাহির হইয়া আসিতে পারে না— সামন্ততান্ত্রিক মনোভাব ইহার উপর রাজত্ব করিতেছে এবং ছাত্রদের

সাধারণ উচ্চাশার লক্ষ্য গভর্ণমেণ্ট চাকুরী লাভ। তুল ভের সন্ধারন গ্রহ-তারকায় ভ্রমণ করিবার ত্বাকাজ্ঞ। তাহার নাই, একটি ডেপুটি-কলেক্টারের পদ পাইলেই সে স্থা। মহান ইসলাম-গণতন্ত্রের ক্রেন্স সৈনিক, এই কথা শ্বরণ করাইয়া দিয়া তাঁহার গর্ককে তুপ্ত করা হয়, এবং এই ভ্রাতৃত্বের প্রমাণ স্বরূপ সে মহানন্দে 'তুর্কী-ফেড্ল' বলিয়া কথিত লালটুপী গর্কিত ভন্নীতে মাথায় চাপায়, কিন্তু অল্পদিন হইল তুর্কীরা নিজেরাই ঐ টুপী সম্পূর্ণভাবে বর্জ্জন করিয়াছেন। সে তাহার অপরিবর্ত্তনীয় গণতান্ত্রিক অধিকার,—যাহার বলে সে সমস্ত মুসলমান ভ্রাতার সহিত একত্রে আহার ও উপাসনা করিতে পারে,—সে সম্বন্ধে কৃত্তনিশ্বয় হইয়া, ভারতে অন্ত কোন প্রকার রাজনৈতিক গণতন্ত্রের অন্তিত্ব লইয়া মাথা ঘামায় না।

দৃষ্টির এই দক্ষীর্ণতা, দরকারী চাকুরীর জন্ম লালায়িত হওয়া কেবল আলীগড় ও অন্থান্থ স্থানের ম্দলমান ছাত্রদের মধ্যেই দীমাবদ্ধ নহে। হিন্দু ছাত্রদের মধ্যেও ইহা দমানভাবেই দেখা যায়, এবং তাহাদের মধ্যেও ভাগ্যের সহিত দংগ্রামপ্রবণতার অত্যন্ত অভাব। কিন্তু পারিপার্শ্বিক অবস্থার চাপে তাহাদের কেহ কেহ গতানুগতিক পথ হইতে ভিটকাইয়া পড়ে। তাহাদের সংখ্যা প্রচুর অথচ চাকুরীর সংখ্যা কম, কাজেই তাহারা শ্রেণীভ্রষ্ট শিক্ষিত সম্প্রদায়ে পরিণত হয়, এবং ইহারাই বৈপ্লবিক জাতীয় আন্দোলনগুলির মেরুদেও।

শুর সৈয়দ আহমদ থার রাজনৈতিক বার্তার ফলস্বরূপ পদুষ হইতে 
যখন মুদলমান সম্প্রদায় সম্পূর্ণরূপে মুক্ত হইতে পারে নাই তথন বিংশ শতান্ধীর 
দেই প্রারম্ভিক বংসর গুলিতে নবজাগ্রত জাতীয় আন্দোলনের সহিত্ত 
মুদলমানদের ভেদ ঘটাইতে ব্রিটিশ গভর্গনেন্ট অনেক স্থবিধা শাইয়াছিলেন। 
১৯১৯ সালে শুর ভ্যালেন্টাইন চিরোল তাঁহার "ইণ্ডিয়ান আনরেষ্ট" নামক 
পুস্তকে লিখিয়াছিলেন,—"ইহা নিশ্চিতরূপেই জোর করিয়া বলা যায় যে, 
অদ্যকার মত আর কোন সময়েই ভারতীয় মুদলমানেরা সমগ্রভাবে নিজেদের 
স্বার্থ ও আশা আকাজ্রা, ব্রিটিশ শাসনের স্বায়িত্ব ও প্রতিষ্ঠাক সহিত 
ঘনিষ্ঠভাবে এক করিয়া দেখে নাই।" রাজনীতিক্ষেত্রে ভবিশুংবাণী করা 
বিপজ্জনক। শুর ভ্যালেন্টাইনের উহা লিখিবার পাঁচ বংসর পরেই 
মুদলমান শিক্ষিত সম্প্রদায়, হুংসাধ্য উদ্যুদ্দে তাঁহাদের চরণ শৃন্ধল ভাঙ্গিয়া 
ফেলিয়া কংগ্রেসের পার্যে আসিয়া দাঁড়াইয়াছিলেন। দশ বংসরের মধ্যে 
ভারতীয় মুদলমানেরা ঘেন কংগ্রেসকেও অতিক্রম করিয়া গিয়াছিলেন 
এবং ইহার নেতার আসন গ্রহণ করিয়াছিলেন। কিন্তু এই দশ বংসরে 
মহাযুদ্ধ আসিয়াছে, গিয়াছে এবং রাগিয়া গিয়াছে, বিপর্যান্ত জ্ঞান।

# जल्दनांग (महक्र

তথাপি শুর ভ্যালেনটাইনের এরপ সিদ্ধান্তে আসিবার যুক্তিসক্ত কারণ ছিল। আগা থা মুসলমানদের নেতারণে আবিভূতি হইলেন এবং এই ঘটনায় প্রমাণিত হইল যে তাঁহারা মধাযুগীয় সামস্ভতাদ্রিক ভাবধারার কত অহুরক্ত, কেন না—আগা থা বুর্জ্জোয়া-শ্রেণীর নেতা নহেন। তিনি একজন অতুল ঐশ্বয়ৃশালী সামস্ত এবং এক ধর্ম সম্প্রদায়ের নেতা, ব্রিটিশ শাসকসম্প্রদায়ের সহিত তাঁহার ঘনিষ্ঠতার জন্ম ইংরাজের দৃষ্টিতে তিনি একেবারে "মনের মাতৃষ"। তিনি মাজিতকচি ভদ্রব্যক্তি, অধিকাংশ সময়ই তিনি ইউরোপে থাকেন, ঘোড়দৌড় ও থেলা ধূলা লইয়া ধনী ইংরাজ জমিদারদের ন্যায় জীবন যাপন করেন, কাজেই ব্যক্তি হিসাবে তিনি শ্রেণী বা সম্প্রদায়গত ব্যাপারে সঙ্কীর্ণচেতা হইতেই পারেন না। তাঁহার মুসলমানদের নেতৃত্বের অর্থ, মুসলমান জমিদার সম্প্রাদায় ও ক্রমবর্দ্ধিত বুর্জ্জোয়া শ্রেণীকে ব্রিটিশ গভর্ণমেন্টের সহিত একস্থত্তে গাঁথিয়া দেওয়া। সাম্প্রদায়িক স্বার্থ এক গৌণ ব্যাপার হইলেও এই মূল উদ্দেশ্মের জন্মই উহার উপর জোর দেওয়া হইত। স্তর ভ্যালেনটাইন চিরোল আমাদিগকে শুনাইয়াছেন, আগা থা, বড়লাট লর্ড মিন্টোকে বুঝাইতে সক্ষম হইয়াছিলেন যে, "বন্ধ বিভাগের ফলে স্ট রাজনৈতিক পরিস্থিতি সম্বন্ধে মুসলমানদের অভিমত এই যে, যদি হিন্দুদের সহসা কোন রাজনৈতিক অধিকার দেওয়া হয়, তাহা হইলে উহাতে সংখ্যাগরিষ্ঠ হিন্দুর প্রাধান্ত লাভের পথই প্রস্তুত হইবে, তাহা হইতে উহা, ব্রিটিশ শাসনের স্থায়িত্বের পক্ষে এবং যাহাদের রাজভক্তি সম্বন্ধে কোন, সন্দেহের অবকাশ নাই সেই সংখ্যালি ছি भूमनभानरमत भरक मभान ভाবে विभव्छनक इटेरव।

কিন্ত বাহতঃ ব্রিটিশ গভর্ণমেন্টের অঞ্চল ধরিয়া দাড়াইবার অন্তরালে অক্যান্ত শক্তি কার্যা করিতেছিল। নৃতন মুসলমান বুর্জ্জায়া শ্রেণী অনিবার্য্যরূপে প্রচলিত ব্যবস্থার উপর ক্রমশং অসম্ভই হইয়া জাতীয় আন্দোলনের দিকে ঝুঁকিয়া পড়িতেছিলেন। আগা থা নিজেও ইহা লক্ষ্য করিয়াছিলেন এবং ব্রিটিশকে স্পষ্ট ভাষায় সাবধান করিয়া দিয়াছিলেন। ১৯১৪ সালের জান্ত্রয়ারী মাসে তিনি 'এডিনবরা রিভিয়ু'এ (ইহা যুদ্ধের অনেক পূর্বেষ্ব) উপদেশ দিয়াছিলেন যে, গভর্গমেন্টের হিন্দু ও মুসলমানের মধ্যে ভেদ ঘটাইবার নীতি পরিত্যাগ করা উচিত; এবং সকল ধর্ম ও সম্প্রদায়কে একটি দলভুক্ত করিয়া হিন্দু ও মুসলমানের মিলিত নব্যভারতের নব জাতীয় আন্দোলনের বিক্লম্বে প্রয়োগের ব্যবস্থা করা উচিত। ইহা হইতে স্পষ্টই বুঝা যায় যে তিনি মুসলমানদের সাম্প্রদায়িক স্বার্থ অপেক্ষা ভারতের রাজনৈতিক পরিবর্ত্তনের গভিরোধের জন্মই অধিক আগ্রহনীল ছিলেন।

কিন্তু কি আগা থাঁ কি ব্রিটিশ গভর্গনেণ্ট মুসলমান বুর্জ্জোয়া শ্রেণীর জাতীয়তাবাদের অভিমুখে অপরিহার্য্য অগ্রগতি নিবারণ করিতে পারেন নাই। মহাযুদ্ধ এই অগ্রগতিকে ক্রত করিল, নৃতন নেতারা দেখা দিলেন, মনে হইতে লাগিল আগা থাঁ পিছাইয়া পড়িলেন। আলীগড় কলেজেরও স্থর ঘুরিয়া গেল, নৃতন নেতাদের মধ্যে সর্ব্রাপেক্ষা শক্তিশালী আলীভ্রাতৃষ্য, আলীগড় কলেজেরই হাত্র। এখন হইতে ডাঃ এম, এ, আনসারী, মৌলানা আবুল কালাম আজাদ ও অগ্রান্ত বুর্জ্জোয়া শ্রেণীর নেতারা মুসলমান রাজনৈতিক আন্দোলনে প্রধান ভূমিকায় অভিনয় করিতে লাগিলেন। একটু মডারেট ভাবে মিঃ এম, জিল্লাও যোগ দিলেন। গান্ধিজ্ঞা এই সকল নেতার অধিকাংশকে (মিঃ জিল্লা ছাড়া) এবং সাধারণ মুসলমানদিগকে অসং এগ আন্দোলনে লইয়া আদিলেন, ইহারা ১৯১৯-২৩ এর ঘটনাবলীতে শ্রান অংশ গ্রহণ করিয়াছিলেন।

তারপর প্রতিক্রিয়া আমিল। হিন্দু ও মুসলমান উভয় সম্প্রদায়ের সাম্প্রদান্ধিক ও নরমপন্থী অনগ্রসর ব্যক্তিরা তাঁহাদের নিভূত কোটর হইতে পুনরায় বাহির হইয়া আসিলেন। মন্দগতিতে হইলেও ইহা চলিতে লাগিল। সাম্প্রদায়িক মন ক্যাক্ষির দরণ এই প্রথম হিন্দু মহাসভা জাঁকিয়া উঠিল, তবে রাজনীতির দিক দিয়া ইহা কংগ্রেসের উপর বিশেষ প্রভাব বিস্তার করিতে পারে নাই। মুসলমান সংস্প্রদায়িক প্রতিষ্ঠানগুলি মুসলমান জনসাধারণের উপর তাহাদের পুরাতন মধ্যাদা পুনঃপ্রতিষ্ঠায় অধিকতর সাফল্য লাভ করিল। তথাপি এক শক্তিশালী নেতৃমণ্ডলী বরাবর কংগ্রেসের দিকে ছিলেন। ইতিমধ্যে গভর্ণমেণ্ট মুসলমান সাম্প্রদায়িক নেতাদের সকল বিষয়ে উৎসাহ দিতে লাগিলেন। ইহারা অবশ্র রাষ্ট্রফেত্রে অতিমাত্রায় প্রতিক্রিয়াশীল। ইহাদের সাফল্য লক্ষ্য করিয়া, হিন্দু মহাসভাও তাঁহাদের সহিত পাল্ল। দিয়া প্রতিক্রিয়া দেখাইতে লাগিলেন; আশা, এই উপায়ে তাঁহারাও গভর্ণমেন্টের বিশ্বাসভাজন হইবেন। অনেক প্রগতিশীল ব্যক্তি হিন্দুসভা হইতে বহিষ্কৃত হইলেন, অনেকে স্বেচ্ছায় ছাড়িলেন; উহা ক্রমে উচ্চ-মধ্যশ্রেণী বিশেষভাবে ধনী ও মহাজনশ্রেণীর মধ্যে সীমাবদ্ধ হইল।

উভয় পক্ষীয় সাম্প্রদায়িক নেতারা, বাঁহারা আইনসভার আসন সংখ্যা লইয়া প্রায়ই ভর্ক-বিতর্ক করেন, তাঁহারা গভর্ণমেণ্টের অমুগ্রহ ভ পৃষ্ঠপোষকতা দ্বারাই ইহা নিয়ন্ত্রিত হইবে, ইহা ছাড়া কিছু ভাবিতেই পারেন না। ইহা মধ্যশ্রেণীর শিক্ষিত সম্প্রদায়ের জন্ম চাকুরী ও কাজ সংগ্রহের সংঘর্ষ। সকলকে সম্ভুষ্ট করিবার মত অধিক চাকুরী নাই, হিন্দু

### জওহরলাল নেহর

ও মুসলমান সাম্প্রদায়িকতাবাদীরা উহা দইয়া কলহ করিতে লাগিলেন। হিন্দুদের হাতেই বর্জমানে অধিক চাকুরী আছে বলিয়া তাঁহারা উহা রক্ষার জন্ম দাবী করিতে লাগিলেন, অপর পক্ষের প্রার্থনার মাত্রা বাজ্যি। চলিল। চাকুরী লইয়া কলহের পশ্চাতে আরও অধিক কলহের কারণ ছিল; তাহু সাম্প্রদায়িক না হইলেও সাম্প্রদায়িক সমস্মাগুলির উপর যথেষ্ট প্রভাব বিস্তার করিয়াছে। মোটের উপর পঞ্চাব, সিক্কু ও বাঙ্গলায় হিন্দুরা ধনী, মহাজন ও সহরবাসী, এই সকল প্রদেশে মুসলমানেরা দরিত্র, খাতক ও পল্লীবাসী। অতএব উভয়ের মধ্যে সংঘর্ষ কতকাংশে অর্থনৈতিক হইলেও উহা সাম্প্রদায়িকতায় রঞ্জিত হইয়া প্রকাশিত হয়। পল্লীর ঋণের বোঝা কমাইবার জন্ম বিভিন্ন প্রাদেশিক আইন সভায় উত্থাপিত (বিশেষভাবে পঞ্জাবে) বিল লইয়া আলোচনায় ইহা স্পষ্টভাবে বুঝা গিয়াছিল। হিন্দু মহাসভার প্রতিনিধিরা ধনী মহাজনশ্রেণীর পক্ষাবলম্বন করিয়া ঐগুলির বিরোধিতা করিয়াছিলেন।

মুদলমান সাম্প্রদায়িকতা সমালোচনা করিতে গিয়া হিন্দু মহাসভা তাঁহাদের নির্দেষ জাতীয়তাবাদের উপর জাের দিয়া থাকেন। মুদলমান প্রতিষ্ঠানগুলি তাঁহাদের অন্যসাধারণ সাম্প্রদায়িক ভেদনীতির যে সকল পরিচয় দিয়াছেন, তাহা সর্বজনবিদিত ও অতিমাত্রায় প্রত্যক্ষ। মহাসভার সাম্প্রদায়িকতা ততবেশী স্পষ্ট নহে, ইহা জাতীয়তার মুগােস পরিয়া থাকে। উচ্চশ্রেশীর হিন্দুদেব স্বার্থের ক্ষতিজনক কোন জাতীয় ও গণতান্ত্রিক সমাধানের প্রত্যাব প্রায়ই পরীক্ষারণে উপস্থিত হয়, এবং এই পরীক্ষায় হিন্দু মহাসভা পুনঃ পুনঃ পরাজিত হইয়াছেন। সংগাাগরিষ্ঠ সম্প্রদায়ের ইচ্ছার বিরুদ্ধে এবং সংখাালিষিষ্ঠদের অর্থনৈতিক স্বাথের জন্ম তাঁহুবারা সিন্ধুপ্রদেশ স্বতন্ত্রীকরণের প্রস্তাবে অবিরত বাধাপ্রদান করিয়াছেন।

কিন্তু হিন্দু ও ম্সলমান সাম্প্রদায়িকতাবাদীরা গোলটেবিল বৈঠকে অতি আশর্ষ্য জাতীয়ভাবাদদ্রেহিতা ও প্রতিক্রিমাশীলতা দেখাইয়াছেন। ব্রিটিশ গভর্গমেন্ট কেবলমাত্র পাকা সাম্প্রদায়িকতাবাদী ম্সলমানদের মনোনীত করিবার দাবী করিরাছিলেন, এবং ইছারা আগা থার নেতৃত্বে অতিমাত্রায় প্রতিক্রিমাশীল দলের সহিত যোগ দিয়াছিলেন। ব্রিটিশ রাষ্ট্রক্ষেত্রে এই দল, কেবল ভারতের দৃষ্টিতেই নহে, ইংলত্তের উন্নতিশীল দলগুলির দৃষ্টিতেও অতিমাত্রায় প্রতিক্রিয়াশীল। আগা থা ও তাঁহার দলের সহিত লর্ড লয়েড ও তাঁহার দলের সম্মেলন এক অভ্তুপ্র্ব্ব দৃষ্ঠ। তাঁহারা আরও অগ্রসর হইয়া ইউরোপীয়ান এসোসিয়েশান ও অন্যান্ত দলের প্রতিনিধিদের সহিত চুক্তিতে আবদ্ধ হইয়াছিলেন। ইহা অত্যক্ত নৈরাশ্রপ্রদ,

কেন না এই এসোসিয়েসান ভারতীয় স্বাধীনতার প্রবলতম এবং অতিমাত্রায় আক্রমণশীল প্রতিদ্বন্দী।

হিন্দু মহাসভার প্রতিনিধিরা স্বাধীনতার প্রতিবন্ধক ব্রিটিশ স্বার্থ রক্ষার 'জ্ঞা নানাবিধ রক্ষাক্রচ (বিশেষভাবে পঞ্চাবে) দাবী করিতে লাগিলেন। ব্রিটিশ গভর্গমেন্টের সহিত সহযোগিতা করিবার অভিপ্রায় ব্যক্ত করিয়া, তাঁহারা মুসলমানদিগকেও হারাইয়া দিবার চেটা করিলেন, কিন্তু কোনই ফল হইল না। তাঁহাদের উদ্দেশাও সিদ্ধ হইল না, স্বাধীনতার প্রতিও বিশাস্থাতক্তা করা হইল। মুসলমানেরা অন্তর্ভাপক্ষে কিছু মর্য্যাদার সহিত কথা বলিয়াছিল, কিন্তু হিন্দু সাম্প্রদায়িকতাবাদীদের তাহাও ছিল না।

আমার নিকট ইহা সর্বনাই আশ্চর্যা মনে হয় যে, উভয় পক্ষের সাম্প্রদায়িক নেতারাই উচ্চপ্রেণীর রক্ষণশীল প্রতিক্রিয়াপখীদের প্রতিনিধি এবং এই সকল লোক জনসাধারণের ধর্মাবৃদ্ধির স্থযোগ ও স্থবিধা লইয়া কিরূপ সমানভাবে নিজেদের স্বার্থসিদ্ধি করেন। উভয়পক্ষই অর্থ নৈতিক সমস্যাগুলি গোপন করিবার অথবা এড়াইয়া যাইবার চেষ্টা করেন। কিন্তু শীঘ্রই এমন সময় মাসিবে, যখন ইহা আর দাবাইয়া রাখা সন্তব হইবে না, তখন উভয়পক্ষের নেতারা আগা থার বিশ্বৎসর পূর্বের সাবধানবাণীতে কর্ণণাত করিবেন এবং মডারেটরা একত্র হইয়া সমস্ত পরিবর্ত্তনমূলক ভাবধারার বিরোধিতা করিবেন, ইহাতে আমার অণুমাত্র সন্দেহ নাই। ইহা কিয়ৎ পরিমাণে এখনই প্রত্যক্ষ হইয়া উঠিয়াছে; হিন্দু ও মুসলমান সাম্প্রদায়িকতাবাদীরা বাহিরে যতই কলহ কক্ষন না কেন, কিন্তু ব্যবস্থা-পরিষদে ও অন্তত্ত, প্রতিক্রিয়াশীল আইনাদি প্রণয়ন ও প্রবর্ত্তন করিতে ইহারা একমত হইয়া গভর্ণমেন্টকে সাহায্য করিয়া থাকেন। যে স্থ্রে এই তিনপক্ষ একত্র বাধা, ওট্যাওয়া চুক্তি তাহার অন্যতম।

ইতিমধ্যে রক্ষণশীল দলের অতিমাত্রায় দক্ষিণ-পন্থীদের সহিত আগা থাঁর ঘনিষ্ঠতা কেমন স্থান্দরভাবে চলিতেছে, তাহাও লক্ষ্য করিবার বিষয়। ১৯০৪-এর অক্টোবর মাসে তিনি ব্রিটিশ নেভী লিগের ভোজসভায় সম্মানিত অতিথিরপে আমন্ত্রিত হইয়াছিলেন। উহার সভাপতি ছিলেন লর্ড লয়েড। তিনি ব্রিষ্টল রক্ষণশীল সম্মেলনে ব্রিটিশ নৌ-বল বৃদ্ধি ও শক্তিশালী করিবার যে প্রস্তাব করিয়াছিলেন, তাহা আগা থাঁ সর্বাস্তঃকরণে সমর্থন করেন। দেখা গেল, একজন ভারতীয় নেতা সাম্রাজ্য রক্ষা ও ইংলণ্ডের নিরাপত্তার জন্ম কত উৎকন্থিত। মিঃ বলডুইন অথবা "আশনাল" গভর্গমেণ্ট অপেক্ষাও ব্রিটিশ রণসম্ভারবৃদ্ধির জন্ম তিনি অধিকতর ব্যস্ত। অবশ্ব, শান্তির জন্মই তাঁহার এত মাথাব্যথা।

### জওহরলাল নেহর

সংবাদে প্রকাশ, পরের মাসে, ১৯৩৪-এর নভেম্বরে লণ্ডনে ঘরোয়াভাবে একথানি ছায়াচিত্র প্রদর্শিত হয়। উহার উদ্দেশ্য, "ব্রিটিশ রাজমুকুটের সহিত মুসলিম-জগতের চিরস্থায়ী বন্ধুত্বকে দৃঢ় করা।" শুনা গেল এক্ষেত্রও আগা থা এবং লর্ড লয়েড সম্মানিত অতিথি ছিলেন। দেখিয়া বোধ হয় যেন আগা থা ও লর্ড লয়েড অচ্ছেত্রবন্ধনে আবন্ধ হুইটি হৃদয়, এবং সাম্রাজ্যের ব্যাপারে একই ভাবে স্পানিত হয়;—আমাদের জাতীয় রাজনীতিক্ষেত্রে যেমন সপ্রশ-জয়াকর। ইহাও লক্ষ্য করিবার বিষয় যে যথন তুইজনের মধ্যে এত বেশী দহরম-মহরম, তথন লর্ড লয়েড, ভারতকে অনেক বেশী দেওয়া হুইতেছে, এই তুর্বলতার জন্ম নাসন্থাল গভর্নমেন্ট ও সরকারী রক্ষণশীল দলের নেতাদিগকে ক্রমাগত তীব্রভাবে আক্রমণ করিতেছিলেন।\*

কিছুদিন হইল মুসলমান সাম্প্রদায়িকতাবাদী নেতাদের বক্তৃতা ও বিবৃতিতে একটি নৃতন বিষয় লক্ষ্য করা যাইতেছে। ইহার কোন বাস্তব গুরুত্ব নাই, এবং অনেকে সেরূপ ভাবেন কিনা আমি সন্দেহ করি। তৎসত্ত্বেও ইহার মধ্যে সাম্প্রদায়িক মনোবৃত্তি স্থুম্পষ্ট এবং ইহাকে অনেক বেশী প্রাধান্ত দেওয়া হইতেছে। ভারতে 'মুসলিম নেশন', 'মুসলিম কালচার' প্রভৃতি কথার উপর জাের দিয়া দেখান হইতেছে যে, হিন্দু ও মুসলমান সংস্কৃতি পরস্পরবিরোধী পৃথক বস্তু, যাহার কোন সন্মেলন হইতে পারে না। ইহা হইতে অনিবার্যারূপে এই সিদ্ধান্ত করিতে হয় যে (যদিও কথাটা খোলাখ্লিভাবে বলা হয় নাই) ব্রিটিশ চিরকালের জন্ত ভারতে তুলাদও হস্তে উপস্থিত থাকিয়া উভয় "সংস্কৃতি"র মধ্যস্থতা করিবেন।

অল্পসংখ্যক হিন্দু সাম্প্রদায়িক নেতাও ঠিক এইভাবে চিন্তা করিয়া থাকেন; তবে পার্থক্য এই যে তাঁহারা সংখ্যাগরিষ্ঠ বলিয়া আশা করেন, তাঁহাদের সংস্কৃতিই পরিণামে জয়ী হইবে।

হিন্দু ও মুসলিম 'সংস্কৃতি' এবং "মুসলিম নেশন" এই শক্গুলি অতীত বর্ত্তমান ও ভবিশুং লইয়া গবেষণা করিবার কত চিত্তাকর্ষক নৃতন নৃতন পথের সন্ধান দেয়! ভারতে মুসলমান জাতি—জাতির মধ্যে আর একটা জাতি—মোটেই সঙ্ঘবদ্ধ নহে; এবং সন্ধিতহীন, সর্ব্বত্ত ও অনিয়ন্ত্রিত। রাজনীতিক্ষেত্রে এই ভাব অর্থহীন, অর্থনৈতিক ক্ষেত্রে ইহা অসম্ভব কল্পনা; ইহা আলোচনারও অহুপযুক্ত, তথাপি ইহা হইতে আমুরা

দশ্রতি কয়েকজন বিটিশ লর্ড এবং ভারতীয় মুসলনান লইয়া একটি কাউলিল গঠিত হইয়াছে। অভিমাত্রায় রক্ষণশীল ও প্রতিক্রিয়াপছীদের মধ্যে মিলন ও ঐক্য সাধনই ইহার উদ্দেশ্য।

একপ্রকার মনোবৃত্তি বুঝিতে পারি। মধ্যযুগে এবং তাহার পরও এই শ্রেণী স্বতন্ত্র এবং স্বয়ম্পূর্ণ "বিভিন্ন জাতি" একত্রে বাস করিত। অটোম্যান স্থলতানদের প্রথম আমলে কন্তাণ্টিনোপল্-এ এই শ্রেণীর স্বতম্ব স্বতম্ব জাতি পৃথকভাবে বাদ করিত এবং লাটিন খৃষ্টান, গোঁড়া খৃষ্টান, ইছদী প্রভৃতির অনেকটা রাজনৈতিক স্বাতম্ভাও ছিল। ইহাই ভৌগোলিক সীমার বাহিরে জাতিগত প্রেমের স্কুচনা, যাহা বর্তমানকালে বহু প্রাচ্যদেশের বুকে নৈশত্বপ্রের মত চাপিয়া আছে। অতএব 'মুসলিম নেশন' বলিতে ইহাই বুঝায় যে জাতি বলিয়া কিছু নাই,—কেবল ধর্মের বন্ধন আছে; ইহার অৰ্থ আধুনিকভাবে জাতি বলিতে যাহা বুঝায় তাহা কিছুতেই গঠন করিতে দেওয়া হইবে না, ইহার অর্থ আধুনিক সভ্যতা বিসজ্জন দিয়া আবার মধ্যযুগে ফিরিয়া যাইতে হইবে, ইহার অর্থ, হয় স্বচ্ছাচারী গভর্ণমেণ্ট নয় বৈদেশিক গভর্ণমেণ্ট; চূড়াস্তভাবে ইহার অর্থ, এক মানসিক ভাববিলাস, যাহ। জ্ঞাতসারে বা অজ্ঞাতসাবে বাস্তবের বিশেষভাবে অর্থনৈতিক বাস্তবের সমুখীন হইতে অনিচ্ছুক। ভাবাবেগের নিকট অনেক সময় যুক্তি পরাহত হইয়া যায়: অতএব অয়োক্তিক বলিগাই আমরা উহার প্রতি উদাসীন থাকিতে পারি ন।। মুদলিম জাতির ধারণা কয়েকজন লোকের উর্বর কল্পনাপ্রস্থত, থবরের কাগজে প্রচার না হইলে অতি অল্প লোকই ইহার কথা জানিতে পারিত। তবুও যদি অধিকাংশ লোকের এরপ বিশ্বাস থাকে, তাহ। বান্তবের স্পর্শে বিলুপ্ত হইবে।

হিন্দু ও ম্সলমান 'সংস্কৃতি' সম্বন্ধেও ঐ কথা বলা চলে। অন্ত পরের কথা, জাতীয় সংস্কৃতির দিনই চলিয়া যাইতেছে, সমগ্র জগতে একটা সংস্কৃতিগত ঐক্য ফুটিয়া উঠিতেছে। জাতিগুলি থাকিবে—দীর্ঘকাল তাহাদের বিশিষ্ট ভাষা, অভ্যাস, চিন্তাপ্রণালী লইয়া থাকিবে, কিন্তু যন্ত্রয়ুগ ও বিজ্ঞান, ক্রত যাতায়াত, অবিশ্রান্ত জগতের সংবাদ আদান প্রদান, রেডিয়ো, সিনেমা প্রভৃতি তাহাদিগকে ক্রমশঃ একই ছাচে গড়িয়া তুলিবে। কেহই ইহার গতিরোধ করিতে পারিবে না! যদি কোন খণ্ডপ্রলয়ে বর্ত্তমান সভ্যতা ধ্বংস হইয়া যায় তাহ। হইলেই উহা সম্ভব। পরম্পরাগত জীবনের দার্শনিক ব্যাখ্যা লইয়া হিন্দু ও ম্সলমানের মধ্যে নিশ্চয়ই ভেদ আছে। কিন্তু বৈজ্ঞানিক ও কলকারখানার দৃষ্টিভঙ্গী লইয়া উহাদের তুলনা করিলে দেখা যাইবে যে পূর্ব্বোক্ত তুই-এর সহিত ইহার ব্যবধান এত বেশী যে, এই ভূমি হইতে উহাদের পার্থক্য ব্র্বাই যায় না। ভারতে যে সংঘর্ষ চলিতেছে, তাহা হিন্দু সংস্কৃতির সহিত ম্সলমান সংস্কৃতির নহে; এই উভয়ের সহিত জয়দৃপ্ত আধুনিক সভ্যতার

### ज्उरत्नान (नर्जू

বৈজ্ঞানিক সংস্কৃতির সংঘর্ষ। খাঁহারা ম্সলমান সংস্কৃতি রক্ষা করিতে চাহেন, তাঁহাদের হিন্দু সংস্কৃতি লইয়া মাথা ঘামাইবার প্রয়োজন নাই; পাশ্চাত্যের এই নৃতন বীরের সহিত তাঁহাদের লড়াই। ব্যক্তিগত ভাবে ; আমার কোন সন্দেহ নাই যে, এই চেষ্টা হিন্দুই করুক আর ম্সলমানই করুক, আধুনিক বৈজ্ঞানিক কলকারগানার সভ্যতাকে বাধা দিবার চেষ্টা ব্যর্থই হইবে; এবং এই ব্যর্থতা আমি বিনা-চিত্ততাপে পর্য্যবেক্ষণ করিব। যথন রেলওয়ে ও অক্যান্ত জিনিষ আসিয়াছে, তখন জ্ঞাতসারে বা অজ্ঞাতসারে আমরা উহা গ্রহণ করিয়াছি। শুর সৈয়দ আহাম্মদ থা যথন আলীগড় কলেজ স্থাপন করেন, তখন ম্সলমানদের পক্ষ হইতে তিনি উহা বরণ করিয়াছেন। কিন্ত প্রকৃত প্রস্তাবে ইহাতে আমাদের কাহারও কোন হাত ছিল না; জলময় ব্যক্তি উদ্ধারের আশায় হাতের কাছে যাহা পায় তাহাই আঁকড়াইয়া ধরে, ইহা অনেকটা সেইরূপ।

কিন্তু এই মুদলমান সংস্কৃতি বস্তুটা কি ? ইহা কি আরব, পারক্ষ তুরস্ক প্রভৃতির মহৎ কার্যন্তলির সম্প্রদায়গত শ্বৃতি সমষ্টি! অথবা ভাষা ? অথবা শিল্প ও সঙ্গীত ? অথবা আচার নিয়ম ? মুদলমান শিল্প, মুদলমান দল্পীত এই শ্রেণীর কথা আজকাল কেহ বলে আমি ইহা শুনি নাই ? আরবী ও পারদী এই ছুইটি ভাষা, বিশেষভাবে পারদী ভাষা ভারতে মুদলমান চিন্তার উপর প্রভাব বিস্তার করিয়াছে। কিন্তু পারদী ভাষার প্রভাবের মধ্যে ধর্মের কোন সংশ্রব নাই। সহস্র সহস্র বংসর ধরিয়া পারস্তের ভাষা, আচার নিয়ম ভারতে আসিয়াছে এবং সমগ্র উত্তর ভারতে তাহার প্রভাব প্রত্মক। পারস্তা প্রাচ্যের ক্রান্স—ইহার ভাষা ও সংস্কৃতি সমস্ত প্রতিবেশীরাই গ্রহণ করিয়াছে। ভারতে আমরা সকলেই এই সাধারণ ও মূল্যবান সম্পদের উত্তরাধিকারী।

ইসলামিক দেশ ও সম্প্রদায়গুলির অতীত ক্বতিইই সম্ভবতঃ ইসলামিক ঐক্যের সর্ব্বাপেকা দৃত্বন্ধন। বিভিন্ন জাতির ম্সলমানগণের অতীত মহত্বের স্থৃতির জন্ত কেহ কি ম্সলমানদিগকে বিদ্বেষ দৃষ্টিতে দেখে? যতদিন পর্যান্ত তাঁহারা ইহা স্মরণে রাখিবেন, ইহার সমাদর করিবেন, ততদিন কেহ তাঁহাদের নিকট হইতে ইহা কাড়িয়া লইতে পারিবে না। কার্যান্তঃ এই সকল অতীত সম্পদের আমর। সকলেই উত্তরাধিকারী। যথন আমর। ইউরোপের আক্রমণের বিক্লমে আমাদের সাধারণ এক্য অফ্রত করি, সম্ভবতঃ তথন আমরা নিজেদের এশিয়াবাসীক্রপেই বিবেচনা করি। আমি জানি, যথনই আমি স্পেনে আরবদের যুদ্ধ অথবা ক্র্সেডের ইতিহাস পাঠ করিয়াছি, তথন আমার সহাহভূতি তাহাদের দিকেই

গিয়াছে। আমি মনে মনে নিরপেক্ষ থাকিয়া উদ্দেশ্য বিচার করিতে চাই, কিন্তু যুঠই চেষ্টা করি না কেন, যেখানে এশিয়াবাসী জড়িত, সেখানে আমার ভিতরের এশিয়াবাসী আমার বিচারবৃদ্ধির উপর প্রভাব বিস্তার করে।

মুসলমান সংস্কৃতি কি, তাহা বুঝিবার জন্ম আমি প্রাণপণ চেষ্টা করিয়াছি; কিন্তু আমি অসংখাচে বলিব যে আমি ক্লতকার্য্য হই নাই। আমি দেখি যে উত্তর ভারতের নৃষ্টিমেয় হিন্দু মৃসলমান পারপীভাষাও শংস্কৃতির দারা প্রভাবান্বিত। জনসাধারণের মধ্যে মুসলমান সংস্কৃতির প্রতাক্ষ প্রতীক এই যে, খাটোও নহে, বেশী লম্বাও নহে এক প্রকার পায়জামা, একপ্রকার বিশেষ ভঙ্গীতে গোঁফ কামান নয় ছাঁটা, এবং বদনা वावशात, (धमन शिनुतमत्र धुलिभत्रा, िंकि ताथा धवर लाए। वावशात । এবং এই ভেদও সহরেই বেশী প্রত্যক্ষ এবং তাহাও ক্রমে অন্তর্হিত इरेट्डिइ। मूननमान क्रमक ও अभिकरात हिम्मू इरेटि चडाइडाद टाना কঠিন। শিক্ষিত মুসলমানেরা দাড়ির বাহার বড় পছনদ করেন না, তবে আলীগড় এখনও টিকিওয়ালা তুর্কী টুপীর অনুরক্ত। (ইহাকে তুর্কী টুপী বলা হইলেও তুর্কদের সহিত ইহার কোন সম্পর্ক নাই।) মুসলমান মহিলারা সাড়ী পরিয়া থাকেন এবং ধীরে ধীরে পর্দার বাহিরে আসিতেছেন। এই সকল অভ্যাদের কতকগুলির সহিত আমার নিজের রুচি থাপ গায় না, দাড়ি গোঁফ অথবা টিকির আমি ভক্ত নহি, কিন্তু আমার নিজের ফচি অপরের উপর বলপূর্বক চাপাইবার কোন ইচ্ছা না থাকিলেও এ কথা স্বীকার করিতে দ্বিধা নাই যে, যখন কাবুলে আমান্নল্লা দাড়ির বংশ ধ্বংস করিতে লাগিয়া গিয়াছিলেন, তখন আমি আনন্দিত হইয়াছিলাম।

যে সকল হিন্দু মুসলমান সর্ব্বদাই পশ্চাদৃষ্টিপরায়ণ এবং যাহা চলিয়া ঘাইতেছে তাহা ধরিয়া রাখিবার জন্ম ব্যগ্র—তাহারা বর্ত্তমান জগতে অতি করুণ দৃষ্ট। আমি অতীতকে নিছক মন্দণ্ড বলিতে চাই না, উহা বর্জ্জন করিতেও চাই না, কেন না আমাদের অতীতের মধ্যেও অনেক স্থানর, অনেক মহান বস্তু রহিয়াছে। তাহা যে টিকিয়া থাকিবে, ইহাতে আমার সন্দেহ নাই। কিন্তু যাহা স্থানর ও মহান, ঐ সকল ব্যক্তি তাহাই ধরিয়া রাখিতে চাহেন না, যাহা তৃষ্ট, এমন কি অনিষ্টকর তাহা লইয়াই আগ্রহ দেখান।

অল্প কয়েক বংসরের মধ্যে ভারতীয় মৃসলমানেরা বারম্বার আঘাত পাইয়াছেন, তাঁহাদের কতকগুলি চিরপোষিত ধারণা ভান্ধিয়া গিয়াছে। যে থিলাক্ষতের জ্বন্য ভারতীয় মুসলমানেরা ১৯২০-এ সাহসের সহিত যুদ্ধ

# ज्ञ अर्जनांग (मर्ज

করিয়াছিলেন, তুর্কী—ইসলামের প্রধান বোদা—সেই বিলাকৎ ত বিলোপ করিয়াছেই, এক পা এক পা করিয়া ধর্ম হইতেও তাহারা সরিয়া বাইতেছে। তুর্ধের নূতন শাসন-তত্ত্বের একটি স্বত্তে ছিল যে, তুরস্ক মুসলিম-রাষ্ট্র; কিন্তু যদি কাহারও কোন ভূল হয়, সে জন্ম ১৯২৭ সালে কামাল পাশা বলিয়াছিলেন, "শাসনতন্ত্রে তুরস্ককে মুস্লিম রাষ্ট্র বলিয়া স্বীকার একটা আপোষ মাত্র; প্রথম স্থযোগেই উহা পরিত্যক্ত হইবে।" আমার যতদূর স্মরণ হয়, পরে তিনি এই কথামত কার্য্য করিয়াছেন। মিশর যদিও অধিকতর সাবধানে অগ্রসর হইতেছে; তথাপি সে ধর্ম হইতে রাজনীতিকে বিচ্ছিন্ন করিয়া রাথিয়াছে। আরব জাতির অধ্যুষিত দেশগুলিতেও দেইরুপ; তবে থাটি আরবদেশ অবশু এখনও অনেক বেশী পশ্চাৎপদ। সংস্কৃতিগত প্রেরণা লাভ করিবার জন্ম পারস্থ তাহার প্রাক্-ইদ্লামক অতীতের প্রতি দৃষ্টিপাত করিতেছে। সর্বব্রই ধর্ম পশ্চাতে সরিয়া যাইতেছে; জাতীয়তাবাদ যোদ্ধবেশ পরিয়া মুখ্য হইয়া উঠিতেছে; তাহার পশ্চাতে সামাজিক ও অর্থ নৈতিক অন্তান্ত মতবাদ। তাহা হইলে 'মুসলমান জাতি' বা মুসলমান সংস্কৃতি কি? ভবিশ্বতে উহা কি কেবল দয়ালু ব্রিটিশ শাসনের অধীনে কেবল উত্তর ভারতেই দেখা যাইবে ?

যাহ। কিছু রাজনীতি তৎসম্পর্কে ব্যক্তির উদার ধারণা পোষণ যদি উন্নতি হয়, তাহ। হইলে আমাদের সাম্প্রদায়িকতাবাদীরা ও গভর্ণমেন্ট তাহার বিপরীত লক্ষ্যেই ইচ্ছা করিয়া চলিয়াছেন—এই ধারণাকে যথাসম্ভব সন্ধীর্ণ করিয়া।

# বদ্ধ পথ

আমার পুনরাহ গ্রেফ্তার ও কারাদণ্ডের সম্ভাবনা সর্বনাই মাধার উপর ঝুলিতে লাগিল। হথন সমগ্র দেশ অভিন্যান্স বা অন্তর্মপ ব্যবস্থায় শাসিত এবং কংগ্রেস বে-আইনী প্রতিষ্ঠান তথন নিশ্চয়ই ইহা প্রান্তবনা অপেক্ষাও অনেক বেশা। ব্রিটিশ গভর্গমেন্ট যে ভাবে গঠিত এবং আমি যেভাবে গঠিত তাহাতে আমাকে দমন করা অনিবার্যা। এই নিতাবর্ত্তমান সম্ভাবনার মধ্যেই আমি কাজকর্ম করিতে লাগিলাম। কোন কাজই ধীরভাবে করা হইয়া উঠে না, তব্ও আমি ব্যস্তভাবে যতটা পারি কাজ করিতে লাগিলাম।

তথাপি আমার গ্রেফ্তার হইবার ইঙ্ছা আদৌ ছিল না, যে সকল কাজে গ্রেফ্তারের সম্ভাবনা, আমি তাহা বহুলাংশে এড়াইয়া চলিতাম। আমাদের প্রদেশের নানাস্থান ও বাহির হইতেও প্রচারকার্য্যের জন্ম আহ্বান আদিতে লাগিল। আমি সমত হইলাম না, কেন না, বকৃতা ক্রিয়া বেড়াইতে গেলে তাহা সহসা বন্ধ হইয়া যাইবার সম্ভাবনাই অধিক। আমার পক্ষে মাঝামাঝি কোন পথ নাই। অন্য কোন উদ্দেশ্য লইয়া কোন ত্রানে গেলেও,—যেমন গান্ধিজীর সহিত বা কার্য্যকরী সমিতির সদস্যদের সহিত দেখা করা—আমি জনসভায় স্বাধীন ভাবেই বকুতা করিতাম। জব্দলপুরে এক বিরাট শোভাষাত্রা ও বিশাল জনতা হইয়াছিল; দিল্লীতে যে জনসভা হইয়াছিল, অতবড় জনতা আমি সেথানে আর দেখি নাই। এই সকল সভার সাফল্য হইতে বুঝা গেল যে গভর্ণমেন্ট মাঝে মাঝেই ইহার পুনরারতি দহু করিবেন না। দিল্লীতে সভার অব্যবহিত পরেই প্রবল জনরব উঠিল যে আমার গ্রেফ্তার আসন্ধ; কিন্তু আমি দে যাত্রা বাঁচিয়া গেলাম এবং এলাহাবাদে ফিরিবার পথে আলীগড়ে আসিয়া মুসলিম বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের সভায় বস্কৃতা করিলাম।

যথন গভর্ণমেণ্ট সর্ব্ববিধ রাজনৈতিক কার্য্য পিষিয়া মারিতেছেন তথন অ-রাজনৈতিক কোন জনসাধারণের কার্য্যে যোগ দেওয়া আমার নিকট অপ্রীতিকর মনে হইত। আমি লক্ষ্য করিলাম, অনেক কংগ্রেসপন্থীই

# च अर्जनांच (मर्क

অন্যান্য কাজের মধ্যে গিয়া পড়িতৈছেন, ঐ কাজগুলি ভাল হইলেও আমাদের সংঘর্ষের সহিত ইহার কোন সম্পর্ক নাই। অন্যাদিকে ঝুঁ কিয়া পড়িবার প্রবণতা স্বাভাবিক হইলেও আমার মনে হইল ইহাতে উৎসাহ দিবার সময় তথনও আসে নাই।

১৯৩৩-এর অক্টোবর মাদের মধাভাগে, এলাহাবাদে যুক্ত-প্রদেশের কংগ্রেসকর্মীদের একসভা এলাহাবাদে আহুত হইল। সভার উদ্দেশ বর্ত্তমান অবস্থা বিবেচনা করিয়া ভবিয়ত কর্মনীতি থির কর।। প্রাদেশিক কংগ্রেস কমিটি বে-আইনী প্রতিষ্ঠান, আইন অমাক্ত না করিয়া মিলিত হইবার জন্ম আমরা কংগ্রেস কমিটির সভা আহ্বান করিলাম না। কিন্তু যে সকল সদস্য জেলের বাহিরে ছিলেন এবং অক্যান্ত বাছা বাছা কন্মীকে আমরা ঘরোয়া বৈঠকে আহ্বান করিলাম। ঘরোয়া বৈঠক হইলেও এই সভা সম্বন্ধে কোন গোপনতা ছিল না এবং শেষ মুহুর্ত্ত পর্যান্ত আমরা জানিতাম না যে ইহাতে গভর্ণমেন্ট হন্তক্ষেপ করিবেন কি না! এই সভায় জগতের বর্ত্তমান অবস্থা লইয়া অনেক আলোচনা হইল—অর্থ নৈতিক সৃষ্কট, নাংশীইজম, ক্য়ানিজম প্রভৃতি। আমাদেব অভিপ্রায় ছিল এই যে অন্তত্ত যাহা যাহা ঘটিতেছে, আমাদের সহকশীরা ভারতের সংঘর্ষও তাহার সহিত যুক্ত করিয়া দেথুক। অবশেষে এই সম্মেলনে আমাদের উদ্দেশ্য নির্দেশ করিয়া এক সমাজতান্ত্রিক প্রস্তাব গৃহীত হইল এবং নিরুপদ্রব প্রতিরোধ নীতি বর্জনের প্রতিবাদ করা হইল। সকলেই উত্তমন্ধপে জানিত যে ব্যাপক ভাবে নিক্ষপদ্ৰৰ প্ৰতিরোধ নীতি চলিবার কোন সম্ভাবনা নাই, ব্যক্তিগত প্রতিরোধও মন্দীভৃত হইয়া অত্যন্ত সীমাবদ্ধ হইতেছে। কিন্তু প্রত্যাহারের ফলে আমাদের िक निया व्यवसात कानरे পরিবর্তন হইবে না, কেন না, গভর্ণমেন্টের অর্ডিক্সান্দীয় আইনের আক্রমণ চলিতেই থাকিবে। কাজেই কেবল একটা বাহিরের ঠাট বজায় রাখিবার মতই আমরা নিরুপদ্রব প্রতিরোধ চালাইবার সম্বল্প করিলাম, কিন্তু আমরা কম্মীদিগকে উপদেশ দিলাম যে, তাহারা স্বতঃপ্রবৃত্ত হইরা যেন কারাবরণ না করে। তাহারা সাধারণ ভাবে কাজ করিয়া যাইবে তাহার ফলে যদি গ্রেফ্তার হইতে হয়, তাহা হইলে হাসিমুথে তাহা গ্রহণ করিবে। বিশেষভাবে তাহাদিগকে প্রীঅঞ্লের সহিত যোগস্থাপন করিতে বলা হইল, সরকারী দুমননীতি ও থাজনা মাপের ফলে বর্ত্তমানে কৃষকদের অবস্থা কিরূপ দাঁড়াইয়াছে, তাহাও অমুসন্ধান করিতে বলা হইল। তথন খাজনাবন্ধ আন্দোলনের কোন প্রশ্ন ছিল না। পুণা-সম্মেলনের পর উহা আফুষ্ঠানিক ভাবে

## 

প্রত্যাহার করা হইয়াছিল, এবং বর্ত্তর্মান অবস্থায় উহার পুনঃপ্রবর্ত্তন ষে
অসম্ভব তাহা বলাই বাহুলা।

এই কার্যাপদ্ধতি অত্যন্ত নরম ও নির্দোধ, ইহাতে বে-আইনী কিছুই ছিল না, কিন্তু তথাপি আমরা জানিতাম ইহার ফলেও গ্রেফ্তার হওয়ার সম্ভাবনা আছে। কিন্তু আমাদের কর্মীরা গ্রামে ফিরিয়া ঘাইবার পরই তাহাদের গ্রেফ্তার করা হইতে লাগিল, এবং অত্যন্ত অন্তাম ভাবে তাহাদের উপর থাজনাবন্ধ এচারের (অর্ডিন্সান্ধীয় অপরাধ) অভিযোগ আনিয়া কারাদণ্ড দেওয়া হইতে লাগিল। আমার বহু সহক্মীর গ্রেফ্তারের পর আমি নিজে ঐ সকল পল্লীঅঞ্চলে ঘাইবার সকলে করিলাম, কিন্তু অন্তান্ত কাজের চাপে আমার যাওয়া ঘটিয়া উঠিল না।

এই কয়মাদে ভারতের অবস্থা বিবেচনার জন্ম ছুইবার কার্য্যকরী সমিতির অধিতেশন হইয়াছিল। সমিতি হিসাবে ইহার কোন কাজ हिल ना, त्व-आहेगी विलिशा नत्ह, भूगा-मत्यनत्नत भत्र गाम्निजीत निर्फित्भ সমস্ত কংগ্রেদ কনিটি ও আমুষঙ্গিক পদগুলি প্রত্যাহত হইয়াভিল। জেল হইতে বাহির হঠ্যা আমি অতান্ত অস্ত্রবিধার মধ্যে পড়িলাম, এই আত্ম-বিলোপমূলক অভিত্যান্স মানিয়া লইতে আমার মন সায় দিল না. আমি আমাকে কংগ্রেসের সাধারণ সম্পাদক বলিয়া পরিচয় দিতে লাগিলাম। কিন্তু আমি শুন্তে ভাসিতে লাগিলাম। কোন শৃঞ্খলাবদ্ধ কার্য্যালয় নাই, কর্মচারী নাই, কার্য্যকরী সভাপতি নাই, গান্ধিজীর সহিত পরামর্শ করা সম্ভবপর হইলেও তিনি তথন হরিজন কার্য্যোপলক্ষ্যে সমগ্র ভারত ভ্রমণে বহির্গত হইয়াছেন। আমরা কোন রকমে জবলপুর ও দিল্লীতে তাঁহার সহিত মিলিও হইয়া, কার্য্যকরী সমিতির সদস্তাগণ সহ কিছু আলোচনা করিতে দক্ষম হইয়াছিলাম। ইহা হইতে প্রত্যেকের মতভেদ স্পষ্ট করিয়া বুঝা গেল। অন্ধ গলির মধ্যে আমরা আটকাইয়া গেলাম, কোন সর্বসম্মত পথ খুঁজিয়া পাওয়া গেল না। নিরুপদ্রব প্রতিরোধ-নীতি যাঁহারা প্রত্যাহার করিতে ইচ্ছুক এবং যাঁহারা প্রত্যাহারের বিরুদ্ধে তাঁহাদের মতামত গান্ধিজীর সিদ্ধান্তের উপর নির্ভর করিতে লাগিল। তিনি প্রত্যাহারের বিরুদ্ধে ছিলেন বলিয়া পর্বের মতই চলিতে লাগিল।

কংগ্রেসের পক্ষ হইতে আইন সভার নির্বাচনে প্রতিষ্থিত। করার কথা মাঝে মাঝে কংগ্রেসপন্থীরা আলোচনা করিতেন, যদিও কার্য্যকরী সমিতির সদশ্যরা তৎকালে উহার উপর বিশেষ গুরুত্ব আরোপ করেন নাই। তথনও অবশ্য এ কথা উঠে নাই,—অস্পষ্ট জল্পনা কল্পনা মাত্র। তথন "রিফর্ম" আসিতেও তুই তিন বৎসর বিলম্ব ছিল এবং ব্যবস্থা

#### ज्ञ अर्जनान (अर्ज

পরিষদের নব-নির্বাচনও ঘোষিত হয় নাই। ব্যক্তিগত ভাবে মতবাদের দিক দিয়। নির্বাচন প্রতিদ্বন্দিতায় আমার কোন আপত্তি ছিল না; এবং আমার মনে নিশ্চিত ধারণা ছিল যে যথন সময় আসিবে, কংগ্রেস উহাতে যোগ দিবে। কিন্তু তথনই সে প্রশ্ন তোলা, কেবল চিত্তবিক্ষেপ স্থাষ্ট করা মাত্র। আমি আশা করিয়াছিলাম যে, সংঘর্ষ চলিতে থাকিলেই উপস্থিত কর্ত্তব্য স্পষ্ট হইয়া উঠিবে, এবং আপোষ রফায় উন্মৃথ ব্যক্তিদের ঘটনার উপর প্রভাব বিস্তারে বাধা দিবে।

ইতিমধ্যে আমি প্রবন্ধ ও বিবৃতি লিখিয়া সংবাদপত্রে প্রেরণ করিতে লাগিলাম। আমাকে সংযত ভাবে লিখিতে হইত,—কেন না আমার উদ্দেশ্য ছিল এগুলি প্রকাশ করা; সেন্দর ও বহুতর আইনের বেড়াজালও সর্বত্র বিস্তৃত। এমন কি, আমি যদি নিজে দায়িত্ব লই, তাহা হইলেও মূদ্রাকর, প্রকাশক ও সম্পাদক রাজী হইবেন না। মোটের উপর সংবাদপত্রগুলি আমার উপর সদয় ব্যবহারই করিয়াছেন এবং আমার অফুকুলে অনেক যুক্তি দিয়াছেন। তবে সব সময় নহে। সময় সময় বিবৃতি বা অংশ বিশেষ বাদ দেওয়া হইত; একবার আমার অনেক কন্ত করিয়া লেখা একটি প্রবন্ধ দিবালোক দেথিবার স্থযোগ পাইল না। ১৯৩৪ সালের জান্থয়ারী মাসে যথন আমি কলিকাতায়, তথন অন্যতম প্রধান দৈনিক পত্রিকার সম্পাদক আমার সহিত দেখা করিতে আসেন। তিনি বলিলেন বে, আমার বিবৃতিটি তিনি কলিকাতার সমস্ত সংবাদপত্রের প্রধান সম্পাদকের নিকট তাঁহার মতামতের জন্ম পাঠাইয়াছিলেন, কিন্তু প্রধান সম্পাদকের মনঃপুত না হওয়ায়, উহা প্রকাশিত হয় নাই। এই প্রধান সম্পাদক হুইলেন, গভর্গমেণ্টের কলিকাতার প্রেস্ম অফিসার।

সংবাদপত্রের প্রতিনিধিদের সহিত সাক্ষাংকালে অথবা বিবৃতিতে আমি অনেক সময় ব্যক্তিবিশেষ বা দলবিশেষের তীব্র সমালোচনা করিতাম। ইহাতে অনেকে কট হইতেন, ইহার অন্ততম কারণ এই যে গান্ধিজীর জন্ম এই ধারণা সর্ব্যত্ত ছাইয়া পড়িয়াছিল যে কংগ্রেসকে সকল অবস্থাতেই সমালোচনা বা আক্রমণ করা যাইতে পারে এবং তাহাতে প্রতি-আক্রমণের ভয় নাই। গান্ধিজীই এই দৃষ্টান্ত স্থাপন করিয়াছিলেন এবং অল্পবিশুর প্রধান কংগ্রেসপন্থীরা তাহাকে অনুসরণ করিতেন, কিন্তু সকল সময়েই যে এক্নপ হইত তাহা নহে। সাধারণত: আমরা অনিশ্চিত ও সদিচ্ছাপ্রণোদিত বচন আওড়াইতাম, এবং আমানের সমালোচকেরা ইহার স্থবিধা গ্রহণ করিয়া তাহাদের ভ্রাপ্ত খ্রুত এবং স্থবিধাবাদীর কৌশল দিব্য অচ্নেদ্দ চালাইত। প্রকৃত সমস্তা উভয় পক্ষই এড়াইয়া চলেন; যুক্তি ও তর্ককৌশলের

#### বছ পথ

ঘাতপ্রতিঘাত সমন্বিত আলোচনা কদাচিৎ দেখা যায়। অথচ পাশ্চাল্য দেশে ফাসিস্ত দেশগুলি ব্যতীত সর্বব্যেই এরূপ হইয়া থাকে।

আমার একজন বান্ধবী আমাকে লিখিলেন যে সংবাদপত্তে আমার কতকগুলি বিবৃতিতে ভোরালো লেখা দেখিয়া তিনি একটু আশ্র্যা হইয়াছেন—আমি প্রায় 'কুপিত বিভাবের' মত হইয়া পড়িয়াছি। ইহার মতামতের প্রতি আমার যথেষ্ট শ্রদ্ধা আছে। ইহা কি সত্যই আমার 'আশাভঙ্গজনিত' ক্ষোভের বিকাশ ? আমি অবাক হইয়া ভাবি। আংশিকভাবে ইহ। সত্যু, কেন না স্বাতীয়ভাবে আমবা প্রায় সকলেই আশাভদের হুংথে হুংখী। ব্যক্তিগ্তভাবেও ইহা অনেকাংশে সত্য। তথাপি এই ভাব সম্পর্কে আমি বিশেষ সচেতন নহি; কেন না ব্যক্তিগতভাবে আমার মনে কোন পরাভব বা বার্থতার কোভ নাই। যেদিন হইতে আমি রাজনীতিক্তেরে গান্ধিজীর সংশ্রবে আসিয়াছি, তাঁহার নিকট আমি অস্ততঃ একটি বিষয় শিক্ষা করিয়াছি—ফল কি হইবে এই ভয়ে আমি মনের ভাব গোপন করি না। এই অভ্যাস বলে রাজনীতিক্ষেত্রে কার্যা করিতে গিয়া ( অন্ত ক্ষেত্রে ইহার অনুসরণ করা অধিকতর কঠিন এবং বিপজ্জনক) আমি প্রায়ই বিপদে পড়িয়াছি; কিন্তু ইহাতে আমি সম্ভোষও লাভ করিয়াছি প্রচুর। আমার মনে হয়, এই উপায়েই আমরা চিত্তের তিক্ততা ও শোচনীয় বার্থতার হার হইতে অব্যাহতি পাই। বহুলোক একজনকে স্নেহের দৃষ্টিতে দেখে, এই ধারণায় চিত্তদাহ জুড়াইয়া যায়,—পরাভব ও বার্থতার বেদনার উপর ইহা স্লিগ্ধ বিরাম আনে। আমার মনে হয় সর্ব্বজনবিশ্বত নিঃসঙ্গ একাকি ঘুই সমস্ত চিন্তা অপেক্ষা ভয়াবহ।

কিন্তু যাহাই হউক না কেন, এই আশ্চর্যা ছংখময় জগতে ব্যর্থতার বেদনা হইতে কে অব্যাহতি পায়? কতবার মনে হয় সমস্তই ভূল, তথাপি কাজ করিতে হয়, আমাদের চারিদিকে জনমগুলীর অবস্থা দেখিয়া মন সংশয়ে পূর্ণ হইয়া উঠে। নানা ব্যাপারে ও নানা ঘটনায়, এমন কি, মায়্ব ও দলের বিরুদ্ধে আমার চিত্তে রোষ ও ক্রোধের সঞ্চার হয়। ক্রমে আমি বৈঠকখানাবিলাদী অলস জীবনের উপর অধিকতর য়য়্ট হইয়া উঠিয়াছি। তাঁহারা মূলসমস্যাগুলির প্রতি উদাসীন, ঐগুলি আলোচনা করাও ভাল মনে করেন না, কেন না তাহাতে আর্থিক ক্ষতি বা চিরপোষিত কোন সংস্থারে আঘাত লাগিতে পারে। এই সকল রোষ, আশাভকজনিত বেদনা এবং "কুপিত বিড়ালের স্বভাব" সন্তেও, আমার ভরদা এই যে আমি এখনও আমার নিজের ও অপরের নির্ক্ ক্ষতা দেখিয়া হাসিবার ক্ষমতা হারাই নাই।

### জওহরলাল নেহরু

দয়ালু ঈশবের উপর লোকের বিশাস দেখিয়া আমি সময় সময় অবাক হইয়া যাই; আবাতের পর আঘাত, সর্বনাশেও ইহা অটল থাকে; এবং দয়ার বিপরীত প্রমাণগুলি বিশ্বাসের পরীক্ষারূপে বিবেচনা করা হয়। জেলাভ হপকিন্সের নিয়োদ্ধত কবিতাংশ অনেকের হৃদয়েই প্রতিধ্বনি তুলিবে,—

"তৃমি নিশ্চয়ই ভায়বান, হে প্রভু, কিন্তু আমি যদি তোমার সহিত বাদে প্রবৃত্ত হই, আমার যুক্তিও ভায়সঙ্গত হইবে। পাপীদের পাপের পথে শ্রীরৃদ্ধি হয় কেন ? আমার সমস্ত চেষ্টাই নৈরাশ্রে পর্যাবসিত হয় কেন ? হে আমার বয়ু, তৃমি কি আমার শক্র ছিলে ? আমি আশ্চর্যা হারী ভাবি, তৃমি আমাকে পরাজিত ও বার্থ করা ছাড়া আর কি অধিক মন্দ করিতে পার ? হায়, মত্যপ ও কাম্কও অবসরকালে দিবা উয়তিলাভ করে, কিন্তু প্রভু, আমি সারাক্ষণ তোমার কাজ করিয়াও তাহা পারি না।"

উন্নতিতে বিখাস, কোন কাজ, আদর্শ, মানবের সাধ্তা ও মানব নিয়তিতে বিখাস কি দৈবের উপর বিখাসের সহিত ঘনিষ্ঠভাবে সংযুক্ত নহে? যদি আমরা ক্যায় ও যুক্তি দারা উহা প্রমাণ করিতে যাই, তাহা হইলেই বিব্রত হইতে হয়। কিন্তু আমাদের ভিতরে এমন একটা বস্তু আছে, যাহা আশা ও বিখাস আঁকড়িয়া ধরে,—উহা হইতে বঞ্চিত হইলে জীবন তরুগুল্মহীন মক্নভ্নি হইয়া পড়ে।

আমি সমাজতন্ত্রবাদ প্রচার করি বলিয়া কার্য্যকরী সমিতির আমার সহক্ষীরা পর্যান্ত বিব্রত হইয়া উঠেন। গত কয়েক বংসর ধরিয়া তাঁহারা যেভাবে আমার এই প্রচারকার্য্য সহ্ন করিয়া আসিতেছেন; সেই ভাবেই তাঁহাদিগকে বিনা আপত্তিতে ইহা সহ করিতে হইবে; কিন্তু এথন আমি **म्हिला कारामी वार्थवामी एम्ड व्यानकारण और क्रिया जुलियाहि ज्यर** আমার কার্য্যপ্রণালীকে এখন আর নির্দোষ বলা চলে না। আমি জানি আমার কোন কোন সহকর্মী সমাজতন্ত্রী নহেন, কিন্তু আমি সর্ব্বদাই ইহা মনে করি যে কংগ্রেসের কার্য্যকরী সভার সদস্ত হিসাবে কংগ্রেসকে দায়ী বা জড়িত না করিয়াও ব্যক্তিগতভাবে সমাজতম্ববাদ প্রচারের আমার পূর্ণ স্বাধীনতা আছে। কাৰ্য্যকরী সমিতির কোন কোন সদস্য আমার স্বাধীনতা আছে বলিয়া বিবেচনা করেন না, একথা ভূনিয়া আমি আশ্চর্য্য হইয়াছি। আমি তাঁহাদিগকে অপ্রস্তুত অবস্থার মধ্যে ফেলিতেছি বলিয়া তাঁহারা রুষ্ট হইয়াছেন। কিন্তু আমি কি করিব ? আমার কাজের মধ্যে যাহাতে আমি স্বাপেকা অধিক গুরুত্ব আরোপ করি, তাহা বর্জন कतिएक भाति ना। यमि हैहा नहेशा विद्याध वाद्य, छाहा हहेता आमारक কার্য্যকরী সমিতির পদত্যাদী করিতে হইবে। কিন্তু যথন সমিতি বে-আইনী

ও কার্য্যতঃ ইহার কোন অন্মিত্ব নাই, তথন কাহার নিকট কোথায় পদত্যাগ পত্র দিব ?

পরে পুনরায় আর এক বিপদ্ উপস্থিত হইল,—আমার মনে হয়, ডিসেম্বর মাদের শেষভাগে মাক্রাজ হইতে শিথিত গান্ধিজীর একথানি পত্র পাইলাম। 'মান্ডাজ মেইল' হইতে তাঁহার একটি সাক্ষাতের বিব∴ণ তিনি কাটিয়া পাঠাইয়াছিলেন। সাক্ষাংকারী তাঁহাকে আনার বিষয় জিজ্ঞাসা করিয়াছিলেন এবং তিনি আমার কাষ্যপদ্ধতির জন্ম প্রায় ক্ষমা প্রার্থনা করিয়া বলেন; আমার সততার উপর তাঁহার বিখাস আছে যে—আমি কংগ্রেসকে এই নুতন পথে লইয়া যাইব না। আমার সম্পর্কে এই কথায় আমি বিশেষ কিছু মনে করি নাই, কিন্তু এই সাক্ষাংকারে তিনি যে ভাবে বড় জমিদারীপ্রথা সমর্থন করিয়াছেন, তাহাতে আমি ব্যথিত হইলাম। তিনি যেন পল্লীর ও জাতীয় অর্থনৈ,তক অবস্থার দিক দিয়া ইহার প্রয়োজনীয়তা উপলব্ধি করেন। ইহাতে আমি আশ্র্যা হইলাম, কোন বড় জমিদারী বা তালুকদারীর ইদানীং সমর্থকের সংখ্যা অতাত্ত বিরল। সমগ্র জগতে এগুলি ভাঙ্গিয়া গিয়াছে, ভারতেও অধিকাংশ ব্যক্তি মনে করেন এগুলি আরু টিকিতে পারে না। যদি জমিদারেরা উপযুক্ত ক্ষতিপূরণ পান, তাহা হইলে তাঁহারাও আনন্দের সহিতে ইহার বিলোপে সম্মতি দিবেন। ১৯৩৪-এর ২৩শে ডিদেপর বঙ্গীয় জমিদার সম্মেলনের অভার্থনা সমিতির সভাপতির অভিভাষণে মিং পি, এন, ঠাকুর বলিয়াছিলেন, "আয়র্লতে যাহা হইয়াছে, দেইভাবে জমিলারদের উপযুক্ত ক্ষতিপূরণ দিয়া যদি জমিলারদের ভূসপ্পতি জাতীয় সম্পত্তিতে পরিণত কর। হয়, তাহা হইলে ব্যক্তিগত ভাবে আমি মোটেই इःथिट इट्टेव ना।" वाक्रनारमा िहत्रशाही वरमावछ आछ, অঞ্চলে উহা নাই, সেখানের জমিদার অপেকা বাঙ্গলার জমিদারদের অবস্থা খনেক ভাল, একথা মনে রাণিতে হইবে। জাতীয় সম্পত্তিতে পরিণত করা সম্পর্কে মি: পি, এন, ঠাকুরের ধারণা অস্পষ্ট বলিয়াই মনে হয়। এই প্রথা নিজের ভারেই ভাঙ্গিয়া পড়িতেছে। তথাপি গান্ধিজী ইহার স্বপক্ষে এবং গ্রায়রক্ষক ও অন্যান্য কথা এই সম্পর্কে ব্যবহার করিয়াছেন। আমাদের উভয়ের দৃষ্টিভঙ্গী কত স্বতন্ত্র এবং আমি বিশ্বিত হইয়া ভাবিতে লাগিলাম, ভবিষাতে আমি তাঁহার দহিত কি পরিমাণ দহযোগিতা করিতে পারিব ? আমি কি কার্যাকরী সমিতির সনস্তরপে কাজ করিতে থাকিব ? তথনই অবশ্য কিছু করিবার ছিল না, ইহার কমেক সপ্তাহ পরে আমার কারাদণ্ড হওয়ায়, এ প্রশ্নটাই অপ্রাদঙ্গিক হইয়া গেল।

भातिवातिक वााभारत वामारक व्यत्नक मभग्न निर्देश हरेन। वामात

## ज ওহরলাল লেহক

মাতার স্বাস্থ্য অতি ধীরে উল্লভ হইতেছিল। তিনি শ্যাশায়িনী হইলেও বিপদ কাটিয়া গিয়াছিল। আমি আমার আর্থিক অবস্থার দিকে দৃষ্টিপাত कतिनाम, मीर्घकालात व्यवस्थाय छेश व्यक्त विमुख्य रहेया छैठियाहिन। আমরা সাধ্যের অতিরিক্ত ব্যয় করিয়া চলিয়াছি অথচ থরচ কমাইবার কোন পরিষার পথও দেখিতে পাইলাম না। আয়ের অহুপাতে করিবার আমার কোন আগ্রহ ছিল না। যথন আমার আর অর্থ বলিয়া কিছু থাকিবে না, আমি প্রায় সেই অবস্থার জন্মই অপেক্ষা করিতেছি। বর্ত্তমান জগতে অর্থ ও সম্পত্তির উপযোগিতা প্রচুর, কিন্তু যে দীর্ঘপথের যাত্রী অনেক সময়ই তাহার নিকট উহা ভারস্বরূপ বলিয়া মনে হয়। ক্ষতির সম্ভাবনা আছে, এমন কাজ করা অর্থশালীব্যক্তির পক্ষে অত্যন্ত কঠিন। তাহারা সর্বনাই তাহাদের স্থাবর, অস্থাবর সম্পত্তি ও দ্রবাদি হারাইবার ভয়ে ভীত। এই অর্থ ও সম্পত্তির মূল্য কতটুকু,— যথন গভর্ণমেন্ট ইচ্ছা করিলেই যে কোন সময় ইহা দখল লইতে বা বাজেয়াপ্ত করিতে পারেন ? আমার মনে হইল, যংসামাল যাহা আছে, তাহা গেলেই ভাল। আমাদের প্রয়োজন অতি অল্প এবং আমার নিজের প্রয়োজন মত উপার্জনের ক্ষমতার উপরও বিশ্বাস আছে। আমার প্রধান চিন্তা হইল মাকে লইয়া। এই জীবন সায়াহে তিনি অম্ববিধা বোধ করিতে পারেন কিয়া জীবন যাত্রাপ্রণালীর ব্যবস্থার সক্ষোচ দেখিয়া ব্যথিত হইতে পারেন। আমার ক্যার শিক্ষায় বাধা উপস্থিত না হয়, সে চিস্তাও আমার ছিল, কেন না তাহাকে ইউরোপে শিক্ষাদানের অভিপ্রায় আমার আছে। ইহা ছাড়া কি আমি, কি আমার স্ত্রী, আমাদের অধিক অর্থের আবশ্যক নাই। অথবা অর্থের অভাববোধ করিতে অনভান্ত বলিয়াই আমর। ঐরপ ভাবিয়াছিলাম। আমার বিশাস যথন এমন সময় আসিবে আমরা অর্থাভাবে পড়িব, তথন निक्प्रहे जामता स्थी इहेर ना। এक विषय এथन अभात वाप्रवाहना আছে; ইহা বই কেনার অভ্যাস, এই অভ্যাস ছাড়া আমার পক্ষে কঠিন।

আশু অর্থাভাব দূর করিবার জন্য আমরা আমার স্ত্রীর অলস্কারগুলি
বিক্রেয় করার সম্বল্প করিলাম। কতকগুলি রূপার জিনিষ এবং অন্যান্ত
তৈজসপত্র সহ কয়েক গাড়ী আসবার্যও বিক্রয় করা হইল। কমলা প্রায়
বার বংসর যাবং গহনাগুলি ব্যবহার করেন নাই, উহা ব্যাঙ্কে গচ্ছিত
ছিল, কিন্তু তথাপি তিনি উহা ত্যাগ করিতে রাজী হইলেন না। তিনি
উহা আমাদের কন্তাকে দান করিবার সম্বল্প করিয়াছিলেন।

১৯৩৪-এর জাত্মারী মাস। কোন বে-আইনী কাজ না করা সত্ত্বেও এলাহাবাদ জিলার গ্রামে গ্রামে আমাদের কন্মীরা গ্রেক্তার হইতে লাগিল;

এমতাবস্থায় আমাদের পক্ষেও তাহাদের পদার অফুসরণ করিয়া ঐ সকল গ্রামে যাওয়া কর্ত্তব্য হইয়া উঠিল। আমাদের যুক্ত-প্রাদেশিক কংগ্রেস কমিটির কুশলকর্মা সম্পাদব রফি আহামদ কিলোয়াই গ্রেফ্তার হইলেন। এদিকে ২৬ শে জামুয়ারী—স্বাধীনতা দিবেদ আদিতেছে, উহা উপেক্ষা করা চলে না। অর্ডিক্তান্স, নিষেধাজ্ঞা প্রভৃতি সত্ত্বেও ১৯৩০ হইতে প্রতি বৎসর দেশের বিভিন্ন অংশে এই অহুষ্ঠান চলিয়া আসিতেছে। কিন্তু কে পুরোভাগে जािमशा है है। कतित्व ? कि ভाবে है है। कतितात निर्देश कित्व ।

कि जािम हो

जािम আর কেহ নিথিল ভারত কংগ্রেসের কোন পদে আছেন, ইহা ধরিয়া লইবার উপায় নাই। আমি কয়েকজন বন্ধুর সহিত পরামর্শ করিলাম, কিছু করা সম্বন্ধে সকলেই একমত হইলেন; কিন্তু সেই কিছু কি, নে সম্বন্ধে মতভেদ ঘটিল। অনেক লোক একসঙ্গে গ্রেফ্তার হয় এরূপ কাজ না করাই ভাল, এই সাধারণ মনোভাব আমি লক্ষ্য করিলাম। অবশেষে স্বাধীনতা দিবস যথাবিহিতভাবে পালন করিবার জন্ম আমি একটি সংক্ষিপ্ত আবেদন প্রচার করিলাম। কি ভাবে করিতে হইবে, সে ভার স্থানীয় लाकरमत्र উপর রহিল। এলাহাবাদ জিলাব নানাস্থানে অফুষ্ঠানের ব্যবস্থা আমরা ঠিক করিলাম।

আমরা বৃঝিলাম, স্বাধীনতাদিবদের অনুষ্ঠাতাগণ ঐ দিন গ্রেফ্তার হইবেন। জেলে যাইবার পূর্বে আমার একবার বাঙ্গলায় যাইবার ইচ্ছা হইল। পুরাতন সহকর্মীদের সহিত সাক্ষাং করিবার উদ্দেশও ছিল; কিন্তু কার্য্যতঃ গত কয়েক বংসর ধরিয়া যাহারা অবর্ণনীয় পীড়ন সহ্ব করিয়াছে, বাঙ্গলার সেই জনমণ্ডলীর উদ্দেশে শ্রুজানিবেদনের জন্তই আমি উনুথ হইলাম। আমি ভাল করিয়াই জানি যে আমি তাহাদের কোন সাহায়্যই করিতে পারিব না। সহাত্মভূতি ও আত্মীয়তা যদিও আকাজ্ঞার, তথাপি উহার মূল্য কতটুকুই বা। প্রয়োজনের সময় সমস্ত ভারতবর্ষ তাহাকে ভূলিয়া আছে, বিশেষভাবে এই ধারণাও বাঙ্গলায় ছিল। এরপ ধারণার কোন যুক্তিসঙ্গত কারণ অবশ্য নাই, তথাপি ইহা ছিল।

কমলাকে লইয়া কলিকাতায় পিয়া তাঁহার চিকিৎসা সম্পর্কে ভাক্তারদের সহিত পরামর্শ করার ইচ্ছাও আমার ছিল। তাঁহার শরীর ভাল ছিল না, কিন্তু আমরা উভয়ৈই ইহা কতকাংশে উপেক্ষা করিয়াছিলাম; কলিকাতা বা অগ্রত্ত থাকিয়া দীর্ঘকাল চিকিৎসা করিতে হইতে পারে, এই ধারণায় আমরা উহা স্থগিত রাথিয়াছিলাম। জেলের বাহিরে যতদিন আছি, ততদিন যথাসম্ভব উভয়ে একত্র থাকিবার আকাজ্র্যা আমাদের ছিল। আমি জেলে ফিরিয়া গেলে তিনি ভাক্তার ও চিকিৎসার যথেষ্ট

## ज ওহরলাল নেহর

সময় পাইবেন। এখন গ্রেফ্তার নিকটবর্ত্তী বলিয়া মনে হওয়ায় আমি কলিকাতায় আমার উপস্থিতিতে ডাক্তারদের সহিত পরামর্শ করা স্থির করিলাম। অস্থাস্থ বাবস্থা পরে হইতে পারিবে।

আমি ও কমলা ১৫ই জান্ত্যারী কলিকাতা যাত্রার দিন স্থির করিলাম। স্বাধীনতাদিবদের সভার পূর্ব্বে ফিরিয়া আসিবার যথেষ্ট সময় হাতে রহিল।

#### ୯৮

# ভূমিকম্প

১৯৩৪-এর ১৫ই জামুয়ারীর অপরাহ্ন ! আমি এলাহাবাদের বাড়ীর বারান্দায় বসিয়া একদল কৃষকের সহিত কথা বলিতেছিলাম। বাষিক মাঘমেলা আরম্ভ হইয়াছে, আমাদের বাড়ীতে সারাদিন দর্শকের অভাব ছিল না। সহসা আমার পা টলিতে লাগিল, পড়িতে পড়িতে নিকটপ্থ একটা থাম ধরিয়া টাল সামলাইলাম। দরজা জানালা কাঁপিতে লাগিল, নিকটস্থ স্বরাজভবন হইতে গুরুগন্তীর ধানি আসিতে লাগিল, সেথানে ছাদ হইতে টালি থসিয়া পড়িতেছিল। ভূমিকম্প সম্পর্কে পূর্ক অভিজ্ঞতা না থাকার দরুণ প্রথমে আমি কিছু বুঝিতেই পারিলাম না, তবে বুঝিতে বেশী বিলম্ব হইল না। এই অভিনব অভিজ্ঞতায় আমার বড় কৌতুক বোধ হইল, আমি কৃষকদের সহিত কথা চালাইতে লাগিলাম এবং তাহাদিগকে ভূমিকম্পের বিষয় বলিতে লাগিলাম। আমার বৃদ্ধা জেঠীমা দুর হইতে চীৎকার করিয়া আমাকে দালান ছাড়িয়া বাহিরে আদিতে বলিলেন। এই আহ্বান আমার নিকট অত্যন্ত হাস্তকর বলিয়া মনে इट्टेन। প্রথমতঃ ভূমিকম্পটা আমি গুরুতর বলিয়া বিবেচনা করি নাই। দ্বিতীয়তঃ আমার রুগ্না মাতা দোতলায় রহিয়াছেন, আমার স্ত্রীও সম্ভবতঃ দোতলায় যাত্রার জন্ম জিনিষপত্র গুছাইতেছেন; তাহাদের ফেলিয়া আমি कांनक त्या निर्देश कि कांनि कांनि या है कि ना विकास कांनि का किছুकान कम्भन চनिन, जात्रभत वस श्रेया राग। এ विषया कयाक মিনিট আলাপের পর আমরা উহা ভূলিয়া গেলাম। আমরা তথন জানিও না, কল্পনাও করিতে পারি নাই যে এই ছই তিন মিনিটের মধ্যে বিহার এবং অ্যান্ত অঞ্চলে লক্ষ লক্ষ লোকের কি সর্বনাশ হইয়া গেল!

# ভূমিকম্প

সেইদিন সন্ধ্যায় আমি ও কমলা কলিকাতা যাত্রা করিলাম। রাত্রির অন্ধকারে আমাদের ট্রেন যে ভূমিকম্পণীড়িত দক্ষিণ অঞ্চল দিয়া চলিয়া গেল, তাহা ব্ঝিতেও পারিলাম না। পরদিন কলিকাতায় ধ্বংসলীলার বিশেষ কোন সংবাদ পাওয়া গেল না। তার পরদিন কিছু কিছু সংবাদ আসিতে লাগিল। তৃতীয় দিবসে আমরা সেই ছ্রিপাকের কথা অম্পষ্টভাবে ব্ঝিতে আরম্ভ করিলাম।

কলিকাতায় আমাদের কাজকর্ম লইয়া ব্যস্ত থাকিলাম। বহু ভাক্তারের সহিত বারম্বার পরামর্শ করিয়া স্থির হইল, তুই একমাদ পরে কম্ল চিকিৎসার জন্ম কলিকাতায় আসিবেন। দীর্ঘকাল অদর্শনের পর বন্ধুবান্ধব ও কংগ্রেসের সহকন্মীদের সহিত সাক্ষাৎ হইল। সমস্ত সময় আমি এক ভয়াবহ মানিসিক অবসাদ অত্নত্তব করিতে লাগিলাম। মনে হইতে লাগিল, সকলেই যেন বিপদে পড়িবার ভয়ে যে কোন কান্ধ করিতে ভীত। ইহারা অনেক সহু করিয়াছে। ভারতের অন্তান্ত অঞ্চল অপেকা এখানে সংবাদপত্রগুলি অধিক স্তর্ক। অস্তান্ত স্থানের স্থায় এখানেও ভবিষ্তুৎ কার্যাপদ্ধতি সম্পর্কে সন্দেহ ও অনিশ্চিত মনোভাব দেখিলাম। ভয় অপেক্ষা এই অনিশ্চিত দন্দেহই কার্য্যকরী রাজনৈতিক কর্মধারা অব্রুদ্ধ করিয়া রাথিয়াছে। ফাসিস্ত মনোভাব অতিমাত্রায় প্রত্যক্ষ-সমাজতান্ত্রিক বা ক্মানিষ্ট প্রবণতাও আছে—তবে এই সমস্তই মিলিত মিশ্রিত এবং অম্পষ্ট। এই সকল বিভিন্ন দলের সামারেখা ম্পষ্টভাবে নির্দেশ করা কঠিন। টেরোরিষ্ট আন্দোলন সম্বন্ধে বিশেষ কিছু দেথিবার বা জানিবার স্থোগ ও সময় আমি পাইলাম না। সরকারী তরফ হইতে উহার সম্বন্ধ ঘোষণা এবং বিশেষভাবে উহার প্রতি দৃষ্টি দেওয়া হইতেছিল। আমি যতদ্র জানিতে পারিলাম, উহার রাজনৈতিক গুরুষ কিছু ছিল না, ঐ দনের প্রবীণ সদস্থদের টেরোরিজম্-এর উপর কোন বিশ্বাস আর ছিল না। তাহাদের চিম্ভাপ্রবাহ স্বতম্ত্র পথে চালিত হইতেছিল। যাহা হউক গভর্ণমেন্টের কাজে বাঙ্গলাদেশে যথেষ্ট ক্ষোভ ছিল; এবং তাহার ফলে এখানে ওখানে ব্যক্তিবিশেষ সংঘম হারাইয়া শক্রভাব প্রদর্শন করিত। উভয়পক্ষেই এই বৈরভাব অত্যন্ত প্রবল ছিল সন্দেহ নাই। ব্যক্তিবিশেষ টেরোরিষ্টের মধ্যে ইহা যথেষ্ট প্রত্যক্ষ। রাষ্ট্রের মনোভাবের মধ্যেও মাঝে মাঝে প্রতিহিংসা সাধন এবং চিরবৈরিতার ভাব অতিমাত্রায় প্রবল; ধীরভাবে সমাজদ্রোহী কাজগুলি আয়ত্তের মধ্যে আনিয়া দমনের চেষ্টার অভাব। যে কোন গভর্ণমেণ্ট টেরোরিজম্ সংক্রাস্ত কার্য্যের সমুখীন হইলে তাহার সহিত যুদ্ধ করিতে এবং উহা দমন করিতে বাধ্য হয়। কিন্ত

#### ৰওহরলাল নেহরু

गर्जित्साले प्रकला विकास प्रश्य प्रका कता व्यावश्यक। तारी निर्द्धायि निर्द्धितात विकास प्रकलात विकास निर्द्धितात व्याविद्धिक वावश्य व्यवस्थि हरेल निर्द्धायेत प्रश्या वहन পরিমাণে বেশী বলিয়া তাহার আঘাত তাহাদেরই উপর গিয়া পড়ে। এইরপ ভীতিপ্রদর্শনের সমুথে ধীর ও সংযত থাকা সম্ভবতঃ সহজ নহে। টেরোরিজম্-সংক্রান্ত কার্য্য বিরল হইলেও তাহার সম্ভাবনা সর্ব্ধাই বিগ্রমান, এই ধারণাই, যাহাদের হাতে উহা দমনের ভার ভাহাদিগকে ধৈর্যাহীন করিবার পক্ষে যথেষ্ট। এই সকল কাজ্ব ব্যাধি নহে, ব্যাধির লক্ষণ—ইহা স্পষ্ট। ব্যাধির চিকিৎসা না করিয়া লক্ষণের চিকিৎসা করা নিজ্ল।

যে সকল যুবক যুবতীর টেরোরিষ্টদের সহিত সংশ্রব আছে বলিয়া বিবেচনা করা হয়, কার্যাতঃ তাহারা গোপন কাজের মোহে আরুষ্ট হয়, আমার ইহাই বিখাদ। গোপনতা ও বিপদ ছু:সাহসী যৌবনকে চিরদিনই আকর্ষণ করে; কিসের জন্ম এত কোলাহল, যবনিকার অন্তরালে থাকিয়া কাহারা কার্যা করিতেছে জানিতে কৌতৃহল হয়। ইহা ডিটেক্টিভ্ উপন্যাদের আকর্ষণ। আদলে এই সকল লোকের কোন কাজ করিবার মতলব থাকে না, টেরোরিষ্ট কার্য্য ত নহেই, কেবলমাত্র সন্দেহভাজনদের সংস্পর্শে গিয়া তাহারা নিজেদের পুলিশের সন্দেহভাজন করিয়া তোলে। যদি তাহাদের অধিক ছুর্ভাগ্য না হয়, তাহা হইলে সহজে ও অবিলম্বে তাহারা গিয়া অন্তরীণদের দলভুক্ত হয় অথবা বন্দিশালায় উপনীত হয়।

আমরা শুনিয়াছি, আইন ও শৃঙ্খলা ভারতে ব্রিটিশ শাসনের গৌরবময় কীর্ত্তি। আমার মনের স্বাভাবিক গতি উহার পক্ষে। আমি জীবনে শৃঙ্খলা ভালবাদি, অরাজকতা, বিশৃঙ্খলা ও অযোগ্যতা আমার নিকট অপ্রীতিকর। কিন্তু রাষ্ট্র ও গভর্গমেন্ট জনসাধারণের উপর যে আইন ও শৃঙ্খলা চাপাইয়া দেন, জিক্ত অভিজ্ঞতা হইতে তাহার মূল্য সম্বন্ধে আমার মনে সন্দেহ জাগিয়াছে। সময় সময় লোকে ইহার জন্ম অত্যধিক মূল্য দিয়া থাকে। আইন আসলে প্রভাবশালী অংশের ইছামাত্র এবং শৃঙ্খলা সর্ব্বব্যাপী ভীতির রূপান্তর। সময় সয়য় আইন ও শৃঙ্খলার অভাবকেই আইন ও শৃঙ্খলা বলা হয়। এক সর্ব্বব্যাপী ভীতির উপর প্রতিষ্ঠিত যে কোন সাফল্য কাহারও নিকট প্রীতিপ্রদ হইতে পারে না। রাষ্ট্রের দমননীতিমূলক ব্যবস্থার উপর প্রতিষ্ঠিত "শৃঙ্খলা", যাহা উহা ব্যতীত টিকিতে পারে না, তাহার সহিত অন্যামরিক শাসন অপেক্ষা সামরিক জবর-দথলের সাদৃশ্যই বেশী। সহস্র বংসর পূর্ব্বে রচিত কবি কহলনের কাশ্যীরী ঐতিহাসিক মহাকাব্য 'রাজতরিদ্বিতে' আমি দেখিয়াছি,

## ভূমিকম্প

আইন ও শৃঙ্খলার সমানার্থবাধক, রাট্র ও শাসকগণের যাহা রক্ষা করা কর্ত্তব্য, তৎসম্পর্কে পুনঃ পুনঃ ধর্ম ও অভয় এই ত্ইটি শব্দ ব্যবহার করা হইয়াছে। আইন বলিতে কেবলমাত্র নিছক আইন ছাড়া আরও কিছু বুঝায় এবং শৃঙ্খলা বলিতে জনসাধারণের ভয়হীনতা বুঝায়। ভীত জনসাধারণের উপর বলপূর্বক শৃঙ্খলা স্থাপন করা অপেক্ষা এই অভয় জাগ্রত করা কত বেশী আকাজ্ঞার।

আমরা তিনদিন ও একবেলা কলিকাতায় ছিলাম, এই সময়ে আমি তিনটি জনসভায় বক্তৃতা দিয়াছি। আমি পূর্ব্বে কলিকাতায় যে ভাবে বক্তৃতা করিয়াছিলাম, এবারও সেই ভাবে হিংসামূলক উপায়ের নিন্দা ও তাহার বিক্ষে যুক্তি প্রদর্শন করিলাম, তারপরে বাঙ্গলায় অবলম্বিত সরকারী উপায়গুলি আলোচনা করিলাম। এই প্রদেশের ঘটনাবলীর বিবরণ শুনিয়া আমি অতিমাত্রায় অভিভূত হইয়াছিলাম, ফলে আমার বক্তৃতা অত্যন্ত আন্তরিক হইয়াছিল। কোন অঞ্চলের সমগ্র জনতার উপর নির্বিচাবে নির্যাতন চালাইয়া যে ভাবে মহয়গুরের মর্যাদাকে অপমানাহত করা হইয়াছে, তাহার বিবরণ শুনিয়া আমি ব্যথিত হইয়াছিলাম। রাজনৈতিক সমস্রা গুরুতর হইলেও; তাহার স্থান মহয়ত্বের সমস্রার পরে। এই তিনটি বক্তৃতাই পরে কলিকাতায় আমার বিচারকালে তিনটি স্বতন্ত্ব অভিযোগরূপে উপস্থিত করা হইয়াছিল এবং আমার বর্ত্তমান কারাদণ্ড তাহারই ফল।

কলিকাতা হইতে আমরা কবি রবীন্দ্রনাথ ঠাকুরকে দর্শন করিবার জন্ম শাস্তি-নিকেতনে আদিলাম। তাঁহাকে দেখিলে সর্ব্বদাই আনল হয়, এত নিকটে আদিয়া, তাঁহাকে না দেখিয়া যাইতে মন সরিল না। আমি পূর্ব্বে আরও তুইবার শাস্তি-নিকেতনে আদিয়াছি; কমলার পক্ষে এই প্রথম: তিনি বিশেষভাবে স্থানটি দেখিতে আদিলেন, কেন না আমাদের কন্যাকে এখানে রাখার সঙ্কল্প করিয়াছিলাম। ইন্দিরা শীঘ্রই ম্যা ট্রিকুলেশন পরীক্ষা দিবে, কাজেই তাহার ভবিশুৎ শিক্ষা লইয়া আমরা চিস্তিত ছিলাম। তাহার সরকারী বা অর্দ্ধ-সরকারী বিশ্ববিভালয়গুলিতে যোগ দেওয়ার আমি সম্পূর্ণ বিরোধী ছিলাম, কেন না ঐ গুলি আমি আদৌ পছন্দ করি না। ইহার চারিদিক ব্যাপিয়া, প্রভুত্প্রবণ পীড়াদায়ক সরকারী আবহাওয়ার পরিমণ্ডল। অবশু অতীতেও ইহা হইতে অনেক শ্রেষ্ঠ নরনারীর উদ্ভব হইয়াছে, এবং আরও হইবে। অল্পসংখ্যক ব্যক্তির কথা ছাড়িয়া দিলে, যৌবনের স্বকুমার বৃত্তিগুলি নির্জ্ঞীব ও দমন করিবার অভিযোগ হইতে বিশ্ববিদ্যালয়গুলি অব্যাহতি পাইতে পারে না।

#### জওহরলাল নেহর

শান্তি-নিকেতনে এই মৃত্যুকঠোর হত্তের অভাব বলিয়াই আমরা ইহা নির্বাচন করিয়াছিলাম। যদিও অনেক দিক দিয়া অন্যান্ত বিশ্ববিদ্যালয়ের মত আধুনিক ব্যবস্থা বা সাজ-সরঞ্জাম ইহার নাই।

ফিরিবার পথে পাটনায় নামিয়া রাজেন্দ্র বাবুর সহিত ভূমিকম্পের সেবাকার্য্য সম্বন্ধ আলোচনা করিলাম। তিনি সদ্য কারামূক্ত হইয়াই বে-সরকারী সেবাকার্য্যের নেতৃত্ব গ্রহণ করিয়াছেন। আমাদের আগমন অপ্রত্যাশিত, কেন না আমাদের একথানা তারও বিলি হয় নাই। ক্মলার ভ্রাতার সহিত যে বাড়ীতে আমাদের থাকার কথা ছিল, তাহা ভাঙ্গিয়া গিয়াছে; ইহা একটি বৃহং দোতলা ইটের বাড়ীছিল। অতএব অ্যান্য সকলের মত আমরামূক্ত-প্রান্তরে বাস করিতে লাগিলাম।

পর্যদিন আমি মজঃকরপুর দেখিতে গেলাম। ভূমিকম্পের পর ঠিক সাতদিন অতিবাহিত হইরাছে, অথচ কয়েকটি প্রধান রাস্তা ছাড়া, ধ্বংসন্তুপ সরাইবার কোন বাবস্থাই হয় নাই। এই সকল রাস্তা হইতে মৃতদেহ বাহির হইতেছে, দেহগুলির অবয়বে বিশেষ ভঙ্গী, যেন পতিত দেওয়াল বা ছাদ ঠেকাইবার চেষ্টা। ধ্বংসন্তুপের দিকে চাহিলে আতক্ষে অভিভূত হইতে হয়, যাহার। বাঁচিয়া আছে তাহারাও অভিভূত, মানসিক তীএ আঘাতে মিয়মাণ।

এলাহাবাদে ফিরিয়াই, টাকাকড়ি ও জিনিষপত্র সংগ্রহের ব্যবস্থা হইল, কংগ্রেসের ও কংগ্রেসের বাহিরের লোক সকলে এক্যেগে একাগ্রভাবে কার্য্য আরম্ভ করিলাম। আমার কোন কোন সহকর্মী ভূমিকম্পের প্রাণ্ঠ পূর্ব স্বাধীনতা দিবসের অনুষ্ঠান স্থগিত রাগিবার পরামর্শ দিলেন। আমি এবং আমার অন্তান্ত সহকর্মী, ভূমিকম্প হইলেও কার্য্যপ্রণালী স্থগিত রাথার অন্তর্কুলে কোন যুক্তি খুজিয়া পাইলাম না। অতএব ২৬শে জান্থয়ারী এলাহাবাদ জিলার গ্রামগুলিতে বহু সভা হইল, সহরেও সভা হইল এবং আমরা প্রত্যাশাতীত সাফল্য লাভ করিলাম। অনেকে পুলিশ কর্তৃক বাধাদান ও গ্রেক্তারের সম্ভাবনা অন্থমান করিয়াছিলেন, কোথাও কোথাও সামান্ত বাধা দেওয়াও হইয়াছিল। কিন্তু আমরা আশ্রুষ্য হইয়া দেথিলাম, আমাদের সভা নির্বিবাদে স্থসম্পন হইল। কোন কোন গ্রামে ও সহরে কিছু লোক গ্রেক্তার করা হইয়াছিল।

বিহার হইতে ফিরিবার অব্যবহিত পরেই ভূমিকম্পের বিবরণ দিয়া উপসংহারে অর্থ সাহায্যের জন্ম আবেদন করিয়া আমি এক বিবৃতি প্রচার করিলাম, এই বিবৃত্তিতে আমি ভূমিকম্পের অব্যবহিত পরের কয়েক দিন বিহার গভর্ণমেন্টের চুপচাপ বিসিয়া থাকার সমালোচনা করিয়াছিলাম।

# ভূমিকম্প

পীড়িত অঞ্চলের কর্মচারীদিগকে সমালোচনা করিবার আমার কোন অভিপ্রায় ছিল না, কেন না তাঁহারা যে সঙ্গীন অবস্থার সন্মুখীন হইয়াছিলেন, অতি বড় সাহসী ব্যক্তির নিকটও তাহা মহাপরীক্ষা, আমার কয়েকটি কথার ক্রমপ ব্যাখা। ইইতে পারে ইহাতে আমি আন্তরিক তৃঃখিত হইলাম। কিন্তু আমি গভীরভাবে অহভব করিয়াছি যে, বিহার গভর্গমেন্টের কেন্দ্রন্থলে, প্রারন্ধে কোন তৎপরতাই দেখা যায় নাই। বিশেষতঃ ধ্বংসন্তৃপ সরাইতে পারিলে অনেকের জীবন রক্ষা হইত।

একমাত্র মুক্ষের সহরেই সহস্র ব্যক্তি নিহত হইয়াছিল, তিন সপ্তাহ পরেও আমি দেখিয়াছি, অনেক ধ্বংসস্তূপে তখনও হাত দেওয়া হয় নাই; অথচ পাঁচ মাইল দ্রে জামালপুরে সহস্র সহস্র রেলওয়ে শ্রমিকের উপনিবেশ রহিয়াছে, ভূমিকম্পের কয়েক ঘণ্টা পরেই তাহাদিগকে আনিয়া এই কাজে লাগান সম্ভবপর ছিল। এমন কি ভূমিকম্পের বার দিন পরেও জীবস্ত মাহ্ম্য বাহির করা হইয়াছে। গভর্গমেণ্ট ধন সম্পত্তি রক্ষার জন্ম অবিলম্থেই ব্যবস্থা করিয়াছিলেন, কিন্তু বাড়ীর তলায় চাপা পড়া জীবস্ত মাহ্ম্যকে উদ্ধার করিতে সেরূপ তৎপরতা দেখাইতে পারেন নাই। এই অঞ্চলের মিউনিসিপালিটিগুলির কাজ কর্ম একেবারেই অচল হইয়া গিয়াছিল।

আমার সমালোচনা আমি সঙ্গত বলিয়াই মনে করি এবং পরে দেখিয়াছি, ভূকস্পণীড়িত অঞ্জনের অধিকাংশ লোকই উহার সহিত একমত। কিন্তু সঙ্গতই হউক আর অসঙ্গতই হউক, উহার উদ্দেশ্য সাধু ছিল, গভর্গমেন্টকে অপবাদ দেওয়ার উদ্দেশ্যে নহে, তাঁহাদিগকে কর্মতংপর করিয়া তোলাই আমার অভিপ্রায় ছিল। এ সম্পর্কে কোন কাজ করা না করা লইয়া তাঁহারা কোন ইচ্ছাক্বত পাপ করিয়াছেন, এমন অপবাদ কেহই দেয় নাই। ইহা এক অভিনব অভ্তপূর্ব্ব অবস্থা, এ ক্ষেত্রে ভূল ক্রাটি মার্জ্জনীয়। আমি যতদ্র জানি (কেন না তথন আমি জেলে) তাহাতে বিহার গভর্গমেন্ট পরে, ধ্বংসের উপর পুনর্নির্মাণে উৎসাহ ও যোগ্যতার সহিত কাজ করিয়াছিলেন।

কিন্তু আঁমার সমালোচনায় ক্রোধের সঞ্চার হইল, অল্পদিন পরেই, ভারসাম্য রক্ষার জন্য বিহারের কতিপয় ভদ্রলোক গভর্গমেন্টের অমুকুলে একথানি প্রশংসাপত্র প্রচার করিলেন। ভূমিকম্প এবং তাহার সেবাকার্য্য যেন গৌণ ব্যাপার। গভর্গমেন্টকে সমালোচনা করা হইয়াছে, ইহাই যেন মুখা ব্যাপার, এবং রাজভক্ত প্রজাবৃন্দ নিশ্চয়ই তাঁহাদের সমর্থন করিবেন। গভর্গমেন্টের সমালোচনায় অপ্রীতি প্রকাশ, ভারতের সর্বব্রই দেখা যায়; অথচ পাশ্চাত্য দেশগুলিতে ইহা নিত্য নৈমিত্তিক ব্যাপার। ইহা সমালোচনা অসহিষ্ণু সামরিক মনোবৃত্তি। রাজার মতই ভারতে ব্রিটিশ গভর্গমেন্ট এবং উচ্চপদস্থ

44

## ज्ञ इत्रनान (नश्तू

কর্মচারীরা কোন অভায় করিতৈ পারেন না। উহার উল্লেখ করাও রাজদোহ।

ইহাও লক্ষ্য করিবার বিষয় যে গভর্ণনেন্ট কঠোর, অথবা অত্যাচারী এ অভিযোগ অপেক্ষা অযোগ্যতা ও অক্ষমতার অভিযোগ আনিলে ক্রোধের সঞ্চার হয় বেশী। প্রথমোক্ত অভিযোগ করিলে যে কেহ কারাগারে যাইতে পারে; তবে গভর্ণনেন্ট উহা শুনিতে অভ্যন্ত, কার্য্যতঃ উহা গ্রাহ্য করেন না। যাহাই হউক, সাম্রাজ্যের অধীশর যে জাতি তাহার নিকট উহা স্কৃতিবাদেরই ক্রুশান্তর; কিন্তু অযোগ্য বুলিলে, মান্সিক বলের অভাব আছে বলিলে, তাঁহারা আহত হন, ইহাতে তাঁহাদের আয়ুমর্য্যাদার মূল দেশে আঘাত লাগে; নিজেদের বিধাতাপ্রেরিত পুরুষ মনে করিয়া ভারতে ইংরাজ কর্মচারীরা যে মোহে মশগুল থাকেন, ইহাতে সেই মোহ ব্যাহত হয়। তাঁহারা সেই আয়াংলিকান বিশপের মত, যিনি খুষ্টানের পক্ষে অন্নচিত ব্যবহারের অভিযোগ বিনয়ের সহিত মানিয়া লইতে রাজ্মী, কিন্তু কেহ তাঁহাকে নির্কোধ ও অযোগ্য বিললে কন্ট হইয়া অন্তর্ম্ব প্রত্যুত্তর দেন।

ইংরাজদের মনে এক সাধারণ বিশ্বাস আছে, সেই বিশ্বাসকে তাঁহারা প্রায়ই অপরিবর্ত্তনীয় সভ্যরূপে জাহীর করিয়া থাকেন যে, ভারত গভর্ণমেন্টে ইংরাজ কর্মচারীর সংখ্যা কমিলে কিম্বা তাঁহাদের প্রভাব প্রতিপত্তি হ্রাস इरेल, गर्जियने जिल्या मन ७ जर्यामा रहेया পড़िर्ट । এই विश्वाम वस्त्राय রাখিয়া পরিবর্ত্তনপদ্বী ও অক্যান্ত অগ্রগামী ইংরাজেরা উৎসাহপূর্ণ উদারতার সহিত বলিয়া থাকেন যে, ভাল গভৰ্নেণ্ট অপেকা স্বায়ন্তশাসন অনেক শ্ৰেষ্ঠ: এবং যদি ইচ্ছা করিয়া ভারতবাদীরা অধংপাতে ঘাইতে চায়, তাহা হইলে তাহাদিগকে বাধা দেওয়া উচিত নহে। ব্রিটিশ প্রভাব অন্তর্হিত হইলে ভারতের ভাগ্যে কি ঘটিবে তাহা আমি জানি না। কি ভাবে ব্রিটিশগণ সরিয়া ষাইবেন, তাঁহারা ঘাইবার পর ক্ষমতা কাহাদের হাতে আসিবে, এবং আরও অক্সান্ত অনেক জাতীয় ও আন্তর্জাতিক ঘটনার উপর তাহা নির্ভর করে। আমার মনে হয়, ব্রিটেনের সহায়তায় এমন সব ব্যবস্থা প্রবর্ত্তন করা যাইতে পারে, যাহা অধিকতর অকর্মণ্য এবং বর্ত্তমান ব্যবস্থা অপেকা मर्वक्र यन रहेरत, रकन ना हेरारा वर्षमान वावश्रात मामश्रान थाकिरत, অথচ উহার ভালগুলি থাকিবে না। পক্ষান্তরে আমি ইহাও ভাবিতে পারি যে, ভারতবাসীর দিক হইতে সম্পূর্ণ স্বতন্ত্র ব্যবস্থাও প্রবর্তন করা যাইতে পারে যাহা বর্ত্তমান ব্যবস্থা অপেক্ষাও অধিকতর কর্মকুশল এবং কল্যাণকর হইবে।\* সম্ভবত: দমননীতিমূলক ব্যবস্থাগুলি খুব বেশী কর্মকুশল না হুইতে পারে, শাসনব্যবস্থায় এত জাঁকজমক নাও থাকিতে

# ভূমিকম্প

পারে, কিন্তু শশু ও পণ্য উৎপাদন্ লোকের তাহাতে ভোগ করিবার স্থবিধা বাড়িবে; জনসাধারণের দৈহিঁক, নৈতিক ও সংস্কৃতির আদর্শ উন্নত হইবে। আমার বিখাস স্বায়ত্ত-শাসন সব দেশের পক্ষেই ভাল। কিন্ত প্রকৃত ভাল গমর্ণমেন্টের বিনিময়ে আমি স্বায়ত্ত-শাসনও গ্রহণ করিতে প্রস্তুত নহি। স্বায়ন্ত-শাসন যদি তাহার যৌক্তিকতা প্রমাণ করিতে চাহে, তাহা হইলে পরিণামে তাহাকে জনসাধারণের জন্ত উৎকৃষ্টতর গভর্ণমেণ্টে পরিণত হইতে হইবে। কেন না আমি বিশাস করি অতীতে ভারতে ব্রিটিশ-গভর্ণমেন্টের যে দাবীই থাকুক না কেন বর্ত্তমানে ইহা ভারতে উত্তম গভর্ণমেন্ট প্রতিষ্ঠা ও জনসাধারণের জীবন-যাত্রার উন্নতি সাধনে অক্ষম, এবং বর্ত্তমান আকারে ভারতে ইহার উপযোগিতা শেষ হইয়াছে, ইহাই আমার ধারণা। ভারতের স্বাধীনতার প্রকৃত যৌক্তিকতা এই যে, ইহা উৎকৃষ্টতর গভর্ণমেন্ট জনসাধারণের জীবন্যাত্রা উল্লভ করিতে চাহে, শিল্পবাণিজ্ঞা ও শিক্ষা সংস্কৃতির পরিপুষ্টি চাহে, বৈদেশিক সামাজ্যনীতিক শাসনপ্রণালী হইতে অনিবার্য্যরূপে স্ট্র দমন ও ভয়ের আবহাওয়া হইতে মুক্তি ব্রিটিশ গভর্ণমেণ্ট ও সিভিলিয়ানগণের ভারতের উপর তাঁহাদের স্বতম্ব ইচ্ছা চাপাইয়া দিবার ক্ষমতা প্রচুরই আছে; কিন্তু বর্ত্তমান ভারতের সমস্যাগুলি সমাধানে ইহাদের ক্ষমতাও নাই, যোগ্যতাও নাই, ভবিশ্বতের আশা আরও কম, কেন না তাঁহাদের ভিত্তি ও পূর্ব্বনির্দিষ্ট ধারণা সমন্তই ভুল; বান্তবের সহিত তাঁহাদের যোগস্ত ছিল হইয়াছে। কোন গভর্ণমেন্ট বা শাসক সম্প্রদায়ের যোগ্যতা যেথানে অতি এবং এক অতীত বাবস্থার তাঁহারা সমর্থক; সেখানে দীর্ঘকাল নিজেদের ইচ্ছাও তাঁহারা চালাইতে পারেন না।

এলাহাবাদের ভূকপ্প-সাহায্য সমিতি আমাকে পীড়িত অঞ্চলে কি ভাবে সেবাকার্য্য হইতেছে, তাহার বিবরণ পাঠাইতে বলিলেন। আমি তৎক্ষণাং রওনা হইলাম, এবং একাকী দশ দিন সেই বিধ্বন্ত ধ্বংসের শ্মশানে ভ্রমণ করিলাম। এই ভ্রমণ অত্যন্ত ক্লেশকর, আমি প্রায়ই ঘুমাইতে পারি নাই। প্রভাত পাঁচটা হইতে মধ্যরাত্রি পর্যন্ত আমরা বিদীর্ণ ও বহুভাবে বক্র রান্তার উপর দিয়া মোটর্যোগে চলিতাম, সাঁকো ভাঙ্গিয়া যাওয়ায় নৌকায় নদী পার হইতে হইত; কোথাও বা জমি অবনত হওয়ায় রান্তা জলে ভূক্ষিয়া থাকিত। সহরগুলিতে ধ্বংস-স্তুপের ভ্রাবহ দৃশ্য; রান্তাগুলি যেন কোন দৈত্য ছিঁড়িয়া মোচড়াইয়া দিয়াছে; কোথাও বা রান্তাগুলি বাড়ীর ভিত্তি ছাড়াইয়া উপরে উঠিয়া

#### ज ওহরলাল নেহর

গিয়াছে। এই সকল রাস্তার উপর বড় বড় ফাটল দিয়া তীব্রবেগে উৎসারিত জল ও বালুকায় মান্ত্র পশু একসঙ্গে ভাসিয়া গিয়াছে। এই সকল, সহর ছাড়াও উত্তর বিহারের সমতল অঞ্চল;—যাহা বিহারের উত্তান বলিয়া কথিত হয়—তাহার সর্ব্বাঙ্গে ধ্বংস ও শ্বশানের ভয়ত্বর রূপ। কোশের পর কোশ বালুকায় আচ্ছন্ন, কোথাও বা বিস্তীর্ণ জলরাশি, বিদীর্ণ ভূপৃষ্ঠে গভীর গহরের, অজস্র ফাটল হইতে জল ও বালুকা উথিত হইতেছে। কয়েকজন ব্রিটিশ সামরিক কর্মচারী, যাহারা এই অঞ্চলের উপর দিয়া এরোপ্লেনে ধ্বংসলীলা দর্শন করিয়াছিলেন, তাহারা বলিলেন, মহাযুদ্ধের সময় এবং তাহার অব্যবহিত পরের উত্তর ফ্রান্সের সহিত ইহার সাদৃশ্য আছে।

ইহা এক নিদারণ অভিজ্ঞতা। পাশাপাশি ছইদিক হইতে প্রবল আলোড়নে ভ্কম্পের স্টনাতেই প্রত্যেকে ধরাশায়ী হইল। তাহার পর উপরে ও নীচে, উত্থান পতনের ধ্বংসলীলা চলিল—অজ্ঞ কামান যেন গজ্জিয়া উঠিল; যেন শত শত বিমানপোত হইতে বোমার্ট্ট হইতেছে; দেখিতে দেখিতে বিদীর্ণ ফাটল ও গহরে দিয়া প্রবল বেগে জল উঠিয়া ১০৷১২ ফিট উর্দ্ধে ছিটাইয়া পড়িতে লাগিল। সম্ভবতঃ তিন মিনিট কি আরও কিছুকাল থাকার পর ইহা শাস্ত হয়, কিন্তু এই তিন মিনিটের কি ভয়াবহ অভিজ্ঞতা! অনেকে ভাবিয়াছিল পৃথিবীতে বৃষ্ধি প্রলম্মন্তকাল উপস্থিত, ইহাতে আশ্র্যা হইবার কিছু নাই। সহরে বাড়ী পড়ার শব্দ, জলোচ্ছাদ এবং ধূলিজালে দমাচ্ছন্ন বায়ুমণ্ডলে কয়েক গজ দুরের জিনিষ্ণ দেখা যায় নাই। পল্লী অঞ্চলে ধূলি ছিল না, কিছুদ্র দেখা যাইত—কিন্তু মাথা ঠিক করিয়া দেখিবে কে গ যাহারা রক্ষা পাইয়াছিল, তাহারা ভূমিতে গড়াইতেছিল অথবা ভর্মে অর্দ্ধ অঠচতক্ত হইয়া পড়িয়াছিল।

ভূমিকম্পের দশদিন পরে বার বংসরের একটি কুদ্র বালককে (আমার মনে হয় মজাফরপুরে) খুঁ ভি়িয়া বাহির করা হইল। সে বিহ্বল ও বিমৃত, যথন সে পড়িয়া গেল এবং ভাঙ্গাবাড়ীর মধ্যে বন্দী হইল, তথন তাহার মনে হইয়াছিল মে জগত শেষ হইয়া গিয়াছে, কেবলমাত্র দে-ই বাঁচিয়া আছে।

এই মজঃফরপুরেই যখন ভূমিকম্পে চারিদিকে বাড়ী ভাঙ্গিয়া পড়িতেছে, শত শত নরনারী সহসা মৃত্যু কবলিত হইতেছে, ঠিক সেই মৃহুর্ত্তে একটি বালিকা জন্মগ্রহণ করিয়াছিল। অনভিজ্ঞ যুবক-দম্পতী কিংকর্ত্তবিমৃত্ ও বিহবল হইয়া পড়িয়াছিল। যাহা হউক আমি শুনিলাম, প্রস্তৃতি ও শিশু ভালই আছে। ভূমিকম্পের শ্বৃতি শ্বরণ করিয়া বালিকার নাম রাখা হইয়াছে, কম্প দেবী।

# ভূমিকম্প

আমাদের ভ্রমণ শেষ হইল মুক্তের সহরে আসিয়া। নেপালের প্রান্তসীমা পর্যন্ত বিস্তীর্ণ অঞ্চল ভ্রমণ করিয়া ধ্বংসের বহু ভয়াবহ ঘটনা প্রত্যক্ষ করিয়াছি। বিধ্বন্ত জনপদ ও ধ্বংসন্তুপ দেখিতে দেখিতে অভ্যন্ত হইয়া উঠিলেও সমৃদ্ধিশালী মুক্তের নগরীর শোচনীয় পরিণতির সমুধে দাঁড়াইয়া শিহরিয়া উঠিলাম। সে ভগাবহ দুশা জীবনে ভূলিব না!

কি সহর কি পল্লীতে সর্ব্ব অধিবাদীদের মধ্যে নিজের চেষ্টায় আত্মরক্ষার অভাব দেখিয়া ব্যথিত হইলাম, সম্ভবতঃ সহরের মধ্যশ্রেণীই এ বিষয়ে সর্ব্বাধিক অপরানী। তাহারা অপরের সাহায্য-প্রার্থী হইয়া নিশ্চেষ্ট বসিয়া আছে, হয় গভর্ণমেন্ট নয় বে-সরকারী সাহায্য প্রতিষ্ঠানগুলি সাহায্য করিবেই। অবশ্য ভূমিকম্পের ভীতিবিহ্নলতাজনিত মানসিক বিভ্রম ইহার জন্য কতকটা দায়ী; কালে হয়ত ইহা কমিয়া গিয়ােে!

ইহার মধ্যে বিহারের অগ্যান্ত জিলা এবং বিভিন্ন প্রদেশ হইতে আগত সেবাব্রতীদের শক্তি ও যোগ্যতা দেখিয়া আমি চমৎকৃত হইলাম। এই সকল তরুণ নর-নারীরা বিভিন্ন সেবাপ্রতিষ্ঠানের অস্তিত্ব সন্তেও পরস্পরের সহযোগিতায় যেরূপ কুশলতার সহিত সেবা করিতেছিলেন তাহা দেখিলে বিশ্বিত হইতে হয়।

ধ্বংসস্তৃপ গনন ও অপসারণ আন্দোলনে খানীয় জনসাধারণকৈ প্রবৃত্ত করাইবার জন্ম মৃঙ্গেরে আমি এক নাটকীয় ভঙ্গীতে অভিনয় করিলাম। আমি একটু ইতস্ততঃ করিয়া কাজ আরম্ভ করিলাম, কিন্তু ফল ভাল হইল। সমস্ত সেবাপ্রতিষ্ঠানের নায়কদের সহিত আমি কোলাল ঝুড়ি হস্তে সারাদিন খনন কার্য্য চালাইলাম; আমরা একটি বালিকার মৃতদেহ বাহির করিলাম। সেই দিনই আমি মৃঙ্গের পরিত্যাগ করিলাম, কিন্তু খনন কার্য্য চলিতে লাগিল, বহু লোক আসিয়া উহাতে যোগ দিল, বেশ স্থার কাজ হইতে লাগিল।

সমস্ত বে-সরকারী সেবাপ্রতিষ্ঠানের মধ্যে বাবু রাজেন্দ্রপ্রসাদ পরিচালিত সেণ্ট্রাল রিলিফ কমিটির গুরুত্বই অধিক ছিল। ইহা কেবলমাত্র কংগ্রেসপন্থীদের লইমা গঠিত হয় নাই; ক্রমে ইহা এক নিখিল ভারতীয় প্রতিষ্ঠানে পরিণত হইমাছিল। বিভিন্নদল ও দাতারা ইহার প্রতিনিধি ও সদস্য হইমাছিলেন। পল্লী অঞ্চলের কংগ্রেস কমিটিগুলির সহায়তা পাওয়ায় ইহার অবশ্য অনেক স্থবিধা হইমাছিল। এক গুজরাট এবং যুক্ত-প্রদেশের কয়েকটি জিলা ছাড়া বিহারের মত আর কোথাও কংগ্রেসকর্মীদের সহিত ক্রমকদের যোগ নাই। বিহার ক্রমক-প্রধান

#### ज अर्जनांन (नर्ज

ल्यान, विशासित करवामकचीरात अधिकाः महे कृषक व्यंगीत। वसन कि মধ্যশ্রেণীও ক্লযকদের সহিত ঘনিষ্ঠ ভাবে সংশ্লিষ্ট। কিছুদিন আমি কংগ্রেসের সম্পাদক হিসাবে, বিহার প্রাদেশিক কংগ্রেস কমিটির কার্যালয় পরিদর্শন করিতে গিয়াছিলাম। আফিস কাজ কর্ম্মের শৈথিলা ও অনিয়ম দেখিয়া আমি কঠোর ভাষায় তিরস্কার করিয়াছিলাম। দাঁড়াইবার পরিবর্ত্তে বদা, বদার পরিবর্ত্তে শুইয়া পড়ার ভাবই যেন প্রবল। আফিসে সাজ-সরঞ্জাম কিছুই নাই, সাধারণ প্রয়োজনীয় ব্যবস্থা ব্যতিরেকেই যেন তাহারা কাজ চালাইতে সচেষ্ট। সম্পর্কে আমার আলোচনা সত্ত্বেও আমি ভাল করিয়াই জানিতাম, এই প্রদেশ অত্যন্ত আগ্রহের সহিত একাগ্রচিত্তে কংগ্রেসের কাজ করিয়া থাকে। এথানে কংগ্রেসের কোন আড়ম্বর নাই বটে, কিন্তু ইহার পশ্চাতে কৃষক শ্রেণীর সভ্যবদ্ধ সমর্থন রহিয়াছে। এমন কি, নিথিল ভারত রাষ্ট্রীয় সমিতিতেও বিহারের সদস্তরা কথনও কোন ব্যাপারে উগ্রভাব व्यन्नि करत्न ना ; এখানে छाँशास्त्र स्विथल मस्न इय, छाँशात्रा स्वन আশ্চর্য্য হইয়া গিয়াছেন। কিন্তু নিরুপদ্রব প্রতিরোধ আন্দোলনে বিহারের কীর্ত্তি উজ্জ্বল। এমন কি, পরবর্ত্তী ব্যক্তিগত প্রতিরোধ নীতিতেও বিহার কৃতিত্ব প্রদর্শন করিয়াছে।

রিলিফ কমিটি এই উৎকৃষ্ট প্রতিষ্ঠানের সহায়তায় কৃষকদের সম্মুখে উপস্থিত হইলেন। অন্ত কোন প্রতিষ্ঠান, এমন কি, গভর্ণমেন্টও এতথানি সাহাযা করিতে পারিতেন না। কি কংগ্রেস, কি রিলিফ কমিটি উভয় প্রতিষ্ঠানের নায়কই বিহারের অপ্রতিষ্ণী নেতা রাজেক্রপ্রসাদ। বিহারের আদর্শ সম্ভানের মতই রাজেল্রবাবুর আরুতি ক্যকের মত; প্রথম দর্শনে তাঁহার মধ্যে আকর্ষণের কিছুই নাই। কিন্তু তাঁহার সরল চক্ষুর উজ্জল मृष्टि ভোলা कठिन; উহার মধ্যে যে সত্যের দীপ্তি, তাহা কেহই সন্দেহ করে না। ক্রমকদের মতই তাঁহার দৃষ্টিভঙ্গী সীমাবদ্ধ, আধুনিক জগতের মতে তিনি কিয়ৎ পরিমাণে সভ্যতার কল্যমুক্ত, কিন্তু তাঁহার অসামান্ত দক্ষতা, তাঁহার দর্বাঙ্গস্থনর সারলা, তাঁহার কর্মণক্তি এবং ভারতীয় याधीनजात जात्मानत जांशात निष्ठात जग जिन त्करन विशास नरशन, সমগ্র ভারতের শ্রদ্ধা ও প্রীতির পাত্র। রাজেন্দ্রবাবু বিহারে যেরপ সর্ববাদিসমত নেতৃত্ব লাভ করিয়াছেন, ভারতের আর কোন প্রদেশে কেহই সেরপ নেতৃত্ব লাভ করিতে পারেন নাই। গান্ধিজীর বাণীর সম্পূর্ণ মর্ম্মগ্রহণ করিতে সক্ষম, তিনি ছাড়া এরূপ ব্যক্তি থাকিলে অল্পই আছেন।

# ভূমিকম্প

বিহার সেবাকার্য্যে যে তাঁহার ন্যায় ব্যক্তির নেতৃত্ব লাভ করা গিয়াছে ইহা সৌভাগ্যের বিষয়, তাঁহার নামের জন্তই ভারতের সকল দিক হইতে অজন্ম অর্থ আসিতে লাগিল। তুর্বল দেহ লইয়াও তিনি সেবাকার্য্যে ঝাঁপাইয়া পড়িলেন। তাঁহাকে কঠোর পরিশ্রম করিতে হইত। কেন না তিনি সমস্ত কর্মের কেন্দ্র হুরুপ ছিলেন এবং সকলে তাঁহার পরামর্শ গ্রহণ করিতে আসিত।

পীড়িত অঞ্চলে ভ্রমণকালীন অথবা যাত্রার অব্যবহিত পূর্বের আমি সংবাদপত্রে গান্ধিজীর বিবৃতি াঠ করিয়া মন্দাহত ইইলাম; তিনি বলিয়াছেন অম্পুশুতার পাপের শান্তি এই ভূমিকম্প। এরূপ মস্ভব্য ভনিলে বিহ্বল ইইতে হয়, রবীন্দ্রনাথ ঠাকুর তাহার যে উত্তর দিলেন তাহা আমার মনঃপুত হইল এবং আমি আনন্দিত হইলান। বৈজ্ঞানিক पृष्टिङ्कीत हे ात्रिका अधिक विद्यारी कथा, कन्नना कताও कठिन। প্রকৃতির উপর ভৌতিক ঘটনাগুলি মনোরাজ্যে যে ভাবাবেগ উদ্বোধিত করে, তাহার সম্বন্ধে বিজ্ঞানও সম্ভবতঃ বর্ত্তমানে এতথানি যুক্তিহীন মতবাদ সমর্থন করিবে না। মানসিক আঘাতে কোন বাক্তির অজীর্ণ রোগ বা আরও কিছু কঠিন ব্যাধি হইতে পারে। কিন্তু মানুষের কোন আচার ব্যবহার বা ত্রুটির ফলে ভূপ্ষেঠর স্তরগুলি সঞ্চালিত হয় এমন কথা শুনিলে বিমৃত্ হইতে হয়। পাপবোধ, এশবিক ক্রোধ এবং সৌরজগতের ব্যাপারে মানুষের আপেক্ষিক সম্পর্ক প্রভৃতি আমাদিগকে কয়েক শতাব্দী পিছাইয়া লইয়া যায় ;—য়থন ইউরোপে ধর্মমতের বিরুদ্ধবাদীদেয় বিচার कतिवात जग्न शृष्टीन याजकरम् विठातानस्यत लावना हिन, यथन धर्मविस्ताधी বৈজ্ঞানিক কথা বলার দক্ষণ জিত্তরদানো ক্রনোকে পুড়াইয়া মারা হইয়াছিল এবং আরও অনেককে 'ডাইনী' প্রভৃতি বলিয়া পুড়াইয়া মারা হইত! এমন কি অষ্টাদশ শতাব্দীতে আমেরিকার বোষ্টনের প্রধান ধর্ম্যাজকগণ বলিয়াছিলেন, গৃহের উপর বজ্রপাত নিবারক লৌহদণ্ড স্থাপনের ফলেই মাসাচুসেটুস্-এ ভূমিকম্প হইয়াছে।

এই ভূমিকম্প যদি আমাদের প্রাপের ঐশ্বরিক শান্তি হয়, তাহা হইলে কি বিশেষ পাপের ফলে আমরা এই শান্তি পাইলাম, কেমন করিয়া নির্ণয় করিব ? হায়, আমাদের বহুতর প্রায়শ্চিত্ত বাকী রহিয়াছে ? প্রত্যেক ব্যক্তিই তাহার পছন্দমত ভাবে ব্যাখ্যা করিতে পারে ? আমরা বৈদেশিক শাসনের বশুতা স্বীকারের পাপের দণ্ড পাইলাম, অন্তায় সমাজ্ঞ ব্যবস্থা সন্থ করিতেছি বলিয়া দণ্ড পাইলাম। বিপুল ভূসম্পত্তির মালিক দারভাঙ্গার মহারাজাই ভূমিকম্পে অধিক ক্ষতিগ্রস্ত হইয়াছেন। আমরা

#### জওহরলাল নেহরু

তাহ। হইলে বলিতে পারি, জমিদারী প্রথার জন্মই এই শান্তি। দক্ষিণভারতের লোকের অপৃশ্রতাবোধের শান্তি আসিয়া পড়িল অন্ধ বিশুর
নির্দোষ বিহারের লোকের উপর, একথা বলা অপেক্ষা প্রের্বর কথাগুলি
লক্ষ্যের অধিকতর নিকটবর্ত্তী। যে দেশে ছুঁংমার্গের প্রাবল্য সর্বাধিক,
সেথানে ভূমিকপ্প হইল না কেন? অথবা ব্রিটিশ গভর্ণমেন্টও বলিতে
পারেন, এই দৈবহর্ষিপাক, আইন অমান্ত আন্দোলন করার জন্তু
ঐশবিক শান্তি। কার্য্যতঃ ভূকপে সর্বাধিক ক্ষতিগ্রন্থ উত্তর বিহারই
সাধীনতা আন্দোলনে অধিকতর অগ্রগামী ছিল।

এইভাবে গবেষণা করিতে থাকিলে তাহা শেষ হইবে না। তারপর অবশ্যই এ প্রশ্ন উঠিবে যাহা ঈশ্বরের কার্য্য, দেখানে ঈশ্বরের অভিপ্রায়ের বিরুদ্ধে আমরা মানবীয় চেষ্টায় তাহাতে হস্তক্ষেপ করিব কেন? আমরা বিন্দিত হইরা ভাবি, ঈশ্বর আমাদের সহিত এই নিষ্ঠ্র ব্যঙ্গ করিলেন কেন? আমাদিগকে বহুতর অপূর্ণতা সহ স্বাষ্ট করিয়া, আমাদের চারিদিকে বহু প্রলোভনের জাল পাতিয়া, পতনের গহ্বর রচনা করিয়া, এই তৃঃখময় নিষ্ঠ্র জগং স্বাষ্টি করা হইয়াছে; বাঘ ও মেষ একসঙ্গে স্বাষ্টি করিয়া তারপর আমাদের শান্তির ব্যবস্থা।

পাটনায় আমার যাত্রার পূর্ব্বদিন রাত্রিতে, সেবাকার্য্যে সমবেত বিভিন্ন প্রদেশের বন্ধু ও সহকর্মীদের সহিত বসিয়া গল্প করিতে লাগিলাম। রজনী গভীর হইল। যুক্ত-প্রদেশের কম্মীসংখ্যা যথেষ্ট ছিল, আমাদের কয়েকজন বিশিষ্ট কর্মী যোগ দিয়াছিলেন। যে বিষয় লইয়া অনেকের মনে আলোডন চলিতেছিল, তাহাই ছিল আমাদের আলোচা বিষয়; এই ভূমিকম্পের সেবাকার্য্যে আমরা কতথানি জড়াইয়া পড়িব ? ইহার অর্থ অন্ততঃ কিছু পরিমাণে রাজনৈতিক কার্যা পরিত্যাগ করা। সেবাকার্যো গভীর অভিনিবেশ আবশ্যক, আর দশটা কাজের সহিত ইহা করা যায় না। ইহাতে যোগ मिल मीर्घकान बाजनी जिल्का इटेंटि मृत्त मित्रिया थाकिए इटेंदि, जाहात करन आमार्तित अर्तिनात तार्जिनिक आर्त्नानरमत अवसा र्नाहमीय इटेया উঠিবে। যদিও কংগ্রেদে বহুলোক আছেন, তথাপি যাহারা ঘটনার গতি নির্দেশ করিতে পারেন এরপ লোকের সংখ্যা কম, তাঁহাদের অক্ত কাজের জন্ম ছাড়িয়া দেওয়া যায় না। আবার অন্তদিকে ভূমিকম্পে দেবাকার্য্যের আহ্বানও অগ্রাহ্ম করা যায় না। ব্যক্তিগতভাবে সম্পূর্ণরূপে সেবাকার্য্যে আত্মনিয়োগ করিবার আমার ইচ্ছা ছিল না। আমি অমুভব করিলাম এক্ষেত্রে লোকের অভাব হইবে না; কিন্তু বিপজ্জনক কার্য্যের জন্ম অতি অল্প লোকই আছেন।

# ভূমিকম্প

এইভাবে আলোচনায় রাত্রি গভীর হইতে গভীরতর হইল। বিগত স্বাধীনতা দিবসে আমাদের কতিপয় সহকর্মী কি ভাবে গ্রেফ্তার হইলেন এবং কেমন করিয়া আমরা পরিত্রাণ পাইলাম, তাহাও আমরা আলোচনা করিলাম। আমি হাস্ত পরিহাস করিয়া তাহাদের বলিগাম যে, নিজেকে সম্পূর্ণ নিরাপদে রাথিয়া সামরিক রাজনীতি চালাইবার গোপন রহস্ত আমি আবিষ্কার করিয়াছি।

অপ্রাপ্ত ভ্রমণে অতিমাত্রায় ক্লান্ত হইয়া আমি ১১ই ফেব্রুয়ারী এলাহাবাদের বাড়ীতে ফিরিয়া আদিলাম। দশ দিনের পরিপ্রামে আমাকে ক্লক ও পাংশু দেখাইতেছিল, আমার চেহারা দেখিয়া পরিবারস্থ লোকেরা আশ্চর্য্য হইলেন। এলাহাবাদ রিলিফ কমিটির জন্ম আমি আমার ভ্রমণের বিবরণ লিখিতে চেষ্টা করিলাম, কিন্তু ঘুমে আমার চক্ষ্ জড়াইয়া আদিল। পরবর্ত্তী ২৪ ঘণ্টার মধ্যে অন্তর্তঃ ১২ ঘণ্টা আমি ঘুমাইয়া কাটাইয়াছি।

পরদিন অপরাহে আমি ও কমলা চা খাওয়া শেষ করিয়াছি এমন সময় পুরুষোত্তম দাস টাাওন আসিয়া আমাদের সহিত যোগ দিলেন। আমরা বারান্দায় বসিয়া গল্প করিতেছি, এমন সময় একখানি মোটর আসিয়া থামিল, একজন পুলিশ কর্মচারী নামিয়া আসিলেন। আমি তৎক্ষণাং বুঝিলাম, আমার সময় আসিয়াছে। আমি অগ্রসর হইয়া তাঁহাকে বলিলাম, "বহুত দিনেঁ। সে আপ্কাইস্কেজার থা"—আপনার জন্ম দীর্ঘকাল প্রতীক্ষা করিতেছি। তিনি একটু অপ্রস্তত হইয়া হৃংখিত স্বরে বলিলেন, তাঁহার কোন দোষ নাই। কলিকাতা হইতে পরোয়ানা আসিয়াছে।

পাঁচ মাদ তের দিন বাহিরে কাটাইয়া আমি পুনরায় নিঃদক্ষ নির্জ্জনতার মধ্যে ফিরিয়া চলিলাম। কিন্তু প্রকৃত ভার আনার নহে, নারীদের স্বন্ধেও ইহার ভার পড়িবে, যেমন পূর্ব্বেও আমার কথা জননী, আমার পত্নী, আমার ভগ্নী ইহা বহন করিয়াছেন।

# আলীপুর জেল

সেই রাত্রেই আমাকে কলিকাতা চালান করা হইল। হাওড়া ষ্টেশন হইতে এক বিপুলকায় রুফ্বর্ণ বাস আমাকে লালবাজার পুলিশ ষ্টেশনে হাজির করিল। কলিকাতা পুলিশের এই বিখ্যাত ঘাঁটির কথা আমি অনেক পড়িয়াছি; কাজেই কৌতৃহলের সহিত চারিদিক লক্ষ্য করিতে লাগিলাম। বহু ইংরাজ সার্জ্জেন ও ইন্স্পেক্টর; উত্তর ভারতের অন্যান্ত পুলিশের প্রধান ঘাঁটিতে ইহা এত দেখা যায় না। কনেষ্টবলদিগকে দেখিয়া মনে হইল, ইহারা অধিকাংশই যুক্ত-প্রদেশের প্র্কাঞ্চল এবং বিহারের লোক। জেলের লরীতে উঠিয়া আমি বহুবার এক জেল হইতে অন্ত জেলে কিম্বা জেল হইতে আদালত, আদালত হইতে জেলে আসিয়াছি; এই অমণকালে গাড়ীর মধ্যে কয়েকজন করিয়া ঐ শ্রেণীর কনষ্টেবল আমার সঙ্গেক থাকিত। তাহাদিগকে অত্যন্ত বিষণ্ধ দেখাইত, তাহারা যেন কাজটা পছন্দ করিত না। আমার প্রতি তাহাদের সহামুভূতি স্পষ্টই বুঝিতাম। কথনও কখনও তাহাদের চক্ষ জলে ভরিয়া উঠিত।

আমাকে প্রথমে প্রেসিডেন্সী জেলে রাখা হইল, সেখান হইতে আমাকে বিচারের জন্ত চীফ প্রেসিডেন্সী ম্যাজিট্রেটের আদালতে লইয়া যাওয়া হইত। ইহা এক নৃতন অভিজ্ঞতা। আদালত গৃহ ও বাড়ীখানি দেখিলে প্রকাশ আদালত অপেক্ষা স্বরক্ষিত তুর্গ বলিয়াই মনে হয়। কয়েকজন সাংবাদিক ও উকীলগণ ব্যতীত কাহাকেও নিকটে ঘেঁসিতে দেওয়া হয় নাই। পুলিশ্বাহিনী অবশ্য উপস্থিত ছিল। আমার জন্মই বিশেষ ব্যবস্থা করা হইয়াছে, দেখিয়া এরূপ মনে হইল না, ইহা দৈনন্দিন ব্যাপার। আদালতে যাইবার সময় আমাকে উপরে নীচে তার দিয়া ঘেন্না (ঘরের মধ্যে) এক দীর্ঘ পথের মধ্য দিয়া যাইতে হইল; একটা খাঁচার মধ্য দিয়া যাওয়ার মত। ম্যাজিট্রেটের আসন হইতে ডক অনেক দ্রে। আদালতগৃহ পুলিশ এবং কাল কোট, কাল গাউনধারী উকীলে বোঝাই।

আদালতের বিচারে আমি বেশ অভ্যন্ত। আমার পূর্বর পূর্বর অনেক বিচার জেলের মধ্যেই ছইয়াছে। সর্বক্ষেত্রেই বন্ধু বান্ধব, আত্মীয়ন্থজন এবং

# আলীপুর জেল

পরিচিত মুথ থাকিত, সমস্ত আবহাওয়া সহজ মনে হইত। পুলিশেরা সাধারণতঃ নেপথ্যে থাকিত এবং এ রকম তারের থাঁচার মত ব্যবস্থা কোথাও দেখি নাই। কিন্তু এখানে সম্পূর্ণ স্বতন্ত্র ব্যাপার, আমি অপরিচিত ও আশ্রুষ্য প্রথগুলির প্রতি চাহিনা দেখিলাম তাহাদের সহিত আমার কোন সামঞ্জন্ত নাই। এই জনতার মধ্যে চিত্তাকর্ষক কিছুই নাই। একটু ভয়ে ভয়ে বলি, গাউনপরা উকীলের দলটি মোটেই মনোহর দৃশ্য নয়, বিশেষতঃ গুলিশ আদালতের উকীলদের চেহারায় এক বিশিষ্ট অপ্রীতিকর ভক্তী আছে বলিয়া মনে হয়। অয়শেষে সেই কাল পোষাকের সারির মধ্যে আমি একজন পরিচিত উকীলের মুথ দেখিলাম, কিন্তু তিনিও জনারণ্যে হারাইয়া গেলেন।

বিচার আরম্ভ হইবার পূর্বেও বারান্দায় বসিয়া আমি নিজেকে নিঃসঙ্গ ও সকল হইতে বিচ্ছিন্ন মনে করিতে লাগিলাম। আমার নাড়ীর গতি একটু চঞ্চল হইল, পূর্বে পূর্বে বারের বিচারকালে যেমন মানসিক প্রশান্তি ছিল, এখানে তাহা ছিল না। সহসা আমার মনে পড়িল, বিচার ও কারাদণ্ডের বছ অভিজ্ঞতা সত্ত্বেও আমার মানসিক অবস্থা যদি এইরূপ হয়, তাহা হইলে অনভিজ্ঞ যুবকের মনে এই সঙ্গীন অবস্থায় কি ভাবের উদ্রেক হইবে ?

ভকে আসিয়া অনেকটা আরাম বোধ করিলাম। পূর্ব্বের মতই এখানেও আত্মপক্ষ সমর্থনের কোন ব্যবস্থা ছিল না, আমি একটি সংক্ষিপ্ত বিবৃতি পাঠ করিলাম। প্রদিন ১৬ই ফেব্রুয়ারী আফার তুই বংসর কারাদ্ও হইল। আমার সপ্তমবার কারাদ্ও ভোগ আরম্ভ হইল।

বাহিরের সাড়ে পাঁচ মাসের কথা ভাবিয়া আমি সন্তোষ লাভ করিলাম। এই সময়টা নানা কাজে সর্বনাই ব্যাপৃত ছিলাম এবং কতকগুলি প্রয়োজনীয় কাজ আমি সমাধা করিতে পারিয়াছি। আমার মার স্বাস্থ্যের গতি ফিরিয়াছে, আশু কোন আশঙ্কার কারণ নাই। আমার কনিষ্ঠা ভ্রমী ক্রফার বিবাহ হইয়া গিয়াছে। আমার কন্তার ভবিয়্তৎ শিক্ষার ব্যবস্থাও ঠিক হইয়াছে। আমার পারিবারিক ও আর্থিক কতকগুলি জটিল ব্যাপার আমি মীমাংসা করিয়াছি। যে সকল ব্যক্তিগত ব্যাপার দীর্ঘকাল অবহেলা করিয়াছি, তাহাও একরপ্রিক্রাক করিয়াছি। বাহিরের কার্যাক্ষেত্রে তথন কাহারও বেশী কিছু করিবার ছিল না, তাহা আমি জানিতাম। অস্ততঃ আমি কংগ্রেসের মনোভাব একটু দৃঢ় হইতে সাহায়্য করিয়াছি এবং উহাকে কিয়ৎপরিমাণে সামাজিক ও অর্থনৈতিক দিক দিয়া চিন্তা করিছে প্রস্তুত্ত করিয়াছি। পুণায় গান্ধিজীর নিকট চিঠিপত্র এবং সংবাদপত্রে প্রকাশিত আমার প্রবন্ধগুলির ফলে একটু পরিবর্ত্তন দেখা গিয়াছিল। সাম্প্রদায়িক সমস্তার উপর লিথিত আমার প্রবন্ধগুলিতে ভাল ফল হইয়াছিল। আমি ছুই বৎসরেরও অধিককাল

#### জওহরলাল নেহরু

পর গান্ধিজীর সহিত সাক্ষাৎ করিয়াছি, অন্যান্ত অনেক বন্ধু ও সহকর্মীর সহিত সাক্ষাৎ হইয়াছে; এবং কিছুকালের জন্ম আমার মন ও হাদ্য নৃতন আবেগ ও শক্তিতে ভরিয়া লইয়াছি।

কমলার স্বাস্থ্যহীনতা—আমার মনে কেবল এই একটি ক্লফ্ছায়া ঘনাইয়া ছিল। তিনি যে কত বেশী অস্বস্থ আমার তাহা ধারণাই ছিল না, কেন না একেবারে শ্য্যাশায়ী না হইলে কিছু বলা তাঁহার অভ্যাস ছিল না, কিছু আমার ত্শিস্তা হইল। তথাপি আমি মনে করিলাম, আমি জেলে থাকার দক্ষণ তিনি নিশ্চিন্ত হইয়া চিকিৎসার ব্যবস্থা করিবেন। আমি বাহিরে থাকিলে ইহা অত্যন্ত কঠিন হইয়া উঠে, কেন না তিনি দীর্ঘকাল আমাকে ছাডিয়া থাকিতে চাহেন না।

আমার আর একটি ক্ষোভ রহিয়া গিয়াছে। এলাহাবাদ জিলার পল্লী অঞ্চলে একবারের জন্মও যাইতে পারি নাই বলিয়া আমার মনে তৃঃথ হইল। আমাদের নির্দেশ মত কাজ করিতে গিয়া দেখানে অনেক তক্ষণ সহকর্মী সম্প্রতি গ্রেফ্তার হইয়াছেন, এবং তাহাদের অন্তুসরণ না করাটা অন্তরাগহীনতার মত প্রতীয়মান হইতেছে।

আবার সেই কাল লরী আমাকে কারাগারে লইয়া চলিল। পথে মেদিন-গান ও সাঁজোয়া গাড়ী লইয়া অনেক দৈন্ত কুচকাওয়াজ করিতেছে দেখিতে পাইলাম। আমি ভাবিলাম, যে সাঁজোয়া গাড়ী ও ট্যাকগুলি দেখিতে কি কুংদিত। ঐ গুলি যেন প্রাগৈতিহাদিক যুগের অতিকায় প্রাণী ডাইনোসারদ বা আর কিছু।

আমাকে প্রেসিডেন্সী জেল হইতে আলীপুর সেন্টাল জেলে বদলী করা হইল এবং আমাকে প্রায় ১০ ফিট×১ ফিট একটি সেলে রাথা হইল। ইহার সম্পুথে একটি বারান্দা এবং ছোট্ট উঠান। উঠানটি প্রায় সাত ফিট উচু প্রাচীর দিয়া ঘেরা, তাহার উপর দিয়া এক আশ্চর্য্য দৃশ্য আমার চক্ষর সম্পুথে শুনিয়া উঠিল। নানা ধরণের বিচিত্র দালান—এক তলা, দোতলা, গোল, সমচতুক্ষোণ, নানা ছাঁদের ছাদ—নানাদিকে মাথা তুলিয়া আছে, কতকগুলি, অপরগুলিকে ছাড়াইয়া উঠিয়াছে। দেখিয়া মনে হইল এই ইমারতগুলি একের- পর আর এই ভাবে তৈয়ারী হইয়াছে, যতটুকু স্থান পাওয়া যায় তাহার পূর্ণ স্থবিধা গ্রহণ করা হইয়াছে। ইহা দেখিতে অনেকটা গোলকধাঁধার মত, কিম্বা ভবিন্তং-বাদীর অদ্ভূত পরিকল্পনার মত। তথাপি আমি শুনিলাম যে ইমারতগুলি সাবধানতার সহিত হিদাব করিয়া তৈরী করা হইয়াছে এবং মধ্যস্থলে একটি ঘণ্টাঘর (উহা খুষ্টান কয়েলীদের গিব্জা বাটা) স্থাপন করা

# व्यामीशूत (जन

হইয়াছে। জেলটি সহরের মধ্যে বলিয়া স্থান সন্ধীর্ণ এবং প্রত্যেক স্থানটুকু ব্যবহার করিতে হইয়াছে।

এই সকল অপূর্ব্ব দর্শন ইমারতের প্রথম দর্শন-জনিত বিশ্বয় কাটাইয়া উঠিতে না উঠিতে আর একটি ভয়াবহ দৃশ্য আমার চাথে পড়িল। আমার সেল ও উঠানের সম্মুথেই তুইটি চিমনী হইতে ঘনকৃষ্ণ ধূম কুগুলী পাকাইয়া উঠিতেছে, সময় সময় বাতাসে ধূম আমার সেলে মাসিয়া পড়ে, আমার শাসরোধের উপক্রম হয়। উহা জেলের রন্ধনশালার চিমনী। পরে আমি স্থপারিন্টেণ্ডেন্টকে বলিয়াছিলাম যে এই বিপদ হইতে রক্ষা পাওয়ার জন্ম কয়েদীদিগকে গ্যাস মুখোস দেওয়া উচিত।

আলীপুর জেলের এই লাল ইটের বাড়ীগুলি দেখা আর রায়াঘরের চিমনীর ধ্ম সেবন করা, আরম্ভটা মোটেই প্রীতিপ্রদ হইল না, ভবিষ্যতের ভরসাও কিছু পাইলাম না। আমার উঠানে কোন গাছ বা সব্জ কিছু ছিল না। স্বটাই শান বাঁধান পরিকার পরিচ্ছন্ন, তবে প্রত্যহই চিমনীর কালী জমিত—তাহা ছাড়া নিরাবরণ ও নীরস। পাশে ইয়ার্ডের একটি কি ছুইটি গাছের মাথা দেখিতে পাইতাম। যখন আমি আসিলাম তখন ঐশুলিতে পাতা বা ফুল কিছু ছিল না। ক্রমে রহস্তময় পরিবর্ত্তন দেখা দিল, শাথা প্রশাখায় কচি সব্জ রং-এর আভাষ দেখা দিল। পল্লব হইতে পত্র বিকশিত হইল, অতি ফ্রত মনোহর হরিং শোভায় শাখাগুলি আচ্ছন্ন হইয়া গেল। এই আননদায়ক পরিবর্ত্তনে আলীপুর জেলও শোভাময় বলিয়া মনে হইতে লাগিল।

একটি গাছে চিল বাসা করিয়াছিল, আমি কৌতৃহলের সহিত উহা প্রায়ই লক্ষ্য করিতাম। ছোট ছোটু বাচ্চাগুলি ক্রমে বড় হইতেছে এবং জাতিগত ব্যবসায় পটুত্ব লাভ করিতেছে। সময় সময় ইহারা অব্যর্থ লক্ষ্যে ছোঁ মারিয়া কয়েদীদের হাত হইতে ফটি লইয়া যাইত।

স্থ্যান্ত হইতে স্থ্যোদয় পর্যন্ত (শ্বল্লবিন্তর) আমাদের সেলে তালাবন্ধ করিয়া রাথা হইত, শীতের দীর্ঘ সন্ধ্যা সহজে কাটিতে চাহিত না। ঘণ্টার পর ঘণ্টা ধরিয়া লেথাপড়া করিতে করিতে বিরক্ত হইয়া উঠিতাম, তথন ক্ষুদ্র সেলের মধ্যে এদিক ওদিক পাইচারী করিতাম—সম্মুথে চার পাঁচ পা গিয়াই আবার ফিরিতে হইত। পশুশালায় খাঁচার মধ্যে ভল্লকগুলি যেমনভাবে এদিক ওদিক করে আমার তাহা মনে পড়িত। যথন আমি অত্যন্ত বিরক্তিবাধ করিতাম, তথন আমার প্রিয় প্রতিষেধক 'শিরশাসন' (মাটিতে মাথা রাখিয়া পদম্বয় উত্তোলন) করিতাম।

রাত্রির প্রথমভাগ বেশ নিস্তব্ধ মনে হইত—নগরের শব্দ ভাসিয়া

#### ज ওহরनान (सर्क

÷

আসিত—ট্রাম গাড়ীর শব্দ, গ্রামোফোন অথবা দ্রাগত সদীত ধানি।
দ্রাগত সদীতের মৃত্ হুর শুনিতে ভাল লাগে। রাত্রে শাস্তি পাওয়া
ঘাইত না, অনবরত শান্ত্রীরা যাতায়াত করিত, ঘণ্টায় ঘণ্টায় এক এক
প্রকার পরিদর্শন চলিত। কোন কর্মচারী লগুন হাতে ঘুরিয়া দেখিতেন
যে আমরা কেহ পলাইয়া গিয়াছি কিনা। প্রত্যহ রাত্রি তিনটার সময় বাসন
মাজা ঘসার তুমুল শব্দ উঠিত; বুঝা যাইত রালাঘরের কাজ হুরু হইয়াছে।

আলীপুর এবং প্রেসিডেন্সী জেলেও, ওয়ার্ডার, সিপাহী শাস্ত্রী কর্মচারী ও কেরাণীর আয়োজন প্রচুর। এই তুইটি জেলের জনসংখ্যা প্রায় নৈনীর সমান হইবে,—২২০০ কি ২০০০। কিন্তু নৈনীজেল অপেক্ষা এখানে কর্মচারীর সংখ্যা দিগুণেরও বেশী। ইউরোপীয়ান ওয়ার্ডার ও পেনসনপ্রাপ্ত সামরিক কর্মচারীও ইহার মধ্যে আছে। যুক্ত-প্রদেশ অপেক্ষা কলিকাতায় ব্রিটিশ সাম্রাজ্যের কাজকর্ম্মের আয়োজন প্রচুর, ব্যয়ও বেশী। ব্রিটিশ সাম্রাজ্যের শক্তির চিহু ও তাহা বারম্বার শরণ করিবার জন্ম উচ্চকর্মচারীদের সম্মুখীন হইলে কয়েদীদিগকে চীংকার করিয়া বলিতে হয়, "সরকার সেলাম"। দীর্ঘায়ত মরে ঐ কথা বলিবার সঙ্গে বিশেষ প্রকার শারীরিক ভন্ধীও করিতে হয়। কয়েদীদের এই চীৎকারধ্বনি দিনের মধ্যে বহুবার শুনিতে হইত, জেল স্থপারিনটেনডেন্টের প্রাত্যহিক পরিদর্শনের সময় ইহা বিশেষভাবে শোনা যাইত। আমার ৭ ফুট উচ্চ দেওয়ালের উপর দিয়া স্থপারিনটেনডেন্টের মন্তকোপরি ধৃত বৃহদাকার রাজছত্র দেখিতে পাইতাম।

আমি বিশায়ের সহিত ভাবি, এই 'সরকার সেলাম' ধ্বনি এবং তাহার সহিত বিশেষ শারীরিক ভঙ্গী প্রাচীনকালের শ্বতিচিহ্ন না কোন ইংরাজ কর্মচারীর আবিদার? আমি ঠিক জানে না, তবে আমার মনে হয় ইহা কোন ইংরাজের আবিদার। ইহার ধ্বনি আহিলো-ইণ্ডিয়ান গদ্ধী। সৌভাগ্যক্রমে যুক্ত-প্রদেশের জেলে ইহার প্রচলন নাই, সম্ভবতঃ বাঙ্গলা ও আসাম ছাড়া আর কোন প্রদেশেই ইহা নাই। 'সরকারের' প্রবল প্রতাপের নিকট এই ভাবে বলপ্র্ক নীতি স্বীকার করাইয়া লইবার ধ্বনি মানব-চরিত্রের পক্ষে অত্যস্ত অবনতিকর বলিয়াই আমার মনে হয়।

আলীপুরে একটি পরিবর্ত্তন দেখিয়া আমি আনন্দিত হইয়াছি। এখানে সাধারণ কয়েদীদের খাদ্য যুক্ত-প্রদেশের জেলের খাদ্য অপেক্ষা অনেক ভাল। অক্যান্ত প্রদেশের তুলনায় যুক্ত-প্রদেশের জেলের খাদ্য অনেকাংশে মন্দ।

দেখিতে দেখিতে শীত চলিয়া গেল, বসস্তকেও পশ্চাতে ফেলিয়া গ্রীম্ম আসিল। প্রতিধিন গরম বাড়িতে লাগিল। কলিকাতার আবহাওয়া আমার

## গণভন্ত—প্রাচ্যে ও পাশ্চাভ্যে

ভাল লাগে না; এমন কি কয়েকদিনের মধ্যেই আমি কাহিল হইয়া পড়িলাম। জেলের মধ্যে অবস্থা স্বভালতাই অধিকতর মনদ; জামার শরীর থারাপ হইতে লাগিল। ব্যায়াম করিবার স্থানের অভাব এবং এই আবহাওয়ায় দীর্ঘকাল তালাবদ্ধ হইয়া থাকার দক্ষণ, আফার স্বাস্থ্য একটু থারাপ হইল, অভি ক্রত ক্রারীরের ওজন কমিতে লাগিল। এই তালা, লোহার ৰূপাট, শিক, প্রাচীর দেখিলেই ঘুণায় মন ভরিয়া উঠে!

আলীপুরে একমাস পর আমাকে উঠানের বাহিরে গিয়া ব্যায়াম করিতে দেওয়া হইত। এই পরিবর্ত্তনে আমি খুদী হইলাম, প্রত্যহ সকাল সদ্ধায় আমি প্রধান প্রাচীরের পার্শ্বে হাঁটিতাম। ক্রমে আলীপুর জেল ও কলিকাতার আবহাওয়া আমার সহিয়া গেল, এমন কি রন্ধনশালার চিমনীর ধুম এবং বাসন মাজার শব্দও এত বিরক্তিকর মনে হইত না। আমার মন বিষয়ান্তরে ধাবিত হইল, নানারূপ ত্শিন্তা আদিল। বাহির হইতে যে সকল সংবাদ পাইলাম, তাহা স্ক্রংবাদ নহে।

ঙ৽

# গণতন্ত্র—প্রাচ্যে ও পাশ্চাত্যে

আলীপুর জেলে আমি বিশ্বিত হইয়া দেখিলাম যে, আমার দণ্ডের পর আমাকে কোন দৈনিক কাগজ দেওয়া হইল না। বিচারাধীন আসামী রূপে আমি প্রত্যহ কলিকাতার 'ষ্টেটসম্যান' পাইতাম; কিছা যে দিন আমার বিচার শেষ হইল, তার পর হইতেই কাগজখানা বন্ধ করিয়া দেওয়া হইল। ১৯৩২ দাল হইতে সংযুক্ত প্রদেশে 'এ' ক্লাস কিছা প্রথম শ্রেণীর বন্দীদের জন্ম একটি দৈনিক পত্রিকা (গভর্ণমেণ্টের পছন্দসই) দেওয়া হইত; অন্যান্থ অধিকাংশ প্রদেশেই এই ব্যবস্থা ছিল। স্থতরাং আমার সম্পূর্ণ ধারণা ছিল যে, বাঙ্গলা দেশেও এই নিয়ম প্রচলিত। যাহা হউক, দৈনিক প্রেটসম্যানের বদলে আমাকে সাপ্তাহিক 'ষ্টেটসম্যান' দেওয়া হইত। স্পাইতঃই এই কাগজখানা তাঁহাদের জন্ম, যাহারা অবসর-প্রাপ্ত ব্রিটিশ অফিসার কিছা ইংলণ্ডের স্বপৃহে প্রত্যাগত ব্যবসায়ী। ভারতবর্ষের যে সমস্ত সংবাদ তাঁহাদের ফ্রচিকর হইতে পারে এই পত্রিকাটিতে সাধারণতঃ তাহারই সারমর্ম থাকে। এই সংস্করণে একটি

#### ज्युर्त्रमान (नर्द्र

মাত্র বিদেশী সংবাদও নাই, অথচ বিদেশী সংবাদ খ্ব মনোযোগের সঞ্চেপড়াই আমার অভ্যাস ছিল, ফলে বিদেশী সংবাদের অভাব আমি থ্ব বেশী পরিমাণে অফুভব করিতাম। সৌভাগ্যক্রমে 'সাপ্তাহিক মাঞ্চোর গার্ডিয়ান' রাথিবার অফুমতি আমাকে দেওয়া হইত। এই পত্রিকাটি পড়িয়া আমি ইউরোপ ও আন্তর্জ্জাতিক ঘটনাবলীর সঙ্গে যোগ রাথিতাম।

ফেব্রুয়ারী মাদে আমার গ্রেফ্তার ও বিচারের সময় ইউরোপের নানা বিপর্যায় ও তিব্রু সংঘর্ষ চলিতেছিল। ফ্রান্সে যে বিক্ষোভ দেখা দিয়াছিল তাহার ফলে ফাসিন্তরা দাকা হাকামা বাধাইল এবং ক্যাশনাল বা জাতীয় গভর্ণমেন্ট গঠিত হইল। অন্তিয়ার অবস্থা আরও শোচনীয় —চ্যান্সেলার ডলফাস শ্রমিকদিগকে গুলি করিয়া মারিতেছিলেন, স্মাজ-ভাষ্ক্রিক গণতম্ববাদের যে বৃহৎ সৌধ সেখানে গড়িয়া উঠিতেছিল, তিনি তাহার ধ্বংস সাধনে ব্যাপ্ত ছিলেন। অন্তিয়ার রক্ত-ক্ষরণের এই স্কল मःवारि यामि यजास विमर्व रहेनाम। এই পृथिवी कि ज्यावह लानिज-সিক্ত স্থান! মামুষ তাহার কায়েমী স্বার্থ রক্ষার জন্ম কত বর্মের হইতে পারে! লক্ষণ দেখিয়া মনে হইল ফাসিজম সমগ্র ইউরোপে ও আমেরিকায় অগ্রসর হইতেছে। হিট্লার যথন জার্মানীর শক্তিধর হইলেন, আমি তथन ভাবিয়াছিলাম যে, জাঁহার শাসন বেশী দিন টিকিবে না; কারণ জার্মানীর আর্থিক ছুর্গতির কোন মীমাংসা তিনি করিতে পারেন নাই। অ্যান্ত যে সম্প্ত স্থানে ফাসিজমের বিন্ডার হইছাছিল, সেই সব রাজা সম্পর্কেও আমি এই বলিয়া নিজেকে প্রবোধ দিয়াছিলাম যে, প্রতিক্রিয়ার ইহাই শেষ অধ্যায়! ইহার পর নিশ্চয়ই দেখা দিবে বন্ধন-মৃক্তি। কিন্ত আমি বিশ্বিত হইয়া ভাবিতে লাগিলাম আমি যাহা চাই তাহা হইতেই আমার এই প্রকার চিম্ভার উদ্ভব হয় নাই ত ? আমি কি এমন কোন স্থুম্পষ্ট লক্ষণ পাইয়াছি যে, এই ফাসিন্ত প্রতিক্রিয়ার ঢেউ এত সহজে এবং এত ক্রত মিলাইয়া যাইবে ? এমন কি ফাসিন্ত ডিক্টেটারদের পক্ষে চারিদিকের অবস্থা ও ঘটনাবলী যদি অসহনীয়ও হইয়া উঠে তথাপি কি তাঁহাদের স্বদেশকে এক ধ্বংসকর সংগ্রামে না লইয়া গিয়া ডিক্টেটারি পরিত্যাগ করিবেন ? এই প্রকার সংঘর্ষেরই বা কি পরিণতি হইবে ?

ইতিমধ্যে ফাসিজন নানা আকারে ও প্রকারে দেখা দিতে লাগিল। বে স্পেনকে 'সংলোকদের নৃতন প্রজাতান্ত্রিক রাষ্ট্র'—los hombres honrados —অথবা কাহারও কাহারও মতে ইহাকে সমন্ত গভর্গমেন্টের "সেরা গভর্গমেণ্ট" বলা হইত, তাহাও বহুদ্র পশ্চাতে প্রতিক্রিয়ার গভীর পঙ্গে ভূবিয়া গেল। সেধানকার 'সং ও সাধু' লিবারেল নেতাদের যত কিছু মনোহর বক্তা তাহাও

## গণভন্ত—প্রাচ্যে ও পাশ্চাভ্যে

তাহাকে পতনের মুখ হইতে রক্ষা করিতে পারিল না। সর্বজ্ঞই দেখা গেল যে লিবারেলিজম বা উদারনীতিক মতবাদ অুপুনিক অবস্থার সহিত লড়িতে গিয়া একেবারে ব্যর্থ হইতেছে। কারণ এই মতবাদ কেবল কথা ও বচন-সমষ্টিকে আঁকডাইয়া ধরিয়া আছে, নেতারা ভাবিয়াছিলেন কাজের বদলে কেবল কথার ঘারাই কার্য্যোন্ধার হইবে। কিন্তু যখন কোন সৃষ্কট আসিল, তখন দেখা গেল যে, চলচ্চিত্রের পদ্ধার উপর যেমন শেষ ছবিখানি মিলাইয়া যায়, লিবারেলিজমও ঠিক তেমনই সহজে অদুশা হইয়া যাইতেছে।

অন্তিয়ার ত্র্ঘটনা সম্পর্কে আমি 'মাঞেষ্টার গাঁডিয়ানের' সম্পাদকীয় প্রবন্ধশুলি গভীর আগ্রহে ও প্রশংসমান দৃষ্টির সহিত পড়িতে লাগিলাম।
"এ কোন্ অন্তিয়া শোণিত সিক্ত সংঘর্ষ হইতে অবিভূতি হইতেছে ? ইউরোপে
যাহারা সর্বাধিক প্রতিক্রিয়া-পন্ধী, সেই ষড়যন্ত্রকারীদের রাইফেল ও মেসিনগানে
শাসিত অন্তিরাকেই আজ দেখিতেছি।" "কিন্তু ইংলগু যদি মানুষের
স্বাধীনতারই রক্ষী হইয়া থাকে, তবে. তাহার প্রধানমন্ত্রীর ফি কিছুই
বলিবার নাই ? তাঁহার মুথে আমরা ভিক্টেটারির গুণকীর্ত্রন শুনিয়াছি;
আমরা তাঁহাকে বক্তৃতা করিতে শুনিগাছি যে 'ডিক্টেটরগণ একটি জাতির
আত্মাকে জীবস্ত করিয়া তোলেন' এবং "নৃতন দৃষ্টি ও নৃতন শক্তি তাঁহারা
সঞ্চার করেন।" "কিন্তু ইংলগুর প্রধানমন্ত্রীর পক্ষে এই সমস্ত অত্যাচার
সম্পর্কে, সে অত্যাচার যে দেশেই ঘটুক না কেন, নিশ্চয়ই কিছু বলিবার
থাকা উচিত। এই সমস্ত লাঞ্চনা প্রায়শংই দেহকে এবং তাহার চেয়েও
বেশী সময় আত্মাকে হত্যা করে—এবং এই মৃত্যু অধিকতর শোচনীয়"।

যদি 'মাঞ্চোর গার্ডিয়ান' মান্থবের স্বাধীনতার এত বড় রক্ষী হন, তবে ভারতের স্বাধীনতা যথন পিষ্ট ও চুর্ণ হইতেছে, তথন কি তাহার কিছুই বলিবার নাই? আমাদের পক্ষেও কেবল দৈহিক নির্যাতনই ঘটে নাই, আত্মার দেই কঠোরতর অগ্নি-পরীকাও আমর। অন্নভব করিয়াছি।

"অন্তিয়ার গণতন্ত্রের ধ্বংস হইয়াছে, কিন্তু ধ্বংসের পূর্ব্বে ইহা সংগ্রাম করিয়া অক্ষয় কীর্ত্তি অর্জন করিয়া গিয়াছে। এই সংগ্রাম এমন এক কাহিনীর সৃষ্টে করিয়া গেল, যাহা কোনও দূর ভবিষ্যতে ইউরোপীয় স্বাধীনতার সন্তাকে পুনক্ষজীবিত করিতে পারে।"

"স্বাধীনতাশৃত্য ইউরোপের আর নিংখাস পড়িতেছে না। স্কৃত্ব ও উৎসাহদীপ্ত মনের আদান-প্রদান বন্ধ হইয়াছে; তাহার নিংখাস যেন ক্রমে ক্রমে রুদ্ধ হইয়া আসিয়াছে। যে মানসিক মূর্চ্ছা সমুথে আসিতেছে, তাহার গতিরোধ করিবার একমাত্র উপায় কোন নিদারণ আলোড়ন কিন্তা আভ্যন্তরীণ কোন বিপর্যয় এবং বাম ও দক্ষিণ উভয় দিক দিয়া

#### জওহরলাল নেহর

ইহার উপর আক্রমণ ও আঘাত। · · · · · রাইন নদী হইতে উরলের গিরি-সীমান্ত পর্যান্ত সমগ্র ইউরোপ এক বিশাল কারাগারে পরিণত হইয়াছে।"

আমার হান্য যেন এই সমস্ত ভাবোদ্বেগ রচনার মধ্যে তাহার প্রতিধানিকে খুঁজিয়া পাইল। কিন্তু আমি বিশায়বিমৃঢ় চিত্তে ভাবিলাম; ভারতবর্ষের বেলায় কি? 'মাঞেষ্টার গার্ডিয়ান' কিমা তাহার মত আরও অনেক স্বাধীনতা-প্রেমিক ইংলণ্ডে আছেন, সন্দেহ নাই। কিন্তু তাঁহারা আমাদের হুর্ভাগ্য সম্পর্কে এতটা বিশ্বত হইয়া আছেন কিরূপে? যাহা তাঁহারা এথানে দেখিতেই পান না, তাহাই তাঁহারা অন্তত্ত এতটা দৃঢ়তার সক্ষে নিন্দা করেন কিরুপে ? ইংলণ্ডেরই একজন বিখ্যাত উদার্নীতিক নেতা, যিনি উনবিংশ শতান্দীর সংস্কৃতিতে মাতুষ, যিনি স্বভাবতঃই সাবধানী এবং বাঁহার ভাষা সংযত, প্রায় ২০ বংসর পূর্বের বিগত মহাসংগ্রামের পূর্ব মৃহুর্ত্তে তিনি বলিয়াছিলেন, "শান্তি ও শৃঞ্জার উপর পাশবিক শক্তির এই শোচনীয় জয় নি:শব্দে লক্ষ্য করার চেয়ে चामि वतः श्रार्थना कति य, चामात এই याम हे हिहास्मत शृष्टी हहे एक মুছিয়া যাউক।" বীৰ্ষাপূৰ্ণ এই চিন্তা, উচ্ছুদিত ভাষায় ইহার প্রকাশ— हेश्न ७ तक नक तीत्र यूवक हेश्र इंद्रा तकाम अधमत हहेलन। किस ভারতবাদী যদি মি: ऋटेरावत भाषा এমন কথা বলিতে সাহদী হয়, তবে, তাদের অদৃষ্টে কি ঘটিবে ?

জাতীয় মনোবিজ্ঞান একটা জটিল ব্যাপার। আমাদের মধ্যে অধিকাংশেই কল্পনা করেন যে আমরা কত গ্রায়পরায়ণ ও নিরপেক। আর যত কিছু দোষ, তাহা অগ্র সমন্ত দেশের! আমাদের মনের অস্তরালে কোন এক জায়গায় এই বন্ধমূল ধারণা আছে যে, আমরা অগ্রের মত নহি। এই বৈষম্যের ফলটা আমাদের ভক্ত জীবনযাত্রার জন্ম আমরা সাধারণতঃ জোরের সঙ্গে প্রকাশ করি না। আর যদি আমরা এতটা সৌভাগ্যশালী হইয়া থাকি যে, আমরা কোন সামাজ্যের মালিক, অগ্রান্থ দেশের ভাগ্য আমরা নিয়ামক, তবে এমন কথা আমরা বিশ্বাস না করিয়া পারি না যে, যথাসম্ভব এই সর্কোত্তম পৃথিবীর সমন্তই উত্তম। যাহারা ইহারা পরিবর্ত্তনের জন্ম আন্দোলন করিতেছে, তাহারা আত্মত্বাহি, তাহার প্রতিও তাহারা অক্তত্ত।

বৃটিশ জাতি দ্বীপবাসী; দীর্ঘকালের সাফল্য ও ঐশ্বর্য তাহাদিগকে প্রায় সমন্ত জাতির প্রতি তাচ্ছিল্য দৃষ্টি আনিয়া দিয়াছে। তাহাদের

## গণভদ্ধ-প্রাচ্যে ও পাশ্চাভ্যে

পক্ষে কোনও ভদ্রলোকের সেই উক্তিটা প্রযুজ্য—"ফ্রান্সের কালে বন্দর হইতেই নিপ্রো বসতি আরম্ভ হইয়াছে।" কিন্তু এই প্রকার উক্তি আত্যস্ত ব্যাপক। বোধ হয় ইংলণ্ডের অভিজাত শ্রেণীর দৃষ্টিতে গৃথিবীর বিভাগটা কতকটা এই রক্মর—(১) ব্রিটেন—তারপর দীর্ঘ ফাঁক এবং তারপর (২) ব্রিটেশ ডোমিনিয়ন (কেবল শেতকায় জাতি অধ্যুষিত) ও আমেরিকা (কেবল এংলো-সাক্মন জাতি, দাগো বা ওয়াপ প্রভৃতি নহে) (৩) পশ্চিম ইউরোপ (৪) ইউরোপের বাকী অংশ (৫) দক্ষিণ আমেরিকা (লাটিন ভাষভোষী জাতি সমূহ), তারপের দীর্ঘ ফাঁক এবং তারপর (৬) এশিয়া ও আফ্রিকার কাল, বাদামী ও পীত রংয়ের মাসুষ; এইগুলি অল্পবিস্তর পরম্পরের সঙ্গে একত্র গ্রথিত।

ইহাদের মধ্যে সকলের শেষ শ্রেণীতে আমরা—আমাদের শাসকেরা যে উচ্চশিগরে বাস করেন, তাহা হইতে আমরা কত দ্রে! স্বতরাং আমাদের দিকে তাকাইতে গিয়া যথন তাঁহাদের দৃষ্টি ক্ষীণ হইয়া चारम किया यथन चामता साधीना ७ ग्रना क्या निन, ज्थन যে তাঁহারা বিরক্তি বোধ করেন, ইহাতে বিশ্বয়ের কি আছে? স্বাধীনতা ও গণতন্ত্র এই শব্দগুলি আমাদের জন্ত তৈয়ারী হয় নাই। জন মুর্লির মতৃ একজন খ্যাতিমান উদারনীতিক নেতাও কি এমন কথা বলেন নাই যে, কোন স্থদ্র অস্পষ্ট ভবিষ্যতেও তিনি ভারতবর্ষে কোন গণভাম্বিক প্রতিষ্ঠানের কল্পনা করিতে পারেন না? পশুর লোমে তৈয়ারী কানাভার ফার কোটের মত গণতন্ত্রও ভারতের আবহাওয়ার পক্ষে অমুপযোগী। পরবর্ত্তীকালে ব্রিটেনের শ্রমিক দল, বাঁহারা সমাজতদ্ধের পতাকাবাহী, নির্ঘ্যাতিতের যাঁহারা বান্ধব, তাঁহারাও তাঁহাদের জয়ের পরে ১৯২৪ সালে আমাদের জন্ম বেদল অডিন্যান্দ পুনঃ প্রবর্ত্তিত করেন। তাঁহাদের দ্বিতীয় গভর্ণমেণ্টের আমলে আমাদের অদৃষ্ট বরং আরও শোচনীয় হইয়াছিল। আমি নিশ্চয় জানি যে তাঁহারা আমাদের অভভ কামনা করেন না। যথন তাঁহারা ধর্মবাজকের ভঙ্গীতে বক্তৃতার বেদীমঞ্চ হইতে আমাদিগকে সম্বোধন করিয়া বলেন, "হে আমাদের প্রিয় ভাতাগণ" তথন তাঁহারা সচেতন শুভ বুদ্ধিরই উত্তেজনা অহুভব করেন ! কিছ তাঁহাদের নিকট আমরা ও তাঁহারা এক নহি, স্বতরাং অশু কোন মানদণ্ডে আমাদের বিচার করিতে হইবে। ভাষা ও সংস্কৃতিগত বৈষম্যের জন্ম একজন ফরাসী ও একজন ইংরাজের পক্ষে যথন সমভাবে চিস্তা করা কঠিন, তখন একজন ইংরাজ ও একজন এশিয়াবাসীর বেলায় সেই বৈষম্য কত বৃহৎ।

### ज उर्जनान (नर्ज

সম্প্রতি লর্ড সভায় ভারতের শাসন সংস্কার লইয়া বিতর্ক হইয়ছে।
মাননীয় লর্ডগণ অনেক মনোহর বক্তৃতা করিয়াছেন। ইহাদের মধ্যে
ভারতের কোনও প্রদেশের ভৃতপূর্ব্ব গভর্ণর লর্ড লিটন যিনি কিছুকাল
বড়লাটের কার্য্য করিয়াছিলেন, তিনিও এক বক্তৃতা দিয়াছেন। প্রকাশ
যে, তিনি এই মর্ম্মে বক্তৃতা \* ক্রিয়াছেন,—"সমগ্র ভারতের হিসাবে
কংগ্রেস রাজনৈতিকগণের অপেক্ষা ভারতের গভর্গমেণ্ট অনেক অধিক
প্রতিনিধি স্থানীয়। অফিসারবর্গ, সমর বিভাগ, প্রশিশ, রাজন্তর্গ,
সেনাদল, এবং হিন্দু ও ম্সলিম পক্ষ হইতে ভারত গভর্গমেণ্ট কথা বলিতে
পারেন। কিন্তু কংগ্রেস-রাজনীতিকগণ ভারতের একটি বৃহৎ সম্প্রদায়ের
পক্ষ হইতেও প্রতিনিধিত্ব করিতে পারেন না।" তিনি তাঁহার বক্তব্যকে
আরও পরিজার করিয়া বলিয়াছেন, "আমি যথন ভারতীয় জনমতের
কথা বলি, তথন আমি তাঁহাদের কথাই বলি, যাহাদের সহযোগিতার
উপর আমাকে নির্ভর করিতে হয় এবং যাহাদের সহযোগিতার উপর
ভবিয়ৎ লাট ও বড়লাটদিগকে নির্ভর করিতে হইবে।"

তাঁহার এই বক্ততায় তুইটি কৌতৃহলোদীপক তথ্য পাওয়া যাইতেছে :— প্রথম সেই ভারতবর্ষই হিসাবের মধ্যে ধরিতে হইবে যে ভারতবর্ষ ব্রিটিশকে দাহায্য করে এবং দিতীয়ত: ভারতবর্ষের বৃটিশ গুরুর্ন্মণ্ট দর্কাপেক্ষা প্রতিনিধিস্থানীয়, স্নতরাং ইহা গণতান্ত্রিক প্রতিষ্ঠানী এমন ধরণের যুক্তিও যথন গুরুত্বের সহিত দেখান হয়, তখনই বুঝা উচিত যে স্থায়েজ থাল পার হইয়া আসিলে ইংরাজী শবশুলিরও যেন অর্থের পরিবর্তন হয়। ইহার পর অনিবাধ্যরূপে এই যুক্তিই আসে যে, স্বেচ্ছাচারী গ্বর্ণমেন্টই সর্বাপেক্ষা প্রতিনিধিমূলক এবং গণতান্ত্ৰিক কারণ সমাট সকলেরই প্রতিনিধিস্থানীয়। আমরা রাজাদের স্বর্গীয় অধিকারকে আবার ফিরিয়া পাইলাম, আর পাইলাম—"আমিই রাষ্ট্র"। প্রকৃত কথা এই যে সম্প্রতি বিশুদ্ধ স্বেচ্ছাতন্ত্রবাদেরও নামজাদা সমর্থক জুটিয়া গিয়াছে। ভারতীয় সিভিল সার্ভিসের উচ্জল রত্ব—শ্রুর मानिकनम रहती गठ ১৯৩৪ मालित **६** नर्दाचत वात्रांभेगीरा युक-প্রদেশের গবর্ণররূপে বক্তৃতা দিতে গিয়া দেশীয় রাজ্যসমূহে স্বৈরতদ্বের পক্ষে ওকালতি করিয়াছেন। কিন্তু এই উপদেশের কোন প্রয়োজন ছিল না, কারণ কোন দেশীয় রাজ্যই স্বেচ্ছায় স্বৈরতন্ত্র পরিত্যাগ করিবেন এমন সম্ভাবনা নাই। বর্ত্তমানে একটা মজার ব্যাপার ঘটিয়াছে

<sup>\*</sup> লর্ড সজা, ১৭ই ডিসেম্বর, ১৯৩৪।

## গণভদ্ধ-প্রাচ্যে ও পাশ্চাভ্যে

এই যে ইউরোপে গণতন্ত্রের পতন হইতেছে, এই ছুতা দেখাইয়া বৈরতদ্বের প্রসারের চেষ্টা চলিতেছে। "দর্ববত্রই যথন পার্লামেটিয় গণতদ্বের মৃত্যু ঘটিতেছে তথন চরম সংস্কারের সমর্থন" দেখিতে পাইয়া মহীশুরের দেওয়ান শুর মীর্জ্জা ইসমাইল তাঁহার "বিশ্বয়" প্রকাশ না করিয়া পারেন নাই। "আমার নিশ্চিত বিখাস যে, রাজ্যের মধ্যে যাঁহারা সচেতন লোক, তাঁহারা অফুড়ব ক্রিতিছেন যে আমাদের বর্তমান শাসনতম্ব সমস্ত প্রকার বাস্ত্র-ক্রিকেন্ড সাধনের পক্ষে যথেষ্ট পরিমাণ গণতান্ত্রিক।" \* মহাশুরের "চেতন।" সম্ভ্বতঃ মহীশুরের রাজা ও দেওয়ানের স্ব স্ব মনোবিজ্ঞানেরই একটা ছায়া মাত্র। সেখানে যে গণতন্ত্র প্রচালত আছে, তাহার দকে স্বৈরতন্ত্রের বৈষম্য নির্দেশ করা কঠিন।

যদি ভারতবর্ধের পক্ষে গণতম্ব উপযুক্ত না হয়, তবে বাহতঃ উহা মিশরের পশেও যোগ্য নহে। এইমাত্র আমি "ষ্টেটসম্যানে" প (কারাগারে ইদানীং আমাকে একথণ্ড দৈনিক সংস্করণ দেওয়া रहेट (अकानिक काग्रदा रहेट वकि मीच विवृक्ति भाठ कविनाम। ইহাতে বলা হইয়াছে যে প্রধান মন্ত্রী নাশিম পাশা "তাহার এক ঘোষণার দারা দায়িত্বসম্পন্ন রাজনৈতিক মহলে কম আতক্ক জাগ্রত করেন নাই। কারণ; এই ঘোষণায় তিনি রাজনৈতিক দলসমূহকে, বিশেষভাবে **अप्राक्ति**निगरक পরম্পরের সহযোগিতায় প্রবন্ধ করিতে চাহিয়াছেন, তাহার উদ্দেশ্য হইতেছে একটা নৃতন শাসনতন্ত্রের পরিকল্পনা এবং তাহার জন্ম একটা জাতীয় সম্মেলন অথবা গণ-পরিষদ গঠনের জন্ম নির্ব্বাচন অফুষ্ঠান। ইহার অর্থ হইতেছে পরিণামে জনসাধারণের গণতন্ত্রমূলক গ্বর্ণমেন্টের আমলে ফিরিয়া যাওয়া। কিন্তু ইতিহাসে দেখা যায় মিশরের পক্ষে এই প্রকার শাসন সর্বাদাই সর্বানাশকর হইয়াছে, কারণ অতীতে ইহা জনতার সর্বাপেক্ষা নীচ প্রবৃত্তির গপ্পরে পড়িয়াছে। মিশরীয় রাজনীতির ও তাহার জনগণের ভিতরের কার্য্যকলাপের রাখেন এমন যে কেহ নিঃসন্দেহে বলিতে পারিবেন যে, নির্বাচনের करल भूनताम अम्राकन ननहे कमजाम आमीन हहेरवन अब्द जाहारनतहे সংখ্যাধিক্য হইবে। স্থতরাং এই কার্য্য-পদ্ধতিকে নিবারণের জন্ম যদি কোন প্রতীকার ব্যবস্থা অবলম্বিত না হয়, তবে আমরা শীঘুই এক অতিমাত্রায় গণতন্ত্রবাদী বিদেশী-বিদ্বেষী বৈপ্লবিক শাসনের সন্মুখীন হইব।"

<sup>\*</sup> मही ७ व २० ज्न, ১৯৩৪। ७२ व्यथासि मस्रवा मिथून।

<sup>†</sup> फिरमचत्र ১৯, ১৯৩৪।

#### ज उर्जनांन (नर्ज़

এ সম্পর্কে এমন একটা প্রস্তাবও উঠিয়াছে যে, 'ভ্রাক্দীদের পান্টাজবাবে শাসন বিভাগীয় 'চাপ' দিয়া নির্কাচন "অম্প্রতিত" হউক, কিছ ঘূর্ভাগ্যক্রমে প্রধান মন্ত্রী "এত অতিরিক্ত রকমের আইননিষ্ঠ" যে তিনি তেমন কিছু করিতে চাহিতেছেন না। এই অবস্থায় একমাত্র উপায় এই আছে, বৃটিশ মন্ত্রী-সভার হস্তক্ষেপ এবং "তাঁহাদের ঘোষণা করা উচিত যে তাঁহারা এই ধরণের কোন শাসনের পুনঃপ্রতিষ্ঠা সম্থ্

বৃটিশ মন্ত্রীরা কি করিবেন না করিবেন অথবা মিশরে কি ঘটিকে তাহা আমি জানি না।\* সম্ভবতঃ এই যুক্তি দেখাইয়াছেন কোন স্বাধীনতা-িপ্রেইংরাজ এবং এই যুক্তির দ্বারা আমরা ভারতীয় ও মিশরীয় অবস্থার জটিলতা কিঞ্চিং বৃঝিতে পারিতেছি। টেটসম্যান পত্রিকা প্রধান সম্পাদকীয় প্রবন্ধে যেমন বলিতেছেন,—"যে ধরণের জীবনযাত্রা ও মনোরৃত্তি হইতে গণতন্ত্রের প্রসার ঘটে, তাহার সহিত একজন সাধারণ মিশরীয় ভোটদাতার জীবনযাত্রা ও মনোরৃত্তির কোন সামগ্রস্থ নাই, গোড়াকার গলদ এইখানে।" এই সামগ্রস্থ-হীনতার আরও দৃষ্টান্ত দেওয়া হইয়াছে;— "ইউরোপে অনেক সময় গণতন্ত্রের পতন ঘটিয়াছে অতিরিক্ত সংথ্যক দলের জন্ত, আর মিশরের পক্ষে বাধা এই যে সেথানে ওয়াফদ ছাড়া আর কোন দলই নাই।"

ভারতবর্ধে আমাদিগকে বলা হইয়া থাকে যে, আমাদের গণতান্ত্রিক উন্নতির পথে সাম্প্রদায়িক বিদ্বেষই প্রধান বাধা, স্কতরাং অকাট্য যুক্তির ধারা এই সমস্ত বিপদই চিরকালের জন্ম জীয়াইয়া রাখা হইয়াছে। আমাদিগকে আরও বলা হইয়া থাকে যে, আমাদের মধ্যে ঐক্য খুব্ যথেষ্ট নহে। মিশরে কোন সাম্প্রদায়িক বিরোধ নাই এবং সেখানে যে সম্পূর্ণ রাজনৈতিক একার প্রশ্ন, তাহাও প্রকাশমান। তথাপি এই ঐক্যই সেখানে গণতন্ত্র ও স্বাধীনতার পক্ষে বিদ্ন স্বরূপ। গণতন্ত্রের পথ যে সোজা ও সকীর্ণ তাহাতে সন্দেহ নাই। প্রাচ্য দেশের গণতন্ত্রের জন্ম কেবল একটা অর্থ আছে বলিয়া মনে হয়, সামাজ্যবাদীয় শাসনশক্তির ছকুমন্তলি মানিয়া চলা এবং তাঁহাদের কোন স্বার্থে কিছুমাত্র হস্তক্ষেপ না করা। এই সর্ত্রাধীনে গণতান্ত্রিক স্বাধীনতা অবাধে প্রসার লাভ করিতে পারে।

<sup>\*</sup> ১৯৩¢ এর নবেশ্বর মাসে মিশরে বৃটিশ দথলের প্রতিবাদে ব্যাপক রাজনৈতিক দালা ঘটিরাছিল।

# বিষাদ

"মিগ্ধ কোমল দ্ব্বাদলে শগনের জন্ম আমার চিত্ত ব্যাকুল। মাগো, তোমার চরণতলে পতিত ক্লান্ত সন্তানের সকল স্বপ্রই ভাকিয়া গেল॥"

এপ্রিল আদিল! বাহিরের ঘটনাবলীর কিছু কিছু গুজব আলীপুরের কারাকক্ষে মানার কানে আদিল, কিন্তু এই গুজব অপ্রীতিকর এবং আশান্তিজনক! একদিন কথায় কথায় জেল-স্থপারিন্টেণ্ডেন্ট আমাকে বলিলেন যে, মিঃ গান্ধী আইন অমন্তি আন্দোলন প্রত্যাহার করিয়াছেন। ইহার বেশী কিছু আমি জানিতে পারিলাম না। এই সংবাদ শুভ নহে, বহু বংসর যাহাকে আমি এত গুরুত্ব দিয়া আসিতেছিলাম তাহার এই প্রকার উপসংহারে আমি অভ্যন্ত ক্লেশ বোধ করিলাম। তথাপি আমি নিজে-নিজে এই যুক্তি দিলাম যে, ইহার সমাপ্তি অনিবার্য্য ছিল। আমি মনে মনে জানিতাম যে, কোন না কোন সময় অন্ততঃ সামন্থিক ভাবে হইলেও আইন অমান্ত আন্দোলন প্রত্যাহার করিতে হইবে। ব্যক্তি বিশেষ ফলাফলের দিকে না তাকাইয়াও প্রায় অনিশিত কাল পর্যান্ত আন্দোলন চালাইতে পারেন, কিন্তু জাতীয় প্রতিষ্ঠানসমূহ এই ভাবে চলে না। অধিকাংশ কংগ্রেসসেবীর এবং দেশবাদীর চিত্ত গান্ধিজী যে যথাযথ অনুধাবন করিয়াছেন, সে বিষয়ে আমার সন্দেহ ছিল না। আমি এই নৃতন অবস্থার সঙ্গে, অপ্রীতিকর হইলেও, নিজকে থাপ থাওয়াইতে চেষ্টা করিলাম।

পুরাতন স্বরাজ্যদলকে পুনরায় চাঙ্গা করিয়া আইন সভায় প্রবেশের যে নৃতন চেষ্টা চলিতেছে, তাহারও বিষয় আমি কিছু কিছু অস্পষ্টভাবে শুনিলাম। ইহাও আমার কাছে অনিবার্য্য মনে হইল, দীর্ঘকাল আমি এই মতই পোষণ করিয়াছিলাম যে, ভবিশুৎ কাউন্সিল-নির্বাচনে কংগ্রেস দ্রে সবিয়া থাকিতে পারে না। যে পাঁচ মাস আমি কারাগারের বাহিরে স্বাধীন ছিলাম, তথন আমি এই মনোরভিকে নিরুৎসাহিত করিতে চেষ্টা করিয়াছি। কারণ, আমি ভাবিয়াছিলাম যে, এখনও সময় আসে নাই, স্থতরাং ইহা ছারা একদিকে প্রত্যক্ষ আন্দোলন এবং অন্ত দিকে নৃতন সামাজিক পরিবর্ত্তনের ভারধারাকে,

#### **प्रप्रदेशनान** (नर्ज

যে ভাবধারা লইয়া কংগ্রেসীমহল আন্দোলিত হইতেছে, তাহার গতিকে ব্যাহত করিয়া আমাদের দৃষ্টিকে হয়ত ভিন্ন পথে লইয়া যাইবে। আমি আরও ভ্লাবিলাম, সন্ধট যত দীর্ঘকাল স্থায়ী হইবে, আমাদের জনসাধারণ ও শিক্ষিত সম্প্রদায়ের মধ্যে ততই এই সমস্ত ভাবধারার বিস্তার হইবে এবং আমাদের আর্থিক ও রাজনৈতিক অবস্থার পশ্চাতে যে কঠিন বাস্তবতা আছে, তাহা আত্মপ্রকাশ করিবে। লেনিন যেমন এক জায়গায় বলিয়াছেন, "যে কোন রাজনৈতিক সঙ্কটের উপযোগিতা আছে, কারণ যাহা গুপ্ত ছিল, এই সকটের যুগে তাহা প্রকাশ হইয়া পড়ে, রাজনীতির সঙ্গে যে সমন্ত বান্তব শক্তি জড়িত ছিল, সেগুলি আত্মপ্রকাশ করে, বাক্য ও কল্পনার ফাঁকিবাঞ্জি এবং মিথ্যা ধরা পড়ে, প্রক্বত ঘটনাবলীকে ইহা স্থম্পষ্টরূপে বৃদ্ধির গোচর করে এবং প্রকৃত বাস্তবতার অর্থ কি, তাহা জনসাধারণকে জোর করিয়া বুঝাইয়া দেয়।" আমি আশা করিয়াছিলাম যে, এই কার্য্যক্রমের ফলে কংগ্রেস একটা निर्फिष्ठे लक्षा लहेशा थाकित्व, म्लिष्टेमना এवः অধিকতর স্থাসম্বন্ধ প্রতিষ্ঠানরূপে দেখা দিবে। তুর্বলতর উপাদানগুলির কিছু কিছু ইহার ফলে ঝরিয়া পড়িতে পারে, কিন্তু তাহাতে কোন ক্ষতি নাই। এবং যথন প্রতাক্ষ সংঘর্ষের পুঁথিগত মতবাদের দিনও ফুরাইয়া আসিবে, আর তথাকথিত নিয়মতান্ত্রিক ও আইন মাফিক উপায়ের পুন:প্রবর্ত্তন ঘটিবে, তথন কংগ্রেদের অগ্রগামী ও প্রকৃত কর্মনিরত অংশ এই সমস্ত উপায়কেও কাজে লাগাইবে আমাদের চরম লক্ষ্যের এক বৃহত্তর দৃষ্টি লইয়া।

বাছত: সেই সময় আসিয়াছিল। কিন্তু আমি বিমর্থ চিত্তে দেখিলাম যে, যাঁহারা আইন অমাক্ত আন্দোলনের এবং কংগ্রেসের সকল কর্মারতের মেকদণ্ড স্বরূপ ছিলেন, তাঁহারাই পশ্চাতে ইটিয়া ধাইতেছেন, আর যাঁহারা তেমন কোন অংশ গ্রহণ করেন নাই, তাঁহারাই নেতৃত্বের ভার লইতেছেন।

কয়েকদিন পরে সাপ্তাহিক 'ষ্টেটসম্যান' আসিল, গান্ধিজী আইন অমান্ত আন্দোলন প্রত্যাহার করিয়া যে বিবৃতি দিয়াছিলেন, তাহা এই কাগজটিতে পাঠ করিলাম। নিতাস্ত বিশ্বয়ে এবং অবসমপ্রায় চিত্তেই পাঠ করিলাম। আমি পুনং পুনং এই বিবৃতি পডিলাম, আইন অমান্ত আন্দোলন ও অন্তান্ত আনেক বস্তু আমার মন হইতে মুছিয়া গেল এবং তাহার স্থলে নানা বিরোধ ও সন্দেহ দেখা দিল। গান্ধিজী লিথিয়াছিলেন, "সত্যাগ্রহ আশ্রমের বাসিন্দা ও সহক্ষিগণের সহিত ব্যক্তিগত ভাবে আমি যে আলাপ করিয়াছি, এই বিবৃতির মূলে তাহার প্রেরণা, রহিয়াছে। বিশেষভাবে এই প্রেরণার মূলে রহিয়াছে দীর্ঘকালের প্রতিষ্ঠাবান একজন শ্রুদ্ধেয় সহক্ষীর কথা, তাঁহার সম্পর্কে আমি কথায় কথায় এই তথ্যপূর্ণ সংবাদ পাইয়াছিলাম যে তিনি

## বিষাদ

কারাগারের সম্পূর্ণ কর্ত্তর পালন করিতে অনিচ্ছুক ছিলেন, তাঁহার নিশিষ্ট কাজের বদলে তিনি তাঁহার বাক্তিগত পড়াগুনাই বেশী পছন্দ করিতেন। নিঃসন্দেহে ইহা সত্যাগ্রহের মূলনীতি বিরোধী। যে বন্ধুকে আনি ভালবাসি তাঁহার অসম্পূর্ণতার চেয়ে এই বার্ত্তা আমার নিজের অসম্পূর্ণতা অধিকতর উন্বাটিত করিল। বন্ধুটি বলিলেন, তিনি ভাবিয়াছিলেল যে, আমি তাঁহার ত্র্বলতার কথা জানি। আমি অন্ধ ছিলাম এবং কোন নেতার মধ্যে অন্ধতা মার্জনীয় নহে। আমি তংক্ষণাং ব্রিতে পারিলাম যে, নিশ্চয়ই আপাততঃ কিছু সময়ের জন্ম সত্যাগ্রহের বাস্তব ক্ষেত্রে একমাত্র আমিই প্রতিনিধি থাকিব।"

'বন্ধুর' অসম্পূর্ণতা বা ক্রটি যদি কিছু থাকিয়া থাকে, তবে তাহা নিতান্ত তুচ্ছ ব্যাপারেই ছিল। আমি স্বীকার করি যে, আমি প্রায়শঃই এই অপরাধে পরাধী ছিলাম। এবং তজ্জন্ত আমি বিন্দুমাত্র অন্ততপ্ত নহি। কিন্তু এই ব্যাপারটা যদি সতাই একটা গুরুতর কিছু হুইত, তথাপি এক বিশাল জাতীঃ আন্দোলন, যাহার সহিত সহত্র সহত্র লোক মুখাভাবে এবং লক্ষ লক্ষ লোক গৌণভাবে জড়িত, সেই আন্দোলন কোন ব্যক্তির একটা ভূলের জন্ম পরিত্যাগ করিতে হইবে ? আমার কাছে প্রস্তাব বীভংস এবং ছুর্নীতিপূর্ণ মনে হইল। কিসে সভ্যাগ্রহ হয় এবং হয় না, তেমন কথা আমি জানি বলিয়া প্রিয়া লইতেছি না, কিন্তু আমার ক্ষুদ্র বিবেচনায় আমি আমার আচরণে কতকগুলি অনুসরণের চেষ্টা করিয়াছি। কিন্তু গান্ধিজীর এই বিবৃতির দারা আমার দেই সমস্ত নীতি বিপর্যান্ত ও আহত হইল। আমি জানি যে, গান্ধিজী সাধারণতঃ তাঁহার সহজাত বৃদ্ধির প্রেরণায় কাজ করিয়া থাকেন (inner voice বা 'অন্তরের আদেশ' কিম্বা কোন 'প্রার্থনার উত্তর' অপেক্ষা আমি ইহাকে 'দহজাত বৃদ্ধি' বলাই অধিক পছন্দ করি ) এবং প্রায়শঃ ভাহা ঠিক হইয়। থাকে। জন-চিত্তকে অন্তভ্ৰ করিবার এবং তাহাদের মন বুঝিয়া উপযুক্ত মুহুর্ত্তে কাজ করিবার বিশ্বয়কর কৌশল তিনি বারম্বার প্রমাণিত করিয়াছেন। কিন্তু কাজ করিবার পর উহা সমর্থন করিয়া যে সমস্ত যুক্তি তিনি পরে দেখাইয়া থাকেন, তাহা প্রায়শঃই তাঁহার পরবর্ত্তী চিন্তা হইতে উদ্ভূত। এবং এই সমন্ত যুক্তি কাহাকেও থুব বেশী দূর অগ্রসর করিয়া দেয় না। কোন সম্ভটের সময় কোনও জননায়ক কম্মী প্রায় সর্ব্ধদাই নিজের অজ্ঞাতসারে কাজ করিয়া থাকেন এবং কাজের পর তিনি উহার যুক্তি খুঁজিয়া থাকেন। আমিও অহুভব করিলাম যে, সত্যাগ্রহ স্থগিত রাখিয়া গান্ধিজী ঠিকই করিয়াছেন। কিন্তু যে সমস্ত যুক্তি তিনি দেখাইয়াছেন,

#### জওহরলাল নেহরু

তাহা আমাদের বৃদ্ধির পক্ষে অপমানকর এবং এত বড় জাতীয় আন্দোলনের নেতার পক্ষে এক বিস্ময়কর অভিনয় বলিয়া মনে হইল। তাঁহার আশ্রমের বাসিন্দাগণের আচরণকে যে ভাবে খুসী বিচার করিয়া দেখার সম্পূর্ণ অধিকার তাঁহার আছে, আশ্রমবাদিগণ দমন্ত প্রকার প্রতিশ্রতি গ্রহণ করিয়াছেন এবং একটা স্থনির্দিষ্ট শাসন মানিয়া লইয়াছেন। কিন্তু কংগ্রেস তেমন কিছু করে নাই, আমিও তাহা করি নাই। কিছু যে সমস্ত যুক্তি আমার নিকট আধ্যাত্মিক এবং রহস্তাচ্ছন্ন বলিয়া মনে হইল এবং যাহার সহিত আমার কোনই সম্পর্ক নাই, তাহারই জন্ম আমাদিগকে একবার এদিকে আর একবার ওদিকে ঠেলিয়া দেওয়া হইবে কেন ? কোন রাজনৈতিক আন্দোলন, এমন কোন ভিত্তির উপর চালান সম্ভব বলিয়া কল্পনাও করা যায় কি ? আমি যতটা নিজে বৃঝি ( আমি স্বীকার করি যে নির্দিষ্ট সীমার মধ্যে ) তদমুসারে আমি সত্যাগ্রহের নৈতিক দিকটা স্বেচ্ছায় গ্রহণ করিয়াছিলাম। ইহার মূলনীতি আমার চিত্ত স্পর্শ করিয়াছিল। আমি ভাবিয়াছিলাম যে, ইহা দারা রাজনীতি এক উচ্চতর ও মহত্তর স্তরে পৌছিবে। আমি ইহাও মানিয়া লইতে সম্মত যে, কেবল সমাপ্তি দেখিয়াই যে কোন প্রকার উপায়কে সমর্থন করা যায় না। কিন্তু এই নৃতন মতবিকাশ কিম্বা ইহার ব্যাখ্যা এমন একটা বস্তু যাহা বহু দূর প্রসারী এবং ইহার মধ্যে এমন সম্ভাবনা রহিয়াছে, যাহা আমাকে ভীত করিয়া তুলিল।

এই সমগ্র বিবৃতি আমাকে অত্যন্ত ত্বন্ত ও উৎপীড়িত করিল। এবং এই বিবৃতির শেষে তিনি কংগ্রেসসেবকদিগকে যে উপদেশ দিয়াছেন, তাহা এই, "তাঁহারা আত্মত্যাগ ও স্বেচ্ছারত দারিদ্রোর রীতি ও সৌন্দর্য্য অবশ্র শিক্ষা করিবেন। তাঁহারা অবশ্রই জাতি সংগঠনের কর্মপদ্ধতি অমুসরণ করিবেন এবং এই পদ্ধতি ইইতেছে,—নিজ হাতে স্বতা কাটিয়া ও স্বতা বৃনিয়া খদরের প্রচার, জীবনের প্রত্যেক পদক্ষেপে পরস্পরের প্রতি অনিননীয় আচরণের দ্বারা অক্কত্রিম সাম্প্রদায়িক ঐক্যের প্রসার, ব্যক্তিগত জীবনে কোন আকার ও প্রকারের সর্ববিধ অস্পৃশ্যতা পরিহার, মাদক দ্রব্য সম্পূর্ণরূপে বর্জ্জন—বিভিন্ন নেশাসক্তের ব্যক্তিগত সংস্পর্শে আসিয়া এবং সাধারণতং স্বকীয় পবিত্রতার অমুশীলন করিয়া মাদক দ্রব্য বর্জ্জনের প্রচার, এই সমন্ত কাজ ও সেবার দ্বারাই দরিদ্রের মত জীবনযাত্রা সম্ভব হইবে। কিন্তু বাহাদের পক্ষে এই দরিদ্র জীবন সম্ভব নহে, তাঁহারা জাতীয় উপযোগিতা-সম্পন্ন ক্ষ্ম ক্ষ্মে শ্রমাশিক্ষ—যে শিল্প এখনও স্বসংগঠিত হয় নাই, তাহাই অবলম্বন করিতে পারেন, ইহাতে অপেকাক্ষত কিছু বেশী আয় হইবে।"

ইহাই হইতেছে রাজনৈতিক কর্মতালিকা এবং এই তালিকা আমাদের

## বিষাদ

অহসরণ করিতে হইবে! দেখা যাইতেছে গান্ধিজী ও আমার মধ্যে বছ দুর ব্যবধান সৃষ্টি হইয়াছে। অত্যক্ত বেদনাবিধুর হৃদয়ে আমি অহভব করিলাম যে, বহু বৎসর ধরিয়া তাঁহার প্রতি আমার যে অহুর ক্তির বন্ধন ছিল তাহা যেন ছিল্ল হইয়াছে। দীঘকাল ধরিয়া আমার মধ্যে এক মানসিক সংগ্রাম চলিতেছিল। গান্ধিজী এমন অনেক কিছু বরিয়াছেন, যাহা আমি বুঝি নাই কিম্বা প্রশংসা করিতেও পারি নাই। তিনি উপবাস আরম্ভ করিলেন, নিরুপদ্রব প্রতিরোধ আন্দোলন চলিবার সময় বিষয়াস্করে মনোনিবেশ করিলেন, অথচ তাঁহার সহক্ষীর। আন্দোলনের সহিত যুক্ত রহিলেন। তাঁহাব ব্যক্তিগত ও স্বেচ্ছাকৃত বন্ধনজ্ঞাল, থাহার ফলে এমন অবস্থা দাঁড়াইল যে তিনি যথন কারাগারের বাহিরে থাকিবেন তথনও রাজনৈতিক আন্দোলনে যোগ দিবেন না বলিয়া প্রতিজ্ঞাবন্ধ হইলেন। তাঁহার নৃতন অহরাগ ও নৃত্ন সমল তাঁহার পুরাতন সমল ও কার্যাপদ্ধতি ঢাকিয়া ফেলিল, অথচ বহুতর সহকর্মীর সহিত একযোগে তিনি যে সম্বল্প ও কর্মজার গ্রহণ করিয়াছিলেন, তাহা অসম্পূর্ণ রহিয়া গেল, এ সমস্ত দেখিয়া আমি বিষয় হইলাম। আনার স্বল্পকাল কারামুক্তির সময় আমি ইহা অমুভব করিয়াছি এবং অক্তান্ত পার্থকাগুলিও গভীরভাবে লক্ষ্য করিয়াছি। গান্ধিজী বলিগছেন, আম্নদের মধ্যে প্রকৃতিগত পার্থকা রহিয়াছে। সম্ভবতঃ উহা প্রকৃতিগত অপেকাও অনেক অধিক, আমি জানি অনেক বিষয়ে আমার যে সকল স্পষ্ট ও নিশ্চিত ধারণা আছে তাহা তাঁহার বিশ্বাদের বিরোধী, তথাপি কংগ্রেস যে জাতীয় স্বাধীনতার জন্ম কার্য্য করিতেছে, তাহার প্রতি বৃহত্তর আফুগত্য প্রয়োজন এই ধারণায় আমি অতীতে আমার ঐ সকল ধারণা যথাসম্ভব চাপিয়া রাথিয়াছি। আমার নেতা ও সহকর্মীদের নিকট অমুগত ও বিশ্বস্ত থাকিতে আমি চেষ্টা করিয়াছি, কেন না আমার মানদিক গঠনই এইরূপ কোন আদর্শ এবং স্বীয় সহকর্মীদের প্রতি অক্তরিয় আহুগত্যকে আমি অতি উচ্চপ্তান দিয়া থাকি। আমার এই অন্তর্নিহিত বিশাস হইতে বিচ্ছিন্ন হইবার উপক্রম কতবার হইয়াছে, কতবার আমাকে নিজের সহিত যুদ্ধ করিতে হইয়াছে। পাকে চক্রে আমি আপোষ রফা করিয়া সম্ভবতঃ আমি অন্তায় করিয়াছি, কেন না স্বীয় বিশাসের আশ্রয় ত্যাগ করা কাহারও পক্ষেভাল হইতে পারে না। কিন্তু আদর্শের সংঘাতের মধ্যেও আমি আমার সহকর্মীদের প্রতি আরুগত্য রক্ষা করিয়াছি এবং আশা করিয়াছি ঘটনার গতিপথে আমাদের জাতীয় সংঘর্ষের বিকাশের সহিত বাধাগুলি অন্তর্হিত হইবে, আমার মানসিক ছন্চিন্তা দূর হইবে, আমার সহকর্মীরা আমার মতবাদের নিকটবর্তী হইবেন।

#### জওহরলাল নেহরু

কিন্ত এখন ? আলীপুর জেলের সেলের মধ্যে বিদিয়া সহসা আমি নিজেকে নিঃসঙ্গ মনে করিতে লাগিলাম। জীবন তরুগুল্মহীন উষর মরুভূমির মত নীরস মনে হইতে লাগিল। জীবনে যত কঠিন শিক্ষা পাইয়াছি তাহাদ্ম মধ্যে কঠিনতম এবং অত্যন্ত বেদনাদায়ক শিক্ষার সন্মুখীন হইলাম,—কোন চরম ব্যাপারে কাহারও উপর নির্ভর করা উচিত নহে। জীবনের পথে একাই চলা উচিত। অপরের উপর নির্ভর করাই আশাভঙ্গজনিত বেদনাকে আমন্ত্রণ করা।

আমার সঞ্চিত ক্ষোভের কিয়দংশ ধর্ম ও ধর্মভাবের উপর গিয়া পড়িন। আমি ভাবিলাম, ইহা চিম্ভার স্পষ্টতা এবং উদ্দেশ্যের একাগ্রতার এক মহাশক্র; ইহার ভিত্তি কি কেবল ভাবাবেগ ও প্রবৃত্তির উপর নহে ? আধ্যান্মিক হইতে গিয়া ইহা প্রকৃত আধ্যান্মিকতা এবং আত্মা হইতে कफ मृत्र मित्रा यात्र। भन्नत्नात्कन्न मिक मित्रा ভावित्व অভান্ত रहेन्ना, মাহুষের মূল্য, সমাজের মূল্য, সামাজিক স্থবিচারের মূল্য সম্পর্কে ইহার ধারণা অতি অল্প। পূর্বে নিদিষ্ট ধারণা লইয়া ইহা বাস্তবের প্রতি অন্ধ হইয়া থাকে, কেন না, ইহাদের ভয় পাছে ধারণার সহিত ঘটনার অদামঞ্জ ঘটে। ধর্ম দত্যের উপর প্রতিষ্ঠিত, এইটুকু জানিয়াই ইহারা স্বথানি জানা ইইয়াছে মনে করে এবং অপরের নিকট তাহাই প্রচার করিয়া কর্ত্তব্য শেষ করে। বিশ্বাস করিবার প্রবৃত্তি ও সত্যাহুসন্ধানের আগ্রহ এক বস্তু নহে। ধর্ম শান্তির বুলি আওড়ায়, অথচ এমন সব ব্যবস্থা ও প্রতিষ্ঠান দমর্থন করে, যাহা হিংসা ব্যতীত টিকিতেই পারে না। ধর্ম তরবারীর হিংসার নিন্দা করিয়া থাকে, কিন্তু যে হিংসা নিঃশন্দ গতিতে শান্তির ছন্মবেশ পরিয়া অনশন ও মৃত্যু বিতরণ করিতেছে অথবা তাহা অপেক্ষাও অধিকতর গঠিত উপায়ে বাহতঃ শারীরিক আঘাত না করিয়া মনের উপর অত্যাচার করিতেছে, তেজোবীর্য্য পিষিয়া দিতেছে, হৃদয় ভাঙ্গিয়া দিতেছে, সে সম্বন্ধে ইহা একেবারেই নীরব।

আমার মনের মধ্যে এই সকল আলোড়নের কারণ যিনি, তারপর তাঁহার কথা আমি ভাবিলাম। যাহাই হউক, এই গান্ধিজী কি আশর্ষ্য মামুষ, কি বিশায়কর অনিবার্য্য তাঁহার আকর্ষণ,—লোকের উপর তাঁহার প্রভাব কত স্ক্র। তাঁহার লেখা বা বক্তৃতা পাঠ করিয়া মনুষ্যটীকে ব্ঝিবার উপায় নাই;—লোকে যাহা ধারণা করে, তাহাপেক্ষাও তাঁহার ব্যক্তিয় অনেক বড়। তিনি ভারতের কি বিপুল সেবা করিয়াছেন। তিনি জনসাধারণের মধ্যে সাহস ও মনুষ্যত্ত সঞ্চার করিয়াছেন, শৃঙ্খলা ও সন্থশক্তি শিখাইয়াছেন, স্বয়ং অতি বিনয়ী হইয়াও, তাহাদিগকে গর্ব্ধ ও আনন্দের

## বিষাদ

সহিত আত্মতাগ করিতে শিক্ষা দিয়াছেন। তিনি বলেন, সাহসই চরিজের স্থান্ ভিত্তি, সাহস হাতীত নীতি, ধর্ম, প্রেল্ল কিছু থাকিতে পারে না। "যে ব্যক্তি ভয়াতুর, সে কখনও সত্য ও প্রেমের পথের পথিক হইতে পারে না।" হিংসা সম্পর্কে তাঁহার আতঙ্ক থাকিলেও তিনি আমাদের বলিয়াছেন,—"কাপুরুণতা, হিংসা অপেক্ষাও ঘুণাই।" এবং "যে ব্যক্তি শৃদ্ধলা রক্ষা করিয়া চলে সে কর্মের রহস্ত ব্রিয়াছে। আত্মতাগ, শৃদ্ধলা এবং আত্মসংযম ব্যতীত মুক্তি নাই, কোন আশা নাই। শৃদ্ধলাহীন আত্মোংস্য নিফ্ল।" এগুলি কেবল কথার কথা, সাধু বাক্য এবং অনকটা শৃত্যুগর্ভ বচন বলিয়া মনে হইতে পারে, কিন্তু এই সকল কথার পশ্চাতে শক্তি আছে, কেন না ভারতবর্ষ জানে এই ক্ষুদ্র মন্ত্রাটির বাক্যান্থায়ী কাজ করিবার সামর্থ্য আছে।

তিনি ভারতবর্ষের প্রতিনিধিরপেই আসিয়াছেন। এই প্রাচীন ও বিজিউ দেশের মর্মকথা তিনি আশ্চর্যারূপে ব্যক্ত করিয়াছেন। তিনি যেন ভারতের মুর্ত্ত বিগ্রহ, এমন কি তাঁহার ত্র্বলতাগুলিও ভারতীয় ত্র্বলতা। তাঁহার প্রতি অবজা কদাচিং ব্যক্তিগত বলিদা বিবেচিত হয়, তাহা যেন জাতির অপমান: বড়লাট ও অক্যান্ত অনেকে যথন তাঁহার প্রতি অহমিকাপূর্ণ অবজ্ঞা প্রদর্শন করেন, তথন তাঁহারা ব্ঝিতে পারেন না যে কি বিপজ্জনক বীজ তাঁহারা বপন করিতেছেন। ১৯৩১-এর ডিসেম্বরে গোলটেবিল হইতে ফিরিবার পথে গান্ধিজী রোমে পোপের সহিত সাক্ষাংকামনা করিলে তিনি অস্বীকৃত হুইয়াছিলেন, এই সংবাদ প্রথম শুনিয়া আমি যে কি মর্মাহত হইয়াছিলাম, তাহা এখনও ভুলি নাই। এই অস্বীকৃতি আমার নিকট ভারতের অপমান বলিয়াই মনে হইয়াছিল; তিনি ইচ্ছা করিয়াই দেখা করেন নাই তাহাতে সন্দেহ নাই, তবে অপমানের কথা হয়ত ভাবিয়া দেথেন নাই। ক্যাথলিক চার্চ্চ তাহার বাহিরে সাধু বা মোচান্ত থাকিতে পারে, ইহা মানেন না এবং যেহেতু কোন কোন প্রটেষ্টাণ্ট চার্চ্চপন্থী গান্ধিজীকে ধর্মজগতের মহাপুরুষ এবং প্রকৃত খুষ্টান বলিচা অভিহিত করিয়াছেন, দেইজন্তই রোম ঐ ধর্মবিরুদ্ধ পাপ হইতে দূরে থাকিবার অধিকতর প্রয়োজন অত্বভব করিয়াছিলেন।

ঠিক এই সময় আলীপুর জেলে ১৯৩৪-এর এপ্রিল মাসে বার্ণার্ড শ'-এর কয়েকথানি নৃতন নাটক পড়িয়াছিলাম। "অন দি রক্স্" এর ভূমিকায় যীশুখৃষ্ট ও পাইলেটের কথোপকখন পাঠ করিয়া মুগ্ধ হইলাম। ইহার মধ্যে যেন আধুনিক অর্থপ্ত নিহিত রহিয়াছে, কেন না আর একটি সাম্রাজ্য আর একটি ধর্মপ্রাণ ব্যক্তির সম্মুখীন হইয়াছে। এই ভূমিকায় যীশু পাইলেটকে

#### ज ওহরলাল নেহর

বলিতেছেন,—"আমি বলিতেছি, তুমি ভয় ত্যাগ কর। রোমের মহন্ব লইয়া তুমি আমার নিকট বুণা বাগাড়ম্বর করিও না। তুমি মাহাকে রোমের গৌরব বলিতেছ, তাহা ভয় ছাড়া আর কিছুই নয়; অতীতের ভয় এবং ভবিষ্যতের ভয়, দরিদ্রের জন্ত ভয়, ধনীর জন্ত ভয়, পুরোহিতদিগের ভয়, শিক্ষিত বুদ্ধিমান ইছদী ও গ্রীকদের ভয়, বর্বর গল, গথ ও হুনদের ভয়। কার্থেজের ভয় হইতে তোমরা পরিত্রাণ পাইবার জন্ত উহা ধ্বংস করিয়াছ, এখন তদপেক্ষাও অপরুষ্ট ভয়ে তোমরা মহন্তে যে বিগ্রহ গড়িয়াছ সেই সাম্রাজ্যাগর্কী সিজারের ভয়ে ভীত এবং উপহসিত, নির্যাতিত কপর্দ্দকহীন গৃহহারা আমার ভয়েও তোমরা ভীত; এক ঈশ্বরের নিয়ম ছাড়া তোমাদের সকল বস্তুকেই ভয়। স্বর্গ, লোই ও রক্ত ছাড়া তোমাদের কিছুতেই বিশাস নাই। তোমরা যাহারা রোমের সমর্থক, তাহারা সকলেই কাপুরুষ, আর আমি ঈশ্বরের রাজ্য চাহিয়াছি, সাহসের সহিত সব কিছুর সম্মুখীন হইয়াছি, সর্ব্বস্থ হারাইয়াছি এবং এক চিরস্থায়ী মুকুট লাভ করিয়াছি।"

কিন্তু গান্ধিজীর মহন্ব, তাঁহার দেশদেবা অথবা আমি ব্যক্তিগতভাবে তাঁহার নিকট কত ঋণী, প্রশ্ন তাহা নহে। ইহা সত্ত্বেও, অনেক ব্যাপারে তিনি মারাত্মক ভ্রম করিতে পারেন। যাহাই হউক, তাঁহার উদ্দেশ কি? বহু বর্ষ তাঁহার সহিত ঘনিষ্ঠভাবে মিশিয়াও তাঁহার উদ্দেশ্য আমি স্পষ্টভাবে বুঝিতে পারি নাই। আমার সন্দেহ হয়, তাঁহার নিজেরও ধারণা স্পষ্ট কিনা? তিনি বলেন, আমার পক্ষে একপদ অগ্রসর তিনি ভবিষ্যতের দিকে দৃষ্টিপাতও করেন না অথবা কোন স্থনির্দিষ্ট পরিণতি স্থির করেন না। তোমরা উপায়ের উপর দৃষ্টি রাখ, উদ্দেশ্য আপনা इटेराजरे निष इटेरा, এकथा भूनः भूनः वनिरंख जिनि क्रांख इन ना। তুমি তোমার ব্যক্তিগত জীবনকে ভাল করিয়া তোল, আর সব আপনা হুইতেই হুইবে। ইহা রাজনৈতিক অথবা বৈজ্ঞানিক মনোভাব নহে কিখা সম্ভবতঃ নৈতিক মনোভাবও নহে। ইহা অতি সঙ্কীর্ণ নীতিবাদীর কথা এবং ইহাতে একই প্রশ্ন ঘুরিয়া ফিরিয়া আসে। সাধুতা কি? ইহা কি কেবল ব্যক্তিগত ব্যাপার না সামাজিক ব্যাপার ? গান্ধিজী চরিত্রের উপরই বেশী জোর দেন, বৃদ্ধির উৎকর্ষসাধন ও পুরিপুষ্টিকে মোটেই কোন গুরুত্ব দেন না। চরিত্র ব্যতীত বৃদ্ধি বিপজ্জনক হইতে পারে, কিছ বুদ্ধিকে বাদ দিলে চরিত্রের মূল্য কি ? কি ভাবে চরিত্র গড়িয়া উঠে? গান্ধিজীকে মধ্যযুগীয় খৃষ্টান সাধুদের সহিত তুলনা করা হইয়াছে; তাঁহার ষ্মনেক কথা উহার সহিত মিলিয়া যায়। কিন্তু আধুনিক মনোবিজ্ঞানের অভিজ্ঞতা ও উপায়ের সহিত উহা সামঞ্চস্থাইীন।

#### বিষাদ

ইহা যাহাই হউক, উদ্দেশ্যের অম্পষ্টতা আমার নিকট অতি শোচনীয়। প্রচেষ্টাকে কার্য্যকরী করিয়া তুলিতে হইলে তাশাকে স্থানিছি উদ্দেশ্যের দিকে পরিচালিত করা কর্তব্য। জীবন ভায়শান্তের স্ত্র নহে, মাঝে মাঝে সামঞ্জন্ম বিধানের জভ্য লক্ষ্যের পরিবর্ত্তন করিতে হইবে, কিন্তু সব সময়েই চক্ষের সমূথে একটা লক্ষা স্থাপন করিতে হইবেই।

আমার ধারণা এবং সময় সন্ম মনে হয়, গান্ধিজী উদ্দেশ্য সম্পর্কে ততটা অপ্পষ্ট নহেন। তিনি আবেগের সহিত একটা বিশেষ পথে চলিতে চাহেন, কিন্তু তাহার সহিত আধুনিক ভাব বা অবস্থার সম্পূর্ণ আনৈক্য আছে, এবং আজ পর্যন্ত তিনি এ ছই-এর সামঞ্জন্য বিধান করিতে পারেন নাই অথবা তাহার নিদ্দিষ্ট লক্ষ্যে পৌছিধার আশু উপায়গুলি সমগ্রভাবে নির্দ্দেশ করিতে পারেন নাই। এই কারণেই অম্পাইতা থাকে এবং তিনি স্পাইতা এড়াইয়া চলেন। যথন হইতে দক্ষিণ আফ্রিকার তিনি তাহার দার্শনিক তত্বান্বেষণে প্রবৃত্ত হইয়াছেন, তাহার পর হইতে পঁচিশ তংসর কাল তাঁহার মনের গতি কোন দিকে তাহা অভিশয় প্রস্তু! আমি জানি না তাঁহার প্রথম দিকের রচনা গুলির সহিত এখনও তাঁহার মতের মিল আছে কিনা। সন্দেহ হয়, হয় ত সমগ্রভাবে উহা তাঁহার আধুনিক মত নহে। কিন্তু উহা হইতে তাহার চিন্তার পটভূমিক। আমরা বুঝিতে পারি।

১৯০৯ সালে তিনি লিখিয়াছিলেন, "ভারত যদি মৃক্তি চাহে; তাহা হইলে গত পঞ্চাশ বংসরে সে যাহা শিথিয়াছে তাহা ভূলিতে হইবে। রেলওয়ে, টেলিগ্রাফ্, হাসপাতাল, উকীল, ডাক্তার এবং এ শ্রেণীর সমস্ত অবসান করিতে হইবে এবং তথাকথিত উচ্চশ্রেণীগুলিকে সচেতন ভাবে ধর্মামুব্লাগের সহিত রুষক জীবনে অভ্যন্ত হইতে হইবে, জানিতে হইবে ঐ জীবনই প্রকৃত আনন্দের।" তিনি আরও লিখিয়াছেন,— "যতবার আমি রেলগাড়ীতে উঠি অথবা কোন মোটর বাস ব্যবহার করি, ততবারই মনে হয় আমি অন্তর্নিহিত সত্যের বিক্লন্ধে ব্যভিচার করিতেছি।" "অতিমাত্রায় কৃত্রিম ক্রত যন্ত্রপাতির সাহায্যে জগতের সংস্কার চেষ্টা, অসাধ্য সাধনের চেষ্টা মাত্র।"

এই সকল মত ও পথ আমার নিকট ভূল ও অনিষ্টকর বলিয়াই মনে হয়, এবং উহা কার্য্যে পরিণত করাও অসম্ভব। ইহার পুশ্চাতে রহিয়াছে গান্ধিজীর দারিদ্রা, ছংথবরণ ও তপন্থী জীবনের প্রতি অফ্রাপ ও গৌরব বোধ। তাঁহার মতে ক্রমোন্নতি ও সভ্যতার অর্থ মান্তবের অভাব বৃদ্ধি করাও নহে, জীবনধাত্রার প্রণালীর উৎকর্ষ সাধন নহে;

#### ज्ञुहत्रनान (सर्क

"পরস্ক দৃঢ়তার সহিত বেচ্ছায় অভাব কমাইতে হইবে, উহাই স্থ ও সম্প্রাধের পথ এবং সেবার শক্তি বৃদ্ধি করিতে হইবে।" এই সকল পূর্ব্ব সিদ্ধান্ত একবার স্বীকার করিয়া লইলে গাদ্ধিজীর অক্যান্ত চিম্কার অক্সরণ করা সহজ হইয়া উঠে এবং তাঁহার কার্য্য প্রণালীও ব্রিবার অধিকতর স্থবিধা হয়। কিন্তু আমাদের মধ্যে প্রায় সকলেই এ সকল পূর্ব্ব-সিদ্ধান্ত মানিয়া লই না এবং তথাপি যথন দেখি যে তাঁহার কার্য্যপ্রণালী আমাদের মনোমত নহে, তথন অভিযোগ করিতে থাকি।

দারিদ্রা ও তৃংথভোগের প্রশংসা করা ব্যক্তিগতভাবে আমার মোটেই ভাল লাগে না। আমি উহা কাম্য বলিয়া কথনই মনে করি না। আমার মতে উহা বিলুপ্ত হওয়াই বাঞ্চনীয়। ব্যক্তি বিশেষের পক্ষে ভাল হইলেও সামাজিক আদর্শ হিসাবে তপস্বী জীবনের সার্থকতা আমি বৃঝি না। আমি সারল্য, সাম্য, আত্মসংযমের মূল্য ও মর্য্যাদা বৃঝি, কিন্তু দেহকে পীড়ন করিবার অর্থ বৃঝি না। ব্যায়ামবীর যে ভাবে নিয়মের সহিত দেহ গড়িয়া তোলে, সেইভাবে আমি বিশাস করি, মন ও অভ্যাসও নিয়য়ত করিয়া আয়ত্তের মধ্যে আনিতে হয়। যে ব্যক্তি অতি মাত্রায় অসংযমী, সে সঙ্কটের সময়ে তৃঃখ সহু করিবে কিন্তা অসাধারণ আত্ম-সংয়ম দেখাইবে অথবা বীরের মত ব্যবহার করিবে, ইহা অবিশ্বাস্থ। শরীর ভাল করিতে হইলে যেরূপ নিয়ম আবশ্যক। কিন্তু তাহা যে তপস্বী জীবন বা আত্মপীড়ন হইবে, এমন কোন অর্থ নাই।

সরল 'কৃষক জীবন'কে আদর্শ করিয়া তোলার মর্মণ্ড আমি ব্রিতে পারি না। আমার উহা দেখিলে আক্তর হয়, আমি কৃষকদিগকেই ঐ জীবন হইতে টানিয়া তুলিতে চাহি, আমি পল্লীকে সহর করিতে চাহি না, তবে সহরের স্থথ স্থবিধা ও সংস্কৃতি পল্লী অঞ্চলে লইয়া যাইতে চাহি। এ জীবন হইতে আমি প্রকৃত আনন্দ ত পাইবই না, বরং আমার নিক্ট উহা কারাদণ্ডের মতই মন্দ মনে হইবে। 'কোদাল হাতে মানুয'কে আদর্শবাদীর দৃষ্টিতে রমণীয় করিয়া তুলিবার কি আছে? বছকাল বংশ-পরম্পরায় শোষিত ও নির্যাতিত হইয়া তাহাদের সহচর পশু হইতে তাহাদের পার্থক্য বড় বেশী নাই।

"কে তাহাকে আনন্দবঞ্চিত ও তাহার স্কুমার বৃত্তিগুলি হতা। করিয়াছে। সে জড় বস্তুর মত শোকহীন, কথনও কিছু কামনা করে না, কে তাহাকে, নির্কোধ ও বিমৃঢ় এবং বলীবর্দের ভাতাম্বরূপ করিয়। তুলিয়াছে ?"

## বিষাদ

মাছবের মন আধুনিক সংশ্বারম্ক্ত হইয়া আদিম অবস্থায় ফিরিয়া 
যাইবে, আমার নিকট তাহা সম্পূর্ণ তুর্বোধা। যাহা মাছবের গৌরব 
ও জয়লন্ধ সম্পদ, তাহারই নিন্দা করিতে হইবে, তাহার প্রতি নিকৎসাহ 
প্রদর্শন করিতে হইবে এবং মনের পক্ষে অবসাদকর ও বিকাশের অবসরহীন এক বাহ্যবস্থা আকাজ্ঞার বলিয়া ভাবিতে হইবে। বর্ত্তমান সভাতার 
অনেক দোল আছে, আবার ইহার মধ্যে অনেক ভালও আছে। এবং 
মন্দগুলিকে অভিক্রম করিবার মৃত্ত শক্তিও ইহার মধ্যে আহে। ইহাকে 
সমূলে ধ্বংস করিয়া ফেলিলে পুনরায় বিরস, নিরানন্দ একথেঁয়ে অভিত্ত 
বহন করার অবস্থা আদিবে। যদি আধুনিক সভাতাকে বর্জন করাই 
স্থির হয়, তাহা হইলেও তাহা এক অসম্ভব চেন্তা মাত্র। এই পরিবর্ত্তনের 
শোতধারা ক্ষম করা বা ইহা হইতে সরিয়া যাওয়া আমাদের পক্ষে 
কঠিন এবং মানসিক অবস্থার দিক দিয়া আমরা যাহারা জ্ঞান-বৃক্ষের ফল 
খাইয়াছি, তাহাদের পক্ষে উহা একেবারে ভূলিয়া গিয়া তাদিম অবস্থায় 
ফিরিয়া যাওয়া কঠিন।

এ বিষয় লইয়া আলোচনা করা কঠিন, কেন না ছুইটি দৃষ্টিভদী সম্পূর্ণ স্বতন্ত্র। গান্ধিলী দর্বদাই ব্যক্তিগত মৃক্তিও পাপের দিক হইতে চিস্তা করেন এবং আমরা অধিকাংশই সামাজিক কল্যাণের দিক হইতে চিন্তা করিয়া থাকি। পাপবোধ ব্যাপারটা আমার পক্ষে বুঝা কঠিন এবং সম্ভবতঃ এই কারণেই আমি গান্ধিজীর সাধারণ দৃষ্টিভঙ্গী বুঝিতে পারি না। সমাজ व्यथवा मभाक वावशांत्र পतिवर्खन छाँशांत्र উদ्দেশ नरह, जिनि वाक्तित्र कौवन হইতে পাপ উন্নলিত করিতে চাহেন। তিনি লিখিয়াছেন, "মদেশীর অতুগামিগণ কথনই জগতের সংস্থার করিবার নিফল চেষ্টা করেন না, কেন না তাঁহাদের বিখাদ ঈশর-নির্দিষ্ট নিয়মে জগং চলিতেছে এখং স্বাদাই চলিবে।" অণচ তিনি নিজে জগংকে সংশ্বার করিতে সততই সচেষ্ট : কিন্তু যে সংস্থার তাঁহার লক্ষ্য তাহা ব্যক্তির চরিত্র সংশোধন---ইন্দ্রিয়গ্রাম এবং ভোগাকাজ্ঞা জয় করা, কেন না উহা পাণ। একজন রোমান ক্যাথলিক লেখক ফাসিজম্ সম্বন্ধে লিখিতে গিয়া, স্বাধীনভার যে সংজ্ঞা দিয়াছেন, সম্ভবতঃ তিনি তাহার সহিত একমত হইবেন। "পাপের বন্ধন হইতে মুক্তিলাভ ছাড়া স্বাধীনতা আর কিছু নহে।" আর ঠিক এই কথাই তুইশত বংসর পূর্বের লওনের বিশপ লিথিয়াছিলেন, "খুষ্টধর্ম যে স্বাধীনতা দেম, তাহা পাপ ও শয়তানের বন্ধন হইতে মুক্তি, মাহুষের লালসা, রিপুও অসঙ্গত কামনা হইতে মুক্তি।\*

<sup>\* &</sup>quot;ধর্ম কি ?" এই অধ্যায়ে এই পত্রধানি হইতে কিয়দংশ প্রেই উদ্ধৃত হইরাছে।

# ज उर्जनान (नर्कः

এই মত যদি কেহ মানিয়া লয়, সে গান্ধিজীর যৌন ব্যাপার সম্পর্কে মনোভাব কিছু বৃঝিতে পারিবে, আধুনিক সাধারণ লোকের নিকট তাহা যতই অসাধারণ বলিয়া মনে হউক না কেন। তাঁহার মতে "সন্তান কামনাহীন মিলন মাত্রেই পাপ।" এবং "ক্লৃত্রিম উপায় অবলম্বন করিলে তাহার অবশুদ্ধাবী ফলস্বরূপ ক্লৈব্য ও সায়বিক দৌর্বল্য দেখা ক্লিবে।" "ক্লৃতকর্মের পরিণাম হইতে ত্রাণ পাওয়ার চেষ্টা অন্যায় ও ফ্রনীতিমূলক। কাহারও পক্ষে রিপুর ক্ষুধা তৃপ্তির পরিণাম এড়াইবার জন্ম বলকারক বা অন্যান্থ ওয়ধ সেবন অন্যায়। স্বীয় পাশ্বিক রিপু চরিতার্থ করিয়া তাহার পরিণাম ফল হইতে অব্যাহতি লাভের চেষ্টা আরও শোচনীয়।"

ব্যক্তিগত ভাবে এই মনোভাব আমার নিকট অস্বাভাবিক ও বিশ্বয়কর বলিয়া মনে হয়। যদি তাঁহার কথাই সত্য হয়, তাহা হইলে আমি একজন অপরাধী এবং ক্রৈবা ও স্নায়বিক দৌর্বলোর সীমারেথায় আসিয়া পৌছিয়াছি। রোমান ক্যাথলিকেরাও অবশ্র জন্ম-নিয়ন্ত্রণের তীব্র বিরোধিতা করেন. কিন্তু তাঁহারা গান্ধিজীর মত তাঁহাদের যুক্তিজাল লইয়া ততটা ষ্মগ্রসর হন নাই। তাঁহারা কালের গতি বুঝিয়া তাঁহাদের ধারণামুযায়ী মহুশ্য-সভাবের সহিত আপোষ করিয়াছেন। \* কিন্তু গান্ধিজী তাঁহার যুক্তিজাল একেবারে চরম সীমায় লইয়া গিয়াছেন; পুত্র উৎপাদনের সময় ব্যতীত অন্ত কোন সময়ে কোন প্রকার যৌন মিলনের যৌক্তিকতা ও প্রয়োজনীয়তা তিনি স্বীকার করেন না। নর নারীর যৌন-আকর্ষণও তিনি স্বীকার করেন না। তিনি ব্লিয়াছেন, "আমি যে নরনারীর মধ্যে স্বাভাবিক আকর্ষণ স্বীকার করি না. ইহাকে অনেকে অসম্ভব আদর্শ বলিয়াছেন। এ স্থলে উল্লিখিত যৌন-মিলনাকাজ্ঞাকে স্বাভাবিক বলিয়া লোকে বিবেষ্টনা করিবে, ইহা বিশাস করিতে প্রবৃত্তি इय ना। यिन जाहारू इय, जाहा हहेल आमता त्यन ध्वः म हहेया याहे। নরনারীর মধ্যে স্বাভাবিক অমুরাগ হইল, লাতার প্রতি ভগ্নীর, মাতার প্রতি পুত্রের, পিতার প্রতি কন্তার অমুরাগ। এই স্বাভাবিক আকর্ষণই

<sup>\*</sup> পোপ একাদশ পায়াস, ১৯৩১-এর ৩১শে ভিসেম্বর "খুষ্টান-বিবাছ" সম্পর্কে তাঁহার ঘোষণার বলিয়াছেন, "সময়ের দরণ অথবা কোন শারীরিক ক্রাটর জন্ম যদি সন্তান নাও হয়, তাহা হইলেও বিবাহিত নরনারী যদি তাহাদের অধিকার সমাক ও বাভাবিক বুজিন্থারা পরিচালনা করে, তাহা হইলে তাহা প্রাকৃতিক নিয়মের ব্যভিচার বলিয়া বিবেচনা করা হইবে না।" "সময়ের দরণ" অর্থ যখন তথাক্থিত "নিরাপদ সময়" অর্থাৎ যখন পর্জোৎপাদন হইতে নাও পারে।

জগংকে রক্ষা করিতেছে।" তিনি আর্ডু জোরের সহিত বলিয়াছেন,— "না, আমার সমস্ত শক্তি একত্রিত করিয়া নোষণা করিব যে যৌন আফ্লুর্যণ স্বামী-স্ত্রীর মধ্যে হইলেও তাহা অস্বাভাবিক।"

এই 'ইঙ্কিপাস কমপ্লেক্স,' ফ্রয়েড এবং মনোবিকলন তত্ত্বের ছড়াছড়ির ্যুগে এই সকল অভি সাহসিক উক্তি আুত্যেস্ত আশ্চর্য্য ও সেকেলে শুনায়। লোকে ইহা হয় নির্ফিচারে বিখাস করিবে নয় অগ্রাহ্ম করিবে। আমি গান্ধিজীর এই ধারণা সম্পূর্ণরূপে ভূল মনে করি। তাঁহার উপদেশ ব্যক্তিগত ভাবে কাহার 🗗 কাজে লাগিতে পারে। কিন্তু সকলের জন্মই এই विधान मिरल জीवरन वार्थजात रामना, हेक्तियमसन्जनिक आरक्त्य ও স্নাম্বিক দৌর্বলা এবং নানা শ্রেণীর দৈহিক ও মান্সিক ব্যাধি দেখা দিবে। কামরিপু সংঘত করা অবশ্যই ভাল, কিন্তু গান্ধিজীর পদ্বা षक्षमत्रः। कतिरा राभिकारा ये कन नाम्र इटेरा किना मस्मरः। हेहा একেবারে চরম মত, অধিকাংশ লোক উহা সাধ্যাতীত মনে করিয়া সাধারণ ভাবে চলিতে থাকিবে অথবা স্বামী স্থীর মধ্যে কলহ হইবে। দেখা যাইতেত্তে গান্ধিজী মনে ক্রেন, জন্মনিয়ন্ত্রণের উপায় অবলম্বন করিলে যৌন উচ্ছূ ঋলতা বৃদ্ধি পাইবে এবং নর ও নারীর মধ্যে যৌন-আকর্মণ স্বাভাবিক বলিয়া ধরিয়া লইলে কোন পুরুষ যে কোন নারীর পশ্চাতে এবং নারী যে কোন পুরুষের পশ্চাতে ধাবিত হইবে, ইহার কোন অন্তমানই যুক্তিসঙ্গত নহে, এবং আমি বুঝিতে পারি না, যৌনসমস্তা তাঁহার মনকে এমন ভাবে অধিকার করিয়া বদিল কেন। অবশ্য বিষয়টি গুরুতর সন্দেহ নাই। তাঁহার নিকট ইহা 'কাল অথবা সাদার' সমস্তা, তিনি মাঝামাঝি কোন বর্ণ মানেন না। ছই প্রান্তেই তাঁহার মতবাদ চরম, আমার নিকট ইহা অত্যন্ত অস্বাভাবিক্ বলিয়াই মনে रय। **आ**ककान स्योन वााभात मन्नकिं भूखरकत य वेका आमिशाए, সম্ভবত: ইহা তাহারই প্রতিক্রিয়া। আমি একজন স্বাভাবিক মামুষ, यामात औरतन्छ टेन्सिय जाहात जृमिका याजनय कतियाएए, किन्छ टेहा আমাকে অভিভূত করিতে পারে নাই অথবা অন্তান্ত কর্ত্তব্য হইতে ভাষ্ট করিতে পারে নাই। ইহা গৌণ ব্যাপার মাত্র।

যে দকল তপস্বী জগং ও জাগতিক ব্যাপার বর্জন করিয়াছেন, জীবনের স্বাজাবিক গতিকে অন্তায় মনে করিয়া বর্জন করিয়াছেন, তাঁহার মনোভাব অনেকটা দেইরূপ। একজন তপস্বীর পক্ষে ইহা স্বাভাবিক, কিন্তু সাধারণ নরনারী যাহার। জগং ও জীবনকে গ্রহণ করিয়া উহা যথাসম্ভব ভোগ করিতে চাহে, তাহাদের জীবনে এ নীতি প্রয়োগ করা

#### জওহরলাল নেহরু

কষ্টকল্পনা মাত্র। এবং একটি অন্তায়কে ঠেকাইতে গিয়া, সে অন্তান্ত অনেক গুরুতর অন্তায় সন্থ করে।

কথায় কথায় আমি বিষয়ান্তরে আসিয়া পড়িয়াছি, কিন্তু আলীপুর জেলের ত্থেময় দিনগুলিতে এই সকল ভাব ও কথা আমার মনে বিশৃষ্থল সামঞ্জস্থান ভাবে উদিত হইত, সমন্ত কথা জটা পাকাইয়া আমাকে বিহরল ও অবসন্ন করিয়া তুলিত। সর্ব্বোপরি নিঃসন্ধতা ও বিষাদ, আমার জনহীন ক্ষুত্র সেল ও জেলের অবরুদ্ধ আবহাওয়ায় মর্মান্তিক হইয়া উঠিত। বাহিরে থাকিলে ইহা আমার মনে এতটা আঘাত করিত না, আমি সহজেই উহা ভুলিয়া বিষয়ান্তরে মনোনিবেশ করিতে পারিতাম এবং মনের কথা বলিয়া ও কাজ করিয়া আরাম পাইতাম। কিন্তু জেলের মধ্যে পরিত্রাণ পাওয়ার উপায় নাই; কতকগুলি দিন আমাকে ছিচ্ডায় কাটাইতে হইয়াছে। সোভাগ্যক্রমে আমার মন শান্ত হইয়া আসিল এবং নৈরাশ্যের হাত হইতে নিছ্তি পাইলাম। আমি মনের অবসাদ কাটাইয়া উঠিলাম এবং তখন জেলে কমলার সহিত একবার সাক্ষাৎ হইল। ইহাতে আমি অত্যন্ত প্রফুল হইলাম, আমার নিঃসন্ধভাব দূর হইল। যাহাই ঘটুক, আমরা তুইজন অন্ততঃ পরস্পারের উপর নির্ভর করিতে পারিব।

৬২

# স্ববিরোধিতা

যে সকল লোক কথনও গান্ধিজীকে দেখেন নাই, কেবল তাঁহার লেখা পড়িয়াছেন, তাঁহাদের মনে হইতে পারে, তিনি একজন পাপ্রা-শ্রেণীর লোক, অতিমাত্রায় পবিত্রতাবাদী, গন্ধীরবদন, নিরানন্দ, একপ্রকার "কৃষ্ণবাস পরিহিত খৃষ্টান সাধুদের মত তিনি বিচরণ করিয়া থাকেন।" কিন্তু তাঁহার লেখা পড়িয়া তাঁহাকে ধারণা করিতে গেলে অবিচার করা হয়, তাঁহার লেখা অপেকা তিনি অনেক বড়, তাঁহার কোন লিখিত উক্তি উদ্ধৃত করিয়া তাঁহার সমালোচনা করা সঙ্গত ও শোভন নহে। তিনি খৃষ্টান সাধু পাদ্রীর সম্পূর্ণ বিপরীত। তাঁহার স্মিতম্থ আনন্দায়ক, তাঁহার হাস্থে যাত্র আছে, তাঁহার কাছে বসিলে হাদ্য লঘু হইয়া যায়। তাঁহার শিশুর মত সারল্য সকলকে মৃগ্ধ করে। তিনি যথন কোন কক্ষে প্রবেশ করেন তথন চারিদিক নির্মাল ও স্বছন্দ হইয়া উঠে।

তাঁহার মধ্যে এক অনক্তসাধারণ স্ববিরোধিতা রহিয়াছে। আমার মনে হয়, প্রত্যেক বিখ্যাত ব্যক্তির মধ্যেই উহা অল্পবিন্তর থাকে। বহুবর্ষ আমি এই দমস্তা চিন্তা করিয়াছি যে, বঞ্চিত জনসাধারণের জন্ম তাঁহার অসীম প্রেম ও ব্যানুলতা সত্ত্বেও তিনি এমন এব ব্যবস্থা সমর্থন করেন যাহা অপরিহার্যারূপেই জনসাধারণকে বঞ্চিত ও পীড়িত করে, অহিংসার প্রতি তাঁহার গভীর অমুরাগ থাকা সত্ত্বেও তিনি কেন এমন রাজনৈতিক ও সামাজিক ব্যবস্থা সমর্থন করেন, যাহা সম্পূর্ণরূপে হিংসা ও পরপীড়নের উপর প্রতিষ্ঠিত ? সম্ভবতঃ তিনি এ-শ্রেণীর वावशा मधर्यन करवन, এकथां वना मन्न इटेरव ना : जिनि अन्नविखद এकजन मार्गिनिक देनता जावामी। किन्न जामर्ग देनता जावामीत जवना এथन अ वहमूद्र, উহা সহজে প্রতিষ্ঠিত হইবার নহে, কাজেই তিনি প্রচলিত ব্যবস্থা মানিয়া লন। তাঁহার নিকট আপত্তিজনক উপায়গুলির বিষয় আমি চিন্ত। করিতেছি না, কেন না, হিংসামূলক উপায়ে পরিবর্ত্তন সাধনের তিনি সর্বাদাই বিরোধী। বর্ত্তমান অবস্থার পরিবর্ত্তন সাধনের জন্ম কি উপায় অবলম্বিত হইবে, দে কথা ছাড়িয়া দিলেও, এক আদর্শ উদ্দেশ্য অবধারণ করা যাইতে পারে, যাহা অদূর ভবিয়তেই সিদ্ধ হওয়া সম্ভবপর।

সময় সময় তিনি নিজেকে সমাজতান্ত্রিক বলেন, কিন্তু তিনি যে অর্থে ঐ শক্টি ব্যবহার করেন তাহা তাঁহার নিজ্ম, তাহার সহিত, সমাজতন্ত্রবাদ বলিতে যাহা বুঝায়, সেই অর্থ নৈতিক সমাজবিখ্যাসের কোন সম্পর্ক নাই। তাঁহাকে অনুসরণ করিয়া একদল বিখ্যাত কংগ্রেসপদ্বীও ঐ শক্টি ব্যবহার করেন, যাহার অর্থ এক প্রকার ভ্রান্ত মানবতাবাদ। এই অম্পন্ত রাজনৈতিক নামটি যাহারা ব্যবহার করিয়া ভুল করেন, তাঁহাদের দলে অনেক খ্যাতনামা ব্যক্তি আছেন, এবং তাঁহারা বিটিশ গ্যাশনাল গভর্ণমেন্টের প্রধানমন্ত্রীর দৃষ্টান্তই গ্রহণ করিয়াছেন। \* আমি জানি গান্ধিজী এবিষয়ে অজ্ঞ নহেন, তিনি অর্থ নৈতিক, সমাজতান্ত্রিক, এমন কি, মার্কদীয় অনেক গ্রন্থ পাঠ করিয়াছেন এবং উহা লইয়া অপরের সহিত আলোচনা করিয়াছেন। কিন্তু আমি অধিকতর স্পন্ত রূপে

<sup>\*</sup> ১৯৩৫-এর জাসুয়ারী মানে এডিনবরার ফেড়ারেশান অফ কনজারডেটিভ এও ইউনিয়নিষ্ট এনোসিয়েদানের নিকট এক বাণী দিতে গিয়া মি: রামজে ম্যাক্ডোনাল্ড বলিয়াছিলেন,— "সঙ্কটকালে প্রত্যেক মানুষের পকেই পূর্ণতর ও এক্যবদ্ধ হওরা প্রয়োজন। ইহাই খাঁটি সমাজতন্ত্রনাদ, এবং ইহা খাঁটি জাতীয়তাবাদও বটে এবং কাজে কাজেই ইহাই আসল ব্যক্তিস্থাতন্ত্রনাদ।

#### ज ওহরলাল নেহর

বৃঝিতেছি যে কোন প্রধান ব্যাপারে মনের সম্বতির বিশেষ কোন মৃল্য নাই। উইলিয়ম জেমস্ বলিয়াছেন, "যদি তোমার হৃদয় সায় না দেয় তাহা হইলে তোমার মন্তিষ্ক তোমাকে কিছুতেই বিশাস করাইতে পারিবে না।" ভাবাবেগই আমাদের সাধারণ বিচার বিবেচনা নিয়ন্ত্রিত করে এবং মনকে আয়ত্তের মধ্যে রাথে। সোপেনহাওয়ার বলিয়াছেন, "মাম্ব যাহা ইচ্ছা করিতে পারে, কিন্তু মাম্ব কি ইচ্ছা করিবে, তাহা ইচ্ছামত স্থির করিতে পারে না"।

দক্ষিণ আফ্রিকায় প্রথম দিকে গান্ধিজী এক মহান দীক্ষা গ্রহণ করেন, এই পরিবর্ত্তনে তাঁহার সমগ্র জীবনই রূপান্তরিত হইয়া গিয়াছে। ইহার পর হইতেই তাঁহার সমস্ত ভাবের পশ্চাতে এই দৃঢ় স্থির ভূমি রহিয়াছে, যে কারণে তাঁহার মন নৃতন কিছু গ্রহণ করিতে পারে না। কেই তাঁহার নিকট কোন নৃতন প্রস্তাব করিলে তিনি অতিশয় ধৈর্য ও মনোযোগের সহিত তাহা শ্রবণ করেন, কিন্তু তাঁহার সমস্ত সৌজন্তের মধ্যেও লোকে সহজেই ব্ঝিতে পারে যে সে বন্ধ দরজায় করাঘাত করিতেছে। তাঁহার ধারণাগুলি এত বন্ধমূল যে, অ্যান্ত বিষয় তাঁহার নিকট তুচ্ছ বলিয়া মনে হয়; অ্যান্ত গৌণ ব্যাপারের উপর জাের দিলে, রহত্তর পরিকল্পনা বিকৃত ও মন বিক্ষিপ্ত হইয়া পড়ে। মূল বিষয়টি ঠিক থাকিলেই অন্যান্ত বিষয়ের যথায়থ সামঞ্জত বিধান হইবে। যদি উপায় অভ্রান্ত হয়, ফলও অভ্রান্ত হইবেই।

আমার ধারণা ইহাই তাঁহার মনের প্রধান পটভূমিকা। হিংসার সহিত সম্পর্ক আছে বলিয়া তিনি সমাজতন্ত্রবাদ বিশেষ ভাবে মার্কসীয় মতবাদকে সন্দেহের দৃষ্টিতে দেখেন। 'শ্রেণীসংগ্রাম' এই শব্দটাই তাঁহার নিকট হিংসা ও সংঘর্ষরূপে প্রতিভাত হয়, এবং সেই কারণেই উহা তাঁহার নিকট বিরক্তিকর। তিনি জ্বনসাধারণের জীবনযাত্রার ব্যবস্থা সাদাসিধে একটা নির্দিষ্ট হারের উর্দ্ধে উঠুক ইহা পছন্দ করেন না, কেন না বেশী প্রাচুর্য্য ঘটলে বিলাসিতা ও পাপ বৃদ্ধি পাইবে। মৃষ্টিমেয় ধনীরা যে বিলাস সন্তোগ করে তাহাই অতি মন্দ, তাহার উপর তাহাদের সংখ্যাবৃদ্ধি হইলে ফল শোচনীয় হইয়া পড়িবে। ১৯২৬ সালে তাঁহার লিখিত একখানি পত্র হইতে এই সিদ্ধান্ত করা যাইতে পারে। কয়লার খনির মজুরদের ধর্মঘটের সময় ইংলণ্ড হইতে প্রাপ্ত একখানি পত্রের উত্তরে তিনি উহা লেখেন। পত্রলেখক এই যুক্তি দিয়াছিলেন যে, অত্যন্ত অধিকসংখ্যক বলিয়াই খনি-মজুরেরা হারিয়া যাইবে, অত্এব জ্মানিয়ন্ত্রণের ব্যবস্থা অবলম্বন করিয়া তাহাদের সংখ্যা কমান উচিত।

উত্তর দিতে গিয়া প্রসঙ্গতঃ গান্ধিজী বলিয়াছিলেন, "শেষ কথা এই, যদি থনির মালিকেরা অন্তায়কারী হইয়াও জয়লাভ করে, তাহার কারণ মজুরদের সন্তানসন্ততির সংখ্যা অধিক বলিয়া নহে, তাহার কারণ মজুরেরা এ পর্যান্ত সংযম শিক্ষা করে নাই। যদি শ্রমিকদের সন্তানসন্ততি না থাকিত, তাহা হইলে তাহারা মবস্থার উন্নতির জন্ম কোন চেট্টাই করিত না, বেতন বৃদ্ধিরও কোন যুক্তি-সঙ্গত কারণ থাকিত না। তাহারা কি মদ্যপান, জ্য়াখেলা ও ধুমপান করে? থনির মালিকেরাও উহা করে অথচ সন্তদেশ আছে, এই কথা কি উহার উত্তর হইবে? যদি ধনীদের অপেক্ষা থনির মজুরদের চরিত্র ভাল না হয়, তাহা হইলে জগতের সহায়ভূতি দাবী করিবার তাহাদের কি অধিকার আছে? আমরা কি ধনীর সংখ্যা বাড়াইয়া ধনতন্ত্রকে শক্তিশালী করিব? গণতন্ত্র পূর্ণতা প্রাপ্ত হইলে জগৎ ভাল হইবে, এই আখাসে আমরা গণতন্ত্রের উপাসনা করিতেছি। ধনী ও ধনতন্ত্রকে আমরা যে সকল অন্তায়ের জন্ম দায়ী করিয়া থাকি, আমরা যেন ব্যাপক ভাবে ভাহা বৃদ্ধি না করি।" \*

এই পঞ পড়িবার সময় আমার মানসপটে সেই ইংরাজ থান-মজুর ও তাহাদের স্ত্রীপুত্রের ক্ষ্ধিত শুষ ম্থগুলি ভাসিয়া উঠিল। ১৯২৬ সালের গ্রীমক লে আমি দেখিয়া আদিয়ছি, এক পীড়নমূলক পাশবিক ব্যবস্থার বিরুদ্ধে কি নৈরাখ্য লইয়া তাহারা এক বেদনাবহ সংগ্রামে প্রবুত্ত হইয়াছে। গান্ধিজীর প্রদত্ত বিবরণ ঠিক নহে। মজুরেরা বেতন বুদ্ধি চাহে নাই, তাহাদের বেতন কমাইয়া দেওয়ার প্রতিবাদের ফলে, थनित गानिक्तत। थनि वस कतात क्लारे जाहाता मः पर्ध श्रेतु हु हुगाए । আমাদের আলোচনার সহিত এখন এ বিষয়ের সম্বন্ধ নাই। মজুরদের জন্মনিয়ন্ত্রণের ব্যবস্থা অবলম্বন করা আবশ্যক, এ প্রশ্নও আমাদের আলোচ্য নহে। তবে কার্থানার মালিক-মজুর সংঘর্ষের প্রতিকারের জন্ম জন্মনিয়ন্ত্রণের প্রস্তাব অতি অভিনব। আমি গান্ধিজীর পত্র উদ্ধত করিয়াছি, কেন না উহা হইতে আমাদের বুঝিবার স্থবিধ হইবে যে, শ্রমিকদের ব্যাপারে এবং তাহাদের জীবন্যাত্রার প্রণালী উন্নত করার সাধারণ দাবী সম্পর্কে তিনি কিরূপ মনোভাব পোষণ করেন। গান্ধিজীর মনোভাব ঘেমন সমাজতল্পবাদ হইতেও বহুদুরে, তেমনই ধনতল্পবাদ হুইতেও তাহার ব্যবধান তেমনই দূরবর্তী। বর্তমান জগতে যদি কায়েমী चार्थवामौता প্রতিবাদী না হয়, তাহা হইলে বিজ্ঞান ও কলকারথানা

পাদিলীর "আস্বসংযম ও উচ্ছু খালতা" নামক গ্রন্থ হইতে এই পত্রথানি উদ্ধৃত।

## ज ওহরলাল নেহর

সহায়ে প্রত্যেক ব্যক্তিকে খাত বস্ত্র ও গৃহ দিয়া তাহাদের জীবনধাত্রা প্রণালী বহুলাংশে উল্লভ করা যাইতে পারে, এই সকল কথায় তাঁহার কোন আগ্রহ নাই, কেন না এক নির্দিষ্ট সীমার অভিরিক্ত কিছুর জন্ত তিনি আগ্রহশীল নহেন। অতএব সমাজতন্ত্রবাদের সম্ভাবনার উপর তাঁহার কোন আগ্রহ নাই; ধনতন্ত্র অংশতঃ সহু করা যাইতে পারে, কেন না ইহা অন্তায়কে অনেক সঙ্কৃচিত করিয়া রাথিয়াছে। তিনি ত্ই-ই অপছন্দ করেন, তবে তুলনায় কম অন্তায় বলিয়া শোষণ্টি সহু করেন, কেন না উহা রহিয়াছে এবং উহা তাঁহাকে মানিতেই হইবে।

তাঁহার উপর এই সকল ভাব আরোপ করা সম্ভবতঃ আমার ভুল হইতে পারে। কিন্তু আমি গভীরভাবে অত্নভব করি তাঁহার চিন্তাধারা ঐরপ। ্রতাহার উক্তির মধ্যে যে স্ববিরোধিতা ও বিভ্রান্তি দেখিয়া আমরা বিচলিত হই, তাহার কারণ তিনি সম্পূর্ণ বিভিন্ন সিদ্ধান্তের দিক হইতে বিচার করেন। ক্রমবর্দ্ধিত আরাম ও বিশ্রামের অবসরকে লোকে আদর্শ করিয়া তোলে ইহা তিনি চাহেন না; তাঁহার মতে লোকে নৈতিক জীবনের বিষয় চিন্তা করুক, তাহাদের কদভ্যাসগুলি বর্জন করুক, ভোগ প্রবৃত্তি দমন করুক এবং উহা দ্বারা নিজের আধ্যাত্মিকতা ও ব্যক্তিত্ব গড়িয়া তুলুক। যাহারা জনসাধারণের সেবা করিবে, তাহারা আর্থিক উন্নতির চেষ্টার পরিবর্ত্তে জনসাধারণের সমান ভরে নামিয়া তাহাদের দহিত সমানভাবে মেলামেশা করিবে। ) এই ভাবেই তাহারা জনসাধারণকে উন্নত করিতে পারে। তাঁহার মতে ইহাই প্রকৃত গণতম্ব। ১৯৩৪-এর ১৭ই সেপ্টেম্বর প্রকাশিত এক বিবৃতিতে তিনি निथियाहिन, "आभारक ठिकाहेया ताथा मधरक आरतकहे निताम हहेयाहिन। আমার মত জন্ম হইতে গণতয়ে বিখাদী ব্যক্তির পক্ষে ইহা অতান্ত লজ্জার কথা। মহুয় সমাজের দরিদ্রতম ব্যক্তির সহিত এক হওয়া, তাহাদের অপেক্ষা উংক্লপ্ততর জীবনযাপনে আকাজ্যাহীনতা এবং লোকের সাধ্যমত সচেতনভাবে তাহাদের স্তরে থাকিবার চেষ্টা দ্বারা যদি কেহ নিজেকে গণতান্ত্রিক বলিয়া দাবী করিতে পারে, তবে আমিও সেই দাবী করি।"

এই যুক্তি ও দৃষ্টিভঙ্গীর সহিত আধুনিক গণতান্ত্রিক, ধনতান্ত্রিক অথবা সমাজতান্ত্রিক কেহই একমত হইবেন না; তবে অনেকেই স্বীকার করিবেন যে জনসাধারণ হইতে বিচ্ছিন্ন হইয়া বিলাসভূষণের আড়ম্বর দেখান, বিশাল জনসভ্য, যাহাদের অতি প্রয়োজনীয় বস্তুরও অভাব, তাহাদের চক্কর সম্মুথে প্রাচুষ্য ও ঐশ্বর্যা লইয়া জীবন যাপন অভায় ও নিন্দনীয়।

কিন্তু প্রাচীন ধর্মভাবাপন্ন গান্ধিজীর উক্তির ও উহার মধ্যে কিছু ঐক্য খুঁজিয়া পাইবেন, কেন না উভয়েরই অতীতের প্রতি অমুরাগ পৃহিয়াছে এবং **जाँ**शांत्रा प्रस्तारे चलै छकालात माथकाठिए विठात कतिया शास्त्र। যাহা আছে, যাহা হ'ইবে অপেক্ষা যাহা ছিল তাহাতেই তাঁহাদের চিস্তা অধিক আবদ্ধ। অতীতের প্রতি দৃষ্টি আর ভবিয়তের প্রতি দৃষ্টি এই ছই মানসিক অবস্থার জন্মই ভগতে সর্ব্ধপ্রকার পার্থকা দৃষ্ট হয়। দরিন্ত জনসাধারণ চিন্দিনই আছে। সনাজ ব্যবস্থার মধ্যে মৃষ্টিমেম ধনীব্যক্তি একটা প্রধান অংশ; ধনোংপাদন ব্যবস্থার জন্ত ইহাদের আবতাক। এই কারণে নীতিবাদী সংস্থারক এবং কোমলপ্রাণ ব।ক্তিরা উহাদের मानिया नन, किस मह्म प्राचन प्राचन वालिए अलि धनौत्तत कर्तना अ ম্মরণ করাইয়া দেন। তাঁহাদিগকে দরিদ্রদের অছি স্বরূপ হইতে হইবে। তাঁহারা দয়ালু ও দাতা হইবেন। প্রত্যেক ধর্মের বিধানে দান একটি মহং কর্ম। সাম্প্ত নুপতি, বড় জমিদার এবং ধনী বণিক্দিগকে অছি স্বরূপ ভাবিধার উপর গাঞ্জিজী সর্বনাই জোর দিয়া থাকেন। এ ক্ষেত্রে তিনি পরস্থাগত ধার্মিক ব্যক্তিদেরই অনুসরণ করেন। পোপ ঘোষণা করিয়াছেন, "ধনীরা নিজেদের ঈশবের দাস এবং তাহাদের ধনের রক্ষক ও বিতরণ-কর্ত্তা বলিয়া মনে করিবে। তাহাদের হাতেই স্বয়ং যীশুখৃষ্ট দরিদ্রদের ভাগ্য অর্পণ করিয়াছেন"। সাধারণ হিন্দুধর্ম এবং ইসলাম এই ভাবেরই কথা বলে এবং সর্ব্বদাই ধনীদের দান করিবার জন্ম প্রেরণা দেয়, এবং ধনীরাও তদমুসারে মন্দির মসজিদ ধর্মশালা নির্মাণ করিয়া অথবা তাঁহাদের অতুল ঐশ্বর্য হইতে কিছ তাম্র বা রৌপ্যথণ্ড দরিদ্রদের মধ্যে বিতরণ করিয়া, নিজেদের ধর্ম-প্রবৃত্তি চরিতার্থ করিয়া স্থী হন।

সেকালের ধাশ্মিক মনোভাবের একটি উজ্জ্বল দৃষ্টাস্ত পাওয়া যায়, ১৮৯১ সালের মে মাসে পোপ ত্রয়োদশ লিওর ধর্ম্মযাজকদের নিকট প্রেরিত ও প্রচারিত ঘোষণাপত্তে। নৃতন কলকারখানার জন্ম পরিবর্ত্তিত অবস্থা সম্পর্কে তাঁহার অভিমত ব্যক্ত করিতে গিয়া তিনি বলিয়াছেন—

"অতএব তুংখভোগ ও দছ করা মান্ত্যের বিধিলিপি। মান্ত্য যতই কেন চেষ্টা করুক না, এমন কোন শক্তি নাই, এমন কোন কৌশল নাই, যাহা মন্ত্র জীবন হইতে তুংথ ও ছদিনের প্রতিবন্ধ দূর করিতে সাফল্য লাভ করিবে। যদি কেহ ভিন্নরপ ভাণ করে—হাহারা মান্ত্যকে তুংখদৈগ্রযুক্ত বিরক্তিহীন শান্তি ও চির আনন্দ উপভোগের লোভ দেখায়—তাহারা জনসাধারণকে প্রতারণা করে, বঞ্চনা করে এবং তাহাদের মিথ্যা প্রতিশ্রুতির ফলে মান্ত্যের অবস্থা আরও শোচনীয় হইবে মাত্র।

## ज ও इत्रमान ( भ इत्र

এই জগং যেরূপ, সেই ভাবেই ইহাকে গ্রহণ করা ভাল এবং ইহার ছঃখদৈন্তের প্রতিকার আমাদিগকে অন্যত্ত অহুসন্ধান করিতে হইবে।" এই 'অন্যত্ত' সম্পর্কে তিনি আরও বলিয়াছেন,—

"যে জীবন আসিবে অর্থাং অনস্ত জীবনকে বাদ দিয়া জাগতিক বস্তুগুলি বুঝা বা তাহার প্রকৃত ম্ল্য নির্দ্ধারণ করা যাইতে পারে না। প্রকৃতি আমাদিগকে যে মহাসত্য শিক্ষা দিয়াছে, তাহাই মহান খুটীয় মতবাদ এবং সেই ভিত্তির উপরই ধর্ম প্রতিষ্ঠিত—বর্ত্তমান জীবন আমরা যথন শেষ করিব, তথনই আমাদের প্রকৃত জীবন আরম্ভ হইবে। এই জগতের নশ্বর ও ক্ষণস্থায়ী বস্তুর জন্য ঈশ্বর আমাদিগকে স্বষ্ট করেন নাই—স্বর্গীয় ও অনস্ত সম্পদ লাভের জন্মই আমাদিগকে স্বষ্ট করেন নাই—স্বর্গীয় ও অনস্ত সম্পদ লাভের জন্মই আমাদিগকে করিয়াছেন, ইহা আমাদের প্রকৃত দেশ নহে। অর্থ ও অন্যান্য বস্তু যাহা মানুষ ভাল বলিয়া কামনা করে—আমরা তাহা প্রচুর পাইতে পারি অথবা আমরা তাহা কামনা করিতে পারি। কিন্তু অনস্ত আনন্দের তুলনায় উহা কিছুই নহে……।"

এই ধর্মভাব অতি প্রাচীনকাল হইতে জগতের সহিত ওতপ্রোতভাবে জড়িত, বর্ত্তমান হু:থের হাত হইতে নিষ্কৃতি পাওয়ার ভরদা একমাত্র পরলোক। যদিও অবস্থার পরিবর্ত্তন হইয়াছে, অতীতে কেহ যাহা স্বপ্নেও কল্পনা করিতে পারে নাই, মাহুষের বাহু সম্পদ তদপেক্ষাও বহুগুণে বাড়িয়াছে, তথাপি প্রাচীন সংস্কারের বন্ধন রহিয়া গিয়াছে এবং এখনও একপ্রকার অনির্দিষ্ট ও অনির্দেশ্য আধ্যাত্মিক মূল্যের উপর গুরুত্ব আরোপ করা হয়। ক্যাথলিকগণ ঘাদশ ও ত্রয়োদশ শতাব্দীর দিকে मृष्टिभाज करतन—এই कानरक ष्यााना मकरन "षक्षकात यूग" वनिरमख— খুষ্টধর্মের পক্ষে উহা 'স্থবর্ণ যুগ',—যথন সাধুরা সমাদৃত হুইতেন, খুষ্টান নৃপতি ও শাসকগণ ধর্মায়ুদ্ধে (ক্রুসেড্) প্রবৃত্ত হইতেন এবং গথিক গীজ্ঞাসমূহ নির্মিত হইত। তাঁহাদের মতে ইহাই ছিল, "প্রকৃত থুষ্টান গণতত্ত্বের যুগ—মধাযুগীয় সমবায় সাহায্য প্রথায় (গিল্ড) উহা নিয়ন্ত্রিত इहेड,-याश পূর্বেও ছিল না এবং আর হয় নাই।" মুসলমানগণ আগ্রহের সহিত অতীতের দিকে চাহিয়া প্রথমদিগের থলিফাগণ নিয়ন্ত্রিত "ইসলাম গণতন্ত্র" নিরীক্ষণ করে**ন** এবং তাঁহাদের জয়গোরব দেখিয়া বিশ্মিত হন। হিন্দুরাও তেমনি বৈদিক ও পৌরাণিক যুগের প্রতি দৃষ্টিপাত করিয়া রামরাজ্বের ধ্যানে বিভোর হন। তথাপি সমস্ত ইতিহাস একবাকো বলিতেছে যে, ঐ অতীতকালে অধিকাংশ লোক অতি

তুর্দশাগ্রন্থ জীবনযাপন করিত,—থাতের অভাব, জীবনযাত্রার অভ্যাবশুক দ্রব্যের অভাবে পীড়িত হইত। উপরের দিকে মৃষ্টিমেয় ব্যক্তি আধ্যাত্মিক জীবন লইয়া বিলাস করিতেন, তাহাদের সে অবসর ও উপায় ছিল, অন্যান্য সকলে কেবলমাত্র বাহিয়া থাকিবার জন্য তুর্নিবান প্রয়াস ছাড়া আর কি করিত, কল্পনা করা কঠিন। ক্ষ্মিত ব্যক্তির পক্ষে সংস্কৃতিগত ও আধ্যাত্মিক উন্নতি সম্ভবপর নহে; তাহার সমস্ত চিষ্ণা খাদ্য এবং উহা প্রাপ্তির উপায়ের মধ্যেই নিবদ্ধ থাকে।

এই যন্ত্রয়ংগের সহিত অনেক অন্তায় আসিয়াছে, তাহা আমরা খুব বড় করিয়াই দেখিতে পাই, কিন্তু আমরা ভূলিয়া যাই যে জগংকে সমগ্রভাবে দেখিলে, অস্তকঃ যেখানে যন্ত্রসভ্যতা সমধিক প্রতিষ্ঠালাভ করিয়াছে সেই অংশে দৃষ্টিপাত করিলে, আমরা দেখিতে পাই যে ইহা বাহজীবন যাপনের স্বথ স্থবিধার একটা ভিত্তি গড়িয়া তুলিতে সক্ষম হইয়াছে, যাহার ফলে অধিকাংশ ব্যক্তির সংস্কৃতিগত ও আধ্যাত্মিক উন্নতি সম্ভবপর। ভারতবর্ষও অন্তান্ত প্রাধীন দেশে ইহা দেখা যায় না, কেন না, যন্ত্র-বিজ্ঞান দারা আমরা লাভবান হই নাই। আমরা কেবল উহা দারা শোষিত হইয়াছি মাত্র, অনেক দিক দিয়া এমন কি বাহ্ম সম্পদের দিক দিয়াও আমাদের অবস্থা অবনত হইয়া পড়িয়াছে, এবং আমাদের শিক্ষা সভ্যতা ও সংস্কৃতির ক্ষতি হইয়াছে আরও বেশী। তথাকথিত পাশ্চাত্য প্রভাব, ভারতে সাময়িকভাবে আমলাতান্ত্রিক ব্যবস্থাকে শক্তিশালী করিয়াছে এবং আমাদের সমস্তাগুলি সমাধান করার পরিবর্ষে উহাকে অধিকতর তীব্র করিয়া তুলিয়াছে মাত্র।

ইহা আমাদের ত্র্ভাগ্য, কিন্তু ইহা দ্বারা আমরা যেন বর্ত্তমান জগৎকে ভুল করিয়া না দেখি। বর্ত্তমান অবস্থায় কি ধন ও পণ্যোংপাদনের, কি দমগ্র সমাজের পক্ষে ধনী ব্যক্তিদের আর প্রয়োজন নাই, তাহারা বাঞ্চনীয়ও নহে। ইহারা প্রয়োজনের অতিরিক্ত ভার মাত্র এবং উন্নতির বিশ্বস্থরূপ। ধনীদের দ্বালু হইতে উপদেশ দেওয়া আর দরিন্দিগকে অদৃষ্ট-নির্ভর, সন্তোষের সহিত ভাগ্যকে গ্রহণ, সঞ্চয়ী এবং সদ্যবহার করিতে উপদেশ দেওয়ার ধর্মপ্রচারকগণের প্রাচীন ব্যবসায় বর্ত্তমান যুগে একাস্তই অর্থহীন। মানবসাধ্য উপায়ের সংখ্যা আজ বহন্তণে বাড়িয়াছে, মান্ত্র্য আজ সাহসের সহিত জাগতিক সমস্যাগুলির সম্মুখীন হইয়া ভাহা সমাধান করিতে পারে। অধিকাংশ ধনীই আজ সমাজদেহের পরগাছায় পরিণত হইয়াছে, এবং এই পরবিত্তজীবী শ্রেণীর অন্তিত কেবলমাত্র বাধা নহে, উহা মান্ত্রের সর্ব্বিধ সম্পদেরে অতি রহৎ অপচয় মাত্র।

## ज अर्जनांन (नर्ज

এই শ্রেণী এবং যে ব্যবস্থায় এই শ্রেণীর উদ্ভব হয়, তাহা কার্য্যতঃ ধনোংপাদন ও কর্মাক্ষেত্র সঙ্কৃচিত করিয়াছে এবং একদিকে অপরের শ্রমাজ্বিত বিভ্রভোগী, অপরদিকে ক্ষৃধিত বেকার স্বাষ্ট করিয়াছে। কিছুদিন পূর্বে গান্ধিজাঁও লিখিয়াছিলেন,—"ক্ষ্ধিত ও কর্মাহীন ব্যক্তিরা ঈশরের একমাত্র নির্দেশ মানিতে পারে যে কর্মোর বিনিময়ে থাত পাওয়ার প্রতিশ্রুতি। ঈশর মান্থ্যকে শ্রম করিয়া থাত সংগ্রহের জন্ত স্বাষ্ট্র করিয়াছেন, এবং বলিয়াছেন, যে কর্মা ব্যতীত আহার করে, সে চোর।"

আধুনিক যুগের জটিল সমস্যাগুলি বুঝিতে গিয়া, যখন সমস্তার অন্তিওই ছিল না, সেই প্রাচীন যুগের উপায় বা নির্দিষ্ট নিয়ম প্রয়োগ করি, অথবা সে কালের বাঁধা বচন আওড়াই, তাহা হইলে আমরা বিভ্রান্ত ও ব্যর্থ হইব। ব্যক্তিগত সম্পত্তির ধারণা, যাহা কেহ কেহ জগতের এক মূল ধারণা বলিয়া বিশ্বাস করেন, তাহারও প্রতিনিয়তই পরিবর্ত্তন হইয়াছে। এককালে দাদগণ সম্পত্তির মধ্যে গণ্য ছিল, স্ত্রীলোক ও বালকদিগকে তাহাই ভাবা হইত, নববধুকে প্রথম বজনী উপভোগের অধিকার সম্ভ্রান্ত ভুস্বামীর ছিল, রাস্তা, মন্দির, খেয়াঘাট, দেতু, **সাধারণের ব্যবহারের ব্যবস্থা, ভূমি ও আকাশে ব্যক্তিগত সম্প**ত্তি ছিল। পশুপক্ষী এখনও ব্যক্তিগত সম্পত্তি রহিয়াছে, তবে অনেক দেশে আইন করিয়া এই অধিকার সংযত করা হইয়াছে। যুদ্ধের ক্রমাগতই ব্যক্তিগত সম্পত্তির অধিকারে হস্তক্ষেপ করা হইয়া থাকে। আজ কাল সম্পত্তি ক্রমেই স্ক্ষ হইয়া উঠিতেছে, যথা—কোম্পানীর শেয়ার, বিবিধ ঋণপত্র প্রভৃতি। সম্পত্তি সম্পর্কে ধারণা যতই পরিবর্তিত হইতেছে, জনমতের চাপে ততই নৃতন নৃতন আইন দারা সম্পত্তির मानिरकत व्यवाध व्यधिकात मङ्गूठिक कता इटेरक्टह। नानाविध खक করভার স্থাপন করিয়া (যাহা বাজেয়াপ্তির নামান্তর মাত্র) ব্যক্তিগত সম্পত্তির একটা অংশ লইয়া জনহিতকর কার্য্যে ব্যয় করা হইতেছে। সর্বজনীন কল্যাণকেই ভিত্তি করিয়া সাধারণ ব্যবস্থা হইতেছে; এবং স্বীয় সম্পত্তির উপর ব্যক্তিগত অধিকার রক্ষা করিতে शिया ७ (कर मर्खक नौन क न्या । या शाही का या कि विद्या कि विद्या निवास का विद्या निवास का विद्या कि विद्य कि विद्या क হউক, অধিকাংশ ব্যক্তির অতীতকালে কোন ব্যক্তিগত সম্পত্তি ছিল না, তাহারাই ছিল অপরের ব্যক্তিগত সম্পত্তি। বর্ত্তমান কালেও অতি অল্পসংখ্যক ব্যক্তিরই দেরপ কোন অধিকার আছে। কায়েমী স্বার্থ সম্পর্কে আমরা অনেক কথাই শুনিতে পাই। বর্ত্তমানে আর এক কায়েমী স্বার্থের কথা সকলকে স্বীকার করিয়া লইতে হইবে যে, প্রত্যেক নরনারীর

বাঁচিবার এবং শ্রম করিবার ও শ্রমাজ্জিত ফল ভাগ করিবার অধিকার আছে। সম্পত্তি ও মূলধন সম্পর্কে এই পরিবর্ত্তিত ধারণার ফলেও ঐগুলি যথন বিলুপ্ত শৃইতেছে না, বরং বিস্তৃত হইতেছে, অল্পসংখ্যক লোকের হাতে গিন্ন। ঐগুলি জমা হওয়ার দকণ তাহারা অত্যের উপর প্রভূম করিতেছে, তথন সমাজ উহা সমগ্রভাবে তাহার নিজের হাতে ফিরিয়া পাইতে চাহে।

গান্ধিজী চাহেন ব্যক্তির আভান্তরীণ নৈতিক ও আধ্যাত্মিক পরিবর্ত্তন সাধন ঘারা বাহ্য পারিপার্থিক অবস্থার পরিবর্ত্তন। তিনি চাহেন, লোকে কদভাাদ ও বিলাদ বাদন ছাড়িয়া পবিত্র হউক। তিনি কামেন্দ্রিয় উপভোগ বিরতি, মগুণান ও ধুম্পান বর্জ্জন প্রভৃতির উপর বিশেষ জোর দেন। এই সকল বাসনের মধ্যে তুলনায় কোনটা অধিক নিন্দনীয় তাহা লইয়া মতভেদ থাকিতে পারে, কিন্তু এ সম্বন্ধে কি কোন সন্দেহের অবকাশ আছে যে ব্যক্তিগৃত দিক হইতেই হউক, অথবা ব্যাপকভাবে সামাজিক দিক হইতেই হউক, ঐ সকল ব্যক্তিগত দুর্বলতা অপেক্ষা, লোভ, স্বার্থপরতা, সম্পত্তি অধিকার করিবার তীব্র আকাজ্ঞা, ব্যক্তিগত লাভের আশায় পরস্পরের সহিত তীব্র প্রতিদ্বন্ধিতা, গোষ্ঠা বা শ্রেণীর দয়াহীন প্রচেষ্টা, এক শ্রেণী কর্ত্তক অপর শ্রেণীকে দমন ও শোষণ, জাতিতে জাতিতে ভয়াবহ যুদ্ধ কি অধিকতর ক্ষতিকারক নহে? অবশ্য তিনি এই দকল হিংদা ও অধংপতনমূলক সংঘর্ষ ঘুণা করেন। কিন্তু বর্তুমান ধন-লোলুপ সমাজের মধ্যেই কি উহার বীজ নিহিত নাই,---ইহার আইনই হইল প্রবল তুর্মলকে শোষণ করিবে এবং ইহার উদ্দেশ্য সেই প্রাচীনকালের "যাহার ক্ষমতা আছে সে গ্রহণ করুক এবং যে পারে দে বক্ষা করুক"? বর্ত্তমান কালের লাভ করিবার লোভই সংঘর্ষের প্রস্থৃতি। বর্ত্তমান ব্যবস্থাই মান্তবের লুগুন প্রবৃত্তিকে বাঁচাইয়া রাখিয়া সর্ববিধ স্থবিধা প্রদান করে: অবশ্য ইহা অনেক সং-প্রবৃত্তিকেও উৎসাহ দেয় সন্দেহ নাই, কিন্তু মাহুষের নিকৃষ্ট প্রবৃত্তিগুলিই ইহা অধিকতর উৎসাহিত করে। এখানে সাফল্য বলিতে বুঝায় অপরকে ভূপতিত করিয়া সেই পরাজিত ক্রীতদাসদের উপর আরোহণ করা। যদি সমাজ ঐ সকল প্রবৃত্তি ও উচ্চাশাকে উৎসাহ দান করে, যদি উহা শ্রেষ্ঠ ব্যক্তিদিগকে আকর্ষণ করে তাহা হইলে গান্ধিজী কি মনে করেন যে এই পারিপার্থিক অবস্থায় তাঁহার আদর্শনীতিপ্রায়ণ মহয় সম্ভব ? গান্ধিলী সেবাবৃত্তিকে বিকশিত করিতে চাহেন, কোন কোন ব্যক্তিবিশেষের মধ্যে তিনি উহাতে ক্লতকার্যা इटेर्फ भारतन, किन्न यक्तिन ममान धरे धनरनान् ममार्क न्यी वास्तितन

## জওহরলাল নেহরু

আদর্শরূপে তুলিয়া ধরিবে এবং যতদিন ব্যক্তিগত লাভই মামুষের মুখ্য প্রবৃত্তি থাকিবে, ততদিন অধিকাংশ মামুষ এই পথেই চলিবে।

কিছ্ক সমস্যা এখন আর নৈতিক বা নীতিশাস্ত্রঘটিত নহে। অগ্যকার সমস্যা বান্তব ও ঐকান্তিক, সমস্ত জগং ইহা লইয়া বিভ্রান্ত। মৃত্তির একটা উপায় বাহির করিতেই হইবে। একটা কিছু ঘটিবে এই আশায় আমরা অপেকা করিতে পারি না। অথবা কেবলমাত্র নেতিবাচক ভাব লইয়া ধনতন্ত্র, সমাজতন্ত্র, কম্যুনিজম প্রভৃতির মন্দদিকগুলির সমালোচনা করিয়া আমরা বাঁচিতে পারি না, কিম্বা এমন প্রত্যাশাও করা উচিত নহে যে প্রাচীন ও নৃতন সর্ববিধ ব্যবস্থাগুলির কেবলমাত্র ভালগুলিকে লইয়া একটা সন্তোষজনক আপোষ হইতে এক সর্ব্বোংকৃষ্ট পদ্বা আবিষ্কৃত হইবে। আমাদিগকে রোগ নির্ণয় করিতে হইবে, আরোগ্যের উপায় নির্দারণ করিতে হইবে, তদমুসারে কার্য্য করিতে হইবে। আমরা পিছু ইটিতে পারি, কিম্বা সম্মুথে অগ্রসর হইতে পারি, কিম্ব কি জাতীয় কি আন্তর্জ্জাতিক ক্ষেত্রে আমরা স্থির হইয়া একই স্থানে দাঁড়াইয়া থাকিতে পারি না। সম্ভবতঃ এ বিষয়ে বিচার করিবার কিছুই নাই, কেন না পশ্চাদ্গমন করা আর সম্ভবপর নহে।

তথাপি গান্ধিজীর অনেক কার্য্যপদ্ধতি দেখিয়া কেহ কেহ মনে করিতে পারেন যে তিনি একটা সীমাবদ্ধ স্বয়ম্পূর্ণ অবস্থায় ফিরিয়া यारेट हाट्न, जिनि क्वतन जाजिकरे सम्पूर्व प्रिथिए हाट्न ना, গ্রামকেও স্বয়ম্পূর্ণ করিতে চাহেন। আদিম যুগের মানব সমাজে গ্রামগুলি স্বয়ম্পূর্ণ ছিল এবং অশন বসন ও অক্তান্ত প্রয়োজনীয় গ্রামেই পাওয়া যাইত। এখানে প্রয়োজন বলিতে সর্বনিমন্তরের জীবন্যাত্রা বুঝিতে হইবে। আমি মনে করি না যে গান্ধিজী স্থায়ীভাবে এই লক্ষ্যে কাজ করিতেছেন, কেন না, সে উদ্দেশ্য সাধন অসম্ভব। বর্ত্তমানের বিশাল জনসভ্য কতকগুলি দেশে জীবনধারণ করিতে সমর্থ হইবে না, এবং তাহারা অভাব ও ক্ষ্ধার মধ্যে ফিরিয়া যাইতে চাহিবে না। আমি মনে করি, ভারতবর্ষের মত ক্বষিপ্রধান দেশে যেখানে জীবনযাত্রা প্রণালী অতি নিমন্তরের, সেখানে কুটারশিল্পের উন্নতি হইলে জনসাধারণের অবস্থা সম্ভবতঃ উন্নত হইতে পারে। কিন্তু অন্যান্ত দেশের ম<sup>তই</sup> স্মামরা অবশিষ্ট জগতের দহিত নানা স্থতে আবদ্ধ হইয়া পড়িয়াছি, সে বন্ধন ছিন্ন করা অসম্ভব। অতএব আমাদিগকে সমস্ত জগতের প্রতি <sup>লক্ষ্য</sup> রাথিয়াই চিন্তা করিতে হইবে, সঙ্কীর্ণ স্বয়ম্পূর্ণতার প্রশ্ন উঠে না। বাক্তিগতভাবে আমি সকল দিক দিয়াই ইহা অবাঞ্চনীয় মনে করি।

অতএব সকল দিক বিবেচনা করিয়া আমরা একমাত্র সম্ভবপর যে সিদ্ধান্তে উপনীত হইতে পারি, তাহ। হইল স্মাস্তান্ত্রিক রাষ্ট্রপ্রতিষ্ঠা। প্রথমতঃ জাতীয় ভৌগোলিক দীমার মধ্যে এবং পরে সমগ্র জগতে ঐ ব্যবস্থা দারা, পণ্যোৎপাদন নিয়ন্ত্রণ এবং দেই সম্পদ সাধারণের কল্যাণের জ্বন্ত বন্টন করা। কি উপায়ে ইহা সম্ভব ে কথা স্বতন্ত্র, কিন্তু যাহারা বর্তমান ব্যবস্থার স্বযোগে লাভবান হইতেছে, তাহাদের আপত্তির জ্ঞা, একটা জাতি কিম্বা মনুয়াজাতির কল্যাণের পথ অবরুদ্ধ থাকিতে পারে না, ইহা স্পষ্ট। যদি রাজনৈতিক ও সামাজিক প্রতিষ্ঠানগুলি ইহার অন্তরায় হয়, তাহা হইলে উহা অপসারিত করিতে হইবে। এই বাঞ্নীয় ও কার্যাকরী আদর্শকে ছোট করিয়া ঐগুলির সহিত আপোষ করিলে বিশাস্ঘাত্ত্তা হইবে। এই পরিবর্ত্তন হয় ত অবশুদ্ধাবীরূপে আসিবে অথবা জগতের অবস্থাধীনে অতি ক্রত সাধিত হইবে, কিন্তু সংশ্লিষ্ট জনসাধারণের অধিকাংশের সম্মতি ও আমুগত্য ব্যতীত ইহা সম্ভবপর নহে। অতএৰ তাহাদিগকে এই মতে আনম্বন করিয়া তাহাদের চিত্ত জয় क्तिर्छ हरेता। मूर्ष्टिराय वाक्तित यक्ष्यन्तम् हिश्मानौिक बाता हेशत कान महायका इटेरव ना। वर्खमान वावसाय याहाता लाखवान इटेरकहर, তাহাদিগকেও এই মতে আনয়ন করিবার চেষ্টা করিতে হইবে, তবে তাহারা অধিকসংখ্যায় এই মত গ্রহণ করিবে কি না সন্দেহ।

গান্ধিজীর বিশেষ প্রিয় থাদি-আন্দোলন—চরকা ও তাঁত, পণ্যোৎপাদনের ব্যক্তিগত উভমের উগ্র প্রচেষ্টা, অতএব ইহা পুনরায় প্রাক্-যন্ত্রযুগে ফিরিয়া যাওয়া। বর্ত্ত্রমানের কোন গুরুতর সমস্তা সমাধানের মধ্যে ইহার গুরুত্ব অধিক নহে, এবং ইহার ফলে এমন এক প্রকার মনোর্ভির উদ্ভব হয়, যাহা সঙ্গত পথে অগ্রসর হইবার পক্ষে বিশ্লকর হইতে পারে। তথাপি আমি বিশ্বাস করি, সাম্থিকভাবে ইহাতে অনেক উপকার হইয়াছে, এবং যতদিন পর্যন্ত না রাষ্ট্রের পক্ষ হইতে কৃষি ও শিল্পসম্ভা সমাধানের দেশব্যাপী কোন ব্যবস্থা অবলম্বিত হয়, ততদিন হয় ত ইহার কিছু উপযোগিতা থাকিবে। ভারতের বিপুল বেকার-সমস্ভার কোন হিসাব নাই এবং পল্লী অঞ্চলে তদপেক্ষাও বেশী আংশিক বেকার-সমস্ভা রহিয়াছে। রাষ্ট্রের পক্ষ হইতে এই বেকার-সমস্ভা দূর করিবার কোন চেষ্টা হয় নাই অথবা বেকারদিগকে সাহায্য করিবার কোন ব্যবস্থা হয় নাই। আর্থিক দিয়া থাদি সম্পূর্ণরূপে তাহাদের নিজের চেষ্টা হইতে স্বষ্ট বলিয়া ইহা তাহাদের আত্মসম্মান ও আত্মবিশ্বাস জাগ্রত করিয়াছে। ইহার ফল

#### জওহরলাল নেহরু

মাহুষের মনের উপরই বেশী প্রতাক্ষ। নগর ও পল্লীর মধ্যে যোগাযোগ স্থাপনের চেষ্টায় থাদি কিছু সাফল্যলাভ করিয়াছে। ইহা কৃষক ও নিম্ন মধ্যশ্রেণীর শিক্ষিত সম্প্রদায়কে পরম্পরের সান্নিধ্যে আনিয়াছে। বস্তু যে পরিধান করে এবং দেখে, উভয়ের মনেই একটা প্রভাব বিস্তার করে। মধ্যশ্রেণী সরল শুভ্র থাদি পরিধান করিতে আরম্ভ করায়, বসন সহজ ও সরল হইয়াছে, স্থলঞ্চির আড়ম্বর কমিয়া গিয়াছে এবং জনসাধারণের সহিত ঐক্য স্থাপিত হইয়াছে। নিমুমধ্যশ্রেণীর লোকেরা আর ধনীদের বসনভ্ষণ হাস্থকরভাবে নকল করিবার চেষ্টা করে না এবং সন্তা কাপড় চোপড়ের জন্ম লজ্জাবোধ করে না। তাহারা ইহার জন্ম কেবল মর্যাদা বোধ করে না, বরং যাহারা রেশম-সাটিনের জাঁকজমক দেখায়, তাহাদের অপেকা নিজেদের শ্রেষ্ঠ বোধ করে। এমন কি, দরিদ্রতম ব্যক্তিরাও ইহার জন্ম মর্যাদা ও আত্মসমান বোধ করে। থাদিপরিহিত বুহৎ জনতার মধ্যে ধনী দরিজের প্রভেদ বুঝা কঠিন এবং সহকর্মীস্থলভ অন্তরকতা সহজেই জাগ্রত হয়। থাদি কংগ্রেসকে জনসাধারণের চিত্ত ম্পর্শ করিতে সহায়তা করিয়াছে নিঃসন্দেহ। ইহা জাতীয় স্বাধীনতার বিশিষ্ট পরিচ্ছদে পরিণত হইয়াছে।

থাদি ধারা মিল-মালিকদের কাপড়ের দাম বৃদ্ধি করিবার নিত্য-বিগুমান আকাজ্ঞা সংযত হইয়াছে। অতীতে ভারতীয় কলওয়ালারা বিদেশী প্রতিযোগিতা, বিশেষভাবে লাক্ষাশায়ারের প্রতিযোগিতায় সংযত থাকিতেন। যথনই এই প্রতিযোগিতার অভাব হয়, যেমন বিগত মহাযুদ্ধের সময় হইয়াছিল, তখনই ভারতে কাপড়ের মূল্য অসম্ভব হারে চড়িয়া যায়, এবং ভারতীয় কলগুলি প্রচুর টাকা উপার্জ্জন করে। স্বদেশী এবং বিদেশীবম্ব বৰ্জন আন্দোলনেও ভারতীয় মিলগুলি যথেষ্ট লাভবান হইয়াছে, কিন্তু খদরের আবিভাবে এক নৃতন অবস্থার উদ্ভব হইয়াছে, অন্ত অবস্থায় কাপড়ের দাম যতট। চড়িতে পারিত, বর্ত্তমানে তাহা আর সম্ভব নহে। অবশ্য মিল-মালিকেরা ( এবং জাপানও ) জনসাধারণের থাদিপ্রীতির স্থযোগ লইয়া এক শ্রেণীর মোটা কাপড় তৈয়ারী করেন, যাহার সহিত থাদির পার্থক্য ধরা কঠিন। পুনরায় যদি কোন সম্কটকাল দেখা দেয়, যদি যুদ্ধ वाधिया विरामभीवञ्च आमानामी ना रुय, छारा रहेरल भिरलत मानिरकता ১৯১৪ সালের মত আর ক্রেতাদিগকে শোষণ করিতে পারিবে না। থাদি-আন্দোলন তাহা প্রতিরোধ করিবে এবং থদর উৎপাদনের প্রতিষ্ঠানগুলি অল্প সময়ের মধ্যেই অধিকতর বস্ত্র উৎপাদনের ব্যবস্থা করিতে পারিবে।

বর্ত্তমানে থাদি-জান্দোলনের এই সকল স্থবিধা থাকা সত্ত্বেও আমার মনে হয়, ইহা সাময়িক মধ্যবর্ত্তী ব্যবস্থামাত্র। পরে উল্লভতর অর্থ নৈতিক ব্যবস্থার মধ্যেও ইহা একপ্রকার সহায়ক শিল্পরূপে টিকিয়া থাকিতে পারে। কিন্তু ভবিয়তের মূল প্রচেঠা হইবে, ভূমিসংক্রান্ত ব্যবস্থার আমূল পরিবর্ত্তন এবং শিল্পবাণিজ্যের বিস্তার। জোডাতালি দিয়া, লক লক্ষ টাকা বামে কমিশন বসাইয়া এবং উপরের দিকে তুচ্ছ সংস্কারের পরামর্শ দিয়া কিছুমাত্র ভাল হইবে না। আমাদের ভূমিসংক্রান্ত ব্যবস্থা আমাদের চক্ষ্র সম্মুথেই ভাঙ্গিয়া পড়িতেছে, ইহা উৎপাদন, শস্তবন্টন অথবা বৃহৎ আকারে বৈজ্ঞানিক কৃষিব্যবস্থার অন্তরায় স্বরূপ। বর্ত্তমান কালের উপযোগী করিয়া ইহার আমূল পরিবর্ত্তন করিতে হইবে, সজ্ঞবদ্ধ সমবায় প্রথায় চাষ প্রবর্ত্তন করিতে হইবে, তাহাতে উৎপন্ন শস্তের পরিমাণও বাড়িবে, পরিশ্রমত কম হইবে। ক্লষিকার্য্য সকলকে কর্ম দিতে পারে না এবং বড় বড় ক্বিফেত্র প্রতিষ্ঠা হইলে ( থেমন গান্ধিজী আশন্ধা করেন) ক্বিকার্য্যে কর্মীর সংখ্যা অনেক কমিয়া ঘাইবে। অক্তান্ত সকলের মধ্যে একটা ক্ষুত্র অংশ কুটারশিল্পে আত্মনিয়োগ করিবে কিছ অবশিষ্ট বেশীর ভাগ লোককেই সমাজতান্ত্রিক বাবপ্রায় চালিত রুহৎ কার্থানা কিম্বা জনকল্যাণমূলক কার্য্যে আত্মনিয়োগ করিতে হইবে।

কোন কোন অঞ্চলে থাদি যে লোকের অন্নসংস্থান করিয়াছে, ইহা निःमत्नर, किन्न रेरात এरे माफ्तगुत मध्या विभागत आनका व तरियाह । ইহার অর্থ এই যে ইহা ধ্বংদোমুখ ভূমিদংক্রান্ত ব্যবস্থাকে ঠেকা দিয়া রাখিতে চেষ্টা করিতেছে এবং কিয়ৎপরিমাণে উৎক্লষ্টতর ব্যবস্থা প্রবর্তনের বিলম্ব ঘটাইতেছে। ইহার ফলে কোন বড় রক্ম পরিবর্ত্তন হয় নাই, কিন্তু তাহার ঝোঁক রহিয়াছে। প্রজা অথবা জমির মালিক ক্লযকেরা জমি इटेट डिप्पन कमलंत य अप्न भाष, ভाহাতে वर्खमान जाहाता य শোচনীয় অবস্থায় আসিয়া দাঁড়াইয়াছে, তাহাও আর বজায় রাখিতে পারিতেছে না। তাহাকে তাহার সামাগ্র উপার্জ্জনের সহিত আরও কিছু রোজগারের ব্যবস্থা করিতে হয়। অথবা দাধারণতঃ তাহারা যাহা করে অর্থাং ঋণ করিয়া থাজনা শোধ করিতে হয়। কাজেই অতিরিক্ত উপার্জ্জনের স্থবিধা জমিদার ও গভর্ণমেন্ট ভোগ করেন; উহ। হইতে তাঁহাদের প্রাপ্য আদায় করিয়া লন, অন্তণা তাঁহার৷ উহা করিতে পারিতেন না। যদি অতিরিক্ত রোজগার বেশ মোটা রকম হয়, তাহা হইলে উহার সহিত সমত। রক্ষা করিয়া থাজনাবৃদ্ধিরও সম্ভাবনা রহিয়াছে। বর্তমান ব্যবস্থায় ক্লযকের অতিরিক্ত শ্রমার্জিত অর্থ এবং তাহার

#### জওহরলাল নেহরু

মিতব্যমিতার ফলে পরিণামে জমিদারেরাই লাভবান হইয়া থাকেন।
আমার ষতদ্র মনে পড়ে, হেন্রি জর্জ তাঁহার "উন্নতি ও দারিদ্র"
নামক গ্রন্থে এ বিষয় আলোচনা করিয়াছেন এবং এ বিষয়ে বিশেষতঃ
আয়র্লণ্ডের অনেক দৃষ্টান্ত দিয়াছেন।

গান্ধিজীর কুটীরশিল্প পুনকজ্জীবিত করিবার চেষ্টা, তাঁহার থাদি কার্য্যেরই ব্যাপকতর ব্যবস্থা। ইহাতে আশু কিছু উপকার হইবে, ইহার কিয়দংশ অল্পবিশুর স্থায়ী কাজ; কিন্তু অধিকাংশই সাময়িক। ইহাতে বর্ত্তমান চুরবস্থার মধ্যে কুষকের কিছু স্থবিধা হইবে এবং কতকগুলি কারুণিল্প ধ্বংসের হাত হইতে রক্ষা পাইবে। কিন্তু যন্ত্র অথবা কলকারথানার विकृत्व वित्याद्यत पिक पिया देशत कान माफलात आना नाहै। কুটারশিল্প সম্পর্কে গান্ধিজী সম্প্রতি হরিজন পত্রিকায় লিথিয়াছেন,— "যেখানে কাজ বেশী অথচ লোক কম, সেখানে যন্ত্রের বাবস্থা কিন্তু ভারতের মত যেথানে কাজ অপেক্ষা লোকসংখ্যা বেশী, সেথানে উহা অনিষ্টকর। .....পল্লীবাদী লক্ষ লক্ষ লোককে কি ভাবে বিশ্রাম **८५७** शा पाप्त, जोहा जामारित नमचा नरह। जामारित नमचा এहे रा বৎসরে গড়পড়তা ছয় মাস অলস হইয়া বসিয়া থাকিতে হয়, সেই সময়টা কি ভাবে কাজে লাগান যায়।" যে সমস্ত দেশে বেকার-সমস্তা রহিয়াছে, সেই সকল দেশেই অল্পবিশুর এই আপত্তি থাটে। কিন্তু করিবার भे का का का नारे, ताय निकार जारा नार ; जानन ताय रहेन এই যে বর্ত্তমান লাভমূলক ব্যবস্থায়, মালিকেরা লোক থাটাইয়া লাভ করিতে পারিতেছে না। অথচ চারিদিকে কত কাজ করিবার রহিয়াছে—রাস্তা তৈয়ারী, জলদেচের ব্যবস্থা, আবাদ-গৃহ নিশাণ, স্বাস্থ্যকর ব্যবস্থা ও চিকিৎসার স্থবিধা বিধান, কলকার্থানা, বিজ্লী, সামাজিক ও সংস্কৃতি বিস্তার কার্য্য, শিক্ষাবিস্তার, জনসাধারণ যে निতा-প্রয়োজনীয় বস্তু পায় না, তাহার উৎপাদন ব্যবস্থা। আমাদের লক্ষ লক্ষ নরনারীর আগামী পঞ্চাশ বংসর ধরিয়া কঠোর পরিশ্রম করিবার কত কিছু আছে, তাহার ইয়তা নাই। কিন্তু লাভের লোভ ছইতে নহে, সামাজিক উন্নতির প্রেরণা হইতেই ইহা সম্ভবপর, কিমা यि लाककन्यानकत कार्या कतिवात मकत्र नहेश मभाज मञ्चवक हहेश উঠে। রুশীয় সোভিয়েট রাষ্ট্রের আর যে কোন ত্রুটিই থাকুক না কেন, এখানে কেহ বেকার নাই। আমাদের দেশে লোকে কাজের অভাবে বসিয়া থাকে না, কাজের স্থবিধা তাহারা পায় না এবং তাহাদিগকে শিক্ষা-দীক্ষায় উন্নত করিবার : কোন ব্যবস্থা নাই। অল্পবয়স্কদিগকে

শ্রমসাধ্য কর্মে নিয়োগ আইনদারা রোধ করিলে এবং একটা যুক্তিসকত নির্দিষ্ট বয়স পর্যান্ত আবিশ্রিক প্রাথমিক শিক্ষার ব্যবস্থা করিলে, মজুরীর বাজারে লক্ষ লক্ষ্য ইচ্ছুক শ্রমিক অনেকটা আসন পাইতে পারে।

চরকা ও তক্লির কার্যকেশী শক্তি বৃদ্ধি করিবার জন্ম গান্ধিজী চেষ্টা করিয়াছেন এবং কতকটা সফলকামও ইইয়াছেন। যন্ত্র ও কলকজার উৎকর্ব সাধনের চেষ্টা এবং সে চেষ্টা যদি চলিতে থাকে, (কুটারশিল্পও বৈত্যতিক শক্তি বলে চালান যায়) তাহা হইলে, জাবার সেই লাভের ইচ্ছা দেখা দিবে এবং প্রয়োজনের অতিরিক্ত পণ্য উৎপাদন সমস্তা ও বেকার-সমস্তাও দেখা দিবে। কুটারশিল্পের মধ্যে আধুনিক শিল্পকৌশল প্রবর্ত্তন না করিলে আমাদের প্রয়োজনীয় ও পছন্দ মত পণ্য উহাদারা প্রস্তুত হইবার সন্তাবনা নাই। কলের সহিত উহা প্রতিযোগিতা করিতেও পারে না। আমাদের দেশে বৃহত্তর কল-কারগানাগুলির কাজ বদ্ধ করা সন্তব দি না এবং উচিত কি না? গান্ধিজী পুনঃ পুনঃ বলিয়াছেন, কলকজ্ঞা মাত্রেরই তিনি বিরোধী নহেন; তবে তিনি সম্ভবতঃ বিবেচনা করেন যে বর্ত্তমান ভারতে উহার প্রয়োজন নাই। কিন্তু আমরা কি লোহ ও হম্পাতের মত মূল শিল্পের কারথানাগুলি এবং অলাল ছোটখাট কারথানাগুলি বন্ধ করিয়া দিতে পারি?

তাহা আমাদের সাধ্যাতীত সন্দেহ নাই। যদি আমাদের রেলওয়ে, সেতু, যানবাহনের স্থবিধা প্রভৃতির প্রয়োজন থাকে, তাহা হইলে হয় সেগুলি আমাদের নিজেদের প্রস্তুত করিতে হইবে নয় তাহার জন্ত অপরের উপর নির্ভর করিতে হইবে। যদি আমাদিগকে দেশরক্ষার ব্যবস্থা করিতে হয়, তাহা হইলে মূল শিল্পগুলির প্রয়োজন ত হইবেই, তাহা ছাড়া কল-কারখানার প্রভৃত উন্নতি করিতে হইবে। যে কোন মূল শিল্প-প্রতিষ্ঠানের সহকারী ও পরিপুরক হিসাবে অক্যান্ত কারখানার প্রস্তুত্ত করিতে হইবে। যে কোন মূল শিল্প-প্রতিষ্ঠানের সহকারী ও পরিপুরক হিসাবে অক্যান্ত কারখানার প্রস্তুত্তর কারখানাও স্থাপন করিতে হইবে। যদি এই প্রকার মূল শিল্পের কারখানাও স্থাপন করিতে হইবে। যদি এই প্রকার মূল শিল্পের কারখানাও স্থাপন করিতে হইবে। যদি এই প্রকার মূল শিল্পের কারখানা চলিতে থাকে, তাহা হইলে ছোট ছোট কারখানাও বিস্তার লাভ করিবেই। কলকারখানার বিস্তার বন্ধ হইতে পারে না; কেন না ইহার সহিত আমাদের আর্থিক ও সভ্যতার উন্নতি জড়িত এবং আমাদের স্থাধীনতাও উহার উপর নির্ভর করিতেছে। যতই বৃহৎ শিল্প-প্রতিষ্ঠান বিস্তৃতিলাভ করিবে, ততই সামান্ত আকারের ফুটীরশিল্পের তাহার সহিত প্রতিযোগিতা করা কর্মিন হইয়া পড়িবে।

#### জওহরলাল নেহরু

সমাজতান্ত্রিক ব্যবস্থায় কোন আকারে উহা টিকিয়া থাকিতে পারে; কিন্তু ধনতান্ত্রিক ব্যবস্থায় তাহা সম্ভবপর নহে। সমাজতান্ত্রিক ব্যবস্থাতেও যে সকল দ্রব্য অধিক সংখ্যায় কলে প্রস্তুত করা সম্ভব নহে, কুটারশিল্প সেই সকল বিশেষ কারুকার্য্যের ভার লইবে।

কোন কোন কংগ্রেদ নেতা যন্ত্রশিল্পের নামে আতহ্বপ্ত হন এবং মনে করেন যে বর্ত্তমানে শিল্পবাণিজ্যে উন্নত দেশগুলিতে যে অশান্তি দেখা দিয়াছে তাহার কারণ কলকারথানায় ক্রত এবং পাইকারী ভাবে পণ্যোৎপাদন। প্রকৃত অবস্থা সম্পর্কে ইহা অত্যন্ত ভূল ধারণা \*। জনসাধারণ যে সকল বস্তু পায় না, তাহা তাহাদের জন্ম প্রচুর পরিমাণে উৎপন্ন করা কি মন্দ? প্রচুর পণ্য উৎপাদন করা অপেক্ষা তাহারা অভাবের মধেই থাকুক, ইহাই কি কাম্য দােষ উৎপাদন প্রণালীর মধ্যে নহে, বন্টন ব্যবস্থার নির্কোধ সম্পূর্ণতাই উহার জন্ম দায়ী।

গ্রাম্য শিল্পের উৎসাহ-দাতাদের সম্মুথে আর এক বিদ্ব যে আমাদের কৃষি জগতের বাজারের উপর নির্ভরশীল। জগতের বাজারদরের উপর নির্ভরশীল। জগতের বাজারদরের উপর নির্ভর করিয়া কৃষকদিগকে অর্থকরী কৃষিপণ্য বাধ্য হইয়া উৎপাদন করিতে হয়। পণ্য মূল্যের তারতম্য ঘটিলেও তাহাকে নগদ টাকায় নির্দিষ্ট থাজনা ও ট্যাক্স জোগাইতে হয়। এই টাকা যে কোন প্রকারে হউক তাহাকে জোগাড় করিতে হইবে অথবা অন্ততঃপক্ষে সে চেষ্টা করিতে হইবে এবং এই কারণেই যে ফসলে সর্ব্বোচ্চ মূল্য পাওয়া ্যাইবে বলিয়া তাহার বিশাস সে তাহাই বপন করে। এমন কি, যে ফসলে তাহার পারিবারিক থাদেরর সংস্থান হইবে, তাহা সে ইচ্ছা থাকিলেও উৎপন্ন করিতে পারে না।

অধুনা কয়বংসরে থাদ্য শশ্য ও অন্তান্ত ক্ষিপণ্যের মূল্য কমিরা
যাওয়ায় লক্ষ লক্ষ কৃষক, বিশেষভাবে যুক্তপ্রদেশ ও বিহারে ইক্ষর
আবাদে প্রবৃত্ত হইয়াছে। চিনির উপর সংরক্ষণ শুল্ক স্থাপিত হওয়ায়
আনেক চিনির কল ব্যাক্ষের ছাতার মত গজাইয়া উঠিয়াছে, কাজেই
ইক্ষর চাহিদা আছে। কিন্তু শীদ্রই উৎপন্ন ইক্ষুর পরিমাণ চাহিদার
অতিরক্তি হইয়া পড়িল, কলের মালিকেরা নিষ্ঠুর ভাবে কৃষকদের শোষণ
করিতে লাগিল, ইক্ষুর মূল্য পড়িয়া গেল।

শ সরদার বলভভাই পাটেল ১৯৩৫-এর তরা জামুয়ারী আহাম্মদাবাদে এক বড়তায় বলিয়াছেন, "গ্রাম্য-শিলের উন্নতি সাধনই প্রকৃত সমাজতন্ত্রবাদ। পাশ্চাতাদেশে বপুল ভাবে পণ্য উৎপাদনের ফলে যে বিপর্যান্ত অবস্থার উদ্ভব হইয়াছে, আমরা আমাদের দেশে তাহার পুনরভিনয় করিতে চাহিনা।"

এই দকল বিষয় ও অন্তান্ত বহুতর বিষয় বিবেচনা করিয়া আমার মনে হইতেছে কোন দকীর্ণ বাগাধরা পথে আমাদের ক্লবি ও শিল্পের দমস্যাগুলি দমাধানের দজাবনা নাই এবং তাহা আকাজ্জারও নহে। ইহা আমাদের জাতীয় জীবনের প্রত্যেক অবস্থার উপর প্রতিক্রিয়া স্বাষ্টি করিবে। অর্থহীন ভাবুকরোর বুলি আওড়াইয়া আমরা পরিবাণ পাইব না, আমাদিগকে ঘটনাবলীর দল্প্থীন হইতে হইবে, এবং ঐগুলির সহিত নিজেদের দামঞ্জ্ঞা বিধান করিতে হইবে, যাহাতে আমরা ইতিহাসের নিয়ামক হইতে পারি, যেন উহারদ্বারা অসহায় ভাবে নিয়ন্তিত না হই।

স্ববিরোধিতার মূর্ত্ত প্রতীক গান্ধিজীর \* কথা মাবার আমার মনে পড়িল। তাঁহার এত তীক্ষবুদ্ধি, পদদলিত ও নির্ধাতিতের অবস্থার উন্নতিকল্পে এত আগ্রহ, তিনি কেন এই ব্যবস্থা করেন, যাহা আমাদের চক্ষুর সম্মুথেই ভাঙ্গিয়া পড়িতেছে, ঘাহা বর্ত্তমানের তুংথ ও অপচয়ের মন্ত্রী ? তিনি পথ খুজিতেছেন, সতা কথা, কিন্তু অতীতে ফিরিয়া যাইবার পথ কি চির্দিনের মত অবরুদ্ধ নহে? এবং সঙ্গে সঙ্গে তিনি অগ্রগতির অন্তরায়ত্বরূপ দভায়মান প্রাচীন ব্যবস্থার প্রত্যেকটি নিদর্শনের কল্যাণ কামনা করিতেছেন—সামস্ততান্ত্রিক রাষ্ট্র, वृहर जिमाती ७ जानुकनाती এवः वर्खमान धनजाञ्चिक अथा। এकजन ব্যক্তির হতে অবাধ ক্ষমতা ও ঐশ্বর্যা দিয়া প্রত্যাশা কবিতে হইবে যে, দে উহা কেবলমাত্র জনসাধারণের কল্যাণেই নিয়োগ করিবে, এইরূপ অছি বা অভিভাবক প্রথার উপর বিশ্বাস করা কি যুক্তিসঙ্গত? আমাদের মধ্যে থাহারা শ্রেষ্ঠ তাঁহারা কি এত নিথুতি যে এই ভাবে বিখাস কবা যাইতে পারে? এমন কি প্লেটো-কল্পিত দার্শনিক রাজারাও এইরূপ ভার মর্যাদার সহিত বহন করিতে পারেন নাই। একজন দয়ালু অতিমানবের অধীনে থাকাই কি লোকের পঞ্চে কল্যাণকর?

<sup>\*</sup> ১৯০১-এ গোলটেবিল বৈঠকের একটি বক্তবায় পান্ধিকী বলিরাছেন, "সর্বোপরি কংগ্রেস মূলতঃ লক্ষ কোটি মূক অদ্ধাশনস্থিত জনসাধারণের প্রতিনিধি, যাহারা ব্রিটিশ-ভারত অথবা ভারতীয় ভারতের (দেশীয় রাজ্য) সাতলক্ষ গ্রামে, ভারতের একপ্রান্ত হুইতে এপর প্রান্ত পর্যন্ত হুড়াইয়া থাছে। প্রত্যেক্টি কর্থ, যাহা কংগ্রেসের মতে রক্ষা করা উচিত, তাহার ত্বান মুক কন্সাধারণের স্বার্থের নিম্নে; আপনারা প্রায়ই যে বিভিন্ন স্বার্থের সংঘাত দেখিতে পান, তাহার মধ্যে যদিকোন প্রকৃত সংঘর্গ উপন্থিত হয়, তাহা হুইলে কংগ্রেসের পক্ষ হুইতে আমি নিঃসন্দেহে বলিতে পারি যে লক্ষ লক্ষ মূক জনসাধারণের স্বার্থের নিক্ট কংগ্রেস অভান্ত সমুদ্য স্বার্থ বলি দিবে।"

## ज उर्जनान (नर्ज

কিন্তু অতি-মানবও নাই, দার্শনিক রাজাও নাই, সকলেই ত্র্বল মানব, সকলেই নিজের ব্যক্তিগত স্বার্থ বা স্ব স্ব ধারণাহ্যায়ী কার্য্যই সর্বসাধারণের কল্যাণ, ইহা চিন্তা না করিয়া পারে না। জন্ম, পদমর্য্যাদাও অর্থ নৈতিক শক্তির গতাহুগতিকতাকে চিরস্থায়ী করিবার চেষ্টা চলিতেছে এবং তাহার ফল অনেকদিক দিয়াই শোচনীয় হইয়াছে।

আমি পুনরায় বলিতেছি, কি উপায়ে পরিবর্ত্তন সম্ভব, পথের বাধাগুলি কিসে অপসারিত হইতে পারে, বলপ্রয়োগে বাধ্য করা না হাদয়ের পরিবর্ত্তন, হিংসা অথবা অহিংসা, এই সকল প্রশ্ন বর্ত্তমান মৃহুর্ত্তে আমি বিচারে প্রবৃত্ত হই নাই। এ বিষয়ে আমি পরে আলোচনা করিব। কিস্তু পরিবর্ত্তনের প্রয়োজন স্বীকার করিতে হইবে এবং উহা স্পষ্ট করিয়া বলা আবশ্যক। যদি নেতা ও চিস্তাশীল ব্যক্তিরা ইহাকে স্পষ্টভাবে না দেখেন এবং ব্যক্ত না করেন, তাহা হইলে তাঁহারা অপরকে স্বমতে আনয়ন করিবার প্রত্যাশা কিরপে করিবেন অথবা অত্যাবশ্যক মতবাদ কি ভাবে জনসাধারণের মধ্যে বিকশিত করিয়া তুলিবেন? অবশু ঘটনাই স্ব্রাপেক্ষা শক্তিমান শিক্ষক, কিন্তু ঘটনারও কার্য্য কারণ ও ফল সম্যকরপে অম্বধাবন ও বিশ্লেষণ করিয়া দেখাইতে হইবে, যাহার ফলে কর্মধারা সম্যক পথে নিয়ন্ত্রিত করা সম্ভব হইবে।

चामात्र कथावार्खाय रिर्पा शातारेया चामात्र चरनक वक्कं ७ महकर्यी প্রশ্ন করিয়াছেন, তুমি কি দয়ালু নূপতি, দাতা জমিদার এবং উদারহাদয় বিনয়ী ধনী দেখ নাই ? নিশ্চয়ই দেখিয়াছি। যে শ্রেণীর মধ্যে আমার জন্ম, তাঁহারা ঐ সকল বড় জমিদার ও ধনীদের সহিত মেলামেশা করিয়া থাকেন। আমি নিজেই একজন খাঁটি বুর্জ্জোয়া, বুর্জ্জোয়া পারিপাশ্বিক অবস্থার মধ্যে লালিত পালিত হইয়াছি এবং উহা হইতেই আমার প্রথম জীবনের সংস্কারগুলি গঠিত হইয়াছে। কম্যনিষ্টগণ যে আমাকে 'পেটি বুর্জ্জোয়া' বলেন তাহা সর্ববাংশে সত্য। সম্ভবতঃ এখন তাঁহারা আমাকে 'অহতপ্ত বুর্জ্জোয়া' বলিয়া অভিহিত করিতে পারেন। কিন্তু আমি যাহাই হই, এখানে তাহা বিচার্য্য বিষয়ের বহিভৃতি। একজন ব্যক্তির মাপকাঠিতে জাতীয়, আন্তৰ্জাতিক, অৰ্থ নৈতিক বা সামাজিক সমস্তাগুলি বিবেচনা করা অযৌক্তিক। যে সকল বন্ধু আমাকে প্রশ্ন করেন, তাঁহারা বারম্বার একথা শুনাইতে ভূলেন না যে আমাদের কলহ পাপকে লইয়া, পাপীকে লইয়া নহে। আমি অতদূরও অগ্রসর হইতে চাহি না। আমি বলি, আমার কলহ একটা বিশেষ ব্যবস্থার সহিত, কোন ব্যক্তির সহিত নছে। অবশ্য এই ব্যবস্থা ব্যক্তি বা গোষ্ঠীকে আশ্রয় করিয়াই রূপ গ্রহণ

করিয়াছে এবং এই সকল ব্যক্তি বা গোষ্ঠীকে হয় স্বমতে আনিতে হইবে অথবা ইহাদের সহিত সংগ্রাম করিতে হইবে। যদি কোন ব্যবস্থার প্রয়োজন অবসান হইনা তাহা ভারস্বরূপ হইয়া উঠে, তাহা হইলে উহা বর্জ্জন করিতে হইবে এবং যে সকল শ্রেণী বা গোষ্ঠা ঐ ব্যবস্থার সহিত জড়িত, তাহাদের পরিবর্ত্তন সাধন করিতে হইবে। যথাসপ্তব কম ক্লেশ ও হংখ দ্বারাই পরিবর্ত্তন স্থান উচিত, কিন্তু হুর্ভাগ্যক্রমে হংখ ও বিশৃন্ধলা অনিবার্য্য। কোন ক্ষুদ্র অভ্যায়ের ভয়ে আমরা বৃহত্তর অভ্যায়কে সহ্ করিতে পারি না; কতকগুলি ক্ষুদ্র ক্ষ্মায়ের প্রতিকার অবশ্র আমাদের আয়তের বাহিরেই থাকিয়া যাইবে।

রাজনৈতিক, সামাজিক অথবা অর্থ নৈতিক মান্ন্যের স্ট প্রত্যেক প্রকার সজ্যের পণ্চাতে একটা তত্ত্ব রহিয়াছে। যথন সজ্যের পরিবর্ত্তন হয় তথন উহার সহিত সামঞ্জ্যরক্ষা করিবার জন্ম এবং উহাকে স্থপরিচালিত করিবার জন্ম নাশনিক তত্ত্বের ভিভির্ত্ত পরিবর্ত্তন আবশ্যক। কিন্তু ঘটনার সহিত তত্ত্ব সমানতালে চলিতে পারে না, ইহার ফলেই অশাস্তি দেখা দেয়। উনবিংশ শতান্দীতে গণতন্ত্র ও ধনতন্ত্র পাশাপাশি বন্ধিত হইয়াছে, কিন্তু একের সহিত অপরের প্রকৃতিগত ঐক্য নাই। উভ্রের মধ্যে মূলেই বিরোধিতা রহিয়াছে, কেন না গণতন্ত্র অধিকাংশের হাতে ক্ষমতা দিবার দাবী করে, আর ধনতন্ত্র প্রকৃত ক্ষমতা মৃষ্টিমেয় ব্যক্তির হাতে রাখিতে চাহে। অসামঞ্জ্যুল লইয়াও এই তুইটি কোন প্রকারে কাজ চালাইতেছে, কেন না রাজনৈতিক পার্লামেটি গণতন্ত্র একপ্রকার সীমাবন্ধ গণতন্ত্র মাত্র, একচেটিয়া অধিকারের বিস্তার এবং ক্ষমতা কেন্দ্রীভূত করিবার চেষ্টার উপর ইহা হস্তক্ষেপ করে না।

কিন্তু তৎসত্ত্বেও গণতন্ত্রের ভাব প্রসারলাভ করার ফলে বিচ্ছেদ্
শনিবার্য্য ও আসন। পার্লামেন্টি গণতন্ত্রের আজকাল কেহ প্রশংসা করে
না এবং উহার প্রতিক্রিয়ার ফলে নানাবিধ মতবাদে আকাশ বাতাস
ধ্বনিত। এই কারণেই ভারতে ব্রিটিশ গভর্ণমেন্ট অধিকতর প্রতিক্রিয়াশীল
হইয়া উঠিয়াছেন এবং ঐ ধ্যা ধরিয়া আমাদিগকে রাজনৈতিক স্বাধীনতার
একটা বাহ্য কাঠামো দিতেও অনিচ্ছুক। আশ্চর্য্য এই, দেখাদেখি ভারতীয়
রাজারাও তাঁহাদের অবাধ স্বৈরাচার ঐ যুক্তি ঘারাই সমর্থন করেন এবং
দম্ভভরে ঘোষণা করেন যে, জগতের আর কোথাও না থাকিলেও, তাঁহাদের
রাজ্যে মধ্যযুগীয় ব্যবস্থাই বলবৎ রাখিবেন। \*

<sup>\*</sup> ১৯৩৫-এর ২২শে জামুয়ারী দিলীতে নরেক্র-মণ্ডলে চ্যান্সেলর পাতিয়ালার মহারাজা, বিচ্ছতাপ্রসঙ্গে, বাঁছারা বুক্তরাষ্ট্রের পক্ষপাতী এবং আশা করেন উহার ফলে এমন অবস্থার

## ज ওহরলাল নেহর

অধিকদ্র অগ্রসর হইয়াছে বলিয়া পার্লামেণ্টি গণতন্ত্র ব্যর্থ হয় নাই, অগ্রসর না হওয়াতেই ইহা ব্যর্থ হইয়াছে। ইহাতে অর্থ নৈতিক গণতন্ত্র নাই বলিয়া ইহা সম্পূর্ণ গণতান্ত্রিক নহে এবং ইহার ধীর মন্থর জটিল ব্যবস্থা এই ক্রত পরিবর্ত্তনের যুগের অন্তপ্যোগী।

সম্ভবতঃ বর্ত্তমানে দেশীয় রাজ্যগুলি জগতে স্বৈর্থাসনের প্রকৃষ্টতম দৃষ্টাস্ত। অবশ্য এইগুলি সর্ব্বদাই ব্রিটিশ কর্ত্ত্বের অধীন, কিন্তু ব্রিটিশ গতর্গমেন্ট, ব্রিটিশ স্বার্থরক্ষা অথবা উহার প্রসার সাধন ছাড়া বড় হস্তক্ষেপ করেন না, অতীত কালের এই সকল সামস্ততাম্বিক রাষ্ট্র চারিদিকে বৈদেশিক শাসন দ্বারা বেষ্টিত হইরাও, প্রায় অপরিবত্তিত অবস্থায় কি ভাবে বিংশশতাব্দীর মধ্যভাগেও বিরাজিত রহিয়াছে, তাহা ভাবিলে বিশ্বিত হইতে হয়। যেখানে বাতাস ভারাক্রান্ত ও কদ্ধখাস, জল মন্বর গতিতে বহে; পরিবর্ত্তন ও গতিতে অভ্যন্ত নবাগত কেহ এখানে আসিলে উহার মধ্যে সম্ভবতঃ ক্লান্ত হইয়া উঠে, অবসাদ বোধ করে এবং এক মোহ তন্ত্রা তাহাকে আচ্ছন্ন করিয়া ফেলে। এখানে কিছুই বাস্তব বলিয়া মনে হয় না, সময় যেন চিত্রার্পিতবং স্থির এবং একই অপরিবন্ত্রিত দৃশ্য চোথে পড়ে। প্রায় অজ্ঞাতসারে তাহার মন স্বতীতে ভাসিয়া যায়, শৈশবের স্বপ্প মনে পড়ে,—মনে পড়ে মণিময়

সৃষ্টি হুটবে, যাহার ফলে দেশীয় নুপতিরাও ভাহাদের রাজ্যে গণতান্ত্রিক শাসমপ্রণালী স্থাপন করিতে বাধা হউবেন, সেই সকল ভারতীয় রাছনৈতিকের অভিমত উল্লেখ করেন। প্রসঞ্চতঃ তিনি বলেন, "ভারতীয় নুশতিরা তাঁহাদের প্রজাবনের পক্ষে বাহা দর্কোংকুই, তাহা করিতে সর্বনাই প্রস্তুত এবং সময়োপ্যোগী বাবস্থা অবলম্বন ক্রিতে তাঁহারা সর্বনাই আগ্রহানিত। কিন্তু আমরা স্পষ্ট করিয়া বলিব ধুদি ব্রিটিশ গারত প্রত্যাশা করে যে আমরা আমাদের সর্বাক্তফলর রাষ্ট্রীয় ব্যবস্থার মধ্যে তাহারা নিন্দিত ও পরিত্যক্ত কোন প্রকার রাজনৈতিক মতবাদ চকাইয়া দিতে পারিবে, তবে দে প্রত্যাশা থাকাশক্ষম মাত্র" (৬০ অধ্যায়ে মহীশুরের দেওয়ানের বক্ততা দুইবা।) ঐ দিনই নরেন্দ্রমণ্ডলে বক্ততাপ্রসঙ্গে বিকানীরের মহারাজা বলেন, "ভারতীয় দেশীয় রাজ্যের শাদকগণ আমরা, ভাগ্যবান রাজ্যেখর হই নাই। আমি আপনাদের নিকট সর্বভাবে বলিব, আমরা বহু শতাকীর বংশাফুক্রমিক গুণে, শাসনক্ষমতা উত্তরাধিকারস্থরে প্রাপ্ত হইয়াছি: এবং আমি বিখাদ করি আমাদের রাজনৈতিক অভিজ্ঞতাও কিছু আছে, ভয়ে আমরা বিক্ষিপ্ত না হইয়া পড়ি অথবা সহসা কোন সিদ্ধান্ত না করিয়া বসি, দেদিকে আমাদের যথাসাধ্য সাবধানতা এবলম্বন করিতে হইবে। •••• আমি বিনয়সহকারে বলিব, কাহারও ছারা নিজেদের বিনষ্ট হইতে দিবার অভিপ্রায় নুপতিবুন্দের নাই এবং ছুর্ভাগ্যক্রমে যদি সে দমর আদে, যথন ব্রিটশ-মুক্ট আর আমাদের দল্পির দর্ভাতুবারী, প্রব্রোজনমত আঞ্রর দিয়া রক্ষা করিতে পারিবেন না, তখন রাজস্তুবল শেষ পর্যান্ত যুক্ত क्रियारे मित्रवन।"

উষ্টীষধারী অন্ধ ও বর্মে স্থানজ্জিত বীর, স্থাননী নির্ভীক রাজকন্তার কথা,
—উচ্চগম্বজনণ্ডিত রহস্তামর প্রানাদ এবং বীরত্বগাথা। মনে পড়ে আত্মর্য্যাদা
ও আত্মাভিমানের অক্তের ধারণা এবং অতুলনীয় সাহস এবং মৃত্যুর
প্রতি ক্রম্পেহীন অবজ্ঞা। বিশেষভাবে সে যদি অলৌকিক বীরত্বের
ও নিক্ষল ও অসম্ভব কাহিনীপূর্ণ রহস্তোর লীলাভ্মি রাজপুতানায় যায়।

কিন্তু অবিলয়েই স্বপ্ন ভাঙ্গিয়া যায়,—নির্যাতনের অন্তভৃতি ফিরিয়া আদে; ইহার আবহা-গয়া অবরুদ্ধ, শ্বাসরোধ হইবার উপক্রম হয় এবং নিম্নে জলপ্রোত নিস্তর্ধ অথবা মন্দর্গতি হইলেও, তাহার মধ্যে বদ্ধ জলের পদ্ধিনতা। প্রত্যেকে নিজের চারিদিকে গভীর সন্ধীর্ণতা অন্তভব করে, দেহ ও মন যেন শৃথানিত। নৃপতির ঐশ্বয়ের আড়ম্বরপূর্ণ প্রান্যদের উজ্জল্যের পার্গেই লোকে দেখে জনসাধারণ কি অপরিসাম দারিন্দ্র ও অধঃপতনের মধ্যে বাস করিতেছে। রাজ্যের সমস্ত ঐশ্বর্য্য আসিয়া নূপতির ব্যক্তিগত ভোগবিলাদের জন্ম সেই প্রাসাদে জমা হইতেছে; তাহার কতটুক্ অংশ জনহিতকর কার্য্যের জন্ম লোকে ফিরিয়া পায়! আমাদের নূপতিদিগকে স্বষ্টি করা এবং ভরণপোষণ করা অতি ভয়াবহ রূপে ব্যরবহুল। তাহাদের জন্ম এত অধিক ব্যয়ভ্ষণের বিনিমতে ভাহারা কি দিয়া থাকে?

এই সকল দেশীয় রাজ্য এক রহস্ত যবনিবায় আবৃত। সংবাদপত্ত এখানে প্রশ্রেষ পায় না, বড় জোর সাহিত্য বিষয়ক অথবা আধা-সরকারী সাপ্তাহিক পত্র চলিতে পারে। বাহিরের সংবাদপত্র প্রায়ই বন্ধ করিয়া দেওয়া হয়। ত্রিবান্ধোর, কোচীন প্রভৃতি দাক্ষিণাতোর কয়েকটি দেশীয় রাজ্য ছাড়া (এখানে ব্রিটিশ-ভারত অপেক্ষাও শিক্ষিতের হার অধিক) অন্তান্ত রাণ্ট্রে শিক্ষিতের সংখ্যা অতিমাত্রায় অল্প। দেশীয় রাজ্যের সর্বপ্রধান সংবাদ হইল, বড়লাটের আগমন এবং তত্পলক্ষো শোভাযাত্রা সাজ-সজ্জার আড়ম্বর, দরবারের জাঁকজমক এবং পরস্পরের প্রশংসামূলক বক্তৃতা অথবা বিবাহোৎসবের অনাবশ্রক ব্যয়বাহুলা, অথবা রাজাং জন্মদিনের উৎসব, কিংবা প্রজা-বিদ্রোহ। রাজাদিগকে সমালোচনা হইতে রক্ষা করিবার জন্ত বিশেষ আইন আছে, এমন কি ব্রিটিশ ভারতেও তাহা বিভামান, রাজ্যের অভ্যন্তরে অবশ্র অতি মৃত্ সমালোচনাও কঠোর হত্তে দমন করা হইয়া থাকে। সাধারণ জনসভার কথা দেওয়া হয় \*

<sup>\*</sup> ১৯৩৪-এর ৩রা অক্টোবরের সংবাদপতে প্রকাশিত হায়দ্রাবাদের একটি সংবাদে প্রকাশ, "স্থানীয় বিবেকবর্জিনী নাট্যনঞ্চে মহাস্থা গান্ধীর জন্মতিথি উপলক্ষ্যে একটি

#### জওহরলাল নেহর

বাহিরের প্রধান জননায়কদিগকে প্রায়ই রাজ্যের মধ্যে প্রবেশ করিতে দেওয়া হয় না। ১৯২২ সালে মি: সি, আর, দাশ গুরুতর পীড়ার পর কাশীরে বায়্পরিবর্ত্তনে যাইবার সিদ্ধান্ত করেন। তাঁহার কোন রাজনৈতিক অভিপ্রায় ছিল না। তিনি কাশীরের সীমান্তে উপস্থিত হইলে তাঁহার গতিরোধ করা হয়। এমন কি মি: এম, এ, জিয়াও হায়ন্তাবাদে প্রবেশাধিকার হইতে বঞ্চিত; শ্রীযুক্তা সরোজিনী নাইডুর বাড়ী হায়ন্তাবাদ সহরে হইলেও, দীর্ঘকাল তাঁহাকে সেখানে প্রবেশের অন্থমতি দেওয়া হয় নাই।

দেশীয় রাজ্যগুলির এই অবস্থায় কংগ্রেদের কর্ত্তব্য ছিল, তত্তত্য প্রজারন্দের মৌলিক সাধারণ অধিকারলাভের চেষ্টা করা এবং উহা অপহরণ করার সমালোচনা করা। কিন্তু দেশীয় রাজ্য সম্পর্কে গান্ধিজী এক অভিনব নীতি কংগ্রেসে প্রবর্ত্তন করিলেন—"দেশীয় রাজ্যগুলির আভ্যম্ভরীণ শাসন ব্যাপারে কোন প্রকার হস্তক্ষেপ না করা।" রাজ্যে অত্যস্ত বেদনাজনক ঘটনা সত্ত্বেও, এমন কি কংগ্রেসের উপর অহেতুক আক্রমণ সত্তেও তিনি এই চুপচাপ থাকিবার নীতি আঁকড়িয়া থাকিলেন। বুঝা গেল কংগ্রেসের সমালোচনায় দেশীয় নূপতি ও শাসকগণ ক্রন্ধ হইতে পারেন এবং তাহাতে তাঁহাদিগকে স্বপক্ষে আনয়ন অধিকতর কঠিন হইবে এই আশঙ্কা ছিল। দেশীয় রাজ্যের প্রজা সমিতির সভাপতি মি: এন, সি, কেলকারের নিকট ১৯৩৪-এর জুলাই মাসে গান্ধিজী যে পত্র লেথেন তাহাতে তিনি তাঁহার পূর্ব্ব মত সমর্থন করিয়া বলেন, হস্তক্ষেপ না করার নীতি অভ্রাস্ত ও যুক্তিযুক্ত; এবং দেশীয় রাজ্যগুলির আইনতঃ ও নিয়মতন্ত্রগত ক্ষমতা সম্পর্কে তিনি যে অভিমত ব্যক্ত করিয়াছেন তাহা অতিশয় চমকপ্রদ। তিনি লিথিয়াছেন, "দেশীয় রাজ্যগুলির ব্রিটিশ আইনের অধীনে স্বতন্ত্র স্বাধীন সতা রহিয়াছে। ভারতের যে অংশ ব্রিটিশ বলিয়া কথিত হয় সেই

সাধারণ সভা হওয়ার কথা ছিল, কিন্ত তাহা হয় নাই। হায়দ্রাবাদের হরিজন সেবক সজ্ব এই সভার উল্লোগে ছিলেন। সঁজ্বের সম্পাদক সংবাদপত্তে এক পত্র লিখিয়া জানাইয়াছেন যে, সভারভের নিদিট্ট সময়ের চবিবশ ঘণ্টা পূর্বে কর্তৃপক্ষ জানান যে নিম্নলিখিত সর্প্তে করার অনুমতি দেওয়া যাইতে পারে বে, ছই হাজার টাকা নগদ জামীন স্বরূপ দিতে হইবে এবং লিখিত প্রতিশ্রুতি দিতে হইবে যে সভায় কোন রাজনৈতিক বক্ত তা হইবে না, সরকারী কর্ম্মসারীদের কোন সরকারী কাজের স্মালোচনা হইতে পারিবে না। সভার উল্লোক্তাদের পক্ষে নিষ্কারিত সময়ের মধ্যে কর্তৃপক্ষের সহিত্যব্যাপড়া করা অসম্ভব বলিয়াসভা বন্ধ করিতে হইয়াছে।"

## স্ববিরোধিতা

আংশের যেমন সিংহল বা আফগানিস্থানের উপর কোন ক্ষমতা নাই, তেমনি দেশীয় রাজ্যের শাসননীতি নির্ণয়ের কোন অধিকার নাই।" নরমপন্থী দেশীয় রাজ্যের প্রজা সম্মেলন এবং লিবারেলগণ যে গান্ধিজীর এই উক্তি ও পরামর্শে ব্যথিত হইবেন, ইহাতে আর আশ্চর্যা কি?

কিন্তু দেশীয় রাজ্যের শাসকণণ এই মতবাদে সন্তুষ্ট হইলেন এবং ইহার সম্পূর্ণ স্বযোগ গহণ করিলেন। এক মাসের মধ্যেই ত্রিবাঞ্চর দরবার তাঁহাদের এলাকার মধ্যে কংগ্রেস বে-আইনী বলিয়া ঘোষণা এবং উহার সভাসমিতি ও সদস্তসংগ্রহ বন্ধ করিয়া দিলেন। তাঁহারা বোষণা করিলেন, "দায়িত্বজ্ঞানসম্পন্ন নেতারাই এইরূপ করিবার উপদেশ দিয়াছেন—ইহা যে গান্ধিজীর বিবৃত্তির প্রতি ইঞ্চিত মাত্র, তাহা বুঝিতে বিলম্ব হয় না। ইহা উল্লেখযোগ্য যে ব্রিটিশ ভারতে নিরুপত্রব প্রতিরোধ নাতি বর্জিত হওয়ার পর (দেশীয় রাজ্যগুলিতে আইন অমান্ত আন্দোলন হয় নাই) এবং ভারত সরকার পুনরায় বৈধ প্রতিষ্ঠানরূপে স্বীকৃত হওযার পর এই নিষেধাক্ষা ভাচারিত इरेग्नां ছिल। रेरां अ वित्यवाद लका कतिवात विश्व त्य 🔄 कारल স্থার দি, পি, রঙ্গস্বামী আয়ার ত্রিবাঙ্কর দরবারের প্রধান রাজনৈতিক উপদেষ্টা ছিলেন (এখনও আছেন)। ইনি পূর্ণেক কংগ্রেদ ও হোমকল-লীগের সাধারণ সম্পাদক ছিলেন, পরে লিবারেল বা মডারেট হন এবং ভারত-গভর্ণমেণ্ট ও মাস্ত্রাজ-গভর্ণমেণ্টের অধীনে উচ্চপদে নিযুক্ত হইয়াছিলেন।

গান্ধিন্দীর পরামশান্থায়ী কংগ্রেসের নীতি অফুসারে, সাধারণ অবস্থাতেও 
ত্রিবান্ধ্র দরবারের কংগ্রেসের প্রতি এই অহেতুক আক্রমণের বিরুদ্ধে 
একটি কথাও বলা হইল না। \* কোন কোন লিবারেল পর্যান্ত ইহার 
তীব্র প্রতিবাদ করিলেন। ইহা সত্য যে দেশীয়রাজ্য সম্পর্কে গান্ধিজীর নীতি 
লিবারেলদের অপেক্ষাও সংযত ও নরমপন্থী। সম্ভবতঃ প্রধান জননায়কদের 
মধ্যে একমাত্র পণ্ডিত মদনমোহন মালবাই (তাঁহার সহিত বহু দেশীয় 
নুপতির ঘনিষ্ঠ অন্তরন্ধতা আছে) অন্তর্গ সংযত এবং যাহাতে দেশীয় 
নুপতিদের মনে কোনরূপ অসন্তোষের উদয় না হয়, সেজন্ত তিনি 
সত্তই যত্বান থাকেন।

<sup>\*</sup> ১৯৩৫ সালের ৬ই জানুয়ারী বরোদায় এক বস্তুতা প্রসঙ্গে সরদার বল্পভাই পাটেল নিরপেক্ষতার নীতির উপর জোর দিয়া বলেন,—"ভারতীয় রাজ্যগুলির কর্মীদিগকে দেশীয় রাজ্যের নিয়নকানুন মানিয়াই কাল করিতে হইবে এবং শাসনপ্রণালীর সমালোচনার পরিবের্জে বাহাতে শাসক ও শাসিতের মধ্যে সন্তাব থাকে সেই চেটাই করা উচিত ।"

#### জওহরলাল নেহরু

দেশীয় নৃপতিবৃন্ধ সম্পর্কে গান্ধিজী সর্ক্রদাই অন্থন্ধপ সাবধানী ছিলেন না। ১৯১৬ সালের ফেব্রুয়ারী মাসে, বারাণসীতে হিন্দু বিশ্ববিত্যালয়ের প্রথম উদ্বোধনের শ্বরণীয় দিবসে এক দেশীয় নৃপতির সভাপতিতে আহ্ত সভায় তিনি এক বক্তৃতা করেন; ঐ সভায় আরও বহুতর নৃপতি উপস্থিত ছিলেন। তিনি দক্ষিণ-আফ্রিকা হইতে সদ্য দেশে আসিয়াছেন, ভারতের রাষ্ট্রক্ষেত্রে নেতৃত্বের দায়িত্ব তখনও তাঁহার স্কন্ধে পতিত হয় নাই। তিনি মহাপুরুষোচিত আবেগময়ী জ্বলস্ত ভাষায় তাঁহাদিগকে সম্বোধন করিয়া বলিলেন যে, তাঁহাদের আত্মসংশোধন করিতে হইবে এবং রথা আড়ম্বর ও বিলাস বর্জ্জন করিতে হইবে। তিনি বলিলেন, "হে নৃপতিবৃন্দ আপনারা এখনই যান এবং আপনাদের মণিমাণিক্য বিক্রয় করেম নাই, কিন্তু তখনই সভাত্যাগ করিয়াছিলেন। ভয়চকিত নুপতিরা একে একে উঠিয়া যাইতে লাগিলেন, এমন কি. সভাপতি পর্যান্ত বক্তাকে একক ফেলিয়া স্বদলের অন্প্ররণ করিলেন। ঐ সভায় মিসেস্ এনি স্বেশাস্ত উপস্থিত ছিলেন, তিনিও বিরক্ত হইয়া সভাস্থল পরিত্যাগ করিলেন।

মি: এন, দি, কেলকারের নিকট লিখিত পত্রে গান্ধিলী আরও বলিয়া-ছিলেন,—"আমার মতে দেশীয় রাজ্যের প্রজাদের আত্মনিয়ন্ত্রণমূলক স্বাতন্ত্রা পাওয়া উচিত এবং দেশীয় রাজারা নিজেদের কার্য্যতঃ স্ব স্ব প্রজারন্দের অছিস্বরূপ মনে করিবেন।……এই অছিগিরির আদর্শের মধ্যে যদি কিছু বস্তু থাকে তাহা হইলে ব্রিটিশ-গভর্গনেণ্ট যথন নিজেদের ভারত-গভর্গনেণ্টের অছি বলিয়া দাবী করেন, তথন আমরা আপত্তি করিব কেন? ভারতে তাঁহারা বিদেশী, ইহা ছাড়া আমি আর কোন আপত্তির কারণ দেখি না। গাত্রচর্মের বর্ণ, জাতিগত এবং সংস্কৃতিগত অফুরূপ ভেদ ভারতের বিভিন্নশ্রেণীর মধ্যে বিগ্নমান রহিয়াছে।

গত কয়েক বংসর ধরিয়া ভারতীয় রাজাগুলিতে অতি ক্রত বিটিশ শাসন চুকাইয়া দেওয়া হইতেছে; অধিকাংশ ক্ষেত্রেই অনিচ্ছুক ও অসহায় নৃপতিদিগকে উহা গ্রহণ করিতে বাধ্য করা হইতেছে। ভারত-গভর্ণমেন্ট উপর হইতে চিরদিনই দেশীয় রাজাগুলি নিয়য়ণ করিয়া আসিতেছেন, এখন কতকগুলি প্রধান রাজাের অভ্যন্তরেও উহার অতিরিক্ত কর্ত্বাধিকার প্রতিষ্ঠা করা হইতেছে। সেই কারণে এই সকল রাজ্যের পক্ষ হইতে যে সকল কথা বলা হয়, তাহা ভারত-গভর্ণমেন্টেরই রূপান্তরিত বাণী এবং উহাতে সামস্ভতান্ত্রিক ব্যবস্থার পূর্ণ স্থ্যোগ গ্রহণেরও অপ্রত্রুল নাই।

## স্ববিরোধিতা

দেশীয় রাজ্যে বা অগ্রত্ত একই কার্য্যধারা অবলম্বন করা সম্ভবপর
নহে। ইহা আমি ব্রিতে পারি। এমন কি, ব্রিটিশ ভারতীয় প্রদেশগুলিতেও কৃষিকার্য্য, শিল্প-বাণিজ্য, সাম্প্রদায়িক ও শাসন সম্পর্কিত
প্রচ্র পার্থক্য বিদ্যানান, যাহার ফলে একই প্রকার কার্য্য-প্রণালী অবলম্বন
স্বিধাজনক নহে। কিন্তু যদিও কার্য্য-গ্রেণালী নিশ্চয়ই পারিপার্থিক
অবস্থার উপর নির্ভর করিবে, তণাপি আমাদের সাধারণ নীতি স্থানভেদে
বিভিন্ন প্রকার হওয়া উচিত নহে। একস্থানে যাহা মন্দ, অগ্রত্তও তাহা
নিশ্চয়ই মন্দ। অগ্রথা আমাদের উপর এই অভিযোগ আসিবে এবং
তাহা করাও হইয়া থাকে যে, আমাদের কোন স্থানিশিষ্ট নীতি অথবা
আদর্শ নাই এবং আমরা কেবল নিজেদের ক্ষমতা গুদ্ধির ফিকির
ব্রুজিয়া থাকি।

ধর্মসম্প্রদায় বা অক্যান্ত সংখ্যালঘিষ্ঠ সম্প্রদায়ের জন্ত পৃথক নির্বাচন প্রথার বিরুদ্ধে অনেক সমালোচনা সন্ধত ভাবেই করা হইয়া থাকে। উহা গণতক্রের সহিত সম্পূর্ণরূপে সামঞ্জল্পহীন একথাও বলা হয়। অবশ্র কি গণতর, কি যাহাকে দায়িত্বপূর্ণ শাসন পদ্ধতি বলা হয়, তাহা কিছুতেই সম্ভব নয়, যদি নির্বাচকমণ্ডলীকে বিভিন্ন ধর্মের গণ্ডী দিয়া পৃথক করিয়া রাখা হয়। কিন্তু পণ্ডিত মদনমোহন মাল্যা ও হিন্দুমহাসভার অক্যান্ত নেতারা উহার অতি মান্তায় উগ্র ও অবিশ্রান্ত সমালোচক হইয়াও, দেশীয় রাজ্যের ব্যবস্থাগুলিতে মৌন-সম্মতি প্রদান করেন এবং দৃশ্রতঃ তাহারা দেশীয় রাজ্যের স্বৈরশাসনের সহিত অবশিষ্ট ভারতের গণ-তন্তের (ইহাই বলা হইয়া থাকে) যুক্তরাপ্রিক একা গ্রহণ করিতে প্রস্তত। ইহাপ্রদাসামপ্রশ্রহীন ও অ্যোক্তিক একা কর্মনা করা কঠিন। কিন্তু হিন্দুন মহাসভার গণ-তন্ত্র ও জাতীয়তাবাদের সমর্থক বারগণ ইহা অক্রেশে গলাধ্যকরণ করেন। আম্রা তায় ও সঙ্গতিরক্ষার কথা মূথে বলি কিন্তু আসলে আম্রা ভাবাবেগে চালিত হই।

কংগ্রেস ও দেশীয় রাজ্যের স্ববিরোধিতার মধ্যে ঘিরিয়া আসা 
যাউক। আমার মনে পড়ে টমাস পেইনের কথা,—প্রায় শতাব্দীপূর্বে তিনি
বার্ককে লক্ষ্য করিয়া বলিয়াছিলেন, "তিনি পালকের জন্য তৃংথ করেন,
কিন্তু মরণোমুথ পাথীর কথা ভূলিয়া যান।" গান্ধিজী নিশ্চয়ই মরণোমুথ
পাখীর কথা ভূলেন না। কিন্তু পালকের জন্য এত বেশী দরদ প্রকাশ
কেন?

্তাল্কদারী বা বৃহৎ জমিদারী প্রথা সম্পর্কেও এই কথা অল্পবিন্তর
বলা চলে। এই সকল অর্দ্ধ-সমাপ্ত তান্ত্রিক ব্যবস্থা বর্ত্তমান যুগে অচল

#### জওহরলাল নেহরু

এবং ইহা উৎপাদন ও সাধারণ উন্নতির বিদ্ধ, ইহা লইয়া তর্ক করাও বিজ্পনা মাত্র। ক্রমবর্জিত ধনতন্ত্রবাদের সহিত ইহার বিরোধিতা, বিদ্যমান এবং প্রায় সমগ্র জগতে বৃহৎ জমিদারীগুলি ক্রমশঃ লুপ্ত হইয়াছে এবং তাহার স্থলে কৃষক-মালিক শ্রেণীর উদ্ভব হইয়াছে। আমি সর্ব্বদাই মনে করি ভারতে একমাত্র সম্ভবপর ও সঙ্গত প্রশ্ন উঠিতে পারে, তাহা হইল ক্ষতিপ্রণের কথা; কিন্তু গত বংসর বা ইহার কাছাকাছি কোন সময়ে আমি দেখিয়া বিশ্বিত হইলাম যে, তালুকদারী প্রথা বর্ত্তমান আকারেই চলিতে থাকুক, ইহা গান্ধিজী অন্থমোদন করেন। ১৯৩৪-এর জুলাই মাসে তিনি কাণপুরে বলিয়াছিলেন,—"জমিদার ও প্রজার মধ্যে সন্ভাব-স্থাপন উভয় পক্ষের হৃদয়ের পরিবর্ত্তন দ্বারা সাধন করা যাইতে পারে। যদি তাহা করা যায়, তাহা হইলে উভয়েই শান্তি ও সৌহার্দ্যের সহিত বাস করিতে পারে। তিনি কথনও তালুকদারী বা জমিদারী প্রথা বিলোপের পক্ষপাতী নহেন। এবং যাহারা মনে ভাবে উহা বিল্প্ত করাই উচিত, তাহারা নিজেদের মনোভাবই বৃথিতে পারে না (শেষোক্ত অভ্যোগটি অন্ততঃ পক্ষে স্ববিবেচনা নহে)।

তিনি আরও বলিরাছিলেন ধে,—"ঘৃক্তিদঙ্গত কারণ ব্যতীত ভৃষামীদের ব্যক্তিগত সম্পত্তি কাড়িয়া লওয়ার দলে আমি নহি। আমার উদেশ হইল তোমাদের হৃদয়-ম্পর্শ করিয়া তোমাদিগকে স্বমতে আনয়ন করা; (তিনি বড় জমিদারদের এক ডেপুটেশনকে লক্ষ্য করিয়া বলিতেছিলেন) যাহাতে তোমরা তোমাদের প্রজাবুন্দের অছি স্বরূপ সম্পত্তি রক্ষা কর এবং প্রধানতঃ তাহাদের কল্যাণের জ্যুই উহা ব্যয় কর।

শবিষ্যা লওয়া ষাউক, যদি কেহ অ্যায় রূপে তোমাদের সম্পত্তির অধিকার হইতে বঞ্চিত করিতে চাহে, তাহা হইলে তোমরা দেখিবে, আমি তোমাদের হইয়া সংগ্রাম করিব। পাশ্চাত্যের সমাজতন্ত্রবাদ অথবা ক্ষ্যানিজম এমন কতকগুলি ধারণার উপর প্রতিষ্ঠিত, যাহা আমাদের ম্লবিশ্বাস হইতে সম্পূর্ণ পৃথক। উহাদের ধারণাগুলির মধ্যে একটি এই যে, উহারা মহয়াম্বভাবের মুধ্যে স্বার্থপরতার প্রাধায় বিশ্বাস করিয়া থাকে।

অই যে, উহারা মহয়াম্বভাবের মুধ্যে স্বার্থপরতার প্রাধায় বিশ্বাস করিয়া থাকে।

এবং ধনী ও শ্রমিক, জমিদার ও প্রজার সামঞ্বস্তপূর্ণ সহযোগিতার উপর প্রতিষ্ঠিত।

অতিষ্ঠিত।

প্রাচ্য ও পাশ্চাতা ধারণাগুলির মধ্যে এরপ মূলগত কোন পার্থকা আছে কিনা আমার জানা নাই। সম্ভবতঃ তাহা আছে। কিন্তু অল্পদিন হইল একটি দৃশ্য দেখিতেছি যে ভারতীয় ধনী ও জমিদারেরা, তাহাদের

## স্ববিরোধিতা

পাশ্চাত্য সহধর্মীদের তুলনায়, শ্রমিক ও ক্লমকদের প্রতি অধিকতর উদাসীন। প্রজাবন্দের মঞ্চলের জন্ম কেনি জনহিতকর কার্য্যে অহুরাগ প্রদর্শনের কোন চেলা ভারতীয় ক্ষমিদারগণ করেন না। পালাত্যদেশবাসী মি: এইচ, এন, ত্রেইলস্ফোও অবস্থা পর্যাবেক্ষণ করিয়া মস্তব্য করিয়াছেন,— "পমসাময়িক সমাজ ব্যবস্থার মধ্যে ভারতীয় মহাজন ও জমিদারদেব মত অর্থগুধু পরগাছ। আর কোথাও নাই।" \* সম্ভবত: দোষ ভারতীয় জমিদারদের নহে। প্রতিকুল পারিপার্শ্বিক অবস্থার ফলে তাহাদের ক্রমাবনতি ঘটিয়াছে এবং বর্ত্তমানে তাহারা এমন সঙ্কটের মধ্যে পঞ্জিয়াছে যে নিষ্কৃতির পথ খুঁজিয়া পাইতেছে না। আনেক বড় জমিদারের ভূসম্পত্তি মহাজনের কবলে গিয়াছে, ছোট খাট জমিদার যাহারা পূর্বে যে জমির মালিক ছিল এখন তাহারই প্রজার স্তরে নামিয়া গিয়াছে। महत्रवामी धनौ মहा अत्नत्रा अभिनाती वस्नक e खहान त्राथिया है। का नामन করিয়াছে এবং তারপর নিজেরা জমিদার হইয়া বসিয়াছে। গান্ধিজীর মতে এই দকল ব্যক্তি যাহাদের জমি কাড়িয়া লইয়াছে, তাহাদেরই অছি স্বরূপ হইবে এবং প্রত্যাশা করিতে হইবে যে ইহারা তাহাদের উপার্জন প্রধানত: প্রজাসাধারণের কল্যাণে বায় করিবে।

যদি তাল্কদারী প্রথা ভালই হয়, তাহা হইলে সমস্ত ভারতে উহা প্রবর্তন করা হয় না কেন? ভারতের বিস্তীর্ণ অঞ্চলে বহু রুষক-জমিদার হইয়াছে। গুলরাটে বড় বড় জমিদারী বা তাল্কদারী স্বষ্টি করিতে গান্ধিজী রাজী হইবেন কি? আমার ত মনে হয় না। কিন্তু যুক্তপ্রদেশ বাঙ্গলা ও বিহারের পক্ষে একপ্রকার ভূমিশংক্রান্ত ব্যবস্থা ভাল কেন, আর কেনই বা গুজরাট ও পাঞ্জাবের জন্ম ভিন্ন প্রকার ব্যবস্থা ভাল? ভারতের উত্তর, পূর্ব্ব, পশ্চিম বা দক্ষিণের জনসাধারণের মধ্যে কোন মর্মান্তিক ব্যবধান নাই এবং তাহাদের মূল ধারণাগুলির ভিত্তি এক। তাহা হইলে কথা এই দাড়ায় যে যাহা আছে তাহাই চলিতে থাকুক এবং বর্ত্তমান ব্যবস্থা রক্ষা করিতেই হইবে। জনসাধারণের পক্ষ হইতে কি বাঞ্ছনীয় অথবা হিতকর দে সম্বন্ধে অর্থ নৈতিক কোন অন্তুসন্ধানের প্রয়োজন নাই, বর্ত্তমানে ব্যবস্থার পরিবর্ত্তন সাধনের কোন চেষ্টার আবশ্রক নাই; কেবল জনসাধারণের হৃদয়ের পরিবর্ত্তন সাধনের করাই প্রয়োজন। ইহা জীবন ও তাহার সমস্থাকে নিছক ধর্ম্মের দিক হইতে দেখিবার চেষ্টা মাত্র। ইহার সহিত রাজনীতি অর্থনীতি অথবা সমাজবিজ্ঞানের

বেইলস্ফোর্ড প্রণীত 'প্রণার্টি অর পিস' ?

### च अर्जनान (नर्जन

কোন সম্পর্ক নাই। তথাপি গান্ধিন্সী রাজনীতি ও জাতীয়তার ক্ষেত্রে ইহাকে অতিক্রম করিয়া অগ্রসর হন।

অদ্যকার ভারতবর্ষ এই শ্রেণীর কতকগুলি স্ববিরোধিতার সমুখীন হইয়াছে। আমরা যে কোন প্রকারেই হউক কতকগুলি জটিল বন্ধনে নিজেদের আবন্ধ করিয়াছি, এখন ঐগুলি খুলিয়া না ফেলিলে অগ্রসর হওয়া কঠিন। কেবল মাত্র ভাবাবেগের দ্বারা বন্ধন মৃক্তি আসিবে না। শ্রেষ্ঠতর কি? স্পিনোজা বহু পূর্বেই প্রশ্ন করিয়াছিলেন,—"জ্ঞান ও উপলব্ধির মধ্য দিয়া মৃক্তি অথবা ভাবাবেগের বন্ধন?" তিনি প্রথমটিই বাছিয়া লইয়াছিলেন।

#### ৬৩

# ছদয়ের পরিবর্ত্তন না বলপ্রয়োগ

ষোল বৎসর পূর্বের গান্ধিজী অহিংসা-নীতি প্রচার করিয়া ভারতবর্ধকে মন্ত্রমুগ্ধ করিয়াছিলেন। তথন হইতে ইহা ভারতের আকাশে বাতাদে ध्वनिত इटेटिएइ। वह लाक हिन्छा ना कतिया टेटा ममर्थन कतियाह, কেহ বা ইহার সহিত তর্ক ও বিচার করিয়া আংশিক অথবা সমগ্রভাবে हेरा গ্রহণ করিয়াছে, কেহ প্রকাশ্যে ইহা লইয়া বাদ করিয়াছে। আমাদের রাজনৈতিক ও সমাজজীবনে ইহার প্রভাব অত্যন্ত অধিক, এবং ইহা জগতের দৃষ্টিও বছল পরিমাণে আকর্ষণ করিয়াছে। অহিংসা-তত্ত্ব অতি প্রাচীন, কিন্তু সন্তবতঃ গান্ধিজীই প্রথম উহা ব্যাপকভাবে রাজনৈতিক ও সামাজিক আন্দোলনে প্রয়োগ করেন। পরের ইহা বিশেষভাবে ব্যক্তিগৃত এবং প্রধানতঃ ধর্মের সহিত যুক্ত ছিল। ইহা ছিল মুক্তিকামীর বৈরাগ্য-দাধনার আত্মসংযম, যাহার সহায়ে দে জগতের সমস্তা সমাধান অথবা সামাজিক পরিবর্তনের জন্ম ইহার প্রয়োগ অপরিজ্ঞাত ছিল, থাকিলেও তাহা অত্যন্ত গৌণ ব্যাপার। সমস্ত বৈষম্য ও অবিচার সহ প্রচলিত সমাজ-ব্যবস্থা প্রায় সকলেই মানিয়া লইত। ব্যক্তিগত জীবনের এই আদর্শকে গান্ধিজী সমাজের সমষ্টিগত আদর্শে পরিবর্তিত করিবার

# হৃদয়ের পরিবর্তন না বলপ্রয়োগ

চেষ্টা করিলেন। তিনি রাজনৈতিক ও সামাজিক পরিবর্ত্তন প্রাাসী, এবং সেই উদ্দেশ্য সিদ্ধির জন্ম তিনি বিশেষ বিবেচনাসহদারে অহিংসানীতি ব্যাপকভাবে এবং সম্পূর্ণ পৃথক ক্ষেত্রে প্রবর্ত্তন করিলেন। তিনি লিখিয়াছেন, "মান্থয়ের অবস্থা ও পারিপার্ষিকের আমুল্ পরিবর্ত্তন সাধন করিতে হইলে, সমাজে আলোড়ন সৃষ্টি ব্যতীত তাহা সম্ভবপর নহে। ছই উপায়ে ইহা সভ্বপর হইতে পারে, বলপ্রয়োগ বারা কিশ্বা অহিংসা বারা। হিংসার উৎপীড়ন দেহধারী মান্ত্র্য অন্তুভ্ব করে; ইহা বলপ্রয়োগকারীকে অধংপতিত করে, নিপীভিতকে অবসন্ন করে; কিন্তু অহিংসার প্রভাব আত্মনিগ্রহ হইতে উৎসারিত (যেমন উপবাস) এবং ইহা সম্পূর্ণ বিভিন্ন উপায়ে কার্য্য করে। ইহা দেহকে স্পর্শন্ত করে না, যাহাদের বিরুদ্ধে ইহা প্রয়োগ করা হয়, তাহাদের নৈতিক বোধকে ইহা জাগ্রত করিয়া তুলে।" \*

এই ভাবের সহিত ভারতীয় চিস্তাধারার কিছু সামঞ্জু আছে বলিয়া ভাসা ভাষা ভাবে হইলেও, দেশ উৎসাহের সহিত ইহা গ্রহণ করিল। ইহার দূরপ্রদারী গভীরতা অল্প লোকেই বুঝিতে পারিয়াছিল এবং এই অল্পসংখ্যক ব্যক্তিও বিশ্বাস ও কর্মের মধ্যে ইহা একরূপ অস্পষ্টভাবেই গ্রহণ করিমাছিলেন। কিন্তু যথন কার্যোর উংদাহ শিথিল হইয়া আসিল, তথন লোকের মনে অগণিত প্রশ্ন জাগিতে লাগিল, তথন সকলের জিজ্ঞাসার সত্তর দেওয়া কঠিন হইয়া উঠিল। এই সকল প্রশ্নের ' রাজনীতিক্ষেত্রে উপস্থিত উপায়ের সহিত কোন সম্পর্ক নাই। স্মহিংস প্রতিরোধের ভাবের পশ্চাতে যে দার্শনিক তত্ত্ব রহিয়াছে, প্রশ্নগুলি তাহার সহিতই জড়িত। রাজনৈতিকভাবে এ পর্যান্ত অহিংস আন্দোলন স্ফলতা লাভ করে নাই, কেন না ভারত সামাজ্যবাদের পাপ-শৃঙ্খলে আবদ্ধ। সমাজেও ইহা কোন আমূল পরিবর্ত্তন সাধন করিতে পারে নাই। তথাপি যাঁহার সামাত দ্রদৃষ্টিও আছে, তিনিই লক্ষ্য করিবেন, ভারতের नक नक नत्रनातीत कीवान देश कि विविध পরिবর্তন আনিয়াছে। ইহা তাহাদিগকে চরিত্রবন্ধ দিয়াছে, শক্তি দিয়াছে, আত্মনির্ভরতা শিথাইয়াছে, এই সকল গুণ ব্যতীত রাষ্ট্র ও সমাজে কোন উন্নতি সাধন বা রক্ষা করা কঠিন। ইহা অহিংসা হইতে উড়ত না সংঘর্ষ হইতেই সম্ভব হইয়াছে, বলা কঠিন। হিংসামূলক সংঘর্ষেও বহু ব্যক্তি বহু ঘটনায় ঐ প্রকার গুণাবলী অৰ্জন করিয়াছে। তথাপি আমি দৃঢ়তার সহিত ব**লিব, অহিংস** 

১৯৩২-এর ৪ঠা ডিদেম্বর গান্ধিনীর অনশনের প্রাক্তালে প্রদন্ত বিবৃতি হইতে গৃহীত।

#### জওহরলাল মেহর

উপারে আমরা যাহা লাভ করিয়াছি, তাহা অমূল্য। ইহা গান্ধিজী কথিত সামাজিক আলোড়ন স্পষ্টর সহায়তা করিয়াছে, অবশু মূলদেশে আলোড়নের কারণ ও অবস্থা বিগুমান ছিল, ইহাও নিঃসন্দেহ। তবে বৈপ্রবিক পরিবর্ত্তনের পূর্ববর্ত্তী আয়োজনে ইহা জনগণের মধ্যে গতিবেগ সঞ্চার করিয়াছে।

ইহা অহিংসার স্থপক্ষে অন্তর্কুল যুক্তি হইলেও ইহা আমাদিগকে অধিক দ্ব লইয়া যায় না। প্রকৃত প্রশ্নগুলি, প্রশ্নই বহিয়া যায়। ছ্রভাগ্যক্রমে সমস্তা সমাধানে গান্ধিজীও আমাদের সাহায্য করেন না। তিনি এ বিষয়ে বছবার বলিয়াছেন, বছবার লিথিয়াছেন, কিন্তু কি বৈজ্ঞানিক \*, কি দার্শনিক ভাবে ইহার সমগ্র দিক প্রকাশুভাবে বিচার বিশ্লেষণ করেন নাই। তিনি উদ্দেশ্য অপেক্ষা উপায়কে অধিক গুরুত্ব দিয়া তাহার উপর জোর দেন, পীড়ন অপেক্ষা ইদায়ের পরিবর্ত্তন উংক্লইতর বলেন এবং অহিংসার সহিত সত্য ও অন্তান্ত সদ্গুণ প্রায় সমানার্থক করিয়া তোলেন। সময় সময় তিনি সত্য ও অহংসা একই অর্থে ব্যবহার করিয়া থাকেন। মাহারা ইহার সহিত একমত নহেন, তাহাদিগকে অন্তর্ত্বসমণ্ডলীর বাহিরের লোক বলিয়া গণ্য করিবার ভাবও রহিয়াছে, যেন তাহারা নৈতিক বিধির ভক্বের অপরাধে অপরাধী। তাঁহার কোন কোন অন্থ্যামী ইহাকে আত্মপবিত্রতাসাধন বলিয়াও ব্যাখ্যা করিয়া থাকেন।

আমাদের মধ্যে খাহারা এই বিশ্বাস তুর্ভাগ্যক্রমে পূর্ণভাবে গ্রহণ করিতে পারেন নাই, তাঁহারা অবশ্য বছতর সংশ্বারপীড়িত হন। এই সন্দেহের সহিত উপস্থিত প্রয়োজনের সামঞ্জন্ম নাই, কিন্তু মাহ্বর তাহার কর্মের এমন একটা সঙ্গতিবিশিষ্ট দর্শন চাহে যাহা ব্যক্তির দিক হইতে নৈতিক হইবে এবং সমাজ জীবনে হইবে কার্য্যকরী। আমি অকপটে স্বীকার করিব যে, আমি এই সন্দেহ হইতে মুক্ত হইতে পারি নাই, এবং সমস্থার কোন সন্তোয়জনক সমাধানও আমি দেখি না। আমি হিংসা অত্যন্ত অপছন্দ করিলেও আমার নিজের মন হিংসায় পরিপূর্ণ,; জ্ঞাতসারে বা অজ্ঞাতসারে আমি অপরকে পীড়ন করিতে চেষ্টা করি। কিন্তু গান্ধিজী যে ভাবে মানসিক পীড়ন করেন তাহাপেক্ষা অধিক পীড়ন আর কি হইতে পারে? যাহার ফলে তাঁহার অন্তরক অনুগামী ও সহকর্মীদের মন একেবারে তালগোল পাকাইয়া যায়।

<sup>\*</sup> রিচার্ড, বি, থেগ, তাহার "পাওয়ার অফ্ নন-ভাওলেল" পুতকে এই বিবয়টি বৈজ্ঞানিক ভাবে আলোচনা করিয়াছেন। তাহার এই স্থপাঠা গ্রহবানিতে চিস্তা করিবার অনেক বিবয় আছে।

# कपरमञ्ज পরিবর্তন না বলপ্রদোগ

কিন্ত প্রশ্ন এই—জাতীয় বা সামাজিক শ্রেণীগুলি কি ব্যক্তিশন্ত অহিংসার আদর্শে অহ্প্রাণিত হইতে পারে ? কেন না, মহুম্বজাতি প্রেম ও সততার উচ্চন্তরে উঠিলেই ইলা সন্তব ২ইতে পারে। মন্মুজাতিকে এই উচ্চন্তরে তুলিয়া ঘুণা, কণ্য,তা ও স্বার্থপরতার অবসান করার চরম আদর্শ যে কামা, তাহা সত্য। ইহা সন্তব কি অসন্তব, কোন কালে ইহা হইবে কি না, তাহা অবশ্যই বিচারের বিষয়, কিন্তু এইরূপ আশা ব্যতীত জীবন লক্ষাহীন অর্থহীন কোলাহল মাত্র। এ আদর্শ লাভ করিতে হইলে কি আমরা প্রত্যক্ষভাবে এ সদ্গুণগুলি প্রচার করিব, বাধাগুলি গণনার মধ্যে আনিব না? কিন্তু দেখা যাইতেহে বাধাগুলি সাফলোর অন্তর্নয় হইয়া বিপরীত প্রবৃত্তি জাগ্রত করিতেছে। অথবা সর্বাগ্রে বাশাগুলি দূর করিয়া, প্রেম, সৌন্দর্য্য ও সত্তার অন্তর্ক্ত ও উপযোগী আবহাওয়া আমরা স্বৃষ্টি করিব ? অথবা উভয় উপায় লইয়াই কার্য্য করিতে হইবে ?

তার পর হিংসা ও জহিংসা, হৃদয়ের পরিবর্ত্তন ও বলপ্রয়োগের মধ্যে শীমারেখা কি খুব স্পষ্ট ? দৈহিক বলপ্রয়োগ অপেক্ষাও সময় সময় নৈতিক শক্তি অধিকতর পীড়াদায়ক হইয়া উঠে। এবং অহিংসা ও নতা কি সমানার্থবাচক ? সত্য কি, এই প্রাচীন প্রশ্নের সহস্র উত্তর দেওয়া হইয়াছে, কিন্তু তথাপি প্রশ্ন, প্রশ্নই আছে। ইহা যাহাই হউক, নিশ্চয়ই ইহাকে অহিংসার সহিত একত্র করিয়া দেখা যায় না। হিংসা মন্দ হইলেও, ইহা স্বভাবত:ই তুনীতিমূলক একথা বলা যায় না। ইহারও নানা রূপ বা ন্তর আছে, সময় সময় অধিকতর হীন কার্য্য হইতে হিংসা অবলম্বন প্রশন্ত। গান্ধিজী নিজেও বলিয়াছেন, কাপুরুষতা, ভয় ও দাসত্ব হইতে ইহা শ্রেষ্ঠ; আরও অনেক অক্লায় এই তালিকায় ভুড়িয়া দেওয়া যাইতে পারে। হিংনার সহিত প্রায়ই কুভাব জড়িত থাকে নতা, কিন্তু তত্ত্বে দিক দিয়া দেখিলে সর্ব্বদাই যে এবন হইবে এমন কোন কথা নাই। সদিচ্ছা হইতেও হিংসা দম্ভব ( যেমন অম্বচিকিৎসক ) এবং সদিচ্ছা যাহার ভিত্তি তাহা কথনও স্বরূপতঃ ঘুনীতি হইতে পারে না। হউক, সাধু ইচ্ছা ও কুঅভিপ্রায় এই ত্ইটিই হইল শিষ্টাচার ও নীতির চরম পরীক্ষা: নৈতিক যুক্তির দিক দিয়া হিংসা প্রায়ই অস্তায়, এমন কি বিপজ্জনকও হইতে পারে; কিন্তু সর্বক্ষেত্রেই যে হইবে এমন কোন কথা নাই।

সমস্ত জীবনই হিংসা ও সংঘর্ষে ভরা। হিংসা হইতে হিংসার উদ্ভব হয় এবং হিংসা দ্বারা হিংসাকে জয় করা যায় না, ইহাও সত্য। কিছ

#### জ ওহরলাল নেহরু

তথাপি শপথ গ্রহণ করিয়া ইহা সর্কতোভাবে বর্জন করিলে জীবনের সহিত সম্পর্কহীন এক নেতিবাচক অবস্থায় উপনীত হইতে হয়। আধুনিক রাষ্ট্র ও সমাজব্যবস্থার হিংসাই প্রাণবস্তা। রাষ্ট্রের বলপ্রয়োগে বাধ্য করার ব্যবস্থাগুলি না থাকিলে ট্যাক্স আদায় হইত না, জমিদারেরা থাজনা পাইত না, ব্যক্তিগত সম্পত্তি বিল্পু হইত। আইন সশস্ত্র শক্তির সাহায়ে ব্যক্তিগত সম্পত্তির উপর অপরের হস্তক্ষেপ নিবারণ করে। আক্রমণ ও প্রতিরোধ উভয়বিধ হিংসার উপরই জাতীয় রাষ্ট্রগুলি প্রতিষ্ঠিত।

গান্ধিজীর অহিংসা নিশ্চয়ই নিছক নেতিবাদক ব্যাপার নহে, ইহা সত্য। ইহা অপ্রতিরোধ নহে। ইহা সম্পূর্ণ স্বতম্ব অহিংস-প্রতিরোধ—
ইহা প্রত্যক্ষ এবং সক্রিয়। যাহারা প্রচলিত ব্যবস্থা নিরীহভাবে মানিয়া লয়, ইহা তাহাদের জন্ত নহে। "সামাজিক আলোড়ন" আনিবার উদ্দেশ্ডেই ইহা পরিকল্পিত হইয়াছে, যাহা হইতে বর্ত্তমান ব্যবস্থার পরিবর্ত্তন সম্ভব হইবে। ইহার মধ্যে হদয়ের পরিবর্ত্তনের যে প্রকার উদ্দেশ্তই থাকুক না কেন, বলপূর্ব্বক বাধ্য করিবার পক্ষেও ইহা এক শক্তিশালী অত্ত্র—
তবে ইহার বলপ্রয়োগভঙ্গী অতিমাত্রায় শিষ্ট এবং তাহাতে আপত্তি করিবার বিশেষ কিছু নাই। গান্ধিজী তাঁহার প্রথম দিকের লেখাগুলিতে "বাধ্য করা" এই শক্টি ব্যবহার করিয়াছেন, তাহাও লক্ষ্য করিবার বিষয়। পাঞ্জাব সামরিক আইনের অন্তায় সম্পর্কে ১৯২০ সালে বড়লাটের (লর্ড চেমস্ফোর্ড) বক্তৃতার সমালোচনাপ্রসঙ্গে তিনি লিখিয়াছিলেন,—

" ে বজ্তা করিয়াছেন, তাহার মধ্যে আমি যে মনোভাবের পরিচয় পাইয়াছি, তাহাতে কোন আত্মর্য্যাদা- জ্ঞানসম্পন্ন ব্যক্তির পক্ষে তাঁহার কিম্বা তাঁহার গভর্নমেণ্টের সংশ্রবে যাওয়া অসম্ভব।

"পাঞ্জাব সম্পর্কে মন্তব্যের অর্থ ক্ষতিপূরণ করিতে সরাসরি অস্বীকার। তিনি চাহেন আমরা আসন্ধ 'ভবিশ্বতের' দিকে অধিকতর মনোযোগী হই। আসন্ধ ভবিশ্বতে পাঞ্জাবের ঘটনার জন্ম গভর্গমেণ্টকে অন্থতাপ করিতে বাধ্য হইতে হইবে। কিন্তু তাহার কোন লক্ষণ দেখা যাইতেছে না। পক্ষান্তরে বড়লাট তাঁহার সমালোচকদের উত্তর দিতে বিরত থাকিয়া প্রমাণ করিয়াছেন যে, ভারতের মর্য্যাদার সহিত সংশ্লিষ্ট গুরুতর ব্যাপারগুলি সম্পর্কে তাঁহার মতের কোন পরিবর্ত্তন হয় নাই। তিনি "ইতিহাস ইহার বিচার করিবে, এই ভাবিয়াই নিশ্চিন্ত।" আমার মতে, এই শ্রেণীর ভাষা ভারতীয়দের মনকে অধিকতর ক্ষ্ম করিবার জন্ম ইচ্ছা করিয়াই ব্যবহার করা হইয়াছে। ইতিহাসের সিদ্ধান্ত অন্থকুল হইলেই বা তাহাদের কি

# समस्यत পরিবর্তন না বলপ্রয়োগ

আদে যায়, যাহারা অন্তায় সন্থ করিয়াছে এবং যথন যে সকল কর্মচারী দায়িত্বপূর্ণ বিশ্বস্তপদে থাকিবার অযোগ্যতা নি:সন্দেহে প্রনাণ করিয়াছে, তাহাদেরই পায়ের তনায় এখনও থাকিতে হইতেছে ? পাঞ্জাবের স্বিচারের দাবী অগ্রাহ্থ করিয়া, সহযোগিতার কথা উত্থাপন করা ভগুনী মাত্র।"

গভর্ণমেণ্টগুলি অতি নিন্দনীয় হিংসার উপর প্রতিষ্ঠিত, কেবল সশস্ত্র দৈরুবাহিনীর প্রকাশ হিংদার উপর নহে; অধিকতর ভয়াবহ হিংদা অতি স্ক্রভাবে প্রয়োগ করা হয়, তাহার অন্ত্র গোয়েন্দা, গুপ্তচর, প্ররোচক চর, শিক্ষাবিভাগ, সংবাদপত্র প্রভৃতির মধ্য দিয়া প্রত্যক্ষ ও পরোক্ষ মিথা। প্রচার কাষ্য, ধর্ম ও অন্তান্ত ভীতি, অর্থনৈতিক শোষন এবং অনশন। তৃইটি গভর্ণমেন্টের মধ্যে, ধরা না পড়িলে সকল প্রকার মিথ্যা ও বিশ্বাস্থাতকতা সর্বাদাই যুক্তিসঙ্গত বিবেচিত হয়। শান্তির সময়ও ইহা চলে, যুদ্ধের সময় ত কথাই নাই। তিনশত বংসর পূর্বে শুর হেনরী ওটন, কবি এবং স্বয়ং একজন ব্রিটিশ রাজদৃত হইয়াও, রাজদৃতের এই সংজ্ঞা নির্দেশ করিয়াছেন যে, "একজন সাগু ব্যক্তিকে, স্বদেশের মঙ্গলের জন্ম বিদেশে মিথ্যাঞচারের জন্ম প্রেরণ করা হয়।" অধুনা রাষ্ট্রদূতগণ সামরিক, নৌ-বহর, ব্যবসায়-সংক্রান্ত পরামর্শদাতাদের লইয়া দূতাবাদে বাস করেন, তাঁহাদের প্রধান কার্য্য হইল, ঐ দেশে গোয়েন্দাগিরি করা। তাঁহাদের পশ্পত্র থাকে, গুপ্তচর বিভাগের ত্ববিস্তৃত দূরপ্রসারিত শাখা প্রশাখার বেড়াজাল; কত ষড়যন্ত্র শঠতার আয়োজন, ইহার গোয়েন্দা এবং গোয়েন্দার উপর গোয়েন্দা, সমাজের গোপন ন্তরের অপরাধীদের সহিত সম্পর্ক, উৎকোচ ও মন্মুয়াকে চরিত্রভ্রষ্ট করিবার আয়োজন এবং গুপ্ত হত্যাকাণ্ড। শান্তির সায় ইহা পহিত সন্দেহ নাই, কিন্তু যুদ্ধের সময় ইহার গুরুত্ব অতিমাত্রায় বাড়িয়া যায়, এবং ইহার মারাত্মক প্রভাব চারিদিকে বিস্তৃত হয়। গত মহাযুদ্ধের সময় প্রচার-কার্যোর কতকগুলি দিষ্টান্ত আজকাল পড়িলে অবাক হইতে হয়, কি ভাবে শক্র-রাষ্ট্রের বিরুদ্ধে জ্বন্য মিথ্যা প্রচার করা হইয়াছে এবং ইহার জন্ম ও গোয়েন্দা বিভাগের জন্ম কি বিপুল অর্থ বায় করা হইয়াছে। আজকাল শান্তির অর্থ ইইটি যুদ্ধের মধ্যে বিরাম মাত্র—যুদ্ধের আয়োজন চলিতে থাকে এবং কতক পরিমাণে অর্থনৈতিক ও অন্যান্ত ক্ষেত্রে সংঘর্ষ লাগিয়াই থাকে। বিজেতার সহিত বিজিতের, সাম্রাজ্যবাদী শক্তির সহিত তাহাদের অধীন ঔপনিবেশিক দেশগুলির, স্থবিধাবাদী শ্রেণীর সহিত শোষিত শ্রেণীর সংঘর্ষ লাগিয়াই আছে। হিংসা ও মিথ্যার সমস্ত আয়োজন লইয়া যুদ্ধের আবহাওয়া, তথাকথিত শান্তির সময়ও বিভামান থাকে; কি সৈনিক কি সাধারণ কর্মচারী সকলকে এই একই অবস্থার উপযোগী শিক্ষা দেওয়া হয়। "যুদ্ধকেত্রে সৈনিকের

#### च ওহরলাল নেহর

কর্ত্তব্য" শীর্ষক পুস্তকে লর্ড উলস্লে লিখিয়াছেন,—"আমরা সততঃই এই বিশ্বাস উৎপাদনের চেষ্টা করিব যে,—'সততাই সর্ব্বশ্রেষ্ঠ নীতি' এবং পরিণামে জয়ী হয়, এই স্থন্দর বাক্যটি শিশুদের হন্তলিপি পুস্তকে বেশ মানায়, কিন্তু সত্যই যুদ্ধে যে উহা প্রয়োগ করিতে চাহে, তাহার পক্ষে তরবারী কোষবদ্ধ করিয়া রাখাই ভাল।"

জাতির বিরুদ্ধে জাতি, শ্রেণীর বিরুদ্ধে শ্রেণী লইয়া বর্ত্তমান ব্যবস্থার ভিত্তিতে হিংসা ও মিথ্যা অপরিহার্য্য বলিয়াই মনে হয়। স্থবিধাভোগী জাতি ও শ্রেণীগুলি তাহাদের ক্ষমতা ও স্থবিধা বজায় রাখিবার জন্ম. এবং যাহাদের উপর তাহারা অত্যাচার করে, তাহাদের উন্নতির স্থবিধাগুলি দাবাইয়া রাখিবার জন্ম, হিংসা, বলপূর্বক বাধ্য রাখা এবং মিথাার উপর নির্ভর করিতে বাধ্য। জনমত শক্তিশালী হইলে এবং এই সংঘর্ষ ও দমন ব্যবস্থার বাস্তব রূপ অতিমাত্রায় প্রত্যক্ষ হইলে, হিংসা মন্দীভৃত হইতে পারে। ইহা সম্ভবপর। কিন্তু আধুনিক অভিজ্ঞতা ইহার বিপরীত, প্রচলিত প্রতিষ্ঠানগুলির বিরুদ্ধে প্রতিবাদ যতই শক্তিশালী হইতেছে, হিংসানীতিও ততই প্রবল হইতেছে। এমন কি, যথন প্রকাশ্য ভাবে হিংসা মন্দীভূত হইয়াছে, তথনই ইহা অধিকতর স্ক্র ও মারাত্মক রূপে প্রকাশ পাইতেছে। কি যুক্তিবাদের প্রসার, কি ধর্মজীবন, কি নৈতিক শিক্ষা কিছুতেই এই হিংসাপ্রবণতাকে সংযত করিতে পারিতেছে না। ব্যক্তিবিশেষের উন্নতি হইয়াছে, মন্ত্যাত্বের তুলাদণ্ডে তাহারা অনেক উর্দ্ধে উঠিয়াছে। সম্ভবতঃ ঐতিহাসিক আর কোন যুগের সহিত তুলনায় বর্ত্তমান জগতে উল্লভমনা ব্যক্তির ( সর্ব্বোচ্চশ্রেণীর ব্যক্তি ছাড়া ) সংখ্যা অধিক, সমগ্রভাবে সমাজেরও উন্নতি হইয়াছে; কিয়ৎপরিমাণ আদিম ও বর্বর প্রবৃত্তি সংযত করার ভাব জাগ্রত হইয়াছে। কিন্তু-মোটের উপর শ্রেণী বা সম্প্রদায়ের বিশেষ উন্নতি হয় নাই। ব্যক্তি-বিশেষ অধিকতর সভা হইয়া তাহার আদিম প্রবৃত্তিও পাপ সম্প্রদায়ের মধ্যেই ফেলিয়া রাথিয়া আসিয়াছে; এবং ঐ সকল সম্প্রদায়ের নৈতিক মাপকাঠিতে দিতীয়শ্রেণীর লোকদের হিংসার প্রতি সর্বাদাই অমুরাগ আছে বলিয়া, সম্প্রদায়গুলির প্রথম শ্রেণীর নরনারীরা কদাচিৎ নেতৃত্ব করিতে পারেন।

কিছ যদি আমরা ধরিয়াও লই যে, হিংসার চরম ও নিষ্ঠুর ব্যবস্থা-গুলি ক্রমশঃ রাষ্ট্র হইতে অন্তর্হিত হইবে, তাহা হইলেও গভর্নমেণ্ট ও সমাজজীবনের পক্ষে কি বল-প্রয়োগের প্রয়োজন থাকিয়া যাইবে?' ইহা অস্বীকার করিবার উপায় নাই। সমাজ জীবনের জন্ম যে কোন

# ভদয়ের পরিবর্ত্তন না বলপ্রায়োগ

আকারেই হউক গভর্ণমেণ্টের আবশ্রক, এবং বে সকল লোকের হাতে ক্ষমতা থাকিবে তাহাদিগকে ব্যক্তি বা দলের প্রকৃতিণ্ড আর্থপরতা সংযত ও দমন করিতেই হইলে, নতুবা সমাজের ক্ষতি হইতে পারে। সাধারণতঃ ক্ষমতাপ্রাপ্ত বাক্তিরা প্রয়োজনের অতিবিক্ত বলপ্রয়োগ করে, কেন না ক্ষমতা চরিত্রকে কল্যিত ও অধংপতিত করে। যাহা হউক, শাসকগণ যত স্বাধীনতা-প্রেমিক হউন এবং বলপ্রয়োগ যতই দ্বণা ক্ষমন না কেন, ব্যক্তিবিশেষ বেয়াড়া ব্যক্তিকে শাস্ত করিবার জন্ম তাঁহানের বলপ্রয়োগ করিতেই হইবে। যতদিন না রাষ্ট্রের প্রত্যেক অধিবাসী সম্পূর্ণ নিঃস্বার্থ ও সর্বজনীন কল্যাণের অন্তর্মাগী হইতেছে, ততদিন ইহার আবশ্রক। কিছ্ক ঐ আদর্শ রাষ্ট্রের শাসকগণকেও, বাহ্রিরের প্রধনলোতীদের আক্রমণের বিরুদ্ধে বলপ্রযোগ করিতে হইবে অর্থা২ তাঁহাদিগকে আত্মরক্ষা করিতে হইবে, বল লইয়াই বলের সমুখীন হইতে হইবে। যথন সমগ্র জ্গতে একরাষ্ট্র হইবে, তথনই ইহার প্রয়োজন অন্তর্হিত হইবে।

বহিরাক্রমণ হইতে আয়রক্ষা এবং আছাস্তরীণ ক্ষমতা রক্ষার জন্ম যদি বল ও কঠোর ভাবে বাধ্য করিবার প্রয়োজন হয়, তাহা হইলে কোথায় সীমারেথা নির্দেশ করা যাইবে? রাইনহোল্ড নাইবর \* বলিতেছেন, "নীতিশাস্ত্র যদি একবার রাষ্ট্রনীতিকে এই দরম স্বাধীনতা দিয়া থাকে, এবং বলপ্রয়োগ সামান্দিক সাম্যরক্ষার প্রয়োজনীয় অম্বরূপে গৃহীত হইয়া থাকে, তাহা হইলে, হিংসা কি অহিংসধরণের বলপ্রয়োগ, গভর্ণমেন্টের বলপ্রয়োগ কিয়া বিপ্লবীর বলপ্রয়োগ, এই উভয়ের মধ্যে স্থনির্দিষ্ট পার্থক্য নির্ণয়্থ করা কঠিন।"

আমি নিশ্চিতরপে না জানিলেও, আমার মনে হয়, গান্ধিজীও স্বীকার করিবেন, এই অপূর্ণ জগতে বাহির হইতে, অন্তায় আক্রমণ হইতে আত্মরকার জন্ম যে কোন জাতীয় রাষ্ট্রকে বাহুবল প্রয়োগ করিতে হইবে। অবশ্য সেই রাষ্ট্র, প্রতিবেশী ও অন্তান্ত রাষ্ট্রের প্রতি সম্পূর্ণ শান্তিপূর্ণ মৈত্রীভাব প্রদর্শন করিবে, কিন্তু তথাপি আক্রমণের সন্তাবন। একেবারেই অংনীকার করা অথৌক্তিক। রাষ্ট্রকে কতকগুলি বলপ্রয়োগমূলক আইনও প্রণয়ন করিতে হইবে, একদিক দিয়া ঐগুলি কোন কোন শ্রেণী বা সম্প্রদায়ের কতকগুলি অধিকার ও স্থবিধা হরণ করিবে এবং কাজকর্মের স্বাধীনতা সংযত করিবে। সমস্ত আইনই কিয়দংশে ভীতিপ্রদর্শনমূলক। কংগ্রেসের করাচী সিদ্ধান্তে উল্লিখিত শৃইয়াছে, "জনসাধারণের শোষণের অবসান

মর্যাল ম্যান এও ইম্মর্যাল দোসাইটি।

#### ज ওহরলাল নেহর

করিবার জন্ম, রাজনৈতিক স্বাধীনতার মধ্যে অনশনক্লিষ্ট কোটির প্রকৃত অর্থনৈতিক স্বাধীনতারও স্থান থাকিবে।" এই সাধু অভিপ্রায়কে কার্য্যে পরিণত করিতে হইলে অতিরিক্ত স্থবিধাবাদীদের স্থবিধাহীনদের জন্ম কিছু ছাড়িতে হইবে। তাহা ছাড়া ইহাও বলা হইয়াছে যে, শ্রেমিকেরা বাঁচিয়া থাকিবার মত মজুরী ও অন্যান্ম স্থবিধা পাইবে; ধনসম্পত্তির উপর বিশেষ কর ধার্য্য হইবে, "মূল শিল্পগুলি, সাধারণের প্রয়োজনীয় ব্যবসায়, রেলওয়ে, জলপথ, নৌবাণিজ্য প্রভৃতি ও সাধারণের যানবাহনাদি রাষ্ট্রের অধিকারে আদিবে এবং নিয়ন্ত্রিত হইবে"; এবং "সর্ববিধ মাদক দ্রব্যের প্রচলন বন্ধ করিয়া দেওয়া হইবে"। বহু সংখ্যক ব্যক্তিই এই সকলের প্রতিবাদ করিবে, সে সম্ভাবনা রহিয়াছে। তাহারা অধিকাংশের ইচ্ছার বশীভৃত হইতে পারে, কিন্তু অবাধ্যতার পরিণাম চিন্তা করিয়া ভয়েই তাহারা ঐরপ করিবে। গণতদ্বের অর্থই সংখ্যাগরিষ্ঠ দল বলপ্রয়োগে সংখ্যালিষ্ঠিদ্বকে নিরম্ভ রাথে।

সম্পত্তির উপর অধিকার সঙ্কোচ করিয়! অথবা বহুলাংশে বিলোপ করিয়া, সংখ্যাগরিষ্ঠদল যদি কোন আইন প্রণয়ন করে, তাহাকে বলপ্রয়োগ বলিয়া কি আপত্তি করা হইবে ? প্রকাশ্ত ভাবে তাহার উপায় নাই; কেন না গণতান্ত্রিক আইন এই প্রথাতেই প্রণীত হয়। বড় জোর বলা যাইতে পারে যে, সংখ্যাগরিষ্ঠদল অত্যায় বা অনীতিক কায়্য করিতেছেন। তথন বিবেচনার বিয়য় হইবে এই যে, সংখ্যাগরিষ্ঠদল নীতিশাম্বের কোন বিধান লঙ্মন করিয়াছেন কিনা? কে ইহার মীমাংসা করিবে? যদি ব্যক্তি বা সম্প্রদায়কে স্ব স্ব স্বার্থের অয়ৢকূল করিয়া নীতিশাম্ব বাাখ্যা করিতে দেওয়া হয়, তাহা হইলে গণতান্ত্রিক পদ্ধতির অবসান হইবে। ব্যক্তিগতভাবে আমার ধারণা এই, ব্যক্তিগত সম্পত্তির ফলে (খুব সীমাবদ্ধ ও স্থনির্দিষ্ট সম্পত্তি ছাড়া) সমগ্র সমাজের উপর আধিপত্য করিবার মারাত্রক ক্ষমতা লোকের হাতে দেওয়া হয়, অতএব উহা সমাজের পক্ষে অনিষ্টকর। আমি উহাকে মগুপান অপেক্ষাও গ্রনীতি বলিয়া মনে করি। কেন না, মগুপান দ্বারা সমাজ অপেক্ষা ব্যক্তিরই অধিক ক্ষতি হয়।

যাহা হউক, যাঁহারা অহিংসপন্থায় বিশ্বাসী এমন অনেক লোকের নিকট আমি শুনিয়াছি যে, মালিকের সম্মতি বাতীত ব্যক্তিগত সম্পত্তি জাতীয় সম্পত্তিতে পরিণত করিবার চেষ্টা অহিংসনীতি বিরোধী। এই কথা আমাকে এমন সব বড় জমিদার বুঝাইবার চেষ্টা করিয়াছেন, যাঁহারা গভর্ণমেণ্টের সাহায়্য লইয়া বলপূর্ব্বক থাজনা আদায় করিতে বিনুমাত্র দ্বিধাবোধ করেন না, এমন সব বছ কার্থানার মালিক বলিয়াছেন, যাঁহারা তাঁহাদের এলাকায়

# ছদয়ের পরিবর্ত্তন না বলপ্রয়োগ

ষাধীন শ্রমিকসত্য গঠনের প্রতিবাদ করিয়া থাকেন। জনসাধারণের অধিকাংশের পরিবর্ত্তনের ইচ্ছা থাকিলেই চলিবে না, যে সকল বক্তির ক্ষতি হইবে, তাহাদেরও হাদরের পরিবর্ত্তন করিতে হইবে; ইহাই কথা। কিন্তু এ ভাবে মৃষ্টিমেয় স্বার্থসংশ্লিষ্ট ব্যক্তি যে কোন আকাজ্জিত পরিবর্ত্তনের গতিরোধ করিতে পারে।

ইতিহাসের মধ্যে এই সভাটি ফুটিয়া উঠিয়াছে যে, অর্থনৈতিক স্বার্থই দল বা শ্রেণীর রাজনৈতিক মত গড়িয়া তোলে। যদিও ইহা বিরল, তথাপি ব্যক্তিবিশেষের হৃদয়ের পরিবর্ত্তন করা শাইতে পারে, ভাহারা বিশেষ স্থাবিধা ত্যাগ্ও করিতে পারে; কিন্তু দল বা শ্রেণী কথন্ড তাহা করে না। শাসক অথবা স্থবিধাভোগী শ্রেণীর হৃদয়ের পরিবর্ত্তন দারা ক্ষমতা ও বিশেষ স্থাবিধা বৰ্জন করাইবার চেষ্টা এতাবং কাল ব্যর্থই হইয়াছে. এবং এমন কোন যুক্তি আছে বলিয়া মনে হয় না যে, ভবিষ্যতে তাহা मक्न रहेरत। तार्रेनरहान्छ नाहेत्व छाहात श्रृष्ठरक नी छितानीरमत्र विकृत्क এই যুক্তি দিয়াছেন যে,—"যাহারা মনে করে যে, 'মানুষের মান্মাভিমান যুক্তিবাদের পরিপুষ্টির সহিত অথবা ধর্মাটস্তাপ্রস্থত সদিচ্ছার দারা আধিকতর সংযত হইবে, এবং সমন্ত মহুষা সমাজ ও সম্প্রদায়গুলির মধ্যে সামাজিক সামা স্থাপনের জন্ম এই উপায়েরই প্রয়োজন।'-এই সমস্ত নীতিবাদী, মন্তব্যসমাজে ইবিচারের জন্ম আগ্রহের মধ্যে রাজনৈতিক প্রয়োজনগুলি গণনার মধ্যে আনিতে পারে না, তাহারা ইহাও বুঝিতে পারে না যে, মান্তবের ব্যবহারের মধ্যে যে দকল বস্তু রহিয়াছে, তাহা প্রাকৃতিক নিয়মের মধ্যে বিস্তৃত এবং তাহা কখনও সম্পূর্ণরূপে যুক্তি বা বিবেকের আয়ত্তে আনা সম্ভবপর হইবে না। তাহারা ইহাও বৃঝিতে পারে না যে, তাহা দামাজানীতিরই হউক আর শ্রেণী-প্রাধান্তেরই হউক, যথন তুর্বলকে শোষণ করে তথন তাহার বিরুদ্ধে প্রয়োগ বাতীত উহাকে কিছতেই স্থানভাষ্ট করা যায় না।" আরও বলিয়াছেন, "যথন দেখা যাইতেছে যুক্তি অনেকাংশে দামাজিক ও বিশেষ বস্থা হইতে উদ্ভত স্বার্থের দাস, তথন কেবলমাত্র নৈতিক বা যৌক্তিক প্ররোচনা দ্বারা कान नामाजिक अविहादतत भीभारना कता यात्र ना । ..... नः पर्व अनिवार्य ; এবং এই সংঘর্ষ শক্তির বিরুদ্ধে শক্তিই প্রয়োগ করিতে হইবে !"

অতএব কোন জাতি বা শ্রেণীর সম্পূর্ণরূপে হৃদয়ের পরিবর্ত্তন সম্ভব কিংবা যুক্তিসঙ্গত তর্ক বা স্থবিচাগ্রের দোহাই দিয়া সংঘর্ষ নিবারণ সম্ভব, একথা বাঁহারা ভাবেন, তাঁহারা আত্মসমোহন করেন মাত । বলপ্রয়োগের সমতুল্য কার্যাকরী চাপ না দিলে, কোন শ্রেণী তাহার স্থবিধা ও উন্ধত প্রতিষ্ঠা

#### জওহরলাল নেহর

ত্যাগ করিবে অথবা কোন দেশের উপর প্রভূত্বের আসনে সমাসীন সাম্রাজ্যবাদী শক্তি তাহার ক্ষমতা ত্যাগ করিবে, এরপ চিস্তা বাত্লতা মাত্র।

গান্ধিজী এইরূপ চাপই দিতে চাহেন, কিন্তু তাহাকে বলপ্রয়োগ বলিতে চাহেন না। তাঁহার মতে তাঁহার উপায় হইল আত্মপীডন। ইহা লইয়া বিচার করা কঠিন, কেন না ইহার মধ্যে এমন একটা দার্শনিক বস্তু আছে, যাহা কোন বান্তব উপায়ে ধরা ছোঁয়ার মধ্যে পাওয়া যায় না। প্রতিপক্ষের উপর ইহা প্রচুর প্রভাব বিস্তার করে সন্দেহ নাই। ইহাতে আত্মপক্ষ সমর্থনের জন্ম যে নৈতিক যুক্তি দিতে অগ্রসর হয়, সে বিচলিত হইয়া পড়ে, তাহার চিত্তে মানবোচিত ভাবের উদ্রেক হয়: ইহাতে আপোষের পথ সর্বাদাই উন্মুক্ত থাকে। প্রেম ও স্বেচ্ছায় তঃথবরণ, প্রতিপক্ষ এমন কি, দর্শকদের উপরও এক শক্তিশালী মানসিক প্রতিক্রিয়ার সঞ্চার করে. ইহাতে কোন সন্দেহ নাই। অধিকাংশ শিকারীই জানেন যে, বয়পশুর সমুখীন হইবার ভঙ্গীর মধ্যে অনেক তারতমা আছে। দূর হইতে সে হিংম্র উন্মাদনা অন্মভব করিয়া তাহার প্রতিক্রিয়ায় কার্য্য করিতে চায়। মামুষ ভয় পাইয়াছে, তাহা পশু ব্ঝিতে পারিয়াছে, অতি চকিতে সম্পূর্ণ অমুভব করিতে না করিতে, মামুষ ভয় পাইয়া আক্রমণ করিয়া বদে। সিংহশিকারী যদি এক মৃহর্ত্তের জন্মও ত্র্বলতা প্রকাশ করে, তাহা হইলে তংক্ষণাৎ আক্রমণের আশকা উপস্থিত হয়। অতি অপ্রত্যাশিত ত্র্ঘটনা না ঘটলে, সম্পূর্ণরূপে নিভীক ব্যক্তির বক্ত পশুর নিকট কদাচিং বিপদের আশঙ্কা থাকে। অতএব যে মামুষ মানসিক প্রভাবের দ্বারাও অভিভূত হইবে ইহা স্বাভাবিক। কিন্তু ব্যক্তিবিশেষ প্রভাবিত হইলেও, শ্রেণী বাদল প্রভাবিত হয় কিনা সন্দেহস্থল। কেন না, কোন শ্রেণী সমগ্রভাবে অপরপক্ষের ব্যক্তিগত ঘনিষ্ঠ সংস্পর্শে আদে না , এমন কি, যে সমস্ত সংবাদ তাহারা গুনিতে পায়, তাহা আংশিক ও বিক্লত। যাহাই ঘটুক না কেন, কোন দল প্রতিষ্ঠা ভ্রষ্ট করিবার চেষ্টা করিতেছে, ইহা শুনিবামাত্র লোকের মনে স্বতঃফুর্ত্ত ক্রোধের সঞ্চার হয়; এবং এই ক্রোধ এত বেশী হয় যে অক্সান্ত ছোটখাট ভাবাবেগ তাহার মধ্যে তলাইয়া যায়। সমাজের ভালর জন্মই তাহাদের উন্নতত্তর প্রতিষ্ঠা ও স্থবিধা আবশ্রক, দীর্ঘকাল এই কথা যাহারা ভাবিতে অভ্যন্ত, তাহাদের কর্ণে বিপরীত যুক্তি, পাপীর কুযুক্তি বলিয়া মনে হয়। আইন, শুঙ্খলা ও চিরাচরিত ব্যবস্থা রক্ষাই তাহাদের নিকট প্রধান ধর্ম হইয়া উঠে এবং ঐগুলির বিরুদ্ধে দণ্ডায়মান হওয়াই মহাপাপ।

## হৃদয়ের পরিবর্ত্তন না বলপ্রয়োগ

অতএব বিরুদ্ধ পক্ষের দিক হইতে হৃদয়ের পরিবর্ত্তন অধিকদূর অগ্রসর হয় না। সময় সময় তাহাদের প্রতিপক্ষের বিনয় ও সাধৃতাই তাহাদিগকে अधिक छत्र कृषा करत ; किन ना, छहार छ छाहार हत्व है साथी विनिष्ठा मरन हम । यथन कान वाकि मत्मर करत (य, छारात ऋ सारे माय निरम्भ भारत हो। হইতেছে, তথন তাহার নৈতিক ক্রোধ উদ্দীপ্ত হয়। তৎসত্ত্বেও অহিংনা-নীতির প্রয়োগ কৌশলের ফলে বিরুদ্ধ পক্ষের কতকগুলি লোক প্রভাবান্বিত হয় এবং তাহার ফলে বিরুদ্ধতার শক্তি তুর্বল হইয়া পড়ে! তাহার উপর ইহা নিরপেক্ষ ব্যক্তিদের সহামভূতি আকর্ষণ করে; এবং দ্বগতের মতামতের উপর প্রভাব বিস্তার করিবার ইহা এক শক্তিশালী অস্ত্র। কিন্তু শাসক সম্প্রদায় সংবাদ গোপন করিতে পারেন অথবা বিক্লত করিতে পারেন, সে সম্ভাবনাও রহিয়াছে; কেন না, বার্ত্তাবাহী প্রতিষ্ঠানগুলি তাঁহাদেরই হাতে বলিয়া প্রকৃত ঘটনা প্রচার হওয়া অসম্ভব। যাহা হউক অহিংস উপায় लहेशा य एएट कार्या कता इश, त्महे एएट अमर्था छेमागीन नतनातीत উপর ইহা দূবপ্রসারী ও গভীর প্রভাব বিস্তার করে। তাহাদের নিশ্চয়ই হৃদয়ের পরিবর্ত্তন হয় এবং তাহারা ইহার অনুকূলে উৎসাহী হইয়া উঠে; কিন্তু যাহারা দাধারণতঃ উদ্দেশ্যকে সমর্থন ক্রে, তাহাদের বেশী হৃদয়ের পরিবর্ত্তন আবশুক করে না। কিন্তু যাহারা পরিবর্ত্তনে ভয় পায় তাহাদের উপর প্রভাব তক্ত স্পষ্ট নহে। ভারতে অসহযোগ ও নিরুপদ্রব প্রতিরোধের ক্রত বিস্তার দারা প্রমাণিত হইয়াছে যে, অহিংস আন্দোলন বিশাল জনসজ্যের উপর কি আশ্চর্য্য প্রভাব বিস্তার করে এবং বছ সংশয়াতরকে কি ভাবে বিশ্বাসী করিয়া তোলে। কিন্তু যাহারা স্কুনা হইতেই ইহার প্রতি বিরুদ্ধভাবাণর, তাহাদের বিশেষ কোন পরিবর্ত্তন হয় না। এমন কি, আন্দোলনের সাফল্যে তাহার। অধিকতর ভীত হয় এবং অধিকতর শক্রভাবাপন্ন হয়।

হিংসামূলক উপায়ে তাহার স্বাধীনতা রক্ষা করিবার জন্ম রাষ্ট্রের যুক্তিসঙ্গত অধিকার আছে, ইহা যদি স্বীকার করিয়া লওয়া হয়, নাহা হইলে ঐ স্বাধীনতা অর্জ্ঞন করিবার জন্ম অন্তর্মপ হিংসা ও বলপ্রয়োগ অবলম্বন করা যুক্তিসঙ্গত হইবে না কেন, ন্ঝা কঠিন। হিংসামূলক উপায় অবাম্থনীয় ও অন্তপ্রমাগী হইতে পারে, কিন্তু উহা সম্পূর্ণরূপে অযৌক্তিক ও নিষিদ্ধ হইতে পারে না। গভর্ণমেন্টই সর্বাপেক্ষা প্রভাবশালী অংশ এবং সশস্থ সৈন্দলের নিয়ামক বলিয়া হিংসামূলক উপায় প্রয়োগ করিবার অধিকার অত্যের তুলনায় তাহার বেশী হইতে পারে না। অহিংস বিপ্লব সাফল্য লাভ করিয়া যদি রাষ্ট্রের রশ্মি হস্তগত করে, তাহা হইলে পূর্ব্বে তাহার যাহা ছিল না,

#### **ज** ওহরলাল নেহরু

সেই বলপ্রয়োগের অধিকার কি সে তৎক্ষণাৎ লাভ করিবে? ইহার প্রভুত্বের বিরুদ্ধে যদি বিল্রোহ হয়, তাহা হইলে কি দিয়া তাহা দমন করা হইবে। শ্বভাবতঃই ইহা বলপ্রয়োগ করিতে অনিচ্ছুক হইবে এবং শাস্তিপূর্ণ উপায়ে সমস্যা মীমাংসার চেষ্টা করিবে, কিন্তু তাই বলিয়া সে তাহার বলপ্রয়োগের অধিকার ত্যাগ করিবে না। জনসাধারণের একাংশ নিশ্চয়ই পরিবর্ত্তনের বিরোধী হইবে এবং পূর্ব্বাবস্থায় ফিরিয়া যাইতে চেষ্টা করিবে। যদি তাহারা মনে করে যে, তাহাদের হিংসার বিরুদ্ধে নৃতন রাষ্ট্র তাহার বলপ্রয়োগের শক্তিগুলি ব্যবহার করিবে না, তাহা হইলে তাহারা অধিকতর উৎসাহে উহা চালাইবে। অতএব মনে হয়, হিংসা ও অহিংসা, বলপ্রয়োগ ও হলয়ের পরিবর্ত্তনের মধ্যে কোন স্বন্দেই সীমারেখা নির্দেশ করা কঠিন। রাজনৈতিক পরিবর্ত্তনের দিক দিয়া চিন্তা করিলে অস্থবিধা ত আছেই; শোষক ও শোষতি শ্রেণীর মধ্যে ইহা আরও শোচনীয়।

কোন আদর্শের জন্ম তৃংথবরণ সর্ব্বদাই লোকের শ্রদ্ধা আকর্ষণ করে; প্রতিঘাত না করিয়া এবং সঙ্কল্পত্যাগ না করিয়া কোন মহং উদ্দেশ্যের জন্ম তৃংথবরণের মধ্যে এক মহত্ত্বের গরিমা আছে, যাহার নিকট অনিচ্ছাসত্ত্বেও মাথা নত করিতে হয়। কিন্তু তৃংথবর জন্মই তৃংথবরণের সহিত ইহার প্রভেদ অতি সামান্ত, এবং এই শ্রেণীর আত্মনিগ্রহ বিষাদ-রোগে পর্যাবসিত হয়, এমন কি, ইহাতে একটু অধংপতনও হয়। হিংসা যদি সচরাচর অস্বাভাবিক নিষ্ঠ্রতা হয়, তাহা হইলে অহিংসাও তাহার নিষ্ক্রিয়তার দিক দিয়া অন্ততঃ উহার বিপরীত দিকে ভুল করে। কাপুক্ষতা ও অকর্মণ্যতার আবরণ রূপে এবং প্রচলিত ব্যবস্থা রক্ষা করিবার ইচ্ছাকে গোপন করিবার জন্ম অহিংসা ব্যবহৃত হইতে পারে, সর্ব্বদাই এরূপ সম্ভাবনা আছে।

ভারতে কয়েক বংসর হইতে, যথন হইতে সামাজিক পরিবর্ত্তনের ভাব কিছু গুরুতর আকার ধারণ করিয়াছে, তথন হইতেই একদল লোক বলিয়া আদিতেছেন যে, বলপ্রয়োগ ব্যতীত ঐরপ পরিবর্ত্তন সম্ভব নহে, অতএব ওসব কথা না তোলাই ভাল। শ্রেণীসংঘর্ষের কথা (যদিও তাহা অতিমাত্রায় বিদ্যমান) উল্লেখ করা উচিত নহে। কেন না, তাহা সম্পূর্ণ সহযোগিতা—মহিংসার পথে উন্নতি অথবা ভবিশ্বতের যে লক্ষ্যই হউক না কেন, তাহার সহিত থাপ খায় না। কোন এক স্তরে বলপ্রয়োগ না করিয়া সামাজিক সমস্রার সমাধান করা যাইতে পারে না, ইহা সত্য, কেন না, স্থবিধাভোগী সম্প্রদায় তাহাদের বর্ত্তমান অবস্থা রক্ষা করিবার জন্ম নি-চয়ই হিংসা-নীতি অবলম্বন করিতে ইতন্তত: করিবে না। কিছ

## श्रम दात्र अतिवर्धन ना वलश्रासाध

মতবাদের দিক দিয়া যদি অহিংস উপায়ে বৃহৎ রাজনৈতিক পরিবর্ত্তন সন্তব হয়, তবে ঠিক সেই ভাবে উহাদ্বারা দামাজিক আন্ল পরিবর্ত্তন সন্তব হইবে না কেন ু অহিংস উপায়ে যদি আমরা ব্রিটিশ সাম্রাজ্ঞাবাদের কবল হইতে মৃক্ত হইয়া রাজনৈতিক স্বাধীনতা মর্জন করিতে পারি, তাহা হইলে দেশীয় নূপতিবৃন্দ, জমিদারগণ ও অন্তান্ত সামাজিক সমস্তাগুলি অন্তর্মপ উপায়ে সমাধান করিয়া সমাজতান্ত্রিক রাষ্ট্র স্থাপন করিতে পারিব না কেন? এ সকলই অহিংস উপায়ে সন্তব কি না, তাহা ম্থ্য প্রশ্ন নহে। প্রধান কথা এই যে, এই উভ্য উদ্দেশ্যই অহিংসাদ্বারা দিন্ধ করা সন্তব কি অসম্ভব। একথা নিশ্চরই বলা ঘাইতে পারে না যে, অহিংস উপায় কেবলমাত্র বিদেশী শাসকদের বিক্লন্ধেই প্রয়োগ করিতে হইবে। দৃশ্যতঃ ইহা অধিকতর সহজে দেশের মধ্যে স্বদেশীয় স্থাপরতা ও বিক্লন্ধবাদীদের বিক্লন্ধে প্রয়োগ করা যাইতে পারে, কেন না অন্যান্য ক্ষেত্র অপেক্ষা তাহাদের চিন্তারাজ্যে উহার প্রভাব অধিকতর হইবে।

কেবল অহিংসার বিরোধী কল্পনা করিয়া, রাজনীতি বা কোন উদ্দেশ্যকে নিন্দা করার ভাব, ভারতে অধুনা দেখা ্যাইতেছে, আমার মতে সমস্তাগুলিকে সত্যদৃষ্টিঘারা না দেখিয়া উহা সম্পূর্ণ উণ্টা দিক হইতে দেখিবার মত। ১৫ বংসর পূর্বে আমর। অহিংস অসহযোগ গ্রহণ করিয়াছিলাম, কেন না উহা আমাদিগকে সর্বাধিক বান্ধনীয় ও সাফল্যের পথে লক্ষ্যস্থানে লইয়া যাইবার প্রতিশ্রুতি দিয়াছিল। তথন লক্ষ্য অহিংসা হইতে স্বতন্ত্র ছিল, উহা অহিংসার শাথামাত্রও ছিল না, অথবা অহিংদা হইতে উহা উদ্ভূত হয় নাই। তথন কেহই একথা বলিতে পারেন নাই যে, স্বাধীনতা বা অধীনতা পাশ ছেদন যদি কেবলমাত্র অহিংস উপায়ে সম্ভব হয়, তাহা হইলেই উহার জন্য চেষ্টা করা যাইতে পারে। কিন্তু এখন আমাদের লক্ষ্যকেন্দ্র অহিংসার মানদণ্ডে বিচার করা হইতেছে এবং যাহা অহিংসার সহিত সামঞ্জস্তহীন তাহা অগ্রাহ্ম করা হইতেছে। এইভাবে অহিংসা এক অনমনীয় যুক্তিহীন গোঁড়ামীতে পরিণত হইতে চলিয়াছে, যাহার বিরুদ্ধে কোন প্রশ্নই তোলা সঙ্গত ইহার ফলে বৃদ্ধির উপর ইহা প্রভাব হারাইয়া ফেলিয়া ক্রমে বিখাস ও <sup>ধর্মের</sup> কোটরে আশ্রয় গ্রহণ করিতেছে। এমন কি, কায়েমী স্বার্থবিশিষ্ট ব্যক্তিরাও ইহা আঁকড়িয়া ধরিয়া, ইহাকে বর্ত্তমান ব্যবস্থা রক্ষা করার অমুকূলে ব্যবহার করিতেছে।

ইহা অত্যস্ত তুর্ভাগ্যের কথা, কেন না আমি দৃঢ়তার সহিত বিশাস <sup>করি</sup> যে অহিংস প্রতিরোধ এবং অহিংসামূলক উপায় দারা সংগ্রামেরু

#### जंदरनाचा जिस्त

ভারতে অত্যস্ত উপযোগিতা রহিয়াছে; জগতের অন্যান্য অংশের পক্ষেও তাহা সম্ভব। গান্ধিজী আধুনিক চিস্তাশীল ব্যক্তিদিগকে উহা বিবেচনা করিতে প্রবৃত্ত করিয়া এক মহৎ কাজ করিয়াছেন। আমি বিখাস করি ইহার ভবিগ্রু মহান। এমনও হইতে পারে যে মহুগুজাতি ইহা সমগ্র ভাবে গ্রহণ করিবার মত উন্নত হয় নাই। এ, ই লিখিত "ইনটারপ্রেটাস<sup>'</sup>" নাটকের একটি চরিত্রের মুখ দিয়া বলান হইয়াছে. "তুমি অন্ধের হস্তে দর্শনের মোমবাতী তুলিয়া দিতেছ; অন্ধ ইহা লাঠি ছাড়া আর কিরূপে ব্যবহার করিতে পারে?" বর্ত্তমানে এই নৃতন নীতি হয় ত বিশেষ কার্য্যকরী হইবে না, কিন্তু অন্যান্য মহৎভাবের ইহার প্রভাব বৃদ্ধিত হইবে এবং ইহা ক্রমশঃ আমাদের কর্ম নিয়ন্ত্রিত করিবে। অসহযোগ, কোন তুর্নীতিপূর্ণ রাষ্ট্র বা সমাজের সহিত সহযোগিতা করিতে অস্বীকার—এক শক্তিশালী এবং সক্রিয় ধারণা। কি মুষ্টিমেয় চরিত্রবান ব্যক্তি যদি ইহা অবলম্বন করেন, তাহা হইলে উহার প্রভাব বিস্তৃত হয় এবং তাহা ক্রমেই বর্দ্ধিত হইতে থাকে। অধিকাংশ ব্যক্তি যোগদান করিলে বাহতঃ ইহা অধিক প্রতাক্ষ হয়, কিন্তু তাহার ফলে মনের গতি অন্যান্য দিকে গিয়া নৈতিক একাগ্রতা আচ্ছন্ন করিয়া ফেলে। বিস্তৃতির ফলে ইহার গভীরতা কমিয়া যায়। সমষ্টি মানব ক্রমশ: ব্যক্তিকে পশ্চাতে ঠেলিয়া দেয়।

নিভাঁজ অহিংদার উপর অতি মাত্রায় জোর দেওয়ার ফলে ইহা জীবন হইতে স্বতন্ত্র ও দ্রবর্ত্তী হইয়া গিয়াছে, লোকে ইহা হয় অদ্ধের মত ধর্ম-ভাবে অফুপ্রাণিত হইয়া গ্রহণ করে, অথবা একেবারেই গ্রহণ করে না। বৃদ্ধিমান ব্যক্তিরা পশ্চাতে সরিয়া থাকেন। ১৯২০ দালে ইহা ভারতের টেররিষ্টদের উপর অসামান্ত প্রভাব বিস্তার করিয়াছিল, অনেকে দলত্যাগ করিয়াছিলেন, যাহারা ভাহা করেন নাই তাঁহারাও সন্দেহাতুর হইয়া হিংসামূলক কার্য্য হইতে বিরত ছিলেন। কিন্তু আজ ইহাদের উপর উহার সে প্রভাব আর নাই। এমন কি, কংগ্রেসের মধ্যে অনেক বিশিষ্ট ব্যক্তি যাঁহারা অসহযোগ ও নিরুপদ্রব প্রতিরোধ আন্দোলনে প্রশংসার সহিত কার্য্য করিয়াছেন এবং অক্তত্তিম আগ্রহে অহিংসানীতিসম্মত জীবন যাপন করিতে চেষ্টা করিয়াছেন, আজ তাঁহাদিগকে অবিখাসী মনে করিয়া বলা হইতেছে যে, যথন তাঁহারা অহিংসাকে জীবনের মূলনীতি অথবা ধর্ম হিসাবে গ্রহণ করিতে প্রস্তুত্ত নহেন, তথন কংগ্রেসপৃষ্টীরূপে তাঁহাদের থাকিবার প্রয়োজন নাই। অথবা যে একমাত্র লক্ষ্যের জন্ম উত্তম প্রকাশ করা তাঁহারা সার্থক বলিয়া বিবেচনা করেন,

# रुपरमञ्ज পत्रिवर्डन मा वन्धारमाभ

তাহা ত্যাগ করুন, সমাজতান্ত্রিক রাষ্ট্র, সকলের জ্বন্থ স্থান বিচার ও সমান স্থবিধা, স্থবিহান্ত সমাজ তথনই সভব হইতে পারে, যখন অগুকার সম্পত্তির উপর অধিকার ও বিশেষ স্থবিধাগুলি বিলুপ্ত হইবে। অবশ্র গান্ধিজী এক প্রবল শক্তিরপেই বিভ্যান থাকিবেন, তাঁহার অহিংসা কর্মপ্রবণ ও আক্রমণশাল, কেন্ জানে না, কখন তিনি সমস্ত দেশকে নৃতন শক্তিতে অমুপ্রাণিত করিয়া আবার আন্দোলনে অগ্রগতি সংগার করিবেন। সমত মহত্ত, সমত স্ববিরোধিতা, জাসাধারণকে অঙ্গুলী হেলনে পরিচালনা করিবার সমস্ত শক্তি লইয়া তিনি সাধারণ মাপকাঠির অনেক উর্দ্ধে। অপরকে বিচার করিবার মাপকাঠি দিয়া তাঁহাকে পরিমাপ করা যায় না, বিচার করা যায় না। তাঁহার অফুগামী বলিয়া যাঁহাবা দাবী করেন. তাঁহাদের অনেকেই অকশ্বন্য শান্তিবাদী অথচ টলপ্ট্য-কথিত অ-প্রতিরোধী অথবা কোন দঙ্গীর্ণ সম্প্রদায়ের ভক্ত হইয়া পড়েন, জীবন ও বান্তবের সহিত তাঁহাদের কোন যোগ থাকে না। এবং তাঁহাদের চারিদিকে এমন কতকগুলি লোক জড় হয়, যাহারা বত্তমান ব্যবস্থা রক্ষার জন্ম উন্মধ এবং সেই উদ্দেশ্য সিদ্ধির জন্ম অহিংসার আশ্রয় গ্রহণ করে। এই ভাবে স্থবিধাবাদ দেখা দেয়, এবং প্রতিপক্ষকে স্বমতে আনয়ন করিতে গিয়া অহিংসা নীতির থাতিরে তাঁহারাই নিজেদের হৃদয়ের পরিবর্ত্তন সাধন করেন এবং প্রতিপক্ষদের গিয়া দণ্ডায়মান হন। যথন উৎসাহ কমিয়া আসে এবং আমরা হুর্বল হইয়া পড়ি, তথন একটু পিছু হটিয়া আপোষ করিতে ইচ্ছা হয় এবং তাহাকে প্রতিপক্ষের চিত্ত জয় করিবার কৌশল-রূপে অভিহিত করিয়া আত্মপ্রদাদ লাভ করি। এবং সময় সময় আমরা আমাদের পুরাতন সহকর্মীদের ত্যাগ করিয়াই ঐটুকু লাভের লোভে ছুটিয়া যাই। আমরা পুরাতন সহকলীদের, যে সকল কথায় নৃতন বন্ধুরা বিরক্ত হয় এবং তাহাদের বাড়াবাড়ির নিন্দা করি, এবং দলের ঐক্য নষ্ট করিবার জন্ম তাহাদের উপর দোষারোপ করি। সমাজব্যবস্থার প্রকৃত পরিবর্ত্তনের পরিবর্ত্তে, বর্ত্তমান ব্যবস্থার মধ্যেই, দয়া-দাক্ষিণ্যের উপর বেশী জোর দেওয়া হয়: কায়েমী স্বার্থ সহক্ষে কোন উচ্চবাচ্য করা হয় না।

উপায়ের গুরুত্বের উপর অধিক জোর দিয়া গান্ধিজী এক মহৎ কার্য্য করিয়াছেন, সে সম্বন্ধে আমি নিঃসন্দেহ। তথাপি আমার মনে হয় উদ্দেশ্য বা অভিপ্রেত লক্ষ্যের উপরও পরিণামে অহুরপ জোর দিবার নিশ্চয়ই প্রয়োজন আছে। যদি আমরা উহা স্পষ্টভাবে ব্ঝিতে না পারি, তাহা হইলে আমাদের অবস্থা লক্ষ্যহীন পথিকের মত হইবে, কতকগুলি অবাস্তর বিষয় লইয়া আমরা বৃথা শক্তিক্ষয় করিব। কিন্তু উপায়কেও

#### জওহরলাল নেহরু

অবজ্ঞা করা যায় না, কেন না নৈতিক দিক ছাড়াও উহার একটি কার্যাকরী দিক আছে। মন্দ ও হুনীভিপূর্ণ উপায় গ্রহণ করিলে অভিপ্রেত উদ্দেশ্য পণ্ড হইয়া যায়, অথবা নব নব সমস্তা তীব্রভাবে দেখা দেয়। হউক, আমরা মানুষকে তাহার ঘোষিত উদ্দেশ্য দিয়া নহে, তাহার অবলম্বিত উপায় দিয়াই বিচার করিয়া থাকি। যে উপায় অবলম্বন করিলে অনাবশ্যক সংঘর্ষ উপস্থিত হয়, ঘুণা ও বিদ্বেষ পুঞ্জীভূত হইয়া উঠে, তাহা লক্ষ্যকে দূরবর্ত্তী ও উদ্দেশ্য সিদ্ধির পথ কঠিন করিয়া তোলে। উপায় ও উদ্দেশ্য অঙ্গাঙ্গী সম্বন্ধে জড়িত, উভয়কে পৃথক করা যায় না। অতএব উপায় প্রধানতঃ এমন হওয়া উচিত, যাহা সংঘর্ষ ও ঘুণাকে উগ্র হইতে দিবে না, অস্ততঃপক্ষে উহাকে যথাসাধ্য নির্দিষ্ট সীমার (কেন না, কিয়ংপরিমাণে উহা অপরিহার্যা) মধ্যে রাখিতে চেষ্টা করিবে এবং দদিচ্ছা জাগ্রত করিতে প্রয়াসী হইবে। ইহা কোন নির্দিষ্ট কার্য্যপ্রণালী অপেক্ষা ব্যক্তির অভিপ্রায়, উদ্দেশ্য ও প্রকৃতির উপরই অধিক নির্ভর করে। এই মূল অভিপ্রায়কেই গান্ধিজী অধিকতর গুরুত্ব দিয়া থাকেন, এবং তিনি মন্ময়-চরিত্রে কোন বৃহৎ পরিবর্ত্তন সাধনে অক্বতকার্য্য হইয়া থাকেন, তাহা হইলেও লক্ষ লক্ষ নরনারী চালিত বিরাট জাতীয় আন্দোলনকে ঐ অভিপ্রায় দ্বারা অনুপ্রাণিত করিতে তিনি আশ্চর্য্য সাফল্য লাভ করিয়াছেন। তিনি যে নৈতিক সংযম দাবী করেন, তাহারও বিশেষ প্রয়োজন আছে, তবে তাঁহার ব্যক্তিগত সংযমের আদর্শ, সম্ভবতঃ তর্কের বিষয়। তিনি আত্মগত পাপ ও তুর্বলতার উপর অত্যন্ত গুরুত্ব আরোপ করেন, অথচ সামাজিক পাপগুলি প্রায় লক্ষ্যই করেন না। এই শুঝলা ও সংযমের প্রয়োজন আছে সন্দেহ নাই; কেন না, এই মরুভূমি ত্যাগ করিয়া স্থবিধাভোগী শ্রেণীর সহিত যোগ দিয়া প্রতিষ্ঠালাভের প্রলোভন অনেক কংগ্রেসপন্থীকে সরাইয়। লইয়া গিয়াছে। কেন না, বিশিষ্ট কংগ্রেস-সেবীদের জন্ম অমুগ্রহের দ্বার সর্ব্বদাই থোলা।

সমগ্র জগং আজ বহুবিধ সঙ্কটের সমুখীন, কিন্তু মানবের প্রাণশক্তি ও স্প্রনীপ্রতিভার সকটেই ইহার মধ্যে প্রধান। প্রাচ্যে ইহা অধিকতর প্রবল্গ কেন না, অধুনা অন্যান্ত দেশ অপেক্ষা এশিয়ায় অতি ক্রত পরিবর্ত্তন চলিয়াছে এবং ইহার সহিত সামগ্রস্থা সাধনের চেষ্টার বেদনা প্রচুর। যে রাজনৈতিক সমস্তা আমরা অত্যন্ত ম্থ্যরূপে দেখিতেছি, ইহার সহিত তুলনায় তাহার গুরুত্ব বেশী নহে, যদি আমাদের নিকট ইহাই প্রাথমিক সমস্তা এবং ইহার সন্তোষজনক সমাধান ব্যতীত প্রকৃত প্রশ্নগুলিতে আমরা হন্তক্ষেপই করিতে পারিব না। যুগা যুগান্ত ধরিয়া আমরা এক পরিবর্ত্তনহীন ভিত্তির উপর

# হৃদয়ের পরিবর্ত্তন না বলপ্রয়োগ

প্রতিষ্ঠিত সমাজব্যবস্থায় অভ্যস্ত, এবং আমাদের মধ্যে অনেকেরই বিশ্বাস যে সমাজের উহাই সম্ভব্পর ও সঙ্গত ভিত্তি এবং আমানের স্থায় অস্থায়ের ধারণাগুলিও উহার সহিত জড়িত। কিন্তু এই অতীত ভিত্তির উপর বর্ত্তমানকে প্রতিষ্ঠা করিবার আমানের দকল চেষ্টা বার্থ হইতেছে; উহা বার্থ হইতে বাধা। আমেরিকান অর্থনীতিবিদ ভেবলেন লিখিয়াছেন, "মেমে অর্থনৈতিক সন্নীতি, অর্থনৈতির প্রয়োজনের উপর নির্ভর করে।" বর্জমান প্রয়োজনের সহিত সাম্জপ্ত রাধিয়া নৃতন নীতি আমাদিগকে নির্ণয় করিয়া লইতে হইবে। ধদি আমরা জীবনের এই সঙ্কট হইতে নিঞ্চতির পথ খুঁ জিতে চাহি, যদি বর্ত্তমানযুগের প্রকৃত আত্মোনতির মূল্য ব্রিতে চাহি, তাহা হইলে আমাদিগকে সরল সাহসের সহিত সমস্তাগুলির সন্মুখীন হইতে স্ইবে। কোন ধর্মের অযৌতিক মতবাদের গোঁড়ামীর মধ্যে আশ্রয় খুঁজিলে চলিবে না। ধর্ম যাহা বনে তাহা ভাল বা মন্দ হইতে পারে; কিন্তু ইহা যে ভাবে বলে এবং আমাদিগকে বিশ্বাস করিতে বলে, তাহা নিশ্চয়ই কোন সমস্থাকে বন্ধির দিক দিয়া বিচার করিতে সহায়তা করে না। ধর্মের বিচার-নিরপেক্ষ সিদ্ধান্তগুলি মুম্পর্কে যেমন ফ্রয়েড বলিয়াছেন, "উহা বিশ্বাস করিতেই 'হইবে, প্রথমতঃ থেহেতু আমাদের আদিম পূর্ব্বপুরুষেরা উহা বিশ্বাস করিতেন, **দিতীয়তঃ, অতি ফপ্রাচীন কাল হইতে পরপ্রাক্রমে উহার প্রমাণ আমাদের** হাতে আছে, এবং তৃতীয়তঃ যেহেতু ঐগুলির সত্যতা সম্পর্কে প্রশ্ন উত্থাপন কর। একেবারেই নিষিদ্ধ।" (দি ফিউচার অফ্ এন ইলিউসান)

যদি আমরা মহিংদা ও তৎসংশ্লিষ্ট ব্যাপারগুলি ধর্ম বা অমুদ্ধপ মতবাদের দিক হইতে বিবেচনা করি, তাহা হইলে তর্ক করিবার কিছুই থাকে না। কোন সম্প্রদায়ের সঙ্কীর্ণ মতবাদে উহা পর্যবিদিত হইলে লোকে উহা গ্রহণ করিতেও পারে, নাও পারে। উহার কার্য্যকরী শক্তি ইহাতে হ্রাস হয় এবং বর্ত্তমান সমস্পাগুলিতে উহার প্রয়োগের দার্থকতা থাকে না। কিস্ক বর্ত্তমান অবস্থার উপযোগী ভাবে যদি আমরা উহা লইয়া আলোচনা করি, তাহা হইলে এই জগতের পুনর্গঠন চেষ্টায় বহুল পরিমাণে উহা হইতে সাহায্য পাইব। সমষ্টি মানবের ত্র্বলতা ও প্রকৃতির কথা মনে রাথিয়াই এই বিবেচনা করিতে হইবে। যে কোন ব্যাপক কাত্র, বিশেষতঃ আমূল পরিবর্ত্তনমূলক বৈপ্রবিক কার্য্যপদ্ধতি, কেবল নেতাদের চিন্থাধারার উপর নির্ভর করে না, বর্ত্তমান পারিপাশ্বিক অবস্থার উপরও উহা নির্ভর করে, বেশীর ভাগ নির্ভর করে, যে সকল মামুহ লইয়া তাঁহারা কাজ করেন, তাহাদের মনোভাবের উপর।

জগতের ইতিহাদে হিংসানীতির অভিনয় বহুবার হইয়া গিয়াছে। বর্ত্তমানেও ইহা সমান প্রবল, সম্ভবতঃ আরও দীর্ঘকাল ইহা ঐরপই থাকিবে।

#### ज ওহরলাল নেহর

হিংসা ও বলপূর্বক বাধ্য করিয়াই অতীতের প্রায় অধিকাংশ পরিবর্ত্তন সাধিত হইয়াছে। ভারুউ, ই, য়াভটোন একদা বলিয়াছিলেন, "আমি ছংখের সহিত বলিতেছি, রাজনৈতিক সন্ধটের সময় এই দেশের জনসাধারণকে আর কোন উপদেশ না দিয়া যদি বলা হইত যে, হিংসাকে ঘুণা করিতে ভুলিও না, শৃষ্থলা ভালবাসিও, সর্বাদা ধৈর্য্যাবলম্বন করিও, তাহা হইলে এই দেশ কখনও স্বাধীনতা পাইত না।"

অতীত ও বর্ত্তমানে হিংসানীতির গুরুত্ব ভূলিয়া থাকা অসম্ভব; তাহা হইলে জীবনকেই অস্বীকার করিতে হয়। তথাপি হিংসা মন্দ এবং ইহা অশেষ অকলাণের প্রস্তি। ঘুণা, নিষ্ঠ্রতা, প্রতিশোধ প্রবৃত্তি এবং শান্তির ভাব হিংসা হইতেও শোচনীয়, কিন্তু এইগুলি প্রায়ই হিংসার সহিত জড়িত থাকে। হিংসা স্বরূপতঃ মন্দ না হইলেও ঐ সকল উদ্দেশ্যর জন্য মন্দ হইয়া পড়ে। ঐ সকল উদ্দেশ্য বাতীতও হিংসা সম্ভব এবং তাহার ভাল মন্দ দুই উদ্দেশ্যই থাকিতে পারে। কিন্তু ঐ সকল উদ্দেশ্য হইতে হিংসাকে স্বতন্ত্র করা অতিমাত্রায় কঠিন, অতএব যথাসম্ভব হিংসাকে পরিহার করাই ভাল। অবশ্য ইহাকে বর্জন করিতে গিয়া কেই নিক্রিয় হইয়া অন্যান্য অথবা অধিকতর অন্যায় সহ্য করিতে পারে না। হিংসার নিকট বশ্যতা স্বীকার অথবা হিংসার উপর প্রতিষ্ঠিত শাসনপদ্ধতি গ্রহণ, অহিংসানীতির মূলতত্ব অস্বীকারেরই নামান্তর। অহিংস উপায়ের যৌক্তিকতা প্রমাণ করিতে হইলে উহাকে অতিমাত্রায় কিয়াশীল এবং রাষ্ট্র বা সমাজ ব্যবস্থা পরিবর্তনে সক্ষম করিতে হইবে।

উহা দারা সন্তব কিনা তাহা আমি জানি না। আমার মনে হয় ইহা আমাদিগকে অনেক দ্র লইয়া যাইতে পারে, তবে ইহা দারা চরম লক্ষে পৌছান সম্পর্কে আমার সন্দেহ আছে। যে ভাবেই হউক, কিছু না কিছু বলপ্রয়োগ অপরিহার্য্য বলিয়াই মনে হয়, কেন না ক্ষমতা ও স্থবিধা যাহাদের হাতে তাহারা বলপ্রকি বাধ্য না হইলে উহা ছাড়িতে চাহিবে না অথবা যতদিন পর্যস্ত না এমন অবস্থা স্বষ্টি করা যায় যে, ক্ষমতা ও স্থবিধা ছাড়িয়া দেওয়া অপেক্ষা হাতে রাথাই তাহাদের পক্ষে অধিকতর বিপজ্জনক, ততদিন বলপ্রয়োগের প্রয়োজন হইবে। বর্ত্তমানে সমাজে যে দ্বন্দ চলিয়াছে, — জাতীয় ও শ্রেণী সংঘর্ষগুলি বলপ্রয়োগ ব্যতীত সমাধান হইবে না। ব্যাপকভাবে হাদয়ের যে পরিবর্ত্তনের আন্দোলনের অন্ত কোন ভিত্তি নাই। কিরু বাত্তীত সামাজিক পরিবর্ত্তনের আন্দোলনের অন্ত কোন ভিত্তি নাই। কিরু কিয়দংশের উপর বলপ্রয়োগ করিতেই হইবে। মূলে যে সকল সংঘর্ষ রহিয়াছে, সেগুলি ঢাকিয়া রাধিয়া, তাহাদের অন্তিত্ত বিশ্বত হইবার চেষ্টা আমাদের পক্ষে শুভ নহে। ইহা কেবল সত্য গোপন করা নহে, ইহা

## समदब्रव পরিবর্ত্তন লা বলপ্রায়েশ্য

বর্ত্তমান ব্যবস্থাকে ঠেলিয়া উপরে তুলিয়। প্রকৃত ঘটনা সম্পর্কে জনসাধারণকে বিলাম্ভ করা এবং শাসক সম্প্রদায় তাঁহাদেব বিশেষ স্থবিধাগুলির যৌক্তিকতা প্রমাণ করিবার জন্ম যে নৈতিক ভিত্তি অধ্যেষণ করেন, ইহা তাহাই জোগাইয়া দেওয়া। অল্যান ব্যবস্থার সহিত সংগ্রাম করিতে হইলে উহা যে সকল মিখ্যা প্রতিশ্রুতির উপর প্রতিষ্ঠিত, তাহা উদ্ঘাটিত করিতে হইবে এবং উহার স্বরূপমূর্ণ্টি প্রকাশ করিতে হইবে। অসহযোগের একটা প্রধান গুণ এই যে, উহা এ সকল মিখ্যা প্রতিশ্রুতির স্বরূপ উদ্ঘাটন করিয়া দেয়,—এবং ঐগুলির বস্থাতা স্বীকার অথবা উহা কায়েম রাথিবার জল্য সহযোগিতা না করার ফলে মিখ্যাগুলি প্রকাশিত হইয়া পড়ে।

আমাদের চরম উদ্দেশ হইল শ্রেণীবর্জিত সমাজ—বেণানে সকলের অর্থ নৈতিক স্থবিচার ও স্থবিধা সমান হইবে। সমাজ এমন ভিত্তির উপর পরিকল্পনা করিতে হইবে যাহা মহয়জাতিকে সমৃদ্ধি ও সংস্কৃতির উন্নততর ভারে সইয়া যাইবে, মানসিক উৎকর্ষ বিধানের বাবস্থা করিবে, সহযোগিতা, নিঃস্বার্থপরতা ও সেবার ভাবে অহপ্রাণিত করিবে, সদিচ্ছা, প্রেম ও প্রকৃত কাজ করার আকাজ্ঞা জাগ্রত করিবে—পরিণামে যাহা সমগ্র জগতের ব্যবস্থায় পরিণত হইবে। সম্ভব হুইলে ভঞ্ভাবে, প্রয়োজন হইলে বলপূর্ব্বক ইহার পথের প্রত্যেকটি বাধা অপসারিত করিতে হইবে। বলপ্রয়োগ যে প্রায়ই দরকার হইবে, সে সম্বন্ধে অল্প সন্দেহই আছে। কিন্তু যদি বলপ্রয়োগের প্রয়োজন উপস্থিত তাহা ঘুণা বা নিষ্ঠুরতার সহিত প্রয়োগ করা উচিত নহে, কেবল বাধা অপসারণের উত্তেজনাহীন আকাজ্মা লইয়াই প্রয়োগ করিতে इटेर्रि । टेटा অতি कठिन । टेटा मटक काक नरह ; किछ मटक পথও নাই:-পতনের গহার অগণিত। কিন্তু বাধা বিদ্ন পতনের গহার, আমরা ভূলিবার ভাণ করিলেই অন্তর্হিত হইবে না; বরং তাহাদের প্রকৃত স্বরূপ বুঝিয়া লইয়া সাহসের সহিত উহার সমুখীন হইতে হইবে। এ সকলই অবান্তব কল্পনা বলিয়া মনে হইবে, এবং এই সকল মহৎ ভাব বহুলোকের চিত্ত বিগলিত করিবে কিনা সন্দেহ। কিন্তু এগুলি আমাদের দম্মথে রাথিতে হইবে, ইহার উপর জোর দিতে হইবে এবং এমনও इटें लाद य, य मकन घुना ७ तिशूत आय्वर भाषता वनीकृष, তাহা ধীরে ধীরে শিথিল হইবে।

আমাদের উপায়গুলি ঐ লক্ষ্যের অহুকূল এবং ঐ মনোভাবের উপর প্রতিষ্ঠিত হইবে। কিন্তু আমাদিগকে স্পষ্ট করিয়া বুঝিতে হইবে যে, জনসাধারণের মধ্যে মানব প্রকৃতি যে রূপ, তাহাতে সর্ব্বদাই তাহার।

#### অওহরলাল নেহরু

আমাদের আবেদন ও অন্থরোধে কর্ণপাত করিবে না অথবা উচ্চাব্দের নৈতিক আদর্শান্থ্যায়ীও কার্য্য করিবে না। হৃদ্যের পরিবর্ত্তনের সহিত বলপ্রয়োগে বাধ্য করিবারও প্রয়োজন হইবে; তবে আমরা এই মাত্র করিতে পারি যে, বলপ্রয়োগে বাধ্য করিবার কালে যতটা সম্ভব দীমাবদ্ধরূপে এমন ভাবে উহা প্রয়োগ করিতে হইবে, যাহাতে অন্যায়গুলি যথাসম্ভব কম হয়।

**8**&

# পুনরায় দেরা জেলে

আলীপুর জেলে আমার শরীর ভাল ছিল না। আমার শরীরের ওজন অনেক কমিয়া গেল। কলিকাতায় গরম পড়ার দঙ্গে দঙ্গে আমি কাতর হইয়া পড়িলাম। অপেকারুত ভাল স্থানে আমাকে বদলী করার গুজব শুনিলাম। ৭ই মে আমাকে জিনিষপত্র গুছাইয়া জেলের বাহির হইবার নির্দেশ দেওয়া হইল। আমাকে দেরাছ্ন জেলে পাঠান হইতেছে। কয়েকমাস অপরিস্র নির্জ্জনতায় বাস করিবার পর, কলিকাতার মধ্য দিয়া মোটরে সান্ধ্য-সমীরণ অতিশয় ভাল লাগিল; বৃহৎ হাওড়া ষ্টেশনের জনতা দেথিয়াও মৃশ্ব হইলাম।

এই বদলীতে আমি আনন্দিত হইলাম, এবং দেরছেন ও সন্নিহিত পর্বতমালার জন্ম ব্যাকুল হইলাম। আমি উপস্থিত হইলা দেখিলাম, এখান হইতে নয় মাস পূর্বে আমি যখন নৈনী গিঘাছিলাম, তখনকার ব্যবস্থা আর নাই। একটি পুরাতন গোশালা পরিষ্কার করিয়াও সাজাইয়া আমার নৃতন বাসস্থান নিদ্ধিষ্ট করা হইল।

'সেল' হিদাবে ইহা মন্দ নহে, ইহার সহিত একটি ছোট বারান্দাও ছিল। সংলগ্ন উঠানটিও প্রায় পঞ্চাশ ফিট লক্ষা হইবে। আমার দেরাত্নের পুরাতন বাদস্থান অপেক্ষা ইহা ভালই মনে হইল, কিন্তু কয়েকদিন পরেই ব্যিতে পারিলাম,—অনেকগুলি পরিবর্তন মোটেই ভাল হয় নাই। চারিদিকে দশ ফুট উচ্চ প্রাচীর আমার অবিধার জন্ম আরও ৪।৫ ফুট উচ্চ করা হইয়াছে। ফলে আমার আকাজ্রিত পর্বতের দৃশ্ম একেবারেই ঢাকা পড়িয়াছে, কয়েকটি গাছের মাধা দেখা যায় মাত্র। এই জেলে

# পুনরায় দেরা জেলে

তিন মাস কাটাইবার পরও একবার চকিতেও র্ক্ত দর্শন করিছে পারিলাম না। পূর্ববারের মত বাহিরে গিয়া জেলের দরজা পর্যান্ত আমাকে ভ্রমণ করিতে দেওয়া হইত না। ব্যায়ামের পক্ষে আমার কুন্ত উঠানটাই যথেষ্ট বিবেচিত হইয়াছিল।

এই সকল ও অন্তান্ত নৃতন বিধি-নিষেধে আমি অত্যন্ত বিরক্ত ও নিরাশ হইলাম। আমি অধীর হইয়া উঠিলাম, এমন কি, আমার উঠানে সামান্ত ব্যায়াম করার অধিকার থাকা সত্ত্বেও উহাতে আমার প্রবৃত্তি হইল না। সমগ্র জগৎ হইতে বিচ্ছির এমন নিঃসন্ধ নির্জ্জনতা আমি জীবনে কমই অন্থতব করিয়াছি। এই নির্জ্জন কারাবাস আমার পক্ষে অসন্থ হইয়া উঠিল, আমার দৈহিক ও মানসিক অবস্থার অবনতি হইতে লাগিল। আমার মনে হইতে লাগিল, প্রাচীরের অপর দিকে কয়েক গজ দ্রেই নির্মাল মৃক্ত বায়ু, ফুলের স্থবাস, মাটি ও ভূণের গন্ধ, দীর্ঘ কান্তার ও গিরিমালা। কিন্তু উহা আমার আয়তের বাহিরে, সর্বাদা প্রাচীরে দৃষ্টি প্রতিহত হইয়া আমার চক্ষ্মন ভারাক্রান্ত ও ক্লান্ত হইয়া উঠিল। এমন কি কারাজীবনের নিত্যানৈমিত্তিক কোলাহলও আমার কানে আসিত না, —আমাকে দুরে সরাইয়া স্বতন্ত্বভাবে রাথা হইয়াছিল।

ছয় সপ্তাহ পরেই গ্রীম শেষ হইয়া বর্ধা আসিল,—মুফলধারে বৃষ্টি: প্রথম সপ্তাহেই বার ইঞ্চি বৃষ্টিপাত হইল। আবহাওয়ায় পরিবর্তন দেখা দিল,—যেন নব জীবনের কানাকানি চলিয়াছে.—শীতল বাতাসে শরীর জুড়াইল। কিন্তু চকু ও মনের কোন আরাম মিলিল না। সময় সময় আমার ইয়ার্ডের লৌহম্বার খুলিয়া এক জন ওয়াডার যাতায়াত করিত— তখন কয়েক মুহুর্ত্তের জন্ম চকিতে বহিজ্জগৎ দেখিতে পাইতাম—সর্জ ক্ষেত্র এবং তরুশ্রেণী, মুক্তাবলীর মত বারিবিন্দু শোভিত হইয়া রৌদ্রালোকে অপুর্বর শোভা ধারণ করিয়াছে-কিন্তু কেবল মুহূর্ত্তের জন্ম, পরক্ষণেই উহা বিত্যুৎচমকের মত মিলাইয়া যাইত। দরজাটি কগনও সম্পূর্ণ উন্মুক্ত করা হুইত না। বেশ বৃঝিতে পারিতাম; ওয়ার্ডারের উপর আদেশ ছিল যে चामि निकर्त मां जाडेया शाकित्न मत्रकां ए यन ना श्वाना हय, श्रीनात्न छ, একটি মানুষ প্রবেশ করিতে পারে তাহার বেশী ফাঁক ষেন না হরা হয়। বাহিরের মুক্ত সবুজ শোভা ক্ষণিকের জন্ত দর্শন করিয়া আমার তৃথি হইত না। অথচ উহা আমার চিত্তে গৃহে প্রত্যাবর্তনের আকাজন জাগাইত, মন্তকে বেদনা অমুভব করিতাম, এবং দরজা ধোলা হইদেও আমি ইচ্চা করিয়াই সে দিকে তাকাইতাম না।

অবশ্র আমার এই সকল মনোবেদনার জন্ত কারাগারই দায়ী নতে,

#### অওহরলাল নেহর

উহাতে তীব্রতা বাড়িয়াছে মাত্র। ইহা বাহিরের ঘটনাবলীর প্রতিক্রিয়া
—কমলার রোগ এবং আমার রাজনৈতিক ছ্শিস্তা। আমি বেশ
বৃদ্ধিতে পারিলাম, কমলা পুনরায় তাঁহার পুরাতন রোগের দারা কবলিত, ,
এ সময় তাঁহার কোন কাজে লাগিতে পারিলাম না ভাবিয়া এক
অসহায় বেদনা অন্থতব করিতে লাগিলাম। আমি এ সময় তাঁহার
নিকটে থাকিলে তিনি অনেক উপশম বোধ করিতেন।

আলীপুরে যাহা পাইতাম না, দেরাত্নে আসিয়া সেই দৈনিক দংবাদপত্র পাইতে লাগিলাম এবং ইহাতে বাহিরের রাজনৈতিক ও অক্তান্ত ঘটনার সহিত আমি যোগসূত্র রক্ষা করিতে পারিতাম। তিন বংসর পর পাটনায় নিথিল ভারত রাষ্ট্রীয় সমিতির অধিবেশন ( हेंद्रा भूर्य (व-बारेनीरे हिन) बारू रहेन; रेटात विवतन পাঠ করিয়া আমি বিষয় হইলাম। আমি দেখিয়া আশ্চর্য্য হইলাম, এই প্রথম অধিবেশনে ভারত ও পৃথিবীতে এত ঘটনা ঘটার পরও, বর্ত্তমান পরিস্থিতি বিশ্লেষণ করার কোন চেষ্টা হইল না। গতাহুগতিকতা इंटेंट मुक्क इंटेवांत ज्ञु का कान विश्व आत्नाहना इंटेन ना। पृत হইতে গান্ধিজী আমার নিকট প্রাচীন ডিক্টেটরী মূর্ত্তিতে প্রতিভাত হইলেন। তিনি বলিলেন, "আমার নেতৃত্ব যদি তোমরা গ্রহণ করিতে চাহ তাহা হইলে আমার দর্জ মানিতে হইবে।" তাঁহার এই দাবী সম্পূর্ণ স্বাভাবিক, কেন না, আমরা তাঁহার নেতৃত্ব চাহিব এবং তাঁহাকে তাঁহার স্বকীয় গভীর বিশ্বাসের বিরুদ্ধে কার্য্য করিতে বলিব, এরূপ হয় না। কিন্তু এ ক্ষেত্রে মনে হইল, ঘেন উপর হইতে একটা ব্যবস্থা চাপাইয়া দেওয়া হইল, পরম্পরের আলোচনা ও ভাব বিনিময় দারা কর্মপন্থা নির্ণয় করা হইল না। গান্ধিজী লোকের মনের উপর আধিপতা করেন, আবার তিনিই জনসাধারণ অসহায় বলিয়া অভিযোগ করেন, ইহা चान्हर्या विनिधा मत्न इय । चामात्र मत्न इय, छाँहात्र मछ जनमाधात्रत्व আহুগতা ও গভীর শ্রদ্ধা অতি অল্প লোকেই লাভ করিয়াছেন,—তিনি যে উচ্চ আদর্শ স্থাপন করিয়াছেন, জনসাধাবণ তাহার যোগ্য হইতে পারে नार विषया छारात्व निन्ता करा, आभाव विविधनाय मुक्क नरह। এমন কি পাটনার সভায় তিনি শেষ প্র্যুস্ত থাকিলেন না, তাঁহার হরিজন আন্দোলন উপলক্ষ্যে ব্রমণে চলিয়া গেলেন। তিনি নি: ভা: রাষ্ট্রীয় সমিতিকে তৎপরতার সহিত কার্য্যকরী সমিতির প্রস্তাবগুলি গ্রহণ করিতে উপদেশ দিয়া সভা ত্যাগ করিলেন।

मखरण: रेश मणा य मीर्प पालाग्नाम प्रवस्थात तमी उन्निण रहेण

## शूनद्राप्त (पदा (जटन

না। সকলেই যেন হতবৃদ্ধি, সদস্তদের চিস্তা যেন আচ্চল্ল ও অস্পষ্ট; অনেকে সমালোচনা করিতে উন্মৃথ থাকিলেও, কাহারও কোন গঠনমূলক প্রস্তাব ছিল না। অবস্থাধীনে ইহা স্বাভাবিক, কেন না সংঘর্ষের ভারের অধিকাংশ বিভিন্ন প্রদেশের এই সকল নেতার ক্ষমে পতিত হইয়াছিল; তাঁহারাও ক্লান্ত হইয়া পড়িয়াছিলেন, তাঁহাদের মনও সতেজ ছিল ন:। তাঁহারা অস্পষ্টভাবে অন্নভব করিতেছিলেন যে, তাঁহাটোগকে সংঘর্ষের অবসান ঘোষণা করিয়া নিরুপদ্রব প্রতিরোধ বন্ধ করিতে হইবে, কিন্ধ তাহার পর ? তুইটি দল দেখা গেল: একদল আইন সভার নিছক নিয়মতান্ত্রিক কার্যাপদ্ধতির জন্ম লালায়িত, অক্সল সমাজতান্ত্রিক দিক দিয়া চিন্তা করিতে লাগিলেন। কিন্তু অধিকাংশ সদত্য এ ছুই-এর কোন দলই ভূক্ত নহেন। নিষমতান্ত্রিকতায় প্রক্যাবর্ত্তনও তাঁহাদের মনঃপুক এইল না, পক্ষান্তরে সমাজতন্ত্রবাদ দেখিয়াও তাঁহারা ভীত হইলেন, ভাবিলেন ইহাকে প্রশ্রম দিলে কংগ্রেসের মধ্যে ভেদ দেখা দিবে। তাঁহাদেব কোন গঠনমূলক ধারণা ছিল না, তাঁহাদের একমাত আশা ও ভরসাম্থল গাদিজী। পূর্বের মতই তাঁহারা গান্ধিজীর মুখাপেন্দী হইয়া তাঁহার অঞ্গামী इटेरलन, यनिख बरनरकटे मरन मरन शासिकीत मर्छ मात्र निर्फ भार्तिसम নিয়মতান্ত্রিক মডারেটগণ পাশ্বিজীর সমর্থন পাইয়া নিং ভা রাষ্ট্রীয় সমিতি ও কংগ্রেসের উপর প্রভাব বিস্তার কবিলেন।

থাহা অপ্রত্যাশিত তাহাই ঘটিল। কিন্তু আমি যাহা ভাবিয়াছিলাম, প্রতিক্রিয়ার মুথে কংগ্রেস তদপেক্ষাও অধিক পিছাইয়া পাড়ল। অসহযোগের পর গত পনর বংসরের মধ্যে কথনও কংগ্রেস নেতারা এমন অতি-নিয়মতান্ত্রিক কায়দায় কথা বলেন নাই। এমন কি বিংশ দশকের মধ্যভাগে প্রতিক্রিয়া হইতে উছুত স্বরাজ্য দলও, এই নবীন নেতৃমণ্ডলী অপেক্ষা বছ অগ্রগামী ছিলেন এবং স্বরাল্যদলের প্রথব ব্যক্তিম্বালী নেতৃমণ্ড বর্ত্তমান ক্ষেত্রে ছিল না। যতদিন বিপদের সম্ভাবনা ছিল, ততদিন যাহার। সাবধানতার সহিত দ্বে সরিয়া ভিলেন, আজ তাহার।ই আসিয়া হোমরা-চোমরা হইয়া উঠিলেন।

গভর্থনেন্ট কংগ্রেসের উপর হইতে বিধিনিষেধ তুলিয়া লইলেন, উহা পুনরায় বৈধ প্রতিষ্ঠানে পরিণত হইল। কিন্তু কংগ্রেসের সহিত সংশ্লিষ্ট ও অহুগামী বছ প্রতিষ্ঠান বে-আইনী হইয়া রহিল। কংগ্রেসের স্বেচ্ছাসেবকবাহিনী 'সেবাদল', বছ ক্ষবক্সভা, ছাত্রসমিতি, ঘুবক্সমিতি, এমন কি, কতকগুলি শিশুদের সমিতি পর্যান্ত বে-আইনী হইয়া রহিল। এই সজে সীমান্ত প্রদেশের "থোদাই ধিদ্মদ্গার" দল বিশেষভাবে

#### জওহরলাল নেহরু

উল্লেখযোগ্য। এই প্রতিষ্ঠানটি সীমান্ত প্রদেশের প্রতিনিধিরণে ১৯৩১ সাল হইতে কংগ্রেমের অন্ততম শাখায় পরিণত হইয়াছিল। অতএব, কংগ্রেমের ঘদিও প্রত্যক্ষ সংঘর্ষমূলক কার্যপ্রণালী পরিত্যাগ করিয়া নিয়মতান্ত্রিক উপায় পুনরায় গ্রহণ করিল, তথাপি গভর্গমেণ্ট আইন অমান্ত আন্দোলনের জন্ত রচিত বিশেষ আইনগুলি প্রত্যাহার করিলেন না এবং কংগ্রেমের বছতর শাখাপ্রশাখা বে-আইনী করিয়া রাখিলেন। কৃষক ও শ্রমিকদের প্রতিষ্ঠানগুলি বিশেষভাবে দমন করিবার ব্যবস্থা করা হইল, অথচ বড় বড় সরকারী কর্মচারীরা তথন জমিদার ও ভ্রামিবর্গকে সজ্যবদ্ধ হইবার জন্ত উৎসাহিত করিতে লাগিলেন, ইহা বিশেষভাবে লক্ষ্য করা গেল। জমিদার সভাগুলিকে সকল প্রকার স্থিধা দেওয়া হইতে লাগিল। যুক্ত-প্রদেশের ত্ইটি প্রধান সভার চাঁদা, সরকারের সহায়তায় থাজনা বা ট্যাক্সের সহিত একত্ত্ব আদায়ের ব্যবস্থা হইল।

আমার আশ্দা হয়, কি হিনু, কি মুসলমান কোন সাম্প্রদায়িক প্রতিষ্ঠানের উপর আমার কোন পক্ষপাতিত্ব নাই, তথাপি একটি ঘটনায় হিনুমহাসভার প্রতি আমার চিত্র বিশেষভাবে তিক্ত হইরা উঠিল। উহার একজন সম্পাদক 'লালকোর্ত্তা দল' বে-আইনী প্রতিষ্ঠান ঘোষণা করার সমর্থন করিয়া গভর্ণমেন্টের কার্য্যের প্রশংসা করিলেন। যথন কোন আক্রমণশীল আন্দোলন নাই, তথন জনসাধারণের প্রাথমিক রাষ্ট্রকের অধিকার বঞ্চিত করার ব্যবস্থার এই সমর্থনে আমি বিন্মিত হইলাম। এই সকল মূলনীতির কথা ছাড়িয়া দিলেও, সংঘর্ষের কালে কয়েক বংসর সীমান্ত প্রদেশের অধিবাসীরা আশ্চর্য্য ক্রতিত্বের সহিত কার্য্য করিয়াছে, ইহা সর্ব্বজনবিদিত এবং তাহাদের নেতা, থিনি এখনও অনির্দিষ্টকালের জন্ম রাজবন্দী, তিনি ভারতের একজন সাহসী ও শক্তিশালী সন্তান। আমার মনে হইল সাম্প্রভাগারিক ভেদবৃদ্ধি ইহার অধিক আর কি অগ্রসর হইতে পারে! আমি প্রত্যাশা করিলাম যে হিনুমহাসভার নেতারা, উহার সহিত সংশ্রব ত্যাগ করিবেন। কিন্তু, আমি যতদ্ব জানি কেইই সেরপ কিছ করিলেন না।

হিন্দুসভার সম্পাদকের বিবৃতিতে আমি অতান্ত বিচলিত হইলাম।
ইহা নিশ্চয়ই মন্দ কিন্তু আমি ইহার মধ্যে দেখিলাম, দেশের নৃতন হাওয়া
কোন দিকে বহিতেছে। গ্রীমের অপরাহের উত্তাপে আমি তক্রাছের
ইইয়াছি, এমন সময় আমি এক আশ্চর্য্য প্রপ্ন দেখিলাম। যেন আব্দুল
গফুর থা চারিদিক হইতে আক্রান্ত হইয়াছেন এবং আমি তাঁহাকে রক্ষা
করিতেছি। আমি চৈতক্ত পাইয়া অতান্ত ক্লান্তিবোধ করিলাম, মন বিরুদ

# **श्रेनत्रात्र (मत्रा (करल**

হুইয়া গেল, আমার বালিস মুক্রসিক্ত লক্ষ্য করিলাম। আমি আশুর্বা হুইলাম, কেন না জাগ্রত অবস্থায় তামি কখনত এরপ ভাবাবেগে অধীর হুই না।

এইকালে আমার স্নায়ুপুঞ্জ কিঞিৎ ঘুঝল হইয়া পড়িয়াছিল; আমার স্থানিলা হইত না, ইহা আমার গক্ষে অভ্যস্ত অশাভাবিক, এবং নানাপ্রকার তুঃস্বপ্নে চমকিত হইতাম। সমর সমা আমি ঘুমের মধ্যে চীৎকার করিতাম। একবার আমি অত্যস্ত অস্বাভাবিক ছোরের সহিত চীৎকার করিয়াছিলাম, কেন না প্রবল ঝাঁহুনীর সহিত আমি ছালিয়া উঠিয়া দেখি, তুইজন জেল ওয়ার্ডার আমার শ্যাপাথে দাঁড়াইয়া আছে, আমার চীৎকার শুনিয়া ভাহারা যে উদ্বিয় হইসাছে ইহা বৃঝিতে পারিলাম। আমার যেন বৃষ্ক চাপিয়া খাসরোধ হইতেছে এরপ স্বপ্ন দেখিয়াছিলাম।

এই সময় কংগ্রেসের কার্যাকরী সমিতির একটি প্রস্তাবেও আমি মর্মাহত হইয়াছিলাম। এই প্রস্তাবটিতে বিবৃত হইয়াছে যে, "বাক্তিগত **সম্পত্তি** বাজেয়াপ্ত এবং শ্রেণীসংঘর্ষের শিথিল আলোচনা হইন্ডেছে দেখিয়া" এতদারা কংগেদপদ্বীদিগকে স্মরণ করাইয়া দেওয়া হইতেছে যে, করাচী-সিদ্ধান্তে, "সঙ্গত কারণ ও উপযুক্ত ক্ষতিপূরণ ব্যতীত ব্যক্তিগত স্প্রি বাজেয়াপ্ত করার কল্পনাও নাই, অথবা ইহা শ্রেণীসংঘ্রের অসুমোদন করে না। কার্য্যকরী সমিতির আবও অভিমত এই যে, বাছেয়াপুকরণ অধবা শ্রেণীসংঘর্ষ কংগ্রেসের অহিংসনীতির বিরোধী।" এই প্রস্তাবটি অত্যক্ত শিথিল ভাষায় রচিত এবং ইহার রচয়িতারা শ্রেণীসংঘর্গ বুঝাইতে গিয়া অনেকাংশে অজ্ঞতারই পরিচয় দিয়াছেন। নবগঠিত কংগ্রেস ममाज्ञ जीपनाक नका कतियार धरे श्रुखावि गरीज रहेवाहिन। কার্য্যতঃ, বর্ত্তমান অবস্থায় শ্রেণীসংগ্রামের অন্তিম রহিয়াছে, ইহা প্রায়শঃ উল্লেখ বাতীত, ঐ দলের দায়িবজ্ঞানসম্পন্ন সদত্যগণের পথা হইতে বাঞ্চোপ্ত করার কোন কথাই উঠে নাই। কাষ্যকরী সমিতির প্রস্থাবের মধ্যে এই ইক্সিত সুস্পাষ্ট যে, যে কোন ব্যক্তি শ্রেণীসংগ্রামের অফ্রিমে বিশ্বাস করে. দে কংগ্রেসের সাধারণ সভাও হইতে পারিবে না। কংগ্রেস স্থাক্সভন্তী হুইয়াছে, অথবা ইহা ব্যক্তিগত সম্পত্তির বিরোধী, কেইই এরপ মভিযোগ উপস্থিত করে নাই। কোন কোন সদস্য এরপ মত পোষণ করিয়া পাকেন মাত্র, কিন্তু এখন দেখা গেল, এই সর্বন্ধোর সমধায়ে গঠিত জাতীয় প্রতিষ্ঠানের দৈয় সামস্তরূপেও তাহাদের স্থান নাই।

ইহা প্রায়ই ঘোষণা করা হয় যে, কংগ্রেস জাতির প্রতিনিধি, ইহাতে

### ज उरत्नान (नर्द्र

সকল দল, সকল স্বার্থ, রাজা ও প্রজা সকলেরই স্থান আছে। জাতীয় चात्मानन मर्यमारे এरेक्न मारी कतिया थात्क এवः रेराও धतिया লওয়া হয় যে, তাহারাই দেশের অধিকাংশের প্রতিনিধি এবং দকল শ্রেণীর স্বার্থের কল্যাণের দিকে লক্ষ্য রাথিয়াই তাহাদের কর্মনীতি পরিচালিত হইতেছে। এই দাবী কোনমতেই যুক্তি দারা প্রমাণ করা যায় না, কেন না, কোন রাজনৈতিক প্রতিষ্ঠানই পরস্পরবিরোধী স্বার্থের প্রতিনিধিত্ব করিতে পারে না। তাহা হইলে উহা বিশেষত্বহীন ও নিদিষ্ট লক্ষ্যহীন জড়পিত্তে পরিণত হয়। হয় কংগ্রেদ্র এমন এক রাজনৈতিক **मन**, गाहात निक्षि ( अथवा अनिक्षि ) नका आहि, ताखरेनि कम्पा অর্জন করিবার এবং তাহা দ্বারা জাতীয় কল্যাণ করিবার নিদিষ্ট মতবাদ আছে; নয়, ইহা এক দয়ালু জনহিতকর প্রতিষ্ঠান মাত্র, যাহার নিজস্ব কোন মত নাই, সকলের কুশল কামনাই ইহার উদ্দেশ্য। ইহা কেবল তাহাদেরই প্রতিনিধি হইতে পারে, যাহারা ইহার লক্ষ্য ও মতবাদের সহিত সাধারণভাবে একমত। যাহারা ইহার বিরোধী—তাহাদিগকে জাতীয়তাবিরোধী, সমাজবিরোধী ও প্রতিক্রিয়াপন্থী বিবেচনা করিয়া,— নিজম্ব মতবাদ কার্য্যকরী করিবার জন্ম, তাহাদের প্রভাব বিনষ্ট অথবা সংযত করিতে হইবে। সাম্রাজ্যবাদবিরোধী জাতীয় আন্দোলনের মধ্যে একমত হইবার বিত্তীর্ণ ক্ষেত্র রহিয়াছে, কেন না ইহার সহিত সামাজিক সংঘষগুলির সংশ্রব নাই। এইভাবেই কংগ্রেস নানাভাবে ভারতীয় জনসাধারণের অধিকাংশের প্রতিনিধি এবং এই কারণেই বিভিন্ন স্বার্থ সত্তেও বিভিন্ন দল কেবল সাম্রাজ্যবাদ বিরোধিতার ভিত্তিতে ইহাতে যোগদান করিয়াছে, কিন্তু এক্ষেত্রেও এক এক দলের জ্বোর দিবার ভঙ্গী স্বতম্ব। যাহারা সাম্রাজ্যবাদ বিরোধিতার মূল ভিত্তি সম্পর্কেও ভিন্ন মতাবলধী তাঁহারা কংগ্রেসের বাহিরেই আছেন এবং অল্পবিস্তর ব্রিটিশ গভর্ণমেন্টের পক্ষাবলম্বন করিয়াছেন। এইরূপে কংগ্রেস এক স্থায়ী দর্মদলের কংত্রেদে পরিণত হইরাছে, ইহার মধ্যে পরস্পরকে আরুত করিয়া বহু দল অবস্থান করিতেছে, এক সাধারণ বিধাসের স্থতে পরস্পরঃ আবদ্ধ এবং গান্ধিজীর অতুলনীয় বাক্তিত্বের প্রভাবে ঐকাবদ্ধ।

পরে কাধ্যকরী সমিতি শ্রেণীসংগ্রাম সম্প্রকিত প্রস্তাবটি ব্যাখ্যা করিবার চেষ্টা করিলেন। ঐ প্রস্তাবের গুরুত তাহার ভাষায় নহে অথবা উহার বিষয়বস্তুতে নহে, আসলে কংগ্রেস কোন পথে চলিয়াছে উহা তাহারই ইন্ধিত। আগতপ্রায় ব্যবস্থাপরিষদের নির্বাচনে বাহারা ধনী সম্প্রদায়গুলির সমর্থন লাভ করিবার জন্ম ব্যাকুল হইয়াছিলেন, কংগ্রেসের

# পুনরায় দেরা জেলে

সেই নৃতন পার্লামেণ্টি সাফাই ঐ প্রস্থাব রচনার প্রেরণা জাগাইয়াছিল।
তাঁহাদেরই অভিপ্রায় অফুসারে কংগ্রেস দক্ষিণদিকে দৃষ্টিপাত করিতে
লাগিলেন এবং দেশের মডারেট ও রক্ষণশীল ব্যক্তিদের চিন্ত জয়ের চেটা
করিতে লাগিলেন। যাঁহারা অভীতে কংগ্রেসী অন্দোলনের নিরোধিতা
করিয়াছেন, নিরুপত্রব প্রতিরোধ আন্দোলনে সংকারপক্ষে যোগ দিয়াছেন,
এমন কি তাঁহাদের পর্যন্ত মিট কথায় তৃষ্ট করা হইতে লাগিল।
বামমার্গীদের কোলাহল ও সমালোচনা এই মিলন বা 'হলয়ের পরিবর্তনের'
পথে অস্তরায়ম্বরূপ বোধ হইতে লাগিল, এবং কার্যাকরী সমিতির প্রস্থাব
ও অস্থান্ত বাক্তিগত উক্তি হইতে বুঝা গেল যে, বাম্মার্গীদের বাধা
সক্তেও কংগ্রেনের কর্তৃপক্ষ তাঁহাদের এই নৃতন পথ হইতে এই হইবেন
না। যদি বামমার্গীদের আচ্রণ সংয্ত না হয়, তাহা হইবে অরুসম্ধান
করিয়া তাহাদিগকে কংগ্রেদের দল হইতে বাদ দেওয়া হইবে অরুসম্ধান
পার্লামেন্টি বোর্ড তাঁহাদের ঘোষণাপত্রে অতি সাবধানী যে কর্মপঞ্জতি
জ্ঞাপন করিলেন, গত পনর বংসরে ভদপেক্ষা অধিক মডারেট কোন কন্মনীতি
কংগ্রেস গ্রহণ করে নাই।

গান্ধিজীর কথা ছাড়িয়া দিলেও কংগ্রেসের নেতুমণ্ডলীর মলো এমন অনেক প্রসিদ্ধ ব্যক্তি রহিয়াছেন, যাহারা জাতীয় ঘাণীনতা সংখ্যামে কৃতিত্বের সহিত কার্যা করিয়াছেন, যাহারা সততা ও নিল্লীকভার ওভা সমগ্র দেশে সম্মানিক। কিন্তু নৃতন কর্মনীতিয় ফলে ফিন্লীয় শুরের লোকেরা সম্ব্যে আসিল; এমন কি কংগ্রেসের সর্ব্যাগ্রামী দলেও এমন আনেকে আছেন, যাহাদের কোনমন্তেই আদর্শবাদী বলা চলে না। কংগ্রেসের নানা তারে নিশ্চয়ই বহুসংখ্যক আদর্শবাদী আছেন, কিন্তু ভাগ্যান্থেয়া ও স্থবিধাদীদের কংগ্রেসে প্রবেশের পথ একণে পৃর্গাপেকা অধিক প্রশন্ত করিয়া দেওয়া হইল। গান্ধিজীর ছর্বোণ্য এবং রহস্যময় ব্যক্তিত্বের প্রভাব ছাড়িয়া দিলেও মনে হইতে লাগিল, কংগ্রেশের যেন ছুইটি মূল, একটি নিছক রাজনৈতিক দিক, যাহা ক্রমশা উপদল্লীয় প্রভূত্বের চক্রান্তে পরিণত হইতেছে, এবং অপর দিক একটি প্রার্থনাসভার মৃত্ত দ্যা দাক্ষিণ্য এবং ভাবুকতায় ভরপুর।

গভর্ণমেন্টপক্ষে জয়ের উল্লাস, — নিরুপণ্ডব প্রতিরোধ এবং তাহার আমুষশ্বিক উপসর্গগুলি দমন করিতে তাঁহাদের নীতি সফল চইরাছে বিবেচনা করিয়া তাঁহারা জয়পর্ব্ব ঢাকিয়া রাগিতে পারিলেন না! অস্থোপচার সফল হইয়াছে; আপাততঃ রোগী বাচুক কি মক্ষক তাহা লইয়া মাখা ঘামাইবার প্রয়োজন নাই। কংগ্রেস বছল পরিমাণে পথে আসিলেও

### অওহরলাল নেহর

তাঁহারা এক আধটু রদবদল করিয়া ঐ নীতিই চালাইতে ক্বতসঙ্কল হইলেন। তাঁহারা জানেন যে, যতদিন মূল সমস্থাগুলি থাকিবে, ততদিন জাতীয় কর্মধারার এই পরিবর্ত্তন সাময়িক এবং শাসনদগু শিথিল করিলে যে কোন মৃহুর্ত্তে ইহা পুনরায় প্রবল হইয়া উঠিতে পারে। সম্ভবতঃ তাঁহারা ইহাও চিম্ভা করিয়াছিলেন যে, কংগ্রেসের অধিকতর অগ্রগামী অংশ ও শ্রমিক ও ক্বযকদলের বিরুদ্ধে দমননীতি চালাইতে কংগ্রেসের সাবধানী নেতারা বিশেষ বিরক্ত হইবেন না।

দেরাত্ন জেলে আমার চিন্তাধারা কতকটা এইভাবে বহিতে লাগিল। ঘটনার গতি সম্পর্কে আমার পক্ষে নিশ্চিত সিদ্ধান্ত করা কঠিন; কেন না আমি বিচ্ছিন্ন হইয়া আছি। আলীপুর জেলে আমি বাহিরের ঘটনাবলী হইতে সম্পূর্ণরূপেই বিচ্ছিন্ন ছিলাম, দেরাত্ন জেলে গভর্ণমেণ্ট অন্থুমোদিত সংবাদপত্রে আমি আংশিক ও একদেশদর্শী সংবাদ কিছু কিছু পাইতাম। সম্ভবতঃ যদি বাহিরের সহকর্মীদের সহিত আমার যোগ থাকিত এবং ঘটনাবলী প্রত্যক্ষভাবে পর্য্যবেক্ষণ করিবার স্থবিধা পাইতাম, তাহা হইলে আমার মতের কোন কোন দিক পরিবর্ত্তিত হইত।

ক্লেশকর বর্ত্তমান ছাড়িয়া আমি অতীতের কথা চিন্তা করিতে লাগিলাম; আমার কর্মক্ষেত্রে আগমনের স্থচনা হইতে অন্থাবধি ভারতের কি রাজনৈতিক পরিবর্ত্তন হইয়াছে। আমরা যাহা করিয়াছি,—তাহা কতথানি সঙ্গত হইয়াছে ? কতথানি অসঙ্গত ? আমার মনে হইল, যদি আমার চিন্তাগুলি লিপিবদ্ধ করিয়া রাখি, তবে তাহা স্থবিল্লন্ত হইবে এবং প্রয়োজনে আসিবে। এইভাবে নিজেকে একটা নিদিষ্ট কাজে নিযুক্ত রাখিলে,—মানসিক ক্লেশ ও অবসাদ হইতেও মুক্তি পাইব; এই ধারণা হইতেই আমি দেরাত্ন জেলে ১৯৩৪-এর জুন মাদে এই "আতাচরিত-বর্ণনা" লিখিতে আরম্ভ করি এবং গত আটমাস কাল যখনই মনে আবেগ আসিয়াছে, তথনই ইহা লিথিয়াছি। মাঝে মাঝে লিথিবার ইচ্ছা হইত না; তিনবার প্রায় এক মাস ধরিয়া কিছুই লিখি নাই। তথাপি আমি কোনমতে চালাইয়া গিয়াছি: আমার এই মানসপথে ভ্রমণ প্রায় শেষ হইয়া আসিল। ইহার অধিকাংশই অত্যন্ত ক্লেশকর অবস্থার মধ্যে লিথিতে হইয়াছে ;—এই কালে আমি মানসিক অবসাদ ও বিবিধ ভাবাবেগে পীজিত হইয়াছি। সম্ভবতঃ আমার লেথার মধ্যেও তাহার ছাপ পড়িয়াছে; কিন্ত এই লেথার দ্বারাই আমি নিজেকে বর্ত্তমান ও তাহার বছবিধ তুশ্চিস্তা হইতে অনেকথানি মূক্ত রাথিতে দক্ষম হইয়াছি। আমি যথন লিখিতাম— তথন বাহিরের পাঠক-সমাজের কথা আমার কদাচিং মনে পড়িত; আমি

#### এগার দিন

নিজের সহিত বিচার করিতাম, আত্মকল্যাণের জন্তুই প্রশ্ন গড়িয়া তুলিয়া তাহার উত্তর দিতাম,—কখনও কখনও ইহাতে কোতৃকও অমূভ্ব করিয়াছি। আমি যথাসম্ভব সরলভাবে চিস্তা করিবার চেষ্টা করিয়াছি এবং আমার মনে হয়, অতীতের এই আলোচনা, এ বিষয়ে আমাকে যথেষ্ট সাহায্য করিয়াছে।

জুলাই মানের শেষভাগে কমলার অবস্থা অত্যন্ত সদদ হইয়া পড়িল এবং কয়েকদিনের মধ্যেই জাঁহার পার্বসংশয় অবস্থা হইল। ১১৯ আগই সহসা আমাকে দেরাত্ন জেল ত্যাগ করিবার আদেশ দেওয়া হটল এবং সেই রাত্রেই পুলিশ পাহারায় আমাকে এলাহাবাদ পাঠান হইল। পর্যদিন অপরাহে আমরা এলাহাবাদের প্রয়াগ ষ্টেশনে অবতরণ করিলাম। সেখানে জিলা ম্যাজিষ্ট্রেট আমাকে বলিলেন যে, আমার পীড়িতা পত্তীকে দেখিবার জন্ম আমাকে সাময়িকভাবে কারাম্কি দেওয়া হইতেছে। আমার এফ্তারের দিন হইতে আছি প্রাস্ত একদিন কম ছয়মাস হইল।

৬৫

# এগার দিন

"তরবারী তাহার পিধান জীর্ণ করে,—এবং আত্মাও স্থান্ধরে জীর্ণ করিয়া ফেলে"—বায়রণ।

আমার কারাম্তি সাম্যিক। আমাকে বলা হইল যে, ইছা একদিন অথবা তুইদিন হইতে পারে: অথবা ডাক্তারগণ যতদিন অভ্যাবশুক বিবেচনা করিবেন, ততদিনও হইতে পারে। এই অনিন্ডিড় অবস্থা, অতিমাত্রায় অশাস্তিজনক, স্থির হইয়া কোন কাজই করা যায় না। সময় নিদ্ধি হইলে নিজের অবস্থা বিবেচনায় কাজের ব্যবস্থা করিতে পারিতাম। এ অবস্থায়, যে কোন দিন যে কোন মৃহত্তে আমাকে কারাগ্রে কিরিছা যাইতে হইতে পারে।

এই আক্ষিক পরিবর্ত্তনের জন্ত আমি মোটেই প্রস্তত ছিলাম না।
নির্জন কারাবাস হইতে একেবারে ডাক্তার, নার্স, আয়ীয়স্বজনপূর্ণ
গৃহে জনতার মধ্যে আসিয়া পড়িলাম। আমার কন্তা ইন্দিরাও শান্তিনিকেতন
হুইতে আসিয়াছিল। কমলার স্বাস্থ্যের সংবাদ লইবার জন্ত এবং আমার

#### जंखरत्नान (नर्त्र

সহিত দেখা করিবার জন্ম বহু বন্ধু আসিতে লাগিলেন। এখানে জীবনযাত্রার প্রণালী স্বতন্ত্র—গৃহের আরাম ও ভাল খাতের ব্যবস্থা। কিন্তু এ সকলের মূলে রহিয়াছে কমলার সঙ্কটজনক অবস্থার জন্ম উদ্বেগ।

তাঁহার দেহ শীর্ণ তুর্বল, যেন কমলার ছায়ামূর্ত্তি তাহার রোগের সহিত ক্ষীণভাবে সংগ্রাম করিতেছে; তাঁহাকে চিরদিনের মত হারাইব, এই চিন্তা অস্ঞ্রতেপ মর্মান্তিক হইয়া উঠিল। আমাদের বিবাহের পর শাড়ে আঠার বৎসর অতিবাহিত হইয়াছে; সেইদিনের কথা আমার মনে পড়িল,—তারপর দীর্ঘকালের কত স্থৃতি! আমার বয়স তথন ছাব্দিশ বৎসর, তাঁহার বয়স তথন প্রায় সতর,—যেন ভুল করিয়া বালিকা হই থাছে; সাংসারিক ব্যাপারে একেবারে অনভিজ্ঞ। আমাদের মধ্যে বয়সের ব্যবধান প্রচর, আমাদের মানসিক গঠনের পার্থক্য আরও বেশী; আমার মানসিক বিকাশ তাঁহার চেয়ে অনেক অধিক। তথাপি বাহতঃ জাগতিক অভিজ্ঞতা ও জানের ভাব সত্ত্বেও, আসলে আমি বালকের মত , চপল ছিলাম এবং আমি বুঝিতেই পারি নাই যে, বালিকার কোমল ও ভাবপ্রবণ মন পুষ্পের মতই ধীরে ধীরে বিকশিত হয় এবং সেজগু কত স্বত্ন ও সম্মেহ আদর আবশ্যক। আমরা পরস্পরের প্রতি আরুষ্ট হইয়াছিলাম এবং ভাল ব্যবহার করিতাম; কিন্তু আমাদের মনের পটভূমিকা ছিল স্বতন্ত্র, সর্বদাই সামঞ্জন্তের অভাব বোধ করিতাম। এই সামঞ্জন্তের অভাব হইতে সময় সময় ঠোকাঠুকি হইত এবং তুচ্ছ বিষয় লইয়া ক্ষুদ্র ক্লুড কলহও হইত। কিন্তু বালক বালিকার এই মনোমালিত ক্ষণস্থায়ী, ক্রত মিলনের মধ্যে তাহার পরিসমাপ্তি ঘটিত। আমাদের উভয়েরই মেজাজ চড়া ও অন্নভৃতিপ্রবণ এবং আত্মর্য্যাদা সম্বন্ধে উভয়েরই ধারণা অত্যস্ত বালকোচিত ছিল। ইহা সত্ত্বেও আমাদের ঘনিষ্ঠতা বৃদ্ধি পাইয়াছিল, তবে সামঞ্জস্তের অভাবে তাহা ধীরে ধীরে হইয়াছে। আমাদের বিবাহের একুশ মাস পরে আমাদের কন্যা ও একমাত্র সন্তান ইন্দিরার জন্ম হয়।

আমাদের বিবাহের দক্ষে দক্ষেই রাষ্ট্রক্ষেত্রে নবরপাস্তরের স্চনা হইল; আমি ক্রমে দেইদিকে ঝুঁকিয়া পড়িলাম। তথন হোমফল আন্দোলনের দিন, কিছু পরেই আদিল পঞ্জাবের দামরিক আইন ও অসহযোগ,— আমি ক্রমে জনসাধারণের কাজের ধূলিতলে গড়াইয়া পড়িলাম। এই সকল কাজে আমি এত বেশী জড়াইয়া পড়িলাম যে, একরপ অজ্ঞাতসারেই আমি তাঁহার দিকে লক্ষাও করিতাম না; যথন আমার সঙ্গ তাঁহার অধিক প্রয়োজন ছিল, দেই সময়েই তিনি কেবল নিজেকে লইয়া থাকিতেন। তাঁহার প্রতি আমার ভালবাদা বরাবর ছিল, এমন কি বাড়িয়াছে; তিনি

### এগার দিন

তাঁহার স্নিশ্ধ হাদয় লইয়া সর্বনাই আমার দেবা ও সান্ধনার জন্ম প্রস্তুত বহিয়াছেন, একথা ভাবিয়া আমি অপূর্ব্ব সন্তোহ লাভ করিতাম। তিনি আমাকে বল দিয়াছেন, কিন্তু নিশ্চয়ই তিনি মনে তঃখ পাইতেন এবং নিজেকে একটু অবজ্ঞাত মনে করিতেন। এই অর্থ বিশ্বতি ও অনিয়মিত মনোভাব অপেকা তাঁহার প্রতি দয়াহীন ব্যবহার হ্যত অনেকাংশে শ্রেষ্ঠতর হইতে পারিত।

তারপর আসিল তাঁহার ব্যাধি এবং আমার কারাদণ্ডজনিক দীঘ
অমুপস্থিতি—এইকালে আমাদের মধ্যে কেবল জেলে দেখান্তনা হইত।
নিরুপস্রব প্রতিরোধ আন্দোলনে তিনি আমাদের সংগ্রামের পুরোভাগে
আসিয়া দাঁড়াইলেন এবং তিনিও কারাদণ্ড লাভ করার কত আনলিতা
হইয়াছিলেন। আমরা যেন পরম্পরের অধিকতর ঘনিষ্ঠ হইতে লাগিলাম।
আমাদের পরস্পরের বিলম্বিত ও বিরল দেখা সাক্ষাৎ কত ফুর্লন সম্পদ্দ
মনে হইত—আমতা ঐ দিনের জন্ম প্রতীক্ষা করিয়া প্রত্যেকটি দিবস
গণনা করিতাম। আমাদের দেখা সাক্ষাৎ কিম্বা পরস্পরের সহিত স্বশ্ন
অবস্থিতিকালে আমরা কথনও পরস্পরের প্রতি বিবক্তিবোধ কবিতাম না,
ভাল লাগে না, এমন ভাব মনেও উঠিত না, সর্বাদাই অমান অভিনাম্ম
উপভোগ করিতাম। আমরা পরস্পরের মধ্যে কত কি নৃতন আবিহার
করিতাম, যদিও তাহার সবগুলি আমাদের পছন্দ হইতে না। এমন কি
বড় হইয়াও আমাদের কোন বিষয়ে মতত্বদ হইলে তাহা অনেকটা
বালক-বালিকার মত মনে হইত।

আঠার বংসর বিবাহিত জীবন যাপনের পরও তাঁচাকে ঠিক কুমারী কন্মার মত দেখায়; তাঁহার অবয়বে গৃহিণীর মাতৃরূপ নাই। দীর্মকাল পূর্ব্ধে তিনি যেমন বধ্-বেশে আমাদের গৃহে আসিয়াছিলেন, যেন অনেকটা তেমনই আছেন। কিন্তু আমার প্রভুত পরিবর্ত্তন হইয়াছে; যদিও বয়সের তুলনায় আমার দেহ স্থাঠিত স্বচ্ছলগতি ও কম্মক্ষ্ম এবং লোকে বলে এখনও আমার মধ্যে কিছু কিছু বালকোচিত চাপলা রহিয়াছে—কিন্তু আমাকে দেখিলে তাহা বুঝা যায় না। আমার মাথায় আংশিক টাক পড়িয়াছে, চল পাকিয়াছে, আমার মুখে কুঞ্চিত রেগাবলী ফুটিয়াছে; চক্ষুর চারিদিকে রুফ্ছ ছায়া। গত চারিবংসরের হৃঃথকাই ও হৃশিক্তা আমার উপর অনেক আঘাতের চিহ্ন রাথিয়া গিয়াছে। ইলানীং আমি ও কমলা কোন অপরিচিত স্থানে গেলে, লোকে তাহাকে আমার কলা বিন্যা শ্রম অরাজ্ব বিরত হইয়াছি। তাহাকে ও ইন্দিরাকে ভূই বোনের মত দেখায়।

#### अध्यतनान (नर्द्र

আঠার বংসরের বিবাহিত জীবন! কিন্তু ইহার মধ্যে কত দীর্কা বংসর আমি কারাগারে অন্ধ-গৃহে এবং কমলা হাসপাতালে ও স্বাস্থ্যনিবাসে, কাটাইয়াছে! এখনও আমি পুনরায় কারাদণ্ড ভোগ করিতেছি; তুদিনের জন্ম মুক্ত মাত্র; আর কমলা রোগশ্যায় জীবনের আশায় সংগ্রাম্ব করিতেছে। তাঁহার নিজের স্বাস্থ্যের প্রতি অবহেলার জন্ম আমি তাঁহার উপর একটু বিরক্ত হইলাম। কিন্তু তথাপি আমি কি করিয়া তাঁহাকে দোষ দেই; জাতীয় সংগ্রামে পূর্ণ অংশ গ্রহণ করিবার ত্রনিবার আগ্রহে তিনি স্বীয় অক্ষমতা ও কর্মহীনতার বিরুদ্ধে বিদ্রোহ করিয়াছেন। কিন্তু তাহা দেহের সাধ্যায়ত ছিল না, তিনি যথায়থ ভাবে কাজও করিতে পারেন নাই, চিকিংসাও করিতে পারেন নাই,—এবং তাঁহার ভিতরের অনলে দেহ জলিয়া গিয়াছে।

এখনই যে তাঁহাকে আমার সর্বাধিক প্রয়োজন, তিনি কি আমাকে ছাড়িয়া ঘাইবেন? আমরা যে এতদিনে পরস্পরকে জানিতে ও বুঝিতে আরম্ভ করিয়াছি—আমাদের মিলিত জীবন এই ত আরম্ভ হইল। আমাদের পরস্পরের উপর এত নির্ভরতা,—আমাদের একত্রে কত কিছু করিবার আছে!

দিনের পর দিন, দণ্ডের পর দণ্ড তাঁহার দিকে চাহিয়া চাহিয়া এইরূপ কত কথাই মনে পড়িতে লাগিল।

সহকর্মী ও বন্ধুরা আমার সহিত দেখা করিতে আসিতেন। আমি যাহা জানিতান না, এমন অনেক ঘটনার কথা তাঁহাদের নিকট শুনিলাম। তাঁহারা প্রচলিত রাজনৈতিক সমস্থাগুলি আলোচনা করিয়া, আমাকে প্রশ্ন করিতে লাগিলেন। আমার পক্ষে উত্তর দেওয়া কঠিন। একে কমলার অন্তথের জন্ম মন বিক্ষিপ্ত, তাহার উপর জেলে বিচ্ছিন্ন ও স্বতন্ত্র থাকার দক্ষণ এই সকল স্কুম্পষ্ট প্রশ্নের সম্মুখীন হওয়ার জন্ম আমি প্রস্তুত ছিলাম না। দীর্ঘ অভিক্রতা হইতে আমি এই শিক্ষালাভ করিয়াছি যে, জেলেপ্রাপ্ত সীমাবদ্ধ সংবাদের উপর নিভর করিয়া কোন রাজনৈতিক অবস্থা বিচার করা সম্ভবপর নহে। মনকে আলোচনায় উন্মুথ করিয়া তুলিবার জন্ম ব্যক্তিগত সংস্পর্শের প্রশ্নেজন, নতুবা মত প্রকাশ করিতে গেলে তাহা বান্তবভাবজ্জিত পণ্ডিভী আলোচনায় পর্য্যবসিত হইতে পারে। গান্ধিজী এবং কংগ্রেদের কর্মানিতি সম্পর্কে কোন নিশ্চিত মত প্রকাশ করিলে তাঁহাদের প্রতিও অবিচার করা হইবে। কংগ্রেদে যাহা কিছু ঘটিয়াছে, তাহার সমালোচনায় আমার মন পরিপূর্ণ থাকিলেও, কোন

### এগার দিন

প্রত্যক্ষ ও স্পষ্ট প্রস্তাব উপস্থিত করিবার জন্ম আমি প্রস্তুত ছিলাম না। তথন আমার কারাম্ক্তির সম্ভাবনা ছিল না বলিয়া এই ধারায় চিম্বা করিতে পারি নাই।

আমার পীড়িতা পত্মীর রোগশন্যা পার্যে আসিতে দিয়া গভর্থেক্ট যে সৌজন্ত প্রদর্শন করিয়াছেন, সেই স্থে।গ লইয়া রাজনৈতিক উদ্দেশ্য সাধন সক্ষত হইবে না, এ ভাবও আমার মনের মধ্যে ছিল। ন ভানির কোন কাজ করিব না বলিয়া কোন লিখিত সর্ত্ত অথবা প্রতিশ্রুতি অবশ্য আমি দেই নাই, তথাপি প্রেবাক্ত কারণে আমার মনে সংকাচ আসিত।

কয়েকটি মিথা গুজবের প্রতিবাদ ছাড়া আমি কোন বিবৃতি প্রচার করি নাই। এমন কি ঘরোয়া ভাবেও আমি কোন স্থানিদিট কয়পদ্ধতির কথা বলি নাই, কিন্তু অতীত ঘটনা সম্পর্কে মৃক্তকণ্ঠে সমানোচনা করিয়াছি। কংগ্রে, সমাজতন্ত্রী দল তথন সবেমাত্র গঠিত ইইয়াছে, এবং আমার অনেক অন্তরক্ষ সহক্ষী উহাতে যোগ দিয়াছিলেন। আমি যতদ্র জানিতে পারিলাম তাহাতে উহার মোটাম্টি কয়নীতি আমারনিকট সস্তোষজনক বলিয়া মনে ইইল। কিন্তু ইহা এমন এক বিচিত্র ও বিমিত্রা দল বলিয়া মনে ইইল যে যদি আমি সম্পূর্ণ স্বাধীনও থাকি, ভাহা ইইলেও আমি সহসা ইহাতে যোগ দিতাম না। স্থানীয় বাজনৈতিক ব্যাপারে আমাকে কিছু সময় দিতে ইইল, কেন না অনান্য স্থানের নাায় এলাহাবাদেও স্থানীয় কংগ্রেস কমিটির নির্বাচন লইয়া এক অভ্নপ্রে তীব্র আন্দোলন স্বন্ধ ইইয়াছিল। ইহার মধ্যে নীতিগত কোন ব্যাপার ছিল না; ইহা নিছক ব্যক্তিগত ব্যাপার মাত্র এবং কতকগুলি ব্যক্তিগত কলহ মীমাংসার সাহায্যের জন্ম আমার ডাক পড়িয়াছিল।

এই সকল ব্যাপারে জড়িত হইয়া পড়িতে আমার ইচ্ছাও ছিল না, তথাপি কতকগুলি ব্যাপার দেখিয়া আমি অত্যক্ত ব্যাথিত হইলাম। স্থানীয় কংগ্রেসের নির্বাচন লইয়া লোকের এত উত্তেজনা অত্যক্ত আশ্চর্যোর বিষয়। ইহাদের মধ্যে যাহারা প্রধান তাঁহারা অনেকেই সংঘর্ষ হইতে নানা ব্যক্তিগত কারণ দেখাইয়া সরিয়া পড়িয়াছিলেন। নিরূপদ্রব প্রতিরোধ বজ্জিত হইবার সঙ্গে সঙ্গে ক কারণগুলিরও কোন শুকুজ রহিল না এবং তাঁহারয় সহসা বাহির হইয়া আসিয়া পরস্পরের বিরুদ্ধে অতি তীব্র এবং অশিষ্ট আন্দোলন চালাইতে লাগিলেন। অন্যদলকে দাবাইয়া দিবার ঐকান্তিক আগ্রহে মাহ্য কি ভাবে অতি সাধারণ শিষ্টাচার পর্যন্ত ভূলিয়া যায়! আমি দেখিয়া মশ্বাহত হইলাম ষে

#### ज्ञ अर्जनांन (मर्ज

স্থানীয় নির্বাচনে জয় লাভের উদ্দেশ্যে কমলার নাম, এমন কি, তাঁহার পীড়ার কথা পর্যন্ত ব্যবহার হইতে লাগিল।

ব্যাপক প্রশ্নগুলির মধ্যে ব্যবস্থা পরিষদের আগামী নির্বাচনে প্রতিঘদ্দিতা করিবার জন্ম কংগ্রেসের দিল্লান্ডের বিষয় আলোচিত হঠতে লাগিল। স্বকের দল এই দিল্লান্ডের বিরোধী ছিলেন। কেন না তাহাদের মতে ইহা নিয়মতান্ত্রিক আপোষের পথে প্রত্যাবর্ত্তন মাত্র। কিন্তু ইহার পরিবর্ত্তে তাহারা কোন কার্য্যকরী উপায় নির্দেশ করিতে পারিল না। প্রতিবাদীরা কেহ কেহ উচ্চান্সের নীতির কথা তুলিলেন। কিন্তু আশ্চর্য্য এই যে কংগ্রেস ছাড়া অন্যান্য দলের নির্বাচনে যোগ দেওয়ায় তাহাদের কোন আপত্তি ছিল না। দেথিয়া মনে হইল তাহাদের উদ্দেশ্য সাম্প্রদায়িক প্রতিষ্ঠানগুলির পথ স্থগম করিয়া দেওয়া।

এই দকল স্থানীয় কলহ রাজনীতির গতি ও পরিণতি দেখিয়া আমি অতিমাত্রায় বিরক্ত হইলাম। তাহাদের দহিত আমার যেন প্রাণগত যোগ নাই এবং আমার নীজের জন্মভূমি এলাহাবাদে আমি নিজেকে নিঃদক্ষ অপরিচিত বলিয়া মনে করিতে লাগিলাম। আমি বিশ্বিত হইয়া ভাবিতে লাগিলাম যখন এই দকল ব্যাপারে যোগ দিবার সময় আদিবে, তথন এই পারিপার্শ্বিক অবস্থায় আমি কি করিব ?

আমি গান্ধিজীকে কমলার অবস্থা লিথিয়া জানাইলাম। আমাকে
শীঘ্রই জেলে ফিরিয়া যাইতে হইবে এবং শীঘ্রই আর স্থযোগ নাও
পাইতে পারি, ইহা মনে করিয়া আমার মনের ভাবও ঐ পত্রে জানাইলাম।
আধুনিক ঘটনাগুলিতে আমার মন বিশেষ রূপে তিক্ত ও বিরক্ত হইয়া
উঠিয়াছিল। আমার পত্রে তাহারও আভাষ ছিল। কি করিতে
হইবে, কি হওয়া উচিত অথবা কি হওয়া উচিত নয় আমি তাহা
লিথিবার চেষ্টা করি নাই, কেবল মাহা ঘটিয়াছে তাহাই কতকাংশে
লিথিয়াছিলাম। এই পত্র আমার অবক্তম্ব ভাবাবেগের নিদর্শন মাত্র
এবং পরে আমি জানিতে পারিয়াছিলাম যে গান্ধিজী ইহাতে বড়ই
ব্যথিত হইয়াছিলেন।

দিনের পর দিন আমি কারাগারের আহ্বান অথবা গভর্ণমেন্টের নিকট হইতে অন্ত কোন প্রকার সংবাদের প্রতীক্ষা করিতে লাগিলাম, মাঝে মাঝে আমাকে সংবাদ দেওয়া হইতে লাগিল যে পরদিবস অথবা তৎপর দিবসই আমাকে সরকারী নির্দেশ জানান হইবে। ইতিমধ্যে আমার পত্নীর অবস্থার বিবরণ প্রত্যহ জানাইবার জন্ম ডাক্তারদিগকে অন্তরোধ করা হইল। আমার আগমনের পর কমলার অবস্থার অতি সামান্ত উন্নতি দেখা গেল।

### কারাগারে প্রভ্যাবর্ত্তন

সাধারণের মনে ধারণ। ইইল, এমন কি, যাঁহারা সাধারণতাই গভর্থমেক্টের বিশাসভাজন তাঁহারাও মনে করিতে লাগিলেন যে হুইটা আসর ঘটনা না ইইলে আমাকে সম্পূর্ণরূপে মুক্তি দেওয়া ইইত—আগামী অক্টোবর মাসে বোষাইয়ের কংগ্রেসের পূর্ণ অধিবেশন এবং নভেষর মাসে বাবত্বা পরিষদ্ধের নির্কাচন। জেলের বাহিরে থাকিলে এই নকল ব্যাপারে আমি উপত্রব স্পষ্ট করিতে পারি এই কারণে সম্ভবত আমাকে আহও তিন মাসের জল জেলে রাথিয়া ছাড়িয়া দেওয়া ইইবে। অবগ্র আমাকে পুনরায় জেলে পাঠান ইইবে না, এই সম্ভাবনাও ছিলু এবং এই বিশাসই দিনে দিনে বন্ধিত ইইতে লাগিল। আমি স্থায়ীভাবে কাজ কর্মে মনোযোগ দিবার সকল করিলান।

আমার মৃত্তির এগার দিন পর ২৩শে আগষ্ট পুলিশের গাড়ী উপস্থিত হইল। পুলিশ কর্মচারী আমাকে বলিলেন যে আমার সময় শেষ হইমাছে, আমাকে এখনই নৈনীজেলে ফিরিয়া যাইতে হইবে। আমি স্মান্তীর্থগের নিকট বিদায় লইলাম। আমি পুলিশের গাড়ীতে যাইতেছি এমন সময় আমার রুগ্না মাতা বাছ বিস্তার করিয়া আমার নিকট দৌড়াইয়া আসিলেন। তাঁহার সেই মৃথ দীর্ঘকাল আমার শ্বতি-পটে উদিত হইয়া মন বিষয় করিয়াত্পলিত।

৬৬

## কারাগারে প্রত্যাবর্ত্তন

"অন্ধকারের একই রূপ, তাহার পথ অবিমৃক্ত, কিন্তু স্থালোকট তাহার গতি পথে শত শত বিভিন্ন বর্ণে প্রতিভাত হয়। ত্থে ও যুগের মধ্যেও সেই পার্থকা; যুগের পথে তৃঃথের আঘাত বেদনার প্রচূর বাধা।"

আমি পুনরায় নৈনীজেলে ফিরিয়া আসিলাম, মনে হইতে লাগিল যেন আমি এক অভিনব দণ্ডাদেশ লইয়া কারাগারে আসিয়াছি। ভিতর বাহির, বাহির ভিতর করিতে করিতে আমি যেন বালকের ক্রীড়াকন্দুকে পরিবর্ত্তিত হইয়াছি। এই শ্রেণীর আকস্মিক পরিবর্ত্তনে স্নামুপুঞে যে আবেগের সঞ্চার হুয়, পুনঃ পুনঃ পরিবর্ত্তনের মধ্যে তাহাকে শাস্ত করিয়া আনা কাহারও পক্ষে

### অওহরুলাল নেহরু

সহজ্ঞসাধ্য নহে। আমি আশা করিয়াছিলাম যে, আমাকে নৈনীতে পুরাতন জেলে রাধা হইবে। ইতঃপূর্বে দীর্ঘ অবস্থিতিকালে আমি উহাতে অভ্যস্ত ছইয়া উঠিয়াছিলাম। সেথানে আমার ভগ্নীপতি রঞ্জিং পণ্ডিতের রোপিত কিছু ফুলগাছ ছিল এবং একটা স্থলর বারালা ছিল। কিন্তু এই পুরাতন ৬নং ব্যারাকে বিনা বিচার ও বিনা কারাদণ্ডে একজন রাজবলী ছিলেন, তাঁহার সহিত আমার সাহচর্ঘ্য অভিপ্রেত নহে বলিয়া আমাকে জেলের অন্ত প্রাস্তে লইয়া রাধা হইল। এই স্থানটি অনেক বেশী আরত এবং ফুলবাগানের কোন কিন্তু সেখানে ছিল না।

কিছে যে স্থানেই আমি দিবারাত্রি যাপন কর্র না, কোন কিছুই আসে যায় না, কেন না আমার মন ছিল অগুত্র। আমার আশক্ষা হইতে লাগিল, কমলার অবস্থার যেটুকু উন্নতি হইয়াছিল, আমার পুনরায় গ্রেফ্ তারের আঘাতে সেটুকু থাকিবে না। ঘটিলও তাহাই। কয়েকদিন আমাকে কারাগারে ডাক্তারদের সংক্ষিপ্ত দৈনিক বিবরণ দেওয়ার ব্যবস্থা হইল। ইহা অনেক হাত ঘ্রিয়া আসিত। ডাক্তার টেলিফোন যোগে ইহা পুলিশের সদর অফিসে জানাইতেন, তাহারা আবার উহা কারাগারে পাঠাইয়া দিত। জেল কর্ম্মচারীদের সহিত ডাক্তারের প্রত্যক্ষ যোগাযোগ কর্ত্পক্ষের ভাল লাগে নাই। ত্ই সপ্তাহ কাল অনিম্নিত হইলেও আমি প্রত্যহ এই বিবরণ পাইয়াছি। তাহার পর উহা বন্ধ করিয়া দেওয়া হইল। অথচ তথন কমলার অবস্থা ক্রমশং অবনতির দিকে যাইডেছিল।

ছ:সংবাদ এবং সংবাদের জন্ম প্রতীক্ষা, দিবসকে অসহনীয় রূপে দীর্ঘ করিয়া তুলিত এবং রাত্রি অধিকতর অসহনীয় বলিয়া বোধ হইত। সময় যেন স্থির অথবা শস্থকের মত মন্থর গতি, একটি ঘণ্টা যেন আর একটি ঘণ্টার উপর ছ:স্বপ্লের ত্র্বহ বোঝা। জীবনে কথনও আমি উহা এত তীব্র ভাবে অফুতব করি নাই। তথন আমি মনে ভাবিতাম যে বোমাইয়ে কংগ্রেদের অধিবেশনের পরেই মাস তুইয়ের মধ্যে আমি মৃক্তি লাভ করিব। কিন্তু এই ছই মাস অনস্ককাল বলিয়া মনে হইতে লাগিল।

আমার পুনরায় গ্রেক্তারের ঠিক এক মাস পরে একদিন একজন প্লিশ কর্মচারী আসিয়া আমার পত্নীর সহিত কিছু কাল সাক্ষাতের জন্ত আমাকে কারাগার হইতে লইয়া গেলেন। আমি শুনিলাম আমাকে সপ্তাহে তুইবার করিয়া তাঁহার সহিত দেখা করিতে দেওয়া হইবে। এমন কি সময় পর্যান্ত নির্দিষ্ট করিয়া দেওয়া হইল। আমি চারিদিন অপেকা করিলাম, কেহ আমাকে লইতে আসিল না, পঞ্চম, ষষ্ঠ,

### কারাগারে প্রভ্যাবর্ত্তম

সপ্তম দিনও অভিবাহিত হইল। প্রতীক্ষা করিতে করিতে আমি ক্লান্ত হইরা পঞ্জিলাম। তাঁহার অবস্থা পুনরায় সকটাপদ্দ হইরাছে বলিয়া সংবাদ পাইলাম। আমাকে সপ্তাহে ছুইবার তাঁহার সহিত দেখা করিতে লইমা বাওয়া হইবে, এই কথা বলিয়া পরিহাস করিবার কি প্রয়োজন ছিল।

অবশেষে দেপ্টেম্বর মাসও অতিবাহিত হইল। এমন দীর্ঘতম ক্লেশ-কর ত্রিশটি দিন জীবনে আমি আর কথনও অন্তত্ত্ব করি নাই।

অনেক মধ্যত্তের মারফতে আমাকে এরপ পরামর্শ দেওয়া হইল হৈ ষদি আমি প্রতিশ্রুতি দেই, এমন কি মৌখিক প্রতিশ্রুতিও দেই যে আমার কারাদণ্ডকাল পর্য্যন্ত আমি রাজনীতি হইতে দূরে থাকিব ভাহা হইলে কমলার শুশ্রষার জন্ম আমি মুক্তি পাইতে পারি। সে মুহুর্টে আমার চিন্তায় কোন রাজনীতি ছিল না, বিশেষতঃ এগার দিন বাহিরে থাকিয়া যে রাজনীতি আমি দেথিয়া আদিয়াছি তাহাতেই আমার মন তিক্ত হইয়া গিয়াছে। কিন্তু প্রতিশতি দিব ? আমার নিজের শংকরের প্রতি, উদ্দেশ্যের প্রতি, আমার সহকর্মীদের প্রতি, আমার নিজের প্রতি বিশাস্ঘাত্কতা করিব? যাহাই ঘটুক না কেন ইহা অসম্ভব সর্ত্ত ! ইহা করার অর্থ নিজের সত্তার ভিত্তিকে সন্মান্তিক আঘাড় কল, আমার মধ্যে যাহা किছু পবিত্র বলিয়া আমি মনে করি, তাং।রই অপমান করা। আমি শুনিলাম, কমলার অবসা দিনে দিনে মন্দ হইখা পড়িতেছে। এই জীবন মৃত্যুর সন্ধিক্ষণে তাঁহার শ্যা পার্থে আমার অবস্থিতিও তাঁহাকে অনেকথানি সান্থনা দিতে পারিত। আমার ব্যক্তিগত অহমিকা ও গৌরব-বৃদ্ধিই বড়, না তাঁহাকে সেবা করিবার আকাজকা বড় ? অমঙ্গলের এই পূর্বাভাষ আমার নিকট অত্যন্ত ভয়াবহ হইয়া উঠিতে পারিত। কিছু সৌভাগ্যক্রমে অন্ততঃ তথন আমি এভাবে এই সমস্তার সমুখীন হই নাই। আমি জানিতাম আমি কে:ন সূর্ব্তে আবদ্ধ হইলে কমলা নিজেই তাহার তীত্র প্রতিবাদ করিতেন, এবং আমি যদি এরপ কিছু করিতাম তাহা হইলে তিনি আহত হইতেন এবং ভাহাতে তাঁহার অনিট্ট হইত।

অক্টোবর মাদের প্রথম ভাগে আমাকে পুনরায় তাঁহাকে দেখিতে
লইয়া যাওয়া হইল। প্রবল জরে তিনি মৃচ্ছিতবং পড়িয়া আছেন।
তিনি আমাকে নিকটে রাথিবার জন্ম ব্যাকুলতা দেখাইলেন। কিছ
আমাকে তাঁহাকে ছাড়িয়া জেলে ফিরিয়া যাইতেই হইবে। তিনি মুখে
সাহস আনিয়া আমার দিকে চাহিয়া হাসিলেন এবং আমাকে মন্তক অবনত
করিতে ইকিত করিলেন। আমি সেরপ করিলে তিনি কানে কানে

#### জওহরলাল নেহর

কহিলেন, "গভর্ণমেন্টের নিকট তুমি প্রতিশ্রুতি দিবে? এ কি সব শুনিতেছি? তুমি কিছুতেই উহা করিও না।"

আমার এগার দিন জেলের বাহিরে থাকার সময় স্থির হইয়াছিল মে, কমলা একটু স্থাই ইইলেই তাঁহাকে কোন উপযুক্ত স্থানে লইয়া গিয়া চিকিৎসার ব্যবস্থা করা হইবে। তথন হইতে তাঁহার অপেক্ষাকৃত ভাল হওয়ার জন্য আমরা অপেক্ষা করিতেছি, কিন্তু ভাল হওয়া ত দ্রের কথা ছয় সপ্তাহ পরে তাঁহার অবস্থা অধিকতর মন্দ ইইয়া পড়িল। এ ভাবে তাঁহার জন্মাবনতি লক্ষ্য করা নিম্ফল বিবেচনা করিয়া, এই অবস্থাতেই তাঁহাকে ভাওয়ালী পাঠান স্থির হইল।

তাঁহার ভাওয়ালী যাত্রার পূর্ব্জিন আমাকে জেল হইতে লইয়া তাঁহার সহিত দেখা করিতে দেওয়া হইল। আমি তাঁহাকে আবার কবে দেখিতে পাইব ! ভাবিয়া কৃল পাইলাম না। তাঁহাকে কি আর দেখিতে পাইব ! কিন্তু সেদিন তাঁহাকে বেশ হাসিখুনী দেখিয়া আমি বছদিন পর সস্তোষলাভ করিলাম।

তিন সপ্তাহ পরে কমলার নিকটে থাকিবার জন্ম আমাকে আলমোড়া জেলে বদ্লী করা হইল। ভাওয়ালীর পথে বলিয়া আমি ও আমার রক্ষী পুলিশ কর্মচারী কয়েকঘণ্টা সেথানে রহিলাম। কমলার অনেক উন্নতি হইয়াছে দেখিয়া আমার বড় আনন্দ হইল, লঘু হৃদয়ে আমি আলমোড়া যাত্রা করিলাম। তবে তাঁহার সহিত সাক্ষাতের পূর্ব্বেই গিরিশ্রেণী দেখিয়া আমার হৃদয় আনন্দে পূর্ণ হইয়াছিল।

পর্কতের ক্রোড়ে ফিরিয়া আদিয়া আমার কত আনন্দ! আমাদের মোটরগাড়ী সপিল পথে চলিয়াচে, প্রভাতের শীতল বায়, পর পর উল্যাটিত দৃষ্ঠরাজি কত মনোহর। আমরা উর্দ্ধে উঠিতে লাগিলাম, পর্বত সন্ধটের গভীরত। বাড়িতে লাগিল, শৃঙ্গমালা মেঘের আড়ালে ঢাকা পড়িল। নব নব তরুলতা দেখিতে দেখিতে আমরা দেবদারুও পাইনের রাজ্যে আদিয়া পড়িলাম। বাস্থার বাক ঘুরিলেই অভিনব বিশাল গিরিশ্রেণী চক্ষ্র সম্মুথে উদ্ধানিত হয়, নিমে উপত্যকায় কলনাদিনী ক্র্ম্ম তটিনী। দেখিয়া আশা মিটে না, ক্র্মিত দৃষ্টিতে চারিদিকে চাহি, এইরূপে স্মৃতিসম্পূট ভরিয়া লইতে চাহি; যথন এই দৃষ্য আমার চক্ষ্র অন্তরালে চলিয়া যাইবে, তথন যেন শ্বতি-পটে ইহা পুনরায় দেখিতে পাই।

পর্বত গাত্রে কৃটারশ্রেণী—তাহা দিরিয়া কৃত কৃত্র শস্তাক্ষেত্র, কত পরিশ্রমে পর্বতের গাত্রে এগুলি খুদিয়া বাহির করিতে হইয়াছে। দূর ইইতে এগুলি অলিন্দের মত দেখায়, কখনও বা মনে হয় দীর্ঘ সোপানাবলী

### কারাগারে প্রভ্যাবর্ত্তন

গিরিগাত্ত হইতে শীর্ষে উঠিয়া গিয়াছে। জনবিরল বস্তি মুষ্টিমেয় মানব প্রকৃতির নিকট হইতে অতি সামান্ত শস্তু পাইবার জন্ত কি অসামান্ত পরিশ্রম করিয়াছে। তাহাদের প্রযোজনের পক্ষেও যাহা পর্যাপ্ত নহে, তাহাই পাইবার জন্ত কত দীর্ঘকালবাাপী অবিরত শ্রম ইহার। করিতেছে। পর্বতের পার্ষে সমতলভূমির কর্ষিত ক্ষেত্রগুলি, গার্হয়া জীবনের আতাষ বহিয়া আনে,—তাহারই পার্খে, উর্দ্ধে, ক্রফ অরণ্যানীর সম্পূণ বিভিন্ন আম্বর্য রূপ!

দিবাভাগ অত্যস্ত আরামপ্রদ—বেলা বাড়ার সঙ্গে সঙ্গে পর্বতে পর্বতে জীবনের স্পন্দন জাগিল; দুরত্বের ব্যবধান যেন রহিল না, তাহাদের সহিত পরিচিত বন্ধুর ঘনিষ্ঠতা অমুভব করিতে লাগিলাম। কিন্তু দিবাবসানে তাহাদের এই প্রসন্ন মুর্ভির কি আমূল পরিবর্তন। "জগতের উপর দিয়া দীর্ঘ পদক্ষেপে রঙ্গনীর যাত্রারম্ভের" সংগ্ন স**ন্দে**ই চারিদিকের পর্যতমালা শীতল গান্তীর্ঘ্যে ভরিয়া উঠে, জীবন গুহার অতলে আত্মগোপন করে, কেবল বন্তপ্রকৃতি আপনাতে আপনি দম্পূর্ণ। চন্দ্রালোকে অথবা তারকার মৃত্ভাতিতে পর্বতমালা, চরাচর পরিবাাপ্ত ভীতি-মিশ্রিত রহস্তময় বলিয়া মনে হয়, কঠিন বাস্তব বলিয়া যেন মনে হয় না, উপত্যকা হইতে উপত্যকায় বাভাস কাঁদিয়া ফেরে। একক পথিক জনহীন পথে ভয়ে কণ্টকিত হুইয়া উঠে, সে সর্বত্র দেখে আত্ত্রের ছায়।। এমন কি, বায়ুর শব্দ উদ্ধৃত পরিহাদের মত মনে হয়। কথনও वा वायुशीन भक्शीन निकल्य निख्कलाय वक जाताकाछ दहेया छेठि। কেবল টেলিগ্রাফের তার হইতে মৃত্ব গুঞ্জনধ্বনি উঠিতে থাকে, তারাগুলি অধিকতর উজ্জ্বল ও নিকটবর্ত্তী বলিয়া মলে হয়। পর্বতমালা নিককণ গান্তীর্যো চাহিয়া থাকে, তাহার রহজ্ঞের সমূথে মুখোমুখী দাড়াইতে ভয় হয়। পাদকালের মতই মনে হয়, "এই অদীম বিস্তারের অনস্ত নিস্তরতায় আমি ভীত।" সমতলক্ষেত্রে রজনী এত নিস্তর নতে; কাঁটপতকও প্রপক্ষীর শব্দে রজনীর নিত্তরতা ভাঙ্গিয়া যায়।

কিন্তু শাত রজনীর নিরানন্দ আবিতাব তথনও বহুদ্বে,—সামর।
মোটরে আলমোড়ার চলিয়ছি। আমাদের গস্থবাস্থান নিকটবর্তী, এমন
সময় পথের মোড় গুরিতেই, মেঘমুক্ত এক অপূর্ব্ব দৃশ্য উল্লাটিত হইল।
আমি বিশ্বিত আনন্দে চাহিয়া দেখিলাম। তুলার-নৌলী হিমগিরির
শ্বরাজি, অরণাানীমপ্তিত পর্বত্যালার উর্দ্ধে সমূলত-শির। যুগযুগান্তের
জ্ঞান গন্তীর প্রশাস্থি লইয়া ইহারা যেন বিশাল ভারতের শিষরে
স্বাজাগ্রত প্রহরী। ইহাদের দেখিয়া হ্লয় ও মন জুড়াইল; সম্ভলক্ষেত্র

### ज अश्रुमान (मश्रूम

তাঁহার সহিত এই সংক্ষিপ্ত সাক্ষাতের স্থােগ আমার পক্ষে তুর্বভিন্নোভাগ্য,—সম্ভবতঃ তাঁহার পক্ষেও। আমাদের সাক্ষাতের দিন ভাক্তারেরা তাঁহাদের বাঁধাধরা নিয়ম স্থগিত রাখিতেন, এবং আমি অনেকক্ষণ তাঁহাদের সহিত আলাপের স্থবিধা পাইতাম। আমরা পরস্পরের গাঢ় সাদ্লিধ্য অন্থতব করিতাম, তাঁহাকে ছাড়িয়া যাইবার সময় বেদনা অন্থতব করিতাম। আমাদের মিলন যেন বিচ্ছিদ্দ হইবার জন্মই। তথন আমার বেদনার সহিত মনে পড়িত, এমন দিন আসিবে যথন আমাদের আর সাক্ষাৎ হইবেনা।

আমার মাতা সম্পূর্ণ আরোগ্য লাভ করিতে পারেন নাই বলিয়া চিকিৎসার্থ বোষাই গিয়াছিলেন। শুনিলাম তাঁহার অবস্থার উন্নতি হইতেছে। জাহয়ারী মাসের মধ্য ভাগে একদিন প্রভাতে তারযোগে এক অপ্রত্যাশিত সংবাদ পাইয়া আহত হইলাম। তাঁহাকে পক্ষাঘাত রোগ আক্রমণ করিয়াছে। তাঁহার সহিত সাক্ষাৎ করিবার জন্ম আমার বোষাই জেলে বদলী হওয়ার কথা ছিল। কিন্তু তাঁহার অবস্থার একটু উন্নতি হওয়ায় আমাকে সেথানে পাঠান হইল না।

জামুয়ারী গিয়া ফেব্রুয়ারী আসিল। বাতাদে বসস্ত আগমনের কানাকানি 'শুনিলাম। বুলবুল ও অক্তান্ত পাথী আসিয়া পুনরায় কৃজন আরম্ভ করিল, ক্ষু তৃণাক্ষুরগুলি রহস্তের অন্তরাল হইতে বাহিরে আদিয়া আশ্চর্যা পৃথিবীর দিকে নির্নিমেষে চাহিতে লাগিল। রডোডেণ্ড,ন গুচ্ছ, পর্বাতগাত্র শোণিতাভ লোহিত বর্ণে রঞ্জিত করিল এবং তরুরান্ধিতে নবপল্লব ফুটিতে লাগিল। আমি বসিয়া বসিয়া দিন গণি, কবে আবার ভাওয়ালীতে ঘাইব। বিরহ নিষ্ঠরতা ও বার্থতার পর জীবনে মহার্ঘ পুরস্কার আসে, এই কথার মধ্যে কি সত্য আছে, আমি বিশ্বিত হইয়া ভাবি। সম্ভবতঃ উহা ব্যতীত পুরস্কারের যোগ্য মূল্য আমরা বুঝিতে পারিতাম না। চিন্তাকে স্পষ্ট করিয়া লইবার জন্ম বেমন হাথের প্রয়োজন আছে, কিন্তু হাথের আতিশ্যা মন্তিক্তক আচ্ছন্ন করিতে পারে। কারাগারে মাতৃষকে আত্মবিশ্লেষণে প্রবৃত্ত করে। আমি কারাগারের দীর্ঘ বর্ষগুলিতে আপনাতে আপনি সমাহিত হইতে হইয়াছি। স্বভাবতঃ আমার প্রকৃতি অন্তম্পী নহে, কিন্তু কারাজীবন কড়া কফি অথবা কুচিলা বিষের মত মাহুষকে অন্তমুখী করিয়া তোলে। সময় সময় নিজেকে লইয়া কৌতুক করিবার জন্ম আমি অধ্যাপক ম্যাক ডুগালের পদ্ধতিতে অস্তমু্থ অবস্থা পরিমাপ করিতাম এবং আমি দেখিয়া আশ্চর্যান্থিত হইতাম যে কত ক্রত তাহার অবস্থান্তর ঘটে।

# কতকগুলি আধুনিক ঘটনা

"রজনীর যাত্রাপথ উষার তক্তণরাগে রঞ্জিত হয়, কিন্তু আমাদের জীবনের দিন আব ফিরিয়া আদে না। দূর দিংলয় রেখায় চন্দ্ ভরিয়া উঠে, কিন্তু বেদনার উৎস হৃদয়ের গভীর অতলে সমাহিত খাকে"।

-लि लाई-(भाः

সংবাদপত্র হইতে বোদাই কংগ্রেসের বিবরণ জান্ডিত প্রতিলাম। ইহার রাজনীতি এবং কে কি করিলেন তাহা জানিবার এন সামার স্বভাবতঃই আগ্রহ ছিল। বিশ বংসরের ঘনিষ্ঠ সাহচয্যের ফলে কংগ্রেসের সহিত আমার প্রাণগত যোগ অতি নিবিছ। আমার ব্যক্তিতকে প্রায় উহার মধ্যেই বিসর্জন দিয়াছি। কোন পদ বা দায়িত্ব অপেকা এই মহান প্রতিষ্ঠান এবং আমার সহস্র সহস্র পুরাতন সহকর্মী বন্ধর সংক্তি মেহবন্ধন অধিকতর শক্তিশালী। কিন্তু ইহার বিবরণ পাঠ করিয়া খানি উৎসাহ বা উত্তেজনার কিছুই খুঁজিয়া পাইলাস না। কয়েকটা উল্লেখযোগ্য সিদ্ধান্ত ব্যতীত দমগ্র ব্যাপারটাই নিরানন ও অবসাদজনক। আমার মনে হইল, আমি সেখানে থাকিলে কি করিতাম। নৃত্র ভবস্থা এবং আমার পারিপার্থিক অবস্থায় আমার চিত্তে কি ভাবের উদয় হটত তাহা বলা কঠিন। জেলে বসিয়া নিজের মনকে জোর করিয়া কোনও কঠিন সিদ্ধান্ত করিতে বাধা করা অত্যন্ত অযৌক্তিক: কেন না এরপ সিদ্ধান্দের এখন কোন প্রয়োজন নাই। সময় আদিলে আনাকে ভংকালীন সমস্তাগুলির সন্মুখীন হইয়া কর্ত্তবা স্থির করিতে হইবে। কি করিব, তাহা পূর্ব হইতে কল্পনা করা নির্বাদ্ধিতা মাত্র। এমন কি, কোন কিছ ঠিক করার পূর্ব্বেই আমার মনের মধ্যেও ভাবান্তর ঘটিতে পারে।

এই দ্ব হিমগিরির কোলে বিদিয়া ধতদ্র সম্ভব আমি কংগ্রেসের ত্ইটী বৈশিষ্টা লক্ষ্য করিলাম। এক গান্ধিজীর ব্যক্তিখের অধামান্ত প্রভাব, অপর পণ্ডিত মদনমোহন মালব্য এবং শ্রিষ্ট্র আনের ক্ষণ হর্পকে সাম্প্রদায়িক প্রতিবাদ। মাহারা ভারতীয় জনসাধারণ ও মধাশ্রেণীর মানসিক গতি প্রকৃতি অবগত আছেন, গান্ধিজীর ভারতবর্ধের উপন্ধ এই অতুলনীয় প্রভাব দেখিয়া তাঁহারা নিশ্চয়ই বিশ্বিত হইবেন না। সরকারী

### জওহরলাল নেহরু

কর্মচারীরা এবং কোন কোন রাজনৈতিক কল্পনা করেন এবং ভাবিয়া আনন্দিত হন যে রাজনীতিক্ষেত্রে গান্ধিজীর থেলা শেষ হইয়া গিয়াছে, অন্ততঃপক্ষে তাঁহার প্রভাব বছল পরিমাণে ব্লাস হইয়াছে। কিন্তু তিনি যথন পুরাতন কর্মণক্তি ও প্রভাব লইয়া পুনরায় আবিভূতি হন, তথন তাঁহারা এই দৃশ্যমান পরিবর্ত্তনের নৃতন কারণ খুঁজিতে আরম্ভ করেন। তিনি যে কংগ্রেস ও দেশের উপর প্রভাব বিস্তার করিয়াছেন তাহার কারণ তাঁহার কোন বিশেষ মত নহে। (সাধারণতঃ তাহা গৃহীত হইয়া থাকে) তাহা তাঁহার অতুলনীয় ব্যক্তিত্বের জন্ম। ব্যক্তিত্বের প্রভাব সর্ব্ব দেশেই বিল্মান, তবে অন্যান্ম দেশ অপেক্ষা ভারতেই ইহার প্রভাব সমধিক দৃষ্ট হয়।

তাঁহার কংগ্রেস হইতে অবসর গ্রহণ এই অধিবেশনের এক উল্লেখযোগ্য ঘটনা। বাহতঃ ইহা দ্বারা কংগ্রেসী আন্দোলনের ইতিহাসের এক মহান অধ্যায়ের পরিসমাপ্তি ঘটিল। কিন্তু মূলতঃ ইহা তত বৃহৎ ব্যাপার নহে। কেন না তিনি ইচ্ছা করিলেও এই নেতৃত্বের আসন হইতে নিষ্কৃতি পাইতে পারেন না। তাঁহার এই প্রতিষ্ঠা কোন পদগোরব বা অহ্য কোন প্রকার যোগাযোগের উপর নির্ভর করে না। অহ্যকার কংগ্রেসে পূর্বের মতই তাঁহারই মতবাদ প্রতিবিম্বিত; কংগ্রেস যদি তাঁহার নির্দিষ্ট পথ হইতে সরিয়াও যায় তাহা হইলেও গান্ধিজীর প্রভাব কংগ্রেস ও দেশের উপর বহুল পরিমাণে বিহ্যমান থাকিবে। এই ভার ও দায়িত্ব হইতে তিনি নিজেকে মৃক্ত করিতে পারেন না। ভারতে প্রচলিত অবস্থা হইতে উদ্দেশ্যগুলির দিক দিয়া বিচার করিলে তাঁহার ব্যক্তিত্ব যে কোন ব্যক্তির দৃষ্টি আকর্ষণ করিবে এবং তাহা ভূলিবার উপায় নাই।

বর্ত্তমানে কংগ্রেস যাহাতে বিব্রত না হয় এই জন্মই তিনি উহা হইতে অবসর গ্রহণ করিয়াছেন। সম্ভবতঃ তিনি ব্যক্তিগতভাবে কোনপ্রকার প্রত্যক্ষ উপায় অবলম্বনের চিন্তা করিয়াছেন যাহার ফলে গভর্ণমেণ্টের সহিত সংঘর্ষ উপস্থিত হইবে। ইহাকে তিনি কংগ্রেসের মধ্যদিয়া পরিচালনা করিতে চাহেন না।

দেশের শাসনতম্ব নির্ণয়ের জন্ত কংগ্রেস গণপরিষদের আদর্শ গ্রহণ করায় আমি আনন্দিত ইইলাম। আমার মনে হয় সমস্তা সমাধানের অন্ত কোন পথ নাই এবং আমার বিশ্বাস, কোন না কোন সময়ে এরপ পরিষদ আহ্বান করিতে ইইবে। যদি কোন বিপ্লব সাফল্যলাভ করে, সে স্বতম্ব কথা, অন্তথা ব্রিটিশ গভর্ণমেন্টের সম্বতি ব্যতীত ইহা অবশ্য ইইতে পারে না এবং ইহাও স্পষ্ট যে, বর্ত্তমান অবস্থায় এইরূপ সম্বতি পাওয়া যাইবে

## কতকণ্ডলি আধুনিক ঘটনা

না। অতএব প্রকৃত পরিষদ আহ্বান করিতে হইলে দেশের মধ্যে প্রকৃত শক্তির উদ্বোধন হওয়া আবশ্যক। ইহার অর্থ এই দাঁড়ায় যে, উহা ব্যাতীন্ত রাজনৈতিক সমস্রাগুলিরও সমাধান হইবে না। কোন কোন কংগ্রেদ নেতা গণপরিষদের আদর্শ গ্রহণ করিলেও উহাকে পুরাতন ছাচের এক বৃহৎ সর্বাদল সন্মিলনীতে নামাইয়া আনিবার চেটা করিয়াছেন। এই বাবস্থা নিক্ষল হইতে বাধা। কেন না স্বাং নির্কাচিত সেই পুরাতন বাতিরা আসিয়া মিলিত হইবেন এব: কিছতেই একমত হইবেন না। গণপ্রিষদের মর্ম্মকথা এই যে উহা ব্যাপকভাবে গণ্যাধারণ কর্তৃক নির্মাচিত হইবে এবং গণসাধারণ হইতে উহা প্রেরণা এবং শক্তি সংগ্রহ করিবে। এইরূপ সন্মেলন সোজান্ত্রি, প্রকৃত সমস্যাগুলির সন্মুখীন হঠতে পারিবে এবং প্রের্ব মত সাম্প্রদায়িক বা অন্ত কোনপ্রকার বাধা রান্ডায় থাকিবে না।

এই প্রস্তাবে সিমলা ও লগুনে অত্যন্ত কৌতৃহলোদীপক প্রতিক্রিয়া দেখা পেল। আধা সরকারীভাবে জানাইয়া দেওৱা হইল যে গভণমেকের ইহাতে কোন আপত্তি নাই; তাহারা নুক্ষির মত ইহা অহমোদনও করিলেন। কেন না তাঁহাদের আশা ছিল যে পুরাতন ধরণের সর্কদল সন্মিলনীর মত ইহা ব্যর্থ হইবেই এবং তাহাতে তাঁহাদেরই শক্তি বাড়িব। পরে অবশ্য তাঁহার। এই প্রস্তাবের বিপদ-সম্ভাবনা বৃষিতে পারিয়া মতাম্ভ জোরের সহিত প্রতিবাদ করিয়াছিলেন।

বোষাই কংগ্রেসের অব্যবহিত পরেই ব্যবদা পারষদের নির্মাচন আসিল। কংগ্রেসের নিয়মতান্ত্রিক কার্যাপ্রণালীর প্রতি আমার নিরুংশাহ সত্তেও ভামি কোতৃহলী হইয়া উঠিলাম এবং কংগ্রেসপ্রার্থীদের সাক্ষলা কামনা করিছে লাগিলাম, অথবা আরও সত্য করিয়া বলিলে বলিতে হয় আমি তাহাদের বিরোধীদের পরাজয় প্রত্যাশা করিতে লাগিলাম। এই সকল বিরোধীদের মধ্যে ভাগ্যান্থেমী সাম্প্রদায়িকতাবাদী ও বিশাস্থাতে প্রভৃতি বিভিন্ন শ্রেণীর লোক ছিল এবং ইহারা গভর্ণমেণ্টের দমননীতি দৃটভাম সহিত সমর্থন করিয়াছে। ইহাদের অধিকাংশই যে পরাজিত হইবে সে সম্প্রেম করিয়াছে। ইহাদের অধিকাংশই যে পরাজিত হইবে সে সম্প্রেম অনুমাত্রও সন্দেহ ছিল না। কিন্তু ভূতাগাক্রমে সাম্প্রদায়িক বাটোয়ায়ায়্ল লক্ষ্য ত্রনিরীক্ষ্য করিয়া তুলিয়াছিল এবং তাহাদের অনেকে সাম্প্রদায়িক প্রতিষ্ঠানগুলির স্থবিত্বত পক্ষপুটে আশ্রম লইয়াছিল। ইহা সন্তেও কংগ্রেস আশ্রম সাফল্যলাভ করিল এবং আমি দেখিয়া স্থী হইপাম বে বছ অবাঞ্কনীয় ব্যক্তি ব্যবস্থা পরিষদে প্রবেশ করিতে পারিল না।

তথাক্থিত কংগ্রেস জাতীয়দলের মনোভাব আমার নিকট অভিমাত্রায় শোচনীয় মনে হইল, সাম্প্রদায়িক বাটোয়ারার প্রতি তাঁহাদের তীব্র

#### ज उर्जनान (मर्क

বিরোধিতার অর্থ ব্ঝ। যায়, কিন্তু তাঁহারা নিজেদের প্রতিষ্ঠা বৃদ্ধির আশায় অতিমাত্রায় সাম্প্রদায়িক প্রতিষ্ঠানগুলির সহিত মিলিত হইলেন। এমন কি, ভারতে রাজনৈতিক ও সামাজিক দিক দিয়া সর্ব্যাধিক প্রতিক্রিয়াপয়ী সনাতনীদের সহিত, এবং সেই সদে বছ নিন্দিত চরিত্র রাজনৈতিক প্রতিক্রিয়াপয়ীর সহিত একত্র মিলিত হইলেন। বাললাদেশে অবশ্র কতকগুলি বিশেষ কারণে একটা শক্তিশালী কংগ্রেসী দলের সমর্থন তাঁহারা পাইয়াছিলেন, কিন্তু তাহা ছাড়া তাঁহাদের মধ্যে অনেকে সকল দিক দিয়াই কংগ্রেস বিরোধী ছিলেন। এমন কি অনেকে খ্যাতনামা কংগ্রেস বিশ্বেমী। এই সকল বিরুদ্ধ শক্তি এবং জমিদার ও লিবারেলগণের এবং সরকারী কর্মচারিগণের বিরুদ্ধতা সত্ত্বেও কংগ্রেসপ্রার্থীয়া অনেকাংশে সাফল্য লাভ করিয়াছিলেন।

সাম্প্রদায়িক বাটোয়ারার বিরুদ্ধে কংগ্রেসের মনোভাব অভৃতপূর্ব্ব, তথাপি অবস্থা বিবেচনায় ইহার অতি অল্প ইতর বিশেষই হইতে পারিত। ইহা তাহাদের অতীতের নিরপেক হুর্বলনীতির অবশুদ্ধাবী ফল। স্চনাতেই আশু পরিণাম গ্রাহ্ম না করিয়া দুচ্তার সহিত কর্মপন্থা নির্বাচন করিয়া • কংগ্রেদ উহা করিতে অনিচ্ছুক হওয়ায় বর্ত্তমান সিদ্ধান্ত ব্যতীত অন্ত কোন পথ তাঁহারা দেখিতে পাইলেন না। সাম্প্রদায়িক বাটোয়ারা অত্যস্ত বিভ্যমান থাকিবে ততদিন কোন স্বাধীনতাই সম্ভবপর নহে। ইহার কারণ हेश नरह रव मुमनमानिषारक ज्यानक रवनी मिख्या हहेबाहि। मञ्चवछः তাঁহারা যাহা চাহিয়াছিলেন, ভিন্ন প্রকার উপায়ে তাহা দেওয়া যাইতে পারিত। কিন্তু এ ক্ষেত্রে ব্রিটিশ গভর্ণমেণ্ট ভারতবর্ষকে কতকগুলি স্বতন্ত্র-ভাগে বিভক্ত করিয়া ফেলিলেন, প্রত্যেকে প্রত্যেকের ভারসাম্য রক্ষা করিবে এবং একে অন্তের প্রভাব হ্রাস করিবে, যাহাতে বৈদেশিক ব্রিটিশ প্রতিনিধিগণই সর্কেদর্কা হইয়া থাকিতে পারেন। ইহাতে ব্রিটিশ গভর্ণমেণ্টের প্রতি নির্ভরতা অনিবার্য।

বিশেষতঃ বান্ধলাদেশে ক্ষুদ্র ইউরোপীয় সম্প্রদায়কে অধিক সংখ্যক আসন দিয়া হিন্দুদের প্রতি অত্যস্ত অবিচার করা হইয়াছিল। এই প্রকার বাটোয়ারা অথবা সিদ্ধান্ত অথবা ইহাকে যাহাই বলা হউক না কেন তাহার বিরুদ্ধে ডিজ ক্রোধ উদ্দীপ্ত হইবেই এবং ইহা জোর করিয়া চাপাইয়া দেওয়া যাইতেও পারে অথবা রাজনৈতিক কারণে সাময়িকভাবে লোকে সহও করিতে পারে, কিন্তু ইহার মধ্যে নিয়ত সংঘর্ষের

### কভকগুলি আধুনিক ঘটনা

সম্ভাবনা থাকিয়াই যাইবে। ব্যক্তিগতভাবে আমি মনে করি ইছার অন্তর্নিহিত অন্তায়ই ইহার একটা অমুক্ল দিক, কেন না এই অন্তায় কোন কিছুর স্থায়ী ভিত্তি হইতে পারে না।

জাতীয়দল এবং তদপেকাও অধিকভাবে হিন্দু মহাস্তা ও অক্লাক্ত সাম্প্রদায়িক প্রতিষ্ঠানগুলি স্বভাবতঃই এই বলপ্রয়োগে ক্রুদ্ধ হইলেন। কিন্তু তাঁহাদের সমালোচনার প্রকৃত ভিত্তি ত্রিটিশ গুলুর্গমেন্টের মত্যাদের স্বীকৃতির উপর প্রতিষ্ঠিত এবং উহার মুম্ববিদ্যানত উহাকেই ভিভিন্নপে গ্রহ: করিয়াছিলেন এবং তাহার ফল হইল এই যে তাঁহারা এমন এক আক্ষা কর্মনীতি গ্রহণ করিতে লাগিলেন যাহ। গভর্ণমেন্টের পক্ষে অভায় সম্বোষের বিষয়। বাটোয়ারা লইয়া অতিমাত্রায় মাতামাতির ফলে অতাত্ত গুঞ্জুর ব্যাপারে তাঁহাদের বিরুদ্ধতা মন্দীভূত হইল এবং তাহারা আশা করিতে नाशिलन य উৎকোচ দিয়া অথবা তোষামোদ করিল গভর্ণমেন্ট কর্ত্তক তাহাদের অন্তক্তলে বাটোয়ারা পরিবর্ত্তন করিতে সক্ষম ইইবেন। এইপথে হিন্দু মহাসভা সকলের চেয়ে অধিক অগ্রসর হইলেন। কিন্ধু এই কথা তাঁহাদের মনে হইল না যে ইহা কেবল অপমানজনক অবস্থানহে, পরস্ক ইহার ফলে বাটোয়ারার পরিবর্ত্তন অধিকতর কঠিন হইয়া উঠিবে, কেন না ইহাতে কেবলমাত্র মুদলমানেরা অধিকতর বিরক্ত হইবে এবং আরুও দূরে . স্রিথা যাইবে। ব্রিটিশ গভর্গমেণ্টের পক্ষে জাতীয়তাবাদীদের চিও জয় করা অসম্ভব—ব,বধান অতি বৃহৎ এবং বিগণতৈ স্বার্থের সংঘাতও স্পষ্ট, অতি সন্ধীর্ণ সাম্প্রদায়িক স্বার্থের ব্যাপারও তাহাদের পক্ষে হিন্দু সাম্প্রদায়িকতাবাদীদিগকে সমানভাবে সম্বর্গ একটাকে বাছিয়াই লইতে হইবে এবং তাঁহাদের দিক হইতে মুদলমান সাম্প্রদায়িকতাবাদীদিগকে সম্ভুট করিয়া ঠিকই করিয়াছেন। মৃষ্টিমেয় হিন্দু সাম্প্রদায়িকতাবাদীকে দলে টানিবার জন্ম তাঁহারা কি এই গুনিশ্বিষ্ট লাভজনক নীতি ত্যাগ করিবেন এবং মৃদলমান্দিগের মনে ব্যথা দিবেন প

সম্প্রদায় হিসাবে হিনুরা রাজনৈতিক ক্ষেত্রে অধিকতর অগ্নসর এবং তাহারাই বিশেষভাবে জাতীয় স্বাধীনতার দাবী করিয়া থাকে। এই ঘটনাই তাহাদিগকে অফগ্রহ না করিবার প্রধান কারণ, কেন না ছোটগাট ঘাম্প্রদায়িক অফগ্রহ (হোটথাট ছাড়া উহা আর কিছুই হইতে পারে না) স্বারা রাজনৈতিক বিরোধিতার কোন ইতর বিশেষ হইবে না। তবে এ সকল অফ্রগ্রহ স্বারা মুসলমানদিগের মনোভাবের সাম্যিক পরিবর্ত্তন হইতে পারে মাত্র।

ব্যবস্থা পরিষদের নির্স্কাচনে হিন্দু মহাসভা এবং মুস্লিম কন্ফারেশ এই তৃই অতিমাত্রায় প্রতিক্রিয়াশীল সাম্প্রদায়িক প্রতিষ্ঠানের পশ্চাতে যে সকল

### जिश्तरान (नर्क

লোক আছেন তাঁহাদের স্বরূপ প্রকাশ হইয়া পড়িল। তাহাদের প্রার্থা এবং সমর্থকগণ বড় জমিদার অথবা ধনী মহাজনশ্রেণীর। আধুনিক ঋণ লাঘব বিলগুলির তাঁত্র বিরোধিতা করিয়া মহাসভা মহাজনশ্রেণীর প্রতি তাঁহাদের অপুরাগ প্রদর্শন করিলেন। হিন্দু সমাজের উপরের অরের এক সামান্ত অংশ লইয়া হিন্দু মহাসভা গঠিত এবং উহারই আর এক অংশ কতকগুলি বৃদ্ধিজীবী ব্যক্তিসহ লিবারেল দল নামে পরিচিত। হিন্দুদের মধ্যে নিম্ন মধ্যশ্রেণী রাজনৈতিক ক্ষত্রে সচেতন বলিয়া উহাদের গুরুত্ব অধিক নহে। কলকারখানার মালিকেরাও ইহাদের মধ্য হইতে নিজেদের অজম্ব করিয়া লইয়াছেন। কেন না উদীয়মান কলকারখানার দাবীর সহিত অর্দ্ধ সামস্ততান্ত্রিক ব্যবস্থার স্বার্থের বিরোধ রহিয়াছে। কলকারখানার মালিকেরা প্রত্যক্ষ সংঘর্ষ অথবা অন্ত কোনপ্রকার বিপজ্জনক উপায় গ্রহণ করিতে সাহস পান না, তাঁহারা জাতীয়তাবাদ এবং গভর্নমেণ্ট উভয়ের সহিতই সম্ভাব রাথিতে চেষ্টা করেন। তাঁহারা মডারেট অথবা সাম্প্রদায়িক দলগুলির প্রতিও বড় বেশী আগ্রহণীল নহেন। কলকারখানার উন্নতি এবং মোটা রকমের লাভ এই উদ্দেশ্যেই তাঁহারা পরিচালিত হন।

ম্সলমানদের মধ্যে নিম্ন ও মধ্যশ্রেণীতে এখনও জাগরণ আদেন নাই এবং শিল্প বাণিজ্যেও তাহারা পশ্চাংপদ। এই কারণেই আমরা দেখিতে পাই অতি মাত্রায় প্রতিক্রিয়াপন্থী সামস্ভভান্ত্রিক এবং পেন্সনভোগী সরকারী কর্মচারীরা তাহাদের সাম্প্রদায়িক প্রতিষ্ঠানগুলি নিমন্ত্রিত করেন এবং সম্প্রদায়ের উপর অনেক থানি প্রভাব বিস্তার করিয়া আছেন। ম্স্লিম কনফারেন্স একদল নাইট, ভূতপূর্ব্ব মন্ত্রী এবং জমিদার লইয়া গঠিত, তথাপি আমার বিবেচনায় ম্সলমান জনসাধারণের মধ্যে হিন্দু জনসাধারণের অপেক্ষাও অধিকতর প্রস্তুপ্ত শক্তি রহিয়াছে, কেন না সামাজিক ব্যাপারে তাহাদের কতকগুলি স্বাধীনতা আছে এবং ইহারা যদি একবার চলিতে স্ক্রফ করে, তাহা হইলে তাহারা সমাজতান্ত্রিক পথে অধিকতর ক্রত অগ্রসর হইবে। কিন্তু বর্ত্তমানে ম্সলমান বৃদ্ধিজীবীরা কি মানসিক কি দৈহিক উভয় দিকেই পক্ষাঘাতগ্রস্ত হুইয়া আছেন, ইহাদের মধ্যে কোন গভীর চাঞ্চল্য নাই, ইহারা পুরাতন মুক্বিদের প্রশ্ন করিতেও সাহস পান না।

রাজনীতিক্ষেত্রে দর্বাধিক স্মগ্রগামী বৃহৎ দল কংগ্রেদের নেত্মগুলীও, জনসাধারণের অবস্থার অমুপাতে প্রয়োজন অপেক্ষাও অধিক সাবধানী। তাঁহারা জনসাধারণের সমর্থন চাহেন কিন্তু কদাচিৎ তাহাদের মতামতের উপর নির্ভর করেন, অথবা তাহাদের অভাব অভিযোগ অমুসদ্ধান

### কভকগুলি আধুনিক ঘটনা

করেন। ব্যবস্থা পরিষদের নির্বাচনের পূর্বের, তাঁহাবা অ-কংগ্রেদী মডারেট-দিগকে দলে টানিবার জন্ম কার্য্যপদ্ধতি যথাসম্ভব নরম করিবার চেষ্টা করিলেন। এমন কি, মন্দির প্রবেশ বিলের মত ব্যাপারেও তাহাদের মধ্যে নানারূপ মত দেখা গেল, মাল্রাজের গ্রেড়া দনাতনীদের মন ভিজাইবার জন্ম আখাদ দেওয়া হইল। দরল নির্ভীক এবং আক্রমণশীল কর্মপদ্ধতি উপস্থিত করিলে, দেশে অধিকত্তর উৎসাহ দেখা ঘাইত এবং জনসাধারণের রাজনৈতিক শিক্ষারও সহায়তা হইত। কিন্তু সংগ্রেদ নিয়মতান্ত্রিক পার্লামেন্টি কার্যাপদ্ধতি গ্রহণ করার ফলে, রাজনৈতিক ও সামাজিক প্রতিক্রিয়াশীল স্বার্থগুলির সহিত, ব্যবহা পরিষদে ক্ষেকটি ভোটের আশায়, নানাভাবে আপোষ রফা করিতে হইবে এবং তাহার ফলে জনসাধারণ ও কংগ্রেদের নেতৃমগুলীর মধ্যে বাবধান আরম্ভ প্রশন্ত হইবে। চমংকাব বক্তৃতা হইবে, পার্লামেন্টি আদব কায়দার অন্তক্ষরণ চলিবে,—মাঝে মাঝে গভর্গমেন্ট পরাজিত হইবেন—এবং অতীতের মতই এই সকল পরাজ্য গভর্গমেন্ট অন্তবিয় চিত্তে উপেকা করিবেন।

যথন কংগ্রেদ আইনসভাগুলি বজ্জন করিয়াছিল, সেই কয় বংশর সরকারপক্ষের লোকেরা আমাদের প্রায়ই শুনাইয়াছেন যে, ব্যবস্থা পরি রুপ্ত প্রাদেশিক আইনসভাগুলি জনসাধারণের যথার্থ প্রতিনিধিমূলক প্রতিষ্ঠান এবং এইথানেই জনমত প্রতিফলিত হয়। কিন্তু যথন অগ্রগামী দল গিয়া ব্যবস্থাপরিষদে প্রভাগ বিন্তার করিলেন তথন সরকারী মতেরও পরিবর্ত্তন হইল। যথনই নির্বাচনে কংগ্রেসের সাফলোর কথা উঠে, তথনই অপর পক্ষ বলেন নির্বাচকমগুলীর সংখ্যা অতিশয় কম—৩২কোটি লোকের মধ্যে মাত্র ৩০লক্ষ ভোটার। যে কোটি কোটি লোকের ভোটাধিকার মধ্যে মাত্র ৩০লক্ষ ভোটার। যে কোটি কোটি লোকের ভোটাধিকার নাই, তাহারা সরকারপক্ষের মতে একযোগে ব্রিটিশ গভণমেন্টকে সমর্থন করিয়া থাকে। সহজেই ইহার প্রতিকার হইতে পারে। প্রাপ্রয়ন্থ নরনারীদের ভোটাধিকার দিলেই অন্ততঃ আমরা ঐ সকল লোকের চিম্থাধারা ব্রিতে পারিব।

বাবস্থা পরিষদের নির্কাচনের অব্যবহিত পরেই শাসন-সংস্কার সম্বন্ধ জ্বেন্ট পার্লামেণ্টি কমিটির রিপোর্ট প্রকাশিত হইল। ইহার বছবিধ ও ব্যাপক সমালোচনার মধ্যে একটি ক্রটি বারম্বার উল্লাটিত করিয়া দেখান হইতে লাগিল যে, ভারতবাদীর প্রতি "সন্দেহ" ও "অবিশাস" লইয়া ইহা রচিত হইয়াছে। আমাদের জাতীয় ও সামাজিক সমস্তার দিক হইতে দেখিলে ঐ মস্থায় অত্যন্ত বিশায়কর। আমাদের জাতীয় ও রিটিশ সামাজ্যবাদের স্বার্থের মধ্যে কি মর্ম্বাত কোন বিরোধ

#### ज ওহরলাল নেহর

নাই ? মুখ্য প্রশ্ন হইল যে কোনটা টিকিবে ? সাম্রাজ্যনীতি চালাইবার জন্মই :কি আমরা স্বাধীনতা চাহিতেছি ? অন্ততঃ ব্রিটিশ গভর্গমেন্টের ঐরপই ধারণা ; তাঁহাদের মতে ব্রিটিশ-নীতির প্রয়োজনের সহিত সামঞ্জন্ত রাখিয়া আমরা যতদিন সন্তাবে স্বায়ন্ত-শাসনে আমাদের যোগ্যতা প্রমাণের চেষ্টা করিব, ততদিন "রক্ষাক্বচ" গুলি ব্যবহার করা হইবে না। যদি ব্রিটিশ-নীতিই ভারতে চলিতে থাকে, তাহা হইলে শাসন-রশ্মি আমাদের হাতে শানিবার জন্ম এত চীৎকারের আবশ্রুক কি ?

এক ভারতীয় বাণিজ্য \* ব্যতীত, ওট্টাওয়া চুক্তিতে ইংলণ্ডের বিশেষ আর্থিক লাভ হয় নাই, ইহা সর্বজনবিদিত। ভারতীয় রাজনৈতিক ও ব্যবসায়ীদের মতে, ভারতের বহন্তর স্বার্থের ক্ষতি সাধন করিয়া ইহা লারা ভারতে ব্রিটিশ-বাণিজ্যের শ্রীবৃদ্ধি হুইয়াছে। কিন্তু উপনিবেশগুলিতে বিশেষভাবে কানাডা ও অট্টেলিয়ার ক অবস্থা হুইয়াছে বিপরীত। তাহারা ব্রিটেনের সহিত দর ক্যাক্ষি করিয়া ব্রিটেন অপেক্ষাও অনেক বেশী স্থবিধা আদায় করিয়া লইয়াছে। ইহা সন্ত্বেও তাহারা ওট্টাওয়া চুক্তির বন্ধন হুইতে সতত্ই মুক্তিলাভের চেষ্টা করিতেছে; কেন না তাহারা নিজেদের শিল্পবাণিজ্যের শ্রীবৃদ্ধি চাহে এবং স্বাধীনভাবে অন্যান্ত দেশের সহিত বাণিজ্য করিতে চাহে। গ্লুকানাডার সর্ব্বপেক্ষা শক্তিশালী লিবারেল

<sup>\*</sup> ভারতীয় বাণিজ্যের কথা উল্লেখ করিয়া গুর উইলিয়ম কারী বলেন, ওট্টাওয়া চুক্তির ফলে ব্রিটেন স্থানিতিত স্বিধা পাইয়াছে।—১৯৩৪-এর ৫ই ডিসেম্বর লণ্ডনে পি এও ও জাহাজ কোম্পানীর সভায় স্থার উইলিয়ম সভাগতিত করিয়াছিলেন।

<sup>া</sup> দি লণ্ডন ইকনমিষ্ট (জুন, ১৯৩৪) বলিতেছেন, "ওটাওয়া বৈঠক সার্থক হইতে পারিত যদি ইহা ছারা সামাজ্যের অন্তণাণিজ্য বৃদ্ধি পাইত অগচ অবশিষ্ট জগতের সহিত সামাজ্যের বাণিজ্য হ্লাস না হইত । কার্যাতঃ ইহা ছারা সামাজ্যের আভ্যন্তরীণ বাণিজ্য কিছু বাড়িলেও সামাজ্যের সর্পমেটি বাণিজ্য হ্লাস হইরাছে। এবং এই পরিবর্তনে গ্রেট বিটেন অপেকা উপনিবেশগুলিরই ফুবিশা হইরাছে বেশী। সামাজ্য হইতে আমাদের আমদানী ১৯০১-সালে ২৪কোটি ৭০লক পাউও হইতে ১৯০০ সালে ২৪কোটি ৯০লক পাউও ইইতে ১৯০০ সালে ২৪কোটি ৯০লক পাউও ইইতে ১৯০০ সালে ২৪কোটি ৯০লক পাউও ইইতে ১৯০০ মালে ২৪কোটি ১০লক পাউও ইতে ১৯০০ মালে হাটাছিরাছে, কিন্তু আমাদের রখানী ১৭কোটি ৬লক পাউও ইতে ১৯০০টি ৬লক পাউও ইতে ১৯০০ মালের আমাদের রখানীর পরিমাণ শতকরা ৫০০৯ জাগ কমিয়াছে, কিন্তু সামাজ্য ইইতে আমাদের আমাদের আমানানী মাত্র ০২০৯ ভাগ কমিয়াছে। অভ্যান্ত বৈদেশিক রাষ্ট্রে আমাদের রখানী তত্ত বেশী কমে মাই, তবে ঐ সকল দেশ হইতে আমাদানী বহল পরিমাণে হ্রাস পাইয়াছে।"

<sup>়ু</sup> মেলবোর্ণ 'এজ' ওটাওয়া চুক্তি পছল করেন না। ইহার মতে ঐ চুক্তি "দর্বদাই বিরক্তির কারণ এবং ক্রমেই বুঝা যাইতেছে যে উহা এক প্রকাশু ভূল।" (১৯৩৪, ১৯০শ অক্টোবর, সাপ্তাহিক মাঞ্চীর গাড়িয়ান হইতে উদ্ধৃত।)

### কতকগুলি আধুনিক ঘটনা

মূল বাহার। শীঘ্রই গুরুর্থনেন্টের ভার গ্রহণ করিবে এরপ সন্থাবনা আছে; ভাহারা ওয়াওয়া চ্চির অবসান করিতে দৃঢ়প্রতিজ্ঞ।\* অট্রেলিয়ার ওট্টাওয়ার কটকল্লিত ব্যাথ্যা করিয়া কোন কোন শ্রেণীর কার্পাসবন্ধ ও স্তার উপর গুরু বৃদ্ধি করা হইয়াছে। ইহার ফলে লাকাসায়ারের কাপড়ের কলওয়ালারা বিষম ক্রুদ্ধ হইয়াছেন এবং ইহাতে ওটাওয়া চুক্তি ভঙ্গ হইয়াছে বলিয়া নিন্দা করিতেছেন। ইহার প্রতিবাদ ও প্রতিশোধ লাইবার জন্ত লাকাসায়ারে অট্রেলিয়ান পণ্য বয়কটের আন্দোলন আরম্ভ হইয়াছে। এই ভীতিপ্রদর্শনে অট্রেলিয়া মোটেই বিচলিত হয় নাই, বরং তাহারাও প্রতি-আক্রমণের জন্ত প্রস্তত হইয়াছে। প

কানাতা ও অষ্ট্রেলিয়ার অধিবাসীদের ব্রিটেনের প্রতি যে কোন বিষেষ ভাবই থাকুক না কেন, অর্থনৈতিক সংঘর্ষের কারণ তার নতে। অবশ আয়র্লণ্ডের ক্ষেণ্যে এই বিষেষ স্পষ্ট প্রত্যক্ষ করা যায়। স্বাথের বিরোধ হুইতেই সংঘ্য দেখা দেয়, এবং এইরূপ সংঘ্য যদি ভারতে নেগা যায় সেই আশঙ্কায় ব্রিটিশ স্বার্থকেই প্রাধান্ত নিবার জন্য রক্ষাক্রচের বাবস্থা হুইয়াছে। ভারতীয় বাবসার্থাদের প্রতিবাদ সত্তেও এবং সকলের ক্রিটি গোপন রাখিয়া অর্থচ ব্রিটিশ বণিকদিগের সম্পূর্ণ জ্ঞান্তসারে অধুন যে ইন্ধ-ভারতীয় বানিজাচ্ক্তি হইল, যাহা ব্যবস্থা পরিসদে অগ্রাহ্ণ রন্ধা সত্তেও গভর্ণমেন্ট ত্যাগ করিতেছেন না, ভাহা হুইতেই বুঝা যায় "ফ্লান্ডবির গভর্ণমেন্ট ত্যাগ করিতেছেন না, ভাহা হুইতেই বুঝা যায় "ফ্লান্ডবির" গতি কোন দিকে। মনে হয়, কান্ডো, অংইলিয়া ও দক্ষিণ আফ্রিকায় এ শ্রেণীর বিন্ধা-কর্মেন্ডর অধিক আবশ্রক হুইয়া পাড্যাতে।

<sup>\*</sup> এমন কি কানাডার বর্তমান রক্ষণনাল প্রশানমন্ত্রী মিঃ বেনেট পশান্ত বাগ্রাণারে ব্রিটিশ প্রতামেন্টের পক্ষে কর্টকন্দ্রপা। এখন তিনি পনিংডিলের" কথা বলিতেছেন এবং অতি আশ্চ্যারপে সমত পরিবর্তন করিয়াছেন। মিঃ লিট্টিনভ, জর স্থাকার্ড ক্রিপদ এবং মিঃ জন ট্রাচির ভয়াবহ প্রভাবের ফলে িনি এখন পনালেকটিভিত্ত" স্থাকার্ড ক্রিপদ এবং মিঃ জন ট্রাচির ভয়াবহ প্রভাবের ফলে িনি এখন পনালেকটিভিত্ত" স্থাকার্ড ইয়াছেন। ইহা হৃইতে রক্ষণনাল, উদার্থনৈতিক, গ্রেজন সালিস্স প্রভাবি ক্রিয়াছেন। ইহা হৃইতে রক্ষণনাল উল্লেখ্য ক্রিমান্ত্রক মতবালের প্রভিত্ত সাবধান হওয়া কর্তব্য, অভ্যাব ভিরোজ ক্র সকল বিপক্ষনক মতবালের প্রভিত্ত সাবধান হওয়া ক্রিব্য, অভ্যাব লিনিবাস কালে সিঃ কিং এর নেতৃছে কা ডিরে উদার-ক্রিতে পারেন। (এই ক্রা লিনিবাস কালে সিঃ কিং এর নেতৃছে কা ডিরে উদার-ক্রিক দল ভোটাধিক্যে জয়ী ইইয়া শানন্ত্র অধিকার করিয়াছেন।)

<sup>†</sup> দি মেলবোৰ 'এল' ঘোৰণা করিয়াছেন যে, বদি লাভাগায়ারের প্রজাবিত বর্কট নীতি প্রত্যাহার না হয়, তাহা হইলে এখনও লাভাগায়ারের হেটুক বাণিছা আংশিষ্ট আছে, অষ্টোলয়া তাহার উপর কঠোর আঘাও করিছে। 'এই কলা পুনং পুনং দুচতার সহিত উল্লেখ করিয়া' লাভাগায়ারের জবাব দিতে হইবে" (১৯০৪-এর নভেশরের সাধ্যাহ্ন মাঞ্চোর পার্ডিয়ান হইতে উভ্ত ১)।

### जंबरत्नांन म्हरू

কেবল বাণিজ্য ব্যাপারে নহে, সাম্রাজ্যের ঐক্য ও নিরাণভার অধিকতর প্রয়োজনীয় ব্যাপারে ঐ সকল উপনিবেশের অধিবাসীরা যাহাতে বিরোধিতা না করে, সেজন্মও 'রক্ষাকবচ' আবশুক। \*

সাম্রাক্স ঋণগ্রন্ত; অতএব যাহাতে সাম্রাক্সবাদী মহাজন, তাহার দুর্ভাগা থাতকের উপর আধিপত্য এবং তাহার বিশেষ স্বার্থ ও ক্ষমতা অব্যাহত রাখিতে পারে; সেই জ্মাই 'রক্ষাকবচের' ব্যবস্থা করা হইয়াছে; এমন কথাও শুনা যায়। গান্ধিজী ও কংগ্রেস এই শ্রেণীর 'রক্ষাকবচে' সম্মত হইয়াছেন, কেন না ১৯০১-এর দিল্লীচুক্তিতে "ভারতের স্বার্থের জ্মা রক্ষাকবচ" গ্রহণের নীতি স্বীকৃত হইয়াছিল, সরকারপক্ষ হইতে এই আশ্রুষ্য যুক্তি বারস্বার বলা হইয়াছে।

যাহাই হউক, ব্যবদা বণিজ্য সম্পক্তি রক্ষাক্বচগুলি এবং ওট্টাওয়া তুলনায় অতি দামাল্য ব্যাপার মাত্র। প ভারতবাদীর উপর অর্থ নৈতিক ও রাজনৈতিক প্রত্যেকটি মূল ক্ষমতা ও অধিকার কায়েম করিয়া রাখিবার উদ্দেশ্যে যে দকল ব্যবস্থা করা হইয়াছে, ঐগুলিই বিশেষ ভাবে মারাত্মক। কেন না, অতীতে ও বর্ত্তমানে উহা এই দেশ শোষণে দহায়তা করিয়াছে। এই দকল ব্যবস্থা ও 'রক্ষাক্বচ' যতদিন থাকিবে, ততদিন কোন দিকে কোন উন্নতি অসম্ভব। কোন পরিবর্ত্তন করিবার নিয়মতান্ত্রিক চেষ্টার স্থান ইহাতে নাই। এরূপ প্রত্যেকটি চেষ্টা 'রক্ষাক্বচের' কঠিন প্রাচীরে ব্যাহত হইবে এবং দিনে দিনে ইহা স্পষ্টভাবে ব্যা যাইবে যে, যাহা একমাত্র সম্ভবপর পথ, তাহা নিয়মতান্ত্রিক নহে। রাজনৈতিক দিক দিয়া, পৈশাচিক যুক্তরান্ত্র-সহ প্রভাবিত শাসনতন্ত্র অস্বাভাবিক এবং অর্থ নৈতিক ও সামাজিক দিক হইতে ইহা অতিশয় নিয়্বষ্ট ব্যবস্থা। সমাজতন্ত্রের পথ ইচ্ছা করিয়াই ক্ষম্ক করা হইয়াছে। বাহির হইতে

<sup>•</sup> দক্ষিণ আফ্রিকার দেশরক্ষা সচিব মিঃ ও, পিরু বলিরাছেন, ইউনিয়ন, সাম্রাজ্যরক্ষার
সাধারণ ব্যবস্থার মধ্যে কোন অংশ গ্রহণ করিবে না এবং বৈদেশিক কোন বুদ্ধে ইংল্ঞ্
বোগ দিলেও ইউনিয়ন যোগ দিবে না। "যদি গভর্ণমেণ্ট হঠকারিতার সহিত কোন
বৈদেশিক যুদ্ধে লিগু হন, তাহা হইলে দেশবাপী অশান্তির স্পষ্ট হইতে পারে। সন্তবতঃ
গৃহ্যুদ্ধও বাধিতে পারে। অতএব গভর্ণমেণ্ট সাম্রাজ্যের কোন সাধারণ ব্যবস্থার অংশ গ্রহণ
করিবেন না।" প্রধানমন্ত্রী জেনারেল হার্টজাগ এই ঘোষণা সম্বর্ধন করিয়া বলেন যে ইহাই
ইউনিয়ন গভর্ণমেণ্টের নীতি। (রয়েটার প্রদন্ত সংবাদ, কেপটাউন, ৫ই ক্ষেক্রারী, ১৯৩৫।)

<sup>†</sup> দি লগুন ইকনমিষ্ট ( অক্টোবর, ১৯৩৪) বলিয়াছেন,—"কিন্ত দেখা যাইডেছে, ব্রিটিশ শাসনের স্বিধার মধ্যে, উচ্চমূল্যে লাকাসায়ারের মাল কিনিবার সন্দেহজনক স্যোগ বলপ্র্ক জপতের নানাপ্রান্তে "নেটিডদের" উপর চাপাইয়া দেওয়া হইবে।" সিংহল ইহার অতি আধুনিক জাঅলামান দৃষ্টান্ত।

### কতকগুলি আধুনিক গটনা

দেখিলে অনেকথানি দায়িত হস্তান্তরিত করা হইয়াছে, (তাহাও অবশ্র ''নিরাপদ" শ্রেণীর হস্তে ) কিন্তু কোন প্রকৃত কাজ করিবার ক্ষমতা বা উপায় দেওয়া হয় নাই। উলঙ্গ দ্বৈরাচারের লঙ্গা নিবারণের জন্ম এক টুকরা লেংটির ব্যবস্থাও করা হয় নাই। প্রত্যেকেই জানেন, বর্ত্তমান মুগে শাসনতম্ব এমন হওয়া উচিত, যাত্রা জগতের জত পরিবর্তনের সঙ্গে সংক তাহার দামঞ্জন্ত বিধান করিতে পারে। ক্রত সিদ্ধান্তের প্রয়োজন এবং তাহা কার্য্যে পরিণত করিবার ক্ষমতার আবশুক। এমন কি, পার্লামেটি গণতন্ত্র, যাহা এখনও কয়েকটি পাশ্চাত্য দেশে আছে, তাহা বর্ত্তমান জগতের সহিত সামঞ্জ বিধানের জন্ম অতি আবশ্যক পরিবর্ত্তন সাধন করিতে পারে কিনা সন্দেহ। কিন্তু আমাদের দেশে এ প্রশ্ন উঠে না, কেন না এথানে শৃষ্খল ও বেড়ী দিয়া সর্ববিধ গতি ইচ্ছা করিয়া রোধ করা হইয়াছে এবং আমান্তে সম্মুখে সমস্ত দরজা সাবধানতার সহিত অবরুদ্ধ। आमानिगरक এমন একথানি গাড়ী দেওয়া হইয়াছে, যাহার এঞ্জিন নাই অথচ থামাইবার অসংখ্য ব্যবস্থা রহিয়াছে। যে সকল ব্যক্তির মন সামরিক আইনে ভরপুর, তাঁহারাই এই শাসনতন্ত্র রচনা করিয়াছেন। বাহুবলে বিশ্বাসী ব্যক্তির পক্ষে হয় সামরিক আইন নয় মৃত্যু,—কোন মধ্যপথ নাই।

ব্রিটেন কতথানি স্বাধীনতা দিবার প্রস্তাব করিয়াছেন, তাহা মাপিতে গৈলে দেখা যায় যে মডারেট অপেক্ষাও মডারেট এবং রাজনীতিক্ষেত্রে সর্ব্বাধিক পশ্চাংপদ দলগুলিও ইহাকে প্রতিক্রিয়াশীল বলিয়া নিন্দা করিয়াছেন। যাহারা সর্ব্বদা সকল অবস্থায় গভর্গমেণ্টের সমর্থন করিয়া থাকে, তাহারাও স্মন্ত্রমে নতজাম হইয়া ইহার সমালোচনা করিয়াছে। অন্তান্ত সকলের সমালোচনা অধিকতর তীব্র।

এই সকল প্রস্তাব দেখিয়া লিবারেলগণও প্রমাদ গণিলেন। ভারতকে ব্রিটিশকর্ত্বাধীনে স্থাপনকারী ঈশ্বরের ছজ্জের্ম দ্রদশিতার উপর তাঁহাদের অটল বিশ্বাস পূর্ণরূপে রক্ষা করা কঠিন হইয়া উঠিল। তাঁহারা তীব্র-সমালোচনা করিলেন; কিন্তু বাস্তবের প্রতি অবজ্ঞা লইয়া এবং বাঁধা বুলি ও উদার 'ইন্ধিতে'র প্রতি অহুরক্তি বশতঃ তাঁহারা রিপে,টে অথবা বিলে "ডোমিনিয়ন ইটোস্" এই শকটি না দেখিয়া মাতামাতি করিতে লাগিলেন, ইহা লইয়া তুমূল কোলাহল উপস্থিত হইল, এবিষয়ের ভার স্থাম্মেল হোর উহাদের সম্ভাই করিবার জন্ম একটা বিবৃতি দান করিলেন। ওপনিবেশিক স্বায়ত্তশাসন এক অজ্ঞাত ভবিস্ততের অস্পষ্ট ছায়াম্ভি হইতে পারে—সেই দ্র হইতে স্থাম্বর্তী দেশে আমরা কোনকালে পৌছাইডে নাও পারি, কিন্তু অস্ততঃপক্ষে আমরা তাহার স্বপ্ন দেখিতে পারি

### च अर्जनान (नर्ज

এবং উহার বছমুখী সৌন্দর্য্য বর্ণনায় মুখর হইয়া উঠিতে পারি। বিটিশ পার্লামেন্ট এবং বিটিশ জনসাধারণ সম্পর্কে সম্ভবতঃ সংশ্বে আন্দোলিত হইখা তার তেজ বাহাদ্র সঞ্চ বিটিশ রাজমূক্টের মধ্যে সান্ধনা অন্বেষণ করিতে লাগিলেন। তিনি একজন প্রথিত্যশা ব্যবহারজীবী, তিনি আমাদিগকে এক অভিনব নিয়মতান্ত্রিক পথ দেখাইলেন। তিনি বলিলেন বিটিশ পার্লামেন্ট এবং জনসাধারণ ভারতের জন্ম যাহাই কিছু করুক আর নাই করুক, "সকলের উর্দ্ধে রহিয়াছেন বিটিশ রাজমূক্ট, যিনি ভারতীয় প্রজাদের স্বার্থ এবং ভারতবর্ষের শান্তি ও সমৃদ্ধির জন্ম স্বতঃই আগ্রহশীল।" \* ইহা অতিশয় সান্ধনার পথ, এখানে নিয়মতন্ত্র, আইন এবং রাজনৈতিক ও সামাজিক পরিবর্ত্তন লইয়া আমাদের মাথা ঘামাইবার কিছুই নাই।

কিছ লিবারেলগণ প্রস্তাবিত শাসনতন্ত্রের প্রতি তাঁহাদের বিরুদ্ধতা শিথিল করিয়াছিলেন এই কথা বলিলে অন্তায় করা হইবে। তাঁহাদের মধ্যে প্রায় সকলেই স্পষ্ট করিয়া বলিয়াছিলেন যে, ভারতের উপর জোর করিয়া এই অনভিপ্রেত পুরস্কার চাপাইয়া দেওয়া অপেক্ষা মন্দ হইলেও তাঁহারা বর্ত্তমান ব্যবস্থা ভাল মনে করেন। এই কথার উপর জোর দেওয়া ব্যতীত আর কিছু করা তাঁহাদের নিয়মবিরুদ্ধ। তবে তাঁহারা যে ক্রমাগত এই কথার উপর জোর দিতে থাকিবেন ইহা ধরিয়া লওয়া যাইতে পারে। একটি পুরাতন প্রবচনকে আধুনিক ক্ষেত্রে ব্যবহার করিলে তাঁহাদের মূল নীতি এই দাঁড়ায় যে—"যদি তুমি প্রথমে দাফল্য লাভ না কর, তাহা হইলে পুনরায় ক্রন্দন কর!"

লিবারেল নেতাগণ এবং কতিপয় কংগ্রেদ্পম্বী সহ অন্যান্ত অনেকের এক ভরদা ও আশা এই যে ব্রিটেনে শ্রমিকদল জয়লাভ করিয়া শ্রমিক গভর্গমেন্ট প্রতিষ্ঠা করিলেই একটা স্করাহা হইবে। ব্রিটেনের অগ্রগামী দলগুলির সহিত সহযোগিতা করিয়া অগ্রসর হইবার চেষ্টা অথবা শ্রমিক গভর্গমেন্ট প্রতিষ্ঠা হইলে তাহার স্ববিধা গ্রহণ করিবার চেষ্টা ভারতবর্ষের না করিবার কোন সক্ষত কারণ নাই। কিন্তু ইংলণ্ডে ভাগ্যচক্র বিবর্ত্তনের উপর অসহায় ভাবে নির্ভর করা মর্য্যাদাস্চক্ত নহে কিম্বা জাতীয় সম্মানের সহিত সম্বতিস্বচক্ত নহে। মর্য্যাদার কথা ছাড়িয়া দিলেও সাধারণ বৃদ্ধিরও কিছু ইহাতে নাই। কেন আমরা ব্রিটিশ শ্রমিকদলের নিকট অধিক প্রত্যাশা করিব ? আমরা ত্রই তৃইবার শ্রমিক গভর্গমেন্ট

 <sup>&</sup>gt;>৩৫-এর ২>শে জাতুরারী লক্ষ্ণে-এ এক জনসভার বড়কতা প্রসঙ্গে।

### কতকগুলি আধুনিক ঘটনা

দেখিয়াছি এবং তাঁহারা ভারতবর্ষকে যে পুরস্কার দিয়াছেন তাহা সম্ভবতঃ আমরা ভূলিব না। মিঃ রানজে ম্যাকভোনাল্ড শ্রমিকদল পরিত্যাগ করিলেও তাঁহার পুরাতন সহকর্মীদের অধিক পরিবর্ত্তন হুইয়াছে বলিয়া হয় না। ১৯৩৪-এর অক্টোবর মাদে, সাউথপোর্ট শ্রমিক দল সম্মেলনে মি: ভি, কে, ক্লফ মেনন প্রস্তাব কবিয়াছিলেন দে, "আগাদের দৃঢ় বিশাস, আত্মনিয়ন্ত্রণের অলজ্মনীয় নীতি অধুসারে ভারতে পূর্ণ স্বায়ত্তশাসন **অ**বিলম্বে প্রতিষ্ঠা কর। কর্ত্তব্য।" মিঃ আর্থার হেণ্ডার্সন প্রস্তাবটি প্রত্যাহার করিতে অমুরোধ করেন এবং অত্যন্ত সরল ভাবে স্বীকার করেন যে, শ্রমিকদলের কার্য্যকরী সমিতির পক্ষ হইতে ভারতে আত্ম নিয়ন্ত্রণের নীতি পরিচালন করিবার কোন প্রতিশ্রুতি দিতে তিনি অক্ষ। তিনি বলিয়াছেন,—"আমরা অতি স্পষ্ট ভাবেই জানাইয়া দিরাছি যে আমরা সম্ভব হ'লৈ সকল শ্রেণীর ভারতীয়দের সহিত্ই আলোচনা ক্রিতে প্রস্তুত আছি। ইহাতেই সকলের সম্ভুষ্ট হওয়া উচিত।" শন্তোষ আরও গভীর হইবে, কেন না, অতীতের শ্রমিক গভর্ণমেন্ট ও **স্থাশনাল গ**ভামেণ্টও উহাই ঘোষণা করিয়াছিলেন এবং তাহার ফলেই গোলটেবিল বৈঠক, হোয়াইট পেপার, জয়েন্ট কমিটার রিপোর্ট এবং অবশেষ ইলিয়া এই।

সাম্রাজ্যনীতির ব্যাপারে, ইংলগুে শ্রমিক না রক্ষণশীলের মধ্যে পার্থক্য নাই বলিলেই হয়। শ্রমিকদলের সাধারণ সদস্যদের মধ্যে অনেকে অনেক বেশী অগ্রসর হইলেও, তাঁহাদের রক্ষণশীল নেতৃত্বের উপর বড় বেশী প্রভাব নাই। এমন হইতে পারে যে, বামপন্থী শ্রমিকদল শক্তিশালী হইয়া উঠিবে, কেন না অধুনা অবস্থার অতি ক্রত পরিবর্ত্তন হইতেছে। কিন্তু জাতীয় ও সামাজিক আন্দোলনগুলি কি হাত গুটাইয়া ঘুমাইয়া পড়িবে এবং অন্যন্ত্র সমস্যাসম্কুল পরিবর্ত্তনের জন্ম অপেক্ষা করিবে?

আমাদের দেশে লিবারেলদের, ব্রিটিশ শ্রমিকদলের উপর নির্ভরতার একটি কৌতুককর দিক আছে। যদি দৈবক্রমে এই দল বামপথী হইয়া ইংলণ্ডে সমাজতান্ত্রিক ব্যবস্থা প্রবর্ত্তন করে, তাহা হইলে ভারতে আমাদের লিবারেল ও অন্যান্ত ম গ্রারেট-দলগুলির উপর তাহার কি প্রতিক্রিয়া হইবে ? ইহাদের অধিকাংশই সামাজিক ব্যাপারে অতিমাত্রায় রক্ষণশীল। তাঁহারা শ্রমিকদলের সামাজিক ও অর্থনৈতিক পরিবর্ত্তন দেখিয়া অপ্রসন্ন হইবেন এবং ভারতে উহা প্রবর্তনের ভয়ে ভীত হইবেন। এমন কি ব্রিটিশ সম্পর্কের প্রতি তাঁহাদের অনুবাগ একেবারেই ভিন্ন আকার ধারণ করিবে, কেন না সে অবস্থায় ব্রিটিশ সম্পর্কের অর্থই হইবে সামাজিক ওলট-

### অওহরলাল নেহর

পালট। তথন এমনও হইতে পারে, আমার মত যাহারা আতীর স্বাধীনতাকামী ও ঐ সম্পর্ক ছিন্ন করিতে চাহে, তাহাদের মনোভাব পরিবর্ত্তন হইবে এবং সমাজতান্ত্রিক ব্রিটেনের সহিত অধিকতর ঘনিষ্ঠ সম্পর্ক স্থাপন করিবে। ব্রিটিশ জনসাধারণের সহিত সহযোগিতা করিতে আমাদের কাহারও নিশ্চয়ই কান আপত্তি নাই। তাহাদের সাম্রাজ্যবাদের বিরুদ্ধেই আমাদের আপত্তি। যেদিন তাহারা উহা পরিত্যাগ করিবে, সেইদিনই সহযোগিতার পথ উন্মুক্ত হইবে। কিন্তু মডারেটগণ তথন কি করিবেন ? সম্ভবতঃ নৃতন ব্যবস্থাকেও তাঁহারা বিধির আর এক রহস্তময় নির্দেশরূপে বরণ করিয়া লইবেন।

যুক্তরাষ্ট্রের প্রস্তাব এবং গোলটেবিল বৈঠকের এক প্রধান পরিণতি হইল এই যে, ভারতের দেশীয় নৃপতিবৃন্দকে ঠেলিয়া সম্ব্যুথ থাড়া করা হইল। গোঁড়া রক্ষণশীলদের তাঁহাদের জন্ম এবং তাঁহাদের 'স্বাধীনতার' জন্ম ব্যাকুলতা, তাঁহাদের মধ্যে এক নৃতন প্রাণের সঞ্চার করিল। ইতিপূর্ব্বে তাঁহাদিগকে কথনও এতটা প্রাধান্য দেওয়া হয় নাই। ইতিপূর্বে তাঁহারা ব্রিটিশ 'রেসিডেন্টের' (রাজদৃত বলিয়া অভিহিত) ইঙ্গিতের উত্তরে 'না' বলিতে সাহস পাইতেন না, এবং অগণিত নুপতিবৃন্দের প্রতি ভারত গভর্ণমেন্টের মনোভাব প্রকাশভাবেই অবজ্ঞাপূর্ণ ছিল। তাঁহাদের আভ্যন্তরীণ ব্যাপারে সর্ব্বলাই হস্তক্ষেপ করা হইয়া থাকে; অবশ্য তাহা প্রায়ই যুক্তিযুক্ত সন্দেহ নাই। এমন কি, বর্ত্তমানেও বহু রাজ্য প্রত্যক্ষ ও পরোক্ষভাবে ব্রিটিশ কর্মচারী ঘারাই (ইহাদিগকে রাজ্যের অন্থরোধে ও প্রয়োজনে "ধার" দেওয়া হয়) শাসিত হয়। কিন্তু মিঃ চার্চিল ও লর্ড রদারমিয়ারের প্রচার কার্য্যের ফলে ভারত গভর্ণমেন্ট একটু ঘাবড়াইয়া গিয়াছেন বলিয়া মনে হয় এবং দেশীয় রাজ্যগুলির সিদ্ধান্তে হস্তক্ষেপ করিতে ইদানীং তাঁহারা একটু সাবধান হইয়াছেন। নুপতিরাও ইদানীং মাথা তুলিয়া কথা বলিতেছেন।

ভারতের রাজনৈতিক রঙ্গমঞ্চের এই দকল বাহালক্ষণগুলি আমি কথঞিৎ আলোচনা করিতে চেষ্টা করিয়াছি; তথাপি আমি জানি যে এগুলি অবাস্তব, এবং ইহার পশ্চাতে যে ভারত রহিয়াছে, তাহার কথা ভাবিলে অবসন্তব, এবং ইহার পশ্চাতে, দর্ববিধ স্বাধীনতা দাবাইয়া রাখিবার চেষ্টা, বৃহৎপীড়ন ও ব্যর্থতা, দদিছার বিকৃতি এবং বছ অন্তায় প্রবৃত্তিকে উৎসাহ দান। বহু ব্যক্তি কারাগারে বিসিয়া তাহাদের তরুণ জীবন বৎসরের পর বংসর ক্ষয় করিতেছে, হৃদয় তাহাদের জরাজীর্ণ হইয়া গেল। ভাহাদের পরিবারবর্গ,

<sup>\*</sup> ১৯৩৪-এর ২৩শে জুলাই স্বরাষ্ট্র-দচিব ক্তর হ্যারী হেগ ব্যবস্থা পরিষদে বলিয়াহেল যে, জেলে ও বিশেষ বলিশালায় বিনাবিচারে আটক বলিসংখ্যা, বাল্লায় ১৫০০ ইইতে ১৬০০

## কভকগুলি আধুনিক ঘটনা

**্বব্দু ও পরিচিত ব্যক্তি এবং সহস্র সহস্র ব্য**ক্তির চিত্ত তিক্ত হইয়া **আ**ছে। ভাছারা যে পাশব শক্তির দ্বারা কবলিত হইয়াছে, তাহার দমুথে নিরুপায় ্**শক্তিহীনতা ও তাঁত্র**্পমানবোধ ছাড়া আর কিছু নাই। সাধারণ অবস্থাতেও বহুতর সমিতি ও প্রতিষ্ঠান বে-আইনী করিয়া রাখা হইয়াছে এবং ্পভর্ণমেন্টের অস্ত্রাগারে "জরুরী ক্ষমত!", "শাস্তিরক্ষা আইন" প্রভৃতি স্বায়ীভাবে ৰাদা বাঁধিয়াছে। স্বাধীনতা দক্ষোচক ব্যবস্থাগুলিই যেন সাধারণ নিয়মের মধ্যে দাড়াইয়াছে। বহু সংখ্যক পুস্তক এবং সাময়িক পত্রিকা বাজেয়াপ্ত করা হইয়াছে এবং "সামৃদ্রিক বাণিজ্য আইন" দারা ভারতে প্রবেশ নিষিদ্ধ হইয়াছে। কাহারও নিকট "ভয়াবহ" পুন্তক বা লেখা পাওয়া গেনে দীর্ঘকাল কারাদণ্ড হয়, সমসামৃগ্নিক রাজনৈতিক বা অর্থনৈতিক সমস্তা সম্পূর্কে স্পষ্টভাবে অভিমত ব্যক্ত করাতে অথবা ক্রশিয়ার সামাজিক ও সংস্কৃতিগ্রু ব্যাপারে অফুকূল মন্তব্য প্রকাশ করাতে, 'দেন্সর' তীব্র আপত্তি প্রকাশ ক্রিয়া পাকে। কবি রবীন্দ্রনাথ ঠাকুর রুশিয়া দেখিয়া ফিরিয়া আসিবার পর ফশিয়া সম্পর্কে একটি প্রবন্ধ লেখেন, এ প্রবন্ধটি প্রকাশ করার দ্বন্ত, বাঙ্গলা **াগভ**র্ণমেণ্ট "মভার্ণ-রিভিয়ু" পত্রিকাকে সাবধান করিয়া দিয়াছিলেন। পার্লামেণ্টে সহকারী ভারত সচিব আমাদের সংবাদ দিয়াছিলেন যে, "এ প্রবহেদ ভারতে ব্রিটিশ শাসনের সাফল্যগুলি সম্পর্কে বিকৃত মত প্রচার করা হুইয়াছে" বলিয়াই ব্যবস্থা অবলম্বিত হইয়াছিল।\* সাফল্যগুলির একমাত্র বিচারক 'সেন্সর', আমাদের ভিন্নমত থাকাও উচিত নহে, তাহা প্রকাশ করাও উচিত নহে। ভাবলিনে "সোসাইটি অফ্ ফ্রেণ্ডস্"এর নিকট রবীন্দ্রনাথ ঠাকুরের প্রেরিত একটি সংক্ষিপ্ত বার্ত্তাও সংবাদপত্তে প্রকাশিত হওয়ায় প্রভর্মেণ্ট আপত্তি প্রকাশ করিয়াছিলেন। ঠাকুরের মত ঋষিতুল্য বাক্তি, যিনি রাজনীতি হইতে ইচ্ছা করিয়াই দূরে থাকিয়া শিক্ষা ও সংস্কৃতিগত ব্যাপার লইয়া আছেন; যিনি জগদিখ্যাত এবং ভারতের সর্বত্র সম্মানিত, তাঁহার লেখাই যখন বন্ধ করিবার চেষ্টা হয়, তখন সাধারণ লোকের কি কথা ? ক

শৃত, দেউলীতে ৫০০ শৃত, মোট ২০০০ কি ২১০০ শৃত। ইহা ছাড়া রাজনৈতিক কারাদণ্ডিত বন্দী আছে; তাহাদের অধিকাংশই দীর্ঘ কারাদণ্ডে দণ্ডিত। ইদানীং কলিকাতার একটি মামলায় এ, পি সংবাদ দিতেছেন, (১৭ই ডিসেম্বর ১৯০৪) বিনা লাইদেশে অস্ত ও গুলি ইত্যাদি রাথিবার অপরাধে হাইকোট একজনকে নয় বৎসর স্থাম কারাদণ্ডে দণ্ডিত ক্রিয়াছেন। অভিযুক্ত ব্যক্তি একটি রিভলবার ও ছয়টি কার্ডু সহ ধৃত হইয়াছিল।

<sup>\*</sup> ३२३ नत्त्वत्र, ३०७४।

<sup>†</sup> ১৯৩৫-এর ৪ঠা সেপ্টেম্বর, ভারতে সংবাদপত্র নিয়ন্ত্রণ আইদের প্রয়োগ সম্পর্কে ব্যবস্থা পরিবদে সরকার পক্ষ হইতে একটি বিবৃতি দেওয়া হয়। উহাতে প্রকাশ ১৯৩০ সাল হইতে

### जंदरजांग महत्र

কার্য্যতঃ প্রত্যক্ষভাবে দমন করা অপেক্ষা যে ভীতির আবহাওয়া স্চ করা হইয়াছে, তাহা অধিকতর শোচনীয়। এই অবস্থার মধ্যে সততার সহিত্য সংবাদপত্র পরিচালন সম্ভবপর নহে অথবা ইতিহাস, অর্থনীতি, রাজনীতি অথবা সমসাময়িক ঘটনা সম্পর্কে সম্যক আলোচনা বা শিক্ষালানও কঠিন। শাসন-সংস্থার এবং দায়িত্পূর্ণ শাসনপদ্ধতি বা ঐরপ কিছু প্রতিষ্ঠার পক্ষেইহা এক অপরূপ ব্যবস্থা।

প্রত্যেক বৃদ্ধিমান ব্যক্তিই জানেন যে বর্ত্তমান জগং, বৃদ্ধিভেদজনিত চাঞ্চল্যে পীড়িত, ইহার অহুভূতি কোথাও বা মৃত্ব কোথাও বা তীর, কিন্তু যাহাই হউক, বর্ত্তমান অবস্থার প্রতি প্রবল অসম্ভোষ সর্ব্রেই বিজ্ঞমান। আমাদের চক্ষ্র সম্মুখেই এই ব্যাপক পরিবর্ত্তন ঘটিতেছে, ভবিন্ততেই হা যে রূপই গ্রহণ করুক না কেন, ইহা খুব দ্রবর্ত্তী নহে। ইহা এমন একটা দূর ভাবী কালের বিষয় নহে, যাহা লইয়া জনাসক্তভাবে দার্শনিক, সমাজনীতিক এবং অর্থশাস্ত্রের পণ্ডিতগণ গ্রেষণা করিতে পারেন। ইহার সহিত প্রত্যেক মানবের শুভাশুভ জড়িত। ইহার মধ্যে যে সকল শক্তি কার্য্য করিতেছে ভাহা স্পষ্ট করিয়া ব্র্মা এবং ব্রিয়া স্বীয় কর্ত্তব্য স্থির করিয়া লওয়া প্রত্যেকরই অবশ্য কর্ত্তব্য। পুরাতন জগতের অবসানের উপর এক নৃত্তন জগং গড়িয়া উঠিতেছে। কোন সমস্যার উত্তর খুঁজিতে হইলে তাহা উত্তমরূপে জানা আবশ্যক। সমস্যাকে জানা এবং তাহার সমাধান অন্ত্রেশ করা উভয়ের গুরুত্বই সমান।

তুর্ভাগ্যক্রমে আমাদের দেশের রাজনীতিকগণ জগতের ঘটনাবলী সম্পর্কে অতি আশ্চর্যারপে অজ্ঞ অথবা উদাসীন। সম্ভবতঃ এই অজ্ঞতা ভারতের শাসকশ্রেণীর অধিকাংশের মধ্যেও রহিয়াছে; কেন না আমাদের দেশের সিভিলিয়নগণ তাঁহাদের সঙ্কীর্ণ নিজস্ব জগতে অথ ও সম্ভোষ লইয়া বাস করেন। কেবলমাত্র উচ্চতম সরকারী কর্মচারীদিগকে এই সকল সমস্যাভাবিতে হয়। অবশ্য ব্রিটিশ গভর্ণমেণ্ট জগতের ঘটনাবলী নিরীক্ষণ করিয়াই

এ পর্যান্ত ৫১৪টি সংবাদপতের নিকট জামানতের টাকা দাবী ও বাজেয়াপ্ত করা হইরাছে। উহার মধ্যে জামানতের টাকা না দিতে পারায় ৩৮৪টি সংবাদপত্র বন্ধ হইয়াছে এবং ১৬৬ খানি সংবাদপত্র মোট ২,৫২,৮৫২ টাকা জামানত জমা দিয়াছে।

ইদানীং (১৯৩৫-এর শেষভাগে) বাজিস্বাধীনতা সন্ধোচক কতকগুলি আইন পুনরায় পাকাপাকিভাবে করা হইয়াছে। ইহার মধ্যে সর্বপ্রধান, সংশোধিত কোজদারী আইন—ইহা সারা ভারতেই প্রযোজ্য। ব্যবহা পরিষদে ইহা পরিত্যক্ত হইলেও, বড়লাট তাঁহার বিশেষ ক্ষমতা বলে উহা আইনে পরিণত করেন। প্রাদেশিক আইন সভাগুলিতেও এরপং আইন পাশ হইয়াছে।

## क्षक्रि जांद्रिक प्रेमा

ভদস্থারে তাঁহাদের কর্মনীতি নিরূপণ করিয়া লন। ভারতের উপর কর্ভ্যু এবং উহা রক্ষা করার ঘারা যে ব্রিটিশ পররাষ্ট্রনীতি বহুল পরিমাণে নিয়ন্ত্রিত হয়, ইহা সকলেই জানেন। কয়জন ভারতীয় রাদনীতিক জানেন যে, জাপানী সাম্রাজ্যবাদ অথবা গোভিয়েট রাষ্ট্রের ক্রমবিদ্ধিত শক্তি অথবা সিংকিয়াং এ ইংরাজ-ক্লশ-জাপানের কূট-চক্রাস্ত, অথবা মধ্য এশিয়া, আফগানিস্থান ও পারস্থের ঘটনাবলী ভারতীয় রাজনীতিতে কি প্রভাব বিতার করে? মধ্য এশিয়ার পরিস্থিতির প্রভাব কাশ্মীদে প্রতিক্রিয়া স্বৃষ্টি করে এবং উহা ব্রিটিশ-নীতি ও ভারতবক্ষাক অক্যতম কেন্দ্রে পরিণত হয়।

কিছ ইহা অপেক্ষাও সমগ জগতে অতি ক্রত অর্থনৈতিক পরিবর্তনের গুরুত্ব অনেক বেশী। আমাদিগকে স্পষ্ট করিয়া বুঝিতে হইবে যে উনবিংশ শতাব্দীর ব্যবস্থার দিন চলিয়া গিয়াছে; বর্তমানের প্রয়োজন প্রণ্ড উহার কোন দার্থকতাই নাই। এক নজীর হইতে অন্ত নজীরে উপনীত হওয়ার ষে আইনজীবী-স্থলভ মনোবৃত্তি ভারতে বিভ্যমান, যেখানে অতীতের কোন নজীর নাই. সেগানে উহা কোনই কাজে লাগিবে ন।। লোহবত্মের উপর গরুর গাড়ী চাপাহণা দিয়া উহাকে আমরা বেলগাড়ী বলিতে পাবি না . উহা বর্ত্তমান যুগে মচল বলিয়া বাতিল করিতেই হইবে। রুশিয়া ছাড়িয়া দিলেও অন্তর নামরা 'নিউডিল' ও অন্তান্ত বিপুল পরিবর্ত্তনের আলোচনা দেখিতেছি। আমেরিকার যক্ত- গ্রাপনায়ক রুজভেন্ট, ধনতাদিশ ব্যবস্থা রক্ষা এবং উহা শক্তিশালী করিবান জন্ম আগ্রহান্বিত হইয়াও সাহসেব সহিত যে সকল বিপুল পরিকল্পনার প্রবর্ত্তন করিতেছেন, তাহাব ফলে আমেবিকাব গীবন্যাত্রা প্রণালীর পরিবর্ত্তন হইতে পারে। "অতিরিক্ত স্থবিধাভোগীদের উচ্ছেদ এবং স্থবিধা বঞ্চিতদের অবস্থার উন্নতি সা'ন" এই শ্রেণীব কথাও তিনি বলিতেছেন। তিনি কৃতকার্য্য হইতে পারেন, নাও হইতে পারেন, কিন্তু তিনি একজন সাহসী পুরুষ এবং তিনি যে তাঁহার স্বদেশকে গতামুগতিকতা হুইতে মুক্ত করিবার চেষ্টা কবিতেছেন, ইহা অস্বীকার করা যায় না। তিনি ঠাঁহার কর্মনীতির পরিবর্ত্তন অথবা ভূল স্বীকার করিতে ভীত নহেন। ইংলণ্ডেও মিঃ লয়েড্ জৰ্জ এক "নিউডিল" (নৃতন বাবস্থা) প্ৰণয়ন কবিয়াছেন। ভারতেও আমাদের অনেক "নৃতন ব্যবস্থা" আবশুক। "যাহা জানিবাব তাহ। জানা হইয়াছে, যাহা কিছু করার ছিল, তাহাও করা হইয়া গিয়াছে" এই প্রাচীন ধারণার মত ভয়ম্বর নির্বাদ্ধিতা আব কিছু নাই।

আমাদিগকে বহু প্রশ্নের সম্মুখীন হইতে হইবে এবং আমরা নিশ্চয়ই সাহসের সহিত ঐ গুলির সমুখীন হইব। বর্ত্তমান সামাজিক ও অর্থ নৈতিক ব্যবস্থাগুলির টিকিয়া থাকিবার কি অধিকার আছে,

### ज ওহরলাল নেহর

यमि ना, अञ्चलि खनमाथात्रात्र व्यवद्यात वहन उन्ने माधान मक्त्र रहा অন্ত কোন ব্যবস্থার মধ্যে কি ব্যাপক উন্নতির সম্ভাবনা আছে ? কেবলমাত্র রাজনৈতিক পরিবর্ত্তন কতথানি সর্ব্বান্ধীন উন্নতি সাধনে সক্ষম ? যদি কায়েমী স্বার্থগুলি, অতিমাত্রায় আকাজ্জিত পরিবর্তনের বিরোধী হয়, তাহা হইলে জনসাধারণের ছু:খ দারিন্তা সত্ত্বেও ঐগুলি রক্ষা করার চেষ্টা কি দ্রদশিতা অথবা নীতিজ্ঞানের পরিচায়ক হইবে? কায়েমী স্বার্থের ক্ষতি হউক আমাদের উদ্দেশ্য নিশ্চয়ই এরূপ নহে; উহারা যাহাতে অপরের ক্ষতি না করিতে পারে তাহাই নিবারণ করিতে হইবে। যদি কায়েমী স্বার্থগুলির সহিত কোন আপোষ করা সম্ভব হয়, তদপেক্ষা আকাজ্ফার কিছুই নাই। ইহার গ্রায় ও অগ্রায় লইয়া মতভেদ ঘটিতে পারে, কিন্তু অতি মৃষ্টিমেয় ব্যক্তিই আপোষের সমীচীনতায় সন্দেহ প্রকাশ করিবেন। এক প্রকারের কায়েমী স্বার্থের অবসান করিয়া, অন্ত শ্রেণীর কায়েমী স্বার্থ স্বষ্টি করা নিশ্চয়ই 🗳 আপোষের লক্ষ্য নহে। যেখানে সম্ভবপর এবং প্রয়োজন, সেখানে যুক্তিসঙ্গত ক্ষতিপূরণ করা যাইতে পারে, কেন না সংঘর্ষ দ্বারা কিছু করিতে গেলে অনেক বেশী বায় হইবে। কিন্তু গুর্ভাগ্যক্রমে সমস্ত ইতিহাস একবাকো বলিতেছে যে কায়েমী স্বার্থবাদীরা এই শ্রেণীর আপোষে কথনও রাজী হয় না। যে সকল শ্রেণীর সমাজের উপর প্রাধান্ত বিলুপ্ত হইয়াছে, তাহাদের মধ্যে দ্রদশিতার অভাব। তাহারা হয় रवान जाना नग्न किছूरे ना, এই পণ नरेश्वा ख्यार्थनाग्न প্রবৃত रग्न এবং এই কারণেই ধ্বংস পায়।

বাজেয়াপ্ত বা ঐ শ্রেণীর 'শিথিল কথা' (কংগ্রেস কার্যাকরী সমিতির ভাষায় ) অনেক হইয়াছে। কিন্তু বর্তমান ব্যবস্থার ভিত্তিতেই রহিয়াছে অবিরত ঐকান্তিকভাবে পরধন শোষণ—উহার অবসানকল্পেই সামাজিক পরিবর্ত্তনের প্রত্যাব করা হইয়াছে। শ্রমিকের শ্রমজাত উৎপন্ধ দ্রব্যের অংশ প্রত্যহই বাজেয়াপ্ত করা হইতেছে। ক্রমবর্দ্ধিত থাজনা ও অন্তান্ত দাবী পূরণ করিতে অক্ষম হওয়ার ফলে ক্রমকের জমি প্রায়ই বাজেয়াপ্ত হইতেছে। অতীতে সাধারণের জমি ব্যক্তিবিশেষ বাজেয়াপ্ত করিয়াই রহৎ জমিদারী করিয়াছে এবং এই ভাবে ক্রষক-মালিকেরা লুপ্ত হইয়াছে। বাজেয়াপ্ত করাই বর্ত্তমান ব্যবস্থার ভিত্তি ওপ্রাণস্বরূপ।

উহার আংশিক প্রতিকারের জন্য সমাজও নানা প্রকার ব্যবস্থা অবনম্বন করিয়াছে, যাহা এক প্রকার বাজেয়াপ্ত ছাড়া কিছুই নহে— উচ্চহারে ট্যাক্স, মৃতের সম্পত্তির উপর শুৰ, ঋণ-লাঘব আইন, অত্যধিক

### কতকগুলি আধুনিক ঘটনা

নোট বা কাগজের মূদ্রা প্রচার প্রভৃতি। অধুনা আমরা দেখিতেছি, বিপুল জাতীয় ঋণ পরিশোধ অস্বীকার করা হইতেছে; কেবল সোভিয়েট ইউনিয়ন নহে, বড় বড় ধনতান্ত্রিক রাষ্ট্রগুলিও তাহা করিতেছেন। ইহার সর্বাপেক্ষা উল্লেখগোঁয় দৃষ্টাক্ত যে ব্রিটিশগণও যুক্তরাষ্ট্রের প্রাণ্য ঋণ পরিশোধ করিতে অস্বীকার কারিয়াছেন—ভারতের সম্মুথে ইহা অত্যম্ভ বিপজ্জনক দৃষ্টান্ত! কিন্তু এই বাজেয়াপ্ত বা ঋণ-পরিশোধে অস্বীকৃতি দ্বারা অতি সামাত্য স্থিধাই হয়, মূল কারণ দূর করা যায় না। নৃত্ন করিয়া গড়িতে হইলে মূল কারণ দূর করা আবশুক।

বর্ত্তমান প্রচলিত ব্যবস্থা পরিবর্ত্তনের উপায় আলোচনা কালে আমাদিগকে বাহ্ সম্পদ ও মানসিক দিক দিয়া কি মৃল্যা দিতে হইবে, তাহাও পরিমাপ করা আবশুক। আমাদের অদ্রদশী হইলে চলিবে না। আমাদিগকে দেখিতে হইবে পরিণামে উহা ঘারা মাহ্যের স্থখ সমৃদ্ধি, মানসিক ও সাংসারিক উন্নতির কি সহায়তা হইবে। কিন্তু আমাদের ইহাও মনে রাখিতে হইবে, বর্ত্তমান ব্যবস্থার পরিবর্ত্তন না করিয়া আমরা কি ভ্যাবহ মূল্য দিতেছি; আমাদের অগুকার সমাজে কত নিফল বঞ্চিত ও বিকৃত জীবনের চ্ঠাহ ভার, কত তৃংখ দৈত অনশন, কি শোচনীয় মানসিক ও নৈতিক অধংপতন। বারম্বার বভার মত, বর্ত্তমান অর্থ নৈতিক ব্যবস্থার সক্ষটগুলি অসংখ্য মানবকে প্রতিনিয়ত ধ্বংসের দিকে ঠেলিয়া দিতেছে। এই বল্যা আমরা ঠেকাইতে পারি না; অথবা কতকগুলি লোক কলসী লইয়া বল্যার জল সরাইয়া মাহ্যুয়েক বাঁচাইতে পারে না। আমাদের বাঁধ বাঁধিতে হইবে, খাল কাটিতে হইবে, বল্যার জলের ধ্বংস শক্তিকে আয়ত্তে মানিয়া মাহ্যুযের ভাগকারে লাগাইতে হইবে।

সমাজতন্ত্রবাদ যে বিপুল পরিবর্ত্তনের প্রভাব লইয়া সাহসের সহিত অগ্রসর, সহসা কয়েকটি আইন প্রণয়ন করিয়া তাহা প্রবর্ত্তন করা যায় না। ভিত্তিতেই এমন আইন ও ক্ষমতার প্রয়োজন যাহার বলে অগ্রগতি নিয়ন্ত্রণ করা যায় এবং নৃতন সমাজ বিক্যাসের ভিত্তি স্থাপন করা যায়। সমাজতান্ত্রিক ব্যবস্থায় সমাজ পুনর্গঠন করিতে হইলে দৈবের উপর নির্ভর করিলে চলিবে না, আকস্মিক উত্তেজনা বা মাঝে মাঝে প্রাচীন ব্যবস্থা ভাঙ্গিয়া ফেলিলেও উহা সম্ভব হইবে না। আসল বাধাগুলি অপ্রারিত করিতে হইবে। উদ্দেশ্য হইবে কাহাকেও বঞ্চিত করা নহে, সকলের অভাব প্রণ করা, বর্ত্তমানের অভাব অন্টনকে ভবিয়তে প্রাচুর্ব্যে ভরিয়া তোলা। ইহা করিতে গেলে পথের বাধাগুলি দ্র

### ज उर्जनान (नर्ज

করিতে হইবে, যে সকল স্বার্থপরতা সমাজকে অবনত করিয়া রাথিয়াছে তাহা অপসারিত করিতে হইবে। যে পথ আমরা গ্রহণ করিব, তাহা ব্যক্তিগত পছন্দ অপছন্দের উপর নির্ভর করিবে না, এমন কি ফ্লু ফ্লায় বিচারের দিক হইতে দেখিলেও চলিবে না; দেখিতে হইবে, অর্থনীতির দিক দিয়া তাহা অভ্রান্ত কিনা, পরিবর্ত্তিত ব্যবস্থায় তাহা দারা উন্নতি ও সামঞ্জ্ঞ সাধন সম্ভব কি না, অধিকাংশ মানবের পক্ষে উহা কল্যাণকর কিনা।

স্বার্থের সংঘাত অনিবার্য্য বলিয়াই মনে হয়। কিন্তু কোন মধ্যপথ নাই। আমাদের প্রত্যেককে কোন পক্ষ অবলম্বন করিব, তাহা বাছিয়া লইতে হইবে। বাছিয়া লইবার পূর্ব্বে আমাদিগকে জানিতে হইবে, ব্ঝিতে হইবে। সমাজতন্ত্রবাদের ভাবাবেগ জাগ্রত করাই মথেষ্ট নহে। তর্ক, যুক্তি, তথ্য এবং বিশদ সমালোচনা দ্বারা, উহাকে বৃদ্ধি-গ্রাহ্ম করিয়া তুলিতে হইবে। পাশ্চাত্য দেশে এ সম্বন্ধে বহু পুত্তক আছে, ভারতে তাহার একান্ত অভাব এবং অনেক ভাল ভাল বই এ দেশে আনিতে দেওয়া হয় না। কিন্তু কেবল অন্তান্ত দেশের বই পড়িলেই চলিবে না। ভারতে সমাজতন্ত্রবাদ গড়িয়া তুলিতে হইলে, ভারতীয় অবস্থার মধ্য দিয়াই উহাকে বিকশিত করিতে হইবে, অতএব ভারতীয় অবস্থার মধ্য দিয়াই উহাকে বিকশিত করিতে হইবে, অতএব ভারতীয় অবস্থা সম্পর্কে অভিজ্ঞতা লাভই হইল গোড়ার কথা। আমরা এমন সব বিশেষজ্ঞ চাহি যাহারা অধ্যয়ন ও অন্তুসন্ধান করিয়া বিশদ পরিকল্পনা প্রস্তুত করিবেন। তুর্ভাগ্যক্রমে আমাদের বিশেষজ্ঞগণ অধিকাংশই সরকারী চাকুরীয়া অথবা আধা সরকারা বিশ্ববিত্যালয়ের চাকুরী করেন, তাহারা এ দিকে অগ্রসর হইবার সাহস পান না।

বৃদ্ধির পটভূমিকাই সমাজতন্ত্রবাদের পক্ষে পর্য্যাপ্ত নহে। অক্যান্ত শক্তিও আবশুক। তবে আমার দৃঢ় বিশ্বাস ঐ পটভূমিকা ব্যতীত বিষয়টি আমরা সমাক আয়ত্তের মধ্যে আনিতে পারিব না, কিম্বা কোন শক্তিশালী আন্দোলন স্বষ্টি করিতে পারিব না। বর্ত্তমানে ভারতে কৃষকদের সমস্থাই প্রধান সমস্থা এবং ইহা সম্ভবতঃ মৃথ্য হইয়াই থাকিবে। কিন্তু কলকার্থানার গুরুত্ব কম হইলেও, উহা বাড়িতেছে। আমাদের উদ্দেশ্য কি,—কৃষক-রাষ্ট্র না কলকার্থানার শ্রমিক-রাষ্ট্র ? আমাদিগকে প্রধানতঃ কৃষিকার্য্যই করিতে হইবে; তবে অন্যান্থ অনেকের মত আমিও মনে করি, আমাদের শিল্প-বাণিজ্যের শ্রীবৃদ্ধিও করিতে হইবে।

আমাদের কলকারখানার পরিচালকগণের ধারণা কত সেকালের ধরণের, তাহা দেখিয়া অবাক হইতে হয়; এমন কি তাঁহারা আধুনিক

### কভকগুলি আধুনিক ঘটনা

ধনতান্ত্রিকও নহেন। জনসাধারণ এত দরিত্র যে তাহ।দিগকে ইহারা উাহাদের পণ্যের ক্রেতা হিসাবে দেখেন না, বেতন বৃদ্ধি অথবা কাজের সময় কমাইবার প্রস্তাব উঠিলেই ইহার৷ প্রাণপণে প্রতিবাদ করিয়া খাকেন। সম্প্রতি কাপড়ের কলে কাজের সময় দশ ঘণ্টা ইইতে কমাইয়া নয় ঘটা করা হইয়াছে। ইহাতেই আহামদাবাদের কলওয়ালারা শ্রমিকদের বেতন কমাইরা দিয়াছেন এমন কি ঠিকা কাজের মজুরীও হ্রাস করিয়াছেন। অতএব কাজের সমগ্র কম করার অর্থই উপার্জন কম এবং দরিদ্র শ্রমিকের জীবিকা নির্ব্বাহেব অবস্থাও অবনত করা! যাহা इडेक, कात्रथानाम देवळानिक मामक्षण विधातनत क्रिष्टी अधमत इहैटिक्छ, তাহার ফলে শ্রমিকদের উপর চাপ পড়িতেছে, তাহাদের ক্লেশ বাড়িতেছে কিন্তু সে অমুপাতে তাহাদের বেতন বাড়িতেছে না। আমাদের দেশের ব্যসা বাণিজ্যের অবস্থা উনবিংশ শতাব্দীর প্রথম ভাগের মত। ইংযোগ পাইলে তাঁহারা প্রচুর লাভ করিয়া থাকেন, শ্রমিকদের অবস্থা পূর্কাবংই চলিতে থাকে এবং যথন মন্দা উপস্থিত হয় তথন মালিকেবা বলেন যে বেতনের হার না কমাইলে ব্যবসা চালান যায় না। তাঁহারা কেবল য়ে রাষ্ট্রের সাহায্য পাইয়া থাকেন, তাহা নহে, আমাদের দেশের মধ্যশ্রেণীর রাজনীতিকেরাও স্বভাবতঃ তাঁহাদের প্রতি সহামুভূতি-সম্পন্ন। তথাপি বোষাই ও অন্তান্ত স্থান অপেক্ষা আহাম্মদাবাদের কাপড়ের কলের শ্রমিকদের ভাগ্য অনেকটা ভাল। বাঙ্গলার পাটকলের শ্রমিক এবং থনির শ্রমিকগণ অপেক্ষা কাপড়ের কলের শ্রমিকদের অবস্থা অনেক ভাল। ছোট ছোট অনিয়ন্ত্রিত কলকারথানার মজুরদের বেতনের হার তুলনায় দর্কনিম বলিলেই চলে। চটকল ও কাপড়ের কলের মালিকদের প্রাসাদতুল্য অট্টালিকা, তাঁহাদের বিলাস ও আড়ম্বরের জাকজমকের সহিত, জীর্ণ কুটীরবাদী অর্দ্ধনগ্ন শ্রমিকদের জীবন্যাত্তার তুলনা করিলে, অনেক শিক্ষালাভ করা যাইতে পারে। কিন্তু আমরা এই নিদাকণ অসামঞ্জস্ত অতি স্বাভাবিকভাবেই গ্রহণ করি; উহাতে আমাদের চিত্তে কোন ভাবোদ্রেক হয় না।

ভারতীয় শ্রমজীবীদের ভাগা মন্দ হইলেও, উপার্জ্জনের দিক দিয়া তাহাদের অবস্থা কৃষকদের অপেক্ষা বহুগুণে ভাল। কৃষকদের একটা স্থাবিধা আছে তাহারা প্রচুর আলোক ও বাতাসে বাস করে, বস্তীর ক্ষমর্ব্য অধংশতন সেথানে নাই। কিন্তু তাহাদেরও অবস্থা এত মন্দ কর্ম্বা পড়িয়াছে যে তাহারা প্রত্যেকটি গ্রাম গান্ধিজীর ভাষায় "গোবর হইয়া পড়িয়াছে যে তাহারা প্রত্যেকটি গ্রাম গান্ধিজীর ভাষায় সম্প্রদায়

### जिउरत्नान (मर्क

অথবা শ্রেণীগত উরতির কোন ধারণাই তাহাদের মধ্যে নাই ১ তাহাকে নিলা বা র্ভংসনা করা সহজ, কিছু সেই তুর্তাগা জীব কি করিবে? জীবন তাহার নিকট এক বিরামহীন তিক্ত সংগ্রাম, প্রত্যেকের হাত তাহার বিরুদ্ধে উত্তোলিত রহিয়াছে। কেমন করিয়া সে বাঁচিয়া আছে, ইহা এক পরম রহস্থা। হিসাব করিয়া দেখা গিয়াছে, পঞ্চাবের এক সাধারণ রুষক পরিবারের মাথ। পিছু উপার্জ্জন প্রায় নয় আনা (১৯২৮-২৯)। ইহাই ১৯৩০-৩১ এ জন প্রতি তিন পয়সায় নামিয়াছে! বাকলা, বিহার ও যুক্তপ্রদেশের রুষকগণ অপেক্ষা পঞ্চাবের রুষকদের অবস্থা অনেক ভাল বলিয়া ধরা হয়। যুক্তপ্রদেশের পূর্বই-প্রান্থের জিলাগুলিতে (গোরক্ষপুর প্রভৃতি) মন্দার পূর্ব্বের জনমজুরদের দৈনিক মজুরী ছিল তৃই আনা। এই ভয়বহ অবস্থায় দয়ালু ব্যক্তিদের দান এবং পল্লীর উন্নতিমূলক স্থানীয় চেষ্টা ছারা উন্নতি হইবে, একথা বলিলে কৃষক এবং ক্রমকের তৃংথকে ব্যক্ষ করা হয়।

এই কর্দম-গহরর হইতে আমরা কেমন করিয়া উদ্ধার পাইব ? উপায় অবশ্র নির্দ্ধারণ করা যাইতে পারে, কিন্তু জনসাধারণকে এই গভীর নিম হইতে টানিয়া তোলা কঠিন। কিন্তু পরিবর্তনবিরোধী স্বার্থ-সংশ্লিষ্ট শ্রেণী হইতেই প্রকৃত বাধা আসিয়া থাকে, সামাজ্যনীতির অধীনতায় কোন প্রকার পরিবর্তনের প্রশ্নই উঠে না। ভারত ভবিশ্বতে কোনদিকে দৃষ্টিপাত করিবে? একদিকে ক্য়ানিজ্ম, অন্ত দিকে कांत्रिक्रम, এই छूटे-टे जाककान প্রবল হইয়া উঠিতেছে এবং এ তুইএর মধ্যবভী অনিশ্চিত দলগুলি ক্রমেই বিলুপ্ত হইতেছে। শুর गानकम ट्रेनी ভবিয়্বাণী করিয়াছেন, ভারতবর্ধ নাাশনাল সোস্থালিজম গ্রহণ করিবে অর্থাৎ কোন না কোন আকারে ফাসিজম গ্রহণ করিবে। আশু ভবিশ্রং সম্পর্কে সম্ভবতঃ তাহার উক্তি সত্য। ভারতের যুবক-यूवज़ीरमत मर्था कांनिस मतावृद्धि म्लाइरे रमथा गाईर छह। वाक्नाय বিশেষভাবে এবং কতকটা পরিমাণে অক্যান্ত প্রদেশে এবং কংগ্রেদের মধ্যেও উহার প্রতিক্ষায়া দেখা যাইতেছে। ফাসিজম-এর সহিত অতি উৎকট হিংসানীতির ঘনিষ্ঠ সম্পূর্ক রহিয়াছে বলিয়া অহিংসাপন্থী প্রাচীন কংগ্রেসনেতারা স্বাভাবিকরপেই উহাকে ভয় করিয়া থাকেন। কিন্তু ফাসিজমের পশ্চাতে তথাক্থিত দার্শনিক তত্ত্ব-সম্বায়নীতিতে চলিত রাষ্ট্র যাহাতে ব্যক্তিগত সম্পত্তি হুরক্ষিত থাকিবে, কায়েমীস্বার্থ বিলুপ্ত না করিয়া তাহাকে সীমাবদ্ধ করা হইবে,—ইহার প্রতি সম্ভবতঃ তাঁহাদের আকর্ষণ আছে। প্রথম দৃষ্টিতে দেখিলে মনে হয়, পুরাতন ব্যবস্থাকে

### কতকগুলি আধুনিক ঘটনা

রক্ষা করিয়াও নৃতন স্বষ্টির ইহা প্রশন্ত রাজপথ। কিন্তু উভয়েরই সমান উদর-পৃত্তি সম্ভব কিনা, সে স্বতন্ত্র কথা।

কিন্ত ফাসিজম-এর প্রকৃত শক্তি আসিবে, মধ্যশ্রেণীর যুবকদের
নিকট হইতে। কার্য্যতঃ বর্ত্তমানে ভারতে মধ্যশ্রেণীর একটা অংশই
বৈপ্লবিক ভাবে চিন্তা করে। শ্রমিক ও কৃষকদের মধ্যে উহা ততটা নাই,
তবে শ্রমিকদের মধ্যে বৈপ্লবিক ভাবের সম্ভাবনা অনেক অধিক। এই
জাতীয়তাবাদী মধ্যশ্রেণীই ফাসিত্ত আদর্শ প্রচারের অন্তক্লক্ষেত্র। কিন্তু
যতদিন বৈদেশিক গভর্গমেণ্ট থাকিবে, ততদিন ইউরোপীয় ধরণের
ফাসিজম্ বিস্তার লাভ করিতে পারে না। ভারতীয় ফাসিজম নিশ্চয়ই
ভারতবর্ষের স্বাধীনতা চাহিবে, সে কখনও ব্রিটিশ সাম্রাজ্যবাদের বন্ধু
হইতে পারে না। ইহাকে জনসাধারণের সমর্থন লাভ করিতে হইবে।
যদি ব্রিটিশ কর্তৃত্ব পূর্ণভাবে অপসারিত হয় তাহা হইলে সম্ভবতঃ
ফাসিজম অতি ক্রত বিস্তার লাভ করিবে এবং মধ্যশ্রেণীর ও কায়েমী
স্বার্থবাদীরা যে ইহার প্রধান সমর্থক হইবে, তাহা নিঃসন্দেহ।

কিন্তু ব্রিটিশ কর্ত্ব স্ত্র যাইবার স্তাবনা নাই এবং ইতিমধ্যে ব্রিটিশ গভর্ণমেন্টের তাঁর দমননীতি সত্ত্বেও সমাজতান্ত্রিক এবং কম্ননিষ্ট মতবাদ জত প্রচারলাভ করিতেছে; কম্ননিষ্ট-দল বে-আইনী বলিয়া ঘোষিত হইয়াছে এবং ঐ নামটি অতি শিথিল ভাবে ব্যবহার করা হয়, সহাত্মভূতিসম্পন্ন ব্যক্তির, অথবা অগ্রগামী কর্মপদ্ধতির স্মর্থক শ্রমিক-স্ভ্যন্ত্রলিও উহার আভতায় পড়ে।

ফাসিজম ও কম্যুনিজম এর মধ্যে আমার সহাম্ভৃতি সর্বতোভাবে কম্যুনিজম-এর দিকে; কিন্তু এই গ্রন্থগানি পড়িলেই ব্ঝা যাইবে, আমি কম্যুনিই হইতে অনেক দূরে রহিয়াছি। আমার মূল অংশতঃ এখনও উনবিংশ শতান্ধির মধ্যে রহিয়াছে। এবং আমি মানবতার উদারনৈতিক ভাবধারার দ্বারা এবং এত বেশী প্রভাবান্থিত যে উহা হইতে সম্পূর্ণ মৃক্তি পাই নাই। আমার চারিদিকে এই ব্রেক্তায়া প্রতিবেশ দেখিয়া স্বভাবতঃই অনেক কম্যুনিই বিরক্তি-বোধ করিয়া থাকেন। আমি মতবাদের গোঁড়ামী ভালবাসি না। কার্ল মার্কস-এর রচিত পুস্তক এবং অক্যাক্ত গ্রন্থকে ঈশর-প্রেরিত ধর্মাশান্তের মত বিনাবিচারে গ্রহণ করিতে হইবে, সৈনিকের মত উহা মানিতে হইবে, অক্তথা করিলে পাষ্ণ বিলিয়া অতিবাহিত করিতে হইবে, আধুনিক কম্যুনিজম্-এর ইহা এক লক্ষণরূপে পরিণত হইয়াছে। ক্ষশিয়াতে অনেক ব্যাপার, বিশেষভাবে সাধারণ অ্বস্থাতেও অতিমাত্রায় বলপ্রয়োগ আমার ভাল লাগে না। কিন্তু তথাপি আমি ক্রমশঃ কম্যুনিই দর্শনের দিকেই ঝুঁকিয়া পড়িয়াছি।

### ज्यस्त्रनान (नर्ज

মার্কস্-এর কতকগুলি বিবৃতি অথবা তাঁহার মূল্য নিরপণের গবেষণা ভূল হতে পারে, সে বিচার করিবার কমতা আমার নাই। कि মনে হয়, সামাজিক ব্যাপারে তাঁহার অক্তাক্ত সাধারণ দ্রদৃষ্টি ছিল, এবং देवकानिक छेशारा विस्नवन कतिरंख नियार छिनि धरे नृतन्ति नाख করিয়াছিলেন। এই উপায়ে আমরা অতীত ইতিহাস ও বক্ষামাণ ঘটনাবলী অক্সান্ত উপীয় অপেকা অধিকতর সক্ষতরূপে বৃঝিতে পারি, এই কারণেই মার্কস্পন্থী লেথকগণ বর্ত্তমানে জগতের পরিবর্ত্তনের ধারাগুলি অধিকতর निश्र्ण छेशोरत्र विद्वारंग कतियां छेशत्र त्रश्य छेल्यांहेन कतिएल शास्त्रन। কতকগুলি পরবর্ত্তী সামাজিকপ্রবণতা মার্কস উল্লেখ করেন নাই, অথবা ঐগুলিকে সম্যক গুৰুত্ব প্ৰদান করেন নাই, ইহা সহজেই দেখান যাইতে পারে,—যেমন মধ্যশ্রেণী হইতে বৈপ্লবিক অংশের অভ্যুত্থান হাহা আজকাল আমরা দেখিতে পাইতেছি। কোন বিশেষ দৃষ্টিভঙ্গীর উপর জোর দিতে গিয়া, বিশিষ্ট বিচার প্রণালী এবং কোন কার্য্যের প্রতি মনোভাব সম্পর্কে মার্কস্পন্থার কোন স্থানে কোন মতবাদের গোঁড়ামী-নাই এবং ইহাই উহার প্রকৃত মূল্য বলিয়। আমার মনে হয়। এই দৃষ্টিভঙ্কী লইয়া আমরা সমসাময়িক সামাজিক ব্যাপারগুলি ব্ঝিতে পারি; কর্ত্তব্য কি, পরিত্রাণের পথ কোথায় তাহারও নির্দেশ পাই।

এই কর্মপদ্ধতিরও কোন অতি-নিদিষ্ট বা অপরিবর্ত্তনীয় পথ নাই—
অবস্থার সহিত উহার সামঞ্জন্ম বিধান করিতে হইবে। অস্তত:পক্ষে
ইহাই লেনিনের মত ছিল এবং তিনি পরিবর্ত্তিক অবস্থার সহিত অতি
মুঠভাবে কর্মের সামঞ্জন্ম বিধান করিয়া তাহা প্রমাণ করিয়াছেন। তিনি
আমাদিগকে বলিয়াছেন,—"কোন নিদিষ্ট সময়ে কোন বাস্তব অবস্থার
তৎকালীন গতি ও প্রকৃতি পুঝায়পুঝারপে পরীক্ষা না করিয়া সংঘর্ষের
স্থিনিটিত উপায়ের প্রশ্নের 'হা', কি 'না' উত্তর দিবার চেটা করার অর্থ
মার্কদীয় ভূমি হইতে একেবারেই দ্রে সরিয়া যাওয়া।" তিনি আরও
বলিয়াছেন,—"কিছুই চরম নহে, পারিপার্ষিক অবস্থা হইতে আমাদের
স্কৃত্ত শিক্ষা লাভ করিতে হইবে।"

এই উদার ও দ্রপ্রসারী দৃষ্টির ফলেই একজন কম্যুনিই, অলাদীসম্বন্ধে আবদ্ধ , সমাজ-জীবনের সমগ্র রূপ ব্বিতে পারে। রাজনীতি তাহার
নিকট কেবল মাত্র অবিধাবাদের ব্যাপার নহে, অন্ধ্বারে হাতড়ানও
নহে। যে আদর্শ ও উদ্দেশ্য লইয়া সে কাজ করে, তাহারই আলোকে
সংঘর্বের মর্মকশা ব্বিতে সমর্থ হয় এবং স্বেচ্ছায় ত্যাগস্বীকার করে।
সে জানে মানব নিয়তি বা ভাগাকে অন্বেষণের জ্বন্ত বহির্গত বিপূল

### কভকগুলি আধুনিক ঘটনা

ৰাহিনীর সে অগুতম সৈনিক, সে বুঝে যে, 'ইণি হাসের সহিত সমান ভালে পা ফেলিয়া সে অগ্রসর হইতেছে।'

অধিকাংশ কম্যুনিষ্টই এই ভাবে অমুপ্রাণিত নাও হইতে পারেন।
সম্ভবত: একজন লেনিনই মানবজীবনের সমগ্রতা পরিপূর্ণ ভাবে উপলব্ধি
করিয়াছিলেন, যাহার ফলে তাঁহার প্রত্যেকটি কার্য্য সার্থক ও সফল হইয়াছে।
কিন্তু অপেকাক্ষত কম হইলেও, প্রত্যেক কম্যুনিটের উহা আছে এবং সে
তাহার কর্মের মর্মগত তব ভাল করিয়াই জানে।

এমন অনেক কম্নানিষ্ট আছেন, যাঁহাদের সহিত আলোচনাকালে বৈধ্যুক্ষণা করা কঠিন, অপরকে বিরক্ত করিবার এক অভিনব কৌশল তাঁহারা আয়ন্ত করিয়াছেন। কিন্তু তাঁহারা অনেক আঘাত সহাই করিয়াছেন এবং সোভিয়েট ইউনিয়নের বাহিরে তাঁহাদিগকে বিপুল বিদ্নের সহিত সংগ্রাম করিতে হয়। আমি তাঁহাদের সাহস ও ত্যাগন্ধীকারের সর্বাদাই প্রশংসা করিয়া থাকি। যেমন লক্ষ লক্ষ নরনারী ত্তাগ্যক্রমে নানা ভাবে বছ তাংখ সহা করিতেছে, তেমনই তাঁহারাও ত্থে সহা করেন, তবে তাঁহারা অপমানকর সর্বাশক্তিমান ভাগ্যকে অন্ধভাবে গ্রহণ করেন না। তাঁহারা মাহ্যবের মত ত্থে সহা করেন, তাহার মধ্যে এক মহিমান্বিত বেদনা রহিয়াছে।

ক্লশিয়ার সমাজ গঠনের পরীক্ষামূলক কার্যাগুলির সাফল্য বা ব্যর্থতার দ্বারা মার্কসীয় মত্রবাদের স্ত্যতার কোন অপ্ত্র ঘটে না। কোন অপ্রত্যাশিত ঘটনাচক্রে অথবা বিবিধ বিরুদ্ধ শক্তির সম্মেলনে ঐ পরীক্ষা-কার্য্য বিপর্যন্ত হইতে পারে,—যদিও তাহার কোন সম্ভাবনা নাই, তথাপি উহা কল্পনা করা যাইতে পারে। কিন্তু তথাপি ঐ দকল সামাজিক আলোড়নের যথার্থ মূল্য দর্মদাই থাকিবে। দেখানকার অনেক ঘটনার প্রতি আমার প্রকৃতিগত যত আপত্তিই থাকুক না কেন, তাহারা আজ জগতের সমূথে এক বৃহৎ আশার আলোক তুলিয়া ধারয়াছে। আমি এত বেশী জানিনা যে তাহাদের কার্য্যের বিচার করিতে পারি। আমার প্রধান আশহা, অতিমাত্রায় বলপ্রয়োগ ও দমননীতি তাহার পশ্চাতে বে অক্যায়ের রেশ রাখিয়া যাইবে, তাহা হইতে পরিত্রাণ পাওয়া কঠিন হুইতে পারে। কিন্তু বর্ত্তমান ক্লিয়ার পরিচালকদের স্থপক্ষে একটা বড় কথা বলিবার আছে যে, তাঁহারা কখনও ভুল স্বীকার করিতে ভীত নহেন। তাঁহারা পিছনে হটিয়া ন্তন করিয়। গড়িয়া তোলেন। এবং তাঁহাদের আদর্শ সর্বাদাই সমুথে থাকে। আন্তর্জাতিক কম্যুনিষ্ট সভ্য দারা অক্যান্ত দেশে তাঁহাদের প্রচারকার্য্য নিক্ষল হইয়াছে, কিন্তু আজকাল দেখা যায়, 🗳 সকল কাৰ্যাপদ্ধতি যথাসম্ভব কমাইয়া ফেলা হইয়াছে।

#### ज ওহরলাল নেহর

ভারতের প্রতি দৃষ্টিপাত করিলে দেখা যায়, বাহিরের ঘটনার শ্রোভ গতিবেগ সঞ্চার না করিলে, এখানে কম্যুনিজম সোস্থালিজম অনেক দ্রের কথা। আমাদের সমস্থা 'কম্যুনিজম' নহে। উহার সহিতৃ আর ছই একটি অক্ষর জুড়িয়া দিয়া আমাদের সমস্থা হইল 'কম্যুনালিজম।' সম্প্রদায় হিসাবে ভারতবর্ষ এখনও অন্ধকারময় মধ্যযুগে রহিয়াছে। এখানে কাজের লোকেরা ক্ষুদ্র ক্ষুদ্র বিষয়, ষড়যন্ত্র ও কৌশল লইয়া বুথা শক্তিক্ষয় করেন এবং পাল্লা দিয়া একে অন্থের উপরে উঠিতে চাহেন। জগতের কল্যাণ করিবার আগ্রহ ইহাদের মধ্যে অতি অল্প লোকেরই আছে। সম্ভবতঃ এই সাময়িক অবস্থা শীদ্রই দূর হইবে।

এই সাম্প্রদায়িক অন্ধকার হইতে কংগ্রেস বছল পরিমাণে বাহিরে আছে, তবে ইহার দৃষ্টিভঙ্গী 'পেটি বুর্জ্জোয়া' শ্রেণীর। সাম্প্রদায়িকতা ও অক্তান্ত সমস্তার প্রতিকারোপায় তাঁহারা 'পেটি বুর্জ্জোয়া' শ্রেণীর স্বার্থের मिक इटेरा अवस्थित करतन। किन्छ এ পথে সাফল্যলাভ সম্ভবপর ইटेर् না। কংগ্রেস অধুনা নিম্ন মধ্যশ্রেণীর প্রতিনিধি, বর্ত্তমানে এই শ্রেণীই সচেতন এবং বৈপ্লবিক মনোবৃত্তিসম্পন্ন। কিন্তু তৎ সত্ত্বেও ইহাকে তুই দিক হইতে তুই শক্তি চাপ দিতেছে,—এক শক্তি সজ্মবদ্ধ ও যুদ্ধার্থ প্রস্তুত, অপর শক্তি তুর্বল হইলেও ক্রত বলস্ঞ্চয় করিতেছে। বর্ত্তমানে নিম্ন মধ্যশ্রেণীর অন্তিবই বিপন্ন হইয়া পড়িয়াছে,—ভবিশ্বতে ইহার কি অবস্থা হইবে তাহা বলা কঠিন। জাতীয় স্বাধীনতা অর্জনের ্ঐতিহাসিক অভিপ্রায় পূর্ণ না করিয়া ইহা প্রথমোক্ত সঞ্চবদ্ধ শ্রেণীর সহিত যোগ দিতে পারে না। কিন্তু ঐ উদ্দেশ্য দিদ্ধির পূর্বেই অন্যান্ত শক্তি বলশালী হইয়া ইহার উপর প্রভাব বিস্তার করিতে পারে, এবং ক্রমণ: উহার স্থান অধিকার করিতে পারে। যাহা হউক, মনে হয় যতদিন জাতীয় স্বাধীনতার অনেক্থানি না পাওয়া যাইতেছে, ততদিন কংগ্রেস ভারতবর্ষে এক প্রধান শক্তিরূপে কার্য্য করিবে।

কোন প্রকার হিংসামূলক কার্য্যের কথা উঠিতেই পারে না, উহা অনিষ্টকর পগুশ্রম মাত্র। ছানবিশেষে নিফল হিংসামূলক কার্য্যের বিরল দুষ্টান্ত সব্বেও আমার বিবেচনায় ভারতে সকলেই পূর্ব্বোক্ত মতে বিশাসী। ঐ পথে অগ্রসর ইইলে আমরা হিংসাও প্রতিহিংসার এমন এক নৈরাখ-জনক গোলকধাধায় পড়িয়া যাইব, যাহা হইতে মৃক্তি পাওয়া কঠিন হইবে।

অনেকে আমাদের দকল দল ঐক্যবদ্ধ করিয়া, 'ইউনাইটেড্ ফ্রন্ট' গঠন করা উচিত, বলিয়া থাকেন । শ্রীযুক্তা সরোজিনী নাইডু তাঁহার কবি-হৃদয়ের

### কভকগুলি আধুনিক ঘটনা

আবেগ-মণ্ডিত ভাষায় ইহার কথা বলেন। তিনি কবি, ছন্দ, মিলের সৌন্দর্য্যের তিনি প্রশংসা করিবেনই। কিন্তু ঐ শন্ধটি বিশ্লেষণ করিলে দেখা যাইবে যে, উহার অর্গ ও উদ্দেশ্য উপরের দিকের বতকগুলি ব্যক্তির মধ্যে চুক্তি বা আপোষ-রফা মাত্র। এই ভাবে মিলিত হইলে অতি সাবধানী মডারেটগণ আমাদের উদ্দেশ্য নিয়ন্ত্রিত করিবেন, এবং অগ্রগতি মন্দীভূত করিবেন। ইহাদের মধ্যে অনেকে কোন প্রকার আন্দোলনই পছন্দ করেন না। অতএব তাহার ফল হইবে এক ঐক্যবদ্ধ জড়ত্ব। ঐক্যবদ্ধ হইয়া সমুখীন হওমার পরিবর্ধে আমরা দ্যারোহ সহকারে ঐক্যবদ্ধ পশ্চাং দেশ প্রদর্শন করিব।

অবশ্য আমরা অপরের দহিত দহযোগিতা অথবা আপোষ করিব না, একথা বলা নির্বাদ্ধিতা। আমাদের জীবন ও রাজনীতি এত জটিল ব্যাপার যে সব সময় সরঃ রেথায় চিস্তা করা যায় না। এমন কি অনমনীয় লেনিন পর্যান্ত বলিয়াছেন,—'কোন প্রকার আপোষ না করিয়া, পথে কোন মোড় না ঘ্রিয়া কেবলই সম্মুখে অগ্রসর হওয়া, বৃদ্ধির বালকোচিত চাপল্য মাত্র,—ইহা বৈপ্লবিক শ্রেণীর স্থসম্বদ্ধ কৌশল নহে।" আপোর রফা আসিবেই, তবে উহা লইয়া অতিরিক্ত বাড়াবাড়ি করা উচিত নহে। আমরা আপোষই করি অথবা উহাকে অস্বীকারই করি, মুখ্য বিষয়ই প্রথম আলোচ্য বিষয়, উহা ছাড়িয়া কোন গৌণ ব্যাপারকে প্রথম স্থান দিতে আমরা প্রস্তুত নহি। যদি আমাদের মূলনীতি ও উদ্দেশ্য সম্বদ্ধ ধারণা স্পন্ত থাকে, তাহা হইলে কোন সাম্মিক আপোষে ক্ষতির সম্ভাবনা নাই। কিন্তু আমাদের দ্বলিক্ষাক্ষাক্ত করিয়া ফেলিতে পারি,—বিপদ তাহাই। অপরকে অসম্ভই করা অপেক্ষা বিপথে চালিত হওয়া অধিক মন্দ।

প্রচলিত ঘটনাপ্রবাহ সম্পর্কে আমার লেখা অনেকটা অম্পষ্ট ও অফুশীলন্
মূলক হইল। আমি নিরপেক্ষ দর্শকের আসন হইতে দেখিবার চেষ্টা
করিয়াছি। কিন্তু যথন কর্মের ডাক আসে, তথন স্বভাবত:ই আমি দর্শকরপে
থাকিতে পারি না; আমার অপরাধ, লোকে বলে, উত্তেজনার প্রচুৎ কারণ
না থাকিলেও আমি নির্বোধের মত ছুটিয়া যাই। আমি এখন কি করিব?
আমার দেশবাসীকে কি করিতে বলিব? সম্ভবতঃ হাঁহারা সাধারণের
কাজ লইয়া নাড়াচাড়া করেন, তাঁহাদের স্বভাবের মধ্যে একটা সাবধানী
ভাব থাকে, সেইজন্মই আমি এত শীঘ্র কিছু বলিতে ইতস্ততঃ করিতেছি।
কিন্তু ষদি অকপটে সত্য কথা বলিতে হয়, তাহা হইলে বলিব,—আসলে
আমি কিছুই জানিনা এবং অন্বেষণ করিবার চেষ্টাও করি না। আমি

### ज अर्जनान मिर्क

যধন কাজ করিতে পারিতেছি না, তখন কেন ছৃশ্চিন্তা করিব? কিছ আমাকে অনেক ছৃশ্চিন্তাই করিতে হয়, কিছুতেই এড়াইতে পারি না। অন্ততঃ যতদিন আমি জেলে আছি,—ততদিন আমাকে আন্ত কর্তব্যের সমস্থার সম্থীন হইতে হইবে না।

কারাগারে বসিয়া কর্মক্ষেত্র বহুদ্রবর্তী বলিয়া মনে হয়। মাহুষ ঘটনার অধিপতি না হইয়া, ঘটনার বিষয় হইয়া উঠে। এবং একটা কিছু ঘটবার প্রত্যাশায় অপেক্ষার অস্ত থাকে না। আমি বসিয়া বসিয়া ভারত ও জগতের রাজনৈতিক ও সামাজিক সমস্তার বিষয় লিখিতেছি, কিছু আমার দীর্ঘকালের আবাসভূমি এই স্বয়ম্পূর্ণ কারা-জগতে তাহার মূল্য কতটুকু? বন্দি-জীবনের একমাত্র মূল্য বিষয় কারাম্ক্রির দিবস।

देननी (करण अवर अहे आना सां का अपन करमणे आणिया क्ष्मणे अपन करमणे आणिया क्ष्मणे कर्ने कर्मणे आश्री क्ष्मणे कर्ने कर्मणे आश्री कर्मणे कर्

### উপসংহার

"কর্মে আমাদের অধিকার আছে, কিন্তু কর্ম শেষ করিবার অধিকার আমরা পাই নাই।"—তালমূদ

আমার কাহিনী ফুরাইল। আমার জীবনের যাত্রাপথে এই আত্মকাহিনী আজ আলমোড়া জেলে ১৯৬৫-এর ১৪ই ফেব্রুয়ারী পর্যন্ত আসিয়া পৌছিয়াছে। তিন মাস পূর্ব্বে এই দিবস কারাগারে আমার পঞ্চত্যারিংশৎ জন্মদিন পূর্ণ হইয়াছে। আমার মনে হয়, আমাকে আরও দীর্ঘকাল বাঁচিতে হইবে। সময় সময় বয়োধিক্যের ক্লান্তিবোধ করিয়া থাকি, অস্তু সময়ে নিজেকে বেশ স্কু-সবল বলিয়াই মনে হয়। আমার দেহ বেশ হয়ঠিত, আঘাত সহ্থ ও অতিক্রম করিবার মত মানসিফ্ বলও আমার আছে। এই কারণে আমি ভাবি, কোন অপ্রত্যাশিত ঘটনা না ঘটলে আমাকে আরও দীর্ঘকাল বাঁচিতে হইবে। কিন্তু ভবিয়তের কথা লিথিবার পূর্ব্বে আমাকে জীবন যাপন করিতে হইবে।

সম্ভবতঃ ইহার মধ্যে রোমাঞ্চকর হুঃসাহসের কিছুই নাই, দীর্ঘ বহু বর্ষ যে জীবন কারাগারে কাটিল, তাহার মধ্যে রোমাঞ্চকর কি-ই বা থাকিতে পারে! ইহার মধ্যে বিশেষ অভিনবত্বও কিছু নাই, কেন না আমার সহস্র সহস্র স্থাদেশবাসী নরনারীর জীবনের উথান ও পতন, হর্ষ ও বিষাদ, আনন্দ ও অবসাদ, তীত্র কর্মপ্রবণতা ও পরবশ নিঃসঙ্গতার সহিত মিলিয়া মিশিয়া আমার এই সকল বর্ষ অতিবাহিত হইয়াছে। আমি জনসাধারণের একজন হইয়া তাহাদের সহিত একত্রে চলিয়াছি। কথনও বা তাহাদের পরিচালিত করিয়াছি, কথনও তাহারা আমাকে প্রভাবিত করিয়াছে; তথাপি অক্যান্ত সকলের মতই ব্যক্তিগত ভাবে আমি জনতার মধ্যেও আমার স্বতন্ত্র জীবন যাপন করিয়াছি। সময় সয়য় আমাদিগকে অভিনেতার মত সচেতন ভঙ্গীতে মনোভাব প্রদর্শন করিতে হইয়াছে, কিন্তু আমরা যাহা করিয়াছি তাহা কঠোর সত্য এবং অক্কত্রিম। ইহা ঘারাই আমরা ব্যক্তিগত ক্ষ্ম অহমিকার উর্কে উঠিয়াছি এবং বল ও প্রাধান্ত লাভ করিয়াছি, হয় ত ক্ষেত্রান্তরে

#### জওহরলাল নেহরু

তাহা সম্ভব হইত না। কার্য্যের সহিত আদর্শের ঐক্যসাধন করিতে
গিয়া জীবনের পূর্ণতার যে অন্তভ্তি আসে, সৌভাগ্যক্রমে কথনও
কখনও আমরা সে অভিজ্ঞতাও লাভ করিয়াছি। এবং আমরা নিংশেষে
ব্বিয়াছি, এই সকল আদর্শহীন অন্য যে কোন প্রকার জীবন এবং প্রবলতর
শক্তির নিকট নিরীহ বশ্মতা স্বীকার করিলে জীবন নিফল অত্থ্য ও
বিষাদময় হইয়া উঠিত।

এই দীর্ঘকালে আমি অনেক কিছুর সহিত এক বহুম্ল্য সম্পদ লাভ করিয়াছি। আমি জীবনকে যতই তুর্লভের আকাজ্জায় অভিযানরপে দেখিয়াছি, ততই বুঝিয়াছি, ইহার মধ্যে কতকিছু জানিবার আছে, কত কিছু করিবার আছে। প্রতিদিনই অবিরত আমি বর্দ্ধিত হইতেছি, এই ধারণা আমার মধ্যে এখনও রহিয়াছে, ইহাই আমার প্রতিকর্মে বল সঞ্চার করে। এই আগ্রহেই আমি পুস্তকাদি পাঠ করি এবং জীবন আমার নিকট সাধারণতঃ সার্থক বলিয়া মনে হয়।

এই কাহিনী লিখিতে গিয়া আমি প্রত্যেক ঘটনার সময় আমার মনোভাব ও চিন্তা লিপিবদ্ধ করিতে চেন্টা করিয়াছি, বিশেষ ঘটনায় আমার মনে কি ভাবের উদ্রেক হইয়াছে, তাহা প্রকাশ করিয়াছি। অতীতের কোন মনোভাব ফিরিয়া পাওয়া কঠিন এবং পরবর্তী ঘটনাগুলি ভূলিয়া যাওয়াও সহজ নহে। আমার প্রথম জীবনের বর্ণনা অনিবার্য্যরূপেই পরবন্তীকালের ভাবের দ্বারা অন্তরঞ্জিত হইয়াছে, কিন্তু আমার উদ্দেশ্য ছিল, প্রধানতঃ আত্মকল্যাণের জন্ম স্বকীয় মানিসিক বিকাশের ধারা অন্তর্গন্ধন করা। সম্ভবতঃ আমি যাহা লিখিয়াছি, তাহাতে আমার প্রকৃত স্বরূপ ফুটে নাই; হয় ত বা আমি যাহা হইতে চাহিয়াছি অথবা নিজেকে যাহা কল্পনা করিয়াছি তাহাই লিখিয়াছি।

কয়েকমাস পূর্বে শুর সি, পি, রামস্বামী আইয়ার প্রকাশ্যে বলিয়াছেন, আমি জনসাধারণের মনোভাবের প্রতিনিধি নহি, তথাপি আমি অধিকতর বিপজ্জনক; কেন না আমার স্বার্থত্যাগ, আদর্শবাদ এবং আমার বিশ্বাসের জাের আছে; ঐশুলিকে তিনি "আঅসম্মাহন" বলিয়া অভিহিত করিয়াছেন। যে ব্যক্তি "আঅসম্মাহিত" সে কথনও নিজেকে বিচার করিতে পারে না এবং যে কোন কারণেই হউক ব্যক্তিগত ব্যাপারে আমি রামস্বামীর সহিত বিচারে প্রবৃত্ত হইতে চাহি না। আমাদের মধ্যে দীর্ঘকাল দেখাশুনা নাই; কিছু বহুকালপূর্বে এমন এক সময় ছিল যথন আমরা হোমফল-লীগের যুগ্ম-সম্পাদক ছিলাম। তাহার পর অনেক কিছুই ঘটিয়াছে, রামস্বামী বর্ত্ত্রলাকার পথে শিরোঘূর্ণনকারী

### উপসংহার

উর্দ্ধলোকে উঠিয়া গিয়াছেন, আমি মাটির নাস্থ্য, মাটিতেই আছি।
আমরা একই দেশের অধিবাসী ছাড়া আমাদের মধ্যে আর কোন
ঐক্য নাই। আজ তিনি বিটিশ শাসনের একজন উৎসাহী সমর্থক,
বিশেষতঃ গত কয়েক বংসরে তাঁহার উৎসাহ অধিক বাড়িয়াছে,
তিনি আজ ভারতে ও অন্তত্র ডিক্টেরীর অমুরাগী এবং কয়ং
দেশীয় রাজ্যের স্বেচ্ছাচারমূলক শাসনের এক উজ্জল রত্বরূপে শোভা
পাইতেছেন। আমাদের মধ্যে মতভেদ প্রচুর, কিন্তু একটা সামান্ত বিষয়ে আমাদের মতের ঐক্য আছে। আমি যে জনসাধারণের
মনোভাবের প্রতিনিধি নতি, একথা বলিয়া তিনি নিঃসন্দেহে সত্যকথা
বলিয়াছেন। আমার মনে সেরপ কোন মোহ নাই।

নিশ্চয়<sup>ই</sup>, আমি বিশ্বিত হইয়া ভাবি আমি কাহারও প্রতিনিধি নহি। যদিও অনেকে আমার প্রতি সদয় ও বন্ধভাবাপন তথাপি আমি তাহাদের প্রতিনিধি নহি, ইহাই ভাবিতে চাহি। আমি প্রাচ্য ও পাশ্চাতোর এক অন্তত মিশ্রণ, সর্ব্বত্রই আমি অপরিচিত, কোথাও আমার গৃহ নাই। সম্ভবতঃ আমার চিন্তা ও জীবনকে দেখিবার ভঙ্গীর, প্রাচ্য অপেক্ষা যাহাকে পাশ্চাত্য বলা হয়, তাহার সহিতই ঘনিষ্ঠতা অধিক। কিন্তু ভারতমাতা আমাকে ক্রোড়ে করিয়া আছেন; যেমন তিনি তাঁহার সমস্ত সস্তানকে অগণিত উপায়ে বক্ষে ধারণ করিয়াছেন। এবং আমার পশ্চাতে মনের অবচেতন অংশে রহিয়াছে, শত-পুরুষ কিন্সা সংখ্যা যাহাই হউক না কেন, বংশান্তক্রমিক আন্ধানের স্থৃতি। আমি অতীতের সেই কৌলিক স্থৃতি এবং আমার আধুনিক শিক্ষাসংস্কৃতি কোনটাই অতিক্রম করিতে পারি না। ইহারা আমার জীবনের অবিচ্ছেন্ত অংশ, যদিও ইহাতে প্রাচ্য ও পাশ্চাত্য উভয়দিক হইতেই আমি সাহায্য পাইয়া থাকি, তথাপি ইহার ফলে কি বাহিরের কাজে, কি নিজের জীবনে এক মানসিক নিঃসঙ্গতা অন্তভব করিয়া থাকি, পাশ্চাত্যদেশে আমি একজন অপরিচিত বিদেশী আমি তাহার হইতে পারি না। আমার স্বদেশেও সময় সময় নিজেকে নিৰ্বাসিত বলিয়া মনে হয়।

দ্রবর্ত্তী পর্ব্বত দেখিয়। মনে হয়, অতি সহজেই আরোহণ করা যায়, পর্ব্বতশৃঙ্গ ইন্ধিতে আহ্বান করে! কিন্তু মামুষ নিকটবর্ত্তী হইলেই বাধাবিদ্ন দেখা দেয়, দে যতই উঠিতে থাকে ততই আরোহণ ক্লেশকর হইয়া উঠে, পর্ব্বতশৃঙ্গ মেঘে ঢাকা পড়িয়া যায়। তথাপি এই আরোহণের উভমের সার্থকতা আছে, এবং ইহার বিশিষ্ট

# ज्ञानान (नरक

আনন্দ ও তৃথিও আছে। সম্ভবতঃ সংগ্রামের মধ্যে জীবনের কে গৌরব, পরিণাম ফলের মধ্যে ততটা নহে। প্রকৃত সত্য পথ কি, সকল সময় তাহা বুঝা কঠিন, তবে সময় সময় কি সত্যানয় তাহা, বুঝা সহজ; এবং তাহা হইতে দ্রে থাকাও ভাল । অত্যম্ভ বিনয়ের সহিত আমি মহাপ্রাণ সক্রেটিসের সর্বশেষবাক্য উদ্ধৃত করিতেছি, "মৃত্যু কি আমি জানি না—হইতে পারে ইহা ভাল এবং আমি উহাতে ভীত নহি। তবে আমি নিশ্যু করিয়া জানি যে নিজের অতীতকে বর্জন করা মন্দ; অতএব যাহা আমি মন্দ্রবিষা জানি তাহার পরিবর্তে যাহাতে ভাল হইতে পারে, তাহাই গ্রহণ করিব।"

কত বংসর কারাগারে কাটিল! একাকী বসিয়া একাস্তে চিন্তা করিয়াছি; কত ঋতু আসিল গেল, একের পর আর বিশ্বতির অতলে মিলাইয়া গিয়াছে! কত চদ্রের হ্রাসর্থ্ধি আমি লক্ষ্য করিয়াছি, এবং কতবার অজত্র নক্ষত্রপৃপ্ধ নিংশন্দ গতিতে মহিমময় শোভায় চলিয়া গিয়াছে! আমার যৌবনের কতদিন এই কারাগারে সমাধিস্বপ্ত; সময় সময় সেই মৃত দিবসগুলির প্রেতমৃত্তি তীব্র শ্বতি লইয়া জাগিয়া উঠে, কাণে কাণে বলে; "ইহার কি কোন সার্থকতা আছে?" এ প্রশ্নের উত্তর দিতে আমার কোন দিধা নাই। যদি আমার বর্ত্তমান জ্ঞান ও অভিজ্ঞতা লইয়া জীবনপথে আর এক বার যাত্রার স্থযোগ পাইতাম, তাহা হইলে আমার বক্তিগত জীবনে অনেক কিছু পরিবর্ত্তন করিতে চেষ্টা করিতাম সন্দেহ নাই; পূর্কের যাহা করিয়াছি, তাহা আরও ভাল করিয়া করিতে পারিতাম; কিন্তু জনসাধারণের কাজে আমার প্রধান সিদ্ধান্তগুলি একই থাকিত। অবশ্রু আমি উহা পরিবর্ত্তন করিতে পারি না, কেন না ঐগুলি আমা অপেকাও শক্তিমান; এবং আমার আয়ত্তের অতীত এক শক্তি আমাকে ঐগুলি গ্রহণ করিতে বাধ্য করিয়াছে।

অভ কারাগারে এক বংসর পূর্ণ হইল। আমার তুই বংসর কারাদণ্ডের মধ্যে এক বংসর অতিবাহিত হইল। আরও পূর্ণ এক বংসর; কেন না: অশ্রম কারাদণ্ড, দণ্ড মকুবের কোন বিধান নাই। এমন কি, যে এগার দিন আমি বাহিরে ছিলাম, তাহাও আমার দণ্ড কালের সহিত্য প্নরায় যোগ দেওয়া হইয়াছে। কিন্ত এ বংসরও কাটিবে এবং আমি বাহিরে যাইব—এবং তারপর? আমি জানি না, তবে জীবনের: এক অধ্যায় শেষ হইয়া অপর অধ্যায়ের স্চনা হইল। ইহা যে কিং হইবে আমি ধারণা করিতে পারি না। জীবন-পূর্ণির পাতাগুলি বন্ধ।

### পুনশ্চ

বাডেনওয়েলার, সোয়ার্জ্জওয়ান্ড ২৫শে অক্টোবর, ১৯৩৫

মে মাসে আমার পত্নী ভাওয়ালী হইতে চিকিৎসার জন্ম ইউরোপ যাত্রা করিলেন। তিনি চলিয়া গেলে ভাওয়ালী যাওয়ার আর কোন প্রয়োজন রহিল না, পনর দিন পর পর জেলের বাহিরে পার্কত্য পথে মোটরে ভ্রমণ শেষ হইল। ইহার ফলে, আলমোড়া জেল আমার নিকট নীরস ও নিরানন্দকর হইস উঠিল।

কোয়েটার ভূমিকম্পের সংবাদ আসিল, কিছুকালের জন্ম অন্থ সব
কিছু ভূলিয়া গেলাম। কিন্তু বেশী দিনের জন্ম নহে; ভারত-গভর্ণমেন্ট
আমাদিগকে ঠাহাদের ভূলিয়া থাকিতে, অথবা তাঁহাদের কাজ করার
অভুত ব্যবস্থা ভূলিয়া থাকিতে দেন না। আমরা শুনিলাম, কংগ্রেসের
সভাপতি বাবু রাজেন্দ্রপ্রসাদ এবং ভূমিকম্পের সাহায্য কার্য্যে ভারতে
সর্ব্বাপেক্ষা অভিজ্ঞ ব্যক্তিদিগকে সেবাকার্য্যের জন্ম কোয়েটায় যাইতে
দেওয়া হইল না। এমন কি, গান্ধিজী ও অন্যান্য থ্যাতনামা ব্যক্তিদেরও
যাইতে দেওয়া হইল না। কোয়েটার ভূমিকম্প সম্পর্কে প্রবন্ধ লিথিয়া
অনেক ভারতীয় সংবাদপত্রের জামানতের টাকা বাজেয়াপ্ত হইল।

কি ব্যবস্থা পরিষদ, কি গভর্ণমেণ্টের শাসন বিভাগ, কি সীমান্ত প্রদেশে বোমা নিক্ষেপ সর্বব্রই একই সামরিক মনোবৃত্তি, একই পুলিশী দৃষ্টি-ভঙ্গী। মনে হয় যেন ভারতে ব্রিটিশ গভর্ণমেণ্ট, ভারতীয় জনসাধারণের একটি বৃহং অংশের সহিত স্থায়ীভাবে সংগ্রামে রত রহিয়াছেন।

পুলিশের প্রয়োজন ও আবশ্যক আছে; কিন্তু পুলিশ কনেষ্টবল ও রেগুলেশান লাঠি বোঝাই জগৎ বাদের পক্ষে খুব প্রীতিবর নহে। একথা সর্ব্বেই শোনা যায় যে, অবাধ বলপ্রয়োগের ফলে যে বলপ্রয়োগ করা যায়, করে তাহারও অধংপতন হয় এবং যাহার উপর বলপ্রয়োগ করা যায়, সেও অপমানিত ও অধংপাতিত হয়। ভারতের বড় চাকুরীয়া মহলে বিশেষভাবে ভারতীয় সিভিল সার্বিসের নৈতিক ও বৃদ্ধিগত ক্রমাবনতির মত প্রত্যক্ষ ব্যাপার অগ্যকার ভারতে অতি অল্পই আছে। বড় চাকুরীয়া মহলে ইহা সর্বাধিক প্রত্যক্ষ হইলেও,—স্ত্রের মত ইহাতে সমস্ত

#### জওহরলাল নেহর

প্রাকুরীয়া মাত্রেই গ্রথিত। যথনই বড় চাকুরীতে কাছাকেও নিয়োগের কথা উঠে, তথন এই নৃতন ভাবধারায় অন্ত্রাণিত ব্যক্তিকেই যোগাড়ম বলিয়া নিয়োগ করা হয়।

আমার পত্নীর অবস্থা সহুটজনক এই সংবাদ আসায় ৪ঠা সেপ্টেম্বর সহসা আমাকে আলমোড়া জেল হইতে মৃক্তি দেওয়া হইল। জার্মানীর সোয়ার্জ্ঞপ্রান্ডের বাডেনওয়েলারে তাঁহার চিকিৎসা চলিতেছিল। আমি শুনিলাম আমার কারাদণ্ড "স্থগিত" রাথা হইল এবং আমার কারাদণ্ড শেষ হইবার সাড়ে পাঁচ মাস পূর্কেই আমি মৃকু হইলাম। বিমানপোতে আমি ইউরোপে ছুটিলাম।

ইউরোপ বিক্লুর, যুদ্ধভীতি ও কোলাহলময়, দিকচক্রবালে অর্থনৈতিক সম্বট ঘনাইয়া আছে। আক্রান্ত আবিসিনিয়ার জনসাধারণের উপর বোমা বর্ষণ চলিতেছে; বিভিন্ন সামাজ্যের মধ্যে সংঘাত এবং পরস্পারের প্রতিভীতিপ্রদর্শন চলিতেছে। সর্ব্বশ্রেষ্ঠ সামাজ্যবাদী শক্তি ইংলণ্ড শাস্তি ও রাষ্ট্রসজ্যের সমবেত নিরাপত্তা রক্ষার জন্ম ব্যগ্র, কিন্তু সেই সঙ্গে ইহা বোমাবর্ষণ এবং তাহার অধীন জাতিগুলিকে নির্মাভাবে দমন করিতেছে। কিন্তু এই কৃষ্ণ অরণ্যের মধ্যে কি নিস্তর্ক শাস্তি, এমন কি, 'স্বন্তিক'ও বড় বেশী দেখিতে পাই না। উপত্যকা হইতে কুয়াসা ঘনাইয়া উঠে, ফ্রান্সের সীমাস্ত ও কান্তার আর্ত হইয়া যায়; আমি বিশ্বিত হইয়া ভাবি, উহার পশ্চাতে কি রহিয়াছে।

# পরিশিষ্ট-ক

# ম্বাপ্তীনতা দিবসের সম্বল্প বাক্য

২৬শে জাকুয়ারী, ১৯৩০

আমরা বিশ্বাস করি বে, আত্মবিকাশের পূর্ণ স্থযোগলাভের জন্য অন্যান্য দেশের অধিবাসীদের ন্যায় ভারতবাসীদেরও স্বাধীনতা লাভ করিবার, সীয় শ্রমার্জিত বিত্ত ভোগ করিবার এবং জীবন ধারণের উপযোগী উপকরণ পাইবার অবিচ্ছেন্য অধিকার আছে। আমরা আরও বিশ্বাস করি যে, যদি কোনও গভর্গনেন্ট কোন জাতিকে এই সমস্ত অধিকার হইতে বঞ্চিত করে এবং তাহাকে নির্যাতন করে, তবে সেই গভর্গমেন্টকে পরিবর্তন বা ধ্বংস করিবার অধিকারও সেই জাতির আছে। ভারত শভর্গমেন্ট ভারতবাসীকে শুধু স্বাধীনতা হইতে বঞ্চিত রাথিয়াই বিরত হ্য নাই, অধিকন্ত জনসাধারণের শোষণের উপরই আত্ম-প্রতিষ্ঠা করিয়া ভারতবর্ষের অর্থ নীতি ও রাজনীতি, সভ্যতা ও অধ্যাত্ম-সমূলতির সর্ব্বনাশ করিয়াছে, ত্তরাং ভারতের পক্ষে ব্রিটশ সম্পর্ক ছিন্ন করিয়া পূর্ণ স্বরাজ অর্থাৎ পূর্ণ স্বাধীনতা লাভ করা ব্যতীত গত্যন্তর নাই, ইহাই আমাদের বিশাস।

ভারতের অর্থ নৈতিক সর্বনাশ হইয়াছে। আয়ের তুলনায় অত্যধিক পরিমিত রাজস্ব আমাদের দেশের লোকের নিকট আদায় করা হয়। আমাদের দৈনিক আয় গড়পড়তা সাত পয়সা মাত্র। আমরা যে গুরু করভার বহন করিতে বাধ্য হই, তাহার শতকরা বিশ টাকা রুষকদের নিকট হইতে ভূমি-কর স্বরূপ এবং শতকরা তিন টাকা লবণ শুল্ক বাবদ আদায় করা হয়। এই শুল্ক ভারে দরিদ্র জনসাধারণ অত্যন্ত পীড়িত হইতেছে।

স্তা কাটা প্রভৃতি গ্রাম্য শিল্পের ধ্বংস সাধন করিয়া তাহার পরিবর্ত্তে অফ্যান্য দেশের ফ্রায় কোনও নৃতন শিল্পের প্রবর্ত্তন করা হয় নাই, ফলে দেশের ক্লয়ক সম্প্রদায়কে বংসরে অন্ততঃ চারি মাস কাল অলসভাবে সময় কাটাইতে হয় এবং শিল্প-নৈপুণ্যের অভাবে তাহাদের বৃদ্ধিবৃত্তিও থর্কা হইতেছে।

বাণিজ্য-ভব এবং মূদ্রা-নীতি এরপ চতুরতার সহিত পরিচালিত

### च अरतमान जिस्स

করা হইতেছে বে, তাহার ফলে ক্বকদের বোঝা আরও বৃদ্ধি পাইতেছে।
আমাদের দেশের আমদানী পণাের মধ্যে অধিকাংশই ইংলওে প্রস্তুত।
বাণিজ্য-শুক্ক ধার্য্য করিবার পদ্ধতি ব্রিটিশ শিল্পের প্রতি পক্ষপাভত্তই,
ইহা স্পষ্টই প্রতীয়মান হয় এবং উক্ত শুক্ক লব্ধ রাজস্ব দরিকৈর হৃঃখ নিরাকরণের
জন্ম ব্যয়িত না হইয়া ব্যয়বহুল শাসনতত্ত্ব পরিচালনার জন্ম ব্যয়িত হয়।
মুদ্রা-বিনিময় নীতি আরও অধিক যথেচ্ছাচারিতার পরিচায়ক; ইহার ফলে
কোটি কোটি টাকা দেশ হইতে বাহির হইয়া ষাইতেছে।

ব্রিটিশ শাসনাধীনে ভারতের রাষ্ট্রীয় অবস্থা যত হীন হইয়াছে, এরূপ আর কথনও হয় নাই। কোন প্রকার শাসন-সংস্থারই ভারতবাসীকে প্রকৃত রাজনৈতিক অধিকার প্রদান করে নাই। আমাদের মধ্যে শ্রেষ্ঠতম ব্যক্তিকে পর্যান্ত বিদেশী শাসকগণের নিকট অবনত হইতে হয়। আমরা খাধীন মত প্রকাশ এবং খাধীনভাবে সজ্ম সমিতি গঠনের অধিকারে বঞ্চিত। আমাদের দেশের অনেকেরই নির্ব্বাসিত অবস্থায় বিদেশে কাল কাটাইতে হইতেছে। তাঁহারা স্বদেশে ফিরিয়া আসিতে পারেন না। শাসনকার্য্য পরিচালনার জ্বপ্রোগী সমস্ত প্রতিভার বিলোপ সাধনের ফলে জনসাধারণকে তুরু কেরাণীগিরি এবং গ্রাম্য পঞ্চায়েতী লইয়াই সম্ভন্ত থাকিতে হইতেছে।

সভ্যতা-সংস্কৃতির দিক দিয়া, বৈদেশিক শিক্ষা পদ্ধতি আমাদিগকে আমাদের বিশিষ্ট ভাব ধারা হইতে বিচ্যুত করিয়াছে। ফলে যে শৃত্তল আমাদিগকে দাসত্বের বন্ধনে বাধিয়া রাথিয়াছে, সেই শৃত্তলকেই আমরা আদর করিতে শিথিয়াছি।

বাধ্যতামূলক নিরস্ত্রীকরণ আমাদের নৈতিক সর্বনাশ করিয়া আমাদিগকে
নির্বৌর্য করিয়া ফেলিয়াছে। আমাদের প্রতিরোধ করিবার ক্ষমতাকে
নিশোষণ করিবার উদ্দেশ্যে নিযুক্ত বিজ্ঞাতীয় সৈন্তদলের উপস্থিতির
মারাত্মক ফল এই হইয়াছে যে, উহাদিগকে দেখিয়া আমরা মনে করি
যে, বিদেশীয় আক্রমণ হইতে রক্ষা করিতে, এমন কি, চোর, ডাকাত,
গুণ্ডা প্রভৃতির হস্ত হইতে নিজেদের গৃহ রক্ষা করিতেও আমরা অসমর্থ।

যে শাসন-পদ্ধতি আমাদের দেশের এই চতুর্বিধ সর্বনাশ সাধন করিয়াছে, সেই শাসন-পদ্ধতির অধীনে আর মূহুর্ত্তকাল বাস করা আমরা মহুত্তব ও ঈশরের বিরুদ্ধে অপরাধ বলিয়া মনে করি। এ কথা আমরা অব্ভাই স্বীকার করি যে, হিংসাই স্বাধীনতা অর্জনের প্রকৃষ্টতম পদ্ধা নহে; স্বতরাং আমরা ব্রিটিশের সহিত সর্বপ্রকার স্বেচ্ছামূলক সহযোগিতা যথাসাধ্য বর্জন করিবার জন্ম প্রস্তুত হইব এবং কর প্রদান বন্ধ ও অন্যান্ধ উপায়ে নিরুপদ্রব প্রতিরোধ-নীতি অবলম্বন করিবার জন্ম প্রস্তুত হইব। আমাদের

## পরিশিফী—গ

### সারক-প্রস্তাব

### ২৬শে জানুয়ারী, ১৯৩১

······অধিবাদিবর্গ আমরা গর্ব্ব ও ক্বতজ্ঞতা সহকারে,—স্বাধীনতা সংগ্রামে **উৎসগাঁকত** ভারতের পুত্রকন্তাদিগকে প্রশংসা করিতেছি—তাহার। মাতৃভূমির মুক্তির জন্ম ত্যাগৃস্বীকার ও তৃংথবরণ করিয়াছেন, আমাদের মহান্ ও প্রিয় নেতা মহাত্মা গান্ধী মহান্ উদ্দেশ্য ও উচ্চতর কর্তব্যের প্রতি অঙ্গুলী নির্দেশ করিয়া আমাদিগকে সতত অন্প্রাণিত করিতেছেন, আমাদের শত শত সাহসী যুবক স্বাধীনতার বেদীমূলে জীবনদান করিয়াছেন। পেশোয়ার, সমগ্র সীমান্তপ্রদেশ, সোলাপুর, মেদিনীপুর জিলা এবং বোম্বাই-এর সহিদর্গণকে আমরা শ্রদ্ধার অর্গা দিতেছি। যে শত-শহস্র ব্যক্তি শত্রপক্ষের হস্তে বর্ষর যৃষ্টি প্রহারের দ্বারা লাঞ্ছিত হইয়াছেন; ুগাড়োয়ালী সৈত্তদলের এবং গভর্ণমেন্টের পুলিশ ও সমর বিভাগের *হ*ে मुक्न कर्माठाती निरुष्ठत जीवन विश्व कतिया अपनिगतीत 🖷 লিবর্ষণ করিতে বা হস্ত উত্তোলন করিতে অস্বীকার করিয়াছেন, প্রকাটের যে দকল সাহসী কৃষক বহুপ্রকারে উৎপীড়িত হইয়াও অদম্য উৎসাহে অটল রহিয়াছেন, ভারতের অ্যান্ত প্রদেশের সাহসী ও দীর্ঘকাল ছার্থভোগী ক্লযক-মণ্ডলী, বাঁহারা দমননীতির বহুতর আয়োজন সত্তেও বর্জমান সংঘর্ষে সম্পূর্ণরূপে যোগ দিয়াছেন; যে সকল ব্যবসায়ী এবং বিশিক-সমাজের যে সকল ব্যক্তি নিজেদের ক্ষতি করিয়াও জাতীয় সংগ্রামে ্সাহায় করিয়াছেন, বিশেষভাবে বিদেশীবস্ত্র ও ব্রিটিশ পণ্যবৰ্জনে স্হায়তা করিয়াছেন ; যে লক্ষাধিক নরনারী কারাগারে গিয়া অশেষ ্রেশে ভোগ করিয়াছেন এবং কখনও বা কারাপ্রাচীরের মধ্যেও প্রহার ও লাস্থনা ভোগ করিয়াছেন; যে সকল সাধারণ স্বেচ্ছাসেবক, ভারতের প্রকৃত দৈনিকের ভাষ, যশঃ ও পুরস্কারের প্রত্যাশা না করিয়া, মহান্ উদ্দেশ্যের সেবায় একাগ্রচিত্তে অবিরত শাস্তিপূর্ণ ভাবে কার্য্য করিয়াছেন, ছু:খ তুর্দ্দশা ভোগ করিয়াছেন, তাহাদের সকলের প্রতি আমরা শ্রদ্ধাজ্ঞাপন করিতেছি।

#### া কংকলাল লেহক

ভারতের নারীজাতির প্রতি সামাদের গভীর অধার স্বা করিতেছি। মাতৃত্যির সৃষ্ট কালে ভাঁহারা স্থংপুর ও গৃহের ত্যাগ করিয়া ভারতের জাতীয় সৈন্তদলের পুরোভাগে আসিয়া সহিত কাঁধ মিলাইয়া দাড়াইয়াছেন, তাছাদের সহিত একজে কয় ও আত্যত্যাগে অংশ গ্রহণ করিয়াছেন এবং অপূর্ক সাহস সহনশীলতার পরিচয় দিয়াছেন। আমাদের গর্ক ও গৌরবের স্থল ও বানরসেনাকেও আমরা অভিনন্দিত করিতেছি, যাহারা কিশোর ইইলেও, সাহসের সহিত আন্দোলনে যোগ দিয়াছে এবং মহান্ কয় নিজেদের উৎসর্গ করিয়াছে।

এবং আমরা সক্বতজ্ঞচিত্তে লক্ষ্য করিতেছি ভারতের ক্ষুদ্র বৃহৎ গুলি একযোগে সংঘর্ষে যোগ দিয়াছেন এবং সর্ব্বশক্তি নিয়োং কার্য্য করিতেছেন। সংখ্যালঘিষ্ঠ সম্প্রদায়গুলির মধ্যে বিশেষভাবে শির্থ, পাশী, খৃষ্টান ও অগ্রাগ্য অনেকে তাহাদের মাতৃভূমির কল্যান সাহসের সহিত অগ্রসর হইয়াছেন, দৃঢ্ভাবে ঐক্যবদ্ধ জাতি গঠন তুলিতে সাহায্য করিতেছেন, ভারতের স্বাধীনতা পুনক্ষার ও সক্ষরবদ্ধ হইতেছেন, এবং নবলন্ধ স্বাধীনতাদারা সকল বন্ধন, সংভারতীয়ের মধ্যে অনৈক্য ও ভেদ দ্র করিয়া মহম্যত্যের চরম সেবা করিতেছেন। ভারতের কল্যাণের জন্ম আয়ত্যাগ ও তৃংখবরণের এই মহনীয় দৃষ্টাস্তে আমরা অন্ধ্রপ্রাণিত এবং পূর্ণ স্বাধীনতালাভের সক্ষরবাক্যের পুনরার্ত্তি করিয়া সক্ষ্ম ভারত সম্পূর্ণরূপে স্বাধীন না হওয়া পর্যান্ত আন্দোলন থাকিব।

### পরিশিষ্ঠ-খ

দ বিশাস এই যে, উত্তেজনার কারণ বিভয়ান থাকা সত্ত্বেও আমরা
দ হিংসামূলক উপায় অবলম্বন না করিয়া স্বেচ্ছামূলক সহযোগিতা বর্জ ন
ক্রিতে পারি এবং করপ্রদানে বিরত হই, তাহা হইলে এই অমামূরিক
ক্রিনতজ্ঞের অবসান স্থনিশ্চিত। ততএব এতজ্বারা আমরা শান্ত ও সংযত
ক্তার সকরে গ্রহণ করিতেছি যে, পূর্ণ স্বরাজ প্রতিষ্ঠার জন্ম কংগ্রেস যথন
কর্মপ নির্দেশ দিবেন, আমরা সেই নির্দেশ একান্তিকভাবে পালন করিব—
ক্রেপ নির্দেশ দিবেন, আমরা সেই নির্দেশ একান্তিকভাবে পালন করিব—

### ্*স* পরিশিষ্ট—খ

এরোডা জেল হইতে ১৯৩০-এর ১৫ই আগষ্ট কংগ্রেসের <sup>ন</sup>নেতৃর্ন্দ টর তেজ বাহাত্র সঞ্চ ও মি: এম, আর জয়াকরের নিকট শাস্কি বাপনের জন্ত সর্গু সম্পর্কে নিয়লিথিত পত্র লিথিয়াছিলেন।

> এরোডা সেন্ট্রান জেল ১৫ই আগষ্ট, ১৯৩০

প্রয় বন্ধগণ;

কংগ্রেস ও ব্রিটিশ গভর্ণমেন্টের মধ্যে শান্তিপূর্ণ আপোষ

াধনের জন্ত আপনারা যে কর্ত্তব্যভার গ্রহণ করিয়াছেন, সেজন্ত আমরা

াভীর ক্বতজ্ঞতা জ্ঞাপন করিতেছি। আপনাদের সহিত বড়লাটের যে পত্র

নিময় হইয়াছে তাহা উত্তমরূপে পাঠ করিয়া আপনাদের সহিত

পুন্ধান্থপুন্ধরূপে আলোচনার হুযোগ পাইয়া এবং আমাদের নিজেদের

যথ্যে আলোচনা করিয়া আমরা এই সিদ্ধান্তে উপনীত হইয়াছি যে,

মামাদের দেশের পক্ষে সম্মানজনক আপোষের সময় এখনও উপন্থিত হয়

মাই। গত পাঁচ মাসের গণ-জাগরণ অতীব বিশ্বয়কর; নানাশ্রেণীর

মানামতের জনসাধারণ অকাতরে ছঃখবরণ করিয়াছে; তথাপি আমাদের

মনে হয় আশু উদ্দেশ্র সিদ্ধির পক্ষে এই ছঃখবরণও পর্যাপ্ত নহে, কিছা

মৃঢ় নহে। নিরুপন্তব প্রতিরোধ নীতির ফলে দেশের অনিষ্ট হইয়াছে,

হহা সময়োপযোগী হয় নাই এবং ইহা নিয়মতন্ত্রবিরোধী, আপনাদের

এবং বড়লাটের এই মতের সহিত আমাদের মতের ঐক্য নাই একথা

বিবাহন বড়লাটের এই মতের সহিত আমাদের মতের ঐক্য নাই একথা

ইংরাজগণ ঐশুলির অজ্ঞ প্রশংসাবাদ করেন এবং আমাদিগকেও ঐক্বপ

#### অওহরলাল নেহর

করিতে শিখাইয়াছেন। অতএব যে অন্দোলনের উদ্দেশ্য শাস্তিপূর্ণ এবং কাৰ্যক্ষেত্ৰেও বাহা বিপুলভাবে প্ৰমাণিত হইয়াছে তাহার নিন্দা করু বড়লাট কিম্বা কোন বৃদ্ধিমান ইংরাজের পক্ষে অশোভনীয়। যাহা হউই বর্তমান নিরুপত্রব প্রতিরোধ আন্দোলনের সরকারী বা বে-সরকারী নিন্দাবাদের সহিত কলহ করিবার কোন অভিপ্রায় আমাদের নাই। এই আন্দোলন জনসাধারণ যেরূপ বিপুল উৎসাহে বরণ করিয়াছে, আমাদের মতে ইহার যৌক্তিকতার তাহাই চূড়ান্ত প্রমাণ। যাহা হউক व्यामन कथा এथारन এই य्य, यिन मछ्दभन इटेंड, छाटा हटेल निक्रभन्न প্রতিরোধ আন্দোলন বন্ধ বা স্থগিত রাথিবার জন্ম আমরা আপনাদের সহিত আনন্দ সহকারে একমত হইতাম। আমাদের দেশের নরনারী বালক বালিকাদিগকে অহেতুক কারাদণ্ড, ষষ্টিপ্রহার ও অধিকতর তৃ:ধের সমূথে ুঠেলিয়া দেওয়ার মধ্যে আমাদের কোন আনন্দের কারণ থাকিতে পারে না। অতএব আপনারা আমাদের কথা বিশ্বাস করুন এবং আপনাদের মারফং বড়লাটকেও বিশ্লাস করিতে বলি যে, আমরা সমান-জনক আপ্রোবের প্রত্যেকটি পথ ও উপায় তুলমূল করিয়া বিচার করিয়াছিত্ব কিছ আমরা অকপটে স্বীকার করিতেছি যে এখনও আমরা দ্র দিয়লয়ে কোন আশার চিত্র দেখিতেছি না। ভারতের নরনারীরাই ভারতের পক্ষে কি ভাল তাহা নির্ণয় করিবার একমাত্র অ্ধিকারী, এই মউ ইংরাজ চাকুরীয়া মণ্ডলী মানিয়া লইয়াছেন, এমন পরিবর্ত্তনের কোন লক্ষণ আমরা দেখিতে পাইতেছি না। সরকারী কর্মচারীদের উদার ঘোষণাগুলি সাধু ইচ্ছা ও অকপট আগ্রহ হইতে প্রকাশিত হইলেও, আমরা উহাতে অবিখাদ করি। দীর্ঘকাল যাবং এই প্রাচীন ভূমির জনসাধারণ ইংরাজগণ কর্তৃক শোষিত হওয়ার ফলে আমাদের দেশের নৈতিক, আর্থিক ও রাজনৈতিক কি ধ্বংস্যাধন হইয়াছে তাঁহারা তাহা দেখিতে অক্ষম। তাঁহারা কিছুতেই নিজেদের ব্ঝাইয়া উঠিতে পারিবেন না যে তাঁহাদের একমাত্র পথ আমাদের ক্ষম হইতে নামিয়া যাওয়া এবং অতীতের অন্তায়ের ক্ষতিপূরণ করিবার জন্ম, এক শতান্দী ধরিয়া বিটিশ প্রভূত্বের ফলে আমাদিগকে সঙ্গুচিত করিয়া রাথিবার যে ব্যবস্থা হইয়াছে তাহা হইতে আমাদিগকে উদ্ধার পাইতে সাহায্য করা।

কিন্তু আমরা জানি যে আপনারা এবং আমাদের অনেক বিক্তু স্বদেশবাসী ভিন্নভাবে চিন্তা করেন। আপনারা বিশাস করেন স্থানরের পরিবর্ত্তন হইয়াছে; অন্ততঃপক্ষে প্রস্তাবিত বৈঠকে যোগদান করিবার মত পরিবর্ত্তন হইয়াছে। অতএব আমাদের কর্মক্ষেত্র সীমাবদ্ধ হওয়া

### পরিশিষ্ট-খ

্সত্ত্বেও আমাদের সাধ্যমত আমরা আপনাদের সহিত সানন্দে সহযে।গিতা

আমরা বর্ত্তমান যে অবস্থার মধ্যে অবস্থিত তাহাতে আমরা কতদুর অগ্রসর হইতে পালি সে সম্বন্ধে আমাদের নিম্নলিথিত মনোভাব ব্যক্ত করিতেছি।

- (২) আমাদের মনে হয় প্রস্থাবিত বৈঠক সম্পর্কে আমাদের নিকট লিখিত পত্রে বড়লাট যে ভাষা ব্যবহার করিয়াছেন তাহা এত অম্পষ্ট যে গতবংসর লাহোরে গৃহীত জাতীয় দাবীর সহিত তুলনা করিয়া তাহার মূল্য নির্ণয়ে আমরা অক্ষম হইতেছি। কংগ্রেসের কার্য্যকরী সমিতির নিয়মিত সভা ব্যতীত এবং প্রয়োজন হইলে নিখিল ভারত রাষ্ট্রীয় সমিতির অধিবেশন ব্যতীত কংগ্রেসের তরফ হইতে কোন কথা বলা আমাদের সাধ্যায়ত্ত নহে। তবে ব্যক্তিগত ভাবে আমাদের পক্ষ হইতে আমরা বলিতে পারি, কোন মীমাংসাই সম্ভোষজনক হইবে না, যদি না,—
- ় (ক) ভারতের ইচ্ছামত ব্রিটিশ সাম্রাজ্যের বাহিরে যাইবার অধিকার স্বীকার কবিয়া লওয়া হয়।
- (খ) এভারতীয় সৈতাদলের উপর কর্তৃত্ব, অর্থনৈতিক নিয়ন্ত্রণ এবং বড়লাটের নিকট লিখিত পত্রে গান্ধিজীর এগার দফা দাবী সহ জনমতের নিকট দায়ী জাতীয় গভর্ণমেন্ট সম্পূর্ণরূপে ভারতে প্রবর্ত্তন করা হয় এবং
- (গ) জাতীয় গভর্ণমেণ্টের নিকট যাহা অন্তায় বিবেচিত হইবে অথবা যাহা ভারতীয় জনসাধারণের স্বার্থের অন্তক্ল নহে; ভারতের ঋণ সহ বিভিন্ন স্থবিধা প্রভৃতির ব্রিটিশ দাবী সম্পর্কে প্রয়োজন হইলে কোন নিরপেক্ষ্, ও স্বাধীন বিচারকমণ্ডলীর নিকট উপস্থিত, হইবার অধিকার ভারতকে দেওয়া হয়।

মস্তব্য—ক্ষমতা হস্তাস্তরিত হইবার কালে ভারতের স্বাণের জ্বন্স ধে সকল অদল বদল প্রয়োজন হইবে তাহা ভারতের নিকাচিত প্রতিনিধিরাই নির্গয় করিবেন।

(২) যদি ব্রিটশ গভর্গমেণ্ট এই সকল বিষয় সমীচীন মনে করেন এবং ঐ মর্মে সন্তোষজনক ঘোষণাপত্র প্রচার করা হয়, তাহা হইলে আমরা আইন অমান্ত আন্দোলন প্রত্যাহার করিবার জন্ম কাধ্যকরী সমিতিকে পরামর্শ দিব। অর্থাৎ অমান্ত করিবার জন্মই যে সকল আইন অমান্ত করা হইতেছে তাহা প্রত্যাহ্বত হইবে। কিন্তু যতদিন গভর্গমেণ্ট স্বতঃপ্রবৃত্ত হইয়া বিদেশীবস্ত্র ও মন্ত রহিত না করেন ততদিন विकास विकास क्षेत्रक क्षेत्रक क्षेत्रक विकास क्षेत्रक वर्ष क्षेत्रक क्षेत्रक कर्ष क्षेत्रक क

(৩) সাইন ক্ষাম সাম্পেনন প্রত্যাহার করার নছে স্কুত্র-

(न) हार्किक विशेषाचीन मकाश्वादी ७ विश्वात वाक्ट्रेन्टिन वन्दी, संदादी त्यान विश्वास्थिक भनताथ वा शिष्ट्रांस्थक कार्या श्राद्धीका विरोध भनताय भनतायी नार्शिकांशिक्षारक मुक्तित भारतन विराठ स्टेटर ।

(খ) লবণ আইন, 'কেলি আইন, থাজনা আইন এবং কৈছেজিও আইনিবলৈ বে সকল সম্পত্তি বাজেলাও করা হইলাছে তাহা কিরাইলা দিয়ে চলিব।

(গ) দণ্ডিত সভ্যাগ্ৰহীর নিক্ট অথবা কোস আইনবলে বে জরীমান স্মাদায় কিয়া জামীনের টাকা লওয়া হইয়াছে জোঁহা ফিরাইয়া দিতে হইবে।

(খ) আইন অনাক্ত আনোলন কালে যে সকল সরকারী কর্মচারী ও গ্রাম্য তহশিলকার প্রভৃতি পদত্যাগ করিয়াছেন অথবা কর্মচাত ইংইয়াছেন তাঁহারা পুনরায় সরকারী চাক্রি গ্রহণ করিতে ইচ্ছুক হইবে তাহাদিগকে নিযুক্ত করিতে হইবে।

মন্তব্য—এই সকল প্রস্থাবের মধ্যে অসহযোগ অন্দোলনের সময়ে ব্যাপারও ধরিতে হটবে।

(s) বড়লাট কর্তৃক ম**ন্থ্রী দমন্ত অ**র্ডিস্থাল প্রত্যাহার করিতে হইবে।

(৪) এই বিষয়গুলির প্রাথমিক সম্ভোষজনক মীমাংসা হইকেই প্রস্তাবিত বৈঠকের গঠন ও উহাতে কংগ্রেসের প্রতিনিধি প্রেরণের ক্ষ্

> षांगनात्मत विश्वल मिलान दनहरू थम, दक, भीकी भौजांजिनी नारेष्ट्र " "तक्ष्मण्डारे गाटिन सम्मामान दर्गनण्डाम देन्द्रम महत्मम् स्वहन्त्रमान दन्नम्